You need not go into these matters now. We are meeting tomorrow. You can come. Mr. Bose, Dr. Ghosh—if he cannot come then Mr. Sen, Dr. Bhattacharya may come and anyone else who wants to come will please come.

Shri Jyoti Basu :

নামগুলো আজকে আমাদের দিয়ে দিন।

Shri Ganesh Ghosh :

মিঃ স্পীকার স্যার, আমাদের কতকগুলি Adjournment Motion আছে, তা আপনি নিশ্চয় দেখেছেন।

Shri Jyoti Basu :

মিঃ স্পীকার স্যার, এখানে একটু মুস্কিল হচ্ছে আপনি কমিটির ভিতর যে নামগুলি করলেন, সেগুলির কিছু আমরা অদল বদল করতে চাই। কারণ business কমিটিতে খুবই limited powers আছে। কিন্তু এখন গভর্ণমেণ্টের তরফ থেকে যে programme আমাদের কাছে—circulate করা হয়েছে; যেমন non-official day কি হবে, question hour কি হবে, ইত্যাদি প্রশ্ন আছে।

Mr. Speaker:

We shall discuss all those matters.

Shri Jyoti Basu :

মিঃ স্পীকার স্যার, আপনি জানেন একজন বিশেষ ব্যক্তি আছেন, যিনি উপস্থিত না থাকলে কিছুই হবে না। অর্থাৎ সেই ব্যক্তি হচ্ছেন leader of the house. কাজেই, আপনি যখন আমাদের সকলকে আসতে বলছেন, সেই সময় ডাঃ রায়ও যদি আসেন chief whip-এর সঙ্গে তাহলে ভাল হয়। তা না হলে দু-বার করে আবার, আলোচনা করতে হবে।

Shri Jagannath Kolay :

মিঃ স্পীকার স্যার, এই non-official day-র programme সম্বন্ধে আমি হাউসকে জানাতে চাই। Non-official day-এর hours যা lose হবে, সেটা compensate করে দেওয়া হবে বাজেট শেষ হয়ে যাবার পরে। আমরা রুল করেছি—সাড়ে চার ঘণ্টা করে আমরা রোজ বসবো।

Mr. Speaker : The time of the House should not be taken over this discussion.

Shri Jyoti Basu :

এ রকম আগে আমরা করেছি যে বাজেটটা তাড়াতাড়ি পাশ করে নিয়ে তারপর করা হয়েছে। কিন্তু এবারকার যে রকম rules তাতে আমরা ভেবে দেখেছি যে এটা এইভাবে interpret করা যাবে না। সেইজন্য এ সম্বন্ধে একটু চিন্তা করে আলোচনার দরকার আছে। আমি তাই বলছি—উঁনিও যদি সেদিন ওখানে আমাদের সাথে উপস্থিত থাকেন তাহলে ভাল হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

আপনি ছুটোর সময় নামগুলি বিচার করবেন, আমি ২—২-৩০ মিঃ এর সময় আসব।

(4-50—4-57 p.m.)

Point of information

Shri Deben Sen : On a point of information, Sir,

মাননীয় স্পীকার স্যার, পেপারে পড়েছি মুখ্যমন্ত্রী মহাশয়, 'ভারত রত্ন' পেয়েছেন, ভালকথা-কি মন্দ কথা জানি না। আমি এটা দুঃখের কথা বলেই মনে করি। বেরুবাড়ী হস্তান্তরিত করতে সহায়তা করেছেন বলেই কি তিনি এই পুরস্কার পেলেন? আর একটা information আছে, আমি শুনেছি এই 'ভারত রত্ন' পাওয়া উপলক্ষে ছুটি দেওয়া হয়েছিল Bengal Government-এর। আমি জানতে চাই এই যে ছুটি দেওয়া হয়েছিল এটা কেন দেওয়া হয়েছিল?

Shri Jatindra Chandra Chakravorty :

স্যার, আপনার কাছে একটা নির্দেশ চাই। আগামীকাল থেকে আমাদের যে নূতন Procedure follow করা হবে তাতে আমরা কি ডাঃ রায় ভারত রত্ন, ভারত রত্ন ডাঃ রায় না কি ভারত ডাঃ রায় রত্ন বলবো সে নির্দেশই চাচ্ছি।

Mr. Speaker : With regard to adjournment motions I have refused consent to all of them. You will have ample opportunities to discuss all these matters during the debate on the Governor's address.

Shri Deben Sen :

You may refuse consent, but I would request you to read them.

Mr. Speaker : That is my discretion. You kindly look up the rules. I cannot read them.

Shri Jyoti Bosu ;

We are requesting you to read as that was the convention so far established in this House. You please read out, otherwise it is not possible to know what it is.

আপনি ওদিকে তাকিয়ে মাথা নাড়ছেন কেন? অসুবিধাটা হচ্ছে Subject matter যেটা-adjournment motion-এর তা জানা যায় না। সেই motion আপনি ছোট করে দিন যাই করে দিন Proper form-এ আছে কিনা সেটা দেখুন If it is necessary বলে যা আছে সেটা necessary করুন। তারপর আমি একটা কথা বলে দিতে চাই, আপনি মনে করে দেখবেন Parliament এও ঠিক এই rule আছে, আমি যতটা জানি যখনই adjournment motion আসে তখনই স্পীকার পড়ে বলেছেন এটা Important নয় বলে এটা allow করলাম না।

Mr. Speaker :

ঠিক আছে কালকে বলবো।

Shri Bankim Mokherjee :

তার মনে কি এটা held over থাকল for to-morrow.

Mr. Speaker :

না, পড়বো কিনা' সেটা held over থাকল।

Shri Bankim Mukharjee :

আমি একটা কথা বলে রাখি, আপনি যেভাবে ruling দিলেন Adjournment Motion-এ যেন Ruling চলে না।

We have sufficient time to discuss during budget. এটা কোন ground নয় to refuse Adjournment Motion. Adjournment Motion আসা মানে vote of censure motion হয় না। আপনি বলেছেন Governor-এর address-discussion-এর সময় বক্তব্য বলতে that cannot be a place to refuse an adjournment motion. এই reason আপনার কাছে জানতে চাই, আমি মনে করি এবং আপনার কাছে request এই practice রাখবেন অর্থাৎ কি করে refuse করেছেন সেটা বরাবর বলবেন অল্প কথায়, এবং এই Practice-টা আপনি রাখবেন।

Motion on the Governor's Address

Mr. Speaker. The Governor has been pleased to make a speech today. In this connection I want to draw the attention of the honourable members to the fact that there have been some minor corrections which I have found by comparing the official records and I will circulate them tomorrow.

Motion for an address in reply to the Governor's Speech.

Shri Bimalanda Tarkatirtha :

Sir, I beg to move that a respectful Address in reply be presented to the Governor as following :—

"Your Excellency,

We, the members of the West Bengal Legislative Assembly assembled in this session, beg to offer our humble thanks to Your Excellency for the most excellent speech which Your Excellency has been pleased to deliver to this House."

Shri Prafulla Nath Banerjee : Sir, I second the motion.

Mr. Speaker : Now, amendments to the motion will be received till 3 p.m. on Saturday, the 4th February, 1961.

The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordinrly adjourned at 4.57 p.m. till 3 p.m. on Thursday, the 2nd February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday the 2nd February 1961 at 3 p.m.

Present

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 15 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 194 Members.

[3—3-10 p. m.]

Mr. Speaker : As I told the House yesterday, I shall announce the names of the members of different committees. I shall announce the names of members of the Committee of Privileges after recess.

Committee on Petitions under rule 299

(1) Shri Suhrid Mullick Chowdhury,
(2) Shri Basanta Kumar Panda,
(3) Shri Sasabindu Bera,
(4) Shri Shyamadas Bhattacharyya,
(5) Shri Abul Hashem,
(6) Shri Brindaban Gayen,
(7) Shrimati Tusar Tudu,
(8) Shri Ashutosh Mallick, and
(9) Shri Khagendra Nath Bandyopadhyay.

Rules Committee under rule 308

(1) Shri Bankim Mukherji,
(2) Shri Satindra Nath Basu,
(3) Shri S. M. Fazlur Rahman,
(4) The Hon'ble Bimal Chandra Sinha,
(5) Shri Jagannath Kolay,
(6) Shri Subodh Banerjee,
(7) Shri Apurba Lal Majumdar,
(8) Shri Sunil Das, and
(9) the Speaker.

Business Advisory Committee under rule 284.

(1) Shri Jagannath Kolay,
(2) Shri Bijoy Singh Nahar,
(3) Shri Ananda Gopal Mukhopadhyay,
(4) Shri Abani Kumar Basu,
(5) Shri Ganesh Ghosh,
(6) Shri Deben Sen,
(7) Dr. Kanailal Bhattacharjee,
(8) Shri Mohammed Israil, and
(9) The Speaker.

Pending Questions

Shri Jyoti Basu :

মিঃ স্পীকার, স্যার, আমি একটা কথা আপনার ঘরে বলতে ভুলে গিয়েছিলাম, সেটা হল গত অধিবেশন অবধি ১৭ শো প্রশ্ন এবং উত্তর এ্যাসেম্বলী ডিপার্টমেণ্টে এসে পড়ে আছে। আপনার কাছে আমার অনুরোধ হচ্ছে সেগুলি যেন ছাপিয়ে আমাদের দিয়ে দেওয়া হয়।

Mr. Speaker : It is being printed.

Adjournment Motions

Mr. Speaker :

Now, regarding adjournment motions, the members will please note that under rule 63 I have got absolute discretion to read the motion or to give reasons for refusing consent. I hope in future the honourable members will note this. I am only reading the text of the motions.

Shri Deben Sen—Passing of the Pakistan through train through West Bengal, Reduction of working hours of the jute mills in West Bengal, Suspension by the Government of West Bengal of 13 leading workers including subsequent dismissal of one of them, Transfer of Berubari to Pakistan against the wishes of the people concerned.

Shri Ganesh Ghosh—Sharp rise in the price of mustard oil throught West Bengal.

Shri Benoy Krishna Chowdhury and Shri Bankim Mukherjee—Police firing on the 19th January, 1961, upon a gathering of peasants of the village Sonadanga, P.S. Monteswar, district Burdwan.

Shri Hemanta Kumar Basu—Failure of the West Bengal Government to resist the transfer of Berubari to Pakistan.

Shri Bhadra Bahadur Hamal—Attack on the Station-Master at Kurseong.

Shri Jotindra Chandra Chakravarty—Allocation of resources for Master Plan for Greater Calcutta and Metropolitan Water-supply scheme.

Shri Ajit Kumar Ganguli—Loss of lives of 13 seamen of "Indian Success".

Shri Hemanta Kumar Basu—Reduction of cash dole by the West Bengal Government for Assam refugees residing in different camps in North Bengal.

These are the adjournment motions which have been tabled.

LAYING OF ORDINANCES

The Bengal Local Self-Government (Amendment) Ordinance, 1961

The Hon'ble Iswar Das Jalan :

I lay before the Assembly the Bengal Local Self-Government (Amendment) Ordinance, 1961 (West Bengal Ordinance No. I of 1961), under Article 213 (2) (a) of the Constitution of India.

The Bengal Municipal (Amendment) Ordinance, 1961

The Hon'ble Iswar Das Jalan: I lay before the Assembly the Bengal Municipal (Amendment) Ordinance, 1961 (West Bengal Ordinance No. II of 1961) under Article 213 (2) (a) of the Constitution of India.

LAYING OF RULES

Laying of Amendments to Bengal Motor Vehicles Rules, 1940.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I lay before the Assembly the amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

Laying of Amendments to the West Bengal Industrial Disputes Rules, 1958.

The Hon'ble Abdus Sattar : I lay before the Assembly the amendments to the West Bengal Industrial Disputes Rules, 1958.

GOVERNMENT BILL

The Bengal Local Self-Government (Amendment) Bill, 1961.

The Hon'ble Iswar Das Jalan : I beg to introduce the Bengal Local Self-Government (Amendment) Bill, 1961, and to place before the House a statement required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

The Hon'ble Iswar Das Jalan : I move that the Bengal Local Self-Government (Amendment) Bill, 1961, be taken into consideration.

Mr. Speaker : I draw your attention, Mr. Jalan, to rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. You are to read the statement. "Whenever a Bill seeking to replace an Ordinance with or without modification is introduced in the House, there shall be placed before the house along with the Bill a statement explaining the circumstances which had necessitated immediate legislations by Ordinance."

The Hon'ble Iswar Das Jalan : The statement is laid on the table. It is practically the statement which is in the Statement of Objects and Reasons. The reason was that the supersession period was expiring.

Shri Subodh Banerjee : On a point of order. I draw your attention to the very rule to which you have referred. The Hon'ble Minister has confused two things. The rule reads, "Whenever a Bill seeking to replace an Ordinance with or without modification is introduced in the House, there shall be placed before the House along with the Bill a statement explaining the circumstances"—My emphasis is on the words "explaining the circumstances which had necessitated immediate legislation by Ordinance". The Minister has referred to the Statement of Objects and Reasons of the Bill, The Statement of Objects and Reasons is meant to explain the purpose of the Bill ; it never explains the cause of bringing an Ordinance and a separate statement is to be made explaining the reason why legislation by ordinance was made. He did not place the statement and he cannot proceed.

Mr. Speaker : If he makes a statement that he is placing the statement. Statement does not mean that it would be in writing.

3-10—3-20 p. m.]

Shri Subodh Banerjee : He said it has been laid in the House.

Mr. Speaker : He said something else.

Shri Subodh Banerjee : That is my point.

তিনি যদি বলতেন যে আমি ষ্টেটমেণ্ট দিচ্ছি তাহলে আমি বলতাম না। তিনি বলেছেন হাউসে লে করেছেন।

Mr. Speaker : I know that there is a good deal of difference between laying and placing. He is placing the statement.

The Hon'ble Iswar Das Jalan:

As a matter of fact, we have placed before the House a separate statement under section 72(1) and that statement is as follows. That is separate from the Statement of Reasons which is along with the Bill. The District Board of 24-Parganas was superseded with effect from the 4th February, 1957. Under the present section 135 of the Bengal Local Self-Government Act, the maximum period of suersession is four year. The period of four years expires on 13th February, 1961. Now the constitution of Zilla Parishads envisaged in place of the District Boards, and sometime will be required to pass the legislation and give effect to it. In the circumstances, the reconstitution of the District Board by election for the short interim period at an enormous cost will not be expedient. It was necessary for the continuance of the administration of the District Board after 3rd February, 1961, and necessary action for the purpose had to be taken in January, 1961, when the House of the Legislature was not in session. Hence, the amendment of section 131 of the Bengal Local Self-Government Act of 1935 had to be laid by the Ordinance. This is the statement under rule 72(1) which has been sent to the Secretariat of the Bengal Legislative Assembly.

Shri Subodh Banerjee:

On which date it has been sent to the Secretariat of the Assembly ?

The Hon'ble Iswar Das Jalan:

It was on the 25th January, 1961.

Mr. Speaker: His statement which is before you is sufficient to cover the rules.

The Hon'ble Iswar Das Jalan:

Sir, I beg to move that the Bengal Local Self-Government (Amendment) Bill, 1961, be taken into consideration.

I need not say anything further. However, the position is that so far as this District Board is concerned, it is the only District Board which is under supersession. We have decided not to hold election, because it amounts to tremendous cost. We found that there was an expense of Rs. 1,33,000/ over the election of the District Board. Now the position is that we are now amending the whole Act and our difficulty is that the Panchayats have been set up in all the areas. Only about one-fourth of the total area has been covered. We shall have to pass the Bill and then set up the machinery. That will take a little time. Therefore, we are introducing this Bill to empower the supersession period, i.e., to continue for two years more.

Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by 30th June, 1961.

Shri Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়,—মন্ত্রী মহাশয় এই West Bengal Local Self-Government Amendment বিল কেন আনা হয়েছে, এর উদ্দেশ্য হিসেবে কয়েকটী কথা বলেছেন। তাঁর প্রথম বক্তব্য হচ্ছে যে গভর্ণমেণ্ট আজও ঠিক করতে পারেন নি যে District Board গুলিকে রাখবেন কি রাখবেন না। হয় District Board গুলি রাখতে হয়, যেমন District Board গুলি বর্তমান অবস্থায় আছে, আর না হলে District Board-গুলি তুলে দিয়ে Panchayet Act অনুসারে জেলাপরিষদ গঠন করা দরকার যেহেতু ২৪ পরগনা জেলার জেলাবোর্ডটি supersseded অবস্থায় রয়েছে এবং যেহেতু জেলাবোর্ড আর রাখা হবে না,—, সেহেতু তার period of supersession বাড়িয়ে দেবার জন্য এই আইন আনা হয়েছে। মন্ত্রী মহাশয়ের এই হলো যুক্তি। কিন্তু এখানে কতকগুলি প্রশ্ন ওঠে।

প্রথম কথা—সরকার আর কতদিন সময় নিতে চান মনস্থির করতে- যে তারা জেলাবোর্ড রাখবেন না, জেলাপরিষদ গঠন করবেন পঞ্চায়েত Act অনুসারে! অনেকদিন আগে Panchayet Act আনা হয়েছে, সেখানে জেলা পরিষদ গঠন করবার জন্য আজো কোন ব্যবস্থা করা হয় নাই। জেলাপরিষদের আইন-কানুন আজও তৈরী হয় নাই। ৩ বছর আগে যে আইন আনা হয়েছে, ৩ বছর পরেও যদি তার নিয়ম-কানুন তৈরী সম্ভব না হয়ে থাকে সরকারের পক্ষে, তাহলে এটাকে সরকারের credit বলে আমি মনে করি না। এই ঘটনা সরকারের অপদার্থতাই প্রমাণ করে।

সরকার Panchayet Act গ্রহণ করেছেন নীতি হিসাবে সেটা যখন মেনে নিয়েছেন যে জেলা পরিষদ তাঁরা গঠন করবেন এই Panchayet Act-এর অধীনে, তখন এর আইন তৈরী করতে কোথায় আটকেছিল একথা মন্ত্রী মহাশয় explain করলেন না। আমরা শুধু দেখছি দিনের পর দিন ইচ্ছা করে দেরী করে দেওয়া হচ্ছে। Elective Representative-রা এই সব বাড়িতে যাতে কাজ না করতে পারে—? তার ব্যবস্থা করা হচ্ছে। স্পীকার মহাশয়, আপনি জানেন যে ৪ বছর হয়ে গেল এই Distict Boardটি superseded হয়ে গেছে। আর প্রত্যেক বারই এই superseded বোর্ডকে একটা না একটা তারিখ দিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। কেন? যদি আপনারা এটা মনে করতেন আপনারা Panchayet Act-এর আইন গঠন করতে পারবেন না—, যদি একথা মনে করতেন যে সময় লাগবে, তাহলে গোড়ার দিকে supersede করে দেবার পরে কেন election করলেন না? আমি একথা বলছি না ২৪ পরগণা জেলা বোর্ডের elected প্রতিনিধিরা খুব ভাল লোক—, কাজেই সেই বোর্ডকে superseded করে দেওয়া ঠিক হয় নাই। তবে আমরা জানি ২৪-পরগণা জেলা বোর্ডের বিরুদ্ধে গুরুতর অভিযোগ কাগজে প্রকাশিত হয়েছে। তা হচ্ছে দুর্নীতি, Distict Board-এর টাকা মারা, District Board-এর সম্পত্তি যথেচ্ছভাবে ব্যবহার করা ইত্যাদি। এ সব কারা করেছে? এরা সব কংগ্রেস দলভুক্ত লোক। তারাই এইসব দুর্নীতি মূলক কাজ করেছে।

Shri Ananda Gopal Mukherjee :

তারা সবাই elected হয়ে এসেছিলেন।

Shri Subodh Banerjee :

আসুন।

তাঁরা election-এ এসেছিলেন ঠিক। কিন্তু আমার বক্তব্য হচ্ছে তাই বলে কি democracy-র দোষ হয়ে যাবে? নির্বাচনের মাধ্যমে যদি কোন চোর এসে থাকেন বা যদি কোন দুর্নীতি পরায়ণ লোক এসে থাকেন তাহলে তারজন্য মিউনিসিপ্যাল বোর্ডকে superseded বোর্ড করে দিয়ে শাসন চালান চলতে পারে না। সেখানে উচিত হবে আইনটা এমনভাবে রচিত করা যাতে দুর্নীতিপরায়ণ লোক নির্বাচিত না হতে পারেন। আইন এমন করতে পারেন না যে নির্বাচন বন্ধ করে দেবেন এবং মাথার উপর একজন অফিসারকে বছরের পর বছর রেখে দেবেন বোর্ড elec ed না করে। তার চেয়ে আপনি খোলা-খুলিভাবে বলে দিন যে আমরা নির্বাচন বুঝি না আমরা অফিসার দিয়ে এই সমস্ত বোর্ড চালাবো। আর তা না হলে বলে দিন সেই জিনিস Local Self-Government আইনে যে সমস্ত কথা বলেছেন, তা ফেলে দিন আর তা যদি না করেন তাহলে গণতান্ত্রিক পদ্ধতিকে একটা safeguard দিয়ে আপনাকে চলতে হবে। আমরা যাঁরা এখানে এসেছি, তাঁরা সবাই সততার প্রতিমূর্তি বা incarnate of honesty, এই যদি কেউ বলেন তাহলে তিনি মস্তবড় ভুল করবেন। কংগ্রেসের দলভুক্ত লোক গুরুতর অভিযোগ এনেছেন। একদিকে বন্ধুবর হংসধ্বজ ধারা মহাশয়, আর একদিকে ডেপুটী মিনিষ্টার শ্রীমতী মায়া ব্যানার্জী রয়েছেন, তাঁরা পরস্পরের বিরুদ্ধে যে দুর্নীতির অভিযোগ এনেছেন, তা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। কার

অভিযোগ কতখানি সত্য বা অসত্য, সে প্রশ্নে আমি যাচ্ছি না। কিন্তু এই অভিযোগ এসেছে বলে কি এই জিনিস হতে পারে যে বিধান সভার নির্বাচন বন্ধ করে দিয়ে সেখানে একজন administrator নিযুক্ত করে Legislative Assembly-র function চালাবেন? এ যুক্তি চলে না। আপনারা চার বছর superseded board করে রেখেছেন মন ঠিক করতে। এই চার বছরের মধ্যে আপনারা আইন করেন নি। এখন আবার দু-বছর দিচ্ছেন। অর্থাৎ period of super session ছয় বছর করে নিতে চাচ্ছেন। কেন? এখন ত আপনাদের নীতি স্থির হয়ে গিয়েছে একটা জেলাবোর্ডের পরিষদ গঠন করবেন তারজন্য এ পর্য্যন্ত কোন আইন প্রণয়ন করেননি। আপনাদের drafting department রয়েছে, সেখানেও এ সম্বন্ধে আইন লিখে ঠিক করতে পারেন। একটা জেলাপরিষদের আইন লেখার জন্য কত সময় লাগতে পারে? আমি মনে করি ১৫ দিনের বেশী লাগতে পারে না। তাই ১৫ দিনের সময় নিয়ে আপনাদের legislative department থেকে দেখেশুনে একটা আইন করতে পারতেন। তা না করে আরও দু-বছর কেন বাড়িয়ে দিচ্ছেন?

[3-20—3-30 p.m.]

তা না নিয়ে আরও দু বছর বাড়িয়ে দিচ্ছেন কেন? মূল উদ্দেশ্য হল যাতে নির্বাচন না করতে হয়, যাতে superseded Board-কে দিয়ে চালাতে পারেন। তাই এরূপ করছেন Local Self Government-এর নাম নিয়ে বুরোক্রেসির নীতি চালাতে চান তাই নীতিগতভাবে আমি এর প্রতিবাদ করি। এই যে নীতি আপনারা continue করে চলেছেন এবং তার জন্য অন্যায়ভাবে District Board-কে মাঝখানে বেকুব করে দিচ্ছেন এটা ঠিক নয়। এ সম্বন্ধে একটা নির্বাচনের ব্যবস্থা করতে কি দু-বছর দরকার হয়? এই House-এর দ্বারাই আইন করে District Board কে পুর্নগঠন করা যুক্তিযুক্ত মুখে গণতন্ত্রের কথা বলেন কিন্তু কাজে ফ্যাসিস্ট-নীতি চালাচ্ছেন। এটা বরং খোলাখুলি বলে দেন না কেন যে গণতন্ত্রের দরকার নাই! এই কারণে এই বিলে যে নীতি রয়েছে তার বিচারাধিকার জন্য এই বিল জনমত সংগ্রহার্থে প্রচারের জন্য বাধ্য করছি।

Shri Khagendra Kumar Ray Chaudhury :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এ বিলের প্রতিবাদ করছি। এর আগে সুবোধবাবু বলেছেন, সত্যিকার যদি এরা জেলাবোর্ডকে function করাতে চাইতেন তাহলে যখন জেলাবোর্ডকে supersede করা হয়েছে তারপরেও তো ৪ বছর হয়ে গেছে, এতদিনে নির্বাচন না করার কোন যুক্তি ছিল না। যে কারণ দেখিয়েছেন বিশেষ করে জালান সাহেব সে কারণ হল এত টাকা খরচ করে নির্বাচন করাটা সঙ্গত হবে না যখন কিছুদিন পরেই জেলা পরিষদ হবে, অবশ্য টাকা খরচ করার কথাটা ওরা নিজেরাও জানেন এটা হাসির ব্যাপার। কেন না Administral দিয়ে আজকে তারা যে জেলাবোর্ড চালিয়ে যাচ্ছেন তার চেয়ে বেশী টাকা নষ্ট হচ্ছে এখানে। কিন্তু প্রশ্নটা-তো টাকার ব্যাপার নয়। প্রশ্নটা হচ্ছে দলীয় স্বার্থ যাতে অক্ষুণ্ণ থাকে তার জন্য তারা দিনের পর দিন নির্বাচন পিছিয়ে রাখছেন।

দ্বিতীয়তঃ আমরা দেখছি এই যে দুবছর আরও extension চাওয়া হয়েছে। এই যে সংকট যার জন্য জেলাবোর্ডকে বাতিল করে দিলেন এবং ওদের দলের লোককে দিয়ে চালালেন—তারা এমন দুর্নীতি করলেন এমন অপদার্থতার পরিচয় দিলেন তাতে বাধ্য হয়ে সেই বোর্ডকে supersede করা হল। কিন্তু বোর্ডকে supesede করিয়ে নির্বাচনের পথে যাচ্ছেন না, গণতন্ত্রের কথা মুখে বলেন বটে কিন্তু তারা সেই গণতন্ত্রেরই বিরোধিতা করছেন। আসল কারণ হচ্ছে নির্বাচন করলে তাদের আশঙ্কা হচ্ছে জেলাবোর্ড এদের হাতে থাকবে না—এবং ফলে আজকে তারা

যেভাবে জেলাবোর্ডকে কাজে লাগাচ্ছেন ঠিক সেইভাবে তারা কাজে লাগাতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি, সত্যিকারের এটাই হল আসল কারণ। কিছুদিন পূর্বে সোনারপুর থানায় Union Board-এর নির্বাচন হওয়ার কথা ছিল। Nominal Paper দেওয়া withdrawal ইত্যাদি যা হবার তা হয়ে গেল। 4th February—নির্বাচনের দিন ছিল। হঠাৎ ৩১শে জানুয়ারী ঘোষণা করা হল Block Development office-এর তরফে নির্বাচনের ঠিক চার দিন আগে—যখন তারা বুঝতে পারলেন যে নির্বাচনে হার হবে, যেহেতু এটা পঞ্চায়েৎ area তাই Union Board-এর নির্বাচন করা চলবে না। কিন্তু আমরা বুঝতে পারি না—যদি District Board-কে function করাতে না পারেন তবে কেন দিনের পর দিন নির্বাচন পিছিয়ে দিচ্ছেন যদি জেলাপরিষদ করাই উদ্দেশ্য হয় এবং সে আইন তৈরী করতে দেরী হয় তাহলে যুক্তি সঙ্গত কাজ হচ্ছে নির্বাচন করা। কিন্তু নির্বাচন করে পেটোয়া লোককে সরাতে হয় ভয়ে নির্বাচন করছেন না। টাকা খরচ হবে বলা হয়েছে, একথা ভুল। ২৪-পরগণা জেলার Administrator যে ভাবে কাজ করছে তাকে স্বেচ্ছাচারিতা কিংবা ঐরকম নামেই অভিহিত করা উচিত। তিনি নাকি প্রফুল্লবাবুর লোক। তিনি গিয়েই সেখানে তার স্বেচ্ছাচার চালাতে লাগলেন। প্রথমেই তিনি কতকগুলি লোককে কোন কারণ না থাকা সত্ত্বেও চাকরী থেকে বরখাস্ত করার চেষ্টা করলেন। এই নিয়ে দুই বৎসর case চলার পর যখন রায় বের হল তখন এই সমস্ত লোকদের বোর্ড থেকে সমস্ত মাইনে যোগাতে হল। যেখানে সদস্যদের নির্বাচিত প্রতিনিধি না রেখে একজন লোকের হাতে বোর্ডকে রাখা হয় সেখানে এই রকমভাবে টাকা খরচ হয়। যেখানে বোর্ডের উদ্দেশ্য যে জনকল্যাণ কাজের জন্য টাকা খরচ করা এবং এই টাকা খরচের ভয়ে যেখানে election করা হচ্ছে না সেখানে এইভাবে তার চেয়ে অনেক বেশী টাকা খরচ হয়ে যাচ্ছে। মন্ত্রীমহাশয় এর যতই কারণ দেখান, এর একমাত্র কারণ হচ্ছে যতদিন তাদের দল নির্বাচনে না জিততে পারবে ততদিন পর্যন্ত এই জেলাবোর্ডের নির্বাচন হবে না।

Shri Mihirlal Chatterjee :

Sir, মন্ত্রীমহাশয় যে বিল এনেছেন, এই বিল circulation-এ যাওয়া উচিত। উচিত এই কারণে যে ২৪ পরগণা District Board supersede করা হয়েছিল কেন? Supersede করা সংক্রান্ত কারণ যা আইনে আছে, সেই কারণের মধ্যে বলা হয়েছে not competent to perform or persistently makes default in the performance of the dutiss imposed on it—এই একটি কারণ। Local Bodies-এর যে কর্তব্য সেই কর্তব্য ক্রমাগত পালন না করে যাবার জন্য হতে পারে কিম্বা করবার অনুপযুক্ত বলে District Board-কে Supersede করা যেতে পারে। নিশ্চয়ই এইরকম কোন কারণের জন্য ২৪ পরগণা জেলাবোর্ডকে supersede করা হয়েছে। এখন Supersede করে নিশ্চয়ই Government District Board-কে উঠিয়ে দিতে চাননি। এবং চাননি বলেই Government একজন Administrator appoint করেছেন District Board-এর কাজ পরিচালনা করার জন্য। এবং এই Administration-এর যে সব কর্তব্য নির্দিষ্ট আছে সেই কর্তব্যের মধ্যে একটা হল, ৪ বৎসর সময়ের মধ্যে নির্বাচনের ব্যবস্থা করা। 24-Pargana District Board-এর যারা original members, তারা যদি defaulter in the performance of their duty হয়ে থাকে, তাহলে Administrator ও persistently defau'ted in the performance of his duties। কেন তিনি এই ৪ বৎসরের মধ্যে নির্বাচনের ব্যবস্থা করতে পারেন নি? ২৪ পরগণা জেলাবোর্ডের নির্বাচনের ব্যবস্থা করা তাঁর উচিত ছিল। তিনি যদি উপযুক্ত লোক হতেন তাহলে নিশ্চয়ই তিনি তা করতে পারতেন। তাঁর কাজে ত কেউ বাধা দেয়নি। যদি এটা District Boardর member দের ব্যাপার হোত তা হলে না হয় বুঝতাম যে তারা গোলমাল করে নির্বাচনে বাধা

দিচ্ছে। কিন্তু Administratorর কাজে ত কেউ বাধা দেয়নি। তিনি District Board-র সর্বেসর্বা হয়ে বসে আছেন এবং Local Self Government Act অনুসারে যে নির্বাচন হওয়া উচিত ছিল, এই Administrator ৪ বৎসরের মধ্যে কেন সেই নির্বাচনের ব্যবস্থা করতে পারেন নি। তাহলে এই Administrator নিশ্চয়ই has been a chronic defaulter of his duties এবং এর ফল কি হয়েছে? ২৪ পরগণা জেলার জনসাধারণ যে District Board-কে নিজেদের নির্বাচিত প্রতিনিধি দিয়ে গঠন করতে পারতো তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। Government কি একথা কোথাও বলেছেন যে নির্বাচন করতে দেবেন না? Government একথা কোন দিনই বলেন নি। বরং Government-র ইচ্ছা ছিল ২৪ পরগণার জেলাবোর্ডের মেম্বাররা যখন নিজেদের কর্তব্য পালন করতে পারেনি তখন ২৪ পরগণা জেলা-বোর্ড বাতিল করে দিয়ে একজন Administrator বসিয়ে দিয়ে নির্বাচনের ব্যবস্থা করা প্রয়োজন। কিন্তু Administration তা করতে পারেন নি। সরকার ৪ বৎসর সরকারী কর্মচারীকে জেলাবোর্ডের মাথায় বসিয়ে রেখে দিলেন, democratic Reprssentatives of the public কে অপদার্থ বললেন…

[3-30—3-40 p.m.]

Democraticaly elected people মেম্বররা অপদার্থ হয়ে থাকেন তাহলে আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি সরকারের নিযুক্ত অফিসার কি পদার্থতার পরিচয় দিতে পেরেছেন? তিনিও সম্পূর্ণ অপদার্থতার পরিচয় দিয়েছেন ৪ বৎসর মধ্যে District Boardএর election করতে পারেননি। ১৮৮৫ সালের আইনের মধ্যে ব্যবস্থা আছে যে, supersede ৪ বৎসরের বেশী হতে পারবে না, ৪ বৎসরের মধ্যে আবার election-এর ব্যবস্থা করতে হবে। ১৮৮৫ সালের আইনে জনসাধারণকে যে অধিকার দেওয়া হয়েছিল ১৯৬১ সালে পৌঁছে সরকার জনসাধারণকে সেই অধিকার থেকে বঞ্চিত করতে চান এর চেয়ে হাস্যকর ও লজ্জাকর কি হতে পারে? আমাদের দেশে adult franchiseএর ব্যবস্থা হয়েছে, নারীপুরুষ সমানভাবে যাতে ভোট দিতে পারে তার জন্য আমাদের constitution-এ ব্যবস্থা করা হয়েছে। আজ ১৯৬১ সালে সরকার জেলাবোর্ডকে ৬ বৎসরের জন্য supersede করে রাখবার অধিকার চাইছেন অথচ ১৮৮৫ সালের আইনেই ব্যবস্থা ছিল ৪ বৎসরের বেশী কোন মতেই supersede করতে পারা যাবে না। কি সুন্দরভাবে মন্ত্রীরা গণতন্ত্রের মর্যাদা রক্ষা করছেন, জনসাধারণের অধিকার সম্বন্ধে কি সুন্দর আপনাদের জ্ঞান! জালান সাহেব statement of object and reason-এ কি লিখেছেন,

Within the short time election possible নয় it not being thought expedient to reconstitute by election the District Board of 24-Parganas for this short period.

What is this short period? ৪ বৎসর চলে গেল, আপনারা election করতে পারলেন না তাঁর administrator এতদিন কি করেছেন, কি করেছেন তাঁর Dept তিনি কি বলতে চান আগামী general election-এর আগে election করতে পারবেন? আমার তো মনে হয় ১৯৬২ সালেও election হবার সম্ভাবনা নেই। তখন আইনসভায় মন্ত্রীমহাশয় আসবেন কিনা কোন নিশ্চয়তা নাই। এভাবে আইন নিয়ে তিনি কেন ছেলে খেলা করছেন? প্রত্যেক আইনের একটা sanctity আছে, কিন্তু মন্ত্রীমহাশয় তার মর্যাদা ক্ষুণ্ণ করছেন। এই যে জালান সাহেবের amendment, এটা অত্যন্ত অন্যায় amendment বলে আমি মনে করি। এতে কি বুঝা যায়? এতে বুঝা যায়, জনসাধারণের উপর আপনাদের নিজেদের সরকারী কর্মচারীদের প্রতি মন্ত্রীমহাশয়ের আস্থার একান্ত অভাব। তাই আমরা দাবি করি এই বিলটি circulation-এ দেওয়া হোক, কারণ এভাবে জনসাধারণের অধিকার হরণ করার ক্ষমতা কোনদিন কোন সরকারের

থাকা উচিত নয়। আমি মনে করি জালান সাহেবের Local Self Govt. Dept. is the worstmanaged dept. in West Bengal। আমি একটা ঘটনার কথা জানি, একটা Distric Board-এর Chairman has been nominated for 6 yrs. এটা জালান সাহেব জানেন তা নয় এই ভাবে কি Local Self Govt Dept. এর মর্যাদা বৃদ্ধি হয়? আশা করি জালান সাহেব এই সব বিষয় একটু বিবেচনা করে দেখবেন। আমি জালান সাহেবকে বলছি, তিনি বলুন যে, next general election-এর আগে যেমন করেই হোক ২৪-পরগণা জেলাবোর্ডের election করবেন। জালানসাহেব এখানে বলেননি কবে কিভাবে পশ্চিমবঙ্গে জেলাবোর্ডের পরিবর্তে জেলাপরিষদ গঠিত হবে, তিনি শুধুমাত্র বলেছেন it is envisaged, কিন্তু by whom?—এর মানে কি? ৫।৭।১০ বৎসর পরেও তো হতে পারে। কবে তিনি সেই জেলা পরিষদ গঠনের বিল নিয়ে আসবেন? মন্ত্রীমহাশয় অকারণে এই হাউসের সময় নষ্ট করছেন এবং সদস্যদের তিক্ত সমালোচনা করতে বাধ্য করছেন।

Shri Chitto Basu :

মিঃ স্পীকার মহাশয়, Bengal Local Self Government Act, 1885, amendment-এ যে প্রস্তাব করা হয়েছে তার আমি তীব্র প্রতিবাদ করি। এই প্রতিবাদ আমি প্রথমত এই কারণে করি যে, জনসাধারণের সামান্যতম গণতান্ত্রিক অধিকার যা ইংরাজ আমলে দেওয়া হয়েছিল এবং যাঁরা গণতান্ত্রিক অধিকারের প্রসারতা করেছেন বলে দাবি করেন, সেই অধিকারের উপর তারাই দিনের পর দিন আক্রমণ করে চলেছেন। ইংরাজ শাসকবর্গ যে অধিকারটুকু দিয়েছিলেন, সেই অধিকারও এই সংশোধনের দ্বারা ক্ষুণ্ণ করা হচ্ছে। ইংলণ্ডের রানী এখানে আসছেন, আপনারা নানারকম security-র ব্যবস্থা করছেন এবং তাঁদের সন্তুষ্ট করার জন্য ইংরাজ আমলে যে সমস্ত কুখ্যাত আইন ছিল তার ধারাবাহিকতা রক্ষা করার জন্যই আপনারা ব্যস্ত ও বদ্ধপরিকর। জনসাধারণ নিশ্চয়ই এই প্রতিক্রিয়াশীল আইনের বিরোধিতা করবে। যে উদ্দেশ্য নিয়ে এই আইন সংশোধনের কথা বলছেন সেটা হচ্ছে জেলাপরিষদ গঠন করা হবে, কিন্তু কবে, কিভাবে, কখন করা হবে সে সম্পর্কে জালান সাহেবের নিজেরও হয়তো ধারণা নাই, অথচ তিনি সেই কথাই এই সংশোধনীর উত্থাপনের সময় প্রথমেই উল্লেখ করেছেন। দুর্নীতির অভিযোগে অথবা incompetence-এর জন্য সেই জেলাবোর্ড supersede করা হয়েছিল, কিন্তু আমি জালান সাহেবকে জিজ্ঞাসা করি তাঁদের নিযুক্ত administrator কি সেই দুর্নীতির হাত থেকে সেই District Board-কে রক্ষা করতে পেরেছেন? তিনি কি জনসাধারণের গণতান্ত্রিক অধিকার সংরক্ষণের ক্ষেত্রে তাদের সহায়তা করতে পেরেছেন? সর্বোপরি ৪ বৎসরের মধ্যে নির্বাচন করতে আপনারা ব্যর্থ হয়েছেন।

[3-40—3-50 p. m.]

যদি আমার কাছে জিজ্ঞাসা করেন যে superseded District Board বর্তমান administrator-এর অধীনে কি রকম শাসনকার্য চলছে তাহলে আমি বলব যে সেটা অত্যন্ত খারাপ এবং একদিনের আর Dist. Board-এর নিয়ন্ত্রণের ভার Dist Administrator হাতে থাকা উচিৎ নয়। আমার মনে হয় এ যুক্তি কংগ্রেস সদস্যরাও স্বীকার করবেন। এখানে সামান্য দৈনন্দিন যে অভাব অভিযোগ তার দিকেও এই ভদ্রলোকের নজর থাকে না, একথা আমি মাত্র একটা ঘটনা দিয়ে প্রমাণ করে দেব। স্যার, আপনি জানেন যে ১২ই মার্চ ১৯৫৯ সালে এই হাউসের এক প্রশ্নোত্তরের জবাবে মন্ত্রীমহাশয় বলেছিলেন—ইট খোলার লাইসেন্স ব্যাপার নিয়ে—বিগত ১৯৫০ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত ইটখোলার সংখ্যা কমে গেছে। অর্থাৎ তিনি বলেছিলেন

যে ১৯৫০ সালে যেখানে ১৫২টা ইটখোলা ছিল সেটা ১৯৫৭ সালে কমে ৮১টা হয়েছে। কিন্তু এই জেলায় যাঁরা কাজ করেন তাঁরা জানেন যে ১৯৫০ সালে যেখানে ইটখোলা ১৫২টা ছিল তার সংখ্যা বর্তমানে বেড়ে গেছে। অথচ তাঁরা বলছেন যে ১৯৫৭ সালে মাত্র ৮১ টা লাইসেন্স দিয়েছেন। Dist. Board-এর হাতে লাইসেন্স দেবার ক্ষমতা, তাঁরা সেই লাইসেন্স দেননি। লাইসেন্স renew না করে ইটখোলার মালিকরা দিনের পর দিন ব্যবসা চালিয়ে যাচ্ছে। Union Board, Dist. Board-এর অন্তর্ভুক্ত। Union Board-এর উপর নিশ্চয় আপনাদের আস্থা আছে। আমি যে Union Board-এর কথা বলব সেই Union Board কোন বামপন্থীদলের দ্বারা গঠিত নয়—আপনাদের দ্বারা গঠিত। এখানে ইছাপুরের Union Board, Dist. Board-এর Administrator করেছে নিজেদের শীলমোহর দেওয়া চিঠিতে লিখেছেন—২৪।৫।৫৯ তারিখে লেখা এই চিঠি—মোট ১৭টা ইটখোলার মধ্যে মাত্র ৫টা ইটখোলার লাইসেন্স পৌঁছেছে, আর বাকী ১২টা ইটখোলার লাইসেন্স ইউনিয়ন বোর্ডের কাছে জমা দেয়নি। Union Board বার বার এই সম্পর্কে মালিকদের কাছে চিঠি লিখেছে, কিন্তু তারা জবাব দিচ্ছে না। আপনারা brick field control operation করার জন্য যে বাই-ল করা হয়েছে Memo No 927—তাতে বলা হচ্ছে যে সেই বাই-ল যদি কেউ লঙ্ঘন করে তার শাস্তি হবে। অর্থাৎ বিনা লাইসেন্সে যদি কেউ ইটখোলা পরিচালনা করেন তাহলে তার এককালীন ৫০ টাকা জরিমানা হবে এবং এককালীন জরিমানা দেবার পরেও যদি ইটখোলা বিনা লাইসেন্সে চালিত হয় তাহলে দৈনিক ৫ টাকা করে জরিমানা হবে। কিন্তু আপনারা ইছাপুর ইউনিয়ন বোর্ডের ইটখোলার হিসাব ১৯৫৭ সাল থেকে ১৯৫০ সাল পর্যন্ত যদি দেখেন তাহলে দেখবেন যে গত ৩ বছর ধরে এই ১২টা ইটখোলার মালিকরা লাইসেন্স রিনিউ না করার জন্য গভর্ণমেণ্ট যদি মামলা করেন তাহলে প্রায় ৩২ হাজার ৪০০ টাকা আদায় করতে পারতেন।

শুধু তাই নয়, নিয়ম আছে যাদের লাইসেন্স রিনিউ হয়নি বলে বিনা লাইসেন্সে কাজ করছে তাদের প্রতিদিন ৫ টাকা করে জরিমানা হবে এবং এইভাবে দেখা যায় যে প্রচুর টাকা আদায় হতে পারত, কিন্তু আশ্চর্যের বিষয় যে এসব টাকাও আদায় করা হয়নি। তারপর হিসাব করলে দেখা যায় যে, একটি ইউনিয়নে যে ১২টি ইটখোলা বিনা লাইসেন্সে চলছে তাদের কাছে থেকে জরিমানা হিসেবে ৩২, ৪০০ টাকা আদায় হোতে পারত। কিন্তু সরকার, এইসব মালিক যারা দেশের ক্ষতি করছে, সরকারের আইন লঙ্ঘন করছে তাদের কাছ থেকে এই টাকা আদায় করতে পারেননি। তারপর একবার যখন এ সম্বন্ধে এ্যাসম্বলীতে বলেছিলাম তখন মন্ত্রীমহাশয় হিসাব দিয়ে বলেছিলেন যে, বিগত ৮ বছরে তাঁরা লাইসেন্স ফি বাবদ ৬০, ৬০৯ টাকা আদায় করেছেন। তবে যদিও তাঁরা গত ৮ বছরে গোটা ২৪-পরগণা জেলা থেকে লাইসেন্স ফি বাবদ ৬০ হাজার টাকার মত আদায় করেছেন কিন্তু অপরদিকে দেখা যায় যে, একটি মাত্র ইউনিয়নে যেখানে বিনা লাইসেন্সে কাজ করার জন্য মালিকদের শাস্তি হওয়া, জেল খাটা এবং জরিমানা হিসেবে ৩২ হাজার টাকা আদায় হওয়া উচিত ছিল সেখানে সরকার এক পয়সাও তাদের কাছ থেকে আদায় করতে পারেননি। একথা অ্যাড্‌মিনিষ্ট্রেটর জানেন না তা নয়। কেননা আমি নিজে একথা তাঁকে জানিয়েছি এবং তা ছাড়া সেখানকার ইউনিয়ন বোর্ড এবং ডিষ্ট্রিক্ট বোর্ডের যারা অংশ তাঁরাও একথা বলেছেন। কিন্তু দুঃখের বিষয় তিনি এ ব্যাপারে একটি মামলাও রুজু করেননি বা কোন এনকোয়ারীর বন্দোবস্ত করেননি। অথচ দেখছি আজও তিনি ঠিক সেই একইভাবে বহাল তবিয়তে রয়েছেন এবং তাকে আইনের মারফৎ আরও ২ বছরের জন্য অধিকার দেওয়া হচ্ছে এইসব অত্যাচার চালিয়ে যাওয়ার জন্য। কাজেই আমার মনে হয় এবং এই একটিমাত্র ঘটনার দ্বারাই বলা যায় যে, এই মুহূর্তেই অ্যাডমিনিষ্ট্রেটর-কে ক্ষমতা থেকে সরিয়ে দেওয়া উচিত। কিন্তু আপনারা তা না ক'রে এই আইনের সংশোধন মারফৎ তাঁকে আরও ২ বছর লুণ্ঠন করবার সুযোগ করে দিচ্ছেন। তাই আমার বক্তব্য যে, যদি আপনি আসল জিনিসটি সত্যিসত্যিই বুঝে

থাকেন এবং আপনার গণতান্ত্রিক চেতনা থাকে তাহলে হয় যেসব দোষত্রুটি দেখালাম সেগুলোর সংশোধন করুন আর তা নাহলে এই পথে আর অগ্রসর হবেন না। যা হোক্, আমার সর্বশেষ বক্তব্য হোল যে, এটা জনমত সংগ্রহের জন্য সার্কুলেসনে দেওয়া হোক।

Shri Provash Chandra Roy.

মাননীয় স্পীকার মহাশয়, ২৪-পরগণা জেলাবোর্ড সুপারসিড করা হয়েছে বলে যে নীতিগতভাবে সুপারসেসনের বিরোধিতা করছি তা নয়, আমরা জানি ২৪-পরগণা ছাড়াও বাংলাদেশের বিভিন্ন জেলায় যেখানেই বর্তমান শাসকশ্রেণীর অসুবিধা হয়েছে বা বোধ করেছে সেখানেই জেলাবোর্ড সুপারসিড করে দেওয়া হয়েছে। স্যার, ২৪-পরগণা জেলাবোর্ড সুপারসিড করা হয়েছে ৪ বছর পূর্বে, কিন্তু মেদিনীপুর জেলাবোর্ড সুপারসিড করা হয়েছে আজ প্রায় ১২ বছর আগে থেকে এবং সেখানে কোন রকম নির্বাচনের ব্যবস্থা না করে একটি মাত্র দলের হাতে ক্ষমতা দিয়ে তাঁদেরই বাঁচিয়ে রাখা হয়েছে। কাজেই আজ দেখা যাচ্ছে যে, বর্তমান সরকার এই স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলোর ব্যাপারে একটা অগণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করে চলেছেন এবং সেটাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে এবং মাননীয় সভ্যদের জানিয়ে যাচ্ছি। তবে শুধু যে জেলাবোর্ডের ক্ষেত্রেই এই সব করা হচ্ছে তা' নয়, আমরা দেখছি যে গত ২ বছরে আমাদের জেলা, হাওড়া এবং হুগলী জেলার বহু মিউনিসিপালিটিতে নির্বাচন হওয়ার ফলে সেইসব মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানশিপ কংগ্রেসের হাত থেকে বামপন্থীদের হাতে চলে যায় এবং তার ফলে সেই সব জায়গায় নির্বাচিত চেয়ারম্যানদের অপসারিত করে এবং মিউনিসিপ্যালিটিগুলো ডিসলভ্ করে সেখানে অ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করেছেন এবং এই ধরণের ঘটনা আমরা প্রতিদিনই দেখতে পাচ্ছি।

[3-50—4 p. m.]

সেইজন্য সরকার এই যে গণতান্ত্রিক পদ্ধতি গ্রহণ করেছেন বলছেন আমরা এই পদ্ধতির সম্পূর্ণ বিরোধিতা করছি। ২৪-পরগণা জেলাবোর্ড ৪ বছর আগে সুপারসিডেড হয়েছে, তার আয়ু বাড়াবার জন্য তিনি আজকে এই বিল এনেছেন। সুপারসিড কিজন্য করেছে সে কথা তিনি আমাদের জানাননি এবং সুপারসিড করার জন্য কে দোষী সেই সমস্ত কথা তিনি কোনদিন আমাদের কাছে উপস্থিত করেননি। বর্তমানে যাঁকে তিনি এ্যাডমিনিষ্ট্রেটর হিসাবে বসিয়েছেন তাঁর কার্যকলাপ তিনি ভালভাবে কাজ করতে পারছেন কি পারছেন না তাও তিনি আমাদের কাছে উপস্থিত করেননি। মাননীয় সভাপাল মহাশয়, আমরা জানি ২৪-পরগণা জেলাবোর্ড কংগ্রেসীদের হাতে ছিল এবং আমরা জানি জেলাবোর্ডের কয়জন সভ্য এই জেলাবোর্ডের সম্পত্তিকে বিশেষ করে যশোর রোডের উপর ডিষ্ট্রিক্ট বোর্ডের যে সমস্ত বড় বড় গাছ ছিল সেইসব গাছ অত্যন্ত অল্পদরে বিক্রি করে দেয় এবং সেই বিক্রির কতক টাকা জেলাবোর্ডে জমা পড়ে এবং কতক টাকা মেম্বাররা কনট্রাক্টারের সঙ্গে যোগসাজস করে সরকার এবং জেলাবোর্ডকে ফাঁকি দেয়। শুধু তাই নয়, সরকারের বহু সম্পত্তি জেলাবোর্ডের কংগ্রেসী সভ্যরা যোগসাজস করে অত্যন্ত জলের দরে বিক্রি করে দিয়েছিল। পাবলিক সেই সমস্ত বিষয়ে তদানীন্তন জেলা ম্যাজিষ্ট্রেটের দৃষ্টি আকর্ষণ করে। ম্যাজিষ্ট্রেট তদন্তের ভার দিলেন জনৈক এ ডি এম কে। এ ডি. এম যখন তদন্ত করছিলেন তখন সেই এ. ডি. এম কে ২৪-পরগণা জেলা থেকে অপসারিত করা হয়েছিল। তদন্তের পর প্রমাণিত হয় জেলাবোর্ডের সদস্য দুর্নীতির সঙ্গে জড়িত এবং বহু হাজার টাকার সম্পত্তি তাঁরা এইভাবে দুর্নীতির মধ্য দিয়ে আত্মসাৎ করেছেন। বহুদিন থেকে দেখা গেছে জেলাবোর্ডের তদানীন্তন চেয়ারম্যান বঙ্কিম রায়কে কংগ্রেসেরই একজন, এই সব বিষয়

নিয়ে জেলা ম্যাজিষ্ট্রেটের ঘরে চোরের মত হাজির হতে। জেলা ম্যাজিষ্ট্রেট তাঁর বিরুদ্ধে এবং কয়েকজন মেম্বারের শাস্তি বিধানের চিন্তা করছিলেন। কিন্তু জানিনা কি কারণে এবং আমি যতদূর খবর নিয়ে শুনেছি সরকারের উর্ধ্বতনপক্ষের তরফ থেকে সেই জিনিস ধামা চাপা দেওয়া হয়েছে এবং যাতে চেয়ারম্যান এবং সেইসব দুর্নীতিপরায়ণ সভ্যদের বিরুদ্ধে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা না হয় তার ব্যবস্থা করা হয়েছে। যে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান অথবা যেসব সভ্যরা দুর্নীতির সঙ্গে জড়িত তাদের কোন সাজার বন্দোবস্ত না করে সেই জেলাবোর্ডকে তাঁরা সুপারসিড করে দিলেন। আপনারা জানেন ট্যাক্সের ভিত্তিতে জেলাবোর্ডের ভোটাররা জেলাবোর্ডের সভ্যদের ভোট দিয়ে নির্বাচিত করেন। এইরূপ সীমাবদ্ধ ভোট থাকা সত্ত্বেও, যে সীমাবদ্ধ ভোট বৃটিশ সরকারের কাছ থেকে আন্দোলনের মধ্য দিয়ে সেই জনসাধারণ আদায় করেছিলেন, এই কংগ্রেস সরকার যাঁরা গণতন্ত্রের বড়াই করেন, যাঁরা কথায় কথায় বলেন তাঁরা নাকি গণতন্ত্রের রক্ষক এবং আমরা কমিউনিষ্ট সভ্যরা নাকি ডিক্টেটরী পন্থায় সরকার চালাতে চাই, ভোটের ভিত্তিতে নির্বাচন প্রথাকে তুলে দিয়ে এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করেছেন। তাঁরা যে ধনতন্ত্র পদ্ধতিতে চলছেন, তাঁরা যে চরমতম ডিক্টেটরসিপের পরিচয় দিচ্ছেন তা জেলাবোর্ড এবং মিউনিসিপ্যালিটিগুলিকে সুপারসিড করে সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগের মধ্য দিয়ে জানা যায়।

আজকে যেহেতু মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন আরো দু বছরের জন্য জেলাবোর্ডের এ্যাডমিনিষ্ট্রেটরকে রাখার জন্য যেহেতু আমি আপনার অর্থাৎ তাঁর কাছে অনুরোধ করতে চাই যে ২৪-পরগণা জেলাবোর্ডকে যে সুপারসিড্ করা হয়েছিল সে ব্যাপারে তাঁর চেয়ারম্যান কতখানি দায়ী ছিলেন এবং অন্যান্য মেম্বার কারা সেই দুর্নীতির সঙ্গে জড়িত ছিলেন এবং কাদের অকর্মণ্যতার জন্য বা কি কি কারণে ২৪-পরগণা জেলাবোর্ডকে সুপারসিড্ করা হয়েছিল সেটা যেন তিনি আমাদের কাছে জানান কারণ ২৪ পরগণা জেলা পশ্চিমবাংলার মধ্যে একটা বিশিষ্ট স্থান অধিকার করে আছে। কাজেই এই রকম একটা ইমপরটেন্ট জেলাবোর্ডকে কি কারণে সুপারসিড্ করা হল সেটা এই বিধানসভার সভ্যদের জানবার অধিকার আছে। সেজন্য আমি আশা করি কি কারণে এই জেলাবোর্ডকে সুপারসিড্ করা হয়েছিল এবং তার জন্য তদানীন্তন চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং অন্যান্য মেম্বাররা কতখানি দায়ী ছিলেন সেটা তিনি আমাদের কাছে বলবেন।

আমার শেষ কথা হচ্ছে দু বছরের মধ্যে জেলা পরিষদ নির্বাচন করবেন এই রকম একটা প্রতিশ্রুতি এর মধ্যে দেয়া হয়েছে কিন্তু এই রকম প্রতিশ্রুতির উপর আমরা কতখানি নির্ভর করতে পারি তা আপনি বিচার করে দেখুন, কেননা আমি ২৪-পরগণার কথা বলি বজবজ, বিষ্ণুপুর থানার মধ্যে ১৯৫৯ এবং ১৯৬০ সালের মধ্যে পঞ্চায়েৎ নির্বাচন করার কথা ছিল। আমাদের জেলার ডেভেলপমেণ্ট কমিটি থেকে আমরা তিন বছর আগে সর্বসম্মতভাবে সেই প্রস্তাব পাঠিয়ে দিই এবং আমাদের জেলার মধ্যে কোন্ কোন্ থানায় কোন্ কোন্ সালে পঞ্চায়েৎ নির্বাচন করা হবে তা সেই সভায় স্থির হয়ে যায়। মহকুমা এবং জেলা ডেভেলপমেণ্ট কমিটিতে আমরা একমত হয়ে সর্বসম্মতিক্রমে সেই প্রস্তাব পাঠিয়ে দিয়েছিলাম কিন্তু সেই প্রস্তাবানুযায়ী বিষ্ণুপুর বা বজবজ থানায় পঞ্চায়েৎ নির্বাচন করা হলনা। সরকার থেকে জানিয়ে দেয়া হল যে তারা সেখানে পঞ্চায়েৎ নির্বাচনের ব্যবস্থা করতে অক্ষম। আমরা আমাদের মাননীয় সভ্য শ্রীখগেন রায় চৌধুরী মহাশয়কে বলতে শুনেছি যে সোনারপুর থানায় দুবছর আগে থেকে ডেভেলপমেণ্ট ব্লক হয়েছে, ডেভেলপমেণ্ট অফিসারের আণ্ডারে সেখানে ডেভেলপমেণ্টের কাজ চলেছে কিন্তু আজ পর্যন্ত সেখানে পঞ্চায়েৎ নির্বাচন করা হয়নি। কাজেই দুবছরের মধ্যে ২৪-পরগণা জেলার সমস্ত জায়গায় পঞ্চায়েৎ নির্বাচন করবেন এবং জেলাপরিষদ নির্বাচন করবেন একথা আমি বিশ্বাস করতে পারিনা। সেজন্য আমি এই বিলের বিরোধিতা করছি এবং বলছি

বর্তমানে যিনি য়্যাডমিনিষ্ট্রেটর আছেন তিনি তাঁর যোগ্যতার পরিচয় তো দিতে পারেননি, উপরন্তু ৪ বছরের মধ্যে তিনি নির্বাচনের ব্যবস্থা করতে পারেননি। ২৪ পরগণার অধিবাসী হিসাবে আমি সেখানকার সমস্ত খবর রাখি। বর্তমানে যিনি য়্যাডমিনিষ্ট্রেটর আছেন তিনি একজন রিটায়ার্ড অফিসার এবং তিনি তাঁর অযোগ্যতা এবং স্বেচ্ছাচারিতার দ্বারা কাজ চালাচ্ছেন। সুতরাং আমি আপনার অর্থাৎ মাননীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রীকে অনুরোধ করছি যে এই য়্যাডমিনিষ্ট্রেটরকে অন্তত সরানো হোক্ এবং একজন যোগ্য লোককে সেখানে বসানো হোক। আর ২৪-পরগণা জেলাবোর্ডকে পর্যন্ত কত টাকা দেয়া হয় এবং যে টাকা দেয়া হয় তার শতকরা ৮০ ভাগ জেলাবোর্ডের কর্মচারীদের মাইনা দিতেই চলে যায়। কাজেই সেখানে পাব্লিকের কোন কাজ হতে পারেনা। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, এই য়্যাডমিনিষ্ট্রেটরকে সরান্ এবং জেলাবোর্ড বেশী টাকা পেয়ে যাতে পাব্লিকের কাজ করতে পারে তার ব্যবস্থা করুন।

[4—4-10 p.m.]

Shri Ramanuj Halder :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে মাননীয় মন্ত্রীমহাশয় সংশোধনের যে চেষ্টা করেছেন—, আমরা সেখানে জনমত সংগ্রহের জন্য সময় চেয়েছি। আমরা নীতিগত ভাবে এবং ব্যক্তিগত ভাবে যে গণতান্ত্রিক পন্থার কথা নীতির কথা আমরা বলে থাকি, কংগ্রেস পক্ষ থেকে যা বলে থাকেন এবং ভারতবর্ষ যে গণতান্ত্রিক পথে যেতে চায়, এই যে আইনটা আনা হচ্ছে সে নীতির সম্পূর্ণ বিরোধী। ২৪-পরগণা জেলাবোর্ডে এযাবৎকাল যেভাবে চলে আসছে ১৯৩৭ সাল থেকে, তাতে একথা বলা যেতে পারে। ১৯৩৭ সালে লীগপন্থী নির্বাচিত চেয়ারম্যান ছিল, সেই নির্বাচনের মেয়াদ অতীত হওয়া সত্ত্বেও লীগ গভর্ণমেণ্ট তাদের পলিসি হিসেবে, আর নির্বাচন করেন নাই ১৯৪৮ সালে যখন Shadow Cabinet তৈরী করা হলো, তখন আইন করে সেই জেলাবোর্ডকে বাতিল করে দিয়ে নূতনভাবে জেলাবোর্ডের সদস্য মনোনয়ন করা হলো। যে সময় ইউনিয়ন বোর্ড, লোক্যালবোর্ড প্রভৃতিতে বা অন্য কোন স্বায়ত্বশাসন বিভাগে যখন কোন মনোনয়ন চলবে না —এই রকম ব্যবস্থা করা হলো, অত্যন্ত দুর্ভাগ্যের কথা, ২৪-পরগণা জেলায় তখন কি হেতু ছিল, যার জন্য এত সদস্য কংগ্রেস পক্ষ থেকে বেছে বেছে আন্তরীভাবে মনোনীত করে গণতান্ত্রিক নির্বাচনের প্রহসন সৃষ্টি করা হলো? জেলাবোর্ড গঠন করা হলো। আমাদের বিধানসভার সদস্য মাননীয় প্রফুল্লচন্দ্র ব্যানার্জী মহাশয় জেলাবোর্ডের তৎকালীন মনোনীত সদস্য হয়ে চেয়ারম্যান হলেন। আশ্চর্যের কথা! তাঁরা আবার গণতন্ত্রের কথা বলেন। যেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে জেলাবোর্ডের নির্বাচন হবার কথা—, সেখানে এক নূতন কায়দায় গণতন্ত্রের মুখোস ধরে মনোনয়ন দিয়ে জেলাবোর্ডের পরিচালনা করলেন দীর্ঘদিন ধরে। তারপর নির্বাচনের কথা হলো ১৯৫১ সালে। ১৯৩৭ সালের পর থেকে বার বছর গেলে পর, যথেষ্ট সময় পাওয়া যায়। নির্বাচন না করে মনোনয়ন দিয়ে জেলাবোর্ডের কাজ চালিয়ে নেবার যথেষ্ট সুযোগ নেওয়া হলো। ১২ বছর পরে ১৯৫১ সালে নির্বাচন করা হলো। ১২ বছরের মধ্যে ৭ বছর পরে আবার মনোনয়ন করা হলো। অর্থাৎ ছ-বছর গণতন্ত্রের সুযোগ সুবিধা হরণ করা হলো। তারপর যে জেলাবোর্ডের নির্বাচন এলো—, আমি সেই বারে জেলাবোর্ডের সদস্য হিসেবে নির্বাচিত হলেম। আমি বরাবর লক্ষ্য করে দেখেছি—, আনন্দবাবু যা বললেন তাঁরা নির্বাচিত হয়ে এসেছেন, নির্বাচিত হয়ে কংগ্রেসের লোক এসে যদি জেলাবোর্ডে দুর্নীতিপরায়ণতার চূড়ান্ত নিদর্শন দিতে থাকেন, সেটা কি কংগ্রেস প্রতিরোধ করবেন না? কত অভিযোগ আনা হলো; কিন্তু সরকার পক্ষ স্বার্থের খাতিরে নীরব। Super annuation হলো কেন? এটা হয়ত ধামাচাপা পড়ে থাকতো—, যদি না স্বর্গতঃ হেমচন্দ্র নস্করের সঙ্গে গত সাধারণ নির্বাচনের তৎকালীন জেলাবোর্ডের ভাইস চেয়ারম্যান জনাব মজাম্মল হোসেন

প্রতিদ্বন্দ্বিতা করতেন। তা না হ'লে এটা ধামাচাপা পড়ে থাকতো। মুসলীম লীগের পলিসিকে আমরা বার বার প্রতিহত করতে চেষ্টা করেছি। এখন কংগ্রেসদল ক্ষমতার আসনে বসার পরে—, তারাও সেই লীগের নীতি অনুসরণ করে চলেছে। কংগ্রেসের পূর্বের বৈপ্লবিক নীতি ও সাধনা এখনো তাঁদের আছে—, একথা বলা আর কংগ্রেসীদের মুখে শোভা পায় না। আশ্চর্যের কথা, নির্বাচন করা হলো না। General election-এর ব্যবস্থা না করে এর adminstrator নিয়োগ করিলেন এবং এই administrator সম্পর্কে অভিযোগ করবার অনেক কিছু থাকলেও, আমার মূল বক্তব্য তা নয় যে এর কার্যকালের সীমাকে আরো বাড়িয়ে দেওয়া হোক বা আর একজন নূতন administrator নিয়োগ করা হোক্। কোন ক্রমেই এর মেয়াদ বৃদ্ধি করা উচিত নয়। আমাদের গণতান্ত্রিক নীতি ও অধিকার যেটা রয়েছে তাকে খর্ব করা হবে, যদি এইরকম administration দিয়ে জেলাবোর্ডের কাজ চালানোর ব্যবস্থা করা হয়।

প্রথমে তিন বছর পরিবর্ধনের কথা ছিল, তার পরবর্তীকালে সেটাকে বাড়িয়ে চার বছর করা হয়। এখন আবার এটাকে বাড়িয়ে ছয় বছরের মেয়াদ বৃদ্ধি করার প্রচেষ্টা হচ্ছে। যে সরকারী বিভাগ এই চার বছরের মধ্যেও একটি জেলাবোর্ডের নির্বাচন ব্যবস্থা করতে পারেননি, এবং যেখানে নির্বাচিত সদস্যদের বোর্ডে থাকবার অধিকার পাঁচ বছর, সেখানে ছয় বছর ধরে একজন administrator কে দিয়ে কাজ চালানর পরিকল্পনা আমরা কেউ ধারণা করতে পারিনা। বাস্তব ব্যবস্থা করবার জন্য অন্যায়ভাবে যে দুর্নীতির প্রশ্রয় দেওয়া হয় তাতে মানুষের মনে স্বভাবতই ধারণা আসে যে এঁরা গণতন্ত্রের নামে একটা প্রচণ্ড ভণ্ডামী ও পর্বত প্রমাণ প্রহসন সৃষ্টি করছেন।

গত বৎসর গঙ্গাসাগর মেলাতে একজন বৃদ্ধ, অথর্ব, অযোগ্য, যাঁর কর্মক্ষমতা আদৌ ত্বরিত গতি নয়, যিনি এককভাবে কোন কিছু বিবেচনা করতে বা চিন্তা করতে পারেন না, এই রকম একটি লোককে দিয়ে কাজ চালান হয়। গঙ্গাসাগর মেলার ডাক হল—তার যে lessee, তার কাছ থেকে ৬৫ হাজার টাকা আদায় করা হল না। যখন lessee সেই ৬৫ হাজার টাকা count করছিলেন, তখন তিনি একজন V. I. P.-এর সাহচর্যের আশায় স্বার্থরক্ষনের খাতিরে তাঁর সঙ্গে যাবার লোভ সম্বরন করতে না পেরে তাঁর সঙ্গী হলেন। ফলে পরে সে টাকা আর পাওয়া গেল না। আজ পর্যন্ত তার আর উদ্ধার হলো না, তার পরবর্তীকালে এই টাকা আদায়ের জন্য মামলা খাতে আরও তিন হাজার টাকা অপব্যয় করা হয়।

এ বছরও একই রকমের ঘটনা ঘটেছে। Some K. C. Tandon, তিনি নিজেকে জাহির করেন মাননীয় মন্ত্রী জালান সাহেবের বিশেষ পরিচিত ব্যক্তি হিসাবে। তাঁর কাছ থেকে মহানুভবতার ও অনুকম্পা লাভের আশায় বৃদ্ধ অযোগ্য ও কর্মে অক্ষম এ্যাডমিনিষ্ট্রেটর চলা ফেরা করেন জনস্বার্থের বিরুদ্ধে। এই ট্যাণ্ডন সাহেব জেলাবোর্ডের স্বার্থের বিরুদ্ধে কাজ করেন, তাঁর আর্থিক সুযোগের হাসিল করার আশায়। গঙ্গাসাগর মেলা সম্পর্কে যে plan করা হয়ে ছিল, তা কোন বিশিষ্ট ব্যক্তির স্বার্থের জন্য পরিবর্তন করা হয়। অগণিত তীর্থযাত্রী এই মেলায় যোগদান করেন এবং তাদের কাছ থেকে অর্থ আদায় করা হয়, তাদের সুখ সুবিধা দেখবার জন্য। কিন্তু তাদের সুখ স্বাচ্ছন্দ্যের দিকে নজর না রেখে V. I. P.-র বিশেষ বিশেষ লোকদের সুবিধার জন্য এই plan change করা হয় গতবারে।

২৪-পরগণা জেলায় বর্তমান Administrator আসার পর দেখা যায়, সেখানে ২৪-পরগণা জেলার লোককে নিয়োগের ব্যবস্থা না করে, অন্য জেলার লোককে নিয়োগ করেছেন।

মেদিনীপুর জেলায় inter district ফেরী সার্ভিসগুলিতে উপযুক্ত লক্ষ্যের অভাবে জেলা বোর্ডকে ক্ষতিগ্রস্ত করেছেন। administrator-এর দুর্নীতিপরায়ণতার জন্য জেলায় ট্যাংগুলিকে lessee-দের কাছে এমন নিয়হারে বিলি করা হয়েছে, যা ইতিপূর্বে আর কখনও এইভাবে বিলি করা হয়নি।

ঘাটেশ্বরী ডিস্পেনসারীতে ইতিপূর্বে যে ডাক্তার ছিলেন, তিনি superannuated অযোগ্য ব্যক্তি, তাঁকে ইনি কাজের ভার দিয়ে রাখেন। তিনি এখনও কাজ করে চলেছেন, administrator সেটা দেখছেন না।

সেইজন্য আমার বক্তব্য হচ্ছে, এই রকম জেলাবোর্ডের বিরুদ্ধে যে অভিযোগের উপর ভিত্তি করে supersession করা হল, সেখানে একজন দুর্নীতি পরায়ণ, অযোগ্য, বৃদ্ধ, অথর্ব administratorকে রেখে জেলাবোর্ডের শাসনকার্য চালাবার ব্যবস্থা করা উচিত নয়। এইরকম ভাবে আর একজনকে নিয়োগ করে, আরও দু-বছর কালহরণ করা হবে, তার মানে গণতন্ত্রকে হত্যা করা হবে, এটা আমরা সমর্থন করতে পারিনা।

আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো তিনি এই পথ থেকে বিরত হন, তা নাহলে সত্যের অপলাপ করা হবে।

[4-10—4-20 p. m.]

Dr. Pabitra Mohan Roy :

Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st. March, 1961,

মাননীয় অধ্যক্ষ মহোদয়, Bengal Local Self Government Amendment Bill যেটা এসেছে সেটাকে circulate করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আমি circulation-এর অনুরোধ জানাচ্ছি এজন্য যে ৪ বছর ধরে ২৪-পরগণা জেলাবোর্ড সরকার একজন Administrator দিয়ে চালিয়ে যাচ্ছেন এবং এই চার বছরের ভিতরে তারা কোন নির্বাচন করতে পারেন নি, এবং না পারার দরুণ তাঁরা আরও দু বছর সময় নিচ্ছেন এই সময়ের ভিতর নির্বাচন করতে পারবেন এই রকম আশা মন্ত্রীমহাশয় পোষণ করছেন। জেলাবোর্ড থাকবে না, জেলা-পরিষদ থাকবে, জেলাপরিষদ গঠন করা হবে, এই একটা ভুয়া আশা তুলে ধরে আমাদের বলা হচ্ছে যেহেতু কিছুদিনের মধ্যে জেলা পরিষদ গঠন করা হবে সেজন্য জেলা বোর্ডের নির্বাচনে অর্থব্যয় এবং সময় নষ্ট করা যায় না। এ যুক্তি দেখিয়ে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় আজকে আমাদের কাছে সময় চাচ্ছেন। আমি জিজ্ঞাসা করতে চাই—জেলা পরিষদ গঠন করার যদি ইচ্ছা ছিল তাহলে তারা তো এই কয়েক বছরই সুযোগ পেয়েছিলেন, তাতে কতটা প্রচেষ্টা নিয়ে এই জেলাপরিষদ গঠন করতে পেরেছেন এ বিল পাশ করার আগে তা আমরা পরিষ্কার জানতে চাই। কিভাবে কখন এই বিল draft করার চেষ্টা করেছেন এবং কতদূর অগ্রসর হয়েছেন আমাদের জানাবেন। আমরা যতদূর জানি এ ব্যাপারে কোন কিছু করা হয়নি। জেলা-পরিষদ গঠনই একমাত্র কথা নয়! ২৪-পরগণা জেলা বোর্ডকে ২৪-পরগণা জেলা অধিবাসীদের নির্বাচিত প্রতিনিধিদের হাত থেকে কেড়ে নিয়ে আজকে সরকারী কর্মচারী দিয়ে চালাবার চেষ্টা করছেন, এখানে একটা জিনিস স্যার লক্ষ্য করবেন যে Government-এর policy regarding Local Self Government Department অতি অদ্ভুত! Union Board-ই বলুন, পঞ্চায়েতই বলুন, District Board-ই বলুন সবক্ষেত্রেই আমরা এই Local Self Government Department-এর কাজ দেখতে পাচ্ছি দুর্নীতির জন্য election বন্ধ হয়ে যাচ্ছে, এক এক জায়গায় সরকার পক্ষ থেকে ভুল circular দেওয়ার জন্য তাদের গাফিলতীর জন্য voter-list তৈরী বন্ধ হয়ে গিয়েছে, ফলে ভুগতে হচ্ছে জনসাধারণের। time extend করে দিয়ে দলগত আধিপত্য কংগ্রেসদলের আধিপত্য বজায় রাখা হচ্ছে এবং supersede করার চেষ্টা হচ্ছে এবং supersede করে সরকারী কর্মচারী দিয়ে চালান হচ্ছে এবং আমি জানি বহু কংগ্রেসী সভ্য ২৪-পরগণা জেলায় এই সরকারী কর্মচারী ভদ্রলোক মারফৎ খুশীমত কাজ

পরিচালনা করছেন। যারা একদিন ক্ষমতায় আসীন ছিল, কংগ্রেস দলভুক্ত, যাদের দুর্নীতির জন্য এই জেলা বোর্ডের ক্ষমতা সরকারকে নিতে হয়েছিল তারাই একাজ করে চলেছে।

শুধু ক্ষমতা নেবার জন্যই যে supersede করা হল তা নয়, এর আর একটা কারণ হল, যারা এই দুর্নীতির জন্য দায়ী তাদেরকে বাঁচিয়ে দেওয়া হল নইলে তাদের বোর্ডে হাজির করতে হোত। সেইজন্য আজকে তাদের বাঁচিয়ে দিয়ে নিজেদের nominated administrator বসিয়ে দিয়েছেন। কারণ তাঁরা দেখেছেন administrator রেখে দিলে তাঁদের স্বার্থের কোন ব্যাঘাত হয় না, ব্যাঘাত হয় ২৪-পরগণার জনসাধারণের। আমরা জানি জেলাবোর্ড সুষ্ঠুভাবে কাজ করেনি। করেনি তার অনেকগুলি কারণ আছে। সরকার যে সমস্ত আইন করেছেন তাতে যে roadcess ইত্যাদি আদায় হয় তার শতকরা ৮০ ভাগ টাকা খরচ হয় কর্মচারীদের পিছনে এবং বাকী ২০ ভাগ টাকা মাত্র খরচ হয় জনসাধারণের ভিতরে। কিন্তু সেখানে নিজেদের মধ্যে দুর্নীতি থাকার জন্য তারা তা চালাতে পারেনি এবং তাদের দলের লোকই সেটা চালাতে পারেনি। আজকে দেখছি তাদের দলেরই এক লোককে administrator করে বসিয়ে রাখা হয়েছে। আমরা দেখছি যে কংগ্রেস দলের লোকেরাই সেখানে আনাগোনা করে; তারাই সুবিধা করে নেয় এবং সাধারণ লোকে অসুবিধা ভোগ করছে। এই short time-এ বেশী বলা সম্ভব নয়। মন্ত্রীমহাশয় বলেছেন যে ৪ বৎসরের মধ্যে election করতে পারেন নি সেইজন্য আরো দুই বৎসর বাড়িয়ে নিচ্ছেন। যদি ৪ বৎসরের মধ্যে election করতে না পেরে থাকেন তাহলে আর দুই বৎসরের মধ্যে যে জেলাবোর্ড গঠন করতে পারবেন তার নিশ্চয়তা কোথায়? এবং election-র জন্য যদি তিনি কিছুটা প্রস্তুত হয়ে থাকেন তাহলে সেই প্রস্তুতি কতদূর অগ্রসর হয়েছে তাও আমরা জানতে চাই। আমাদের দৃঢ় ধারণা যে সাধারণ নির্বাচন ১৯৬২ সালে আছে সেই নির্বাচন পর্যন্ত ঠেকিয়ে রাখার জন্য এটা করছেন। এখানে দুই বৎসরের প্রশ্ন নয়, যতদিন তারা ক্ষমতায় ফিরে না আসতে পারবেন ততদিন পর্যন্ত এটা আটকে রাখা হবে। এই সব কারণে আমি এই বিলটাকে circulation-এ দিতে চাই।

Shri Bhupal Chandra Panda :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৪-পরগণা জেলাবোর্ড supersede করে সেখানে যে অবস্থা দাঁড়িয়েছে, আমাদের মেদিনীপুর জেলার জেলা বোর্ডেরও অবস্থা ততই খারাপ হয়েছে। ২৪ পরগণা জেলাবোর্ড যদি শূন্যে ঝুলে থাকে তাহলে আমাদের জেলার অর্ধেক পুড়ে যাবার অবস্থায় দাঁড়িয়েছে। আপনারা জানেন ২৪-পরগণা জেলাবোর্ড supersede যে পদ্ধতিতে হয়েছে, মেদিনাপুর জেলাবোর্ডের অবস্থা তা নয়। এটা বহু পুরাণো। আজ ১২ বৎসর ধরে এইভাবে একে রেখে দেওয়া হয়েছে এবং মন্ত্রীমহাশয়ের তরফ থেকে এই ধরণের injection দিয়ে একে দীর্ঘায়ু করা হচ্ছে। তার ফলে এই জেলায় যে বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে সেই সম্বন্ধে আমি মন্ত্রী মহাশয়কে জানাতে চাই। জেলাবোর্ডের অধীনে যে সমস্ত রাস্তাঘাট ছিল তা নষ্ট হয়ে গিয়েছে এবং জেলাবোর্ডের যে সমস্ত কর্মসূচী ছিল তা প্রায় সমস্তই বন্ধ হয়ে গিয়েছে। এখানে কেবল কতকগুলি officer বসিয়ে রাখা হয়েছে এবং জনসাধারণের মঙ্গলের জন্য যে জেলা বোর্ড গঠন করা হয়েছিল সে কাজ কিছুই করা হচ্ছে না। অধিকন্তু এই ঘটনা ঘটেছে যে taxation-র যে portion জেলা বোর্ডের হাতে দেবার প্রয়োজন আছে সেই অংশ জেলাবোর্ডের হাতে যাচ্ছে।

[4-20—4-30 p.m.]

Government have therefore sought this opportuity to come up with a comprehensive Bill on the subject of improvement of Ayurveda and its adherents. With the establishment of the proposed Paschim Banga Ayurveda Parishad, as provided under the Bill, it will lay down the outline of teaching, training and practice in Ayurveda and will regulate all matters relating to Ayurvedic system of medicine. It is also envisaged that there will be arrangements for postgraduate teaching and research on up-to-date scientific lines.

Sir, the Tol system which is fundamentally the traditional and classical Ayurvedic teaching will also be maintained. This system, while not oblivious of the modern methods and their importance, has been following the old concepts about realities of human miseries and their alleviation, with a consciousness about

their basic value. We must respect this system of approach because it has a background of success and also because it is necessary to make an attempt to preserve the integrity of the principles of the old masters like Charaka, Susruta, Bagbhatta, Chakradutta and others with a progressive outlook to include the knowledge of modern science adapted to the reqirements of Ayurveda.

[3-20—3-30 p.m.]

Sir, I might be allowed to add further that a collateral requirement will be to establish a well-equipped research institute to enlarge and extend the scope of utilising the resources furnished by Ayurveda. The study of these hoary shastras and other famous treatises, e.g., on Kayachikitsa and Agadatantra (Toxicology) will enable the Ayurveda student to utilise the very specific treatments which are provided therein.

The Dave Committee of the Government of India that studied the problems relating to an improvement of the system of Ayurveda, have recommended that there should be at least one college in every State for the training and teaching in Ayurvedic system of medicine. The value of the recommendation lies in the fact that there should be a centralised teaching centre for all purposes of Ayurvedic education.

After enactment of the Bill, for the purpose of Ayurvedic education in view, it will be necessary to utilise the three affiliated institutions under the State Ayurvedic Faculty to take up the work. The three institutions will make one State institution with colleges being amalgamated and utilised for different aspects of the above scheme :—

(1) That J.B. Ashtanga Ayurvedic College and Hospital may serve as a college with the post-graduate Department ;

(2) The Shyamadas Vaidyasastrapitha Parisad may serve as a Research Institute, while

(3) Viswanath Ayurvedic Mahavidyalaya and Hospital may serve the purpose of the 'Tol' system of education as at present required for the Ayurveda Tirtha Course.

Sir, Ayurveda contains dictums, concepts and doctrines depicted through the insight, institutions and observations on physical and spiritual aspect of everyday life. In this connection, I may mention that Government will also establish a herbarium to grow the more important herbs and plants which supply the ingredients for recipes of the system. There are several thousands of them and they will require very special care.

Sir, I beg to say that Government have given the matter their utmost consideration and incorporated in the Bill steps that they will adopt for the improvement of this noble science. The public have, for some time, been also expecting such a Bill for the improvement of the science and also to give a status to the Ayurvedic practitioner. The public and the press have already been keenly interested and the draft Bill has been discussed with the representative Kavirajas along with other eminent persons. Those who are eager are already in expectant knowledge of what the Government will do in respect of the provisions of the Bill. This Bill has already received a great enthusiasm. I hope and trust the honourable members will very kindly agree to give the helping hand which they are so eminently competent to offer in the execution of the objective which Government have in this regard.

Sir, with these words I again beg to move that the Bill as passed by the Council be taken into consideration.

Mr Speaker : All amendments to motions are out of order.

Dr. Ranendra Nath Sen :

Mr. Speaker, Sir, এই যে বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে এই বিল মোটামুটিভাবে আমরা সমর্থন করতে চাই। সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাই যে, অত্যন্ত দেরীতে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই বিল উপস্থিত করেছেন। তার বোধ হয় কারণ, যা ডাঃ অনাথবন্ধু রায় বলেছেন যে, ডাঃ বিধানচন্দ্র রায় বলেছেন Ayurved is Ayurved, modern science is modern science ; এটাই দেরী হবার কারণ এবং এটাই বোধ হয় এর মধ্যে নিহিত আছে। ডাঃ রায় নিশ্চয়ই আয়ুর্বেদ সম্পর্কে সুপণ্ডিত নন, আমিও সুপণ্ডিত নই, কিন্তু বহু সুপণ্ডিত ব্যক্তিদের কাছ থেকে আমরা শুনেছি, যে কথা ডাঃ রায় বলেছেন সে কথা ঠিক নয়। আমাদের Governmentর যে বিমাতাসুলভ মনোভাব সেই বিমাতাসুলভ মনোভাবের কারণই হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রী আয়ুর্বেদ সম্পর্কে অজ্ঞ এবং সেইজন্যই একটা বিরুদ্ধ মনোভাব তিনি পোষণ করে আসছেন। অথচ ডাঃ রায় কিম্বা আমাদের Government ভেবে দেখেননি এই আয়ুর্বেদ আমাদের দেশে ইংরাজ শাসনের বহু পূর্ব থেকে চলে আসছে এবং আয়ুর্বেদ, হেকিমী, ইউনানীর দ্বারা রোগ সারতো এবং এখনও সারছে। Government-র কি অভিজ্ঞতা আছে জানিনা, আমাদের যে অভিজ্ঞতা আছে তাতে আমরা দেখেছি যে, কিছু কিছু চিকিৎসা এই primitive অবস্থার মধ্যে আছে যা নাকি আজকের দিনে modern scienceও বোধ হয় develop করতে পারেনি। আমি দৃঢ়তার সঙ্গে বলছি আজকের দিনে antivenom serum প্রস্তুত হচ্ছে, কিন্তু তার বহু আগে, হাজার বৎসর আগে আমাদের দেশে কেউটে সাপের বিষ থেকে সূচিকাভরণ প্রস্তুত হয়েছিল এবং তার চিকিৎসাও হোত, এবং কিছু কিছু চিকিৎসা এখনও হয়। সুতরাং অজ্ঞতা প্রসূত হয়ে যে বিমাতাসুলভ মনোভাব আমাদের Government নিয়েছেন তাতে Government-র সম্মান বাড়েনি এবং আমাদের দেশেরও সম্মান বাড়েনি। আমরা এটা জানি যে আমাদের প্রতিবেশী রাষ্ট্র এই indigenous medicine সম্পর্কে যথেষ্ট research করে তারা বাড়াবার চেষ্টা করছেন। ডাঃ অনাথবন্ধু রায় যে বক্তৃতা দিলেন তাতে বোঝা গেল না এটা বাড়াবার চেষ্টা করা হবে কিনা। এবং যদি বাড়াবার চেষ্টা না করা যায় তাহলে শুধু একটা পরিষদ গঠন করে আয়ুর্বেদকে বাঁচান যাবে না এবং কোন উপকার দেশের লোকের হবে না। তারপরে হয়ত হাতুড়ে চিকিৎসক হয়ে গ্রামাঞ্চলে চলে যাবে এবং কিছুদিন পরে এই আয়ুর্বেদও ধ্বংসের মুখে চলে যাবে। সুতরাং এঁকে তাচ্ছিল্য করার কোন কারণ আছে বলে আমি মনে করি না। আমি যখন ছাত্র ছিলাম, ডাক্তারী পড়তাম, তখন আমি দেখেছি—যদিও আমি এ সম্পর্কে বিশেষ কিছু জানিনা—কর্ণেল চোপড়া Indian Medicine Research করে অনেক ঔষধ প্রস্তুত করেছিলেন যা আজও চলছে। তার যে দ্রব্যগুণ আছে এটা প্রত্যেক দেশের লোকই জানে। সেইজন্য আমি বলছি যে ডাঃ রায়ের এই মনোভাব অত্যন্ত লজ্জাজনক, তিনি আমাদের দেশের এত বড় একজন চিকিৎসক তিনি জানেন না যে এর ভিতর কি আছে। তারপর আমাদের দেশে যে 'নাড়ীজ্ঞান', যা নিয়ে বিদেশেও চর্চা হচ্ছে বহু জায়গায়। এমন কি চীনদেশেও আমাদের দেশের মত নাড়ীজ্ঞানের উপর ভিত্তি করে চিকিৎসা চলছে ও এই জিনিষকে বাড়াবার চেষ্টা চলছে।

[3-30—3-40 p. m.]

কিন্তু এটা সমর্থন করতে যেয়েও সমালোচনা না করে পারছি না যা মন্ত্রী মহাশয়ের ভাল করে বুঝা দরকার। প্রথম থেকেই Government Control-এর উপর এত জোর দেওয়া হয়েছে কেন? এটাও গভর্ণমেণ্ট তাঁদের কবলিত করে রাখতে চান? এই nomination-এর

ব্যাপারটা গোড়ার দিক থেকেই দেওয়া হল কেন? যদি বুঝতাম যে স্বাধীন আমলে এঁরা আয়ুর্বেদকে উন্নত করার চেষ্টা করছেন তাহলে না হয় এর একটা অর্থ হত। কিন্তু গত ১২ বৎসর ধরে এঁরা কিছুই করেননি। Nomination-এর পাল্লা এত বেশী কেন, election-এর পাল্লা এত কম কেন? হাত ছাড়া যাতে না হয় তারই জন্য এতসব ব্যবস্থা? তারপর ১০ বৎসর বা তার অধিক সময়ের practice না হলে পর কবিরাজদের registered করা হবে না, তাহলে যারা ৮।৯ বৎসর ধরে ক্রমাগত practice করে আসছেন তাঁদের সম্পর্কে কি হবে? তাঁরা কি হাতুড়ের পর্যায়ে থাকবেন? ব্রিটিশ আমলেও ভারতের কয়েকটি প্রদেশে আয়ুর্বেদ সম্পর্কে এই ব্যবস্থা করা হয়েছিল। আর স্বাধীনতা প্রাপ্তির এত বৎসর পর এঁরা ব্যবস্থা করছেন ১০ বৎসরের practice না হলে পর হবে না। আপনারা এজন্য একটা ব্যবস্থা easily করতে পারতেন, একটা পরীক্ষার ব্যবস্থাও করতে পারতেন। তারপর renewal fee এখানে renewal fee সম্পর্কে যে ব্যবস্থা করা হয়েছে তা কার্যতঃ প্রয়োগ করতে গেলে তাঁদের উপর জবরদস্তি করা হবে। একবার renewal fee হোক, ডাক্তারদের বেলায় একরকম, আর কবিরাজ মহাশয়দের বেলায় অন্য রকম ব্যবস্থা কেন? তারপর, licence সম্পর্কে ঔষধ প্রস্তুত করার licence সম্পর্কে কি হবে?—এই Government-এর খুব ভাল করে ভাবা দরকার। এ প্রসংগে আমার একটা ঘটনার কথা মনে হল অনাথবন্ধু বাবুর গোষ্ঠীতে কেউ কবিরাজ ছিলেন কিনা জানিনা—আমার প্রপিতামহ কবিরাজ ছিলেন—আমরা শুনেছি আমাদের গ্রামে একজন বড় কবিরাজ ছিলেন। একদিন এই কবিরাজ মহাশয় তাঁর একজন প্রবীণ শিষ্যকে মকরধ্বজ তৈরী করতে বলেন। তাঁকে তিনি তার উপাদান, পদ্ধতি, যাবতীয় জ্ঞাতব্য বিষয় বলেছেন, কিন্তু শেষ পর্যন্ত দেখতে পাওয়া গেল মকরধ্বজ সাদা হয়ে গিয়েছে। আমি যতটুকু জানি এটা অনুসন্ধান করার কোনরকম পদ্ধতি নাই।

এখানে তাহলে গভর্ণমেণ্ট কি করবেন? ব্যবসায়ী যদি অসৎ হয় তাহলে গভর্ণমেণ্টকে ভাবতে হবে এ বিষয়ে কি করা যায়। অর্থাৎ সাদা মকরধ্বজকে যদি রঙ করে দেয় তাহলে সেটা ধরার ব্যবস্থা গভর্ণমেণ্টকে রাখতে হবে। এখানে শুধু বললে হবে না যে লাইসেন্স করতে হবে। ইন্সপেকসান করতে হবে ওটা সম্বন্ধেও ভাবতে হবে। সুতরাং এটা আমি গভর্ণমেণ্টের দৃষ্টিতে আনছি যে এটা অত্যন্ত গুরুতর ব্যাপার নচেৎ ভেজাল ঢুকবে।

তারপর গভর্ণমেণ্ট একটা ব্যবস্থা করতে যাচ্ছেন যে যামিনীভূষণ অষ্টাঙ্গ আয়ুর্বেদ কলেজকে একটা কলেজ এবং পোস্ট গ্রাজুয়েট ট্রেনিং-এর জন্য রাখা হবে এবং বৈদ্যশাস্ত্র পীঠে রিসার্চ করা হবে। কিন্তু এই শ্যামাদাস বৈদ্যশাস্ত্র পীঠ সম্বন্ধে কয়েকটা গুরুতর অভিযোগ শুনেছি। সুতরাং এটা হাতে নেবার আগে সে সম্পর্কে গভর্ণমেণ্টকে অবহিত হতে হবে। এই প্রসঙ্গে বলব ১৯৫১ কি ১৯৫২ সালের যে আয়ুর্বেদ ফ্যাকাল্টি সেই ফ্যাকাল্টির ২ জন সদস্য ফ্যাকাল্টি দ্বারা আহুত হয়ে ঐ বৈদ্যশাস্ত্র পীঠ ইন্সপেকসান করতে গেলেন। তাঁরা হলেন কবিরাজ সত্যব্রত সেন এবং কবিরাজ বিনয়ভূষণ রায় যিনি অষ্টাঙ্গ আয়ুর্বেদ কলেজের সুপারিণ্টেণ্ডেণ্ট। তাঁরা সেখানে গিয়ে দেখেছেন যে সেই বৈদ্যশাস্ত্র পীঠ একটি ব্যক্তিগত ব্যবসায়ের স্থান। এই কথা তাঁরা তাঁদের রিপোর্টে তদানীন্তন ফ্যাকাল্টির সামনে উপস্থিত করেন এবং বলেন যে জনৈক কবিরাজ যিনি এর সঙ্গে যুক্ত ছিলেন এবং আছেন তিনি তাঁর ব্যক্তিগত কবিরাজখানা থেকে ঔষধ সেখানে দেন এবং তারজন্য হাসপাতাল থেকে তাঁকে দাম দেওয়া হয়। এই রিপোর্ট সত্য রিপোর্ট এবং এঁদের মধ্যে একজন বর্তমানে জীবিত আছেন। কর্পোরেশান থেকে তাঁদের যে গ্রাণ্ট দেওয়া হয় সেই গ্রাণ্ট কেটে দেওয়া হয়। অর্থাৎ তাঁরা একটা স্বতন্ত্র তদন্ত করে সেই গ্রাণ্ট কেটে দেন। এ ছাড়া ভারত গভর্ণমেণ্ট এবং পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে এত লোক আমরা লাগিয়েছি, এই রিসার্চ করছি ইত্যাদি দেখিয়ে তাঁরা টাকা নেন। কিন্তু এখানে কোন রিসার্চ হয়না এবং যেসব লোক

সেখানে কাজ করে না সেসব লোকের নাম করে অন্য লোক দিয়ে সই করিয়ে টাকা নেওয়া হয়। আমি এখানে কয়েকটা ফটোস্টাট কপি উপস্থিত করছি। এই কপিগুলি দেখলে পরিষ্কার বোঝা যাবে যে এখানে কি রকম দুর্নীতি চলছে। কয়েকটা মাসের কর্মচারীদের নাম, বেতন, উপস্থিতি, অনুপস্থিতি ইত্যাদি সেখানকার পে-বুক, রেজিস্টার ইত্যাদি আছে তাতে পরিষ্কার দেখা যায় যে ১০ জন ব্যক্তির নাম আছে এবং তাঁরা সই করে নিচ্ছেন। কিন্তু আসলে ৩ জন মাত্র সই করে নেন, আর বাকী ৭ জনের কোন অস্তিত্ব নেই। আবার এই ৭ জনের মধ্যে ২ জনের অস্তিত্ব থাকে, কখনও তাও থাকে না। এই সইগুলি মিলিয়ে দেখছি যে ৩টা সই তিন রকমের। বিজয়কালী ভট্টাচার্য, অমূল্যচরণ সেন, জয়নারায়ণ সেন—এই ৩ জন ছাড়া বাকী ৭ জনের নামের সই যে সই তা এক এক মাসে এক এক রকমের। এইভাবে গভর্ণমেণ্টের কাছ থেকে তাঁরা টাকা নিচ্ছেন।

[3-40—3-50 p.m.]

পুলিশ মিনিস্টার যখন এই হাউসে বসে আছেন তখন আমি তাঁকে বলব এই জিনিস যখন সেখানে ঘটছে তখন তিনি পুলিশ পাঠিয়ে এইসব রেকর্ড সিজ্ করুন এবং তারপর সেগুলো আমার এই রেকর্ড-এর সঙ্গে মিলিয়ে দেখুন যে এসব কথা ঠিক কিনা। সেই রেকর্ড হচ্ছে যে, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এবং ষ্টেট গভর্ণমেণ্টের কাছ থেকে গ্রাণ্ট হিসেবে তাঁরা বিভিন্ন খাতে যে টাকা পান তার মধ্যে একটি হচ্ছে রিসার্চ। কিন্তু যদি খোঁজ করে দেখেন তাহলে দেখবেন যে, সেখানে কোন রকম রিসার্চ করা হয়না। তারপর, হাসপাতাল বলে একটা খাত আছে এবং তাতে এত বেড, এত রোগী প্রভৃতি বলা আছে। কিন্তু সেখানেও যদি খোঁজ নেন তাহলে দেখবেন যে মাঝে মাঝে রোগী ভর্তি করা হয় আবার কখনও তা করা হয়না। এছাড়া সেখানকার যে সমস্ত কর্মচারীদের নামে টাকা ড্র করা হয় তার মধ্যে বেশীর ভাগ লোকেরই কোন অস্তিত্ব নেই এবং যার ফলে অন্য লোকের দ্বারা সহি করিয়ে টাকা নিয়ে নেয়। আমার এ কথার সত্যতা যদি প্রমাণ করতে চান তাহলে সেখানে গিয়ে ঐ সহিগুলো দেখুন এবং তা' দেখলেই বুঝতে পারবেন যে এক এক মাসে এক এক রকম সহি রয়েছে। কাজেই আজ আমি অত্যন্ত জোরের সঙ্গেই বলছি যে, এখনই পুলিশ দিয়ে রেকর্ড সিজ্ করিয়ে এইসব বিষয় ভালভাবে তদন্ত করুন। তবে তা যদি না করেন তাহলে বুঝব যে এর ভিতর গভর্ণমেণ্টেরও কারসাজী রয়েছে। স্যার, বিগত কয়েক বছর ধরে যখন এই জিনিস চলছে তখন আমার বক্তব্য হোল যে, আয়ুর্বেদের এই সমস্ত কয়াপসন-এর রুট আউট যদি করতে হয় তাহলে গভর্ণমেণ্টকে বিশেষভাবে সচেতন হতে হবে কেননা তা না হলে সব নষ্ট হয়ে যাবে। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Subodh Banerjee :

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এখানে "আয়ুর্বেদিক সিস্টেম অব মেডিসিন বিল" নামে যে বিলটি আনা হয়েছে তার প্রেম্বেল-এ আয়ুর্বেদ প্রথায় চিকিৎসার উন্নতি প্রভৃতি অনেক ভাল ভাল উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে বলে বলা হয়েছে, কিন্তু আপনি যদি লক্ষ্য করেন তাহলে এই মূল উদ্দেশ্য বিলের ভেতরে কোথায়ও দেখতে পাবেন না। বরং এখন যেটা মুখ্য উদ্দেশ্য দাঁড়িয়েছে সেটা হলো একটি আয়ুর্বেদ পরিষদ গঠন ছাড়া আর কিছুই নয়। কিন্তু স্যার, আমি বুঝতে পারছি না যে, একটি পরিষদ গঠন করবার জন্য সরকারের এত উৎসাহ কেন? তবে অবশ্য শুনেছি যে আমাদের এক বন্ধুবর এবং যিনি একজন কবিরাজ তাঁকে প্রেসিডেণ্ট করবার জন্যই এটা করা হচ্ছে। তবে তিনি ভাল এবং একজন উপযুক্ত লোক কিনা তা' অবশ্য জানিনা তবে এতে তাঁর যে কিছু কাজ হবে সেটা বুঝতে পারছি। যা' হোক, মূল উদ্দেশ্য বিলের

কোথায়ও না দেখলেও এই বিলে প্রায় ৪৫টির মত ধারা দেখছি এবং যার একটি ধারায় আয়ুর্বেদের উন্নতিকল্পে সরকার কি কি করবেন তা বলতে গিয়ে বলেছেন যে, একটি টোল প্রতিষ্ঠা করবেন, একটি ছোট আয়ুর্বেদিক কলেজ প্রতিষ্ঠা করবেন, একটি আয়ুর্বেদিক ফার্মাসিউটিক্যাল ডিপার্টমেন্ট প্রতিষ্ঠা করবার ক্ষমতা থাকবে এবং এই রকম আরও ৪।৫টি বিষয় এর মধ্যে রয়েছে। তবে ক্ষমতা থাকলেও সরকার এসব কাজ করবেন কিনা জানি না, কেন না, তা না হলে এই বিল আসার আগে এমন কি প্রতিবন্ধকতা ছিল যার জন্য এ কাজ তাঁরা করতে পারেন নি? আমরা তো কোথায়ও দেখিনি যে, আইন না করলে টোল, আয়ুর্বেদিক রিসার্চ ইনষ্টিটিউট বা আয়ুর্বেদিক কলেজ প্রতিষ্ঠা করা যায় না। বরং আমার বিশ্বাস যে আইন না করেও এগুলো করা যায় এবং তার প্রমাণ হিসেবে আমি মেডিকেল কলেজ, আর. জি কর কলেজ এবং ন্যাশনাল মেডিকেল ইনষ্টিটিউট-এর নাম করে দেখাতে পারি যে, এগুলো আইন করার আগেই প্রতিষ্ঠিত হয়েছিল। কাজেই দেখা যাচ্ছে যে, এসব কাজ করবার জন্য আইন করার কোন প্রয়োজনীয়তা নেই। যা হোক, এতদিন পর্যন্ত এই আয়ুর্বেদের উন্নতিবিধান না করার কি কারণ ছিল তা জানতে চাই এবং সঙ্গে সঙ্গে এটাও জানতে চাই যে, আইন থাকলেই যে এগুলো প্রতিষ্ঠা করবেন তার নিশ্চয়তা কোথায়?

সুতরাং ওসব কিছু নয়। আপনারা আয়ুর্বেদকে উন্নত করতে চান, আয়ুর্বেদকে ভাল করতে চান এই রকম একটা ধাপ্পা দেবার জন্য, জনসাধারণের কাছে এই রকম কথা বলবার জন্য এই ৯ ধারাটা দিয়েছেন। বিলের মধ্যে দেখলাম পরিষদ কি করবে সেই নিয়ে মাথাব্যাথা। পরিষদের হাত, পা কেটে তাকে একটা ঠুঁটো জগন্নাথ তৈরি করেছেন, তার উপর সম্পূর্ণ কর্তৃক থাকবে এই পশ্চিমবংগ সরকারের। এর অর্থটা কি? কেন এ কথা বলছেন? আমি মনে করি Ayurvedic system-কে experimental truth-এর মাপ খান দিয়ে আয়ত্ব করার জন্য, প্রতিষ্ঠা করার জন্য, এটা বিজ্ঞান সম্মত কিনা তা জানবার জন্য এর research-এর দরকার আছে। তবে এটুকু আমরা মনে করি যে indigenous medicine হোক, যে কোন medicine system হোক না কেন এ্যালোপ্যাথিক হোক, হোমিওপ্যাথিক হোক সেই total pharmacology'র একটা জায়গা থাকা দরকার যেখানে centralised research-এর ব্যবস্থা থাকবে। সমস্ত জিনিসগুলি excavate করা দরকার, research করা দরকার। সেই centralised research-এর কোন provision এখানে কোথাও নেই। centralised system-এর সঙ্গে অন্যান্য system-এর link up করা দরকার। এগুলি আইনের মধ্যে আছে? আজকে বিজ্ঞানের যুগে আয়ুর্বেদকে water tight compartment-এর মধ্যে নিয়ে রাখলে কেমন করে চলবে? Physics, Chemistry-র সঙ্গে higher Mathematics-এর মিল রয়েছে এটা সকলেই জানেন। আয়ুর্বেদিক সিষ্টেম বলুন, হোমিওপ্যাথি এ্যালোপ্যাথিই বলুন এগুলি water-tight compartment-এর মধ্যে থাকবে না, এগুলি link up করার দরকার আছে, একটা জায়গায় সমস্ত medical science-কে guide করা দরকার। গাইড করার প্রতিষ্ঠান এখানে কোথাও দেখছি না। আয়ুর্বেদিক সিষ্টেমকে উন্নীত করার জন্য সৎ প্রচেষ্টার কোন লক্ষণ এখানে নেই। দ্বিতীয় জিনিস ওরা বলছেন যে আয়ুর্বেদের ঔষধপত্র সম্বন্ধে লাইসেন্স করবেন। আমাদের এ্যালোপ্যাথি ঔষধ সম্বন্ধে লাইসেন্স আছে। লাইসেন্স থাকলেই কি এডাল্টারেশান বন্ধ হয়েছে? জিজ্ঞাসা করি এরারুট গোলার এ্যামপিউলকে কুইনাইনের এ্যামপিউল বলে চালান হচ্ছে না? বেই জিনিস বলে যাতে জিনিস চলছে না? আপনাদের কি জানা নেই যে অসংখ্য এডাল্টারেটেড ঔষধ চলছে যার ফলে মানুষ মারা যাচ্ছে? এগুলি বন্ধ করতে পারেন না লাইসেন্স দেওয়া সত্ত্বেও। আয়ুর্বেদ সম্বন্ধে আমার কিঞ্চিৎ পরিচয় আছে। একটা আয়ুর্বেদিক প্রতিষ্ঠানের কর্মচারী ও শ্রমিক সংঘের প্রেসিডেন্ট হিসাবে আমি ছিলাম যার শাখা ভারতবর্ষ এবং ভারতবর্ষের বাইরে আছে। কি জিনিস দিয়ে এযে তৈরি করে তা বলার নয়। মুক্তা ভস্ম বলে দামী জিনিস বিক্রি হয়। নানা জায়গা থেকে শামুক কুড়িয়ে নিয়ে এসে

মুক্তা ভস্ম বলে চালান হচ্ছে। বৃহৎ ছাগলাদ্য ঘৃত বলুন আর যে কোন ঘৃত বলুন সমস্তগুলিকে বলা হচ্ছে যেই গব্য ঘৃতের তৈরি। চোখের উপর দেখতে পাচ্ছি বেলুন মার্কা ডালডা বনস্পতি দিয়ে তৈরি হচ্ছে—কর্মচারীরা-এর প্রতিবাদ করেছিলেন বলে এন ব্লক কর্মচারী ছাঁটাই হয়ে চলে গেল। এইমাত্র একজন বন্ধু ঠাট্টা করে বললেন যে বৃহৎ অট্টালিকা চূর্ণ। আমার কাছে এই রকম সংবাদ আছে যে অট্টালিকা চূর্ণকে ওষুধ বলে চালিয়ে দিচ্ছে। সেজন্য আমার প্রশ্ন হচ্ছে এগুলি আপনারা বন্ধ করেছেন? আপনারা কি লাইসেন্স করলে বন্ধ করতে পারবেন?

[3-50—4 p. m.]

তারপরে কি হবে—৪২০-র কেস হবে? লেবেলে থাকবে এক পোটেন্সি, ডেসক্রিপসনে এক, আর শিশি বা কৌটার মধ্যে তা যদি না থাকে তাহলে কেস করবেন ৪২০-র। আর তার সাজা কি হবে তা চোখের উপর প্রমাণ রয়েছে। নিউ মার্কেটের কেস ১০ হাজার বোতল হর'লকস সে ব্ল্যাক করলো তার কোর্ট থেকে ফাইন হল ১০ টাকা। এতে কি চোরাকারবারী বা ভেজাল বন্ধ হবে, না এতে তারা আরো উৎসাহিত হবে, বলবে ১০ হাজার বোতল চোরাকারবার করে আমি ১০ লক্ষ টাকা লাভ করে নিলাম, আর তার ফলে ১০ টাকা যদি জরিমানা হয় তাতে কি আসে যায়। সুতরাং এর দ্বারা কি ম্যাডালটারেসন বন্ধ হবে? কাজেই গোটা সিষ্টেমটাই গলদ থেকে গেছে। আপনাদের হাতে পড়ে হ্যালোপাথী গেছে, হোমিওপাথীর যাবার অবস্থা হয়েছে, আবার আপনাদের হাতে পড়ে কবিরাজী সিষ্টেমের কি অবস্থা হবে তা জানি না। অবশ্য আমি একথা বলছি না যে এটাকে দেখার দরকার নেই, এটাকে দেখা দরকার কিন্তু এ ব্যাপারে যে গুরুত্ব দেওয়া দরকার তা আপনারা করছেন না। শুধু কন্ট্রোল করবো। যেখানে আপনারা হাত দিয়েছেন ঐ একই উদ্দেশ্যে হাত দিয়েছেন।—স্পোর্টস-এ হাত দিলেন স্পোর্টস-এর উন্নতির জন্য কিন্তু সেখানে আপনাদের উদ্দেশ্য স্পোর্টস বডিগুলিকে কব্জা করবেন, নিজেদের দলের লোক পুরে দেবেন, আর যত ভাল ভাল খেলা, টেষ্ট ম্যাচ তার কমপ্লিমেন্টারী টিকিট সব মন্ত্রীরা আর বড় বড় অফিসারেরা নেবেন, এই জিনিস হচ্ছে। আয়ুর্বেদের উন্নতির জন্য সে রকম কোন প্রভিসন এই বিলের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না, কেবল এই পরিষদকে কি করে আয়ত্ত করা যায়! কি করে একে কব্জার মধ্যে এনে নিজেদের লোক দিয়ে কন্ট্রোল করা যেতে পারে সেই ব্যবস্থাই করেছেন। বলতে পারেন কোথায় আপনারা দেশটাকে নিয়ে যাচ্ছেন? এইভাবে এক এক কলমের খোঁচা দিয়ে দেবেন যে ১০ বছরের প্র্যাকটিস যাঁদের নেই তাঁরা সেখানে প্র্যাকটিস করতে পারবেন না। আমি জিজ্ঞাসা করি কি অধিকার আপনাদের আছে এ কথা বলার? যদি একথা বলতেন যে এফিসিয়েন্ট এবং একসপিরিয়েন্সড আয়ুর্বেদিক টিচার দিয়ে একজামিন করাবেন প্রত্যেকটা লোককে, তাতে এক বছরের অভিজ্ঞতা থাক বা যে ক' বছরেরই অভিজ্ঞতা থাক. সেই টেষ্টে যদি পাশ করেন তাহলে দেবেন তা হলে না হয় বুঝতাম। তা না করে ৯ বছর, ৯॥ বছর, ৯ বছর ১১ মাস সে লোকটা চিকিৎসা করে গেল হয়ত তাঁর ঐ রকম কোন উপাধি নেই, তিনি চিকিৎসা করতে পারবেন না, বেকার হয়ে চলে যাবেন? বড় বড় ডাক্তারবাবুরা বলতে পারেন যে এরা হাতুড়ে ডাক্তার, ইণ্ডিজিনিয়াস মেডেশিনের কারবার করে এঁরা দেশের লোককে মেরে ফেলবেন কিন্তু আমি জানি স্পীকার মহাশয়, আপনি সুন্দরবন অঞ্চলে যান দেখবেন এই সমস্ত লোক গুলোই সেখানকার মানুষগুলোকে বাঁচিয়ে রাখছেন। মানুষ মারার কথা যদি বলেন তাহলে আমি বলবো অনেক বড় বড় ডাক্তারেরাও মানুষ মারেন, মেরে বলেন আমাদের হাত নয়, এ ভগবানের হাত। বিজ্ঞানের ছাত্র, কি জানে যাঁরা বিশ্বাস করেন তাঁরাও বিপদে পড়ে বলেন বাঁচা মরা ভগবানের হাত সুতরাং এগুলি এক্সপেরিমেন্টেল ছাড়া আর কিছুই নয়। আমি বলছি আয়ুর্বেদের উন্নতি করা দরকার, এতে

কোঅর্ডিনেসন দরকার এবং সত্যিকারের রিসার্চের ব্যবস্থা করা প্রয়োজন সমস্ত মেডিসিনাল সিষ্টেম য়্যালোপাথী, হোমিওপাথী কবিরাজী এগুলিকে কো-অর্ডিনেট করে লিংক-আপ করার ব্যবস্থা করা এবং পেট্রোনেজ দেওয়া প্রয়োজন যাতে করে ইণ্ডিজিনিয়াস সিষ্টেম ডেভেলপ করতে পারে এই সমস্ত ব্যবস্থা করা প্রয়োজন এবং সাথেসাথে সমস্ত জায়গায় একটা সিষ্টেমে টাইপড এডুকেশান যাতে হয় তারও ব্যবস্থা করা দরকার কিন্তু সে রকম কোন প্রচেষ্টা আমরা দেখছিনা। সেদিক থেকে আমি মনে করি এই ধরণের একটা বিল নিয়ে আসার মূল উদ্দেশ্য পরিষদ গঠন করে নিজেদের দলের লোকের মাধ্যমে দিয়ে আয়ুর্বেদ চিকিৎসকদের উপর কর্তৃত্ব এবং কণ্ট্রোল স্থাপন করা ছাড়া আর কিছুই নয়।

Dr. Pabitra Mohon Roy :

মাননীয় স্পীকার মহাশয়, এই পশ্চিমবঙ্গ আয়ুর্বেদ সিষ্টেম অব মেডিসিন বিল বা অত্যন্ত তাড়াহুড়া করে ১২ই নভেম্বরের গেজেটে প্রকাশিত হয় এবং কাউন্সিলের ভেতর দিয়ে পাস করিয়ে আনা হয়েছে। এই বিলটা খুব দরকার একথা মন্ত্রী মহাশয় মনে রাখতে বলেছেন। আমি এই বিলকে সার্কুলেসনে দিতে চেয়েছিলাম। আমার এই বিলকে সার্কুলেসনে দেবার উদ্দেশ্য এই নয়—যে এই বিলকে বাধা দিতে চাই বা বিলম্বিত করতে চাই। আমি সার্কুলেসনে দিতে চেয়েছিলাম এইজন্য—যে এটা একটা পূর্ণাঙ্গ বিলরূপে আসুক এবং এটাই আমরা চেয়েছিলাম। কিন্তু এই বিলটি একটি পূর্ণাঙ্গ বিলরূপে আমাদের সামনে আসেনি। তারজন্যই আমি সার্কুলেসন মোশান দিয়েছিলাম।

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি আসবার পেছনে যে ইতিহাস আছে, সেটা প্রথমে একটু আলোচনা করা প্রয়োজন। ১৯২১ সালে তদানীন্তন বাংলাদেশের সরকার কবিরাজ মহাশয়দেরও অন্যান্য প্রচেষ্টা—তার Development work of the system o medicine. এই সবের সুবিধার জন্য একটি কমিটি গঠন করেন। আমরা দেখতে পাই ১৯২৫ সালে সেই কমিটি একটি রিপোর্ট দেন। তাতে তাঁরা recommend করেন—Central Ayurvedic College and Hospital, a General Ayurvedic Council, a State Faculty of Ayurvedic Medicine.

এইসব ব্যাপারে যা চিরকাল হয়ে থাকে, তাই হলো, এই কমিটির রিপোর্টও—financial stringency যে কথা গভর্ণমেণ্ট চিরকাল বলে থাকেন—সেই একই অজুহাতে আর কার্যকরী হয় নাই। ১৯২৫ সালের এ ব্যাপার। তারপর এই নিয়ে আর আলোচনা হয় নাই। তারপরে স্বাধীনতা লাভের পর ১৯৪৮ সালে Major General A. C. Chatterjee, Director of Health Services, আমরা সেই সময় দেখলাম, তাঁর সঙ্গে কবিরাজ মহাশয়দের এ নিয়ে আলোচনা হলো। সেই আলোচনায় State Ayurvedic College and Hospital and Research Institute গঠন করবার জন্য ঠিক হলো—আর যে তিনটা existing College and Hospital রয়েছে, সেগুলি নিয়ে নেবার জন্য নূতন করে আবার প্রশ্নটা উঠলো। তাতে ৩০ লক্ষ টাকা খরচ হবে। তারপর দেখি সে স্কীমটাও want of fund বলে চাপা পড়ে যায়। আমাদের বর্তমান Director of Health Services-এর Lieutenent Colonel D. N. Chakraborty গত ১৯৫৭ সালে কবিরাজদের representativeদের সঙ্গে কথা বলার পর তাঁদের ভরসা দেন যে Ayurvedic College and Hospital ইত্যাদি করা হবে। মন্ত্রী মহাশয় বললেন, আইন আয়ুর্বেদ কলেজ, শ্যামাদাস বিদ্যাপীঠ ইত্যাদি নিয়ে নেবেন। মন্ত্রী মহাশয় যে কথা বললেন—সেই সময় ডাঃ চক্রবর্তী, Director of Health Services তাঁদের promise করেন।

সেই উপলক্ষ্য করে আজ ৩ বছর লেগেছে আমাদের হাউসের সামনে সেটা নিয়ে আসবার জন্য। কাজেই আমি বলবো খুব তাড়াহুড়া করে এটা আনা হয়েছে তা নয়।

আমি বলবো ভারতবর্ষের মাটিতেই আয়ুর্বেদের জন্ম। ভারতবর্ষের সাধারণ লোকের জীবনের সঙ্গে বিশেষ করে বাংলাদেশের সাধারণ লোকের সঙ্গে এর যোগসূত্র রয়েছে। সেইজন্য আয়ুর্বেদ শাস্ত্রসম্মত ঔষধ এবং তার ব্যবহার নিশ্চয়ই আমি সমর্থন করি। কিন্তু কোন ক্ষেত্রে এটা স্বাভাবিক অবস্থায় হলো? বর্তমান যুগোপযোগী শিক্ষা, বর্তমান বৈজ্ঞানিক পদ্ধতি যেভাবে চলছে, সেইভাবে যদি ঔষধ ইত্যাদি তৈরী না হয়, সেইভাবে যদি শিক্ষা না দেওয়া হয়, যদি বর্তমান যুগের মত Western Science of Medicine যেটা Allopathic system of medicine তাকে যে basis-এ শিক্ষা দেওয়া হয়, যেমন pathology শিখতে হবে, anatomy শিখতে হবে, physiology শিখতে হবে, তেমনি যদি এই আয়ুর্বেদে এইসব শিক্ষা না দেওয়া হয়, তাহলে আধুনিক medicine সম্বন্ধে কি change হলো কি না হলো কিছুই জানা যাবে না। কাজেই আমি মনে করি সেইভাবে শিক্ষা দেওয়ার ব্যবস্থাও এর মধ্যে থাকা উচিত। এই বিলের provision-এ সেইভাবে ব্যবস্থা করা উচিত। তাতে শিক্ষার মান উন্নত হয়। এই anatomy, physiology থেকে সমস্ত শিখে তারপর ছেলেরা medicine শিখতে আসবে। যেভাবে এলোপ্যাথি, যে লাইনে western system of medicine আমরা ব্যবহার করে থাকি, ওটাও সেইভাবে করতে পারবো। তা না হলে যথাযথভাবে এই Ayurvedic system of medicine তাঁরা আয়ত্ত করতে পারবেন না। তাই আমার মনে হয় এই বিল will not serve that purpose. এই আয়ুর্বেদ বাংলাদেশের মানুষের কাছে পরিচিত, এর বিজ্ঞান অতি পুরাতন ও পরিচিত।

[4—4-10 p.m.]

কিন্তু আমরা পরিচিত হলেও এর কোন standard আছে কিনা, সেটা আমাদের জানা দরকার। ওষুধ কি ভাবে তৈরী হবে এবং তার standard কি হবে, সেটা যেমন আমাদের জানা নেই, তেমনি এই বিলেও এ রকম কোন ব্যবস্থা নেই যাতে standard medicine তৈরী হতে পারে। এই standard medicine তৈরী করতে হলে pharmacopoeia দরকার। British Pharmacopoeia-র উপর নির্ভর করে এখানকার ডাক্তাররা চলেন। এই British Pharmacopoeia-র উপর base করে আমাদের দেশে medicine প্রস্তুত হয়, এবং British Pharmacopoeia-তে যে allopathic system of medicine আছে, সেই অনুসারে আমাদের এখানকার pharmacy-গুলিতে ওষুধ তৈরী হয়ে থাকে। কিন্তু এর কোন pharmocopoeia নেই। সুতরাং কোন্ standard-এর উপর নির্ভর বা ভিত্তি করে ওষুধ প্রস্তুত করবেন সেইজন্য এই বিলে একটা provision রাখা উচিত। এ সম্বন্ধে একটা কাউন্সিল বা কমিটি গঠন করে এবং তাদের পরামর্শ অনুসারে একটা pharmacopoeia করে, তারপর ওষুধ তৈরীর ব্যবস্থা করতে হবে। বর্তমানে আমরা দেখতে পাই বিভিন্ন ধরণের ছোট, বড় অনেক ব্যবসাদার আছেন, যাঁরা ওষুধ তৈরী করেন, আবার কবিরাজ মহাশয়রাও নিজের ঘরে বসে ওষুধ তৈরী করে থাকেন। কিন্তু কোথাও তার কোন একটা standard নেই, যে যে-ভাবে ইচ্ছে করে যাচ্ছেন। সুতরাং সমস্ত দিক ভেবে চিন্তে এমন একটা standard pharmocopoeia করুন যে pharmocopoeia-র উপর ভিত্তি করে সমস্ত প্রকার ওষুধ প্রস্তুত করা যাবে।

তারপর আমরা দেখতে পাচ্ছি practitioner-দের নাম registration সম্পর্কে একটা ব্যবস্থা এই আইনের মধ্যে রাখা হয়েছে। এখানে রেজিষ্ট্রেশনের ব্যাপারে যে ধারা আছে,

তাতে renewal of registration-এর ব্যবস্থা রাখছেন। তারপর দেখছি এ সম্পর্কে ১৯২৫ সালের একটা কমিটি বসেছিল এবং তাদের যে রিপোর্ট, সেটা failure হয়েছে। সেটা আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই—এই কমিটির রিপোর্টে renewal system-এর কথা উল্লেখ আছে, এবং সেই অনুসারে Registerd Practitioners-দের ভোটে যদি আয়ুর্বেদ পরিষদ গঠন হয়, তাহলে সেখানে কিছু সংখ্যক সদস্য নিয়ে তা করা যেতে পারে।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—Calcutta University-র registered graduate-এর বেলায় যা হয়, যে বছর election হবে, সেই বছর ভোটারের সংখ্যা বাড়ান। যেমন registered graduate-এর সংখ্যা বৃদ্ধি পাবে, ঠিক সেইরকম এখানে interest-ও হবে, তাদের সেখানে স্থান হবে। তা না হলে কেউ রেজিষ্ট্রেশন নেবেন না, কেউ প্রতি বছর লাইসেনস্ রিনিউ করবেন না। চার বছরের শেষ বছর যখন রিনিউ করবার সময় আসবে, সেই সময় করবেন।

যদি পরিষদকে একটা শুধু ভোটের মধ্যে আনতে চান তাহলে তাই করুন। কিন্তু ইণ্ডিয়ান মেডিকেল কাউনসিল এখনও রেজিষ্ট্রেশন রিনিউয়ালের কোন ব্যবস্থা করেন নি। ডাঃ রায় জানেন ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল সে কথা বারবার ভেবেছেন। কিন্তু allopathic system of medicine-এর ডাক্তারদের মধ্যে renewal system নেই। সুতরাং বাংলাদেশের কবিরাজদের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয়, সেখানে renewal system করলে আমরা failure হবো। তাছাড়া আমরা আরও অসুবিধায় পড়বো। আমি আর একটা পয়েন্টের উপর জোর দিচ্ছি। আইনের যে ধারায় আপনি পরিষদ গঠন করতে গিয়ে সবাইকে রেখেছেন, সেখানে manufacturers-দের কোন স্থান দেন নি। Manufacturer-দের রাখার প্রয়োজন আছে বলে আমি মনে করি। যেহেতু আমাদের ওষুধএর কোন standard নেই, যেহেতু আমাদের pharmacopoeia নেই, সেইহেতু পরিষদে যারা আছেন তাদের সঙ্গে manufacturer-দের সঙ্গে যদি একটা যোগাযোগ থাকে তাহলে পরিষদকে হয়ত কিছুটা কার্যকরী করতে পারবেন। সুতরাং এই বিলে যদি manufacturer-দের রাখবার কথা না থাকে, তাহলে কাজে অসুবিধা হবে। আমি এই বিলের মধ্যে একটা ধারায় manufacturer-দের নেবার জন্য প্রস্তাব রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় যদি এটা গ্রহণ করেন তাহলে এখানে খানিকটা সংশোধন হতে পারে।

বর্তমানে বিজ্ঞানের যুগে কোন জায়গায় এরকম অবস্থা চলতে পারে না সাহিত্যে চলতে পারে। বিংশ শতাব্দীর শেষ যুগে দাঁড়িয়ে বিজ্ঞানে এ জিনিস চলতে পারে না। বিলে যাতে বিজ্ঞান সম্মত ব্যবস্থা করে এটাকে যুগোপযোগী করতে পারেন সেজন্য বিলটাকে circulation-এ দেবার জন্য বলেছি—যাতে বিলটা আরও উন্নত ধরণের হয়।

Shri Sudhir Chandra Roy Choudhuri :

স্পীকার মহাশয়, যদিও এ বিলটিতে বহু ত্রুটি-বিচ্যুতি রয়েছে তাহলেও আমি circulation-এর পক্ষে নই, কেননা আর এ নিয়ে দেরী করা উচিত হবেনা। বহু আন্দোলনের পর আজকে আয়ুর্বেদিক recognition দেওয়া সম্ভব হয়েছে। ডাঃ বিধানচন্দ্র রায়ের রাজত্বে, এ জিনিষ সম্ভব হবে বলে ভাবিনি। ডাক্তার মাথার উপর থাকায় আয়ুর্বেদ এতদিন recognition পায় নাই। আজ যখন এটা recognition-এর অবস্থায় এসে দাঁড়িয়েছে আমার মতে আর দেরী করা কোনমতেই উচিত নয়। এ বিলে এটা পরিষ্কার দেখতে পাচ্ছি যে সরকার এই প্রতিষ্ঠানকে নিজের মুঠোয় রাখতে চান। কেন, এটা কবিরাজদের হাতেই ছেড়ে দেননা, যাদের এ ব্যাপারে জ্ঞান আছে। কবিরাজদের হাতে ছেড়ে দিলে সরকারী সাহায্য পেয়ে তাঁরা নিজেদের উন্নতি সাধন করতে পারেন। ডাক্তাররা মাথার

উপর চেপে বসে থাকলে এটা কোনদিন বিস্তৃতি লাভ করতে পারবেনা এই আমার ধারণা। President to be nominated by the state government. কেন, কবিরাজদের একজনকে president করতে পারলেন না? তারপর seven members nominated by the state government of whom three shall be registered ayurvedic practitioners. তারমানে ৪জন ডাক্তার তার মধ্যে একজন মন্ত্রী কিংবা কোন মোক্তারও হতে পারে এর কারণ কি? কেন গভর্ণমেণ্ট এত nominated member-দের ব্যবস্থা করেছেন। এর মধ্যের আরও আশ্চর্যের বিষয় দেখছি one member nominated by the Vice-chancellor of the Calcutta University. Calcutta University-র Vice-chancellor একজনকে পাঠাবেন—'মাথায় কিছু নাই' তিনি একজনকে পাঠাবেন প্রতিষ্ঠানের মধ্যে—আর তিনি কর্তা-ব্যক্তি হয়ে বসে থাকবেন, এর অর্থ কি? একটা মানে থাকা চাইত? তাছাড়া ডাক্তারবাবুদের তো অনেক ক্ষমতা আছে আর এদের recognition দিয়েছেন মাত্র তিনটি ব্যাপারে তাছাড়া বিশেষ কিছু ক্ষমতা দিচ্ছেন না,—অবশ্য সামান্য কিছু দিয়েছেন death certificate fitness certificate এবং সাক্ষী দিতে পারবে। ডাক্তারদের যে সমস্ত ক্ষমতা আছে, অধিকার আছে সেই সমস্ত ক্ষমতা এবং অধিকার দিচ্ছেন না কেন? আমি মনে করি সংশোধনীর মধ্য দিয়ে বিলটিকে উন্নত করার চেষ্টা করবেন, এ বিলকে আমি ফেলে রাখার পক্ষপাতী নই। এটা বহুদিনের আশার জিনিস যত তাড়াতাড়ি হয় ততই মঙ্গল।

Shri Jatindra Chandra Chakravorty:

[4-10—4-20 p.m.]

মাননীয় সুধীরবাবু যে কথা বলেছেন সেটা আমিও মনে করি, কিছুটা সমর্থনও করি। এ বিল অনেক আন্দোলনের ফলে এসেছে। এতদিন পর্যন্ত সরকার কিছু করেনি আজ যখন কিছু করতে শুরু করেছেন তখন এটাকে স্বাগত জানাই। কিন্তু এ বিলের মধ্যে কতকগুলি ত্রুটি রয়েছে। সেই ত্রুটিগুলি দূর করা দরকার এবং তারই জন্য এই সংশোধনী প্রস্তাব দিয়েছি। এতদিন পরে বাংলাদেশের পশ্চিমবঙ্গ সরকারের চৈতন্য হয়েছে আয়ুর্বেদ সম্বন্ধে কিছু করার—তাতে আমাদের খুশী হওয়া উচিত।

Sir, কারণ এই আয়ুর্বেদ চিকিৎসা পদ্ধতি আমাদের ভারতবর্ষের পুরাণো চিকিৎসা পদ্ধতি এবং এই সম্পর্কে বাংলাদেশ ছাড়া বাংলা দেশের বাইরে অন্যান্য রাজ্য সরকার স্বাধীনতা পাবার পর, তারা অনেক কিছু করেছে। Sir, যেমন আপনার, মাদ্রাজ, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, এই সমস্ত জায়গায় সরকারী ব্যবস্থা যদি আমরা দেখি, তাহলে আমরা দেখবো যে পাশ্চাত্য দাতব্য চিকিৎসা কেন্দ্রের সংখ্যা অনুপাতে আয়ুর্বেদ দাতব্য চিকিৎসা কেন্দ্র অনেক বেশী স্থাপিত হয়েছে। মাদ্রাজে সেখানে ৯০০ দাতব্য চিকিৎসা কেন্দ্র আছে, তারমধ্যে ৫৫০টি চিকিৎসা কেন্দ্র হচ্ছে আয়ুর্বেদীয় মতে। উত্তর প্রদেশে প্রায় ৬০০ এই রকম দাতব্য চিকিৎসা কেন্দ্র আছে। এবং অন্যান্য প্রদেশে আমরা দেখছি যে আয়ুর্বেদীয় শিক্ষা ব্যবস্থা কম নেই। এক উত্তর প্রদেশে আমরা দেখছি ৯টি আয়ুর্বেদ কলেজ আছে, এর মধ্যে ৫টি সরকারী আয়ুর্বেদ কলেজ। তাছাড়া অন্যান্য প্রদেশে সরকার, বম্বে, মাদ্রাজ, এরা এতদিন পর্যন্ত যে টাকা খরচ করে এসেছে বাজেটে দেখতে পাই, সেই টাকার চেয়ে বৎসরে বৎসরে অনেক বেশী টাকা বরাদ্দ করে আসছে। আপনি অবাক হবেন Sir, আসামের মত একটা ছোট প্রদেশ, যাকে আমরা বর্বর বলি, সেই আসাম প্রদেশের সরকারও আয়ুর্বেদ কলেজ ও হাসপাতাল স্থাপন করেছে এবং ১৬টি দাতব্য চিকিৎসা কেন্দ্র আছে। এমন কি কেরালা, যে সরকারের পতন হয়েছে, যে সরকারকে খুব খারাপ বলা হয়েছিল, সেই সরকার যখন Communist Party-র দ্বারা গঠিত হয়েছিল তখন তারা স্বাস্থ্য ও আয়ুর্বেদ, এইজন্য আলাদা আলাদা একটা পোর্টফলিও করে মন্ত্রী নিযুক্ত করেছিলেন। সুতরাং অন্যান্য

প্রদেশ যেখানে আয়ুর্বেদের উন্নতির জন্য চেষ্টা করে এসেছে সেখানে দেখছি, আমরা আমাদের সরকারের এতদিন পর কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ হয়েছে এবং সেইজন্য এই বিল নিয়ে এসেছেন। আমি এই বিলকে সমর্থন করবো যদি এর ত্রুটিগুলি দূর করে দেওয়া হয়। Sir, এর মধ্যে সবচেয়ে বড় ত্রুটি হচ্ছে, চিকিৎসকদের যে মর্যাদা ও অধিকার সেটা সম্পূর্ণভাবে এই বিলের মধ্যে দেওয়া হয়নি। যেমন ধরুন, State Insurance Panel-এ কবিরাজ নিয়োগ করা, office, কারখানায় medical officer হিসাবে তাদের নিয়োগ করা ইত্যাদি কোন বন্দবস্ত এর মধ্যে নেই। কবিরাজী চিকিৎসা মতে কোন কর্মচারী বিল নিয়ে এলে তা অনুমোদন করা—যেমন অন্যান্য ডাক্তারদের বেলায় আছে—এই সমস্ত জিনিসের ব্যবস্থা করা উচিত ছিল। তৃতীয়তঃ আয়ুর্বেদ চিকিৎসকদের আইনে তাদের যোগ্যতাসম্পন্ন চিকিৎসক হিসাবে স্বীকৃতি দেওয়া হয়নি যেটা অন্যান্য চিকিৎসকের ক্ষেত্রে রয়েছে। তাছাড়া এই বিলের মধ্যে যেভাবে ৩৫নং ধারা আনা হয়েছে তার উদ্দেশ্য মারাত্মক। তার উদ্দেশ্য হচ্ছে কেউ যদি কখন Registered আয়ুর্বেদীয় চিকিৎসকদের যোগ্যতাসম্পন্ন অধিকার বা মর্যাদা না দেয় তাহলে এই ধারাটির দ্বারা বিভিন্ন সরকারী বিভাগের কাজে ও বেসরকারী সংস্থার ভারপ্রাপ্ত চিকিৎসকের যে অধিকার তা থেকে তাদের বঞ্চিত করা হবে। সেইজন্য এর মধ্যে যে সমস্ত মারাত্মক ত্রুটি আছে, সে সম্পর্কে যখন সংশোধনী প্রস্তাব আলোচনা করা হবে, clause-গুলি আলোচনা করা হবে, তখন আমি সংশোধনী প্রস্তাব দিয়ে এই সম্পর্কে বিশদ আলোচনা করবো। সবচেয়ে মারাত্মক হচ্ছে এই বিলের ৫নং ধারা। এই ধারার মধ্যে দিয়ে সংস্থা গড়ে তুলে তার কর্তৃত্ব নিজেদের হাতে কুক্ষিগত করে রাখাই হচ্ছে সরকারের উদ্দেশ্য। এবং এই মনোভাবই এই বিলের মধ্যে দিয়ে ফুটে উঠেছে। Sir, আপনি দেখেছেন ৫নং ধারায়, সেখানে আয়ুর্বেদ পরিষদ গঠন করবার জন্য নির্বাচিত সদস্য বা তারচেয়ে মনোনীত সদস্যদের সংখ্যা বেশী করা হয়েছে যার মারফৎ, যে সদস্যদের মারফৎ কর্তৃত্ব সরকার নিজের হাতে রাখতে পারেন এবং control করতে পারেন—এটা গণতন্ত্রসম্মত নয়। সুতরাং এই সংশোধনী হওয়া দরকার। আমি আপত্তি করছি, কেননা আমার কিছুটা অভিজ্ঞতা আছে—যে অভিজ্ঞতার কথা আমি এখানে বলতে চাই। ডাঃ অনাথবন্ধু রায় nomination-এর মারফৎ কিভাবে competition-কে ক্ষমতায় প্রতিষ্ঠিত করতে চাইেন তার একটা উদাহরণ আমি দেব—last elected council empire করে ১৯৫৭ সালে, সরকার সেই জায়গায় ৭ জনকে নিয়ে একটা nominated adhoc committee করেন, এবং Director of Health Services, Lt. General Chakraborty-কে তার Ex-officio President করা হয়। তিনি কিরকম কীর্তিমান পুরুষ সেকথা আমি medical budget-এর সময় বলব; তিনি নানা কাজে ব্যস্ত থাকেন বলে যিনি এই adhoc committee-র Vice-president তাঁর উপরই administration চালাবার সমস্ত ক্ষমতা বর্তায়। সেই ভদ্রলোকটি হচ্ছেন তাঁর ঘনিষ্ঠ বন্ধু—একজন অনাথ আরেকজন অনাথকে নিয়ে এলেন—তাঁর নাম কবিরাজ অনাথ রায়। এই ভদ্রলোক এই ১২ বৎসরে নির্বাচিত হতে পারেননি। এঁর বিরুদ্ধে অত্যন্ত গুরুতর অভিযোগ আছে, জালিয়াতির অভিযোগ আছে, টাকা তছরুপের অভিযোগ আছে, certificate জাল করার অভিযোগও আছে। এসব সম্পর্কে সেই সময় council-এ investigation-এর order হয়েছিল, এবং এই investigation করার যে নির্দেশ সেটা দিয়েছিলেন তৎকালীন সভাপতি শ্রী জে. এম. বসু—

Mr. Speaker : Mr. Chakravorty, let us follow one principle, you should not attack here an outside gentleman.

Shri Jatindra Chandra Chakravorty :

এটা কোন court-এর case নয়, আমার কাছে কাগজপত্র আছে। তিনি outsider ঠিকই, কিন্তু এই outsider এই সভার একজন ভূতপূর্ব সদস্যের সঙ্গে কি ব্যবহার করেছিলেন তা

আমাদের জানা আছে। মন্ত্রী মহাশয় আজকে তাঁকেই আবার nominate করছেন। স্বর্গতঃ জে. এম বসু, স্বর্গতঃ স্যার মন্মথনাথ মুখার্জি, স্বর্গতঃ জাষ্টিস সি. সি বিশ্বাস এই তদন্তের কথা বলেছিলেন—এবং তদন্ত হয়েছে—কাগজপত্র সব আমার কাছে আছে। তাঁদের রিপোর্টও আছে। শ্রীযুক্ত বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় তিনি এখন এখানে নাই—তিনি এসব জানেন। যাই হোক, আমি জিজ্ঞাসা করতে চাই গত তিন বৎসর ধরে adhoc কমিটির হিসাবপত্র admit হয়নি কেন?

[4-20—4-30 p.m.]

আবার তার এক বছর লাইফ বাড়িয়ে দেওয়া হয়েছে। নমিনেটেড যদি থাকে তাহলে সংগঠনের যারা কর্তৃস্থানীয় তাদের দ্বারা এইরকম চলবে। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি তিনি কি এইরকম ভাবে নমিনেশান করবেন। সুতরাং যে গুরুতর ত্রুটি পরিষদ গঠনের মধ্যে আছে আজ সেটা বদল হওয়া দরকার এবং নির্বাচিত সদস্যের সংখ্যা বেশী হওয়া দরকার। কারণ আয়ুর্বেদ চিকিৎসক যাঁরা এই পরিষদ গঠন করবেন নির্বাচিত লোক দিয়ে তাঁরা এর উন্নতি কল্পে কাজ করে যাবেন। সেই যে অধিকার সেটা নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে হওয়া দরকার। এই সমস্ত গুরুতর ত্রুটি ছাড়া আরও যে ত্রুটি এই বিলের মধ্যে আছে সেসব সম্বন্ধে যখন ধারার উপর আলোচনা হবে তখন বলব। কিন্তু তবুও এই বিলকে প্রথম পদক্ষেপ হিসাবে স্বীকার করছি। সেজন্য মাননীয় সদস্য সুধীর রায় চৌধুরী মহাশয় যে কথা বলেছেন আমি তাঁর সঙ্গে একমত যে, এই বিলকে আমাদের সমর্থন করা উচিত। কিন্তু এই বিলের মধ্যে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতির কথা আমরা বললাম সে সব যেন মন্ত্রী মহাশয় গ্রহণ করেন।

Shri Chitto Basu:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গে আয়ুর্বেদ সিষ্টেম অফ মেডিসিন বিল যা কাউন্সিল এ গৃহীত হয়েছে তা আমাদের সামনে উপস্থিত করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিমবাংলার যাঁরা আয়ুর্বেদ চিকিৎসা করেন তাঁদের দীর্ঘদিনের আন্দোলনের ফলে আজ এই বিল এখানে এসেছে। এই বিলের ত্রুটি-বিচ্যুতিগুলি বিশদভাবে আলোচনা করার সুযোগ আমাদের হবে যখন আমরা ধারাওয়ারী আলোচনা করব। কিন্তু নীতিগত যে কয়েকটা কথা আমাদের সর্বপ্রথমে বিবেচনা করা দরকার সে ক'টি কথা এখন বলব। এই বিলে সর্বপ্রথম এবং মুখ্য উদ্দেশ্য হিসাবে যে কথা প্রিয়েম্বলে লেখা হয়েছে এবং তারপর আইন যেভাবে রচনা করা হয়েছে তাতে সেটা আর মুখ্য নয়, গৌণ আকার ধারণ করেছে। বিলে মুখ্য হিসাবে একটা পরিষদ গঠনের কথা বলা হয়েছে, শুধু তাই নয় এই পরিষদ গঠন করা সম্পর্কে সরকারের অতি পরিচিত যে নীতি তা এখানেও রয়েছে—অর্থাৎ সমস্ত প্রতিষ্ঠানগুলিকে নিজেরা করায়ত্ত করার যে চেষ্টা সে চেষ্টাও এখানে প্রতিফলিত হয়েছে। তারপর সরকারের পক্ষ থেকে তথাকার নমিনেশন দেওয়া হবে, সেখানে যদি এটা দেখতে পেতাম যে এই শাস্ত্রে যারা অভিজ্ঞ এই শাস্ত্রকে বিজ্ঞানীকরণ বা আধুনিকীকরণ করার জন্য যাদের জ্ঞান আছে তাঁদের গ্রহণ করছেন তাহলে যুক্তিযুক্ত হতাম। কিন্তু এই শাস্ত্রের উন্নতিকল্পে যাদের সহযোগিতা নেওয়া প্রয়োজন সেই ধরণের অভিজ্ঞ ব্যক্তিদের নেওয়ার কোন আলোচনা এখানে নেই। এ বিষয়ে একটা উদাহরণ দেব। কোলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলারকে তিনি নমিনেট করবেন একথা আমরা জানি। কিন্তু এক্ষেত্রে একজন অভিজ্ঞ ডাক্তারকে যদি গ্রহণ করা হয় তাহলে আয়ুর্বেদ সিষ্টেমকে মডার্নাইজ করবার জন্য তিনি সাহায্য করতে পারেন। সরকারের এই রকম ধরণের যদি ইচ্ছা থাকত তাহলে ফ্যাকাল্টি অফ মেডিসিন যোগ কাউকে গ্রহণ করার প্রস্তাব এখানে করতেন। একথা অনেকে বলেন যে এই শাস্ত্র অতি পুরাতন। এই শাস্ত্র সম্বন্ধে অনেক কিছু পুঁথি ঘেঁটে পাওয়া যাবে—যে পুঁথি সংস্কৃতে লেখা। সুতরাং সংস্কৃত ভাষায় যারা অভিজ্ঞ তাঁদের যদি এখানে গ্রহণ

করতেন তাহলে তাঁরা রিসার্চ করার ক্ষেত্রে সাহায্য করতেন। এইভাবে যদি সেখানে সংস্কৃত কলেজের অধ্যক্ষ, বঙ্গীয় সাহিত্য পরিষদের কাউকে নিতেন তাহলে পুরাতন সংস্কৃত পুঁথি উদ্ধারের বেলায় তাঁদের মূল্যবান সাহায্য পেতেন এবং রিসার্চের ক্ষেত্রে তাঁরা সাহায্য করতেন।

আপনারা দেখলেন তার কোন সুযোগ নেই—অর্থাৎ মূল উদ্দেশ্য হচ্ছে কিকরে সরকার এই পরিষদকে নিজেদের আয়ত্বের মধ্যে রাখবেন। কাজেই এর প্রতিবাদ হওয়া উচিত। তারপর রয়েছে গ্রাণ্ট অব লাইসেন্স টু দি ম্যানুফ্যাকচারার্স—অর্থাৎ ম্যানুফ্যাকচারারসদের লাইসেন্স দেওয়ার সুযোগ এই আইনের মধ্যে রাখা হয়েছে। কিন্তু কথা হলো এবং সেটা কোন কোন সদস্য বলেছেন যে, যে ঔষধগুলো তৈরী হচ্ছে সেগুলো ভেজাল কিনা বা তার মধ্যে কি ধরণের অসঙ্গতি আছে তা প্রমাণ করবার জন্য কোন ষ্ট্যাণ্ডার্ড মেডিসিন-এর সুযোগ এখানে নেই। সুতরাং এই শাস্ত্রে ষ্ট্যাণ্ডার্ডাইজেসন অব মেডিসিন করবার যে প্রাথমিক ধাপ ছিল সেটা গ্রহণ না করে এই ধরণের একটা আইনের আশ্রয় গ্রহণ করা অনুচিত বলে মনে করি। শুধু তাই নয়, যদি ভেজাল ঔষধ প্রস্তুতকারীদের জন্য কোন রকম শাস্তির ব্যবস্থা তাঁরা করতেন তাহলে বুঝতাম যে সরকারের সদিচ্ছা আছে। কিন্তু তার কোন ব্যবস্থা না করে অপরপক্ষে তাঁরা এই ব্যবস্থা করেছেন যে, যদি কোন কবিরাজ তাঁর রেজিষ্ট্রেসন রিনিউ না করেন বা তাঁর পুরাতন সার্টিফিকেট ফেরৎ না দেন তাহলে তাঁকে ৫০৲ জরিমানা করা হবে। অথচ আশ্চর্যের বিষয় যে, যারা এ ধরণের অন্যায় কাজ করবে, অর্থাৎ ভেজাল ঔষধ তৈরী করে বিক্রয় করবে তাদের জন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা এই আইনের মধ্যে নেই। কাজেই স্পীকার মহাশয়, আমি জিজ্ঞেস করতে চাই যে, কাদের স্বার্থে এই শাস্তিমূলক ধারা সন্নিবেসিত করা হয়েছে? কেননা রাইটস্ এ্যাণ্ড প্রিভিলেজ ই যদি এই সার্জন বিলের অন্যতম উদ্দেশ্য হয়ে থাকে তাহলে গত নভেম্বর-ডিসেম্বর সেখানে আমরা যে ভেটিরিস্কারি বিল গ্রহণ করেছি তার উদ্দেশ্য ছিল এই প্রফেসনে যাঁরা প্রাকৃটিস্ করবেন তাঁরা যাতে যোগ্য লোক হিসেবে দেশের জনসাধারণের কাছে স্বীকৃতি লাভ করতে পারেন তার ব্যবস্থা করা। কাজেই এখানেও যদি সেই রকম উদ্দেশ্য থাকত অর্থাৎ সরকার কবিরাজদের স্বীকৃতি দেবেন এবং তাঁদের রাইটস্ এ্যাণ্ড প্রিভেলেজ guaranteed হবে তাহলে এই আইনে নিশ্চয়ই অন্যরকম ব্যবস্থা থাকত। কিন্তু এই আইনে দেখছি অন্যান্য মেডিকেল প্রাকৃটিসনার্সদের যে রাইটস্ এ্যাণ্ড প্রিভিলেজ আছে এবং যেটা গভর্ণমেণ্ট স্বীকার করেন এবং যার দ্বারা তাঁরা সমাজে স্বীকৃতি লাভ করেন কবিরাজদের বেলায় কিন্তু সে রকম কোন ব্যবস্থা নেই।

সুতরাং কবিরাজদের সমাজে প্রতিষ্ঠা করবার জন্যই যদি এটা করা হয় তাহলে তাঁদের মেডিক্যাল প্রাকৃটিসনার্সদের সমপর্যায়ভুক্ত না করে অন্য স্তরে রাখার যে ব্যবস্থা করা হয়েছে এটা তাঁদের উন্নতি করবার রাস্তা নয় এবং সেই কারণেই এটা অত্যন্ত নিন্দনীয় বলে মনে করি। কাজেই স্পীকার মহাশয়, এ বিল সমর্থন করলেও একথা বলব যে, যদি এই বিলের মূল উদ্দেশ্য হয়ে থাকে এর দ্বারা আয়ুর্বেদের উন্নতি করা হবে, তার গবেষণার উন্নতি করা হবে, একে আধুনিক পদ্ধতি করা হবে, একে কো-অর্ডিনেট করা হবে বা যদি এই উদ্দেশ্য হয় যে এর দ্বারা মধ্যবিত্ত সমাজের কয়েক হাজার কবিরাজকে গভর্ণমেণ্ট স্বীকৃতি দেবেন তাহলে যে ভাবে এই বিল আনা হয়েছে তার দ্বারা সেই উদ্দেশ্য সফল হবেনা বা কবিরাজদের মর্যাদা দেওয়া হবেনা। সুতরাং আশা করি এগুলো পরিবর্তন করে এবং প্রয়োজনীয় সংশোধন করে মূল উদ্দেশ্যকে সফল করবার জন্য যে রকম আইন হওয়া উচিত সে রকম আইন করবেন এবং আমরা যে অ্যামেণ্ডমেণ্ট দিয়েছি তা গ্রহণ করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the house was adjourned for thirty minutes.

After Adjournment

[5—5-10 p.m.]

Dr. Jnanendra Nath Majumdar:

সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে এই আয়ুর্বেদীক পরিষদ বিল সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আজকে এই অধিবেশনে এই বিল সম্বন্ধে যে ইণ্টারেষ্ট দেখা যাচ্ছে তাতে চিকিৎসক হিসেবে আমি খুব সংকাপন্ন হ'চ্ছি যে, জনসাধারণের স্বাস্থ্য সম্বন্ধে আমাদের দেশের যাঁরা প্রতিনিধি তাঁদের যদি এই রকম ধরণের একটা আবেগ দেখা যায় তাহলে আমাদের ভবিষ্যৎ নিশ্চয়ই খুব উজ্জ্বল। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, ২৪ বছর আগে এই আয়ুর্বেদীক ফ্যাকালটি তৈরি হয়েছিল। ২৪ বছর লেগেছে এটার উন্নতির কথা ভাবতে। এর উন্নতির কথা একবার ভাবা দরকার ছিল কিনা সেটা আমার একটু মনে হ'চ্ছিল। আজকে যে আলোচনার স্তর আমি দেখলাম তাতে সেই স্তরে খানিকটা প্রথমে বলে নিই তারপর অন্য কথাগুলি বলব। সেই আলোচনার স্তর হল এই যে আজকে স্বাস্থ্যের ক্ষেত্রে রাজনীতি এসে পড়েছে। আমার মনে সন্দেহ দাঁড়াচ্ছে এই বিল হয়ত আসত না; কারণ ১৯৬২ সালের ইলেকসান সামনে এসেছে, গতবার যিনি স্বাস্থ্যমন্ত্রী ছিলেন কবিরাজ মহাশয়রা সংঘবদ্ধভাবে তাঁর সঙ্গে লড়াই করে তাঁকে পরাজিত করেছিলেন; হয়ত আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এবং কোন কোন কংগ্রেসী লোকের মনে সেই ভয়টা হয়েছিল বলেই এই বিলটি এসেছে। আয়ুর্বেদ সম্বন্ধে এতটা ভক্তি ও বিশ্বাস নিয়ে এটা এসেছে বলে মনে হয় না। আমার মনে হয় এটা রাজনৈতিক চাল। যাহোক, আমার একটা গল্প মনে পড়ে গেল। একজন কৃপণ ছিল, তার হাত থেকে কিছুই বেরুত না। একদিন দুটো লোক পরামর্শ করে তার কাছে গেল যেমন করে হোক কিছু বার করতে হবে। অনেক চেঁচামেচির পর আধ পয়সা বেরুল, তা নিয়ে তারা যখন চলে এল তখন একজন বললে আধ পয়সা নিলি এত বড় লোকের কাছ থেকে? তখন আর একজন বললে যে হাত আসুক। সেই দিক থেকে আমি বলছি যে এঁদের যা নীতি সেটা জনস্বাস্থ্যের নীতি নয় কিন্তু তবুও যা এসেছে তার মাধ্যমে ভাল কাজ করতে পারা যায়। কিন্তু এদের যা অর্থনীতি, শ্রেণী নীতি, তাতে এর মাধ্যমে এরা ভাল কাজ করবেন না। যদি কোনদিন আমাদের হাতে ক্ষমতা আসে যা একদিন আসতে বাধ্য হবে, তাহলে এটা নিয়ে ভাল কাজ করতে পারব এই আশা নিয়ে এই বিলকে সমর্থন করছি। আমি নিজেকে গর্বিত মনে করি যে আমি এমন দেশে জন্মেছি যেখানে ১॥ হাজার ২ হাজার বছর আগে আয়ুর্বেদ শাস্ত্র জন্মেছিল। ডাঃ অনাথ বন্ধু রায় থেকে সকলে একে অবৈজ্ঞানিক বলে আরম্ভ করলেন—আমার মনে হয় বিজ্ঞানের এরা কি জানেন। বিজ্ঞান যখন সত্যসত্যই আরম্ভ হয়েছিল এ্যানালিটিক্যাল সায়েন্স যাকে বলে অর্থাৎ সায়েন্টিফক রেঁনেসাঁ যখন হয়েছিল তখন প্রগতিশীল যুগ ছিল, সেখানে আজকে যাকে মডার্ণ মেডিসিন বলা হয় তাও ছিল। ভারতীয় চিকিৎসা শাস্ত্র দেখতে পাই তারই অপভ্রংশ তারই ভারজ সন্তান। সেই যে চিকিৎসা বিদ্যা তা সত্যসত্যই প্রথম দিকে প্রগ্রেসিভ ছিল কিন্তু আজকে সে প্রগ্রেসিভ নয় যেমন আজকের ধনীক শ্রেণী নীতি যেখানে এসে পড়েছে তাতে জনসাধারণের উন্নতির জন্য সেই নীতি চলে না একটা শ্রেণীর উন্নতির জন্য চলে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি চিকিৎসা শাস্ত্র, চিকিৎসা বিজ্ঞান তাও ঐ ধননীতি ফলো করে বলে আজকে তার রিএ্যাকসান হয়েছে। আজকে জনস্বাস্থ্যে সেই বিজ্ঞান চলে না। আজকে যদি সোভিয়েট ইউনিয়নের দিকে তাকিয়ে দেখেন তাহলে দেখবেন যে সেখানে আয়ুর্বেদ এমনই বেড়ে উঠেছে যে সেখানে আয়ুর্বেদের দিকে কণ্ডসান রিফ্লেক্স হচ্ছে। আমাদের পূর্বপুরুষরা আয়ুর্বেদ করে গিয়েছিলেন। যতক্ষণ পর্যন্ত না আমাদের জীবনী শাস্ত্র, জীবনী শক্তিকে না জানতে পারি ততক্ষণ পর্যন্ত বিজ্ঞানের দুটো ধারা থাকবে। একটা ধারাকে বলা হবে এগজ্যাক্ট সায়েন্স, আর একটা ধারাকে বলা হবে বায়োলজিক্যাল সায়েন্স। বায়োলজিক্যাল সায়েন্সকে আমরা সব সময় চেষ্টা করছি এগজ্যাক্ট সায়েন্সে নিয়ে

আদতে। অবজার্ভড সায়েন্স এক্সপেরিমেণ্টাল সায়েন্সের পর্যায়ে গিয়ে পড়বে না, তার দরুন বায়োকেমিস্ট্রী, বায়োফিজিক্স দুটো ডিসিপ্লিন ডেভেলপ করছে। ডাঃ পবিত্র রায় নাড়ী বিজ্ঞান সম্বন্ধে বললেন। আমি জানি না তিনি আয়ুর্বেদ শাস্ত্র কিছু পড়েছেন কিনা। আমি যেটুকু পড়েছি তাতে মুগ্ধ হয়ে যাই। কি নিদান, কি ভেষজ তত্ত্ব, কি শল্য শাস্ত্র আমাদের পূর্ব পুরুষরা যে সব ডিসিপ্লিন করেছিলেন সে কথা যখন ভাবি তখন আমি মুগ্ধ হয়ে যাই। আমি নিজেকে গর্বিত মনে করি যে আমি ভারতীয়।

আমি শুধু এটুকু বলবো, যে সব ডিসিপ্লিন এখানে নিয়ে এসেছেন সেসব ডিসিপ্লিন দিয়ে এই আয়ুর্বেদকে রেনোভেট করা যাবে না, কেন না আজকে আমাদের যিনি চালাচ্ছেন তিনি একজন সিউডো সায়েন্টিস্ট—তাঁর ধারণা ইন্টিগ্রেটেসন অব সায়েন্সস উপর থেকে জোর করে চাপিয়ে দিলে হয়ে যাবে, তা হয় না। প্রত্যেক বিজ্ঞানের ভেতর অন্তর্নিহিত সত্য আছে, তাকে ডেভেলপ করতে হয় এবং নিরীক্ষণের বেসিসে তাকে দেখতে হবে এবং তারজন্য রিসার্চ করা দরকার। তারজন্য যে শ্রেণীর লোকের দরকার সেই শ্রেণীর লোককে সরকার নেবেন বলে আমার মনে হয় না। কাজেই এটা দিয়ে খুব কাজ হবে বলে আমার মনে হচ্ছে না। তাহলেও ঐ যে বল্লাম, হাত আসুক। এখানে ধারাওয়ারী আলোচনায় আমি য়্যামেণ্ডমেণ্ট দিয়েছি। সেই সময় আমি উহা আলোচনা করবো। আয়ুর্বেদকে স্বীকৃতি দেওয়ার কথা উনি তাঁর স্পীচের প্রিয়াম্বেল খানিকটা বলবার চেষ্টা করে ছিলেন কিন্তু আমার মনে হয় মেডিকেল সায়েন্সের ইতিহাস সম্বন্ধে উনি অনভিজ্ঞ। এক সঙ্গে যিনি অভিজ্ঞ ডাঃ রায়, তিনি তাঁর শ্রেণীস্বার্থে এমন জড়িয়ে পড়েছেন যে বিজ্ঞানের দিকে তাঁর নজর দেওয়ার দরকার নেই—তিনি তাঁর নিজের দেশের ঐতিহ্যকে অস্বীকার করেন। কাজেই সেখানে আমাদের দিক থেকে বলে যাওয়া উচিৎ। হাকিমী এবং ইউনানী এগুলো আমাদের দেশের শাস্ত্র এবং এই শাস্ত্র কিছু বাইরে থেকে কিছু আয়ুর্বেদ থেকে এসেছিল। এগুলিও নেওয়া দরকার। তারপরে আর একটা ডিসিপ্লিন আজকে যাকে ওয়েষ্টার্ণ মেডিকেল সায়েন্স বলে তার একটা ক্রিটিসিজম এখানে করা যেতে পারে কিন্তু আমার মনে হয় সেই ক্রিটিসিজম করার জায়গা এটা নয়। এই যে বিল আনা হয়েছে একে যদি সত্যসত্যই কার্যকরী করতে হয় তাহলে যে সমস্ত অন্তর্নিহিত সত্য আছে সেগুলি খুঁজে বের করতে হবে। এটা ঠিক যে আমাদের পূর্বপুরুষরা আয়ুর্বেদের দ্রব্যগুণ কেন হচ্ছে সেটা জানতে চান নি, কি হচ্ছে সেটা জানতে চেয়েছিলেন, আমি আপনাদের মনে করিয়ে দিচ্ছি আজকের দিনে স্মরণীয় সাংঘাতিক ব্লাষ্ট—তিনি বলেছিলেন কি জানতে চাই সেটা বড় কথা নয়, সেটা আমরা জানি যেটা বড় কথা মানুষের অনুভূতিকে জানতে হবে, এ সম্বন্ধে ডাটা কালেক্ট করতে হবে এবং সব থেকে বড় অনুভূতি হল রোগ এবং রোগারোগ্যের লক্ষণ। সেখানে আয়ুর্বেদ আজও তার দৃষ্টি নিয়ে দাঁড়িয়ে আছে। সেহেতু কোনকোন কবিরাজ মহাশয় তার অপব্যবহার করেন সেহেতু আয়ুর্বেদের প্রতি অশ্রদ্ধা অভক্তি জ্ঞাপন করা আমাদের উচিৎ নয়। আমি আজ একথা বলবো আমি আয়ুর্বেদ শাস্ত্র যেটুকু পড়েছি তাতে করে বলতে পারি আমার যদি বয়স থাকতো তাহলে আমি যে শাস্ত্র চর্চা করি তা ছেড়ে দিয়ে আয়ুর্বেদ শাস্ত্র গ্রহণ করতাম এবং আজ যে পরিমাণ রোগ আরোগ্য করি তার থেকে ঢের বেশী রোগ আরোগ্য করতে পারতাম। আজকে একথা বলতে হবে মর্ডান সায়েন্স য়্যাডভান্সড্ হয়েছে শল্য বিদ্যা য়্যাডভান্সড্ হয়েছে, মিডওয়াইফারী য়্যাডভান্সড্ হয়েছে, যোগবিদ্যা য়্যাডভান্সড্ হয়েছে—তাদের আয়ুর্বেদের মধ্যে নিয়ে আসতে হবে। কিছু কিছু লোক আলোচনা করতে গিয়ে সমালোচনা করেছেন যে এর ভেতর যে ক্ষমতাগুলি দেওয়া হয়েছে সেগুলি অপব্যবহার করা হবে এটা ঠিক নয়।

[5-10—5-20 p.m.]

সরকার পক্ষ legally qualified Medical practitioner বলতে কেবল একটা system-ই develop করে তুলেছেন। সেটা করার সঙ্গে সঙ্গে অন্যান্য system-এর ও develop করা

উচিত ছিল। একটাকে অন্যটার উপর জোর করে চাপিয়ে দেওয়া উচিত নয়। অন্যান্য যায়গায় যেভাবে চলছে, সেইভাবে সেটা করা উচিত। আজকে বাস্তবে সত্যি সত্যি একটা সরকারী চিকিৎসার বন্দোবস্ত আছে। যদি ৩৫(১) ধারা বিলে না থাকতো, তবে আয়ুর্বেদ faculty থেকে যারা বাদ পড়তেন,—তাঁরা এই সব জিনিসের জন্য সেখানে ঢুকবার চেষ্টা করতেন এবং তাতে করে সমাজ ব্যবস্থায় একটা গোলযোগ হ'ত। সেটা না করে আয়ুর্বেদিক চিকিৎসক যারা হবেন, তাঁদের মর্যাদা ৩৫(২) ও অন্যান্য ধারায় দিয়েছেন। এতে তাঁদের ভেতর কোন আপত্তি আছে বলে মনে হয় না।

তারপর আর একটি কথা বলবো। এই Directorate এ সাধারণভাবে যে সব মিলিটারী কর্তারা আছেন, তাঁদের কাজ হচ্ছে তাঁরা কেবল টেবিল সাফ করেন। যাঁরা ৬ নম্বর মিকশ্চার দিতে বললে ছ নম্বর ও চার নম্বর দুটো মিলিয়ে দিয়ে চালিয়ে দেবেন। তাঁরা এমনিই কবিরাজী বোঝেন না, তারপর যদি আবার এই আয়ুর্বেদ নিয়ে তাঁরা বসেন, তাহলে কি হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। তা সত্ত্বেও বলতে হবে আমরা এমন অবস্থায় রয়েছি, যে রকমেই হোক আয়ুর্বেদের মধ্যে দু-হাজার লোক আছে। নিয়ম হবে ৫ জন কি ৭ জনে-এর চেয়ে বেশী দেওয়া হবে না। তবে Nomination তাঁরা ওদেরই দেবেন; ব্যক্তিগত স্বার্থ, দলীয় ও অর্থনৈতিক স্বার্থের ভিত্তিতে নমিনেশন হবে। তা না করে সুচিকিৎসক, সুকবিরাজ দিয়ে যদি এই পরিষদ তৈরী করা যায়, তাহলে এই কাজ ভাল হতে পারে, তাহলে ওদের ভেতর দিয়ে আমরা কাজ আরম্ভ করতে পারি এবং তাই ভেবেই আমি এই বিলকে সমর্থন করছি।

আর একটি কথা বলবার দরকার আছে। আমরা অনেক সময় শুনি আমরা ব্যক্তিগতস্বাতন্ত্র্য মানি না। আমরা ব্যক্তিগত স্বাতন্ত্র্য মানি, তবে সমষ্টিকে ব্যক্তির থেকে বড় করে নিতে চাই না। কারণ তাতে সমাজের কল্যাণ বেশী করে। তবে এই সমষ্টিগত চিন্তাধারাকে একটা বৈজ্ঞানিক দৃষ্টি দিয়ে দেখার দরকার আছে। একটা ছোট্ট জিনিস আমরা সেখানে লক্ষ্য করি। যারা প্রতিনিধি হয়ে এসেছেন, তাঁরা জনসমষ্টি সম্বন্ধে মোটেই interested নয়। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি তো সুচিকিৎসক, প্রচুর অর্থ উপার্জন করেছেন, তাঁর নাম ও প্রতিপত্তি যথেষ্ট আছে; তার জন্য নয়, এই বেরুবাড়ী বিকিয়ে দিয়েই তিনি ভারত-রত্ন হয়েছেন। তিনি এখানে নাই। শুনছি কালকে নাকি আমাদের এ্যাসেম্ব্লী বসবে না। কারণটা ঠিক জানি না। তবে বঙ্গোপসাগরে কি একটি কারণে আমাদের ডাঃ বিধানচন্দ্র রায় ভারতরত্ন যাবেন এবং তারই জন্য আমরা সবাই ছুটি পাব। তাহলে দেখুন বর্তমানে কোথায় এসে আমরা দাঁড়িয়েছি এই ব্যক্তি-স্বাতন্ত্র্যের জন্য। আমাদের সামনে যারা বসে আছেন তাঁদের এতে মোটেই লজ্জা করে না। ঐ একটি লোক বাইরে চলে যাবে, তারজন্য আমাদের এখানকার সকল কাজ বন্ধ থাকবে। তাই আবারও আমি বলতে চাই ওদের দিয়ে এ জিনিস হবে না। ঐ যে একটি কৃপণ যেমন একটি পয়সা দিয়েছিলেন, তেমনি এটা কোন রাজনৈতিক কারণে এলেও এ জিনিসটা আমি সমর্থন করছি। এই বিলটি যাতে সুষ্ঠুভাবে তাঁরা প্রয়োগ করেন, তারজন্য তাঁদের অনুরোধ করছি। যদি রাজনৈতিকভাবে এটা হয়, তাহলে অন্যান্য চিকিৎসাশাস্ত্রের লোকদের অনুরোধ করবো, তাঁরা যেন সংঘবদ্ধ হয়ে আগামী নির্বাচনে কংগ্রেসকে আঘাত করেন।

Shri Nepal Ray :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আমি কবিরাজ নই, ডাক্তার নই, হোমিওপ্যাথিক ডাক্তার নই, কিন্তু, কয়েকটা ইউনিয়ন এই কবিরাজী হাসপাতালগুলির আছে; সেইজন্য আমি এ সম্বন্ধে দু একটা কথা বলতে চাই।

এখানে ডাঃ রথেন সেন মহাশয় কিছু কিছু তথ্য প্রকাশ করবার চেষ্টা করেছেন, যেগুলি আমার মতে তাঁর ভাল করে জেনে নেওয়া উচিত। প্রথমে তিনি একটা কথা বলেছেন যে

বৈদ্য শাস্ত্রপীঠে দশজন কবিরাজের জন্য মাইনে নেওয়া হয়, তারমধ্যে তিনজন কবিরাজ নিয়মিত আসেন, এবং কাজ করেন। আর বাকীরা একবার সময়মত এসে মাইনে নিয়ে চলে যান, কোন কাজ করেন না। অবশ্য তিনি যদি এটা প্রমাণ করতে পারেন যে কবিরাজরা এইভাবে টাকা নিচ্ছেন, তাহলে তাদের বিরুদ্ধে মামলা করা উচিত। কিন্তু আমি জানি, উনি নিশ্চয় ঠিক খবর পাননি। যার কাছ থেকে উনি খবর পেয়েছেন, তিনি স্বার্থসংশ্লিষ্ট লোক। কারণ, আমি জানি তারা সেখানে নিয়মিত আসে এবং তারা সেখানে কাজ করে মাইনে নিয়ে যায়।

আর একটা কথা উনি বলেছেন কোন একজন লোকের বাড়ী থেকে ঔষধ তৈরী হয়ে হাসপাতালে যেখানে রিসার্চ হয় সেখানে যায় এবং ঐ বৈদ্য শাস্ত্রপীঠ হাসপাতালে যায়। কিন্তু আমি সেখানকার খবর জানি। কারণ, আমার পরিবারের চিকিৎসক ছিলেন কবিরাজ শ্যামাদাস বাচস্পতি মহাশয়। তখনকার সময় থেকে আমার পরিবারের সঙ্গে কিছু কিছু যোগাযোগ ছিল। আমি জানি প্রায় ২০ বছর হয়ে গিয়েছে উনি গত হয়েছেন। প্রতি বছর সেই সমস্ত ঔষধ যেত ঠিক—ওঁর information correct, 'অশ্বত্থমা হত ইতি গজ'। ঔষধ যেত ঠিক। তা তিনি বিনা পয়সায় ঐ ঔষধগুলি হাসপাতালে দান করতেন। তিনি এই হাউসের কোন এক বিশিষ্ট মেম্বারকে আক্রমণ করবার চেষ্টা করেছেন সেই হাসপাতালের নাম উল্লেখ করে। খবরটা ঠিক নয়।

আর একটা কথা উনি বলেছেন যে সেখানে রিসার্চ হয় না, ভারত সরকারের কাছ থেকে ভাঁওতা দিয়ে টাকা নেওয়া হয়। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই ভারত সরকারের তরফ থেকে দ্বারকানাথ এখানে এসে ছিলেন একটা enquiry করতে। তিনটা হাসপাতালে যেখানে যেখানে অষ্টাঙ্গ আয়ুর্বেদ পড়ান হয়। উনি একটার তরফে ইউনিয়ন প্রেসিডেন্ট, আমিও একটার তরফে ইউনিয়ন প্রেসিডেন্ট। উনি জানেন না যে দ্বারকানাথ গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার তরফ থেকে এনকোয়ারী করতে এসেছিলেন এবং তিনি রিপোর্ট দিয়ে গিয়েছেন। বৈদ্য শাস্ত্রপীঠ সম্বন্ধে তিনি বলেছেন যে সেখানে সাধনা, রিসার্চ খুব ভাল হয় এবং grant মঞ্জুর করে গিয়েছেন। আর উনি ঐ দুটা organisation-এর grant cancel করে দিয়েছেন। তাদের grant sanction করেননি। আমি বলবো সকলকেই দেওয়া উচিত। উনি বোধহয় জানেন না—শ্যামাদাস বাচস্পতি মহাশয় যখন বেঁচে ছিলেন তখন ঐ তিনটাকে এক করবার কথা হয় এবং ঐ তিনটা হাসপাতালের authority বা representative-রা তাতে রাজী হন, সম্মতি দেন বৈদ্য শাস্ত্রপীঠের পক্ষে যে সেখানে রিসার্চ সেক্রেটারী থাকবে। উনি বলেছেন সেখানে রিসার্চের কাজ হয় না। সেটা সম্পূর্ণ ভুল। সেখানে রিসার্চের কাজ খুব হচ্ছে। কেমিক্যাল রিসার্চ সেখানে হচ্ছে, তাছাড়া মেডিক্যাল রিসার্চেরও কিছু কিছু কাজ সেখানে চলেছে। অবশ্য এটা হয়ত তিনি বলতে পারেন যে সেখানে clinical রিসার্চ হচ্ছে না। তা ঠিকই। কিন্তু কেমিক্যাল রিসার্চের কাজ সেখানে পুরাদমে চলেছে।

স্যার, এখানে আমি আর একটা বিষয়ে বলতে চাই। ডাঃ রণেন সেন মহাশয় যে সমস্ত allegation করে গিয়েছেন সে সম্বন্ধে একটা এনকোয়ারী হওয়া দরকার। আমি প্রস্তাব করি অপজিসনের লিডার, ডেপুটি লিডার, ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ, হেমন্ত বাবু, সুধীর রায়চৌধুরী এবং আমাদের দু একজনকে নিয়ে একটা কমিটি করা হোক; এবং এ সম্বন্ধে অনুসন্ধান করে দেখা হোক, এর সত্যাসত্য বার করা হোক। যদি সত্যিই কেউ অন্যায় করে থাকে, আমরা কখনও তা বরদাস্ত করবো না। অপজিসন্ মেম্বারদের বলছি—তাঁদের লোক পাঠান।

[5-20—5-30 p.m.]

আমাদের তরফ থেকে আমরা রাজী আছি যে একটা committee করা হোক, enquiry হোক, যদি দোষ হয়, punishment নিতে রাজী আছি। তারপর একটা কথা বলা হচ্ছে—আমি এখন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—এটা খুবই গুরুত্বপূর্ণ, যেটা আগেও বলা হয়েছে

সেটা হল বোম্বে, বিহার, যুক্ত প্রদেশে প্রত্যেক প্রদেশে কবিরাজকে মর্যাদা দেওয়া হয়েছে, registered কবিরাজ death certificate ইত্যাদি সবকিছু দিতে পারে। আয়ুর্বেদকে সমাজে স্থান দিতে হলে এটা কেন রাখতে হবে, Registered practitioners shall be deemed as legally qualified practitioners. এটা বোম্বে, বিহারে, U P-তে সব জায়গায় বিলে রয়েছে কেন এখানে shall not be deemed রয়েছে? রাজা হবে কিন্তু রাজত্ব থাকবে না, without portfolio যেরকম minister থাকে সে রকম। এটা খুব অন্যায়, কবিরাজ সমাজের উপর অন্যায় করা হচ্ছে। আমি shall not-এর জায়গায় shall করতে হবে বলছি। তা না হলে আবার হয়ত দেখবো মনুমেন্টের তলায় হাজির হয়েছে এবং রাজনৈতিক চাল চালছে। তাদের উপর যদি জুলুম করা হয় তাহলে তারা নিশ্চয়ই তা সহ্য করবে না, যদি তাদের মর্যাদা না দেওয়া হয় সমাজে উপযুক্ত স্থান না দেওয়া হয় তারা নিশ্চয়ই সইবে না। প্রথম যখন এ বিল আনবার চেষ্টা হয়েছিল তখন থেকে ১০ বছর চলে গিয়েছে। আবার এরপরে কে আসবে কে আসবে না জানিনা। আমি মন্ত্রী মহাশয়কে বলবো, বাংলাদেশের খ্যাতনামা ডাক্তার হিসাবে একজন বীর যেমন অন্য বীরকে মর্যাদা দেন তেমনি এদেরও মর্যাদায় ভূষিত করবেন—এই নিবেদন জানাচ্ছি। আর এখানে এটা বলবো—ওরা আয়ুর্বেদ বিলকে সমর্থন করেছেন, সেকালে ৫ শালার এটা বাদ দিয়ে বাকীটা বলেছেন, এটা রাজনৈতিক চাল। এটা না করলে বাঁচবার উপায় নাই। তারা যে ভাল কাজ না করেছে এমন নয়, অনেকে বলেছেন reactionary ইত্যাদি Communist Party বলেছে অনেক নাকি progressive কংগ্রেসী আছে, আমার ধারণা ওরা আমাদের দেশের শত্রু, ওরা দেশের ক্ষতি করার চেষ্টা করছে।

Shri Panchanan Bhattacharjee :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বছর দুয়েক আগে পশ্চিম জার্মানীর একটা পত্রিকায় শুশ্রুত সম্বন্ধে একটা প্রবন্ধ পড়েছি। তাতে বৈজ্ঞানিক লেখক লিখেছেন plastic surgery প্রথম ইয়োরোপে আসে ভারত থেকে ইটালী হয়ে। সেই প্রবন্ধে শুশ্রুত সম্বন্ধে বলতে গিয়ে বলেন কিভাবে plastic surgery introduced হয়, কিভাবে এ সম্বন্ধে গবেষণা হত। আগে ছোটখাট অপরাধের জন্যও হাত-পা নাক কাটা যেত এবং শুশ্রুত শ্মশানের মৃতদেহ হতে নাক-কান ইত্যাদি কেটে নিয়ে গবেষণা করতেন—এই প্রবন্ধ পড়ে জেনেছিলাম। স্কুলে থাকা কালে নরেন দাসগুপ্ত মহাশয় শুশ্রুত সম্বন্ধে আলোচনা করেছিলেন। পড়েছিলাম যা আরও বেশী বিজ্ঞানসম্মতভাবে ছবিটবি দিয়ে পরে বিচিত্রা ইত্যাদি পত্রিকায় বের হয়েছে যেখানে দেখান হয়েছে শুশ্রুত কিভাবে সূচীমুখ ইত্যাদি যন্ত্র ব্যবহার করতেন। আর নাবালক থাকাকালে আমি হারাণ শাস্ত্রী মহাশয়ের চিকিৎসা কাহিনী শুনেছি এবং চোখেও তাঁকে দেখেছি।

কিন্তু আমাদের দেশে Government of India Act, ১৯৩৫ সালে ভারত শাসন আইন প্রবর্তন হবার পর আশা করা গিয়েছিল হয়ত এই আয়ুর্বেদের যে লুপ্ত কয়েকটি দিক আছে সেই নিয়ে একটা ব্যবস্থা হবে। কিন্তু দুর্ভাগ্য বশতঃ নানা কারণে তা হয়নি। এমন কি ইউনানী চিকিৎসা সম্বন্ধে যতটুকু মাথা ব্যথা দেখা গিয়েছিল আজ থেকে ২৫ বৎসর আগে আয়ুর্বেদের জন্য সেটা করা হয়নি। আয়ুর্বেদ সম্বন্ধে আমরা তাকে অবৈজ্ঞানিক বলতে পারি কারণ কথা বলার উপর আমাদের দেশে কর ধার্য হয়নি, কিন্তু চিকিৎসা বিদ্যা সম্বন্ধে Alexis Carrol যিনি Nobel prize পেয়েছেন ১৯০৮ কি ১৯১০ সালে Physiology-র উপর, এবং তার অন্ততঃ ২৬ বৎসর পর তিনি একটা বই লেখেন এবং যাকে মার্কিন যুক্তরাষ্ট্র যুদ্ধের সময় Director of Health Services করে নিয়ে গিয়েছিলেন, তার সেই বইখানা পড়লেই আপনারা বুঝতে পারবেন তিনি কিভাবে চিকিৎসা বিদ্যা অর্থাৎ আধুনিক এ্যালোপেথিক চিকিৎসাকে পথে বসিয়েছেন। তিনি বলেছেন ডাক্তাররা কিছুই জানে না, তারা কতকগুলি বাঁধাধরা prescrip-

tion লিখে দিয়ে পয়সা রোজগারের দিকে বেশী জোর দেয় এবং রোগী ভগবানের ইচ্ছায় বা প্রকৃতির ইচ্ছায় কিছুটা ভাল হয়। D. Carrol এর বইতে পরিষ্কার এই কথা লিখেছেন। এর কারণ হচ্ছে তিনি এই বইতে মূলগত বিষয় নিয়ে আলোচনা করেছেন এবং দেহতত্ত্ব সম্বন্ধে এই বইটা একটা প্রামাণিক গ্রন্থ বলে স্বীকৃতি পেয়েছে। তাতে তিনি বলেছেন চিকিৎসকেরা দেহকোষ নিয়ে গবেষণা করেনা। দেহকোষের জন্ম, দেহকোষের মৃত্যু, ও দেহকোষের সৃষ্টি এবং এই দেহকোষকে কি করে চিরজীবী করে রাখা যায় এর গবেষণা রসায়ন গবেষণা থেকে কঠিন, রসায়ন শাস্ত্র, Botany গবেষণা থেকে এর গবেষণা থেকে অনেক কঠিন। তারা ঔষধের আসল রহস্য জানেনা, শুধু experimental ভাবে অমুক রোগের অমুক ঔষধ এইভাবে দিয়ে যান কিন্তু দেহকোষ সম্বন্ধে চিকিৎসকদের উৎসাহ নেই।

(Dr. Kanailal Bhattacharjee : Biochemistryতে আছে।)

Biochemistryতে কিছুটা আছে বটে কিন্তু চিকিৎসা বিজ্ঞানীদের নেই। এখন আয়ুর্বেদ নিয়ে যদি আলোচনা করা যায় তাহলে দেখা যাবে আয়ুর্বেদের মূল তথ্য ছিল দেহকোষ নিয়ে এবং দেহকোষের এই ধর্মের নাম দিয়েছিলেন ত্রিদোষ। বায়ু, পিত্ত কফ্। এদিকে বায়ু থাকলে ওদিকে পিত্ত। এখন ব্যাপার হচ্ছে এই বায়ু, পিত্ত, কফ্ এই তিনটাকে ভিত্তি করে, এই তিনটিকে axiom, স্বতঃসিদ্ধ ধরে নিয়ে এই চিকিৎসা বিদ্যা এগুতে লাগলো এবং সঙ্গে সঙ্গে তার প্রয়োগ চলতে লাগলো। এবং এই চিকিৎসা বিদ্যা শুধু আমাদের দেশে নয় সমগ্র দুনিয়ায় পথ দেখিয়েছে। Alchemistরা যেভাবে পরশমনির খোঁজ করতে গিয়ে এবং কিভাবে বেঁচে থাকতে পারা যায় তার মূল অনুসন্ধান করতে গিয়ে পরীক্ষা চালিয়েছিলেন সেইভাবে এখানে আয়ুর্বেদের সৃষ্টি হয়নি, এখানে রীতিমত গবেষণা হয়েছিল এবং সেই গবেষণার কথা এক জার্মান পত্রিকায় একজন জার্মান বৈজ্ঞানিক সুশ্রুত সম্বন্ধে লিখতে গিয়ে এই কথা লিখেছিলেন। আমরা সেটা কেউ কেউ পড়েছি এবং কেউ কেউ পড়িনি। পরবর্তী কালেও আয়ুর্বেদ মৃত বিজ্ঞান ছিলনা। সুশ্রুত ছিলেন বুদ্ধদেবের সময়কার লোক এবং চরক তার আগেকার। পরবর্তী কালেও দেখা গিয়াছে রসশাস্ত্র সেটা অত্যন্ত উন্নত ধরণের ছিল। এই আয়ুর্বেদ গবেষণার কাজ শেষ হয়ে গেল আমাদের দেশে তারাই যুদ্ধের সময় থেকে, ইতিহাসের ছাত্ররা জানেন সোমনাথের মন্দির ধ্বংস হবার সময় থেকে। এলবেরুণীর লেখা থেকে এর পরিচয় পাওয়া যায় এবং এলবেরুণী একজন সংস্কৃতজ্ঞ পণ্ডিতও ছিলেন।

[5-30—5-40 p.m.]

যাই হোক, বিজেতাদের হাত থেকে পুঁথিপত্র রক্ষা করতে পারা যায় না, অনেক জিনিস নষ্ট হয়ে গিয়েছে। পরবর্তীকালে আমীর খসরু—আমরা জানি যে ভারতের বাইরে থেকে আগত যে সমস্ত জাতি ছিল তাদের মধ্যে দৃষ্টির মিলন ঘটিয়েছিলেন। আমীর খসরুর বই···"সত্য স্বর্গ" বাংলা করলে দাঁড়ায়। যাই হোক, আয়ুর্বেদকে উড়িয়ে দেওয়া সম্ভব নয়। কিন্তু আজকে রাষ্ট্রীয় স্বীকৃতি না থাকার ফলে হাজার হাজার বৎসরের পুরাতন আয়ুর্বেদের অবস্থা শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। ইংরাজ আমলে যদিও আয়ুর্বেদকে রাষ্ট্রীয় মর্যাদা দেওয়া হয়নি তাহলেও—ইংরাজদের একটা গুণ ছিল, তাঁরা তাঁদের দেশে free trade নিয়ে লড়াই করার ফলে গণতান্ত্রিক চিন্তাধারায় অভ্যস্ত ছিল, তাদের মধ্যে laissery faire ছিল—তাঁরা আয়ুর্বেদকে বাধা দেয়নি—বাধা দিয়ে আয়ুর্বেদকে তাঁরা গলা টিপে ধরেনি, বরঞ্চ প্রকারান্তরে স্বীকৃতিদান করতেন অর্থাৎ বড় বড় সাহেবসুবোরা, এমন কি লাটসাহেব পর্যন্ত আয়ুর্বেদের সহায়তা সময় সময় গ্রহণ করেছেন। তখনো আজকের স্বদেশী আমলের মতো আয়ুর্বেদের দুর্দিন ঘটেনি। আজকে আয়ুর্বেদ চিকিৎসা করে পেট ভরে না। আজকাল আয়ুর্বেদীয় ঔষধের বড় বড় কোম্পানী হয়েছে তারা দোকানে দোকানে catalogue দিয়ে দেয়, সুতরাং এখন মকরধ্বজের জন্য আর কবিরাজ মহাশয়ের কাছে যেতে হয় না।

তারপর, State Insurance এর চিকিৎসকদের মধ্যে কবিরাজদের স্থান নাই—এটা একটা অত্যন্ত লজ্জাজনক ব্যাপার। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, Factory Rule-এ বলা আছে কবিরাজ মহাশয়দের certificate মালিকপক্ষ গ্রহণ করতে পারবেন—বলা আছে registered medical practitioners including a Hakim or Vaid. যাঁরা addl. magte কে রাষ্ট্রভাষায় ফালতু হাকিম বলেছে তাঁদেরই ভাষায় এই বৈদ্য—অথচ যাঁরা কবিরাজ বলে আজকে পরিচিত তাঁদের কার্য্যতঃ কোন স্বীকৃতি নাই। কোন শ্রমিক যদি অসুস্থতার পর কবিরাজ মহাশয়ের কাছ থেকে অথবা হাকিমের কাছ থেকে certificate নিয়ে আসে তাহলে এখানে State Insurance কর্তৃপক্ষের তা মানতে কোনপ্রকার বাধা নাই—এটা সংবিধানেও উল্লেখ করা হয়েছে regtd. medical practitioners including a Hakim or Vaid. আমি ৪০।৪২টি trade union এর সঙ্গে যুক্ত আছি। এই সূত্রে বহু case আমার হাতে আসে—তাতে আমি দেখছি, U P., Bihar, Rajasthan এসব জায়গার কবিরাজদের degree আছে, certificate আছে—কিন্তু certificateএ যা লেখা আছে তাতে বোঝা যায় তাঁরা আয়ুর্বেদ কেন, কোন চিকিৎসাই জানেন না।

বছরে হয়ত ২'৫ শত সার্টিফিকেট দেন কিন্তু তাতে তাদের পেট ভরে না। আমাদের এখানে কবিরাজ বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় যদি একটা ১৫ জনের বিড়ির কারখানার শ্রমিককে সার্টিফিকেট দেন তাহলে তা মঞ্জুর হবেনা। এই দুঃখজনক পরিস্থিতি আমাদের দেশের সরকারের নাকের ডগার উপর দিয়ে হচ্ছে। সেজন্য বলছি যে এই বিল প্রত্যাহার করে একটা নূতন বিল আনুন যাতে এইসব জিনিস যেন থাকে। এরপর পঃ বঃ সরকারের প্রতি বছরের বাজেটে বা রাজ্যপালের অভিভাষণেও এঁদের সম্বন্ধে কোন কথা দেখিনা। মুখ্যমন্ত্রী মহাশয় বলেন যে হেলথ সেন্টারে আমরা দেশ ছেয়ে দেব—পশ্চিমবঙ্গে সব জায়গায় হেলথ-সেন্টার হোক আমরাও এটা চাই—কিন্তু তাতে হবে এই যে কবিরাজ মহাশয়দের পেটে ভাত থাকবে না। কবিরাজ যেখানে সহজে পাওয়া যায় সেখানে তাঁরা সেখানকার গাছ-গাছড়া থেকে যে ওষুধ তৈরী করে দেবেন তার কোন উপায় নেই। সুতরাং যে লোকটা মারা যাবে সে যে একটু সান্ত্বনা নিয়ে মরবে সে অবস্থটা আপনারা হতে দেবেন না। কারণ এই সমস্ত হেলথ সেন্টারের প্রসারের ফলে কবিরাজদের যেটুকুন স্থান ছিল তাও শেষ হয়ে যাবে। মড়া পোড়ানোর ব্যাপারে আমি জানি যে ফাটাফাটি হয়ে গেছে। আমার বাড়ীর কাছে শ্মশান, সেখানে কবিরাজ মহাশয়ের সার্টিফকেট গ্রাহ্য হল না। আমার চেনা লোক তাই রেজিষ্ট্রারকে অনেক করেই বলে সাক্ষীসাবুদ রেখে তবে তার সৎকার হয়। মড়া পোড়ানোর ব্যাপারেও কবিরাজদের অধিকার নেই। নিজের মৃত্যুর আগে যে একটা সার্টিফিকেট রেখে যাবেন তাও হবেনা। অর্থাৎ পোষ্ট-মর্টেম করিয়ে তবে ছাড়বেন। এখানে আমার বক্তব্য হচ্ছে এই যে বিলটা করা হচ্ছে এটা খুব চমৎকার বিল এবং প্রথম কিস্তিতে একটা পাকাপাকি ব্যবস্থা করা হচ্ছে যাতে সরকারের কর্তৃত্ব থাকে। হিসাব করে দেখুন ৭ জন সরকারী সদস্য, একজন সরকারী মনোনীত সদস্য থাকবেন এই পরিষদে এবং আর একজন থাকবেন সভাপতি যিনি সরকারের তাঁবেদার। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিশ্চয় সরকারী মনোনীত ব্যক্তি, সুতরাং তাঁর মনোনীত যিনি তিনিও সরকারকে সমর্থন করবেন। অতএব ৭+২=৯ জন একদিকে নবরত্ন আর একদিকে ৭ জন এবং এই ৭ জন constant minority। এর উপর আবার ৯ জনের ভোটের জোরে নির্বাচিত হচ্ছে কার্যনির্বাহক সমিতি—গাদাভরা সংস্কৃত নাম খুঁজে নেওয়া হয়েছে। সুতরাং ৯ জন অনুপস্থিত থাকার ফলে কোন মিটিং হবেনা। এছাড়া ৩ টা কলেজের ৩ জন প্রতিনিধি আসবেন এবং ৫ জন নির্বাচিত হয়ে আসবেন। সরকারের যাঁরা মনোনীত ব্যক্তি তাঁদের পরিচয় আমরা অন্যত্র জানি—কোলকাতা বিশ্ববিদ্যালয়ে আমরা দেখছি যে তাঁরা মুখই খোলেন না এবং এমন কি অনেক মিটিং-এ যান না। সেই রকম আয়ুর্বেদের যে পরিষদ হবে তাতেও দেখা যাবে যে সরকারী মনোনীত ব্যক্তিরা সেখানে উপস্থিত থাকবেন না। সুতরাং ৫ জন যারা আসবেন তাঁদের

উপর তাবিজ করবের ব্যবস্থা আছে—সেটা হচ্ছে কার্য-নির্বাহক সমিতি। এই ভাবেই আপনাদের শাসন চালাবেন এবং আয়ুর্বেদের প্রসার করবেন। আয়ুর্বেদ ডিগ্রিকে রেকগনাইজ করছেন—ভাল কথা। কিন্তু যারা টোলে পড়েছে বা পড়বেন তাদের কি হবে? জলপাইগুড়ির টোলে আয়ুর্বেদ পড়াবার ব্যবস্থা আছে। আমি যখন কলেজে পড়তাম তখন আমি পালির ছাত্র ছিলাম। কিন্তু তখন শ্রদ্ধেয় জানকীনাথ সাহিত্য শাস্ত্রীর কাছে সংস্কৃত ভালভাবেই শিখেছিলাম। সেই জানকীনাথ সাহিত্য শাস্ত্রীর কাছে আয়ুর্বেদ পড়া রেকগনাইজ হবেনা। সেজন্য আমি বলব যে এই ব্যবস্থার মধ্যে কেন ফাঁক রাখা হয়েছে জানিনা? এর অর্থ হচ্ছে যে গভর্ণমেণ্টের কাছে পড়াশুনার জন্য যাঁরা সামান্য দক্ষিণা পান তাদের সেগুলি বন্ধ করে দেওয়া হবে।

[5-40—5-50 p. m.]

আয়ুর্বেদ পড়তে হলে সাংখ্য, দর্শন এবং যোগ জানা দরকার এবং এই ৩টি বিষয় আয়ুর্বেদ কলেজেই পড়ান যেতে পারে। কিন্তু প্রশ্ন হলো যদি কেউ সাংখ্য এবং যোগ প্রাইভেট টোল থেকে পড়ে এসে আয়ুর্বেদ পড়তে আসে তাহলে তাকে বাধা দেবেন কেন? তারপর এ ব্যাপারে কতটা গবেষণা হয়েছে তা না জানলেও এটা জানি যে, কর্ণেল চোপরা চালমুগরা, আমলকি, শতমূল এবং সহস্রপুট নিয়ে পাতার পর পাতা লিখে গেছেন। কিন্তু তার কতটুকু কাজে লেগেছে? আজকাল আমাদের দেশে উন্মাদ রোগী নিয়ে চিকিৎসা করা হয়, কিন্তু তাঁর পরীক্ষিত ব্যবস্থা গুলোর উন্নতির কোন চেষ্টাই তো দেখছিনা। তারপর একে stereotyped পন্থায় করা হলো এবং ঔষধকে standardisation করে দেওয়া হবে। কিন্তু কথা হলো যে, কা'র স্বার্থে কে standardise করবে বা এটা কে দেখবে? কাজেই এই বিলের মধ্যে অনেক ত্রুটি আছে এবং সর্বাধিক ত্রুটি হলো কবিরাজদের অর্থনৈতিক ভবিষ্যৎ যা কিছু ছিল এটার দ্বারা তার নিকাশ করা হচ্ছে। অবশ্য আগামী দিনে তাঁরা হয়ত এই বিলের মাধ্যমে ভোট পেতে পারেন তাতে আমাদের উষ্মার কোন কারণ নেই, কিন্তু তাহলেও একথা বলব যে, বর্তমানে দেশে যে বেকার রয়েছে তাতে তাঁদের সংখ্যা আরও ১৫।২০ হাজার বাড়িয়ে কাদের স্বার্থ এর দ্বারা রক্ষিত হবে? তবে ডাক্তারদের স্বার্থ এর দ্বারা রক্ষিত হবেনা কারণ তাঁদের মধ্যে বেকার আছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে যে এই বিলকে পুনরায় প্রচারার্থে ফেরত দিন। স্যার, আয়ুর্বেদে একটা কথা আছে—

"কদাচিৎ কুপ্যতে মাতা
নোদরস্থা হরিতকী।"

কিন্তু এই বিলে সেই কুমাতাও হবেন এবং হরিতকীও মাথায় ভাঙবে।

Shri Phakir Chandra Roy :

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল উথাপন করবার সময় এর উদ্দেশ্য সম্বন্ধে অনেক ভাল ভাল কথা বলেছেন কিন্তু বিলের আকারে এবং উদ্দেশ্যের মধ্যে যা লেখা আছে তাতে ভাল কোন রূপ আমরা দেখতে পাই না। সুতরাং এই বিল আয়ুর্বেদ ব্যবসায়ীদের সমর্থন লাভ করতে পারবে না কেননা এর দ্বারা কবিরাজদের প্রতি একটা অবজ্ঞার ভাব প্রকাশ করা হয়েছে এবং সাধারণভাবে ডাক্তাররা কবিরাজদের প্রতি যে অবজ্ঞার ভাব প্রকাশ করে থাকেন এখানেও ঠিক সেই ছবি ফুটে উঠেছে। যা হোক্, এ সমস্ত হওয়া সত্ত্বেও একথা বলতে হবে যে এই আয়ুর্বেদকে সমাজে স্থান দেবার জন্য এর মাধ্যমে একটা চেষ্টা করা হচ্ছে। স্যার, ১৯২১ সালে যে কমিটি অ্যাপয়েন্টেড হয়েছিল তাতে ইউনানি রিকগ্‌নিসন পেল, কিন্তু আয়ুর্বেদ রিকগ্‌নিসন পেল তার অনেক পরে। অবশ্য এটা হয়েছিল তখনকার সরকারের সাম্প্রদায়িক নীতি এবং ডিভাইড এ্যাণ্ড রুল এই পলিসি ছিল বলে। আয়ুর্বেদ এবং ইউনানী

একসঙ্গে দাবী করা সত্বেও ইউনানিকে আগে রিকগ্‌নিসন দিয়ে আয়ুর্বেদকে তারপরে দেওয়া হলো। তবে দেশ স্বাধীন হবার পর আমরা এই নীতির ব্যতিক্রম করেছি এবং আজ দেখছি দেশের জনসাধারণ যারা আয়ুর্বেদ ব্যবসা করেন এবং ভারতবর্ষের সংস্কৃতির প্রতি যাঁদের আস্থা আছে তাঁরা সকলেই চাচ্ছেন যে এই আয়ুর্বেদকে যথোপযুক্ত সম্মান দেওয়া হোক।

দেশ স্বাধীন হওয়ার পরে এমনকি পূর্বেও বিহার উত্তরপ্রদেশ প্রভৃতি জায়গাতে আয়ুর্বেদকে সম্মান দেওয়া হয়েছে। দেশ স্বাধীন হওয়ার পরে ভারত সরকার আয়ুর্বেদকে খুব উচ্চ স্থান দিতে চলেছেন। এই সমস্ত প্রচেষ্টার সঙ্গে এই সরকারের পরিচয় আছে বলে মনে হয় না। এইজন্য আমি বলতে চাই সমস্ত দিকের কথা ভাল করে বিবেচনা করে বিলটাকে রিড্রাফ্‌ট করা দরকার। সেইজন্য মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রস্তাব করছি যে একটা সিলেক্ট কমিটি গঠন করা হোক এবং সেই সিলেক্ট কমিটিকে একটা নির্দিষ্ট তারিখ দিয়ে বলে দেওয়া হোক যে এই তারিখের মধ্যে তাঁরা রিপোর্ট দেবেন এবং সেই রিপোর্টের লাইটে এই বিল নতুন করে রিড্রাফ্‌ট করে হাউসের সামনে আনা হোক।

Shri Narendra Nath Sen

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বহু বিলম্ব হলেও অবশেষে এই আয়ুর্বেদিক বিলটা আনবার জন্য আমি গভর্ণমেণ্টকে আমার অভিনন্দন জানাই। স্যার, আয়ুর্বেদ শাস্ত্র এবং চিকিৎসা পদ্ধতির উন্নতি সাধনের জন্য একটা প্রকৃষ্ট বিল অনেক দিন আগে আনা উচিৎ ছিল বলে আমি মনে করি। স্যার, আয়ুর্বেদ আমাদের এই দেশের প্রাচীনতম চিকিৎসাশাস্ত্র। কিন্তু বিদেশী শাসন এবং বৈদেশিক চিকিৎসা পদ্ধতির প্রবর্তনের ফলে এই প্রাচীনতম চিকিৎসাটা লুপ্ত হয়ে যাবার উপক্রম হয়েছে। কাজেই এটার আবার যাতে পুনরুদ্ধার সম্ভব হয় তার জন্য সম্যক প্রচেষ্টার একান্ত প্রয়োজন। স্যার, আয়ুর্বেদ বোধ হয় একমাত্র শাস্ত্র যাতে হাতের নাড়ী দেখে রোগ নির্ণয় করা সম্ভব হয়। অন্য কোন চিকিৎসা শাস্ত্রে এটা সম্ভব হয় কিনা আমি জানি না এবং আমার মতে আয়ুর্বেদ ঔষধে রোগের র‍্যাডিক্যাল কিওর করা সম্ভব হয়। আয়ুর্বেদ সার্জারির কথা পঞ্চানন বাবু বিশেষভাবে বলেছেন। আয়ুর্বেদ সার্জারি ছিল এ কথা আজকাল হয়ত অনেকে কল্পনা করতে পারেন না। কিন্তু এক সময় আয়ুর্বেদিক শল্য শাস্ত্র খুব পারফেক্ট শাস্ত্র ছিল এবং বিভিন্ন রকমের অপারেশানের জন্য বিভিন্ন প্রকার ছুরি এবং যন্ত্রপাতি ছিল। আজকে এগুলি লোপ পেয়ে গেছে। গভর্ণমেণ্ট যে গবেষণাগার স্থাপনের চেষ্টা করছেন এই গবেষণাগার করে যদি এগুলির পুনরুদ্ধার সম্ভব হয় তাহলে আমার বিশ্বাস শল্য চিকিৎসার ক্ষেত্রে একটা নতুন অধ্যায়ের সৃষ্টি হবে। স্যার, ১৯২১ সালে তৎকালীন গভর্ণমেণ্ট আয়ুর্বেদিক শিক্ষা ও আয়ুর্বেদিক চিকিৎসার উন্নতি সাধনের জন্য একটা কমিটি গঠন করেন। ১৯২৫ সালে এই কমিটি একটা কেন্দ্রীয় আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতাল স্থাপন যেমন আয়ুর্বেদিক কাউন্সিল এবং State Faculty of Ayurvedic Medicine গঠন করার জন্য একটা সুপারিশ দিয়ে একটা রিপোর্ট পেশ করেন। কিন্তু অর্থাভাবের অজুহাতে এই সুপারিশগুলি কার্যকরী হয়নি। পরে ১৯৩৭ সালে গভর্ণমেণ্ট General Council and State Faculty of Ayurvedic Medicine গঠন করলেন বটে কিন্তু তাঁরা স্পষ্ট করে বলে দিলেন কোন অর্থ সাহায্য করা সম্ভব হবে না কাউন্সিলকে। কিন্তু গভর্ণমেণ্ট আবার State Medical Faculty'র জন্য ২০ হাজার টাকা এবং Unani Faculty'র জন্য ৪ হাজার টাকা সাহায্য বরাদ্দ করেছিলেন। সুতরাং দেখা যাচ্ছে যে আয়ুর্বেদিক চিকিৎসা সম্বন্ধে গভর্ণমেণ্টের একটা বিমাতাসুলভ মনোভাব থাকার ফলে আয়ুর্বেদিক চিকিৎসা বর্তমান অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে। কাজেই এই বিলটার মারফৎ যাতে এর উন্নতি সম্ভব হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[5-50—6 p.m.]

১৯৩৭ সালে স্যার মন্মথ মুখার্জী, জাষ্টিস সিসি বিশ্বাসের সহায়তায় একটা বিলের খসড়া তৈরী হয়েছিল বটে কিন্তু সেই বিল আইনে পরিণত হতে পারেনি। ১৯৩৫ সালের শাসন সংস্কারের পরে ভারতের অন্যান্য প্রদেশে আয়ুর্বেদের সংস্কার সাধনের জন্য বিশেষ প্রচেষ্টা করা হয় এবং এজন্য বিভিন্ন প্রাদেশিক সরকার বহু অর্থ ব্যয় করেন কিন্তু দুর্ভাগ্যের বিষয় বাংলাদেশ থেকে কোন প্রচেষ্টা তখনও হয়নি। ১৯৪৮ সালে স্বাধীনতার পর তৎকালীন ডাইরেক্টর অব্ হেলথ সার্ভিসেস্ মেজর জেনারেল এ সি চ্যাটার্জী এ নিয়ে একটু প্রচেষ্টা করেন। তিনি কোলকাতার তিনটি আয়ুর্বেদ শিক্ষায়তন স্টেট আয়ুর্বেদ কলেজ য়্যাণ্ড হসপিটাল য়্যাণ্ড রিসার্চ ইনষ্টিটিউট গঠনের প্রয়াস পান কিন্তু তাঁর সে চেষ্টাও ব্যর্থ হয়। পরে ১৯৫৭ সালে বর্তমান ডাইরেকটর লেঃ জেনারেল চক্রবর্তী এ বিষয়ে আবার উদ্যোগী হন এবং তাঁর প্রচেষ্টার ফলে আজকে এই বিল আনা সম্ভব হয়েছে। কাজেই আমি এজন্য তাঁকে আমার অভিনন্দন জানাই। স্যার, এই বিলের কলম ১৮তে আয়ুর্বেদকে পুনঃ সঞ্জীবিত করবার এক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। হাসপাতাল সংযুক্ত স্টেট আয়ুর্বেদ কলেজ, আয়ুর্বেদ গবেষণাগার, আয়ুর্বেদ টোল প্রতিষ্ঠার প্রস্তাব করা হয়েছে। বিশুদ্ধ আয়ুর্বেদিক ঔষধ প্রচলনের জন্য আয়ুর্বেদ ফার্মাসিউটিক্যাল ডিপার্টমেণ্ট, ষ্টেট হারবেরিয়াম ও আয়ুর্বেদ ভেষজ উৎপাদনের ব্যবস্থা করা হয়েছে। এগুলি কার্যকরী হলে আয়ুর্বেদ জগতে এক নূতন অধ্যায়ের সৃষ্টি হবে তাতে কোন সন্দেহ নেই। এগুলি যাতে ঠিক আইনের বই-এর মধ্যে সীমাবদ্ধ না থেকে প্রকৃষ্টরূপে কার্যকরী হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। স্যার, এই বিলের কলম ৫এ এই পরিষদ গঠনের যে প্রস্তাব করা হয়েছে এর সভ্য সংখ্যা আরো বৃদ্ধি হওয়া প্রয়োজন বলে আমি মনে করি কারণ এতে নমিনেটেড মেম্বারের সংখ্যা ইলেকটেড মেম্বারের চেয়ে অনেক বেশী করা হয়েছে। কাজেই ইলেকটেড মেম্বারের সংখ্যা বাড়াবার জন্য আয়ুর্বেদ চিকিৎসকদের ভেতর থেকে আরো বেশী সংখ্যক লোক নেয়া প্রয়োজন বলে আমি মনে করি। কাজেই ৫ এতে তাঁদের সংখ্যা ৫ থেকে ৮ হলে ভাল হয় বলে আমার বিশ্বাস। এখানে যে সমস্ত আয়ুর্বেদ কলেজগুলির প্রফেসর, টিচিং ষ্টাফ আছেন তাঁদের ভেতর থেকে কোন প্রতিনিধি নেবার ব্যবস্থা করা হয়নি এর মধ্যে সেই ব্যবস্থা হওয়া প্রয়োজন বলে আমি মনে করি। স্যার, কলম ২৬এ রেজিষ্টার্ড আয়ুর্বেদ প্রাকটিসনারদের প্রত্যেক বছর রেজিষ্ট্রেসন রিনিউ করার প্রস্তাব করা হয়েছে কিন্তু মেডিকেল কাউন্সিল য়্যাক্টে মেডিকেল প্রাকটিসনারদের এরকম কোন ব্যবস্থা নেই। তাঁদের একবার রেজিষ্ট্রেসন হলে তাঁরা চিরকাল প্রাকটিস করে যেতে পারেন। এই ডিসক্রিমিনেটরী ব্যবস্থা করা হয়েছে কেন তা আমি জানিনা। আমার মতে এটা তুলে দেয়া উচিত। এই প্রসংগে আমি বলতে পারি যে একবার ১৯৩৮ সালে এরকম ব্যবস্থা করা হয়েছিল কিন্তু সেই ব্যবস্থা কার্যকরী হয়নি। তার ফলে গভর্ণমেণ্টকে এই ব্যবস্থা তখন তুলে দিতে হয় এবং সেই সময় গভর্ণমেণ্ট কবিরাজদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এটা আর প্রবর্তন করা হবেনা এবং যাঁরা একবার লাম্পসাম য়্যামাউণ্ট দিয়ে রেজিষ্ট্রেসন করবেন তাঁদের রেজিষ্ট্রেসন পার্মানেণ্ট হয়ে যাবে। সুতরাং আবার এটা কেন আনা হয়েছে আমি জানিনা, এটা তুলে দেওয়া উচিত বলে আমি মনে করি। স্যার, কলম ৩৫এর ১নং উপধারাতে আয়ুর্বেদ চিকিৎসকদের প্রতি একটা চরম অবিচার করা হয়েছে। যদিও তাঁদের ডেথ সার্টিফিকেট দেয়ার ক্ষমতা দেয়া হয়েছে।

Medical certificate, certificate of physical fitness অন্যান্য অধিকার দেওয়া হয়েছে এবং যা কোন request হিসেবে evidence দেবারও অধিকার দেওয়া হয়েছে, কিন্তু আশ্চর্যের বিষয় তাদিগকে Registered Medical Practitioner বা Duly qualified medical practitioner বলে গ্রহণ করা হবে না। এখানে একটা not বসিয়ে দেওয়া হয়েছে, এটা সমস্ত আয়ুর্বেদ চিকিৎসকদের প্রতি অপমানকর বিধান বলে মনে হয়। অন্যান্য ষ্টেটে যে সমস্ত আইন করা হয়েছে, তাঁরা আয়ুর্বেদ চিকিৎসকদের medical practitioner-এর সমান

মর্যাদা দান করেছেন। U. P. Indian Medicines Act, 1937, Bombay Medical Practitioner Act, 1938, East Punjab Ayurvedic and Unani Practitioners Act, 1949, Bihar Development of Ayurvedic and Unani System of Medicine Act, 1951. প্রভৃতি আইনে সমস্ত medical practitionerদের সমান অধিকার দেওয়া হয়েছে। কাজেই এদের এই অধিকার থেকে বঞ্চিত করা হবে কেন—আমি তা জানি না। এই not কথা তুলে দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে বিশেষ অনুরোধ জানাই।

যারা Registered Medical Practitioner নয়, এই বিল কার্যকরী হলেও তারা practice করতে পারবে কিনা—এ বিষয়ে কোন বিধান এই বিলের মধ্যে রাখা হয় নাই। আমার মতে এই বিল কার্যকরী হবার পরে একটা নির্দিষ্ট সময়ে কোন unregistered medical practitionerকে practice করতে দেওয়া উচিত নয় যদি quackery practice বন্ধ করতে হয়। তার জন্য একটা ব্যবস্থা এই বিলে থাকা দরকার।

Shri Sasabindu Bera :

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজ যে বিলটি এখানে এসেছে, এতে প্রাথমিক ভাবে আয়ুর্বেদিক শাস্ত্রীয় চিকিৎসা পদ্ধতিকে স্বীকৃতি দেওয়া হচ্ছে। সেইজন্য অন্ততঃ আমি এই বিলটিকে অভিনন্দন জানাই। যদিও এই বিলের মধ্যে যে বিধান, এর Preamble এ যে কথা বলা হয়েছে, তা কার্যক্ষেত্রে যথেষ্ট নয় বলে আমি মনে করি। আমাদের দেশে অতীতকালে প্রাচীনকালে জ্ঞানবিজ্ঞানের বহুশাখায় যে অগ্রগতি লাভ হয়েছিল, সেগুলি বহুকাল অবজ্ঞার ফলে ক্রমশঃ বিলুপ্তির পথে চলে গেছে। এই আয়ুর্বেদ বিজ্ঞান অতি প্রাচীনকালে আমাদের দেশের মাটিতে, আমাদের দেশের মনীষীদের সাধনার ফলে সৃষ্ট হয়েছিল। একে আমরা বহুদিন অবজ্ঞা করেছি। আজকে বহুদিন পরে অতীতকালের জ্ঞানবিজ্ঞানের বিভিন্ন শাখার দিকে আমরা দৃষ্টিপাত করছি। এখন আমাদের অতীতকালের গৌরবময় অধ্যায়ের দিকে ধীরে ধীরে আমাদের দৃষ্টি আকৃষ্ট হচ্ছে। আয়ুর্বেদের ক্ষেত্রে বহুদিন পরে আজকে যে আমাদের সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে, সেজন্য তাদের ধন্যবাদ দেওয়া দরকার।

এই বিজ্ঞান ভারতবর্ষের মাটির সঙ্গে সংযুক্ত, যে মাটির উপর লালিত-পালিত ভারতবাসী, তাদের সঙ্গেও এই বিজ্ঞানের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। তার জন্য আমার মনে হয় অন্য যে কোন প্রকার চিকিৎসা থেকে এই চিকিৎসা ভারতবর্ষের মাটির পক্ষে বিশেষভাবে উপযোগী। এই বিজ্ঞানকে এখনো আমাদের আধুনিক বৈজ্ঞানিক চিন্তাধারায় যাঁরা আচ্ছন্ন, তাঁরা এই আয়ুর্বেদ শাস্ত্রের বিজ্ঞানসম্মত পদ্ধতির সন্ধান খুব কম পান। অনেক ব্যক্তি এ সম্বন্ধে বলে গেছেন। এর মধ্যে যে সব সূক্ষ্ম বৈজ্ঞানিক তথ্য ও তত্ত্বের যা ছিল তা আমরা অবজ্ঞার ফলে সব হারিয়েছি। এগুলি অনুসন্ধান করা সম্ভব। আজকে বলা হয়েছে আয়ুর্বেদ শাস্ত্রের development এর জন্য, উন্নতি বিধানের জন্য এই বিল আনয়ন করা হচ্ছে। কিন্তু আমরা এই বিলে দেখছি—মূলতঃ আয়ুর্বেদ চিকিৎসা পদ্ধতি এবং আয়ুর্বেদ চিকিৎসা পদ্ধতিতে যাঁরা চিকিৎসা করে থাকেন, তাঁদের নিয়ন্ত্রণ করবার জন্য এই বিল এসেছে।

[6—6-10 p. m.]

আমি গভীর ভাবে অনুভব করি যে এই বিল পুনরায় এমন ভাবে রচিত হওয়া দরকার যাতে এই অবলুপ্ত বিজ্ঞান আবার পরিপূর্ণ মর্যাদায় বিকশিত হয়ে উঠতে পারে।

এখানে আমরা দেখছি পরিষদ ইত্যাদি রচনার মাধ্যমে সরকার যে কন্ট্রোল ও নিয়ন্ত্রণ-এর ব্যবস্থা করেছেন, তার সমালোচনা হয়েছে এবং আমার পূর্বে যাঁরা সমালোচনা করেছেন—তাঁদের

সঙ্গে সুর মিলিয়ে আমিও সমালোচনা করি এবং বলি যে আমাদের এটা বোঝা উচিত যে এই মূল্যবান বিজ্ঞান আমরা বহুদিন হয়ত অবজ্ঞা ও অবহেলা করে এসেছি এবং একে যদিও আজ ধরে রেখেছেন, এবং এর মর্যাদা আজও প্রতিষ্ঠিত রেখেছেন আমাদের দেশের কবিরাজ সম্প্রদায়-এর ব্যক্তিগত চেষ্টায় ও কিছু কিছু সমষ্টিগত চেষ্টার ফলে তাঁরা এই বিজ্ঞানকে বাঁচিয়ে রেখেছেন এতদিন ধরে। কাজেই-এর ডেভালপমেণ্টের ক্ষেত্রে, উন্নতি বিধানের ক্ষেত্রে আমার মনে হয় নিঃসংকোচে কোনরূপ দ্বিধা না করে এর বিস্তারের দায়িত্ব তাদের উপর ছেড়ে দেওয়া যেতে পারে। কারণ তাঁরা এ ক্ষেত্রে যে সাধনা, যে নিষ্ঠা আমাদের এ প্রাচীন আয়ুর্বেদ বিজ্ঞানের প্রতি দেখিয়েছেন, তাতে এই বিজ্ঞানের প্রতি তাঁদের নিষ্ঠাপূর্ণ কাজের সাক্ষ্য বহন করছে। অবশ্য সরকার পক্ষ থেকে যে অর্থ সাহায্য করা হবে, সেখানে সরকারের নিয়ন্ত্রণ রক্ষা করা দরকার। কিন্তু কবিরাজ মহাশয়দের এই সমস্ত কার্যকলাপ যাতে ব্যাহত না হয়, পরিপূর্ণ স্বাধীনতার মধ্য দিয়ে এই বিজ্ঞানকে উন্নতির পথে এগিয়ে নিয়ে যেতে পারে তার ব্যবস্থা করা দরকার। অবজ্ঞা ও অবহেলার ফলে এর বহু দিক নষ্ট হয়ে গিয়েছে। আমাদের দেশের মেধাবী ছেলেরা এই বিজ্ঞানের প্রতি আকৃষ্ট নয়। বাস্তবিক যে কোন একটা বিজ্ঞানের অনুসন্ধান, অনুধাবন, রিসার্চ ইত্যাদি করবার জন্য যেরূপ মেধাবী ছাত্র ও শিক্ষকের প্রয়োজন, এক্ষেত্রেও সেইরূপ লোকদের আকৃষ্ট করতে হলে সেই সব ব্যবস্থা সরকারের করা উচিত। সরকারের সেদিকে দৃষ্টি রাখা উচিত ছিল। প্রায় একটা মৃত বিজ্ঞানকে উজ্জীবিত করবার চেষ্টা করেছেন। এখান থেকে দৃষ্টি সরে গিয়েছে—জনসাধারণের এবং বিশেষ করে শিক্ষিত সম্প্রদায়ের যারা আধুনিক বিজ্ঞানে শিক্ষিত, তাদের দৃষ্টি সরে গিয়েছে। তাঁদের মেধাকে এই ক্ষেত্রে কাজে লাগাবার জন্য সরকারের চেষ্টা করা উচিত। যাতে মেধাবী শিক্ষিত ছাত্ররা এই বিষয়ের প্রতি আকৃষ্ট হয়ে এ সম্বন্ধে অধ্যয়ন, রিসার্চ ইত্যাদির ক্ষেত্রে আসেন তার জন্য, সেদিকে বিশেষ লক্ষ্য রেখে স্কলারশিপের মানও বৃদ্ধি করা উচিত। এই আয়ুর্বেদ বিলের বিধান সম্পর্কে সমালোচনা হয়েছে—যে আয়ুর্বেদকে যদিও খানিকটা স্বীকৃতি দেওয়া হচ্ছে, তাহলেও কবিরাজ মহাশয়দের অন্যান্য চিকিৎসক সম্প্রদায়ের সঙ্গে সমান মর্যাদায় আনতে অনিচ্ছা দেখা যাচ্ছে। বিলের ৩৫নং ধারার মধ্যে যেটা লিপিবদ্ধ করা হয়েছে, এটা করা খুব অন্যায় হয়েছে বলে আমি মনে করি। আমি আবার বলি একটা নষ্টপ্রায় অমূল্য বিজ্ঞান, তার পুনরুজ্জীবনের জন্য, তার প্রতি বিশেষ মর্যাদা, বিশেষ সম্মান, ও দরদ আমাদের সরকারের যে আছে, সেটা যদি দেখান হয়, তাহলে শিক্ষিত সম্প্রদায়, জনসাধারণ, শিক্ষিত সমাজের সকল লোক-এর প্রতি আকৃষ্ট হয়ে এগিয়ে আসবেন। কবিরাজ মহাশয়দের প্রতি যে অপমানকর ব্যবস্থা এই বিলের মধ্যে রয়েছে তা অপসারণ করা দরকার। এবং অন্যান্য চিকিৎসক সম্প্রদায়ের সঙ্গে সমান মর্যাদায় প্রতিষ্ঠিত করা একান্ত প্রয়োজন আছে। এবং এই বিজ্ঞান অনুশীলন ইত্যাদির ক্ষেত্রে এবং ঔষধ প্রস্তুত ইত্যাদির ক্ষেত্রে যে সমস্ত উপাদানের প্রয়োজন হয়, সেগুলি দিন দিন অবলুপ্ত হয়ে যাচ্ছে, সেগুলি রক্ষা করবার প্রয়াস বা চেষ্টা সরকারের তরফ থেকে হয়নি। এ সম্বন্ধে বিলে কিছু কিছু উল্লেখ করা হয়েছে বটে, কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা যায় কার্যকরী ব্যবস্থা সরকার পক্ষ থেকে খুব কম হয়।

তা যদি হয় তাহলে এ বিল দ্বারা আমরা যে সুফল আশা করি সে সুফল পাব না কাজেই সরকার পক্ষকে প্রাথমিক পর্যায়ে এই বিজ্ঞানকে একটা Impetus বা উদ্যম দেবার চেষ্টা করা উচিত। শুধু একটা বিলে আয়ুর্বেদকে কিছুটা স্বীকৃতি দিয়ে সরকারী কর্তব্য শেষ হয়েছে বলে যদি মনে করা হয় তাহলে কিছু হবে না। কাজেই বিলের গোড়ায় যে কথা বলা হয়েছিল, Preamble-এ, বিজ্ঞানের development করা, সেদিকে সরকার এগিয়ে যাবার চেষ্টা করতে কোন কার্পণ্য করবেন না এবং যথেষ্ট সংখ্যক Research-এর ব্যবস্থা করবেন। এই চিকিৎসা পদ্ধতিতে যে সমস্ত হাসপাতাল আছে তাতে দেখা গেছে আধুনিক চিকিৎসা পদ্ধতিতে যাদের উপকার হয়নি তারা এই প্রাচীন পদ্ধতির চিকিৎসায় বেঁচে গিয়েছে। তা থেকেই এটা প্রমাণিত

হয় যে এ চিকিৎসাশাস্ত্রে জিনিস আছে। আমি আশা করি সরকার তরফ থেকে উপযুক্ত চেষ্টা হবে এবং সংশোধনের ভিতর দিয়ে এ বিলকে আরও উন্নয়ন করবেন।

Shri Dasharathi Tah :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি চলতি কথা আছে, যার বিয়ে তার মনে নেই পাড়া পড়শীর ঘুম নেই। আমাদের কবিরাজ বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় কোথায় গেলেন? আমরা ১৯৫২ সাল থেকে মাথা খুটে খুটে মরছি যে এদেশের লোক অতি দরিদ্র, তাদের পক্ষে এ্যালোপ্যাথি চিকিৎসা বিলাসিতা, এত খরচ চলে না। কথায় বলে যার নাই কোন গতি তার আছে হোমিওপ্যাথি। আর আমাদের দেশের যে অবস্থা তাতে অধিকাংশ লোক ম্যালেরিয়া যুগে তারকনাথ বৈদ্য এবং পাস্তাভাত পথ্য করে রাখে। কবিরাজী গাছগাছরা পাড়া গাঁয়ে খুব পাওয়া যায় এবং সহজেই পাওয়া যায় সেদিকে নজর দেবার জন্য বলছি। কিন্তু যার চেষ্টা থাকা উচিত, যার থাকা উচিত তিনিই থাকলেন না, কবিরাজ মহাশয় রাজ্য পালিকার ভাষণ উপাদেয় বলে চলে গেলেন, এদিকে যে তার কবিরাজী বটিকা মাঠে মারা যাচ্ছে বিশেষভাবে আমি তাই দেখতে পাচ্ছি। অধ্যক্ষ মহোদয়, কবিরাজী বিলটাও একটা কবিরাজী মার্কা গোছের হয়ে গিয়েছে অর্থাৎ দয়া করে নয় চাপে পড়ে নিশ্চয়ই তারা করছেন কিন্তু এলোপ্যাথি ডাক্তারদের পক্ষে মারাত্মক হচ্ছে কবিরাজীকে কৌলীন্য দেওয়া তা হতে পারেনা—তাই কবিরাজদের নিজেদের কৌলীন্য নিজেদেরই অর্জন করতে হবে। তবে আজকে ধাঁচ হয়ে গিয়েছে কবিরাজী মনোভাবাপন্ন হওয়া, আমাদের রাষ্ট্রেও তাই দেখতে পাচ্ছি, তাই এখানে বিলের হর্তাকর্তা বিধাতা চিকিৎসকের যে মর্যাদা দেওয়া হয়েছে ভারতরত্ন ওষুধটাও একটু কবিরাজী মার্কা। এই Title দেখে মনে হচ্ছে ভবিষ্যতে ভারতবর্ষ কিছুটা কবিরাজী মনোভাবাপন্ন হয়ে যাচ্ছে, এই ধারণা হয়ে যায়। কবিরাজরা হাতুড়ে, কিন্তু তাদের নাড়ীজ্ঞান আছে, ডাঃ রায়ের নাড়ীজ্ঞান ছিলনা এতদিনে তা হওয়ার ফলে এ বিল আনতে পেরেছেন। অতএব যাদের নাড়ীজ্ঞান আছে তারা হলেন অবৈজ্ঞানিক আর যাদের নাড়ীজ্ঞান নেই তারাই বৈজ্ঞানিক এটাই আজকে আমাদের শুনতে হচ্ছে!

দ্বিতীয় কথা হল ১০০ জনকে মারলে বৈদ্য হয়। "শতমারী ভবেৎ বৈদ্য, সহস্রমারী চিকিৎসক।" শত শত মানুষ মেরে যে অভিজ্ঞতা অর্জন করলেন ফলে এলোপ্যাথি মহামারী হয়ে বসে আছে, তার দৌলতে আজকে বেশ দেখতে পাচ্ছি কবিরাজী সর্প গন্ধার সহিত চিনি মিশিয়ে দেওয়া চলছে এবং বাসক এসেন্স নাম নিয়ে বাজারে বের হয়ে যাচ্ছে। হোমিওপ্যাথি তো খানিকটা জাতে উঠেছে। কবিরাজীকে একটু আধুনিকীকরণ দরকার মেমসাহেবকে পাছা পেড়ে সাড়ী পরালে যেমন হয়। তবে সেরকম করবেন না কিন্তু যদি একটু দৃষ্টিকটুও হয়ওতো তা না করে উপায় নাই। যেমন কবিরাজী কাটলেট নিরামিষ নয় মুর্গীর মাংস দিয়েই হচ্ছে তৈরী তেমনি সেই জায়গায় আমার মনে হয় কবিরাজকে নেকটাই কোট পরিয়ে দেওয়া যায় কিংবা মোক্তারের মত জামা পরিয়ে দেওয়া যায়। কিংবা গড়গড়ার নলের মত কিছু যদি নিয়ে একটু ভারিক্কি না হতে পারেন তাহলে কবিরাজী চলা খুব দুষ্কর বলে মনে করি।

[6-10—6-20 p. m.]

হরিসভা পর্যন্ত চলছে না। যারা খোল বাজাচ্ছে তারা প্যান্ট পরে খোল বাজাচ্ছে। আর চাদর গলায় দিয়ে কীর্তন করেনা জুতা পায় দিয়ে কীর্তন করে আমরা দেখতে পাচ্ছি। এই হচ্ছে গতি। অতএব সেই জায়গায় যদি কিছুটা আধুনিকীকরণ করা যায় তাহলে হয়ত এটা চলতে পারে। তাই আমি বলতে চাই যে, আমাদের দেশের যে বিদ্যা, সেটাকে ৪র্থ বেদের পর আমরা ৫ম বেদ বলে মনে করি তাহল আয়ুর্বেদ এবং সেটাই ভারতবর্ষের অবদান সারা পৃথিবীর কাছে।

কাজেই সেটার উন্নয়ন অতীব দরকার। এবং সেই উন্নয়ন করতে গেলে দেখতে পাচ্ছি যে সেই উন্নয়ন করবার মালিক কিন্তু তারা নয়, উন্নয়ন করবার মালিক হচ্ছে অপরে। তাই দেখতে পাওয়া যায় যে university থেকে representative আসবে। হয়ত মধ্যম নারায়ণ তেলের লোক চলে এলো university থেকে। অতএব যাদের এই শাস্ত্রে প্রগাঢ় ব্যুৎপত্তি আছে এবং সাধনা আছে সেই সমস্ত লোককে এর মধ্যে আনা উচিত। নইলে দল পাকালে আয়ুর্বেদের মোটেই ভাল হবে না। এবং ক্রমে ক্রমে এই আয়ুর্বেদের যেটুকু নাম ও মানুষের ধারণা আছে তাও চলে যাবে। তাই মন্ত্রী অনাথবাবু, অবশ্য তাঁর ত কোন স্বাধীনতা নেই, অনাথবাবুকে যেভাবে চলতে বলা হয় তিনি সেইভাবেই চলেন. অতএব ডাঃ রায়কে জিজ্ঞাসা করে এবং বুঝিয়ে যাতে তার সুবুদ্ধি হয়। হয়ত তিনি বুঝতে পারবেন কারণ যখন কংগ্রেস সভাপতি শ্রীরেড্ডী বলছেন যে এত বৎসর পর আর পদে থাকা উচিত নয় কিন্তু একটা ব্যতিক্রম অন্যান্য ব্যাপারে ইঙ্গিত করা হয়েছে, হয়ত তাদের মনে পড়ে গিয়েছে মালব্যজীর কায়কল্প চিকিৎসার কথা, কবিরাজী শাস্ত্রের কথা বলা আছে, সেই কবিরাজীকে সম্মান দেখিয়ে তারা মনে করেন যত পিঁজরাপোলকে আবার সঞ্জীবিত করা হবে। বহু বুড়ো লোক আছে, মন্ত্রীমণ্ডলীর মধ্যে বলুন বা অন্য লোকও আছে সেগুলিকে আবার যদি বাঁচান যায় সেইভাবে যদি research করা যায় এবং সেই চেষ্টা যদি থাকে তাহলে হয়ত আয়ুর্বেদের খানিকটা উন্নতি হতে পারে। আয়ুর্বেদে যদি সত্যিকারের গবেষণা হয়, সে জিনিস কেউ পারেনি, রকেটে চাঁদেতে মানুষকে পাঠাচ্ছে রাশিয়া, আমেরিকা, কত কিছু করছে দেখছি কিন্তু দুইটি জিনিস কিছুতেই হলনা, অর্থাৎ একটা টাক মাথায় চুল গজালো না, আর একটা, পাকা চুল কাঁচা হল না। ভারতবর্ষের আয়ুর্বেদিকরা যদি এই দুইটি জিনিস ঠিকমত কার্যকরী করতে পারেন তাহলে টিকে থাকতে পারবেন। আর একটা কথা, আমাদের মন্ত্রীরা, যারা দেশের নেতৃবৃন্দ, যারা সব কিছুতেই 'কানু হেন গুণ নিধি কারে দিয়ে যাবো' আমরা না হলে দেশের কিছুই হবেনা, নন্দলালের মত দেশকে রক্ষা করবেন, সেই মনোভাব যদি থাকে তাহলে কিছুই হবেনা, আর যদি আয়ুর্বেদের উপর কিছু শ্রদ্ধা থাকে তাহলে হয়ত কিছু হতে পারে। আর একটা জিনিস আমি বিশেষ করে বলছি সেটা হচ্ছে, আমি অবশ্য বৈদ্যদের গোবৈদ্যের পর্যায়ে ফেলতে চাই না তাহলেও আজকে দেখছি দেশে এ্যালোপেথীতে ছেয়ে গিয়েছে। অন্য যারা গাছ গাছড়া থেকে টোটকা তৈরী করে তাদের দিকে দৃষ্টি দিয়ে দেখতে পাবেন যে, টিকে যেখানে শুকাবে সেখানেই কবিরাজী বটিকা হবে। এবং ছাগল নাদির সঙ্গে বৃহৎ ছাগল্যাদ্য ঘৃত শুকানো হবে, অর্থাৎ যত নোংরা জিনিস ও vitamin কবিরাজীর বক্কাল হবে এই রকম একটা দৃঢ় ধারণা আমাদের মনের মধ্যে হয়ে গিয়েছে। অতএব এইগুলি যদি বৈজ্ঞানিক উপায়ে, সুষ্ঠুভাবে হয় এবং মানুষ যদি বুঝতে পারে, তাহলে কাজ হবে। আমাদের রামপ্রসাদ যদি বেঁচে থাকতেন তাহলে হয়ত তিনি গান তৈরী করতেন—

কবিরাজী ঝকমারি মা
হয় না কিছু বেটে মুখো
কবিরাজীদের কবিরাজীতে চলে কচু
এ্যালোপ্যাথিদের বিকায় সুতো।

এই হয়তো তিনি লিখতেন। কিন্তু ব্যাপার হচ্ছে আজকাল খল এবং নুড়ি এই সমস্তর বদলে সেই সমস্ত অনুপান আধুনিকীকরণ করা হয়েছে, নানারকম প্যাকেট করা হয়েছে। সেই জায়গায় যাহোক করে আয়ুর্বেদ চলতে পারে। কিন্তু আমি বিশেষ করে বলছি, এই দেশে গো চিকিৎসা যা ছিল তা সব উঠে গেল এবং গো চিকিৎসা এখন veterinary dept-র হাতে পড়ে এবং ডাঃ আমেদের হাতে পড়ে যে অবস্থা হয়েছে তা একেবারে চোস্ত। তবে যে জায়গায় মানুষের ডাক্তারের চেয়ে গরুর ডাক্তারের বেশী দাম অবশ্য মানুষের জীবনের চেয়ে গরুর জীবনের দাম বেশী। এই হিসাবে অন্ততঃ গোচিকিৎসা যাতে আয়ুর্বেদ চিকিৎসকদের দ্বারা হয় এই বিধান থাকা

উচিৎ। সেজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলছি, তিনি তাঁর পূর্বপুরুষদের আশীর্বাদ নিয়ে যাঁরা বৈদ্যশাস্ত্রী হবেন তাঁরা যেন আমাদের সমাজে প্রতিষ্ঠা পান তার একটা ব্যবস্থা করুন। তা না হলে প্রসব হতে না হতে রক্ষা কবচ, মাদুলী তৈল ইত্যাদির প্রাবল্যে শিশু শেষ হয়ে যাবে, সেজন্য সেই শিশু যাতে সবল হয় তার ব্যবস্থা করুন।

The Hon'ble Dr. Anath Bandhu Ray :

মাঃ অধ্যক্ষ মহোদয়, এতক্ষণ ধরে আয়ুর্বেদ সম্পর্কে যে সমস্ত আলোচনা হল আমি তা বিশেষ মনোযোগের সংগে শুনলাম। আয়ুর্বেদের ঐতিহ্য ও প্রতিষ্ঠা সম্বন্ধে এই আলোচনা শুনে সকলেই আনন্দিত ও উপকৃত হবেন। আজকাল বাজারে যে সমস্ত ঔষধ পাওয়া যায় সেগুলি কিভাবে তৈরী হয় সেই কথা নিয়ে এখানে অনেক শ্লেষাত্মক কথা বলা হয়েছে—তার মধ্যে অনেক সত্য আছে, অস্বীকার করা যায় না। আজ ভারতবর্ষে বহুসহস্র আয়ুর্বেদসেবী রয়েছেন যারা নিষ্ঠার সংগে আয়ুর্বেদীয় পদ্ধতিতে চিকিৎসা করে জীবিকার্জন করছেন। এবং তাঁরাই আয়ুর্বেদ শাস্ত্রের ধারক ও বাহক। আজকে তাঁরা যাতে আয়ুর্বেদের স্বীকৃতির মাধ্যমে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারেন তারই জন্য এই বিল আনয়ন করা হয়েছে। আয়ুর্বেদের অনেক অত্যাশ্চর্য্য জিনিস পাশ্চাত্ত্য জগতেও সম্মান পেয়েছে ও প্রশংসিত হয়েছে। আমাদের বন্ধু পঞ্চানন ভট্টাচার্য মহাশয় আয়ুর্বেদ কিভাবে য়ুরোপের বিভিন্ন দেশে প্রচারিত হয়েছে সেই কথা বলেছেন সুন্দরভাবে। ডাঃ জ্ঞান মজুমদারও এ সম্পর্কে অনেক তথ্যপূর্ণ কথা বলেছেন। আয়ুর্বেদ শাস্ত্রে থেরাপুত্র বলে একটা কথা ছিল। তাঁরা যখন মধ্যপ্রাচ্যে ও য়ুরোপের বিভিন্নদেশে আয়ুর্বেদীয় চিকিৎসা পদ্ধতির প্রচলন করেন—এসব দেশে আয়ুর্বেদ বিশেষ জনপ্রিয়তা অর্জন করে সেই সময় তাঁদের "থেরাপুত" বলতো—এই "থেরাপুত" থেকেই বর্তমান therapeutics এসেছে। যারা চিকিৎসা বিজ্ঞান নিয়ে, ভেষজশাস্ত্র নিয়ে বই লিখেছেন তাঁরাও একথা স্বীকার করেছেন। যে সমস্ত ঔষধাবলী সহস্র বৎসর ধরে প্রচলিত রয়েছে তা একদিনের অভিজ্ঞতা থেকে তৈরী হয়নি।

[6-20—6-30]

আবার সর্পগন্ধা raulfina serpentina—বলে যে ওষুধটা আছে সেটা ছাড়া মানসিক চিকিৎসা হতে পারে না। সেই সর্পগন্ধা আয়ুর্বেদের প্রস্তুত ফল। সেই সর্পগন্ধার ভেতর এমন জিনিস রয়েছে যেমন Reserpine-এর অন্যান্য যে সমস্ত active principle অথবা alkaloid সে সব আজকাল আধুনিক প্রক্রিয়ায় বার করা হচ্ছে। Empirical empericisn raulfina serpentina ইত্যাদি যে সমস্ত ভেষজ প্রয়োগ করে ফল পাওয়া যাচ্ছে সে সম্বন্ধে আজ ২০।২৫ বছর ধরে গবেষণাগারে গবেষণা চলছে। কিন্তু সেই গবেষণার ফলে যে নির্যাস বার হবে তার দ্বারা ট্যাবলেট ইত্যাদি তৈরী করা যায় কিনা সেটা এখনও প্রমাণিত হয়নি। আয়ুর্বেদের মধ্যে ট্যাবলেট করে খাওয়ানোর বহু জিনিষ আছে—যেমন মকরধ্বজ। যারা কেমিষ্ট তাঁরা দেখিয়েছেন যে মকরধ্বজ অনায়াসে তৈরী করা যায়। ল্যাব্রোটেরিতে বুনসেন বার্ণারে ৭২ ঘণ্টা ধরে একটা আঁচের মধ্যে যদি আল দেওয়া যায় তাহলে মকরধ্বজ তৈরী হতে পারে। সেইভাবে মকরধ্বজ ইত্যাদি তৈরী করার চেষ্টা চলছে। এটা স্বীকার করি যে বহু জিনিষ লুপ্ত হয়ে গেছে। শল্য-তন্ত্রের বড় জিনিষ আজ আর আমাদের জানা নেই এর গবেষণার দ্বারা অল্প সময়ের মধ্যে যে সব জিনিষ পাওয়া যাবে তা নয়। কিন্তু বর্তমানে যা জিনিষ আছে তা ব্যবহার করে শত সহস্র আয়ুর্বেদসেবী ধন্য হয়েছেন। এই ভারতবর্ষের মৃত্তিকায় যে স্বাধীন চিকিৎসা পদ্ধতি ছিল সেই চিকিৎসা পদ্ধতি থেকে অন্যান্য জায়গায় চিকিৎসা আরম্ভ হয়েছে। আজ আমাদের জাতীয় সরকারের কর্তব্য সেই চিকিৎসা পদ্ধতিকে স্বীকৃতি দেওয়া এবং তাকে উপযুক্তভাবে প্রতিষ্ঠা করা। কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে মন্ত্রীমহাশয়ের কোন স্বাধীনতা নেই এবং তাকে যা বলছেন তিনি তাই করছেন, কিন্তু এটা সত্য নয়। যাই হোক, আয়ুর্বেদের শ্রীবৃদ্ধির জন্য যে এডুকেশান,

ট্রেনিং, প্রাকৃটিস-এর দরকার সেগুলিকে যদি আমরা ঠিক ভাবে পরিচালনা করতে পারি তাহলে আয়ুর্বেদের মধ্যে যে ঐশ্বর্য রয়েছে তা আমরা উপভোগ করতে পারব এক দেশবাসীর সেবা করতে পারব এবং তার মাধ্যমে নিজেদের ভারতীয় বলে পরিচয় দিতে পারব। কেউ কেউ বলেছেন হরীতকী মায়ের মতন স্নেহ করেন—"কদাচিৎ কুপ্যতে মাতা, নোদরস্থা হরীতকী। এটা শুধু হরীতকী নয়, আয়ুর্বেদে যে সমস্ত ভেষজ ব্যবহার করা হয় সে সবের দ্বারাও আমরা বিভিন্ন ভাবে উপকৃত হই। আয়ুর্বেদ একটা মস্ত বড় জিনিষ বার করেছেন—সেটা হল ধাত। এই ধাতের মধ্যে দিয়ে সমস্ত জিনিষের সন্ধান পাওয়া যেতে পারে। মডার্ণ সায়েন্সও—আধুনিক পাশ্চাত্য বিজ্ঞান তাকে অবলম্বন করে রয়েছে—তার সন্ধান দিতে পারিনি এবং এলার্জি, না হয় সেনসিটিভলেস প্রয়োগ করি।

কিন্তু তার ভিতর ধাত বোঝায় যে জিনিস এবং সেই অনুসারে যে ত্রিদোষ সেটা সত্যিকারের গবেষণা এবং অভ্যাসের দ্বারা এবং সেই অভ্যাস যোগের দ্বারা আয়ত্ব করে তবে সেই নাড়ী বিজ্ঞান আয়ত্ব করা সম্ভব। তবে সুখের কথা যে সে জিনিস আজও লুপ্ত হয়নি এবং এখনও অনেকে বলেন যে, নাড়ীর গতিবিধির দ্বারা এঁরা বহু জিনিস বলতে পারেন। স্যার, মডার্ণ সায়েন্সে প্রগনসিস্ বলে একটা কথা আছে এবং এই প্রগনসিস্ মানে হলো ভবিষ্যতে এই রোগ কোথায় গিয়ে দাঁড়াবে এবং তার ফল কি হবে সেটা বলতে পারা। ঠিক এই রকম আমাদের আয়ুর্বেদ চিকিৎসকগণেরও এত ষ্টক অব্ নলেজ রয়েছে যার দ্বারা তাঁরাও বলে দিতে পারেন যে এই জ্বর এতদিন পরে এখানে গিয়ে দাঁড়াবে এবং এর ফল এই হবে। সুতরাং দেখা যাচ্ছে এর ভিতর প্রচুর সমৃদ্ধি রয়েছে এবং যেগুলো গবেষণা করলে পাওয়া যেতে পারে।

My only apology to explain these things is just to state before you that I have had an opportunity as a medical practitioner to see, to learn things, to see the effect for myself.

তারপর কাজেই এই প্রগনসিস্ আয়ুর্বেদের মধ্যে যে ভাবে আছে সেগুলো আমাদের শিক্ষা করতে হবে এবং একে স্বীকৃতি দিয়ে যদি প্রতিষ্ঠা করা যায় তাহলে এর দ্বারা আমরা সত্যিকারের উপকৃত হব। আমরা অনেক জিনিস না জেনে উপহাস করে উড়িয়ে দেই। কিন্তু উপহাস করা একটা কৃতিত্ব নয় এবং এর দ্বারা কোন জিনিস প্রমাণ করাও যায় না বরং তা প্রমাণিত হয় এর নিদর্শনের দ্বারা এবং তার কি ফল হয় তার দ্বারা। আমি অবশ্য আয়ুর্বেদের জন্য কোন রকম ওকালতি করছি না, তবে আমি চাই যখন এই আয়ুর্বেদকে অবলম্বন করে এত সহস্র লোক জীবিকার্জন করছে তখন এটার উন্নতি হোক। তারপর গো এবং হাতীর চিকিৎসা পদ্ধতি পর্যন্ত এই আয়ুর্বেদের মধ্যে ছিল, আছে এবং এই প্রসঙ্গে আমি একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই এবং সেটা হলো স্বামী বিবেকানন্দ যখন রামনগরের মহারাজের বাড়ীতে যান তখন তিনি সেখানে হাতীর চিকিৎসা পদ্ধতি দেখে আশ্চর্যান্বিত হয়েছিলেন। সুতরাং দেখা যাচ্ছে যে, আয়ুর্বেদের মধ্যে প্রচুর জিনিস রয়েছে এবং সেগুলোকে কাজে লাগাতে পারলে আমাদের দেশ বহু বিষয় সমৃদ্ধি লাভ করতে পারবে এবং তার দ্বারা উপকৃত হতে পারবে। আজকে আমরা পাশ্চাত্য বিজ্ঞানের সাহায্যে অনেক বিষয়ে হাতে হাতে ফল পাই, কিন্তু আমরা যদি একবার নিরপেক্ষভাবে দৃষ্টি দেই তাহলে দেখব যে আমরা প্রত্যেকেই কিছু না কিছু আয়ুর্বেদিক জিনিস পাই রোজই ব্যবহার করি এবং তার দ্বারা ফলও পাই। যেমন, যদি কোন লোকের সর্দি বা জ্বর হয় তাহলে তার জন্য কি ঔষধ প্রয়োজন তা' আমরা জানি এবং ব্যবহার করে ফলও পাই। যা হোক, ইংরেজ আমলে আয়ুর্বেদের কোন স্বীকৃতি তো ছিলই না বরং এর অবনতিই হয়েছিল। অবশ্য ইংরেজ শাসনে আয়ুর্বেদের স্থান না করতে পারার প্রথম কারণ হলো আমরা পাশ্চাত্য জগতের সব কিছু জিনিসের উপর আকৃষ্ট হয়েছিলাম এবং দ্বিতীয় কারণ হলো বিদেশী সরকারের আওতায়

এর প্রসার লাভ করা সম্ভব হয়নি এবং যার ফলে আয়ুর্বেদের অধিকাংশ যা কিছু শিক্ষা এবং ব্যবহার তা' প্রায় লুপ্ত হয়ে গেছে।

[6-30—6-40 p.m.]

দেশ স্বাধীন হবার পর কোন জাতীয় সরকার আমাদের যে জাতীয় সম্পদ, ঐশ্বর্য তাকে অবহেলা করতে পারেন না। যে চিকিৎসা পদ্ধতিকে অবলম্বন করে সহস্র সহস্র লোক জীবিকা অর্জন করছেন তাকে আরও ভালভাবে সমৃদ্ধিশালী করতে হবে; যে জ্ঞানভাণ্ডার ছিল আবার তাঁর উদ্‌ঘাটন করতে হবে; তাকে পুনরায় সেইরকম মর্যাদায় প্রতিষ্ঠিত করতে হবে; এইজন্য এই বিল আনয়ন করা হয়েছে। সেই আসনে প্রতিষ্ঠিত করতে গেলে চাই আয়ুর্বেদ শিক্ষা এবং সেই শিক্ষা সম্বন্ধে বলা হয়েছে যে প্রথমে দরকার একটা কাউন্সিল এবং State Medical Faculty। এটা ছিল কিন্তু যেখানে আয়ুর্বেদকে প্রতিষ্ঠিত করতে হবে সেখানে ঠিক আয়ুর্বেদের মতে সেইরকম সংস্থা তৈরী করা দরকার। আমরা ভারতীয় আদর্শে সংস্থার প্রচলন করতে চাই এবং সেই সংস্থার দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হবে এবং কিভাবে পরিচালনা করা হবে, তার আর্থিক দায়িত্ব সবই সরকারকে গ্রহণ করতে হবে এবং তারপর জনসাধারণের সহযোগিতা এবং সেই বিষয়ে অগ্রণী হওয়া দরকার। আমাদের যে সমস্ত সংস্কৃত শিক্ষিত ব্যক্তি রয়েছেন তাঁদের মাধ্যমে সংস্কৃতের পুনরুদ্ধার করতে হবে। সেজন্য টোলের আবশ্যক। সেই টোলে অর্থোডক্স আয়ুর্বেদকে সংস্কৃতের মাধ্যমে যাঁরা ইংরাজী শিক্ষা করেননি, যাঁরা সংস্কৃতের উপাধি, মধ্য পর্যন্ত পড়ে সংস্কৃতি বিদ্যাতে ব্যুৎপত্তি লাভ করেছেন তাঁদের দ্বারা পড়াবার ব্যবস্থা করা এবং তার স্বীকৃতি প্রদান করাই এই বিলের উদ্দেশ্য। সেই শিক্ষা প্রসারের জন্য বর্তমানে যে ৩।৪টি আয়ুর্বেদিক প্রতিষ্ঠান রয়েছে সেই আয়ুর্বেদিক প্রতিষ্ঠানগুলিকে একত্রিত করে একটা ষ্টেট কলেজ বা মহাবিদ্যালয় তৈরী করা হবে—সেইটাই বিলের উদ্দেশ্য। সেখানে চিকিৎসা শিক্ষার ব্যবস্থা করা হবে এবং এই বিল আনয়ন করার সময় মুখবন্ধে আমি বলেছি যে fundamental science যেটা প্রাথমিক ভিত্তি সেই ভিত্তির উপর শিক্ষা করতে হবে, সেই fundamental subjects প্রথমে পড়তে হবে। সেইজন্য আমি বলছিলাম anatomy, physiology, pathology ইত্যাদি জিনিসের দরকার। পাশ্চাত্য বিদ্যার আধুনিক যে চিকিৎসা পদ্ধতি তার ভিতর যে সমস্ত সাধারণ জ্ঞান আছে সেগুলি শিক্ষা করা দরকার—যেমন diphtheria কাকে বলে, diphtheria সম্বন্ধে কি করা দরকার, appendicitis-এর কিরকম লক্ষণ হয় এবং আমাদের অন্যান্য জ্বরের যেসমস্ত লক্ষণ আছে তা থেকে কিভাবে পৃথক করতে হবে এবং প্রসূতি চর্চা ইত্যাদি তাকে জানতে হবে। তার, শুদ্ধ আয়ুর্বেদের যে হাজার হাজার ভেষজ সম্ভার আমাদের দেশে রয়েছে সেইসব ভেষজের ব্যবহার যেমন আগেকার পদ্ধতিতে ব্যবহার হত আমরা তার প্রতিষ্ঠা করতে চাই। এতদিন যে আয়ুর্বেদের সঙ্গে পাশ্চাত্য চিকিৎসা পদ্ধতি জড়িত ছিল যাকে integrated system বলে সেই system আমাদের ভারতবর্ষের সকল রাজ্যে প্রচলিত ছিল। আয়ুর্বেদের ভেষজ ঔষধের সঙ্গে পাশ্চাত্য modern science কে একত্রিত করে ব্যবহার করা হোত। সেইজন্য অন্যান্য রাজ্যে এই সমস্ত এ্যাক্টগুলি যখন তৈরি হয়েছিল সেই এ্যাক্টগুলির যদি তারিখ দেখা যায় তাহলে দেখা যাবে সেগুলি বহুদিনের এবং সেইভাবে চলে আসছে। কিন্তু তারা আয়ুর্বেদের স্বীকৃতি, তার rights and privileges দিতে সক্ষম হয়নি—সমস্ত রাজ্যে এটা করা হয়েছে। আমি স্বীকার করব আমার কাছে এই সমস্ত কাগজপত্র আছে, যখন এই সমস্ত ক্লজ উত্থাপন করা হবে যেগুলি পরে সেকসানে দাঁড়াবে এ্যাক্টের, সেই সমস্ত ক্লজের সময় বিশদভাবে আলোচনা করলে আমার দৃঢ় বিশ্বাস আমি আপনাদের প্রতিপন্ন করতে পারব যে এই বিলে এমন কোন জিনিস প্রয়োগ করা হয়নি যার দ্বারা আয়ুর্বেদকে অমর্যাদা করা হয়েছে। কাজেই এখানে আয়ুর্বেদসেবীদের কোন অসম্মানের প্রশ্ন নেই। যাঁরা লিষ্টের মধ্যে ছিলেন যাঁরা য়্যালোপাথী ডাক্তার তাঁদের রেজিষ্টার্ড প্র্যাকটিসানার বলে ধরা হোত এবং যেসব ফ্যাক্ট তৈরী হয়েছে কেন্দ্রীয় সরকার থেকে

রাজ্যসরকার থেকে—কনকারেন্ট লিষ্ট দেখে দুই সরকার মিলে সেগুলি অনুমোদিত হয়েছে। সেগুলির যে লিষ্ট তার ভেতর যে এক্সপ্রেসন আছে মেডিকেল প্র্যাকটিসানারের সেই এক্সপ্রেসন। সুতরাং এখানে অমর্যাদার কোন প্রশ্ন উঠতে পারে না। আমি বিনীতভাবে নিবেদন করবো প্রত্যেক মাননীয় সদস্যকে যে তাঁরা একটু স্থিরভাবে এবং গভীরভাবে এটা চিন্তা করে দেখুন এবং যদি প্রয়োজন হয় আমার কাছে এলে নিশ্চয়ই আমার কাছে যা কিছু কাগজপত্র আছে তা দেখাতে পারবো যার থেকে এটা প্রমাণিত হবে যে এই বিলের মধ্যে এমন কোন ক্লজ নাই যেখানে কোনরকম অবজ্ঞাসূচক বা মর্যাদাহানিকর কোন কথা লেখা হয়েছে। এখানে পরিষদের দায়িত্ব যেহেতু সরকারকে গ্রহণ করতে হবে সেহেতু সরকারের নিশ্চয়ই অধিকার থাকবে মনোনীত সদস্যদের দিয়া তা করার ; কারণ কোন কাজ আরম্ভ করতে গেলে যেমন কোলকাতা কর্পোরেশন যখন প্রথম হয়েছিল তখন সব মনোনীত সদস্য নিয়ে তা আরম্ভ করতে হয়েছিল। ক্রমশঃ যেরকম অবস্থা দাঁড়ায় সেই অবস্থানুসারে সেরকম আবার তার মডিফিকেশন য়্যামেণ্ডমেণ্ট এই সমস্ত করা হয়—তার পরিবর্তন এবং পরিবর্দ্ধন করা হয়, রুল ইত্যাদির দ্বারা তাকে সর্বাঙ্গসুন্দর করা হয়। সুতরাং এর ভেতর যদি সভ্য সংখ্যা বাড়ানো যায় তাহলে সংখ্যা এত বেশী হয় যে একটা সংসদের পক্ষে সেটা ঠিক উপযুক্ত সংখ্যা হয় না। এজন্য বহু অভিজ্ঞ ব্যক্তি চিকিৎসক এবং আমাদের মুখ্যমন্ত্রী তাঁদের নিয়ে এ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত করে এই বিল গ্রহণ করা হয়েছে এবং এখানে আনয়ন করা হয়েছে। এই যে পরিষদ তৈরী হবে সেই পরিষদের কাজ হবে তারা তিনটা আয়ুর্বেদ সংস্থাকে একত্রিত করে একটা মহাবিদ্যালয়ে পরিণত করবেন। কলেজ তৈরী করবেন এবং তার মাধ্যমে শিক্ষায় যা কিছু করবার—সূচী সিলেবাস এই সমস্ত তৈরী করবেন এবং কিভাবে শিক্ষা দেয়া হবে তা ঠিক করবেন। আমি প্রথমেই বলেছি যে আয়ুর্বেদকে স্বতন্ত্র করে নিজের ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে হবে কিন্তু তার জন্য দরকার যে বিজ্ঞান বেসিক সায়েন্স, ফাণ্ডামেণ্টাল সায়েন্স সেগুলি উপযুক্তভাবে শিক্ষা দিতে হবে এবং তারজন্য যে সিলেবাস প্রণয়ন করা হবে সেটা ঐ সংসদ তৈরী করবেন। তারপর সংসদের অন্যান্য কার্যাবলী করার জন্য কতিপয় লোক নিয়ে কার্যনির্বাহক সমিতি করা প্রয়োজন। কারণ এটা সকলের অভিজ্ঞতা আছে যে বড় কমিটি হোলে কাজের সুবিধা হয় না। সেজন্য কার্যনির্বাহক সমিতির সংখ্যা আজ সেভাবে করা হয়েছে। এই সমস্ত জিনিস ভাল করে আমি পুনরায় পরে আলোচনা করার সুযোগ পাবো। তারপর সংসদ তৈরী হবার পর আয়ুর্বেদিক যে সমস্ত ওষুধ তৈরী হবে সেই ঔষধ ম্যানুফ্যাকচার করবার উপর তাদের কণ্ট্রোল থাকবে। সরকার সেই ওষুধ তৈরী করবার ভার নেবেন, তাকে ষ্ট্যাণ্ডার্ডাইজ করবেন এবং সেই ওষুধ যাতে ঠিক উপযুক্ত উপায়ে শাস্ত্রীয় মতে তৈরী হয় তার ব্যবস্থা করবেন। কয়েকজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন যে বাজারে বহু ভেজাল ঔষধ চলছে এটা অস্বীকার করার উপায় নেই।

[6-40—6-51 p.m.]

কিন্তু ভেজাল ওষুধের জন্য সরকার যতদূর সাধ্য চেষ্টা করছেন। তবে এ সম্বন্ধে জনসাধারণেরও কর্তব্য আছে। আমরা অনেক সময় দেখি—spurious drugs, faked medicine কিংবা যে সমস্ত ওষুধ low standard-এর সে সব ধরা হয়েছে। কিন্তু সব সময় প্রমাণ পাওয়া যায় না। তাই বলবো এ বিষয়ে জনসাধারণেরও কর্তব্য আছে, তাঁরা এ বিষয়ে সচেতন হবেন এবং যেখানে প্রয়োজন অকপটে, নির্বিচারে—কোন রকম ভয় না করে, সেগুলি ধরিয়ে দেওয়া বা বের করা উচিত। যাতে করে আইনে তারা দণ্ডিত হতে পারে, সে বিষয়ে তৎপর হতে হবে। কিন্তু আমরা অনেক অবহেলা করি। কাজেই আমাদেরও কর্তব্য রয়েছে। তাই বলে আইন করা হবে না সে হতে পারে না।

কবিরাজী ওষুধ যেসব তৈরী হচ্ছে, ছাগলাদ্য ঘৃত বা বটিকা, চ্যবনপ্রাশ ইত্যাদি কথা অনেকে বলেছেন। কিন্তু আমি বলবো এই চ্যবনপ্রাশ সত্যিই একটা অপূর্ব সৃষ্টি, এটা অপার্থিব। এই

চ্যবনপ্রাশ মানুষকে অরাব্যাধি থেকে মুক্ত করতে পারে। ইতিহাস আলোচনা করলে দেখা যাবে এই চ্যবনপ্রাশের উৎপত্তি কিভাবে হয়েছিল। যাকে ভাইটামিন "সি" বলে—চ্যবনপ্রাশে যে আমলকী, হরিতকী ইত্যাদি রয়েছে—যা নিয়ে পরিহাস করা হলো ; তাতেও এই vitamin C রয়েছে। এটা যক্ষার ওষুধ। পাশ্চাত্য দেশে যে যক্ষার ওষুধ আছে, তা নয়। আরো বহু জিনিষ এই আয়ুর্বেদের মধ্যে রয়েছে, যা প্রয়োগ করবার সুযোগ নাই। তারজন্য উপযুক্ত ক্ষেত্রের দরকার আছে। আগে দরকার হচ্ছে—সেই রকম হাসপাতাল তৈরী করা। সব ক্ষেত্রে হাসপাতাল শুধু যে কলেজের সঙ্গে সন্নিবেশিত করে চালু করতে হবে তা নয়। বিভিন্ন স্থানে এই হাসপাতাল করতে হবে। তারজন্য উপযুক্ত সুচিকিৎসক তৈরী করতে হবে। এই আয়ুর্বেদ শাস্ত্রে ওষুধ ছাড়াও আরো বহু জিনিষ আছে। এই যে ওষুধ তৈরী হবে, সেই ওষুধ যাতে শাস্ত্রীয় মতে তৈরী হয়, তার দিকেও ব্যবস্থা করতে হবে, নজর দিতে হবে এবং এই বিজ্ঞাপন দ্বারা অনুপযুক্ত ওষুধ যারা বিক্রী করছে, সেটাও বন্ধ করা দরকার হবে। তা না হলে কবিরাজীর সুনাম অক্ষুণ্ণ থাকবে না।

সেইজন্য এই ওষুধ manufacture করার বা তৈরী করার দায়িত্বও সরকারকে নিতে হবে। ওষুধ তৈরী করবার জন্য ভৈষজ্য উদ্যান বা herbarium করা প্রয়োজন। আমাদের ভৈষজ্য উদ্যান তৈরীর যে সুযোগ, তেমন সুযোগ আর কোথাও নাই।

ইউরোপে যান, সেখানে দেখতে পাবেন মাইলের পর মাইল ধরে বিভিন্ন ধরণের গাছ রয়েছে, তার মধ্যে কতকগুলি ওষুধের ভৈষজ গাছও আছে। আমাদের ভারতবর্ষেও বহু ভৈষজ আছে। সেই সমস্ত ভৈষজ আমাদের ভারতবর্ষের মৃত্তিকাতে ভৈষজ উদ্যানরূপে তৈরী করতে পারি। আমাদের এখানে 'রঙ্গতে' যে medicinal plant তৈরী হয়েছে, তা দেখে সকলে আশ্চর্য্য হয়ে যাবেন। ইতিপূর্বে 'Ipecacuana' যেটা আমাদের এখানে হ'ত না, সেটা এখন হচ্ছে। এখান থেকে বহু লক্ষ টাকার 'Ipecacuana' বিদেশে চালান হচ্ছে। এবং বৈদেশিক মুদ্রা উপার্জনেরও কাজ হচ্ছে। হিমালয়ের পাদদেশে সাব্ হিমালয়ান রেঞ্জে নদীর কাছে যেখানে alluvial soil, সেখানে বহু ভৈষজ হতে পারে। সেই সমস্ত ভৈষজ ও বনস্পতি নিয়ে আমাদের এখানে একটা ভৈষজ উদ্যান করা উচিত, এবং তার থেকে ঔষধ তৈরী করা দরকার।

[এ ভয়েস—বনস্পতি কি দালদা ?]

বনস্পতি বললেই দালদা মনে পড়ে।

এই সমস্ত ভৈষজ বনস্পতি নিয়ে যাতে আমাদের এখানে ওষুধ তৈরী করা যায় তার জন্য বিলে ব্যবস্থা করা হয়েছে।

যারা আয়ুর্বেদসেবী, তাদের rights and privileges যাতে প্রতিষ্ঠিত হতে পারে তার ব্যবস্থা এই বিলে রয়েছে। অন্যান্য সুচিকিৎসকগণ যে শিক্ষার বলে তাঁরা সর্বত্র স্বীকৃতি পান, তাঁদের নামের সার্টিফিকেট গ্রাহ্য হয়—যেমন death certificate or physical fitness certificate এবং কাছারীতে যে সমস্ত এফাহার সার্টিফিকেট আছে তা তাঁরা দিয়ে থাকেন ও তা গ্রাহ্য হয়। অর্থাৎ যে কোন qualified medical practitionerকে যেমন স্বীকৃতি দেওয়া হয়েছে, আয়ুর্বেদ practitioner কবিরাজদেরও সেইরকম সব স্বীকৃতি দেওয়া হয়েছে। সুতরাং আয়ুর্বেদসেবীদের বা সেই সমস্ত কবিরাজদের এই সমস্ত qualified practitionerদের যে সমস্ত rights and privileges আছে, তা দেবার ব্যবস্থা করা হয়েছে। তার কোন ত্রুটী নেই। যদিও অনেকে বলেছেন ত্রুটীপূর্ণ। আমি অনুরোধ করবো আপনারা যদি বিশেষ মনোযোগ সহকারে চিন্তা করে দেখেন, তাহলে দেখবেন আয়ুর্বেদকে সত্যিই প্রতিষ্ঠা করবার জন্য তাকে প্রসার করবার জন্য এবং আয়ুর্বেদ শাস্ত্রের শিক্ষায় শিক্ষিত করে সত্যিই দেশবাসীকে গড়ে তোলবার

জন্য এই বিলে ব্যবস্থা করা হয়েছে। আর্ত, দুস্থ, পীড়িত যে সমস্ত রুগ্ন ব্যক্তি এঁরা তাদের যাতে সেবা করে আমাদের দেশকে বড় করতে পারেন, আমাদের দেশের ভৈষজ ঐশ্বর্য কাজে লাগাতে পারেন, এবং দেশে যে জ্ঞানভাণ্ডার রয়েছে, তা যদি উদ্ঘাটন করতে পারেন, তাহলে দেশের অর্থনৈতিক ভিত্তির দিক থেকেও তারা দেশের বড় উপকার করবেন। যদি আয়ুর্বেদকে স্বীকৃতি দিতে হয়, তাহলে আমি নিবেদন করবো অধ্যক্ষ মহাশয় এই বিলটি যদি একটু ভালভাবে দেখেন তাহলে নিশ্চয়ই কুণ্ঠাবোধ করবেন না—যে এই ধরণের আয়ুর্বেদ বিল বহুদিন ধরে জনসাধারণ আশা করে আসছেন। তাঁরা প্রত্যাশা করেছেন যে আয়ুর্বেদকে এই রকম ভাবে স্বীকৃতি দেবেন সরকার। সংবাদপত্রেও এইভাবে প্রচার করা হয়েছে। এখানে বহু ত্রুটী-বিচ্যুতির কথা উল্লেখ করা হয়েছে। তা যতদূর সম্ভব দূর করার চেষ্টা হবে। আমি যে সমস্ত কথা বললাম, আশাকরি আপনারা সকলে সেগুলি বিশেষভাবে চিন্তা করে দেখবেন। তাঁরা যদি সেইভাবে দেখেন তাহলে তাঁরাও সম্মত হবেন এই আয়ুর্বেদকে স্বীকৃতি দেবার জন্য। এই বিল যাতে গ্রহণ করা হয় সেজন্য আমি সকলকে অনুরোধ করছি।

The motion of the Hon'ble Dr. Anath Bandhu Ray that the Paschim Banga Ayurvedic System of Medicine Bill, 1960, as passed by the Council, be taken into consideration, was then put and agreed to.

Mr. Speaker : The House stands adjourned till 3 p.m. on Monday, the 6th February, 1961, when the debate on the motion of address in reply to the Governor's speech will be taken up.

Adjournment

The House was accordingly adjourned at 6-51 p.m. till 3 p.m. on Monday, the 6th February 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 6th February, 1961, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 177 Members.

[3—3-10 p.m.]

Mr. Speaker : There are some adjournment motions and a calling attention notice. So far as the adjournment motions are concerned, I have refused consent. So far as the calling attention is concerned, the Hon'ble Chief Minister wi l make a statement now.

Statement under calling attention notice.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

Sir, a question has been asked as to the availability of resources for purposes of developing Calcutta town as also for providing for sufficient potable and safe drinking water and providing arrangements for proper sewerage and drainage of the Greater Calcutta area. (Shri Jatindra Chandra Chakravorty : That is not my question). Will you kindly listen to me ?

Sir, before we discuss the resources, it is as well that I should give in brief the proposal that the West Bengal Government has been pursuing for the last two or three years. It is well known that epidemic diseases like cholera typhoid, etc., which periodically appear in the city of Calcutta have been due to the lack of supply of sufficient quantity of safe water, particularly in the bustee areas. The flooding that took place in the South Calcutta area during 1959 is also a reminder that measures are urgently called for to provide drainage for the various outlying areas of Calcutta. The natural drainage which originally served Calcutta having been silted up, new provisions have to be made. For such purposes the West Bengal Government asked for the aid of the Central Government to help the State by requesting the World Health Organisation to examine the situation in Gr ater Calcutta area regarding water supply, sewerage, drainage and give their observations. While the World Health Organisation was considering this, the West Bengal Development Corporation were considering the question of having an accessory township near Calcutta which will on the one hand provide suitable building sites as also houses for those who are now living in Calcutta under very difficult housing conditions. Many of them probably have no roof over their head to shelter them. It was also felt desirable that in this new township there should be provided various amenities like schools, colleges, hospitals, dispensaries, post-offices, commercial houses, location of small industries so that part of the over-crowding in Calcutta might be relieved. The West Bengal Legislature, as we all know, had passed the Slum Clearance Act. Action is being taken under this Act but the matter is proceeding slowly. It was felt that perhaps a bold approach was desirable so far as Calcutta's problems are concerned. As we are all aware, the

World Bank Mission had travelled in different places of India to decide the question of aid to the Third Plan. This they did of their own and they criticised severely the situation in Calcutta. A project for a township has been proposed by the West Bengal Development Corporation and also a preliminary project for improvement of water supply, sewerage and drainage not merely of Calcutta but of the 32 Municipalities on either side of the river Hooghly by the World Health Organisation, The World Health Organisation was definitely of opinion that the problems of all these municipalities should be considered together because the source of water supply remaining the same for all the municipalities, it is difficult for any scheme to be considered in isolation. Any scheme for drainage of the area must take into account the situation in all these municipal areas.

It is estimated that development of the township as well as the programme of water supply, sewerage and drainage would cost nearly Rs. 400 crores, if not more. It will perhaps take a few years before the project is completed. West Bengal has placed Rs. 10 crores for the projects in the Third Five Year Plan to start with. The Planning Commission at the last meeting of the National Development Council had indicated that sum of Rs. 50 crores. I am reading out from the report—for several schemes including the development of Calcutta, has been set apart by the Government of India. How much of this Rs. 50 crores will be actually allotted to Bengal has not yet been indicated, but in any case, when the matter has once been placed in the Third Five Year Plan we can go up to the Government of India for further aid and we can perhaps get aid from the International Development Association and similar bodies who are prepared to give aid for the development of different underdeveloped areas in the East. It is difficult at this stage to say anything more about the resources. The two projects, namely, a township and provision for sanitary amenities are being combined into one by the Ford Foundation. It is possible that the purchase of equipments which require foreign exchange may be possible if these equipments are supplied by bodies like Ford Foundation. It is difficult to say much more at this stage. But it is important to remember that both these schemes are self-financing. Once they get going, they can recover certain parts of the money by sale of developed land or by sale of water as may be produced by these projects, and the scheme may be implemented in stages during the next few years.

A question has been asked about the allotment of resources. Probably my friend does not know that allotment of resources does not take place until the scheme is complete in all its details and ready for implementation. We are not at that stage yet, but we have got sufficient indication that from the allocation—not allotment—of funds both by the Third Five Year Plan of the State as well as the Central Plan that the Plan can now go ahead.

Shri Jatindra Chandra Chakravorty :

পার্লামেন্টে কলিং এ্যাটেনসন এর উত্তরের পরে একটা কোশ্চেন করতে দেওয়া হয়।

Mr. Speaker : There cannot be any debate on this. Let us follow our own rules. Mr. Badrudduja will now read his matter.

Shri Syed Badrudduja : Sir, it is a simple matter which has been published in most of the newspapers. A horrible accident took place last evening at about 6-3 p.m. due to reckless driving of a car by a driver across the Lower Chitpore Road, wounding about 30 persons, 7 of whom have already died. The accident is most unprecedented in the city of Calcutta.

Mr. Speaker : Don't make a statement.

Shri Syed Badrudduja : Sir, I am only mentioning the fact that an accident took place and immediately after the accident.....

Mr. Speaker : We have got the idea. It will be taken up tomorrow. We now take up the debate on the Governor's address. There are twenty-nine amendments and I take them as moved.

1. **Shri Subodh Banerjee** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that there is not even the recognition of the increasing economic ruination, political persecution and cultural degradation brought upon the life of the common men of our country by the present rulers."

2. **Shri Chitto Basu** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the Governor's Speech does not reflect the actual state of affairs of the State and does not offer any solution to the basic problems facing the State."

3. **Shri Sudhir Chandra Ray Chaudhuri** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that nothing has been said about the proposed Indo-Pakistan Rail Link and no remedy has been suggested in respect of gruesome happenings in Assam.

4. **Shri Renupada Halder** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that there is no mention of effective measures which the Government intends to take in order to detect large scale *mala fide* transfer of lands made by unscrupulous *jotedars*, stop eviction of *bargadars* from lands cultivated by them, punish those owners who have forcibly taken away the produce of lands cultivated by *bargadars*, permanently settle lands vested with the Government with agricultural labourers and poor peasants free of cost, improve the irrigation and drainage system, enforce moratorium of old debts of the poor peasants and agricultural labourers, stop private trading in foodgrains and introduce State-trading in foodgrains, etc., for the purpose of improving the conditions of the peasantry and the chronic food problem in West Bengal."

5. **Shri Phakir Chandra Ray** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely,—

"But regret that there is no mention in the Speech of any proposal to hasten the construction of the proposed Farakka Barrage."

6. **Shri Jatindra Chandra Chakraborty** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the Governor has not given the full picture of the realities of the situation now prevailing in the State."

7. **Shri Hare Krishna Konar** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের কৃষিব্যবস্থার ভঙ্গুর অবস্থা, কৃষির উন্নতির প্রকৃত ভিত্তিস্থাপনের জন্য একান্ত প্রয়োজনীয় ভূমি-সংস্কারের ক্ষেত্রে সরকারের চরম ব্যর্থতা, জমিদার-জোতদারদের বেআইনি জমি হস্তান্তর প্রতিরোধে সরকারী অবহেলা, কৃষকদের বিরুদ্ধে জোতদার ও পুলিশের অন্যায় আক্রমণ, কৃষকসমাজের ব্যাপক অংশের ক্রমবর্ধমান চরম দুরবস্থা প্রভৃতি বিপজ্জনক অবস্থাগুলির কোন উল্লেখ নাই। এইসবের ফলে কৃষিব্যবস্থায় বিশৃঙ্খলা এবং কৃষকদের ব্যাপক অংশের, বিশেষত গরিব কৃষক, বর্গাদার ও ক্ষেতমজুরদের দুরবস্থা বৃদ্ধি পাইতেছে। রাজ্যপালের ভাষণে এই সবের প্রতিকারের কোন কথা নাই। ক্রমবর্ধমান ঋণের বোঝা, দাদনের জুলুম এবং জমি কোবালা না করিয়া ঋণ না পাওয়ার বিপজ্জনক পদ্ধতি সম্বন্ধেও কোন উল্লেখ ইহাতে নাই। অত্যধিক ক্যানেল-করের বোঝা কৃষকদের মধ্যে যে ন্যায়সঙ্গত বিক্ষোভ সৃষ্টি করিয়াছে এবং যাহা সেচের অন্যতম উদ্দেশ্যকেও ব্যাহত করিতেছে তাহারও প্রতিকার সম্বন্ধে কোন উল্লেখ ইহাতে নাই। বন্যার পুনরাবৃত্তি ও তাহার ভয়াবহ ধ্বংসলীলার কথা বিবেচনা করিয়া তাহার প্রতিকারের জরুরী ব্যবস্থা গ্রহণ করা দূরের কথা, এমনকি সরকার বন্যা তদন্ত কমিটির রিপোর্ট আজ পর্যন্ত প্রকাশ করেন নাই, অথচ এ বিষয়েও রাজ্যপালের ভাষণে জনগণকে আশ্বস্ত করার কোন ব্যবস্থা নাই।"

8. Shri Pramathanath Dhibar: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that there is no mention in her speech of—

(i) the failure of the Government to solve the unemployment problem in the State;

(ii) the failure of the Government to adopt the compulsory primary education in the State;

(iii) the failure of the Government to make arrangement for the medical facilities to the public in general in the State;

(iv) the failure of the Government to remove the departmental corruption and nepotism in the State."

9. Shri Deo Prakash Rai: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the Governor's Speech contains—

(i) the same stereotyped excuses for the failures of the Government in the past; and

(ii) unreal hopes for the future."

10. Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে এই রাজ্যের শিল্প এবং শিল্প শ্রমিকদের অবস্থার প্রকৃত চিত্র দেওয়া হয় নাই।"

11. Shri Suhrid Mullick Chowdhuri: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the total failure of the rehabilitation policy of the Government has not been recognised in her speech."

12. 13. Shri Bhadrabahadur Hamal and **Shri Mangru Bhagat** : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে নিম্নলিখিত বিষয়গুলির কোন উল্লেখ নাই—

(১) দার্জিলিঙ জেলার নেপালী ভাষাভাষী অঞ্চলে আঞ্চলিক স্বায়ত্তশাসন চালু করার ক্ষেত্রে সরকারের ব্যর্থতা ;

(২) প্রতিশ্রুতি সত্ত্বেও দার্জিলিঙ জেলার নেপালী ভাষাভাষী অঞ্চলের দৈনন্দিন শাসন-কার্য পরিচালনায় নেপালী ভাষা চালু করার ক্ষেত্রে সরকারী ব্যর্থতা ;

(৩) চা-বাগানের শ্রমিকদের জন্য নিযুক্ত 'মজুরি বোর্ড' ও নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস এবং চা-বাগান মজদুর ইউনিয়ন-এর প্রতিনিধি গ্রহণে সরকারের অনিচ্ছা ও অস্বীকৃতি।"

14. Dr. Hirendra Kumar Chattopadhyay : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে নিম্নলিখিত বিষয়গুলির কোন উল্লেখ নাই—

(১) কারিগরী শিক্ষা সহ উচ্চ শিক্ষা, মাধ্যমিক শিক্ষা এবং প্রাথমিক শিক্ষাব্যবস্থায় চরম অরাজকতা এবং বিশৃঙ্খলা ;

(২) শিক্ষা সংকোচনে সহায়ক সরকারের শিক্ষানীতি ;

(৩) সরকারের শিক্ষানীতির ফলে শিক্ষার ব্যয়ভার বহন করার জনসাধারণের অসামর্থ্য।"

15. Shri Natendra Nath Das : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that no mention has been made about—

(i) fixing the minimum price level of rice and paddy in order to protect the interest of the agriculturists ;

(ii) the policy of rehabilitating 27,000 Bengali-speaking evacuees from Assam still remaining in West Bengal ;

(iii) any scheme for removing the scarcity of milk supply in the rural area ;

(iv) any scheme for utilising cowdung as a cheap manure and replacing its use as fuel by coal or wood ;

(v) any clear-cut policy for distribution of surplus lands vested in the State ;

(vi) any scheme for solving the problem of unemployment among the educated middle-class youths ;

(vii) the implementations of extending Subdivisional Hospitals and establishment of Rural Health Centres ;

(viii) the reorganisation of the Board of Secondary Education ; and

(ix) any scheme for providing teachers to the upgraded Higher Secondary Schools specially in the mofussil area."

16. Shri Bhakta Chandra Roy : Sir, I beg to move that the following be added at the end to the Address in reply, namely—

"But regret that there is no mention of any proposal to improve the social and economic condition of the poor rural population of West Bengal.

17. Shri Gobardhan Pakray : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that—

(i) the Speech does not mention any concrete achievement reached in the State during the Second Plan period ;

(ii) the Speech makes mention of Third Plan only with larger allotment than that of the Second Plan, but with no definite goal ;

(iii) there is no mention about the failure of the Government in tackling the day-to-day soaring of prices of essential commodities in comparison with price-level of paddy and rice in the State ;

(iv) no mention has been made about the failure of the Government in redressing the legitimate grievances of the Government employees specially of the lower grade and of the class IV services ;

(v) no mention has been made of better prospect of remuneration for the services of the primary school teachers in the State ;

(vi) no definite programme has been formulated for better livelihood in rural areas ;

(vii) no mention has been made regarding proper and fair distribution of khas lands among the landless tillers belonging to Scheduled Castes and Scheduled Tribes communities ;

(viii) there is no mention of checking corruption in administrative sphere of the State ;

(ix) there is no reference of the navigable channel lying unserviceable ;

(x) save and except, capital utilisation in the Third Plan, the Speech makes no mention of Government Policy in all its administrative spheres ; and

(xi) the Speech has failed to give the real picture of the State of today".

18. Dr. Abu Asad Md. Obaidul Ghani :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the Governor's Address is not in any way a policy Speech so far as the problem of health in the State is concerned ; that it ignores the main lacunae and defects of the health services ; and that it gives a misleading picture of the State Health policy."

19. Shri Tarapada Dey :

Sir I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret—

(i) that the Governor has failed to realise the actual position of the people

of the State and that the policy of the Government as described is not in harmony with the interest of the people ;

(ii) that the policy of the Government, as outlined in the Address, ignores the indispensible necessity of Land Reform for giving lands to the actual tillers of land and thus refuses the proper development of the State by improving the economic conditions of the peasantry, who form the overwhelming majority of the population ;

(iii) that there is no mention of the question of the contribution of Central Government in helping the evacuees from Assam ;

(iv) that the question of rehabilitation of those unfortunate refugees has not been raised ;

(v) that the problem of rehabilitation of the refugees of East Pakistan has not been properly dealt with ;

(vi) that the Dandakaranya Project, over which there has been so much controversy, has not been explained at all while attempts are being made to force the refugees to go there ;

(vii) that the measures to be adopted for improvement of agriculture and food production do not include any provision for distributing land to the real cultivators by taking away the surplus lands in the possession of non-agricultural people ;

(viii) that the Government have no plan of giving protection to the share-croppers from eviction ;

(ix) that the Government lacks in any scheme for collective farming after distribution of surplus land to the landless labourers or poor peasants ;

(x) that there is no mention as to the necessity of framing new laws and rules for Co-operation ;

(xi) that no immediate schemes are formulated to meet the dire need of water-supply for drinking purposes ;

(xii) that the question of construction of roads and excavation of canals for irrigation has been set aside ;

(xiii) that undue importance has been given over Community Development Project, which, so far seen, has failed to solve the economic problem of rural areas ;

(xiv) that nothing has been said as to how to employ the unemployed population of the State ; and

(xv) that the education policy of the Government has failed to cope with the actual demand."

20. Shri Elias Razi :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely,—

"But regret that there is no mention of any proposal for fixation of price of jute in the State."

21. Shri Jyoti Basu :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে নিম্নোক্ত বিষয়গুলি সম্পর্কে কোন উল্লেখ নাই, যথা—

(১) বাঙলাভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে চালু করিবার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ ;

(২) জনসাধারণের নাগরিক অধিকার এবং শ্রমিক ও সরকারী কর্মচারীসমেত অন্যান্য কর্মচারীদের ট্রেড ইউনিয়ন অধিকারের বিরুদ্ধে ক্রমবর্ধমান আক্রমণ ;

(৩) জনসাধারণ ও সর্বপ্রকার গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে দমনমূলক ব্যবস্থাগ্রহণ ;

(৪) সমস্ত পৌরসভার নির্বাচনে পূর্ণবয়স্ক মাত্রকেই ভোটাধিকার না দেওয়া ;

(৫) মূল্যমান বজায় রাখিতে অক্ষমতা ও ক্রমাগত মূল্যবৃদ্ধি এবং বেকারী ও উপযুক্ত মজুরীর অভাবে জনসাধারণের জীবনে ক্রমবর্ধমান সঙ্কট ;

(৬) জাতীয় আয়ের অসম বণ্টন ও মুষ্টিমেয় লোকের হাতে আয় ও সম্পদ কেন্দ্রীভূত হওয়া এবং বিরাট পরিমাণে আয়কর ফাঁকি দেওয়া ;

(৭) ধনতান্ত্রিক বিদেশী রাষ্ট্রগুলি হইতে বেসরকারী মূলধন আমদানি করা এবং সরকারী ও বেসরকারী ক্ষেত্রে শিল্পপ্রচেষ্টার জন্য বৈদেশিক সাহায্যের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা ;

(৮) জাতীয় অর্থনীতির সমৃদ্ধির জন্য দেশী ও বিদেশী শিল্পগুলিকে রাষ্ট্রায়ত্ত না করা এবং শিল্প প্রচেষ্টায় রাষ্ট্রায়ত্ত অংশের সম্প্রসারণ ও গণতন্ত্রীকরণে ব্যর্থতা ;

(৯) কৃষকদের স্বার্থের অনুকূলে ভূমিব্যবস্থার সংস্কারের ব্যর্থতা ;

(১০) মজুতদার ও মুনাফাবাজদের কবল হইতে খাদ্যশস্যের ব্যবসায়কে মুক্ত করিয়া রাষ্ট্রায়ত্ত করিতে ব্যর্থতা ; এবং

(১১) কলিকাতার উপকণ্ঠে প্রস্তাবিত উপনগরী স্থাপন করিতে গিয়া যে দুই লক্ষাধিক কৃষক ও অন্যান্য লোক যাহারা উৎখাত হইবে তাহাদের অর্থনৈতিক পুনর্বাসন সম্পর্কে কোন প্রতিশ্রুতি না দেওয়া।"

22. Shri Sasabindu Bera :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the speech—

(i) lacks due appreciation of the shattered economy of rural West Bengal, especially of the peasantry, rural artisans, and fishermen, and fails to guarantee any kind of economic rehabilitation for these people or any solution of their food problem and other problems of life.

(ii) fails to present a true picture of unemployment in the State and points to no definite measures for the solution of the problem :

(iii) contains no realisation of the wide scale frustration and wastage in the field of education in the State ; and

(iv) makes little or no reference to many other problems in the State and measures taken or proposed to be taken by the State Government for their solution."

23. Shri Syed Badrudduja :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret—

(i) that there is no mention of the failure of the administration to implement the Land Reforms Act or otherwise to improve the lot of the agriculturists ;

(ii) that there is no mention of the failure of the administration to take any effective steps to solve the acute unemployment problem :

(iii) that there is no mention of the failure of the Government to implement the fundamental rights of citizens, particularly of the Muslim minority :

(iv) that there is no mention of any effective steps to save the agriculturists particularly innocent Muslims from the inhuman tyrannies and tortures of unscrupulous police officers ; and

(v) that there is no mention of the failure of the Government to check bribery, corruption and nepotism in the various spheres of life."

24. Shri Ganesh Ghosh :

I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সাথে লক্ষ্য করিতেছি যে, নিম্নলিখিত বিষয়গুলির কোন উল্লেখ নাই—

(১) রবীন্দ্র-জন্মশতবার্ষিকী উপলক্ষে পশ্চিমবঙ্গ-সরকারের সকল ক্ষেত্রে বাঙলা ভাষা ব্যবহারের জন্য সরকারের উদ্যোগের অভাব ;

(২) বাঙলার সংস্কৃতির মান উন্নয়নের জন্য এবং বাঙলার সংস্কৃতির প্রসারের জন্য সরকারের উদ্যোগের অভাব ;

(৩) সংস্কৃতি প্রচার ও প্রসারের অন্যতম বাহন বাঙলার চলচ্চিত্রশিল্পের রক্ষা ও উন্নতির জন্য সরকারের উদ্যোগের অভাব ;

(৪) রবীন্দ্র জন্মশতবার্ষিকী উৎসব যথাযোগ্যভাবে পালন করিবার জন্য সরকারের উদ্যোগের অভাব এবং এই জন্মশতবার্ষিকী উৎসব উদ্‌যাপনে জনগণের ব্যাপক সহযোগিতা গ্রহণে সরকারের উদাসীনতা ;

(৫) বাঙলার সংস্কৃতির বিভিন্ন বাহনসমূহের রক্ষাও উন্নতির জন্য সরকারের যথাযোগ্য দৃষ্টিভঙ্গি, নীতি ও উদ্যোগের অভাব ; এবং

(৬) পশ্চিম বাঙলায় খেলাধূলার মান উন্নয়নের জন্য এবং কলিকাতায় আজ পর্যন্তও একটি স্টেডিয়াম নির্মাণে সরকারের উদাসীনতা।"

25. Shri Sitaram Gupta :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু এতদ্দৃশ আমরা নিরতিশয় দুঃখ প্রকাশ করিতেছি যে—

(১) পশ্চিম বাঙলায় চটকল মালিক সমিতির নির্দেশে চটকলগুলি সরকার ও ইউনিয়নগুলির সাথে পরামর্শ না করিয়া এবং সরকারের নিকট হইতে প্রয়োজনীয় অনুমতি না লইয়া হঠাৎ মোট শতকরা ১৯ ভাগ তাঁত বন্ধ করিয়া দিয়া প্রায় ১২ হাজার শ্রমিককে ছাঁটাই করিয়া দেশে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি করিয়াছে। তৎপরেও চটকলগুলিতে সাধারণত তাঁতবিভাগে সপ্তাহে ৪৮ ঘন্টা হইতে প্রথমে ৪৫ ঘন্টা ও

তৎপরে ৪২½ ঘণ্টা কাজের ঘণ্টা কমাইবার ফলে বাঙলাদেশব্যাপী বিভিন্ন চটকলগুলি হইতে আরও পাঁচ হাজার শ্রমিককে গত ৩০এ জানুয়ারি ১৯৬১ সাল হইতে কর্মচ্যুত করা হইয়াছে। এই ক্ষেত্রেও সরকারের কোনরূপ অনুমতি লইবার প্রয়োজন মিল-মালিক সমিতি বোধ করেন নাই। সরকার এইভাবে গরিব শ্রমিক-কর্মচারীদের স্বার্থকে উপেক্ষা করিয়া মালিকদের স্বার্থ রক্ষার প্রতি বেশি নজর দিতেছেন। সরকার চটকলমালিক সমিতির বেআইনী ও জাতীয়তাবিরোধী কার্যকলাপ বন্ধ করিতে ব্যর্থ হইয়াছেন;

(২) চটকলের শ্রমিকদের চাকুরিক্ষেত্রে অবস্থা যাচাই করিয়া দেখিবার জন্য জুট এনকোয়ারি কমিটির বা স্পেশাল কমিটির যে রায় কমিটির চেয়ারম্যান গত বৎসরে মার্চ মাসে সরকারের নিকট পেশ করিয়াছিলেন, সরকার এতদিন বাদে অনুমোদন করিয়া তাহার সুপারিশ সহ সম্প্রতি কয়েকদিন মাত্র হইল চটকলমালিকদের নিকট পেশ করিয়াছেন। চটকলের মিলমালিক গোষ্ঠী এই বিলম্বের সুযোগ লইয়া চটকল-গুলি হইতে গত দশ মাসে কয়েক হাজার শ্রমিক ছাঁটাই করিয়া লইয়াছেন; সরকারের ও স্পেশাল কমিটির সুপারিশ চটকলের মিলমালিকগোষ্ঠী কার্যকরী করিতেছেন না। সরকারের নিষ্ক্রিয় এবং মালিক-ঘেঁষা শ্রমনীতি বাঙলাদেশের শ্রমিকশ্রেণীর জীবনে বিপর্যয় ডাকিয়া আনিয়াছে;

(৩) বিভিন্ন কলকারখানায় দুর্ঘটনার সংখ্যা ক্রমশই বৃদ্ধি পাইতেছে। সরকারী পরিদর্শক থাকা সত্ত্বেও বিভিন্ন কলকারখানার মালিকদের মধ্যে কারখানা আইন যথারীতি পালন না করিবার প্রবণতাই বৃদ্ধি পাইতেছে। সরকার তাঁহার নীতি কঠোরভাবে প্রয়োগ করিতে ব্যর্থ হইতেছেন;

(৪) সরকার বেকারসমস্যার বিন্দুমাত্র সমাধান করিতে পারেন নাই। বেকারসংখ্যা ক্রমশই বৃদ্ধি পাইতেছে। কর্মনিয়োগের নামে বারাকপুর প্রভৃতি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলি দুর্নীতির কর্মকেন্দ্রে পরিণত হইয়াছে। নূতন নূতন কারখানা খুলিয়া সরকার বেকারদের কাজ দিতে ব্যর্থ হইয়াছেন;

(৫) পশ্চিম বাঙলায় আইন শৃঙ্খলার মান ক্রমশই নিম্নগামী হইতেছে। প্রকাশ্য দিবা-লোকেও খুন ডাকাতি, রাহাজানির সংখ্যা বেশি বেশি আকারে সংঘটিত হইতেছে। বহু ক্ষেত্রে পুলিস নিষ্ক্রিয়ের ভূমিকা গ্রহণ করিতেছে। সরকার তাহা দমন করিতে এবং সুষ্ঠুভাবে আইনশৃঙ্খলা প্রয়োগ করিতে বারে বারে ব্যর্থ হইতেছেন। উপরন্তু রাজনৈতিক দলগুলির এবং বাঙলাদেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করিতে সরকারের উদ্যোগের অভাব হয় না। এই উদ্দেশ্য লইয়া কানুন প্রস্তুত করা হইয়াছে;

(৬) সরকার ব্রিটিশ আমলের পুরাতন পৌরসভা আইন সংস্কার এবং পৌরসভাগুলিতে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার প্রথা চালু করিতে ব্যর্থ হইয়াছেন; এবং

(৭) সরকার বাধ্যতামূলকভাবে প্রাথমিক শিক্ষা চালু করিতে ব্যর্থ হইয়াছেন।"

26. Shri Dasarathi Tah :

Sir I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু একান্ত পরিতাপের বিষয়—

(১) পশ্চিম বাঙলার জীবনমরণের সমস্যা করাক্কা ব্যারেজের সম্ভাবনার আশা রাজ্যপালের ভাষণে স্থান পায় নাই;

(২) বর্ধমান, বাঁকুড়া ও হুগলি জেলার সকল শ্রেণীর জনপ্রতিনিধিদের মিলিত দাবি এবং দক্ষিণ দামোদর সম্মেলনে মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় প্রতিশ্রুতি ঘোষণা করা সত্ত্বেও বর্ধমান সদরঘাটে দামোদরের উপর ব্রীজ নির্মাণের কোন ইঙ্গিত রাজ্যপালের ভাষণে নাই ;

(৩) দামোদর পরিকল্পনার পূর্ণ রূপায়ণে, বন্যা নিয়ন্ত্রণের পূর্ণ ব্যবস্থা করিতে ডি ভি সি ব্যর্থ হইয়াছে এবং অজস্র অর্থ ব্যয়ে ও বহু জমি নষ্ট করিয়া দুর্গাপুর হইতে ত্রিবেণী পর্যন্ত নাব্য খাল যে চরম ব্যর্থতায় পরিণত হইয়াছে, রাজ্যপালের ভাষণে তাহার কোন উল্লেখ করা হয় নাই ;

(৪) নিত্যব্যবহার্য দ্রব্যসমূহের দর নির্ধারণের জন্য উৎপাদনকারী, ক্রেতা ও সরকারকে লইয়া কোন কমিটি গঠনের আশ্বাস রাজ্যপালের ভাষণে নাই ; এবং

(৫) রাজ্যপালের ভাষণে উজ্জ্বল ভবিষ্যতের কোন সুস্পষ্ট চিত্র নাই।"

27. Shri Hemanta Kumar Basu :

Sir I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that there is no mention of—

(i) any definite scheme of finding out employment to all unemployed persons in the state ;

(ii) no definite scheme of acquisition of surplus lands over and abvove the ceiling from the zamindars and jotdars retained illegally or illegally transferred to their relatives and henchmen and the distribution of all vested lands to the landless tillers ;

(iii) any definite plan which may encourage the Assam refugees to go back to Assam for their rehabilitation ; and,

(iv) any definite measure for inclusion of Farrakka Barrage Scheme in the Third Five-Year Plan or of any other scheme for the construction of the Barrage."

28. Shri Sunil Das :

Sir I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret the absence of any reference to—

(i) any policy embodying radical land reforms without which agricultural production is bound to stagnate ;

(ii) any measure to check the acute unemployment in the State ;

(iii) any measure to stop retrenchment in mills, factories and mercantile establishments and more particularly to the problem created by the reduction of working hours in the jute industry ;

(iv) the reported objection of the Government of West Bengal to the proposal mooted by the Union Government to pass trains through West Bengal with a view to connect the two wings of Pakistan ;

(v) to the growing disparity of income and gradual pauperisation of the lower income groups ;

(vi) any assurance of lessening the burden of taxation on the lower and middle income groups in the State ;

(vii) the improvement of the condition of living of the bustee dwellers in Calcutta ;

(viii) the restoration of trade union rights to the employees of the State Government ;

(ix) the failure of the State Government to secure sanction of the Government of India for the processing of all the by-products of the Durgapur Coke Ovens in and around Durgapur thereby laying the basis of a coal-based chemical industry in West Bengal ;

(x) any scheme of immediate rehabilitation of persons mostly agriculturists who would be displaced in consequence of the operation of the new township scheme in the southern suburbs of Calcutta ; and

(xi) any measure to improve the moral bone of the administration."

29. Dr. Golam Yazdani :

Sir I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that no mention has been made about—

(i) importance of flood protection under the head,—Agriculture and Food Production and the Flood Protection Schemes in the State ;

(ii) proper assessment of national danger coming from tuberculosis in the State and failure of Government to formulate measures to prevent and root out this disease from the urban and rural areas and failure to arrange for domiciliary treatment of this disease in rural areas ;

(iii) failure of the Government to prevent police atrocities which recently have been again manifested in firing and killing of peasants in 24-Parganas and Burdwan ;

(iv) failure of Government to take note of the fact that Aman crop has this year also failed to great extent in Malda district, namely, in Aman growing areas of Kharba, Harischandrapur, Gazole, Bamongola, Habibpur thanas and in other parts due to late sowing and for want of rains in time ;

(v) acquiring "malafide" transferred lands and distributing these to landless peasants and preventing large-scale eviction of peasants by jotedars ;

(vi) any large irrigation scheme in North Bengal ;

(vii) establishment of spinning mill at Malda district to protect and improve silk industry ;

(viii) establishment of a university, a medical college, an engineering college, and an agricultural college in North Bengal ;

(ix) linking Balurghat and Raiganj of West Dinajpur district with Malda district via Kharba police-station—a link which is of military importance ;

(x) linking North Bengal with rest of West Bengal by taking up Farrakka Barrage Scheme ;

(xi) rehabilitating and restoring house to the displaced Muslims of Calcutta and suburbs and other parts who were compelled to leave their homes

during riots, etc., but who did not migrate to Pakistan and failure of the Government to assess their number ;

(xii) education and other tribal welfare of most backward tribal areas of Malda and other parts of North Bengal ;

(xiii) fixing price of jute in West Bengal ; and

(xiv) solving unemployment problems in West Bengal."

30. Dr. Dhirendra Nath Banerjee :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely,—

"But regret that it does not clarify the policy of Government in matters of—

(i) improvement in the matter of administration of Justice to common people ;

(ii) nationalisation of industries for the benefit of the majority of the people ;

(iii) supply of food to the needy in deficit areas and relief and test work till due socio-economic rehabilitation of the distressed is secured ;

(iv) amelioration of the condition of Municipalities and District Boards ;

(v) scientific and substantive reorganisation and expansion of the co-operative movement in a popular basis ;

(vi) amelioration of the condition of primary and secondary school teachers and class III and class IV employees of the Education Department ;

(vii) necessary socio-legal education to the dumb millions of the adult population of the State ;

(viii) prevention of eviction of Bargadars from 'barga lands' and distribution of lands to landless cultivators and change of land revenue system ;

(ix) prevention of man-made famine created by the hoarders, monopolists and black marketeers and smugglers ;

(x) removal of unemployment problems in towns and rural areas and scientific and productive utilisation of the vast human capital resources of the State for progressive socialistic development of our society from one of scarcity, to one of sufficiency ;

(xi) repression on and retrenchment of Government servants and also of industrial, commercial and farm hands ; and

(xii) Family Planning—its aims and objects."

[3-10—3-20 p.m.]

Shri Sunil Das :

মিঃ স্পীকার স্যার, আমার একটা এ্যাডজোর্ণমেণ্ট মোশন আছে।

Mr. Speaker : I have disposed of adjournment motions long before.

Point of Privilege

Shri Jyoti Basu :

স্পীকার মহোদয়, গভর্ণরের বক্তৃতার উপর আমার বক্তব্যের আগে প্রিভিলেজের প্রশ্নে আমি আপনাকে একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে আপনি বোধ হয় লক্ষ্য করেছেন বক্তৃতা যা আমরা দিই তার কপি আমাদের পেতে অনেক দেরী হয়। ১৯৫৮ সালের সেপ্টেম্বর মাসের প্রোসিডিংস সে বাংলা হোক, ইংরাজী হোক, ছাপান হয়নি বলে আমরা পাইনি। এই রকম একটা অবস্থার মধ্যে আমরা আছি। আপনি জানেন পার্লামেণ্টে যেদিন বক্তৃতা হয় তার পরের দিন সকালবেলা প্রত্যেক মেম্বারের বাড়ীতে হিন্দি, ইংরাজী, আরও যদি কিছু ভাষা থাকে সেই সমস্ত ভাষার প্রোসিডিংস কারেকসনের জন্য চলে যায়। আমি খোঁজ করে দেখলাম পার্লামেণ্টের সুবিধা হচ্ছে এই যে ওখানকার স্পীকার অফিসের আওতায় ওদের মেসিনারী আছে অর্থাৎ প্রেস, লোকজন আছে যাতে করে ওরা ছাপাতে পারে। আমাদের এখানে সে ব্যবস্থা নেই। আমি বেরুবাড়ী ডিবেটে পুরাণো প্রোসিডিংস চেয়েছিলাম—১৯৫৮ সালের সেপ্টেম্বরের প্রোসিডিংস বি. জি. প্রেস থেকে আনাতে হল, সেই সমস্ত ধুলোয় পড়ে আছে। এই অবস্থা কতদিন চলবে? বাংলায় যত সংখ্যক স্পীচ হয় সেই অনুসারে বাংলা রিপোর্টার বাড়ান দরকার, ষ্টাফ বাড়ান দরকার। আপনি অর্ডার দিন বা রিকোয়েষ্ট করুন যে সরকার পক্ষ থেকে এক্ষুণি এই মাসের মধ্যে এই রকম য়্যারেঞ্জমেণ্ট করা হোক যে বি. জি. প্রেসের একটা উইং বা একটা মেসিন আমাদের কর্তৃত্বে বা এ্যাসেমব্লীর তত্ত্বাবধানে থাকবে। এখানকার সমস্ত কাজকে তাদের প্রায়োরিটি দিতে হবে। তা না হয়ে কি হচ্ছে, না, গভর্ণমেণ্টের যে কোন কাজ আমাদের চেয়ে আগে প্রায়োরিটি পেয়ে যাচ্ছে। আমাদের মেম্বারদের পক্ষে এ জিনিস ভয়ানক ডেরোগেটরি বলে মনে করি। আপনার কি ডিফিকাল্টি আমরা জানি না।

Mr. Speaker : I have no control over the other machineries ; there is no other difficulty. The Press is not completaly under my control.

Shri Jyoti Basu :

সেটা কণ্ট্রোলে আনবার জন্য ওপেন হাউসে আমাকে বলতে হল আপনি আজকে during the course of the day মুখ্যমন্ত্রীকে, তিনি এখানে নেই, জিজ্ঞাসা করুন গভর্ণমেণ্টের আণ্ডারে বি. জি প্রেস, তার একটা উইং কোন রকমে ব্যবস্থা করা যায় কিনা আপনার আণ্ডারে দেবার জন্য এটা আমি জানতে চাই।

Shri Jatindra Chandra Chakravorty :

স্যার, রিপোর্টাররা সকালে কাউন্সিল এ্যাটেণ্ড করছেন আবার বিকালে আমাদের হাউস এ্যাটেণ্ড করছেন।

Mr. Speaker : Mr. Basu, you know what are the difficulties. I have submitted a proposal to the Secretariat of Dr. Roy and I have not got an answer as yet. I will look into the matter.

Shri Jyoti Basu :

তাই যদি হয় তাহলে ডাঃ রায়কে প্রিপেয়ার্ড থাকতে বলবেন—কাল বা পরশু ওটা হয়ে যাবে আমরা কলিং এ্যাটেনসান করে এখানে জানাতে চাইব। আমাদের হাউসের প্রোসিডিংস যদি এইভাবে ট্রিটেড হয় তাহলে আমাদের খুব অসুবিধা হবে এবং আমাদের বাংলা রিপোর্টার কতজন আছে, কিভাবে কাজ হচ্ছে, কি অসুবিধা হচ্ছে তা আমরা জানিনা।

Mr. Speaker : It is not possible immediately within two or three days to answer all these very important matters.

Shri Jyoti Basu :

আমি বলতে চাই যে আপনি ১ মাসের মধ্যে ডাঃ রায়ের সঙ্গে পরামর্শ করে এ সম্বন্ধে একটা ব্যবস্থা করুন। আপনার হাতে হলে আপনি করতেন কিন্তু এটা ডাঃ রায়ের হাতে। উনি টাকা ক্ষাংকসান করবেন কিনা ?

Mr. Speaker : As I feel, he is completely sympathetic in this matter.

Shri Jyoti Basu :

সিমপ্যাথি করতে করতে অনেক দিন কেটে গেল, এবারে কাজটা হবে কিনা ! এটা আমরা জানতে চাই। যদি না হয় তাহলে এখানে এটা আমাদের প্রত্যেকদিন তুলতে হবে। Dr. Roy must enquire and tell us এটা হচ্ছে আমার পরিষ্কার কথা।

Shri Jatindra Chandra Chakravorty :

আপনি যদি অর্ডার দেন ফাইন্যান্স সেক্রেটারির কি অধিকার আছে আপনার উপর কলম চালাবার। এবারের বাজেট সেখানে তাহলে এই সব আলোচনা হবে।

DEBATE ON THE GOVERNOR'S ADDRESS

স্পীকার মহাশয়, আমি প্রথমেই আশ্চর্য হয়ে রাজ্যপালের ভাষণে এটা লক্ষ্য করলাম যে যদিও রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকী সম্বন্ধে কিছু বক্তব্য সেখানে আছে কিন্তু সব থেকে বড় যেকথা কবিকে সম্মানিত করবার জন্য বাংলা ভাষাকে একটা গৌরবের স্থান দেয়া অন্ততঃ বাংলাদেশে সেই জিনিষটার কোনরকম উল্লেখ এখানে নেই। আমরা ভেবেছিলাম যে এবার অন্ততঃ রাজ্যপাল বলবেন আমাদের কাছে সরকারী নীতি হিসাবে যে এমন ব্যবস্থা করা হচ্ছে যাতে করে বাংলাভাষা আমাদের রাজ্য ভাষা হিসাবে গণ্য হবে কিন্তু এবিষয়ে কিছুই নেই। এখানে কয়েকটা হল তৈরী করে আর এদিক ওদিক কিছু যাত্রাদল করে যে কবিকে সম্মানিত করা যায় এটা আমরা মনে করিনা। বাংলাভাষায় ছেলেরা ডাক্তার হতে পারে ; ইঞ্জিনিয়ার হতে পারে ও শিক্ষায় সমস্ত বিষয়বস্তু অবধি এই রাজ্যভাষায় হতে পারে এবং এজন্য যদি আমরা এখন থেকে প্রস্তুতি না করি তাহলে আমার মনে হয় আমরা কিছুতেই সেই স্থানে পৌঁছাতে পারবো না অথচ আমরা এ বিষয়ে কোন বক্তব্য পেলাম না এই বক্তৃতার মধ্যে। তার মানে এই দাঁড়াচ্ছে যে আমাদের পশ্চিমবংগ সরকারের এরকম কোন পরিকল্পনা নেই। কাজেই ওসব হচ্ছে মৌখিক যে বিশ্বকবিকে আমরা সম্মানিত করছি ইত্যাদি। আপনি লক্ষ্য করে দেখুন যে বাইরের দুনিয়ায় কবিকে সম্মান দেবার জন্য এরকম সমস্ত ব্যবস্থা হচ্ছে, বিরাট আয়োজন হচ্ছে তাঁরা কি ভাববেন, কি বলবেন এটা দেখে শুনে যে আমাদের বাংলাদেশে সেই রকম মর্যাদা দেয়া হচ্ছেনা। আমি জানিনা সরকারপক্ষ থেকে কি স্থির করেছেন আশা করি উত্তর দেবার সময় এবিষয়ে কিছু বলবেন।

দ্বিতীয় কথা হচ্ছে আমার বক্তব্য সমালোচনা হিসাবে আমি রাখছি যার জন্য রাজ্যপালকে তাঁর ঐ এক্সেলেন্ট স্পীচের জন্য আমি ধন্যবাদ দিতে পারছিনা। এটা দিতে আমাদের অসুবিধা হচ্ছে কারণ আমরা দেখছি যে আরো কতকগুলি গুরুত্বপূর্ণ জিনিস সাধারণ মানুষের পক্ষে, আমাদের পশ্চিমবাংলার পক্ষে তার উল্লেখমাত্র নেই এই বক্তৃতার মধ্যে। যেমন ধরুন একটা আমরা দেখছি সর্বভারতীয় ক্ষেত্রে এবং পশ্চিমবাংলার ক্ষেত্রে একটা ব্যাপক অভিযোগ হচ্ছে গণতন্ত্রের বিরুদ্ধে এবং ট্রেড ইউনিয়ন অধিকারের বিরুদ্ধে। আমি সমস্ত ধারা হরণের মধ্যে এখন যাচ্ছিনা কারণ নীতির বিষয়ে আমরা আলোচনা করছি। আমি শুধু ২।৩টা বিষয়ের

প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করবো। প্রথম হচ্ছে, স্বাধীনতা হবার পর ১৩।১৪ বছর ধরে আমরা লক্ষ্য করছি যে সরকারী যন্ত্র সমস্ত ম্যাডমিনিষ্ট্রেসনকে ব্যবহার করা হচ্ছে কংগ্রেস পার্টিকে কি করে সুপ্রতিষ্ঠিত করা যায়, যাকে পার্টি পার্পাজ বলি,সেই কাজের ব্যবহার করা হচ্ছে। এজন্য ব্যবহার করা হচ্ছেনা যে জনগণের কল্যাণ কি করে করা যায়, মানুষের কল্যাণ কি করে করা যায়। সমস্ত কিছু কাজের আগে তাঁরা প্রথমে ভাবতে সুরু করেন কংগ্রেস পার্টিকে কি করে সুপ্রতিষ্ঠিত করা যায় তা ভালই হোক আর মন্দই হোক। আমি একটা উদাহরণ দিচ্ছি, আমার সময় বেশী নেই—শিক্ষকদের ব্যাপারে স্পেশাল ক্যাডার তাঁরা করলেন। গ্রামে গ্রামে আমরা দেখছি সরকারপক্ষ থেকে এমন ভাবে ব্যবস্থা করেছেন যে কংগ্রেসের সার্টিফিকেট যদি না থাকে তাহলে চাকুরী পাওয়া মুস্কিল। এই সব শিক্ষকদের আবার আমরা দেখছি তাঁরা চেষ্টা করেন ইলেকসনের সময় ব্যবহার করতে। অনেকের হয়ত ইচ্ছা নেই কিন্তু তাঁরাও ব্যবহৃত হয়ে যাচ্ছেন সরকারের দ্বারা চাকরী বজায় রাখার জন্য। আবার যদি তাঁরা জানেন কোনরকমে যে সরকারের বিরুদ্ধে ওঁরা ভোট দিয়েছেন বা দেবেন বা কেউ দিতে পারেন তাহলে তাঁকে ট্রান্সফার করা হয় দূরদূর জায়গায়, নিজের গ্রাম থেকে অন্য গ্রামে। এইভাবে অনেকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হয়েছে এবং অনেকের চাকুরীও খেয়ে দেয়া হয়েছে।

[3-20—3-30 p. m.]

তার অনেক নাম আমাদের কাছে আছে। আমরা এগুলি সরকারকে জানিয়েছি। কোন উত্তর আজ অবধি পাইনি। ঠিক সেইভাবে এখন দেখছি election হবে—সাধারণ নির্বাচনের জন্য delimitation হচ্ছে। এর মধ্যে আমরা খবর পেতে আরম্ভ করেছি—double member constituency ভেঙ্গে একটা করে constituency হচ্ছে। যে সব জায়গায় S. D. O. প্রভৃতি অফিসার আছে তারা তলার দিক থেকে Recommendation পাঠাচ্ছেন। এখনই চেষ্টা আরম্ভ হয়ে গেছে—কংগ্রেস লীডার বা নেতা যাঁরা আছেন, অফিস যা আছে, তাদের তরফ থেকে, কিভাবে ভোটারদের প্রভাবান্বিত করা যায়, কিভাবে—delimitation করলে তাঁদের পক্ষে সুবিধা হবে। এইসব ব্যাপারে আমাদের পার্টির পক্ষ থেকে Chief Election অফিসার শ্রীনিয়োগীকে চিঠি লিখে পাঠিয়েছি। কেন আমাদের সঙ্গে আলোচনা হচ্ছেনা। কংগ্রেস রুলিং পার্টি, তাদের সুবিধার জন্য তাঁরা যেভাবে প্রভাবিত করবার চেষ্টা করছে, তারজন্য আমরা প্রতিবাদ জানিয়েছি।

তারপর ধরুন গণতন্ত্রের কথা বলতে গিয়ে আমাদের বলতে হয়—আমাদের এখানে অল্পদিন আগে সর্বভারতীয় ক্ষেত্রে সরকারী কর্মচারীদের যে ধর্মঘট হয়েছিল, তাতে গভর্ণমেণ্ট অব্ ইণ্ডিয়ার কর্মচারী যাঁরা, তাঁরা জানলেন ১৩।১৪ বছর ধরে যে তাঁদের Strike করবার অধিকার আছে। কিন্তু যখন তাঁরা সংঘবদ্ধ হয়ে Strike করতে গেলেন, তাঁদের সেই আইনসঙ্গত অধিকারকে কাজে লাগাতে গেলেন, তখন কেন্দ্র থেকে আরম্ভ করে সমস্ত প্রদেশে প্রদেশে একথা বলা হলো—তোমাদের স্ট্রাইক বে-আইনী। তাঁদের সেই স্ট্রাইককে বে-আইনী করে দেওয়া হ'লো এবং বলা হলো পুলিশ ও মিলিটারী দিয়ে সে স্ট্রাইক তারা ভেঙ্গে দেবে। তাই হলো। হাজার হাজার কর্মচারী arrest হয়ে গেল, বোম্বে—প্রভৃতি জায়গায় গুলি চললো। বাংলাদেশেও বহু arrest হলো। এ তো বড় অদ্ভুত। এতদিন তাহলে ভাওতা দিলেন, ফ্লাফ্ দিলেন যে সরকারী কর্মচারীদের ধর্মঘট করবার অধিকার আছে! তার মানে দাঁড়ায় এই—সরকারী কর্মচারীরা যখন তাঁদের অধিকার ব্যবহার করতে যান তাহলে সেটা বে-আইনী করে দেবেন। শুধু সেটা কাগজে কলমে লেখা থাকবে—দুনিয়ার লোকে দেখবেন আমরা কি গণতান্ত্রিক। সরকারী কর্মচারীদের স্ট্রাইক করবার অধিকার দিয়েছি। এটা থাকলে সব

ঠিক আছে! সমস্ত কিছু দেওয়া হয়েছে। একটা কথা মনে পড়ছে। কংগ্রেস থেকে নির্বাচনের সময় জনসাধারণকে বলেন—আমাদের ভোট দেবে কেন? কারণ আমরা তোমাদের সকলকে প্রাপ্ত বয়স্কের ভোটাধিকার দিয়েছি, যদি আমাদের ভোট না দেও, যদি অন্য রামপন্থী সরকার গঠিত হয়, তাহলে আমরা বুঝে নেব তোমাদের প্রদত্ত অধিকার তোমরা ভালকরে ব্যবহার কর নাই। কাজেই তোমাদের সে অধিকার আমরা কেড়ে নেব। যদি কেরালার মত কমুনিষ্ট সরকার গঠিত হয় তখন কংগ্রেস থেকে হয়ত বলা হবে—অন্য কাউকে ক্ষমতা hand over করবার আগে মিলিটারীকে ক্ষমতা দিয়ে দেওয়া হল। একথাটা মনে পড়েছে সরকারী কর্মচারীদের ব্যাপারটা দেখে।

ও তো গেল সর্বভারতীয় ক্ষেত্রে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারী যাঁরা তাঁদের কোন demonstrationএও অধিকার নাই। তাঁদের একদল যদি দলবদ্ধ হয়ে মুখ্যমন্ত্রীর কাছে তাঁর বাড়ীতে দেখা করতে যান, তাদের দাবীদাওয়া জানাবার জন্য; তাহলে গভর্ণমেণ্ট ঠিক করেছেন Government Conduct Rule এর আওতায় পড়লে তাদের চাকরী যেতে পারে। এইভাবে তারা ১৩ জনকে suspend করেছে, দু-জনের চাকরী গেছে। একজন অফিসার বললেন ওটা demonstration নয়, সে চাকরী পেয়ে গেল। আর একজন বললেন না, ওটা demonstration, অমনি তার চাকরী চলে গেল। এই জিনিস আমরা দেখছি। তাহলে তাদের কোন্ অধিকার আছে? কিছুই নাই। তাদের দাবীদাওয়ার কথা পর্য্যন্ত তাঁরা কাউকে জানাতে পারবেন না। এটা ঠিক হয়েছে। সরকারী কর্মচারীরা কোন বিদ্রোহ ঘোষণা করেন নাই, তাঁরা তাঁদের মাইনে বাড়াবার জন্য মুখ্যমন্ত্রীর বাড়ীতে তাঁর সঙ্গে দেখা করতে গিয়েছিল মাত্র। তাঁরা কোন ষ্ট্রাইকের কথাও বলেন নাই। তাঁদের খুব কষ্ট হচ্ছে, অসুবিধা হচ্ছে, অনেক জিনিসের দাম বেড়ে গেছে তাই মাইনে বাড়িয়ে কিছু interim relief তাঁরা চেয়েছিলেন। গভর্ণমেণ্টের ২২ লক্ষ কর্মচারী, আর আমাদের এখানে ২।৩ লক্ষ কর্মচারী হবে। তাহলে এদের তো কোন অধিকার নাই; কিছুই নাই। এই জিনিস আমরা দেখছি।

এই ১৩ বছর ধরে তাঁদের গণতন্ত্রের বিরুদ্ধে অভিযান আমরা দেখছি। এই দুটা উদাহরণ আমি তুলে ধরলাম। সুতরাং আরও বহু ঘটনা ঘটেছে এর মধ্যে যদি আপনারা একটু লক্ষ্য করে দেখেন। ধরুন আসামের ঘটনা,—এত বড় একটা ঘটনা সেখানে ঘটে গেল, সেক্ষেত্রে আমাদের কিছু বলবার নেই। কারণ, আসাম আমাদের রাজ্যের বাইরে, সেটা ঠিক। কিন্তু আমরা বলতে চাই আসামে যে ঘটনা ঘটে গেল তিন সপ্তাহ ধরে, সেখানে arson, looting, riot, rape থেকে আরম্ভ করে নানারকম অত্যাচার বাঙ্গালীর উপর হয়ে গেল, কারণ সেখানকার বাঙ্গালীরা অন্য ভাষা বলেন বলে। এইসব আমরা দেখলাম। কিন্তু আপনাদের কংগ্রেস পার্টির যাঁরা রাজত্ব চালাচ্ছেন দিল্লীতে বসে, তাঁরা নির্বিকার। তিন সপ্তাহ ধরে কোন riot চলতে পারে না। আমরা অবিভক্ত বাংলায় riot হতে দেখেছি। কিন্তু কখনও তিন সপ্তাহ ধরে চলেনি। যদি সরকার চান তিন ঘণ্টার মধ্যে যে কোন জায়গায়, যে কোন riot বন্ধ করে দিতে পারেন। কিন্তু পণ্ডিত নেহেরু থেকে আরম্ভ করে প্রত্যেকে দিল্লীতে বসে দেখলেন। কিন্তু আমরা দেখেছি—যখন সরকারী কর্মচারীরা ষ্ট্রাইক করবার জন্য ঠিক করলেন তখন পণ্ডিত নেহেরু কাশ্মীরে ছিলেন, তিনি সেখান থেকে নেমে এসে বললেন দেশদ্রোহী হচ্ছে। তিনি military-র সাহায্যে হুক কেটে ঠিক করলেন, কি করে এই সরকারী কর্মচারীদের ষ্ট্রাইক ভেঙে দেওয়া যায়, এবং West Bengal Government-এর কাছে instructions এলো কি করে ষ্ট্রাইক ভাঙতে হবে, কোন্ কোন্ লোককে এ্যারেষ্ট করতে হবে। কই আসামের বেলায় ত সেরকম কিছু বললেন না? তোমরা দেশদ্রোহীতা করছো, গণতন্ত্রের বিরুদ্ধে অভিযান

করছে—গভর্ণমেণ্ট সে কথা ত তাঁদের বললেন না? কারও জন্য দুঃখ প্রকাশ পর্যন্ত করলেন না। শুধু রেডিও মারফৎ কয়েকটা কথা বললেন। আর আমাদের তখনকার খয়েরখাঁ সরকার তাঁর পদলেহন করেন বলে আসাম গভর্ণমেণ্টের বিরুদ্ধে একটা প্রতিবাদও করলেন না। অথচ সরকারী কর্মচারীদের ষ্ট্রাইক ভাঙ্গবার জন্য তাঁদের কি আয়োজন! তারা দেশদ্রোহীতার কাজ করছে বলে হুমকী দেওয়া হয়েছিল। কিন্তু তারা দেশদ্রোহীতা করেনি, তারা মাইনে বাড়াবার চেষ্টা করেছিল। আসামে যে ঘটনা ঘটে গেল তার জন্য আপনারা কিছুই করলেন না। খালি একটা, দুটা প্রস্তাব, যা আমরা আপনাদের বাধ্য করেছিলাম বলে—এই অ্যাসেম্বলী ডেকে পাশ করিয়ে পণ্ডিত নেহেরুর কাছে পাঠান হয়। কিন্তু তিনি, তারই বা কি করলেন তা আমরা সকলে অবগত আছি। সেইজন্য বলছি এখানে একটা contrast দেখছি। গণতন্ত্রের বিরুদ্ধে অভিযান কেন্দ্রে হচ্ছে; প্রদেশে হচ্ছে। এবং এটা হঠাৎ হচ্ছে না. সংগঠিত ভাবে হচ্ছে। আর একদিকে যে কঠোর ব্যবস্থা অবলম্বন করা দরকার ভারতবর্ষের ঐক্য বাঁচানোর জন্য—সেখানে কংগ্রেস সরকার, কংগ্রেস পার্টি, কি ব্যবস্থা অবলম্বন করেছেন, কোন পথে পা বাড়িয়েছেন তা আমরা সকলে দেখেছি। এই কংগ্রেসের হাতে যদি আমাদের দেশের শাসন ব্যবস্থার ভার ন্যস্ত থাকে তাহলে জানিনা আমাদের যেটুকু গণতন্ত্র আছে, তা বেঁচে থাকবে কি না। জনসাধারণ যদি ঐক্যবদ্ধ হয়ে তাদের নানাবিধ দাবীদাওয়া অধিকার আদায়ের জন্য আন্দোলন করে, তাহলে হয়ত আপনাদের নূতন বন্ধু ঐ আয়ুবখানের মত বলবেন আর গণতন্ত্রের প্রয়োজন নেই, আমরা মিলিটারীর হাতে দেশ শাসনের ভার তুলে দেবো।

তারপর দেখা যায় পশ্চিমবঙ্গের সর্বত্র, বিশেষ করে গ্রামাঞ্চলে পুলিশের authority ক্রমশঃ বাড়ছে। কিন্তু রাজ্যপালের বক্তৃতায় এইসবের উল্লেখ নেই। প্রতিবার ধান ওঠবার সময় আমরা দেখেছি—বিভিন্ন জায়গায় পুলিশের ক্যাম্প বসে যায়, এবং আমরা দেখেছি সেখানে পুলিশের লাঠি, গুলি চলে, কৃষক হত্যা হয়। এবারও হয়েছে। দলে দলে কৃষক গ্রেপ্তার হয়। অবশ্য একথা আমি বলছি না, যে কোথাও জোতদারের লোক গ্রেপ্তার হয়নি। এবার দেখেছি ২৪ পরগণা জেলার দু একটা জায়গায় জোতদারের লোক লাঠি হাতে করে আসে, তাদের গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু যদি একটু খোঁজ করে দেখেন, তাহলে দেখতে পাবেন সেই সকল জোতদারের লোক কারা? তারা কংগ্রেসের বন্ধু। সুতরাং তাদের কোন সাজাই হবে না। আর এদিকে আমরা দেখছি কৃষকের ঘরে ধান লুঠ হয়ে যাচ্ছে, আইনসংগত ভাবে কাজ করে কৃষক তার ঘরে ধান রাখতে পারছে না।

[3-30—3-40 p.m.]

ঠিক সেইভাবে আমি দেখছি ব্যক্তিগত মর্য্যাদা কারও কিছু আছে কিনা সন্দেহ। রাস্তায় এখানে সেখানে পুলিশ ঘুরে বেড়াচ্ছে আমরা দেখছি। এ সম্বন্ধে বলতে গিয়ে সাম্প্রতিক কালে যে ঘটনা হল সেটা আর এইবার না বলে পারছি না। সংবাদপত্রে আমরা সেটা পড়েছি শ্রীঅমিতাভ দত্ত, প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট ১লা ফেব্রুয়ারী যে Judgment দিয়েছিলেন Court এ, সেই ব্যাপারটা আমি আর একবার মনে করিয়ে দিচ্ছি। তিনি বলেছেন—

"I cannot" observed the Magistrate "leave this case without a warning against the police torture. It is obvious that one crime must not be committed to detect another, and the police officer, who used his baton instead of his brain for detection, is a dangerous black sheep. This savage method is a negation of the civilised modes of investigation which science and human ingenuity have developed."

তারপর Magistrate বলেছেন—

"So despite the gravity of the offence, I consider that a sentence of fine will be appropriate in this case. The two constables were more or less tools in the hands of the officers and they deserve leniency.

তিনি officers বলেই থেমেছেন। মেরে মেরে লোকের confession আদায় করা হ'ত বৃটিশ আমলে, ১৩ বছরের কংগ্রেস রাজত্বেও তাই চলেছে। ম্যাজিষ্ট্রেটের কাছে এরকম একটা case গিয়েছে কিন্তু এরকম কত case রয়েছে কে বলতে পারে? Magistrate আরও বলেছেন—"এরা বলেন পুলিশ constable" কিন্তু আমি বলি সমস্ত মন্ত্রীসভাই তার জন্য দায়ী কেননা এই সমস্ত officerরা জানে যে মন্ত্রীরা এ জিনিসই চায় তাই অফিসারদের কি করবেন আমি তাই জিজ্ঞাসা করছি। হয়ত কিছুদিন পরে দেখবো এখানে সেখানে ঘুরিয়ে তার promotion হয়ে যাবে, Police constableদেরও হয়ত promotion হয়ে যাবে। তবে লোকের সামনে যাকে তুলে ধরা হয়েছে তাকে হয়ত সাজা দিয়ে ছেড়ে দেওয়া হবে, তাকেই scape goat করা হবে কিন্তু কালীপদবাবুকে touch করবে? যেসমস্ত পুলিশ অফিসার, Police Administration চান, যে এরকমভাবে মারামারি করা হোক এরকমভাবে 3rd degree methodএ শায়েস্তা করা হোক—তা সে সাধারণ লোকই হোক আর criminal হোক আর রাজনৈতিক দলের লোকের বিরুদ্ধেতো বটেই। এরকম জিনিস আপনারা চান বলেই এরূপ ঘটে, নইলে দিন না একবার exemplary punishment দেখি পুলিশ officerরা এরকম ব্যবহার করতে পারে কি না! শ্রীঅমিতাভ দত্তকে এরূপ বলার জন্য আমি অভিনন্দন জানাই। ১লা জানুয়ারী এ বছর, এরকম আর একটা case আমাদের সামনে এসেছে নাম শ্রীনারায়ণ তামাংকে, নেপালী শিক্ষক, তাঁর সঙ্গে কার্শিয়াং সহরে মেয়েদের প্রতি খারাপ ব্যবহার করার জন্য পুলিশের বচসা হয় তারপর সেই ভদ্রলোককে এমনভাবে মারতে থাকে যে সেই ঘরে তিনি মরেই গিয়েছেন। এ সম্বন্ধে এই আমি শুনতে পেলাম, এর বেশী কিছু জানি না, সে পুলিশকে নাকি গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু মামলা সাজান হচ্ছে, গ্রেপ্তার না করে উপায় নাই তাই গ্রেপ্তার করা হয়েছে কিন্তু কি হবে! আমার সন্দেহ হয় ছাড়া পেয়ে যাবে। আমি এর মধ্যে আর যাচ্ছি না, হয়ত Subjudice হয়ে যাবে। কিন্তু এ জিনিস করার জন্য পুলিশের সাহস কোথা থেকে আসে? মন্ত্রীরা এ Stateকে পুলিশ stateএ পরিণত করতে চান, এজন্যই এভাবে রাজ্য পরিচালনা করছেন। সেজন্যই বললাম ব্যক্তিগত কোন মর্য্যাদা কোন ব্যক্তির আছে বলে আমার মনে হয় না যদি এরকম হতে পারে।

তারপর আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—রাজ্যপালের বক্তৃতায় এত কথা আছে কিন্তু বার বার যেটা বলেছি, ৩।৪ বছর ধরে যেটা রাষ্ট্রপতির কাছেও নালিশ আকারে রেখেছি বলেছি এবং যেটা পৌরসভায় প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার সম্বন্ধে কিছু নাই। কলকাতা Corporationএ নির্বাচন হতে চলেছে, হাওড়ায় নির্বাচন হতে চলেছে কিন্তু সমস্ত Roll টুঁক, এসেম্বলী নির্বাচন প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারে করবেন—

Parliament-এর নির্বাচন প্রাপ্ত বয়স্কদের ভোটের দ্বারাই হয়েছে। শুধু তাই নয় গ্রাম পঞ্চায়েতেও তাই করা হচ্ছে অথচ Calcutta Corporation-এ তা নেই। কারণ আমরা বলেছি এ করলে Calcutta Corporation হয়ত হাতছাড়া হয়ে যাবে। এখানে কংগ্রেস নির্বাচিত M.L A. ৭ জন আর বাকী ১৯ জন কংগ্রেস বিরোধী। কাজেই কি অবস্থা দাঁড়াবে তা তাঁরা জানেন। একেই কি বলে গণতন্ত্র, এটা কি লজ্জার কথা নয়? পশ্চিমবঙ্গের মত জায়গায় প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার নেই যেখানে আমরা একদিন সমস্ত দেশকে নেতৃত্ব দিয়েছিলাম। আজকে

একথা শুনে লোকে হাসে। President-র কাছে আমি যখন গিয়ে একথা বলেছিলাম,—যেকথা শ্রীযুক্তা মণিকুন্তলা সেন বলে গিয়েছেন—তখন President অবাক হয়ে আমাকে এই কথা বলেছিলেন যে, আপনাদের Assembly-তে প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার আছে তো? অথচ দেখুন French Territory যা আমাদের মধ্যে এসেছে সেখানে এ জিনিস আছে, বিহার থেকে যে territory আমাদের মধ্যে এসেছে, পুরুলিয়া, সেখানেও তাই আছে। অবশ্য পুরুলিয়ায় কিছু nominationও আছে। আর আমাদের এখানে কংগ্রেসের আমলে এ জিনিস নেই এই ত অবস্থা দাঁড়িয়েছে এবং এখানে একটা প্রহসন চলছে। ওঁরা গণতন্ত্র, গণতন্ত্র করে মরছেন পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে বড় বড় কথা বলছেন অথচ আন্দোলন না করলে ওঁরা কিছু দেবেন না এইটাই বোধ হয় ঠিক করেছেন। কিন্তু আপনাদের আমি বলছি যে এ জিনিস করতেই হবে তবে কিছুদিন ধরে তিক্ততা বাড়াবেন। এ নিয়ে আন্দোলন হবে, গুলি চলবে, লাঠি চলবে তারপর এটা দেবেন। কিন্তু এত নিজের থেকে দেওয়া হল না। আপনারা যেভাবে কাজ করছেন তাতে গণতন্ত্রের প্রতি আপনাদের কোন মর্যাদা নেই। তারপর আমি এটা লক্ষ্য করেছি যে, রাজ্যপালের বক্তৃতায় জনসাধারণের, সে যে কোন অংশের মানুষই হোক, মজদুর, কৃষক মধ্যবিত্ত, উদ্বাস্তু, তাদের জীবনের মান কত উন্নত হয়েছে সে কথা কোথাও নেই। অনেক বড় বড় কথা বলেছেন, তৃতীয় পঞ্চবার্ষিকীর কথা বলেছেন। কিন্তু এরা কোথায় গেল? যাদের নিয়ে পরিকল্পনা, যাদের নিয়ে দেশ, তাদের কথা কিছু নেই। এবং এখানে আমি একটা কথা বলবো যেকথা আমাদের অনেকেই বলেছেন। কিন্তু হয়ত আমাদের communist party-র কথা আপনাদের পছন্দ হয় না, তাই যার কথা আপনাদের পছন্দ হয় তার কথাই বলছি। Justice J. P. Mitter এ কথা বলেছেন রামদাসের মামলা সম্পর্কে। আমি এ কথাটা পড়ে দিচ্ছি কারণ কংগ্রেসের অনেক মন্ত্রীই খবরের কাগজ পড়েন না, অন্ততঃ মুখ্যমন্ত্রী পড়েন না। সেইজন্য আমি তা পড়ে দিতে বাধ্য হচ্ছি। তাতে বলেছেন যে, বাবা না খেতে দিতে পেরে ছেলেকে রাস্তায় আছাড় দিয়ে মেরে ফেলেছে। এবং Justice Mitter বার বার এই কথা বলেছেন যে কি ধরণের আমাদের দেশে অর্থনীতি হচ্ছে। বড় বড় পরিকল্পনার কথা বলছেন অথচ এই যে ঘটনা ঘটছে এটাত one in a million case যেটা court-এ এসেছে। এই রকম million case আছে আমাদের দেশে যে বাবা খেতে না দিতে পেরে ছেলেকে মেরে ফেলেছে। তিনি বলছেন Referring to the agonizing details of the grim tragedy His Lordship added "And this is not the only instance of poverty and helplessness of this kind This is the one case out of a million perhaps which attracts the notice of the public."

[3-40—3-50 p.m.]

যাই হোক, আজকে সকালেই একটা খবর বেরিয়েছে—অনুপম রায়, তিনি ডাক্তার, তাঁর স্ত্রীর কথা, নিজের কথা, ছেলেপিলের কথা। ১৪ বৎসর স্বাধীনতার পর এই ঘটনা ঘটেছে। অথচ আমরা যখন বলি কোন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে তখন কংগ্রেসী মন্ত্রীরা বলেছেন "না", তা নয়, কারণ অভিধানে নাকি এরকম জিনিষ নাই—কেউ না খেতে পেয়ে মারা যেতে পারে না। অন্য কিছু হয়ে মারা গিয়েছে, কলেরা হতে পারে, পেট ব্যথা হতে পারে—এমন কথাও বলেন, প্রেম করতে মারা গিয়েছে। তারপর statistics, jugglery of figures এতো আজকাল সব সময়ই করা হচ্ছে। আজ দেশের নানারকম ঘটনার মধ্যে দিয়ে, মানুষের চেহারার মধ্যে দিয়ে তাদের দারিদ্র্যের ছবি ফুটে উঠছে, অথচ আমাদের কংগ্রেসী মন্ত্রীরা তা দেখতে পান না। তাই রাজ্যপাল এখানে যে বক্তৃতা দিয়েছেন তাতেও এসব বিষয়ের কোনরকম উল্লেখ নাই। একবারও তিনি বলেননি এসব মানুষের কথা। এই সেদিন সংবাদপত্রে দেখলাম ৯ লক্ষ ভিখারী ধরা হয়েছে বিনা টিকিটে ভ্রমণ করার জন্য—এঁরা কত ধরবেন, কত ৯ লক্ষ এভাবে ঘুরে

বেড়ায় তার হদিশ কে জানে? দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়ে গেল, এই এপ্রিল মাসে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হবে। অথচ মানুষ দলে দলে ঘুরে বেড়াচ্ছে। কলকাতার একটা বিয়ে বাড়ীর দিকে যান, বিয়ের দিন কিংবা তার পরের দিন—দেখবেন দল বেঁধে ভিখারীরা বসে গিয়েছে। কি চমৎকার civilisation সভ্যতা আপনারা তৈরী করছেন। লজ্জা করে না, ১৪ বৎসর হয়ে গেল আপনারা গদীতে বসেছেন। চারদিক থেকে সাহায্য পাচ্ছেন, আমেরিকা সাহায্য করছে—কোথাও তো বাধা নাই, কিন্তু এতই অপদার্থ এঁরা যে এই ব্যবস্থাটুকুও আজ পর্যন্ত করতে পারলেন না। তারপর বাস্তুহারাদের সম্পর্কে আমি দু একটা কথা বলব—এটা সম্পর্কে রাজ্যপালের বক্তৃতায় পরিষ্কারভাবে কিছু নাই—সাম্প্রতিককালে একটা রিপোর্টে দেখেছি—এই সরকারের সব রিপোর্টও আমরা সবসময় পাই না—সংবাদপত্রে আমরা দেখেছি যে, একটা swift survey হয়েছিল, তাতে তাঁরা ১ লক্ষ ৭০ হাজার পরিবারের কাছে পৌঁছেছিলেন, এবং তাঁরা একটা হিসাব দেখিয়েছিলেন যে, শতকরা ৭০ ভাগের partially rehabilitated আংশিক পুনর্বাসন হয়েছে—এখানে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন আমাদের বলেছিলেন, শতকরা ৫ ভাগের আংশিক পুনর্বাসন হয়েছে। তখন আমরা শুনেছিলাম যারা আংশিক পুনর্বাসন পেয়েছে তাদের পূর্ণ পুনর্বাসন দিতে হলে ৬০ কোটি টাকার প্রয়োজন হবে বাংলাদেশে। কিন্তু এই survey-তে লিখছেন ১২ কোটি টাকা—১২ কোটি টাকা তাদের পুনর্বাসনের জন্য দেওয়া হবে। Partial rehabilitation-এর জন্য যেখানে ৬০ কোটি টাকার দরকার ছিল সেখানে ধরা হয়েছে মাত্র ১২ কোটি টাকা। তাহলে কি তাদের রাস্তায় বের করে দেওয়া হবে? রাজ্যপালের বক্তৃতায় এ সম্পর্কে কিছুই নাই। দণ্ডকারণ্যের কথা আছে "দণ্ডকারণ্যে যাও", কিন্তু দণ্ডকারণ্যে তো camp refugee-রা যাবে।

তারপর এই রিফুজিদের ব্যাপারে আমরা অনেক কিছু দেখছি—যেমন স্কোয়াটার্স কলোনীর ব্যাপারে একটা বড় রকমের কম্পেনসেসন ধরা হয়েছে এর ১ হাজার থেকে ৩ হাজার ৬০০ টাকা রিফুজিদের দিতে হবে। মুখ্যমন্ত্রী মহাশয় একবার আমাদের বলেছিলেন যে এটা আমরা ধার্য করেছি এই কারণে যে যাদের জমিতে বসেছে তাদের তো একটা কম্পেনসেসান সরকার থেকে দিতে হবে, কিন্তু আমরা জানি যে কেউ দেবে না। এখন তাই দেখছি যে দলে দলে নোটিশ পড়ছে। আমরা এটা মানি যে যাদের জমি তাদের মধ্যে যারা মধ্যবিত্ত, দরিদ্র তাদের কম্পেনসেসান দেওয়া উচিত। কিন্তু রিফুজিরা কি এত কম্পেনসেসান দিতে পারবেন? কাজেই সেখান থেকে তাদের উৎখাত হতে হবে। এসবের উল্লেখ আমরা দেখলাম না। আমাদের সরকার রিফুজিদের ব্যাপারে কি রকম সিরিয়াস সেটা দেখুন। আপনাদের মনে আছে যে Rehabilitation Industries Corporation বলে একটা প্রতিষ্ঠান তৈরী হল এই বলে যে ছোট ছোট industrial establishment তৈরী হবে এবং বাস্তুহারাদের ওখানে চাকরী দেওয়া হবে। শ্রীজি, ডি, বিড়লাকে চেয়ারম্যান করা হল Industries Finance Corporation-এর। কিন্তু সেই Industries Finance Corporation কিছুই করতে পারেনি। তাঁরা কোন estate করতে পারেননি—জি, ডি, বিড়লাকে চেয়ারম্যান করা সত্ত্বেও। এখন তিনি এখান থেকে কেটে পড়েছেন এবং এখানে শ্রীসুকুমার সেনকে আনা হচ্ছে। এই ভদ্রলোকের একটু ভাল নাম ছিল বলে জানতাম এর আমরা একটু সম্মান করতাম। কিন্তু জানিনা এই ভদ্রলোক কোথায় পা দিয়েছেন, ইনি দণ্ডকারণ্যে গেছেন whole time job নিয়ে একাজের উপরে ইনি বর্ধমান ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলার। এখন আবার দেখছি যে ইনিই Industries Finance Corporation-এর চেয়ারম্যান। ইনি আই. সি. এস. efficient হতে পারেন, কিন্তু এখন এঁকে একেবারে ভগবানের পর্যায়ে ফেলা হয়েছে। এইসব দেখে মনে হচ্ছে যে একেবারে সিরিয়াসনেস নেই। এরজন্য একজন হোল টাইম লোকের প্রয়োজন। Industrial Estate যদি গড়ে তুলতে হয় তাহলে একটা প্ল্যান করতে হয়। মুখ্যমন্ত্রীর মতন বললে হবে না যে ২ লক্ষ

লোককে চাকরী দিতে হবে একটা প্ল্যান করে দাও—কিন্তু কিছুই তারপর হবে না। উনি একটা পরিকল্পনা করলেন যে বাচ্চাদের সাইকেল দিতে হবে এবং সেই অনুযায়ী একজন সুপারয়্যাম্বুয়েটেড অফিসার একটা প্ল্যান করে দিল। তারপর উনি আমাদের বললেন যে আর ভাবনা নেই সব Employment-এর ব্যবস্থা করে ফেললাম—অর্থাৎ সব বাচ্চাদের ট্রাইসাইকেল দেব। সস্তায় ২০।২৫ টাকায় ট্রাইসাইকেল হল না এবং লোকের চাকরীও আর হল না। এই হচ্ছে এদের পরিকল্পনার নমুনা। সুতরাং রিফিউজিদের বেলায়ও তার ব্যতিক্রম হবে না। আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ওদের সামনে কিছু বরাদ্দ নেই। এখন বলা হচ্ছে যে এই ডিপার্টমেণ্ট বন্ধ করে দেওয়া হবে। রিফিউজী বলতে আমাদেরও আর ভাল লাগে না। কিন্তু কোন ব্যবস্থা হওয়ার আগে যদি এই ডিপার্টমেণ্ট তুলে দেওয়া হয় তাহলে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। এর কোন উত্তর আছে কিনা জানি না? দণ্ডকারণ্য ছাড়া আর কোন কথা রাজ্যপালের ভাষণে নেই। এবার বেকারের অবস্থা এবং বেকারত্বের অবস্থা সম্বন্ধে আমি ২।১টা কথা বলব। মুখ্যমন্ত্রী মহাশয় ১৯৫৫-৫৬ সালে বাজেট বক্তৃতায় হিসাব দিয়ে বলেছিলেন যে ২০ লক্ষ বেকার বাংলাদেশে আছে। ওঁদের যেমন যেমন পরিকল্পনা হচ্ছে তেমন তেমন বেকার দেশে বাড়ছে। এই হচ্ছে কংগ্রেসী মার্কা পরিকল্পনা, এবং এতে এই ছাড়া আর কি আশা করা যায়।

[3-50—4 p. m.]

সোভিয়েট ইউনিয়ন, চায়না, চেকোস্লাভিকা, রুমানিয়া, বুলগেরিয়া প্রভৃতি দেশে বেকারের সংখ্যা কি করে কমে সেটাই হচ্ছে সেইসব দেশের পরিকল্পনার প্রাথমিক কাজ। অথচ আমাদের এখানে দেখছি যে বেকারের সংখ্যা ক্রমশঃ বেড়েই চলেছে এবং তার জন্য তেমন কোন ব্যবস্থা নেই। এঁরা যদিও বলছেন এখন ২০ লক্ষ বেকার আছে, কিন্তু এর সঙ্গে আরও যোগ দিন সেই সব লক্ষ লক্ষ লোক যাদের কোন হিসেব পাওয়া যায় না—অর্থাৎ যারা গ্রামে থাকে তাদের কখনও কাজ থাকে আবার কখনও থাকে না। কিন্তু সেই সব পার্শিয়ালী এমপ্লয়েডদের সমস্যার সমাধান কি করে হবে তার কোন ব্যবস্থা এর মধ্যে নেই। অথচ আজ দেখছি এঁরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার গুণগান করছেন। তারপর সেকেণ্ড এগ্রিকালচারাল লেবার এনকোয়ারী কমিশন পশ্চিমবঙ্গ সরকার সম্বন্ধে কি লিখেছেন সেটা আশা করি মন্ত্রীমহাশয় পড়েছেন। তাঁরা বলেছেন যে ১৯৫১ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত এগ্রিকালচারাল লেবারদের এমপ্লয়মেণ্ট ডিক্লাইন্ড বাই ৬%। কাজেই যেখানে কথা ছিল বেশী বেশী লোক চাকরী পাবে সেখানে দেখছি আজ ডিক্লাইন করে গেল। তারপর ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্ততঃ এই বলে একটা টার্গেট ছিল যে ২ লক্ষ ৩৫ হাজার লোক নূতন করে চাকরী পাবে। কিন্তু ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যখন সেরকম কোন টার্গেট নেই তখন আমার মনে হলো যে, ডিস্‌ক্রিসন ইজ দি বেটার পার্ট অব্‌ ভ্যালর—অর্থাৎ পারবনা কাজেই বলে আর কি লাভ আছে। যাই হোক্‌, নূতন কত লোক এর মাধ্যমে চাকরী পাবে তা আমরা কিছুই জানতে পারলাম না। তারপর ফ্যাক্টরী এমপ্লয়মেণ্ট যদি ধরেন তাহলে লেবার মিনিষ্টার নিশ্চয়ই লক্ষ্য করবেন যে, পশ্চিমবাংলাই হচ্ছে একমাত্র ষ্টেট যেখানে ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে ১৯৫৯ সাল পর্যন্ত যে ফিগার পেয়েছি তাতে দেখছি যে ৬ লক্ষ ৮৭ হাজার ৭০১ থেকে সেটা ৬৬ হাজার ২৫৮-তে নেমে এসেছে। তবে শুধু তাই নয়, এর সঙ্গে আরও যোগ দিন যখন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হতে চলেছে তখন চটকলগুলোতে তাঁত বন্ধ করে এবং কাজের ঘণ্টা কমিয়ে দিয়ে সেখানে প্রায় ৮।১০ হাজার লোককে বেকারে পরিণত করতে চলেছে। এই হচ্ছে এঁদের পরিকল্পনার নমুনা। তারপর রিফিউজী ডিপার্টমেণ্ট যদি বন্ধ হয়ে যায় তাহলে সেখানকার কয়েক হাজার কর্মচারী বিকল্প চাকরীর ব্যবস্থা না থাকার জন্য ছাঁটাই হয়ে যাবে। তবে এ ছাড়া আরও কত শত লোক কোথায় আছে কে তা জানে এবং রাজ্যপালিকার ভাষণেও সেসব কথার কোন

উল্লেখ নেই। তারপর আর একটা বড় জিনিস লক্ষ্য করলাম যে, এইসব পরিকল্পনার মধ্যে অনেক কথাই আছে কিন্তু জিনিসপত্রের দাম যে কিভাবে রাখা হবে তার কোন উল্লেখ নেই। অর্থাৎ হোল্ডিং দি প্রাইস্ লাইন বলে কিছু নেই, কাজেই জিনিসের দাম যা খুশী হোক। স্পীকার মহাশয়, অনেকে বলেন যে, এই সরকারের কোন নীতি নেই। কিন্তু আমার অভিযোগ হচ্ছে যে, এই সমস্ত বড় বড় ব্ল্যাকমার্কেটিয়ার্সরা, ব্যবসাদাররা কি করে জনসাধারণের কাছ থেকে আরও বেশী বেশী টাকা নিংড়ে বার করে নেবে সেটাই হচ্ছে এঁদের নীতি। আজকে আমরা দেখছি যে, সরষের তেল, কয়লা এবং সম্প্রতিকালে চা, কাপড়, ডিম, মাংস প্রভৃতির দাম বেড়ে চলেছে এবং exhaustive list না দিলেও এক কথায় বলা যায় যে নিত্য প্রয়োজনীয় প্রায় সব জিনিসেরই দাম বেড়ে চলেছে। স্পীকার মহাশয়, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় আমরা দেখেছি যে, হোলসেল প্রাইস শতকরা ২৫ ভাগ বেড়েছে, রিটেল প্রাইস শতকরা ৩০ ভাগ বেড়েছে এবং কষ্ট্ অব লিভিং শতকরা ৩৫ ভাগ বেড়েছে এবং এর দ্বারাই বোঝা যায় যে মানুষের ক্রয় ক্ষমতা না বেড়ে কমে গেছে। অবশ্য এ প্রসঙ্গে আমি উপর তলার ঐ বড় বড় মালিক এবং ব্ল্যাক মার্কেটিয়ার্সদের কথা বলছি না—আমি বলছি যে, নীচের তলায় মানুষের এই অবস্থা হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয় যে, এসব কথা এঁরা রাজ্যপালকে দিয়ে কিছু বললেন না এবং তা ছাড়া কী নীতি আছে, প্রাইস লাইন কি আছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন্ জিনিসের দাম কি থাকবে তাও কিছু বললেন না। এর নাম কি প্ল্যানিং? তারপর ২।৪৲ টাকা মাইনে বাড়লেও তাতে কিছু উপকার হয় না, কেননা তখন আবার জিনিস-পত্রের দাম বেড়ে সর্বনাশ হয়ে যায়। স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে, কেন্দ্র থেকেই হোক আর পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকেই হোক, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৫ শত কোটি টাকা ট্যাক্স ধার্য করে সেখানে এঁরা প্রায় ৮ শত কোটি টাকা আদায় করেছেন। তবে এবারে শুনছি যে, ৫ শত কোটির জায়গায় এঁরা নাকি ১৬ শত কোটি টাকা ট্যাক্স হিসেবে আদায় করবেন।

১৬ শো কোটি টাকা বেশী আদায় করবেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়। তাহলে এগুলি জনসাধারণের স্কন্ধে চাপবে। তাঁতে জিনিসের দাম বাড়বে, তাদের বেশী বেশী টাকা লাগবে অন্ন জিনিস কিনতে। তাহলে মজুর, কৃষক, মধ্যবিত্ত সাধারণ খেটে খাওয়া মানুষ, ছোট ছোট ব্যবসাদার, তারা কোথায় গিয়ে দাঁড়াবে? এখানে বড় বড় পরিকল্পনা আছে, সব ঠিক আছে—আমরা যদি একটু ত্যাগ স্বীকার করি তাহলে সব ঠিক হয়ে যাবে। কাকে ত্যাগ স্বীকার করতে বলছেন? কংগ্রেসী মন্ত্রীরা তো তাঁদের বন্ধুদের যারা বড় বড় ব্ল্যাক-মার্কেটিয়ার, বলতে পারেন যে তোমরা এত ব্ল্যাক-মার্কেট কোরোনা, যারা ট্যাক্স ফাঁকি দেয় তাদের বলতে পারেন যে তোমরা কম ট্যাক্স ফাঁকি দাও নাহলে জিনিসের দাম বেড়ে যাবে। কিন্তু তা নয়, ত্যাগ স্বীকার করতে বলছেন গরীব জনসাধারণকে, কেননা বড় লোকদের কাছ থেকে তো কিছু আদায় করতে পারবেন না—ট্যাক্স ইভেসান হয় ২।৩ শত কোটি টাকা। পশ্চিমবাংলায় প্রায় ৩৬ কোটি টাকা যা এ্যাসেস্ড হয়েছে তাও পর্যন্ত আদায় হয়নি, আদায় হবে কিনা জানিনা—সে সম্বন্ধে কিছু বলছেন না। ওঁরা বলবেন গরীব মধ্যবিত্তকে যে ওরা কথাবার্তা শুনেনা, ওদের পকেটে কি করে হাত দেব, তোমাদের ফুটো পকেটে হাত দিতে হবে। কোন উপায় নেই—তোমাদের ত্যাগ স্বীকার করতে হবে। খুব দেশ প্রেমের কথা তাদের কাছে এসে বলবেন। দেশকে আপনারা কোথায় ঠেলে দিচ্ছেন? কে শুনবে এ কথা! যারা কোটিপতি তারা আরও কোটিপতি হবার জন্য পর্বতপ্রমাণ মুনাফা লাভ করতে ছুটেছে; ইংরাজ মালিক, দেশী মালিক কোটিপতি হচ্ছে, আগে যার ১০ কোটি ছিল এখন তার ১৫ কোটি হচ্ছে—তাদের জন্য তোমাদের ত্যাগ স্বীকার করতে হবে। কে স্যাক্রিফাইস করবে? তারা আন্দোলন করতে

শুরু করবে এই পথে তাদের ঠেলে দিচ্ছেন। তারপর, আর একটা জিনিস যেটা রাজ্যপালের বক্তৃতায় প্রশংসা পেয়েছে সেটা হচ্ছে খাদ্যের ব্যাপার। খাদ্যের ব্যাপারে উনি খুব সন্তুষ্ট that food situation has improved to a great extent. এতে আপনাদের কোন কৃতিত্ব নেই। এতো জানা কথা যে অনাবৃষ্টি, অতিবৃষ্টি যদি না হয় তাহলে ফসল ভাল হবে। আপনারা জানেন যে গত বছর ১৯৬০ সালে প্রোডাকসান কমে গিয়েছিল। ১৯৫৬-৫৭ সাল থেকে ১৯৫৯-৬০ সালের মধ্যে প্রোডাকসান ৪৩ লক্ষ টন থেকে কমে ৪১ লক্ষ টন হয়ে গেল। কৃতিত্বটা কোথায়? তারপর, আর একটা জিনিস—এর কি উত্তর আছে জানি না, প্রতি একরে যেখানে সরকারী হিসাব অনুযায়ী ১১·৭৩ মণ করে চাল হত সেখানে ১০·৩২ মণ হয়ে গেছে। প্রফুল্ল বাবু, শ্রীঅজয় মুখার্জী মহাশয় বলবেন আমরা কি করব, এত ছেলেপুলে জন্মাচ্ছে কেন? ওঁরা প্রেসিডেন্ট হয়ে আছেন, জন্ম যাতে ঠিকমত রেগুলেটেড হয় সেটা ওঁরা ভাল জানেন, আমরা ভাল জানি না ওসব ব্যাপার। এখন কথা হল ১১ মণ থেকে ১০ মণ হয়ে গেল। আমাদের মনে আছে শ্রীসিদ্ধার্থশংকর রায়ের উপ-নির্বাচনের সময় শ্রীঅজয় মুখার্জী একটা বক্তৃতায় বলেছিলেন—বোধ হয় তার জন্য নির্বাচনে হারলেন—যে একমাত্র কুটির-শিল্প যা আমাদের দেশে সাকসেসফুল হয়েছে সেটা হচ্ছে ঐ ছেলেপুলের উৎপাদন। যাই হোক, আমি বলি এই কুটির-শিল্পের দোষ দিয়ে লাভ নেই। একথা ভগবান কোনদিন কংগ্রেসী লোকদের বলেনি যে তোমরা যখন গদিতে বসবে তখন ছেলেপুলে হবে না, আমি ব্যবস্থা করব কয়েকটা বছরের। সেজন্য লোকসংখ্যা যখন বাড়ছে তখন সেটা ধরে নিয়ে কত ধান হবে, কত চাল হবে, কত কাপড়, জামা, জুতা উৎপাদন হবে, কিভাবে আমরা কাজ করব সেটা ঠিক করতে হবে।

[4—4-10 p.m.]

ষ্ট্যাটিক পপুলেসন ধরে ফেলে যে কোন দুনিয়ায় কেউ প্ল্যান করে এ তো আমরা জানিনা অথচ বারে বারে বলা হয় লোকজন বাড়ছে, আমরা কি করবো—ভগবান আমাদের বিরুদ্ধে চলে গেছে। এখন আপনি জানেন বাড়ীতে শিশুর জন্ম হলে আর কেউ শাঁখ বাজায় না, আর কেউ আনন্দ করে না—সেসব চুকে গেছে, মিটে গেছে। যাহোক এই যে প্রতি একরে ফলন কমে যাচ্ছে—১১ মণ থেকে ১৪ মণ ১৬ মণ ২০ মণ কেন করতে পারলেন না? তাহলে তো এই কথা বলতে হতনা, শিশুদের দোষ দিতে হতনা বা ঐসব কুটিরশিল্পকে দোষী করতে পারতেন না। আমি এসবের মধ্যে যাচ্ছিনা—শুধু এটুকু বলছি ধরুন খাদ্যশস্যের উৎপাদন যা বলা হচ্ছে—শ্রীতরুণ কান্তি ঘোষ বলেছেন ৪৩ লক্ষ টন হচ্ছে ৪১ না ৪৩ লক্ষ টনের জায়গায় কিন্তু তাতে আমাদের কি? চালের দাম বাড়ছে এ তো নূতন কথা নয়, কারণ যখন ১৭ লক্ষ টন খাদ্য কম পড়েছিল, যখন গতবৎসর ১৫ লক্ষ টন কম পড়েছিল তখন কেন্দ্র থেকে তো সেই খাদ্য দিয়ে দেওয়া হয়েছে গম এবং চাল, কোন সর্টেজ ছিলনা তবুও তো ডেফিসিট হয়েছে, খাদ্যের দাম বেড়েছে—এতো দেখে। তার মানে বড় বড় প্রডিউসার জোৎদার যাদের আমরা বলি, ট্রেডার্স এরা সমস্ত মিলে এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন, যাতে করে আমাদের দেশে ঠিকমত ধানচাল হলেও আমরা তার বেনিফিট পাইনা, আমাদের হাতে তা আসে না। চালের দাম আগুনের মত বেড়ে যায় তার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এটা আমার কথা নয়—র‍্যাগ্রো ইকোনমিক রিসার্চ সেন্টার। সেন্ট্রাল ফুড র‍্যাণ্ড এগ্রিকালচারাল মিনিষ্ট্রি—তাঁরা একটা ইনকোয়ারী করেছিলেন এই পশ্চিমবাংলায় এত চালের দাম বাড়ে কেন, কি ব্যাপার সেই সব দেখবার জন্য ১৯৫৮-৫৯ সালে। অনেক কংগ্রেসী মন্ত্রীরা লেখাপড়া কিছু করেন না বলেই আমাকে এগুলো পড়ে শোনাতে হচ্ছে। এঁরা বলছেন—

Large producers are still holding back a substantial volume of their stock from the market.

এঁরা বলেছেন—in Bihar as in West Bengal there is an increasing tendency on the part of large producers in the areas surveyed to be engaged in holding back their supplies.

এইভাবে ট্রেডারদের কেরোল, মার্চেন্টদের কেরোল, কি করে পরিবর্তন ঘটেছে; বিভিন্ন সহরে, গ্রামে গ্রামে এঁরা ধানচাল যেভাবে কর্জায় করে সমস্ত কিছু বলছেন, অথচ এসম্বন্ধে কিছুই তো বলা নেই যে, ধানচাল হলে আমরা ঠিকদামে তা পাবো। এইসব বড়বড় ব্যবসাদারেরা ছোটদের কাছ থেকে ধানচাল কিনে নিয়ে তা মজুত করে রেখে দিচ্ছে এবং তারপর নিজেরা দাম ডিকটেট করছে এই সমস্ত কথা সেখানে আছে। ৩ টাকা চালের দাম যদি কমে তাতে আনন্দিত, উৎসাহিত হবার কিছু নেই কারণ এতে আপনাদের কোন কৃতিত্ব নেই এটা আমরা জানি। আমরা এও জানি গতবৎসর ৮০টা লোককে প্রাণ দিতে হয়েছিল পুলিশের গুলীতে—দাম বেড়েছে, দাম কমাও আমাদের খেতে দাও—এইজন্য। আমরা দেখি যে কেন্দ্রের একজন ফুড মিনিষ্টার তিনি রিজাইন করলেন কিন্তু আমাদের এই মিনিষ্টারটি দিব্যি বলে যাচ্ছেন, কোন লজ্জা শরম নেই, গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র বিশ্বাস নেই এই জিনিস দেখলাম।

এই জিনিস আমরা দেখেছি। তারপরে এখানে বলা উচিৎ ছিল কি—তাহলে? আমার কথা নয়, যদি ঐ Agro-economic survey report সত্য হয়, যেটা সেণ্ট্রাল মিনিষ্ট্রি করতে চেয়েছিল ষ্টেট ট্রেডিংকে কংগ্রেসের অধীনে আমরা দেখলাম—বড় করে দেখা হলো দু-তিন বছর আগে। ষ্টেট ট্রেডিং-এর যে গৃহীত হয়েছিল সেটা curtail করে দেওয়া হলো, নষ্ট করে দেওয়া হলো। আমাদের পশ্চিমবঙ্গ সরকার আগেই ঠিক করেছিলেন তারপর সেণ্ট্রাল গভর্ণমেণ্টও ঠিক করেছেন—আর ওটা দরকার নাই। বড় বড় ব্যবসায়ীদের হাতে ছেড়ে দেওয়া হবে। আর তারা যখন খুসী দাম কমাবে, দাম বাড়াবে। অথচ রাজ্যপাল এদিকে একটু দৃষ্টিও দিলেন না—এত সব অভিজ্ঞতার পর।

তারপর আর একটা বিষয় সেটা হচ্ছে—শুধু আমাদের রাজ্যে নয়, সর্বভারতীয় ক্ষেত্রেই সেটা প্রযোজ্য হচ্ছে। আমরা দেখছি এই যে আমাদের অর্থনীতির পরিকল্পনায় একদিকে টাকা গিয়ে জমছে মুষ্টিমেয় লোকের হাতে—এই wealth concentrate হচ্ছে। এটা কিন্তু পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য ছিল না, যাঁরা প্ল্যানিং করেন—মন্ত্রী মহাশয়রা বারবার শুনিয়েছেন concentrate wealth যাতে না হয়, income ঠিকমত যাতে distribution হয়, এটা তাঁরা চান; জাতীয় আয় মোটামুটি যাতে সকলের মধ্যে ভাগ বাটোয়ারা হয়, তার ব্যবস্থা তাঁরা করবেন। আমরা তার কোন রকম লক্ষণ দেখছি না। আমাদের কথা তো অনেক বলেছি, এখন একজন বিখ্যাত অর্থনীতিবিদের কথা বলছি। তিনি হচ্ছেন ডাঃ ভি, কে, আর, ভি, রাও তিনি কম্যুনিষ্ট নন, তিনি বলছেন, Commenting on the Third Five Year Plan "It is not perhaps entirely unintentional that reduction in inequality figures last in this list."

That reduction অর্থাৎ কি কি পঞ্চবার্ষিক পরিকল্পনার উদ্দেশ্য—সে কথা বলতে গিয়ে বলেছেন, inequality কি করে কমান হচ্ছে nor can it be an unconscious omission that the draft does not contain a chapter on what is being proposed for the implementation of this item. এটা উনি বলছেন। তারপর ডাঃ জ্ঞানচাঁদ তিনি তার "যোজনা"তে সরকারী পাবলিকেশনে বলেছেন—

Notwithstanding the progressive income-tax rate, the imposition of death duties, capital gains tax, partial abolition of landlordism, it is clear that 42 per cent increase in national income and increase in industrial and agricultural

production of 50 per cent and 35 per cent respectively since 1951 have not meant any real improvement in the conditions of the vast majority of rural and urban masses. Development plans have done practically nothing for the land-less labourers or poor peasants. Industrial labour has not participated in the increase in national income.

এইসব হয়েছে, তাহলে লাভটা কি হল ? এই যে কিছু কিছু উৎপাদন বাড়লো বিভিন্ন ক্ষেত্রে ইনি বলেছেন। বড় বড় প্রফেসর যাঁরা প্ল্যানিং কমিশনের সঙ্গে যুক্ত আছেন, তাঁরা বলেছেন রিজার্ভ ব্যাঙ্কের চেয়ারম্যান বলেছেন—এটা হচ্ছে না। অথচ পশ্চিমবাংলায় দেখলাম না এখান থেকে মুখ্যমন্ত্রী কোন কথা বলেন। রাজ্যপালের বক্তৃতায়ও দেখলাম না। সবচেয়ে বেশী Industrialised যে পশ্চিমবঙ্গ সেখানেও আমরা আলাদা করে কিছু করতে পারি না। এই concentration of wealth tax evasion maldistribution of national income এ সম্বন্ধে যে recommendation করেছেন, তার কি করা যায়—বড় বড় চোর কি করে ধরা যায়, তার কোন রকম ব্যবস্থা এখানে তাঁর বক্তৃতার মধ্যে নাই। কাজেই আমরা ধরে নিতে পারি যেটা চলছে, সেটা আরো চলবে। দশ হাজার কোটি টাকা যেখানে খরচ হচ্ছে, সেখানে যে আরো বেশী চুরি হবে, আরো বেশী concentration of wealth হবে এবং মুষ্টিমেয় কিছু লোক আরো বড় হবে—এটা আমরা ধরে নিলাম।

[4-10—4-20 p.m.]

তারপর একটা খুব গুরুত্বপূর্ণ বিষয় আছে, সেটা খুব ভয়াবহ, সে সম্বন্ধে কোন উল্লেখ মাননীয়া রাজ্যপালের ভাষণে নেই। সেটা আমি বলছি। বিদেশী পুঁজিকে আমাদের private sector ও state sector-এ ডেকে আনা হচ্ছে। Planning-এর একটা উদ্দেশ্য হচ্ছে, বিশেষ করে আমাদের মত দেশে, আমরা নিজেদের পায়ে নিজে দাঁড়াবো একটা দুটা পরিকল্পনার পর। কিন্তু এখানে দেখছি যতই পরিকল্পনা হচ্ছে ততই পরনির্ভরশীলতা বাড়ছে। আমাদের পশ্চিম বাংলায় হিসাব করে দেখেছি, যে টাকা খরচ হবে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, তার মধ্যে ৪০ ভাগ হচ্ছে—এইসব capitalist countries—America, England, France, West Germany, Japan এই সমস্ত দেশ থেকে টাকা পাচ্ছি শতকরা ৪০ ভাগ। অবশ্য আমি জানি না এই সমস্ত কথার মূল্য কংগ্রেস মেম্বারদের কাছে আছে কিনা ? কিন্তু থাকা উচিত। আমরা দেখেছি এইভাবে ইংরাজরা এখানে ঢুকে ছিলেন। আমি বলছি না যে ঠিক সেইভাবে আবার কেউ আমাদের দেশ দখল করে নেবে। কিন্তু এই সমস্ত সাম্রাজ্যবাদী যারা সাহায্য করতে এগিয়ে আসেন, তাদের নিজেদের কোন একটা স্বার্থ না থাকলে কাউকে সাহায্য করেন না। যারা ভারতবর্ষকে সাহায্য করবার জন্য উদ্যত হয়েছেন তাঁরা বলছেন democracy-র জন্য ভারতবর্ষকে সাহায্য করবেন। আমি মনে করি ৪০ ভাগ সাহায্য ঐ সমস্ত দেশ থেকে আসছে। অবশ্য সমাজবাদ দেশ থেকে সাহায্য আসছে না তা নয় ; যা আসছে তা খুব সামান্য।

তারপর আমরা দেখছি চারশত কোটি টাকা এই ক্যালকাটা এবং satellite town-এর জন্য আনবার চেষ্টা করছেন। সে World Bank হোক, development fund হোক, Ford foundation fund হোক, বা যে fund-ই হোক এই satellite town কলকাতায় করতে গিয়ে আমরা আবার যেন satellite-এ পরিণত না হয়ে যাই। এটাই ভয়ের কথা। satellite-এ পরিণত না হয়ে যাওয়া—এটা শুধু আমাদের কথা নয়, কমিউনিষ্ট পার্টির বাইরে যাঁরা তাঁরাও বলেছেন। বড় বড় প্রফেসার বলেছেন, মিঃ ভি, কে, আর, ভি রাও বলেছেন আমাদের foreign policy বা internal policy সম্পর্কে, এইভাবে এর প্রভাব পড়বে কিনা। American Imperialist—এঁরা যতই গণতান্ত্রিকতার কথা বলুন না কেন, এঁরা কাদের বন্ধু ? ঐ সিংম্যানরি এবং সালাজার প্রভৃতি যতরকম প্রতিক্রিয়াশীল শক্তি ইউরোপে আছে, তাদের বন্ধু।

এঁদের সকলের বন্ধু হচ্ছেন—American Imperialist, আমেরিকান সাম্রাজ্যবাদীরা, বৃটিশরা নয়। আমাদের এখানে বৃটিশের রাণী আসছেন—তাঁকে নিয়ে আমরা লাফালাফি করতে পারি। কারও যদি ভাল লাগে, তা তিনি করবেন। কিন্তু এ কথা শুনলে মাথা নীচু হয়ে যায়—যখন শুনি তিনি শুধু British Queen নন, Commonwealth queen, রাষ্ট্রপতি, নেহরুর কুইন হতে পারেন, কিন্তু আমাদের কুইন কিছুতেই নয়। এই জিনিস এখন আমরা দেখছি, এর পূর্বেও আমরা দেখেছি—শুধু নিজেদের স্বার্থের জন্য তাঁরা এখানে এসেছেন। একজন ইংরাজ lunch খেতে খেতে বলেছেন, 'বাবা এই রকম স্বাধীনতা হবে জানলে আমরা বহুদিন আগেই দিয়ে দিতাম।' পূর্বে আমাদের এখানে merchant অফিসে এত ইংরাজ ছিল না। এখন যে রকম ইংরাজরা capital নিয়ে এসেছেন আমাদের এখানে ব্যবসা করতে, এর আগে কখনও এত ইংরাজ ছিল না বড় বড় ইংরাজ ও আমেরিকান capitalists এখানে এসেছেন ব্যবসা করতে। আমাদের পশ্চিম বাংলায় দুর্গাপুরে thermal plant বলুন, ষ্টিলের কারখানা বলুন—এই সমস্তর ব্যবস্থা হয়ে গেল বৃটিশ এবং আমেরিকান ক্যাপিলিষ্ট পুঁজিপতিদের সঙ্গে। আরও শুনছি—ফ্রেঞ্চ ক্যাপিটিলিষ্ট, যারা আমেরিকান দেশবাসীর উপর অত্যাচার করছে, তাদের সঙ্গে মিতালি করে, তাদের হাতে টাকা দেবার চেষ্টা করছেন এখানে আমাদের ব্যবসায় সাহায্য করবার জন্য। Kerbs Limited কোম্পানীর হাতে ইলেকট্রিসিটির কাজের ভার দেওয়া হয়েছে। আমরা শুনছি—electricity যা হবে সেটা আমাদের state-এর হাতে আসবে না, এগুলি Calcutta Electricity Supply Corporation-এর হাতে দিয়ে দেওয়া হবে। কারণ আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের মত এজেন্ট আর কোথায় পাবে? মাড়োয়ারী, বৃটিশ এবং আমেরিকান বড় বড় যাঁরা পুঁজিপতি—এঁদের নমস্য ব্যক্তি হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়। তাঁরা বলছেন আমাদের মুখ্যমন্ত্রী also representative of the capitalist class সেইজন্য তিনি এইভাবে আমাদের সাহায্য করবার চেষ্টা করছেন। এবং আমরা লক্ষ্য করেছি—এই কথা বলা হয়েছে—আমাদের এই যে satellite town-এর কথা, সেই satellite town সম্বন্ধে বলতে গিয়ে তাঁরা যে রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্টে তিনি পরিষ্কারভাবে এই কথা বলেছেন ক্যালকাটাকে satellite town-এ পরিণত করতে হবে for democracy.

এত বড় আস্পর্ধা যে এরা কোথাকার Imperialist না Capitalist তারা আমাদের democracy হবে কি না হবে এ সম্বন্ধে তারা আমাদের dictate করতে আসে, তারা আমাদের dictate করবার কে? কই Soviet Union তো একথা বলে না—যে যারা আমাদের সাহায্য নেবে তাদের সেখানে সাম্রাজ্যবাদ গড়ে তুলতে হবে! এ কথা তো তারা বলে না যে আমাদের সাহায্য নিলে Communist Party-কে সিংহাসন দিতে হবে—কিন্তু American or British তাদের কি এত ক্ষমতা যে তারা যা চাইবে তাই হবে; তারা আমাদের internal ব্যাপারে dictate করবে? আমি সেই report-এর কিছু অংশ দেখেছি—সেখানে আছে Calcutta student-রা riotous সেখানে আছে Calcutta-য় food movement হয়, সেই Calcutta-কে disperse করতে হবে এখানে সেখানে, এসব কি political কারণ না? একি dictation না? মুখ্যমন্ত্রী মহাশয় এসব মাথা পেতে গ্রহণ করছেন। কিন্তু কলিকাতা students-এর মত student কি আমেরিকানরা চোখে দেখেছে? যাদের রাজনৈতিক চেতনা—ভারতবর্ষকে স্বাধীন করেছে? তারা এত বড় কথা বলছেন! আমি American Student, British Student বহু দেখেছি কিন্তু এ বিষয়ে কংগ্রেসী মন্ত্রীদের,—বহু কংগ্রেসী সদস্যও হয়ত আছেন—যাদের প্রতিবাদ করবার ক্ষমতা নাই। যার জন্য তারা আত্মমর্যাদা বলিদান দিচ্ছেন, এরা বলবেন, কি করবো ওরা টাকা দিচ্ছে; আমি জিজ্ঞাসা করি এতদিন কি করেছিলেন, ঘাস কাটছিলেন, এতদিন ধরে Imperialist দিয়ে দেশকে গড়ে তুলছেন আমাদের মজুর নাই, মধ্যবিত্ত নাই—আমরা capitalist formation করতে পারি না, বলি কি করে করবো—সেই ব্যবস্থা কি করেছেন?

তা করেননি। যে রাজত্ব আপনারা প্রতিষ্ঠা করেছেন সেটা পাপের রাজত্ব। সেজন্য দেখছি বিহারে স্পষ্ট কথায় একজন মন্ত্রী communist party-র মেম্বারকে বলে দিয়েছেন জামসেদপুর town-এর কিছুটা অংশ বন্ধক রাখা হয়েছে আমেরিকানদের কাছ থেকে টাকা নেবার জন্য। steel plant করবার জন্য। এতো দেখছি এরাও মোগলকেও ছাড়িয়ে গেছেন এ ব্যাপারে, এরা শুধু factory বন্ধক রাখছেন না, জমি পর্যন্ত বন্ধক রাখছেন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ৪০০ কোটি টাকার plan করেছেন আমি বলি তিনি secret terms কোথায় কি রেখেছেন আমাদের কাছে হাজির করুন। আমি Imperialist-দের জানি তারা self interest ছাড়া কিছু দেয় না। এরা পাকিস্তানের মত তাই dictatorship আরম্ভ করেছে, এজন্য বিশেষ করে আমি সন্দিহান হচ্ছি, সেজন্য আমরা এর বিরুদ্ধে। কিন্তু স্পীকার মহাশয়, কলকাতায় যে মানুষ খুব বেশী হয়েছে এটা ঠিক এবং আমরাও এ বিষয়ে একমত—যে কলকাতার আশেপাশে যে খালি জমি আছে সেখানে একটা ব্যবস্থা করে satellite town গড়ে তোলা উচিত—যেটা self contained হবে এবং সেখানে ব্যবসা-বাণিজ্য গড়ে উঠবে এবং যেখান থেকে দলে দলে লোককে কলকাতায় আসতে হবে না, কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় যা শোনালেন সেভাবে আমরা চাই না। তিনি পরিকল্পনা শোনালেন যে, ৫৫ একর করে জমি কৃষকদের কাছ থেকে নেবেন এবং যাদের কাছ থেকে জমি নেবেন সেইসব কৃষকদের ছেলেমেয়েকে engineer করবেন। আপনি দু লক্ষ কৃষকদের কাছ থেকে জমি নেবেন, তাদের জীবিকার্জনের ব্যবস্থা যদি তাদের হাত থেকে নিয়ে নেওয়া হয় তাহলে কি মুখ্যমন্ত্রী মহাশয় তাদের খাওয়াবেন? বহু কৃষকের বহু জমি তো চলে গিয়েছে township করার জন্য। কল্যাণী ইত্যাদি করার জন্য, তাদের একটি মাত্র যে trade সেটাও নিয়ে নিচ্ছেন—সেজন্য তাদের কি compensation দিয়েছেন? তাই বলছি ধান জমির উপর সহজে হাত দেবেন না। আমরা প্রস্তাব করেছিলাম মুখ্যমন্ত্রীর কাছে যে আমরা সবাই মিলে, তাতে কংগ্রেসীও থাকুন, আমরাও থাকি ৫০।৬০ মাইলের মধ্যে চলুন survey করি এবং দেখি কোথায় ধান জমি আছে আর কোথায় নাই। যেটা ধানী নয় এমন জমি দেখে স্থির করবো যেখানে বিরাট ঘরবাড়ী তৈরী হতে পারে, হাজার হাজার লোক বসতি করতে পারে। ছোট ছোট Industry করতে পারে এবং যেটা self contained হয়ে গড়ে উঠতে পারে—হয়ত আমরা দুর্গাপুরের মত এত বড় না করতে পারি। এ অবস্থায় তিনি Ford Foundation সাহেবের সঙ্গে কথা বলতে চান, Industry-র সাহেবের সঙ্গে কথা বলবেন। সাহেবের সঙ্গে যদি এত কথা বলবেন তবে কি তাদের তাড়ান যাবে? এরজন্য আপনারা আমাদের বিরোধীতা করতে বাধ্য করাবেন এবং সেই জন্যেই আপনারা যাচ্ছেন। তা না হলে যদি কাজ করতে চান তাহলে আসুন আমরা একসঙ্গে survey করে দেখি কোথায় কি ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু তা করবেন না। কংগ্রেস যে কাজে হাত দিয়েছে তার সর্বনাশ হয়েছে। ভাল কাজ করতে গিয়েও মানুষের সর্বনাশ ডেকে নিয়ে এসেছেন। এই সমস্ত কথার উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে দেখি না। সেইজন্য তাঁকে ধন্যবাদ দিতে পারি না বা এটাকে excellent speech ও বলতে পারিনা।

[4-20—4-30 p.m.]

Shri Ananda Gopal Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয়া রাজ্যপালিকা তাঁর ভাষণে বাংলাদেশের একটা সামগ্রিক চিত্র তুলে ধরতে চেষ্টা করেছেন। বাংলাদেশের সামগ্রিক ছবি তাঁর কয়েক পাতার মধ্যে তুলে ধরা কোন ক্রমেই সম্ভব নয়। তাতে বিভিন্ন বিভাগের যেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সেইগুলির তিনি অবতারণা করেছেন। এর মধ্যে আলোচনার অনেক গুরুত্বপূর্ণ বিষয় আছে, যার অনেকগুলির বিশদ আলোচনা হয়েছে আবার বহু বিষয় তাঁর বক্তৃতার মধ্যে স্থান পায়নি।:

তার থেকে একথা বোঝা যায় না যে, এই সমস্ত বিষয় তিনি অবগত নন। বাংলাদেশের সামগ্রিক ছবি তুলে ধরতে গিয়ে তিনি আমাদের সামনে তুলে ধরেছেন প্রথমতঃ বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা, খাদ্য সমস্যা, এবং সেই খাদ্য সমস্যার বর্তমান অবস্থা কি। এই food position সম্বন্ধে যদি বিশদভাবে আলোচনা করা যায় তাহলে দেখা যাবে বর্তমান বৎসরে ফসলের অবস্থা বিশেষরূপে ভাল। কিন্তু সেখানে সরকার চুপ করে বসে থাকতে পারে না। প্রকৃতি এবং সরকারের চেষ্টায় হয়ত বর্তমান বৎসরে ভাল হয়েছে, কিন্তু আমাদের সামনে যে খাদ্যের ঘাটতি রয়েছে, সেই ঘাটতি মিটাবার জন্য সরকার কি পরিমাণে উৎগ্রীব হয়ে আছেন তার ছবিও তুলে ধরা হয়েছে। আপনারা যদি Third Five Year Plan বিশদভাবে পর্যালোচনা করেন তাহলে তার draft outline-এ দেখবেন সেখানে food production সম্বন্ধে সবচেয়ে বেশী অগ্রাধিকার দেওয়া হয়েছে। আমরা সেখানে দেখতে পাচ্ছি যে food production আগে যেখানে মাত্র 8'99 crores Second Five Year Plan-র মধ্যে ধরা হয়েছিল সেখানে আমরা দেখছি 67 (7 crores এই draft outline ধরা হয়েছে। এবং Second Five Year-এ যে নির্ধারিত টাকা, তার কয়েক গুণ বেশী টাকা এখানে ধরা হয়েছে।

এই টাকাটা কিভাবে ব্যয়িত হলে পশ্চিমবঙ্গের খাদ্যোৎপাদন বেশী হবে, খাদ্য সমস্যার সমাধান করা যাবে সে সম্পর্কে মতামত দেবার জন্য বাংলাদেশে খাদ্যোৎপাদন বিষয়ে যাঁরা বিশেষজ্ঞ তাঁদের নিয়ে কমিটি নিযুক্ত হয়েছে এবং সেই কমিটির অভিমত নিয়ে নতুন পরিকল্পনা নেওয়া হচ্ছে। যাঁরা এই কমিটির সদস্য ছিলেন তাঁরা সামগ্রিকভাবে বাংলাদেশের জমির অবস্থা, বাংলাদেশের সেচ পরিকল্পনা, বাংলাদেশের কৃষকদের অবস্থা, বাংলাদেশের আর্থিক অবস্থা—এসব বিবেচনা করে একটা মাত্র উপদেশ main points-এর মধ্যে mention করেছেন, এবং তা দেখতে গেলে দেখতে পাওয়া যাবে সেখানে সবচেয়ে বড় কথা ধরা হয়েছে improved irrigational facilities provide করা দরকার distribution of fertiliser and manure seed saturation with improved seeds.

তারপর improvements in agricultural practice, তারপর reclamation of waste lands and soil conservation—আমরা যদি এই পরিকল্পনাকে পশ্চিমবঙ্গে সত্যিকারের রূপ দিতে পারি তাহলে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আমাদের যা ঘাটতি তা পূরণ করতে পারব। এই পরিকল্পনা নিছক ভাবাবেশের উপর প্রতিষ্ঠিত নয়, এর পিছনে সুচিন্তিত বৈজ্ঞানিক মত আছে। সরকারী প্রচেষ্টার সঙ্গে যদি জনসাধারণের সমর্থন থাকে তাহলে-পরে এই পরিকল্পনা সফল হবে বলে আমি মনে করি। এটা অত্যন্ত আশার কথা যে, আমাদের সরকার agriculture food production-এর উপর সর্বাধিক গুরুত্ব ও অগ্রাধিকার দিয়ে এই পরিকল্পনা রূপায়ণে অগ্রসর হচ্ছেন।

আজকে এখানে অন্যান্য কথাও আলোচিত হচ্ছে—আসামের পরিস্থিতিও বিশেষভাবে তোলা হয়েছে। অত্যন্ত দুঃখ ও বেদনার কথা যে, আসামে যাঁরা বাঙালী বাসিন্দা ছিলেন তাঁদের উপর দিয়ে ঝড় বয়ে গিয়েছে—সেখানকার অনেক বাঙালী বাসিন্দা সর্বস্ব উদ্বাস্তু হয়ে বাংলাদেশে এসেছেন। আজ ভারতবর্ষের উপর এক দুর্দিন ঘনিয়ে এসেছে, কারণ ভারতবর্ষের মানুষ হিসাবে সমগ্র দেশের মানুষকে আমরা ভাই হিসাবে মনে করতে পারছি না। আজ আসামের অধিবাসীরা বাঙালীদের উৎখাত করার জন্য প্রচণ্ড হয়ে উঠেছে। যদিও বর্তমানে অনেকে আসামে ফিরে গিয়েছেন তাহলেও এখনো পর্যন্ত ২৭ হাজারের বেশী পশ্চিমবঙ্গের বিভিন্ন ক্যাম্পে আছে। যদিও তদন্ত কমিশন গঠন করে বিভিন্ন উপায়ে এই অন্যায়ের প্রতিকারের চেষ্টা চলছে তাহলেও আমরা সেখানে শুধু দেখতে পাচ্ছি ব্যর্থতা। এবং অনেক ঘটনা যা বেরিয়ে আসছে তা সত্য নয়। সত্য কথা চাপা পড়ে যাচ্ছে। এ সম্পর্কে আমাদের পশ্চিমবঙ্গের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বক্তব্য সুস্পষ্টভাবে রাখা হয়েছে এবং আমি মনে করি আরো জানানোর প্রয়োজনীয়তা রয়েছে।

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় education খাতে ২২'১৬ কোটি টাকা ধরা হয়েছিল, কিন্তু আমরা দেখছি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় 48'45 crores ধরা হয়েছে। আমি মনে করি এটা আমাদের welfare state-এর যোগ্য কাজ হয়েছে। শিক্ষা যাতে জনসাধারণের লভ্য হতে পারে তারজন্য সরকারী প্রচেষ্টার প্রমাণ আমরা পাচ্ছি। শিক্ষাখাতে যে পরিমাণ টাকা ধরা হয়েছে তার বেশীর ভাগ ৬ বৎসর বয়স্ক ও তদূর্ধ্ব ছেলেমেয়েদের বাধ্যতামূলক অবৈতনিক শিক্ষার জন্য ব্যয়িত হবে—এবং শিক্ষায় সুযোগ বাংলাদেশের প্রতিটি প্রান্তে পৌঁছে দেবার জন্য সরকার এই পরিকল্পনা গ্রহণ করেছেন।

[4-30—4-40 p.m.]

আমরা সেকেণ্ডারী এডুকেশনের ক্ষেত্রে দেখব যে পশ্চিমবাংলায় যত স্কুল ছিল এবং যত নূতন স্কুল গঠিত হয়েছে তার প্রায় ½ অংশ আজ মাল্টি পারপাস স্কুলে পরিণত হয়েছে। কলেজের সংখ্যা যদি দেখি তাহলে দেখব যে ১২৫টা নূতন কলেজ সারা পশ্চিমবাংলায় হয়েছে। এছাড়া বর্ধমান-এর, কল্যাণী ইউনিভারসিটির কথা তো আপনারা সবাই জানেন। আপনারা জানেন যে বর্ধমান ইউনিভারসিটি কাজ সুরু করে দিয়েছে। আমাদের সরকার যেখানে সবচেয়ে বেশী টাকা ধার্য করতে চলেছেন তা হচ্ছে টেকনিক্যাল এডুকেশান-এর জন্য। আজ দেশে চারিদিকে শিল্প গড়ে উঠছে। এইসব শিল্পে যাতে উপযুক্ত শিক্ষাপ্রাপ্ত লোক ঢুকতে পারে তার জন্য টেকনিক্যাল এডুকেশানের ব্যবস্থা করা হচ্ছে। এজন্য গত বছর থেকে দুর্গাপুরে নূতন কলেজ সুরু হয়েছে। সেজন্য পশ্চিমবাংলায় polytechnic trade course training school গড়ে উঠেছে এবং আগামী পরিকল্পনার মাধ্যমে আরও গড়ে উঠবে। আমি এ সম্বন্ধে একটা পরিসংখ্যান আপনার সামনে না রেখে শুধু সামগ্রিকভাবে বলব যে বাংলাদেশে যে সমস্ত শিল্প গড়ে উঠেছে তার চাহিদা মেটাবার জন্য যে সমস্ত ট্রেড শেখা প্রয়োজন সেই সমস্ত নূতন ট্রেড বিভিন্ন স্কুলের মাধ্যমে শিক্ষা দেবার ব্যবস্থা করা হোক। এমন কতকগুলি ট্রেড আছে যার হয়ত ব্যবহারিক আয় হয় না—অর্থাৎ ছেলে শিক্ষা লাভ করল চাকরী ক্ষেত্রে তার সেই শিক্ষা খুব বেশী কাজে লাগল না। আবার বহু ট্রেড আছে যেখানে চাহিদা অত্যন্ত বেশী, কিন্তু সিটস কম। সেজন্য আমি বলব যে ট্রেড কোর্সকে নূতন ভাবে অরগ্যানাইজ করে বেসিক ইণ্ডাষ্ট্রীর যে ট্রেড নীডস আছে, কটেজ ইণ্ডাষ্ট্রীর যে নীডস আছে সেগুলিকে রি-অরগ্যানাইজ করে বেশী সংখ্যক সিটস্ সেখানে দেওয়া হোক এবং তার মাধ্যমে বাংলাদেশের অর্ধ-শিক্ষিত এবং শিক্ষিত বেকার যুবকদের ১৮ মাস থেকে এক বছরের বিভিন্ন ট্রেডে শিক্ষা দেবার ব্যবস্থা করা হোক। আমি মনে করছি যে যেখানে নূতন শিক্ষা গড়ে উঠবে সেখানে যেন প্রি-প্ল্যানিং করে এই সমস্ত স্কুল করা হয়।

এ ছাড়া মেডিকেল ফেসিলিটিজ সম্বন্ধে বলতে গিয়ে বলব যে বাংলাদেশে যেখানে লোকসংখ্যার চাপ অত্যন্ত বেশী সেখানে জনস্বাস্থ্য বিপন্ন হবার কথা। সেখানে এই মেডিক্যাল ফেসিলিটিজ এক্সচেঞ্জ করার জন্য পশ্চিমবঙ্গে হাসপাতালের সংখ্যা বাড়ান হচ্ছে। বেলেঘাটার জেনারেল হাসপাতালের কথা রাজ্যপালের ভাষণে আপনারা জেনেছেন। এ ছাড়া থানা বা সহরে যেখানে ৫০ বেডের হাসপাতাল ছিল সেখানে সেগুলি বড় করে ১৫০ বা ২০০ বেডে পরিণত করা হচ্ছে। এছাড়া এখানে আমি co-ordination সম্বন্ধে একটা কথা বলব। জনসংখ্যা যেখানে দ্রুত বেড়ে চলেছে সেখানে সরকারের সেইভাবে পরিকল্পনা করা উচিত। কিন্তু এই co-ordination এবং প্ল্যানিং যদি না থাকে তাহলে জনস্বাস্থ্য বিপন্ন হবে। আমি co-ordination-এর প্ল্যানিং এজন্য বলছি যে যেখানে industrial development-এর জন্য অন্যান্য ইণ্ডাষ্ট্রি গঠিত হবার জন্য জনসংখ্যা বাড়বে সেখানে সেইভাবে জনস্বাস্থ্যের পরিকল্পনা নিয়ে কাজ করা উচিত। অর্থাৎ যে ইউনিয়নে ১৩ হাজার লোক ছিল সেখানে construction period ৬০ হাজার লোক হয়।

যেখানে ১৪ হাজার লোক ছিল সেখানে কনস্ট্রাকসন পিরিয়ডে সেটা বেড়ে ৪৫ হাজার লোক হয়েছে এবং একটি থানার সমগ্র পপুলেশন যেখানে ছিল ৫৬ হাজার সেখানে ২টি ইউনিয়নের রেইসড্ পপুলেসন হয়েছে প্রায় ৭৯ হাজার। সুতরাং আজকে যখন সেখানকার জলের সোর্স এবং স্যানিটেসন্-এর উপর জনসংখ্যার এত চাপ পড়েছে তখন যদি সঙ্গে সঙ্গে পরিকল্পনা গৃহীত না হয় তাহলে সেখানকার জনস্বাস্থ্য বিপন্ন হবে এবং সেইজন্যই আমার বক্তব্য হচ্ছে যে, একটা প্রোগ্রাম ঠিক করে কেন্দ্রীয় ও রাজ্যসরকার কো-অর্ডিনেটেড ওয়েতে পরিকল্পনা গ্রহণ করুক। স্যার, আজকে জল এবং জনস্বাস্থ্যের দিক থেকে যখন দুর্গাপুরের জনসাধারণ অত্যন্ত বিপন্ন তখন এ ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে এই সমস্যা সমাধান করবার জন্য অনুরোধ করছি। তারপর মেডিক্যাল ফেসিলিটিজ-এর কথা বলতে গিয়ে বলব যে, যদিও পশ্চিমবাংলায় টোটাল নাম্বার অব বেডস্ প্রায় ২৮ হাজার, কিন্তু তাতে সব রোগীকে নেওয়া সম্ভব হবে না। এছাড়া স্পেশালাইজড ট্রিটমেন্ট-এর কথা যদি বলেন তাহলে বলব মফঃস্বলে যে সমস্ত হেল্থ সেন্টার আছে সেখানে স্পেশালাইজড ট্রিটমেন্ট পাওয়া যায় না এবং সদরে ও বিভিন্ন বিভাগে যে সমস্ত হাসপাতাল হয়েছে সেখানে স্পেশালিষ্ট থাকলেও সমস্ত রকম বড় অপারেশন থেকে আরম্ভ করে সব রকম স্পেশালাইজড ট্রিটমেন্ট সেখানে হয় না। কাজেই যাঁরা মফঃস্বলে থাকেন তাঁরা যাতে সদরে এসে বিনা কষ্টে স্পেশালাইজড ট্রিটমেন্ট পেতে পারেন তার ব্যবস্থা করা উচিত, কেননা তা না হলে মফঃস্বলে বা গ্রামে হেলথ সেন্টার রইল আর রোগীকে যদি স্পেশালাইজড ট্রিটমেন্ট সেখানে না থাকার জন্য কলকাতায় আসতে হয় তাহলে পয়সার অভাবে তাদের অনেক কষ্টভোগ করতে হবে। অবশ্য এটা আমরা সকলেই জানি যে আমাদের সরকার এ বিষয়ে যথেষ্ট সচেতন আছেন। তারপর গ্রামাঞ্চলে পরিস্রুত জল সরবরাহের প্রয়োজন আছে এবং সেই প্রটেক্টেড সোর্স অব ওয়াটার সাপ্লাই সম্বন্ধে আমরা জানি যে, সরকার যদিও সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে ৬ হাজার টিউবওয়েলস্ এ্যাণ্ড ওয়েলস্ তৈরী করেছেন কিন্তু আরও প্রয়োজন আছে বলে মনে করি। তবে এ ছাড়া ১৭টি মিউনিসিপ্যালিটিকে প্রোটেক্টেড ওয়াটার সাপ্লাই সোর্স প্রোভাইড করা হয়েছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরও ১০টি মিউনিসিপ্যালিটিকে এই ওয়াটার সাপ্লাই অ্যারেঞ্জমেণ্ট করে দেওয়া হবে বলে আমরা শুনেছি। তারপর কলিকাতা এবং তার আশেপাশে যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেখানকার জনসাধারণের যে পরিস্রুত জলের অভাব বোধ করতে এবং অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে বাস করতে হচ্ছে সে কথা আমাদের পশ্চিমবঙ্গ সরকার ভাল ভাবেই জানেন এবং সেই অনুসারে তাঁরা এই অঞ্চলের ওয়াটার সাপ্লাই অ্যারেঞ্জমেণ্ট এবং সিওরেজ অ্যারেঞ্জমেণ্ট এক সঙ্গে নিয়ে একটি বোর্ড তৈরী করে এই অঞ্চলের সুখসুবিধা দেখছেন। কাজেই কলিকাতাকে কেন্দ্র করে তার আশেপাশের এতগুলো মিউনিসিপ্যালিটিতে যে প্রচুর সংখ্যক লোক বাস করে তাঁদের যদি এইভাবে উন্নতির ব্যবস্থা করা হয় তাহলে বাংলাদেশের অনেক উন্নতি হবে এবং এই কাজ করার জন্য আমি সরকারকে যথেষ্ট ধন্যবাদ দিচ্ছি। তবে একটা অনুরোধ করব এই কাজ যাতে তাড়াতাড়ি করা হয় তার ব্যবস্থা যেন সরকার করেন বা সেদিকে দৃষ্টি রাখেন। তারপর লেবার ডিপার্টমেণ্টের কার্যাবলী আলোচনা করতে গিয়ে মাননীয় রাজ্যপাল সন্তোষ প্রকাশ করেছেন এবং আমরাও জানি যে লেবার-এর ভালর জন্যই লেবার ডিপার্টমেণ্ট কাজ করে যাচ্ছে। কিন্তু একটা জিনিস রাজ্যপালের দৃষ্টিতে আসেনি অথবা তিনি হয়ত জেনেও বলেননি—সেটা হলো ট্রেড ইউনিয়ন-এর ক্ষেত্রে আজ বামপন্থী বন্ধুদের নূতন দৃষ্টিভঙ্গী লক্ষ্য করছি। অবশ্য ইলেকসন সামনে বলে হয়ত তাঁদের এ রকম হতে পারে কিন্তু আমরা জানি যে শ্রমিকের স্বার্থ রক্ষা করা এবং দেশের শিল্পকে সমৃদ্ধ করাই হচ্ছে ট্রেড ইউনিয়নের সবচেয়ে বড় কাজ। কিন্তু দুঃখের বিষয় যে এই ২টি জিনিষ তাঁদের কাছে বাদ পড়ে গেছে এবং অপরপক্ষে কি করে দলীয় স্বার্থ বজায় রাখা যায় শুধু তারই চেষ্টা হচ্ছে। কাজেই ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট-এর কথা যদি তিনি বলতেন তাহলে আমরা শুনতাম যে সেখানে কর্মী এবং দেশের সম্পদ এক সঙ্গে সমান তালে নেই এবং সেটা যদি আপনারা দেখতে চান তাহলে

বাংলাদেশের ইণ্ডাষ্ট্রিয়াল ফিল্ড-এর দিকে তাকিয়ে দেখুন সেখানে গোলযোগ, অশান্তি, দাঙ্গা প্রভৃতি হিংসাত্মক কাজ লেগেই রয়েছে এবং সেগুলো সবচেয়ে বেশী করে করছে এই কমিউনিষ্ট পরিচালিত ট্রেড ইউনিয়ন। এঁরা যে শ্রমিকের স্বার্থ নষ্ট করছে এবং দেশকে বিপন্ন করছে তার উদাহরণস্বরূপ আমি বিভিন্ন ঘটনার কথা উল্লেখ করে দেখাতে পারি যে, আসানসোল এবং চাকেশ্বরীকে কেন্দ্র করে যে সমস্ত কলিয়ারী অঞ্চল রয়েছে সেখানে ভীষণ ভাবে হিংসাত্মক কাজ চলেছে এবং এ থেকেই বোঝা যায় যে তাঁরা হিংসার পথে এগিয়ে যাচ্ছে।

[4-40—4-50 p.m.]

আজ ইলেকসানের জন্য যদি তাঁরা এইভাবে কাজ করে থাকেন তাহলে আমি বলব নির্বাচনে এইভাবে তাঁরা তরী পার করাতে পারবেন না। জনসাধারণ, শ্রমিক আজ নিশ্চয়ই বুঝতে শিখেছে যে আপনারা তাদের ভ্রান্ত পথে চালাচ্ছেন। রাজনৈতিক যদি কোন উদ্দেশ্য থাকে তাহলে আমি একথা বলতে চাই যে দেশের সামনে এইভাবে দৃষ্টান্ত স্থাপন করে তাঁরা দেশকে অর্থগতির পথে নিয়ে যাবেন না। ট্রেড ইউনিয়ন নিয়মানুবর্তিতার সঙ্গে কাজ করে যেতে পারে সরকার যখন প্রতি বছর প্রগ্রেসিভ লেবার লেজিসলেসান করছেন—সেইভাবে লেবারদের সুবিধা করা যেতে পারে, সেদিকে আপনারা দৃষ্টি রাখুন। স্যার, আমি আপনার মাধ্যমে এটুকু তুলে ধরতে চাই যে আজ যাঁরা constitutional trade union-এর মাধ্যমে শ্রমিকদের ভাল হয়নি এতে বিশ্বাস করেন তাঁদের আমি চোখ খুলে দিয়ে বলতে চাই যে Indian Iron and Steel Works Union-এর দিকে একবার চেয়ে দেখুন—profit sharing bonus যেটা প্রেসে আপনারা দেখেছেন কয়েকদিন আগে বেরিয়েছিল, ভারতবর্ষের এমন কোন শিল্প প্রতিষ্ঠান নেই এবং এমন কোন কোম্পানী পরিচালিত ট্রেড ইউনিয়ন নেই যাঁরা বলতে পারবেন যে কোনরকম ভাবে তাঁরা এগ্রিমেণ্ট করতে পেরেছেন profit sharing bonus এ বছর থেকে আরম্ভ করে আগামী ৪ বছর পর্যন্ত guaranteed থাকবে? যদি 25 p.c. of the profit of the share-holders বেশী হয় তাহলে সেটা বেশী পাবেন শ্রমিকরা অথবা ৬৭ থেকে ৭০ দিনের basic wages তাঁরা পাবেন অথবা ৪৮ লক্ষ টাকা পাবেন যেটা বেশী হয় এবং প্রতি বছর সেটা বেড়ে বেড়ে গিয়ে ১৯৫৯ ৬০ সালে ৭২ থেকে ৭৫ দিন, ১৯৬০-৬১ সালে ৭৫ থেকে ৮০ দিন, ১৯৬১-৬২ সালে ৮০ থেকে ৮৫ দিন, ১৯৬২-৬৩ সালে ৮৫ থেকে ৯০ দিন—এই হচ্ছে guarantee। এবং আরও যদি 25 p.c of the profit বেশী হয় তাহলে সেটা তাঁরা পাবেন বা ৪৮'৮ লক্ষ টাকা ১৯৫৯ ৬০ সালে, ১৯৬০-৬১ সালে ৫২'৩ লক্ষ, ১৯৬১-৬২ সালে ৫৫'৮ লক্ষ, ১৯৬২-৬৩ সালে ৫৯'৮ লক্ষ এই হচ্ছে guarantee। এর চেয়ে যদি প্রফিট কম হয় তাহলে এর কমে টাকা কোম্পানী দিতে পারবে না—প্রতি বছর বেড়ে যাবে।

আমরা যদি মনে করি ইণ্ডাষ্ট্রীর সামনে আমরা নিয়মানুবর্তিতার সঙ্গে কাজ না করে জুলুম করে লেবারদের আমাদের সঙ্গে রাখবো, আর মালিকের সঙ্গে হাত মিলিয়ে চলবো তাহলে আমরা কোনরকমে এ রকম এগ্রিমেণ্ট করাতে পারবো না। আজ যদি কমিউনিষ্ট পরিচালিত ট্রেড ইউনিয়নের ভঙ্গীমা দেখেন তাহলে দেখবেন মালিকের সঙ্গে ৫ বছরের শর্ত যে তুমি আমাকে কোনরকম উৎখাত করার চেষ্টা কোরনা, আমিও কাউকে উৎখাত করবো না। এর আরো যদি কোন প্রগ্রেসিভ লেজিসলেসন হয় তাহলে তার টার্মস্ অ্যাণ্ড কণ্ডিসন্স ইমপ্লিমেণ্টেড হবে না। আমি আপনার সামনে নজীর রাখবো, জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, বেঙ্গল পেপার মিলস, সেন র‍্যালে এখানে কোন প্রগ্রেসিভ লেজিসলেসন ৫ বছরে ইমপ্লিমেণ্ট করেছে যদি দেখাতে পারেন তাহলে আমার এই দৃষ্টান্ত ভুল বলে প্রমাণিত হবে। আজ আমি তাই বলছি তাঁরা ভারতবর্ষে ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট এমন একটা ধারা দিয়েছেন, সে ধারায় শ্রমিকের কল্যাণ হবে না। ভারতবর্ষেরও কল্যাণ হবে না। এ ছাড়া অন্যান্য বিভাগ সম্বন্ধে যেন আমি আর বেশী সময় নিতে

চাই না, আমি বাংলাদেশের রোডস এবং ইরিগেসন ব্যাপারে যেসব ডেভালপমেন্ট হচ্ছে তার কথা শুধু উল্লেখ করে আমার বক্তৃতা শেষ করবো। At this stage red light was lit. বিরোধীপক্ষের তরফ থেকে বিশেষ করে বিরোধীপক্ষের লীডার তিনি বাংলাদেশের একটা ছবি তুলে ধরতে চেয়েছেন। আমি আধ গ্লাস জল খেয়ে বলতে পারি অর্ধেকটা গ্লাস ফাঁকা, আবার বলতে পারি অর্ধেকটা ভর্তি। তাই নির্বাচনের প্রাক্কালে তাঁদের নিজেদের দলীয় স্বার্থ বজায় রাখার জন্য তিনি ওজস্বিনী ভাষায় বক্তৃতা দিয়ে বিভিন্ন দৃষ্টান্ত দিয়ে একটা কাল ছবি তুলে ধরার চেষ্টা করেছেন। অন্যান্যকাল হলে সুবিধা হত কিন্তু ছবিটা সত্যি করে কাল নয়। আমার মনে হয় বর্ধমান কনফারেন্স টেনে টুইটেড্ হয়ে এসে তিনি আসুক এখানে, এই সমস্ত কথা বলেছেন।

[নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করেন।]

Shri Sisir Kumar Das : Mr. Speaker, Sir, when I read the speech of the Governor, my first impression was that it was merely a ditto of what our Chief Minister has said on various occasions. There was nothing new in it.

Mr. Speaker : The speech of Her Excellency is expected to state the policy of the Government.

Shri Sisir Kumar Das : I know that. But I am sorry to state that the Governor's speech has been nothing but a report of Dr. B. C. Roy's various plans, unpractical and undigested. There is nothing new in it. If the Governor has to fulfil that purpose only, viz. that she will come and deliver a speech in which she will not place before the House the hopes and ambitions of the nation but only the various pet schemes which Dr. Roy could not implement or which he hopes to implement—if only those things are contained in her speech—then it is a sorry state of affairs and it will be a highly debatable point whether the existence of the Governor is justified or not. The Governor does not come here only to ditto what Dr. Roy says. She must point out what are the drawbacks, what are the tribulations, what are the difficulties through which we have passed. There is not a word mentioned, about our difficulties in Assam. She has only said that there has been terrible suffering of the Bengali people in Assam, but she has not pointed out the causes. The difficulty of one party Government in this country has been that the whole administration even of the States has been subservient to the Centre so much so that she had not the courage to point out that the Indian Congress Government has struck at the very root, at the fundamental root of Indian unity in Assam. She had not the courage to say that the very fundamental right which every citizen should enjoy—that fundamental right could not be upheld in Assam by the high authorities including our Pandit Jawaharlal Nehru and Pandit Gobinda Ballav Pant. There is righteous indignation in the last page of her speech where she says : "I hope that the Central Government will recognise that the continued neglect of Calcutta's problems is one of the most dangerous weaknesses of the Third Plan and that if the situation is to be remedied, the Central Government should accept a direct and special financial responsibility in the matter." But she could not say this : "I hope that the Central Government will take a bold stand on the Assam issue and teach the Assam Government a good lesson so that all States in India in future will desist from such action." She could not say that. Dr. Roy has not the guts to stand on his own legs and point out to the Centre that what they are doing today in Assam will strike at the very root of the Indian unity and they will not be able to hold the Indian nation together if such a treatment is meted out to our brethren in Assam. What will happen in Bengal if we run at the throat of the Biharis and Orias here ? What will happen in Orissa if they run at the throat of the Marwaris there ? What steps have been taken by the India Government in this respect ? The India Government have taken steps only by words of mouth but nothing practical has been done. Even the enquiries that were promised have not taken place. The strong man, Pundit Govind Ballav Pant, was not strong enough to quell the disturbances in Assam.

[4-50—5-15 p.m.]

Apart from that there is no reference to Berubari in the Governor's speech. Was not that an important question agitating the mind of every Bengali ? Was it not an important matter of public interest where we had to sacrifice twelve square miles of Bengal ? You know the high-handeness of Pundit Jawaharlal Nehru in dictating terms in abandoning certain portions of West Bengal in spite of the judgment of the Supreme Court by exercise of his undoubted majority in the Parliament. Was there any reference to that in the Governor's speech. What has Indian politics come to ? These are signals of warning to the Indian constitutionalist. Everybody must take note of it at their own peril. Unless these are taken into account Indian unity will not be there ; Indian Federation will be torn to pieces. There are grave warnings. I had great respect for Pundit Jahaharlal Nehru ; I thought that he was a man who was above small party machinations—small sectarianism as he says ; but he is not above these things. He is mortally afraid of the Congress circles in Assam, lest they should revolt against him.

His boldness in confined to the citizens of India only. There may be shootings against Indians if there is demand for Punjabi Suba ; a steel-frame against all public agitation ; but when there is foreign aggression—when there is Chinese aggression or Pakistani aggression, he is the person who bends on his knees. A tyrant at home and a coward abroad.

Without these two references—reference to Assam and reference to Berubari, the speech cannot be complete.

Mr. Speaker : I have fixed a date for discussion on Berubari.

Shri Sisir Kumar Das : Now what about corruption ? Is there any mention of it in the Governor's speech ? Has corruption increased or has it decreased ? My friend behind me is whispering that it is mounting. The difference between us and the Congress is that they allow Government administration to be corrupt and the persons in power are also corrupt.

What about the Congress resolution ? I have asked ad nauseum. Congress passed a resolution last year that all Congressmen should disclose their property. Has Pundit Jawaharlal Nehru done it ? What about our Chief Minister and other Ministers and other Congressmen ? In spite of orders from the Congres High Command they are not doing it.

In 1957 I asked that you must disclose your holdings, you must disclose your property. Dr. B. C. Roy said—I am not going to do this at your behest. But what about the behest of the Congress ? Why have you failed to do that ? You want to steal a march over the Opposition Parties by saying that we have done this thing or that thing. What about the corruption ? Corruption is rampant in every walk of life. You go to the court—inferior courts—you find the **Shrestadar** is taking bribe in front of the Munsiff or the Judge awfully. In small offices bribe is being taken before the Revenue Officers and ad nauseum in the Registration Office the same thing is being repeated. In the settlement offices the same thing is repeated. Can you not stop this ? How long will it be carried on ? You say that we are making our best. What best have you done ? Can't you post some C.I.D Officers in the Courts ? Can't you post C.I.D Officers in the Registration Department ? Can't you post C.I.D Officers in the Settlement Department ? Cannot anything be done ? Nothing can be done. You keep complacent over that. You will boast of agriculture. We are going to make a heavy investment on agriculture. What is the investment ? Sir, 27 crores of rupees or even more than that have been invested. I analyse that because that has been repeated here. The analysis is this that the majority of the

money which is going to be spent on agriculture is going to be spent on buildings—on Agriculture University. Money is going to be spent on other paraphernalia of agriculture, but not on agricultrue. We told you repeatedly, Mr. Speaker, Sir, that what the country needs is some beneficial schemes. My friends of the district of Midnapore are there. You know that there are many fields—thousands of acres of land—are submerged during the rainy season for want of proper drainage work. If there is proper drainage system and the **khals** are excavated, then there will be millions of acres of land which can be cultivated and we can have good crop. But instead of that not a single project has been accepted except to the extent of 4 crores of rupees for minor irrigation schemes and drainage schemes. The whole money is being wasted. They money is being wasted on experimental fish farm and other schemes, viz, low income group housing, etc. What about the Salt Lake Reclamation Scheme and the Circular Canal ? You had money to waste on these projects, but you have no money to just open out drainages in the water-logged areas. If you do that, your agricultural product will be doubled. During the month of January I had the opportunity of visiting my constituency. In the farm there I found that the tillers of the soil have produced twelve maunds of paddy per bigha but in the Government farm they have produced five maunds of paddy per bigha. That is their experimental farm—**adarsha** farm, ideal farm. That is how they are carrying on their experiment.

Mr. Speaker : Mr. Das, you please continue after recess.

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After Adjournment]

[5-15—5-25 p.m.]

Notice under rule 194

Shri Sunil Das : স্যার, শিশিরবাবু আরম্ভ করার আগে একটা ব্যাপার জানতে চাচ্ছি। একটা Notice দেওয়া হয়েছিল under rule 194, সেটা সম্বন্ধে আপনি কি স্থির করছেন জানতে চাচ্ছিলাম।

Mr. Speaker : Mr. Sisir Das is in the midst of his speech now.

Shri Sunil Das : সেটা হল Notice under rule 194, uncontrolled operation of cold storage, matter of urgent public importance rule, 194.

Mr. Speaker : There are a large number of notices under rule 194. I will consider all of them together and decide what to do.

Shri Sunil Das : সেটা কবে নাগাদ, জানতে পারব ? কেননা ১০ তারিখে ত' হাউস adjourn হয়ে যাবে।

Mr. Speaker : I think we have to follow the same procedure as was done in the case of the debate on the Governor's address. I have to meet the members and discuss with them about the time and other things. You are expecting that there is only one notice from you but there are other notices and everybody considers his notice as very important. I suggest that all these gentlemen may kindly meet me tomorrow at 2 p.m. when I shall discuss with them the matter.

Now, Mr. Sisir Das, please begin.

DEBATE ON THE GOVERNOR'S ADDRESS

Shri Sisir Kumar Das : Mr. Speaker Sir, the Plan which has been set out before us by the Governor is a town-centered one. It has nothing to do with the villages, there is no emphasis laid on the village economy or on the improvement of the villages. Sir, Rs. 265 crores will be spent on the Greater Calcutta Scheme,

14 crores will be spent on the Salt Lake Scheme and crores of rupees on the Durgapur scheme and other schemes. But what about the villages ? Except for agriculture, which is chimerical, no reference has been made to the improvement of village health, village education, village sanitation or unemployment in the villages. The Government is concerned regarding middle class unemployment, the Government is concerned regarding unemployment in Calcutta only but what about the unemployment in the villages—rural unemployment—due to which people rush to the towns, due to which people frequent the industrial areas ? There is no scheme worth the name, no reference has been made to any scheme which will employ the rural unemployed people, no scheme at all.

Then, Sir, I should say something about administration of justice.

No reference has been made about the administration of justice. I know it for a fact that there has been heavy accumulation, not only in the High Court, but also in the courts of the Magistrates. In the Court of the Diamond Harbour Magistrate, cases under section 145 are more than 2,000 in number. During November and December 2,000 cases have been instituted, but the number of Magistrates is 3 or 4. They cannot cope with the work. Therefore, those cases are being postponed from day to day. In 1958 a client of mine instituted a case under section 189 for infringement of section 144 of the Indian Penal Code. That case has not been heard yet. This is not the only instance, but that is the fate of all the litigants in all the courts. Therefore, Sir, there should be some arrangement for speedy trial of these cases. Otherwise the litigants will have to come day in and day out, on the appointed day and will have to go back on the precious plea that there is no time of the court. Sir, there is the social disorder. Justice should be meted out within a short time. Otherwise there cannot be any justice. Justice delayed is justice denied.

About High Court Judges I should say something. Of late there have been many appointments, but to our great regret I must place facts before you those Judges are not of the same calibre as they used to be previously. The reason is two-fold. First of all, the selection is made on some ground by the Chief Justice who does not know all the practitioners. He knows his favourite lawyer and selects him. There are 22 Judges. The Constitution provides that only Chief Justice will make the selection. He does not consult his colleagues and the result is that such appointments are made which are not at all conducive to justice or to speedy work in the High Court. That should be remedied. The last few appointments, with the exception of one or two, are below standard and the justice which ought to have been obtained in the High Court is being denied.

Then, Sir, I should refer to the unemployment problem. What is the programme set out in the Governor's speech for solving the unemployment problem ? The Third Five Year Plan has itself admitted, the problem of unemployment cannot be solved. There will be a larger number unemployed people after the Third Five Year Plan has been fully executed. What the State Government is going to do about that ? Perhaps you remember, Sir, I have repeated in season and out of season that in order to meet the rural unemployment problem you must develop cottage industries, not cottage industries in the sense that you sponsor a **dhenki** scheme or **ghani** scheme for producing oil. These schemes cannot work unless you stop machine-made competition. That has been repeated time and again. Ambar Chakra has been invented. It was expected that the villagers will be able to earn some extra money with the help of this Chakra thereby solving the unemployment problem to some extent. But the Government has failed to implement the Charka scheme, viz. they have not been able to ban certain types of mill-made cloth. If certain types of mill-made cloth are banned in the State of West Bengal and if the Ambar Charkha products are made available to the public and subsidy given the village unemployment problem may be solved. There should be co-operative sale societies and co-operative production societies and in this way, to some extent, village economy can be rehabilitated. But you have no eye to that. Dr. B. C. Roy talks of big schemes. He frames his schemes from the twelth floor of the Secretariat Building of West Bengal.

[5-25—5-35 p.m.]

He never goes to the villages. The schemes should be made in every individual village. What is necessary in every village, what is needed must be collected and collated and a scheme should be framed on that ; but that is not done. You do tinkering here and tinkering there and you think you solve the unemployment problem, you improve the conditions of the village. That is looking at the problem from a wrong angle. If you go on in this way this Government cannot succeed. You are wasting money on some schemes. The money will go to some thieves including the Chief Minister's pocket and other pockets and in the end you will find that just like the Kalyani scheme which has fizzled out nothing will come out of these big schemes.

Mr. Speaker, Sir, then we find that a sum of Rs. 8 crores is going to be spent on education. This being the year before election we are alarmed at that figure. You have said that the sum will be spent on education in the villages. That means employment of more Special Cadre teachers, paid Congress volunteers at the cost of the State to fight out your election in 1962. We are taking note of that fact and we shall make a propaganda on that and you protest that this sum of Rs. 8 crores should be spent on Special Cadre Teachers to fight out the opposition in the villages. That we all know. That is an under-hand tactics, which tactics we will not allow by all means at our disposal to adopt.

Then, Mr. Speaker, there is the promise of paying compensation. I am sorry that our learned Revenue Minister is not here. On that day in my speech I said that those persons whose khas lands have been taken, not a single one of them has been paid any compensation, not even interim compensation. To that Mr. Bimal Sinha, the Hon'ble Minister, gave a challenge. I challenge him today to produce a single instance where any interim compensation has been paid to an intermediary whose khas lands have been taken over by the Government. I throw a challenge to Government benches to produce one instance. In the paper yesterday I found that in Jalpaiguri district and Darjeeling district they have hung up the names of intermediaries to whom compensation will be paid but it was an amusing reading that the maximum compensation was Rs. 530 and the minimum was 10 annas. Six thousand of such persons are being paid. Therefore you want to make a propaganda, you want to make a show that you are redeeming your pledges by paying to those persons who won't even go to touch them with a pair of tongs for 10 annas ; nobody would go for one rupee or two rupees, but you are hanging a list by which you show you are paying the intermediaries. You have completed only about the small intermediaries whose claim is Rs. 10, whose annual income is not even Rs. 30. You are paying compensation to them—for what benefit ? Those whose income was Rs. 30 per year have other means of livelihood ; they won't be benefited by your payment of Rs. 30. Therefore it is only a show a facade, a moonshine, a picture presented before the public that you are giving so much money for the purpose of propaganda before the year of election.

Shri Pijus Kanti Mukherjee :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা একটা জিনিস খুঁজে পাই সেটা হচ্ছে সামগ্রিকভাবে অনগ্রসর একটা দেশকে কিভাবে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। তাঁর বক্তৃতার মধ্যে এই রেফারেন্স আছে যে পরিকল্পনার উপর নির্ভর করে বর্তমানে আমরা কি অবস্থায় এসে পৌঁছেছি এবং আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভিত্তি করে পরিশেষে যে অবস্থার সৃষ্টি হবে তার উল্লেখ আছে। আমাদের দেশের সমস্যা অসীম এবং সেই অসীম দুঃখদুর্দশা দূর করার জন্য সুশৃঙ্খলভাবে যে পরিকল্পনার প্রয়োজন সেই পরিকল্পনার মাধ্যমে আমরা এগিয়ে চলেছি। আমাদের বিরোধীপক্ষের নেতা তাঁর বক্তৃতার মাধ্যমে একটা জিনিস বলতে চেয়েছেন যে দ্বিতীয়

পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে এবং আগামী পরিকল্পনাও ব্যর্থতায় পর্যবসিত হবে। এক কথায় তাঁর বক্তব্য হচ্ছে যে, গণতন্ত্রের মাধ্যমে কোন পরিকল্পনা সম্ভব নয় এর তারজন্য একমাত্র পথ হচ্ছে একনায়কত্ব। ভারতবর্ষ এই পরিকল্পনা গ্রহণ করার পূর্বে যে একটা দেশ পরিকল্পনা গ্রহণ করেছিল তা হচ্ছে একনায়কত্বের দেশ। ভারতবর্ষ একমাত্র গণতান্ত্রিক দেশ যে পরিকল্পনার মাধ্যমে সুষ্ঠুভাবে কাজ আরম্ভ করেছে। এই সমস্ত পরিকল্পনার দ্বারা যদি আমরা সাফল্যলাভ করতে পারি তাহলে এটা প্রমাণ হবে যে গণতন্ত্রে অন্তর্নিহিত যে শক্তি আছে সেই শক্তির দ্বারা দেশকে দুঃখদুর্দশা থেকে মুক্ত করা সম্ভব। আবার যদি এই সমস্ত পরিকল্পনার স্বার্থক রূপায়ণ আমরা না করতে পারি তাহলে এককথায় প্রমাণিত হবে যে গণতন্ত্রে পরিকল্পনার কোন স্থান নেই এর পরিকল্পনা করতে গেলে একনায়কত্ব বা কম্যুনিজমই একমাত্র কাম্য। সুতরাং আমাদের পরিকল্পনার সফলতা নির্ভর করবে প্রয়োগ কর্তাদের দূরদৃষ্টি এবং আন্তরিকতার উপর। আমি গণতন্ত্রে বিশ্বাস করি। এই গণতন্ত্রের মাধ্যমে পরিকল্পনায় সফল হবে। অতএব এই ফার্ম কনভিকসান যদি থাকে তাহলে এই পরিকল্পনার মাধ্যমে দেশের দুঃখদুর্দশা দূর করা সম্ভব হবে। কিন্তু আমাদের যদি half hearted action হয় তাহলে কখনও সম্ভব নয় পরিকল্পনাকে সার্থক করা। আমাদের দেশের অধিকাংশ জাতীয় আয় আসে কৃষির মাধ্যমে। আমাদের দেশের মোট জনসংখ্যার খুব বেশী অংশ ইণ্ডাষ্ট্রীতে নিয়োজিত নয় এবং যেহেতু অধিকাংশ লোক কৃষিতে নিযুক্ত সেহেতু সামগ্রিকভাবে জাতীয় আয় বৃদ্ধি করার জন্য কৃষির দিকে দৃষ্টি দিতে হবে। এই হিসাবেই তৃতীয় পরিকল্পনায় অধিক পরিমাণ অর্থ এর জন্য বরাদ্দ করা হয়েছে। কিন্তু এই বরাদ্দ অর্থ যদি প্রকৃতভাবে কাজে নিয়োগ না করেন তাহলে আশানুরূপ ফল পাবেন না। কারণ আমরা দেখছি, যে বৎসর জল পাওয়া যায় প্রকৃতির দয়ায় হোক বা সেচ ব্যবস্থার মাধ্যমেই হোক সেই বৎসরই ফসল বৃদ্ধি হয়। কিন্তু যে বৎসর বৃষ্টির অভাব সেই বৎসর ফসলেরও অভাব দেখা যায় এর তারতম্য জাতীয় আয় যেমন কম হয় তেমনি দারিদ্রতাও বাড়ে। সুতরাং কৃষির উন্নতির জন্য যদি প্রচুর জলের ব্যবস্থা না করা যায় তাহলে যতই আধুনিক যন্ত্রপাতি বা উন্নত ধরনের সার, বীজ ব্যবস্থা করা হোক না কেন কৃষিব্যবস্থা ব্যর্থতায় পর্যবসিত হবে। সুতরাং জলের সঙ্গে যদি আধুনিক যন্ত্রপাতি, উন্নত ধরনের সার, বীজ ব্যবহার করা যায় তাহলে উৎপাদন বৃদ্ধি পাবে।

[5-35—5-45 p.m.]

সুতরাং কৃষি যদি করতে হয় তাহলে এই বাস্তব অবস্থাগুলো প্রয়োগ করতে হবে এবং তাদের বিশেষভাবে বেছে নিতে হবে। তারপর যাঁরা এই কাজ বাস্তবভাবে প্রয়োগ করবেন তাঁদের মাটি সম্বন্ধে জ্ঞান থাকা দরকার এবং তার সঙ্গে সঙ্গে কৃষকদের জন্যও মমত্ববোধ প্রয়োজন। তবে এই ধরনের ঐকান্তিকতা নিয়ে ভবিষ্যৎ দেশের উজ্জল রূপ যদি স্বপ্নের মত তাদের সামনে তুলে ধরতে না পারি তাহলে তাদের পক্ষে এসব জিনিসকে বাস্তবে রূপ দান করা সম্ভব হবে না এবং সেইজন্যই আমার বক্তব্য হচ্ছে যে, সরকার যেন খুব সতর্কতার সঙ্গে অগ্রসর হন। তারপর শিল্পের কথা বলতে গিয়ে বলব যে, আমাদের দেশে প্রচুর পরিমাণে বড় বড় শিল্প তৈরী হয়ে উৎপাদন যে বৃদ্ধি হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু এর সঙ্গে সঙ্গে এমপ্লয়মেণ্টের পরিমাণ যদি না বাড়ান যায় তাহলে এই সমস্যা পড়েই থাকবে। তবে আমাদের দেশের টেকনিক্যাল কিল্ড-এ· যখন সব লোককে নিয়োগ করা সম্ভব নয় তখন শুধুমাত্র বড় বড় পরিকল্পনার উপর লক্ষ্য না রেখে ছোট ছোট কুটিরশিল্পের উপরও লক্ষ্য রাখা প্রয়োজন। স্যার, আমাদের দেশে যে প্রচুর সংখ্যক শিক্ষিত বেকার রয়েছে তাঁদের যদি অনুভব করাতে হয় যে, আমাদের এই সব পরিকল্পনার মাধ্যমেই তাঁদের উন্নতি এবং ভবিষ্যতের পথ উজ্জল হবে তাহলে তাঁদের মনে সেইরকম একটা ধারণা সৃষ্টি করা দরকার এবং সেটা করতে হলে শিল্পকে বিকেন্দ্রীকরণ করে এবং ছোট ছোট কুটির-শিল্প তৈরী করে শিক্ষিত সম্প্রদায়কে সেইদিকে আকৃষ্ট করতে হবে। তবে কুটিরশিল্পের অর্থ যদি

বুঝে থাকেন শুধুমাত্র দড়ি বা গুড় তৈরী করা, তাহলে আমি বলব সেটা অবাস্তব কল্পনা। কাজেই যদি আমরা সত্যিসত্যিই এগিয়ে যেতে চাই তাহলে আমাদের একটা সীমারেখা নির্দিষ্ট করতে হবে এবং বৃহৎ ও ছোট শিল্পের মধ্যে একটা সীমা রাখা হবে। যেমন, একটা বড় ফ্যাক্টরীতে যদি অ্যালুমিনিয়ম তৈরী হয় তাহলে সেক্ষেত্রে তা থেকে বাসনপত্র তৈরীর ক্ষমতা কুটিরশিল্পের হাতে দেওয়া দরকার এবং এটা না করলে এই শিক্ষিত বেকারদের মন পরিকল্পনার প্রতি আকৃষ্ট করা যাবে না। তবে এই শিক্ষিত বেকারদের মন পরিকল্পনার দিকে আকৃষ্ট করাবার আরও একটা কারণ আছে এবং সেটা হলো যখন সকলের জন্য চাকুরী সৃষ্টি করা সম্ভব নয় তখন যদি তাঁরা অনুভব করতে পারেন যে এর মাধ্যমে আমার জীবিকার্জন হচ্ছে তাহলে সে বুঝতে পারবে যে, পরিকল্পনার মাধ্যমে যে সমস্ত কুটিরশিল্প হচ্ছে তাতে আমার যোগ দেবার ব্যবস্থা আছে এবং সঙ্গে সঙ্গে এটাও বুঝতে পারবে যে দেশের পুনর্গঠন কিভাবে হচ্ছে। কাজেই এই সমস্ত শিক্ষিত সম্প্রদায়ই যখন গণতন্ত্রের ধারক ও বাহক হয়ে দেশের জনসাধারণকে উৎসাহিত করে দেশকে অগ্রগতির পথে নিয়ে যাবে তখন এঁদের এসব পরিকল্পনার মর্ম অনুভব করান দরকার। তবে এসব সত্ত্বেও একটা ত্রুটি আমরা লক্ষ্য করছি এবং সেটা হলো যদিও পরিকল্পনার মাধ্যমে আমরা কৃষি এবং শিল্পের দিকে অনেক এগিয়ে গেছি কিন্তু জনসাধারণের মনে এই ধারণা সৃষ্টি করতে পারিনি যে এই পরিকল্পনা হচ্ছে জনসাধারণের পরিকল্পনা এবং দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য তাঁদেরও নীতিগত ও মূলগতভাবে চিন্তা করা দরকার। সুতরাং এমতাবস্থায় আমার বক্তব্য হচ্ছে যে, যদি জনসাধারণের মধ্যে এই ধারণা সৃষ্টি করতে না পারি যে, এই দেশ হচ্ছে তাঁদের দেশ এবং এর উন্নতি হচ্ছে তাঁদের উন্নতি তাহলে আমাদের এই সমস্ত পরিকল্পনা ব্যর্থতায় পর্যবসিত হবে এবং তাঁদেরও এগিয়ে নিয়ে যেতে পারব না। যা হোক, আমরা যদি গণতন্ত্রকে বিশ্বাস করি এবং বুঝে থাকি যে গণতন্ত্রের নীতিতে আস্থা রেখেই দেশের উন্নতি করা সম্ভব বা যদি বুঝে থাকি জনসাধারণ নিজেই নিজেকে গড়ে তুলবে তাহলে পরিপূর্ণভাবে ঐকান্তিকতা নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে যাতে করে এই পরিকল্পনাকে সার্থকভাবে রূপায়িত করে মানুষের সমস্ত সমস্যা দূর করতে পারি।

Shri Ananga Mohan Das :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সমর্থন করছি। এই ভাষণ উপলক্ষে বিরোধী দলের পক্ষ থেকে নানা কথা বলা হয়েছে। তাঁরা বলেছেন এতো ডাঃ রায়ের কথা। ভুলে যাচ্ছেন যে রাজ্যপালের ভাষণ হচ্ছে আগামী বছর গভর্ণমেণ্ট যে পদ্ধতিতে শাসন করবেন, তাঁদের নীতি কি হবে সেই সম্বন্ধে। কাজেই প্রধান মন্ত্রী মুখে যে সমস্ত কথা বলেন তাতো থাকবেই একথা ভুললে চলবে না। তাঁরা বলেছেন যে পরিকল্পনার জন্য আমাদের দেশে বিপুল অর্থ খরচ করা হচ্ছে এবং যার ফলে দ্রব্যমূল্য বেড়ে গেছে। দ্রব্যমূল্য বেড়ে গেছে ঠিক, কিন্তু তাই বলে কি আমরা দেশকে গড়বনা? দেশকে গড়তে গেলে অর্থ খরচ হবে আর খরচ হলে যদি দ্রব্যমূল্য বেড়ে যায় তাহলে সেজন্য ভাবলে চলবেনা। এই দ্রব্যমূল্য কমাবার জন্য গভর্ণমেণ্ট থেকে ব্যবস্থা করা হয়েছে। আমরা জানি বর্তমান বৎসরে ধানের দাম কমে গেছে। ধানের দামের উপর নির্ভর করে সমস্ত জিনিসের দাম। এই Staple food-এর দাম যখন কমেছে তখন দ্রব্যমূল্য খুব বেশী বাড়বেনা, আস্তে আস্তে কমে যাবে। বিরোধী দলের নেতা জ্যোতিবাবু বলেছেন যে আমরা এই দেশে যে বিপুল অর্থ ব্যয় করি তার বিরাট অংশ আমরা বিদেশী মূলধন থেকে গ্রহণ করছি। বিদেশী মূলধন গ্রহণ না করলে কি করে আমাদের এই undeveloped countryকে নতুন করে develop করব? বিদেশ থেকে মূলধন সংগ্রহ না করলে আমাদের দেশে এত মূলধন নেই যে যার উপর

নির্ভর করে আমরা আমাদের দেশকে নতুন করে ডেভেলপ করতে পারি। কাজেই বিদেশ থেকে মূলধন নিতে হবে। আমরা শুধু ইংলণ্ড, আমেরিকার কাছ থেকে মূলধন নিচ্ছি একথা ঠিক নয়, রাশিয়ার কাছ থেকেও সাহায্য নিচ্ছি, চেকোশ্লোভেকিয়ার কাছ থেকেও সাহায্য নিচ্ছি। আমরা কোন ব্লকের মধ্যে নেই। পৃথিবীতে যে দুটো ব্লক আছে তার কোন ব্লকের মধ্যে আমরা নেই এবং না থাকার দরুণ আমরা ইংলণ্ড আমেরিকার কাছ থেকে যেমন সাহায্য পাচ্ছি সেই রকম কমিউনিষ্ট রাজ্যের কাছ থেকেও সাহায্য পাচ্ছি। অথচ তিনি বলেছেন যে কমিউনিষ্ট রাষ্ট্রের কাছ থেকে কম টাকা আমরা নিচ্ছি—একথা ভুয়ো কথা। কমিউনিষ্ট রাজ্যের যদি বেশী সম্বল থাকত তাহলে তারা আমাদের দেশকে বেশী সাহায্য করত। সেজন্য আক্ষেপ করার কোন কারণ নেই। আসল কথা হচ্ছে তিনি যে সমস্ত কথা বলেছেন তাতে আগামী বছরে যে নির্বাচন হবে সেই নির্বাচনের পরিপ্রেক্ষিতে যেভাবে বলতে হবে সেই সুর আরম্ভ করে দিয়েছেন। মাঠে, ময়দানে গিয়ে যেভাবে বক্তৃতা দেওয়া দরকার—দ্রব্যমূল্য বৃদ্ধি হয়ে যাচ্ছে, দেশের মধ্যে বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে সেই সমস্ত কথার রিহার্সেল করা হচ্ছে। আর একটা কথা তিনি বলেছেন আমরা ধনীদের ভাণ্ডার ভরে দিচ্ছি, গরীবদের দিকে তাকাচ্ছিনা, বেকার সমস্যার সমাধান হচ্ছেনা। বেকার সমস্যার সমাধান একদিনে হয় না। কোনদেশে এই রকম কোন পরিকল্পনা নেই যার দ্বারা একদিনে বেকার সমস্যার সমাধান হয়ে যেতে পারে। আমরা জানি যে বিপুল ধনী দেশ আমেরিকা, সেখানেও ২০ মিলিয়ান লোক বেকার আছে। আমাদের দেশে যেভাবে জনসংখ্যা বেড়ে যাচ্ছে তাতে বেকার কিছু বাড়বে। বেকার সমস্যা সমাধানের জন্য বিভিন্ন প্রকারের factory হচ্ছে, গ্রাম্য শিল্পের ব্যবস্থা হচ্ছে, তাতে বহু বেকার কাজ পাচ্ছে। তিনি আরও বলেছেন যে স্ট্রাইকের অধিকার আমরা হরণ করেছি। কতক কতক বিষয়ে স্ট্রাইক হচ্ছে। তিনি বোধ হয় কেন্দ্রীয় কর্মচারীদের কথা বোঝাতে চেয়েছেন। কিন্তু এমন কতকগুলি জিনিস আছে, এমন কতকগুলি শিল্প ও কারখানা আছে যেখানে স্ট্রাইক করতে দেওয়া সম্ভব হয়না।

[5-45—5-55 p.m.]

যেমন হাসপাতালের কর্মীরা যদি স্ট্রাইক করে বসেন তাহলে রোগীদের অবস্থা কি হবে, যারা আলো দিচ্ছে লাইট ফ্যাক্টরী, পাওয়ার ফ্যাক্টরী সেখানে যদি স্ট্রাইক আরম্ভ হয়ে যায় তাহলে সমস্ত দেশে আলো বন্ধ হয়ে যাবে, যেখান থেকে জল সরবরাহ হয় সেখানে যদি স্ট্রাইক আরম্ভ হয়ে যায় তাহলে জল কোথা থেকে পাওয়া যাবে এই হচ্ছে ব্যাপার। যেগুলি মানুষের পক্ষে নিত্যনৈমিত্তিক দরকার। যা নাহলে মানুষ বাঁচতে পারে না সেইসব জায়গায় স্ট্রাইক হলে দেশ কোথায় যাবে? কাজেই ষ্ট্রাইক-এর অধিকার হরণ করা হচ্ছে একেবারে বাজে কথা বলা তাঁর পক্ষে উচিৎ হয়নি যেন আমি মনে করি। তারপর তিনি বলেছেন শিক্ষকদের নিয়োগ করা হচ্ছে কংগ্রেসের সার্টিফিকেট দিয়ে—এসমস্ত ভুল কথা, বাজে কথা। এভাবে শিক্ষক কোথাও নিয়োগ করা হয়নি। শিক্ষক দুইরকমে নিয়োগ করা হয়—এডেড্ স্কুলে ম্যানেজিং কমিটি তাঁদের নিয়োগ করে থাকেন। কাজেই সেক্ষেত্রে কংগ্রেসের সার্টিফিকেট কি করে দরকার হয় তাতো বুঝতে পারছিনা। গভর্ণমেণ্ট যাঁদের এমপ্লয়মেণ্ট দেন—প্রাইমারী স্কুলে শিক্ষক যাঁরা নিযুক্ত হন তাঁরা যখন দরখাস্ত করেন তখন নিয়ম আছে তাঁদের সার্টিফিকেট দিতে হবে। সেই সার্টিফিকেট কোন ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট বা বিশিষ্ট লোকের কাছ থেকে নেয়া হয়। তার মানে এই নয় যে কংগ্রেসের সার্টিফিকেট নেওয়া হচ্ছে। তবে এমন হতে পারে হয়ত যিনি ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট তিনি কংগ্রেসের লোক। কাজেই সেক্ষেত্রে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্টের সার্টিফিকেটটা কংগ্রেসের সার্টিফিকেট হয়ে গেল, এরকম কথা

লার কোন মানে হয় না। তারপর আর একটা কথা তিনি বল্লেন যে নির্বাচনের সময় এই মস্ত শিক্ষকদের কাজে লাগানো হয়—এসমস্ত বাজে কথা। আমি ভাল করে জানি প্রাইমারী শিক্ষকদের মধ্যে এমন বহু শিক্ষক আছেন যাঁরা বামপন্থীদলের হয়ে কাজ করেছেন। তাঁদের কোন ক্ষেত্রেই শাস্তি দেওয়া হয়নি। আজকে আমি দৃঢ়তার সঙ্গে একথা বলতে পারি যে শিক্ষকদের মধ্যে বিভিন্ন মতবাদের লোক আছেন—কেউ হয়ত কংগ্রেসবাদকে ভালবাসেন, কেউ হয়ত কমিউনিষ্টবাদকে ভালবাসেন—যে যাকে ভালবাসেন তাই করবেন। সরকার থেকে তাঁদের কোন কাজে লাগানো হয়নি। কাজেই এই সমস্ত কথা ভুল কথা, বাজে কথা। আসল কথা হচ্ছে আজকে রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হচ্ছে নির্বাচনের ফিল্ড তৈরী করার জন্য। তারপর স্ট্র্যাণ্ডার্ড অব বিলডিং সম্বন্ধে বলা হয়েছে যে মানুষের জীবনযাত্রার মান বাড়েনি। এসমস্ত একেবারে ভুয়া কথা। অবশ্য একথা সত্য, যতখানি বাড়া উচিত ছিল ততখানি বাড়েনি কিন্তু ধীরে ধীরে বাড়তে আরম্ভ করেছে। আমরা গ্রামের মধ্যে দেখেছি যারা গরীব ছিল, নিঃস্ব ছিল তাদেরও জীবনযাত্রায় যেন কিছুটা বেড়েছে। যে কোন গ্রামের যদি একটা Statistics নেওয়া হয়, তাহলে দেখবেন ২০ বছর পূর্বে গ্রামের লোকেরা যেভাবে খেত, চলতো, পোশাকপরিচ্ছদ পরতো সেই তুলনায় তাদের মান আজ কিছুটা বেড়েছে। কাজেই বাড়েনি বলে যে কথা বলা হচ্ছে সেগুলো ভুল কথা। ওঁরা কেবল বলেন দেশে কিছুই হচ্ছেনা, কংগ্রেস ধনীদের প্রতিনিধি ইত্যাদি। তাই যদি হয় তাহলে আমাদের দলের সদস্য সংখ্যা তো ওঁদের চেয়ে ঢের বেশী তাহলে কি দেশের মধ্যে অধিকাংশ লোক ধনী হয়ে গেল। দেশের অধিকাংশ লোক কি ধনী তাই ধনীদের প্রতিনিধিরা গভর্ণমেণ্ট চালাচ্ছেন—তাই যদি হয় তাহলে দেশের অবস্থা ভাল হয়ে গেছে এই কথা বলতে হবে। সুতরাং আমরা দেখতে পাচ্ছি—ওঁরা পরস্পর বিরোধী কথা বলছেন।

কাজেই যেটা বলবেন সেটা ঠিক করে বলবেন। হয় বলুন দেশের লোকের মান বাড়েনি, না হয় বলুন দেশের লোক সব গরীব হয়ে যাচ্ছে। কংগ্রেস বড় লোকের প্রতিনিধি—এই যে কথাটা আপনারা বলছেন এটা ভুল কথা। দেশের গরীব লোকই আমাদের প্রতিনিধি নির্বাচিত করে পাঠিয়েছেন।

তারপর কটেজ ইণ্ডাষ্ট্রীজ সম্বন্ধে বলেছেন। গ্রামে গ্রামে কুটিরশিল্পের ভাল উন্নতি হচ্ছে না। অম্বর চরকায় কেবল কংগ্রেস কর্মীদের নেওয়া হচ্ছে একথা ঠিক নয়, কারণ যারা কংগ্রেস সেবক, গঠনমূলক কাজে বিশ্বাসী এইরকম লোককেই অম্বর চরকার মত গঠনমূলক কার্যে নিয়োগ করা হচ্ছে। যাঁরা গ্রামের মধ্যে, বাড়ীর মধ্যে বিবাদ বাধাতে চান, তাদের দ্বারা এইরকম গঠনমূলক কাজ হয় না। যারা অম্বর চরকার ভার নিয়েছেন বা কাজ করছেন, তারা কোথাও কংগ্রেসের সক্রিয় সদস্য নন্—বা কংগ্রেসে যোগ দেয়নি। শুধু কংগ্রেসের লোক নেওয়া হচ্ছে বলে যে অভিযোগ করা হয়েছে সেটা ভুল। কংগ্রেসের নেতৃত্বে দেশের অধিকাংশ লোক দেশের স্বাধীনতা সংগ্রামে যোগ দিয়েছিল—লড়াই করেছিল। আর যারা স্বাধীনতা সংগ্রামে যোগ দেয় নাই—তাদের থেকে বেছে এর মধ্যে না নিলে কি গঠনমূলক কাজ হয় না? একথা সত্য গ্রামের উন্নতি করতে গেলে কুটিরশিল্পের উন্নতি করা দরকার। তবে যেভাবে করা উচিত,—সেভাবে হয়ত হচ্ছে না। ঢেঁকির উপর জোর দেওয়া উচিত। এখনো কলে ধান ভাঙ্গা হচ্ছে। এটা check দেওয়া উচিত, prohibit করা উচিত—এইরকম কথা অনেকে বলেছেন। কিন্তু সে সব করা আপাততঃ সম্ভব নয়। যারা খাদি তৈরী করছে—মিলের উপর ট্যাক্স্ বসিয়ে সেই টাকা তাদের bonus হিসেবে দেওয়া হচ্ছে। যাতে তাঁত বস্ত্রের উন্নতি হয়, তার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। অন্যান্য কুটিরশিল্প সম্বন্ধে ও প্রসারের জন্য গভর্ণমেণ্ট পরিকল্পনা নিয়েছেন। এটা ভাল হচ্ছে। বিদেশ থেকে আমদানি বন্ধ করে দেশের শিল্পজাত দ্রব্যাদি যাতে উন্নত ধরণের তৈরী হয় তার জন্য সরকার চেষ্টা করেছেন।

তারপর Intermediaryদের compensation সম্বন্ধে আজকের কাগজে বেরিয়েছে যে সরকার এক তালিকা বের করেছেন। সেই তালিকায় এমন একজন লোকের নাম আছে, যে মধ্যস্বত্বাধিকারী হিসেবে ৷৵০ আনা ক্ষতিপূরণ পাবে। সব গরীব Intermediaryদের আগে এই ক্ষতিপূরণের টাকা দেওয়ার ব্যবস্থা হয়েছে। আর বড় বড় Intermediary যারা আছেন, তাদের টাকা আগে দেওয়ার জন্য জোর দেওয়া হয় নাই। এটা বলতে গিয়ে বিরোধী সদস্য মহাশয় গভর্ণমেণ্টের নীতিকে সমর্থনই করেছেন। ভাল কথা তার মুখ দিয়ে বেরিয়ে গিয়েছে। মোট কথা সর্বাঙ্গীন উন্নতির জন্য সরকারী তরফ থেকে চেষ্টা করা হচ্ছে, বিভিন্ন স্তরে কাজ হচ্ছে। হয়ত সকল বিষয়ে চেষ্টার ফল সমানভাবে পাওয়া সম্ভব হয় না। কাজেই সরকারের উদ্দেশ্য যে ভাল এটা সকলে স্বীকার করবেন। তবে এই সব কাজের ফল শেষ পর্যন্ত কি দাঁড়ায় না দাঁড়ায় তা এখুনি বলা হয়ত সম্ভব নয়। রাজ্যপালিকার ভাষণ খুবই ভাল হয়েছে। তাকেআমি সর্বান্তকরণে সমর্থন করি।

[5-55—6-5 p.m.]

Shri Hemanta Kumar Basu : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that there in no mention of—

(i) any definite scheme of finding out employment to all unemployed persons in the State ;

(ii) any definite scheme of acquisition of surplus lands over and above the ceiling from the zamindars and jotedars retained illegally or illegally transferred to their relatives and henchmen and the distribution of all vested lands to the landless tillers ;

(iii) any definite plan which may encourage the Assam refugees to go back to Assam for their rehabilitation ; and

(iv) any definite measure for inclusion of Farrakka Barrage Scheme in the Third Five-Year Plan or of any other scheme for the construction of the Barrage."

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, মাননীয়া রাজ্যপাল যে বক্তৃতা, যে চিত্র এঁকেছেন এই চিত্রকে একটা গোলাপবাগানের সঙ্গে তুলনা করা যায়। গোলাপের বাগানের তলায় যে সাপ থাকে, সেই সাপের কথা তিনি বলেননি, তিনি শুধু ফুলের কথা বলেছেন। আজ যদি আমরা দেশের চতুর্দিকে দৃষ্টি দিই, দেশের সাধারণ লোকের অবস্থার কথা ভাবি, চিন্তা করি তাহলে দেখতে পাবো তাঁর বক্তৃতার চাকচিক্যের তলেতে সাপ রয়েছে। দুটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয়ে গেল। দেশের আর্থিক অবস্থা, মান, উন্নতির কথা বলা হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে জিনিসপত্রের দামও অনেক বেড়েছে। কাজেই সেই হিসাবে অর্থনৈতিক মান যে কিছু বেড়েছে তা বলা যায় না। একদিকেতে আমরা দেখছি মাননীয়া রাজ্যপালের বক্তৃতায় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রশংসা এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের বাকী দুঃখ দুর্দশা দূর হয়ে যাবে, তার কথা। আর অপর দিকে দেখছি মানুষের ঘরে ঘরে দুঃখ এবং নৈরাশ্যের চিত্র। লক্ষ লক্ষ দুস্থ পরিবার দুর্দশাগ্রস্থ—স্বামী যক্ষ্মায় কিংবা স্ত্রী যক্ষ্মায় ভুগছে, ছেলেপিলে নিয়ে সংসার চলেনা, চিকিৎসা করাতে পারেনা, পুত্র, কন্যা ভরণপোষণের ক্ষমতা তাদের নেই। ছেলেদের পড়াতে পারেনা, শিশুকে দুধ দিতে পারেনা, বাড়ী ভাড়া দিতে পারেনা। ক্ষুধার জ্বালায় পিতা ছেলেকে আছড়ে মারছে এবং স্বামী ও স্ত্রী এক সঙ্গে ট্র্যাসিড পান করে ছেলেকে গলা টিপে মারছে। এই ভয়াবহ চিত্র আমাদের সামনে রয়েছে। সুতরাং এই চিত্রটা রাজ্যপালের দৃষ্টি আকর্ষণ করেনি। এটা হল এখানকার দেশের প্রকৃত চিত্র। এই রকম যে কত মর্মান্তিক ঘটনা ঘটছে তা বলা যায় না। এই দারুন শীতে বহু দরিদ্র লোকের কম্বলের অভাব এবং রোগীকে ঔষধ দিতে পারে না।

প্রতিবারই আমরা দেখতে পাই মাননীয়া রাজ্যপালের ভাষণে বেকার সমস্যার কথা। কিন্তু এই বেকার সমস্যা কি করে সমাধান হবে সে বিষয় কোন কর্মপন্থা বা কোন নির্দেশ তার বক্তৃতায় আমরা দেখতে পাইনা। বেকার সমস্যা দিন দিন বেড়ে চলেছে। প্রত্যেক বছর প্রায় ১৮০ হাজার লোক নূতন নূতন বেকারের সংখ্যা বৃদ্ধি করছে। সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানগুলিতে এই ১৮০ হাজারের মধ্যে ৯০ হাজার কোন মতে কাজ পায়, আর বাকী ৯০ হাজার বেকার হয়ে ঘুরে বেড়ায়। এ ছাড়াও rural labourer, গ্রামের চাষী, তারাও এদেশের লোক—তাদের মধ্যেও বেকারের সংখ্যা বাড়ছে। তাছাড়া বাংলাদেশের বাইরে থেকে বহু হাজার হাজার লোক এখানে কাজের জন্য আসছে। আমাদের দেশে একশো জনের মধ্যে মাত্র ৩০ জন লোক আয় করেন, এবং তাদের আয় গড়ে একশো টাকাও নয়। আর ঐ একশো টাকাআয়ের লোকের উপর ৭০জন লোক নির্ভর করে।

এ অবস্থায় আবার প্রত্যেক পরিবারে দু একজন করে বেকার রয়েছে। কাজেই বেকারের সংখ্যার দিকে দৃষ্টি রেখে কোন পরিকল্পনা হয়নি। আমাদের খাদ্যমন্ত্রী প্রফুল্লবাবু বলে থাকেন আমাদের দেশে জনসংখ্যার বৃদ্ধি হয়েছে। যেন আর কোন দেশে জনসংখ্যা বৃদ্ধি হয়নি। চীনে ৪০ কোটি লোকের জায়গায় ৬০ কোটি লোক হয়েছে। রাশিয়ায় ১৫ কোটির জায়গায় ২০।২৫ কোটি লোক হয়েছে। আমেরিকায় ১০ কোটি লোকের জায়গায় ১৭।১৮ কোটি লোক হয়েছে। কিন্তু সেখানে খাদ্যের অভাব নাই এবং পরিকল্পনা তারা এরকমভাবে করে যাতে প্রত্যেক লোকের জীবন চলতে পারে। আর আমাদের এখানে এত বড় দেশ এত বৎসর হয়ে গেল, আমরা বলি জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে। সেখানে বেকার সমস্যার সমাধানের জন্য অনেকগুলি নূতন নূতন শিল্প গড়ে উঠেছে কিন্তু আমাদের এখানে শিল্প বা পরিকল্পনা যেমন বাড়ছে বেকার সংখ্যাও বাড়ছে। আমাদের ভেষজ প্রতিষ্ঠান তৈরী করবার একটা ব্যবস্থা করার কথা ছিল এবং রাশিয়া থেকে লোক ও অর্থ দিয়ে সাহায্য করবে বলেছিল কিন্তু এখনও সেবিষয়ে কোন ব্যবস্থা হয়নি। চশমা, দূরবীক্ষণ, অণুবীক্ষণ প্রভৃতি শিল্প এখানে গড়ে উঠবার কথা হয়েছিল কিন্তু বাস্তবে তা হয়নি। কাজেই বেকার সমস্যা সমাধানের জন্য কিছুই হয়নি। ক্ষুদ্র শিল্পের সঙ্গে বৃহৎ শিল্পের প্রতিযোগিতা চলেছে। এ সম্বন্ধে শিশির দাশ মহাশয় বলেছেন এমনভাবে মিলের উপর Ban করা দরকার, মিলের কাপড়ের উপর Ban করা দরকার যাতে তাঁতের কাপড় চলতে পারে। কিন্তু বিজ্ঞানের যুগে এরকম করে restriction সৃষ্টি করে শিল্পকে বাঁচান সম্ভব নয়। ক্ষুদ্র শিল্পের সঙ্গে যাতে বৃহৎ শিল্পের কোন প্রতিযোগিতা না হয় সেজন্য শিল্পগুলিকে গড়ে তোলা উচিত, তাহলে পর ক্ষুদ্র শিল্পদ্বারা বেকার সমস্যার সমাধান হবে। ক্ষুদ্র শিল্পের জিনিসের সঙ্গে বৃহৎ শিল্পের জিনিসের প্রতিযোগিতা হওয়া উচিত নয়। জাপানে হোক্, ইংলণ্ডেই হোক্ আর যুক্তরাষ্ট্রেই হোক্ সেখানে শতকরা ৮০ ভাগ ক্ষুদ্র শিল্প এবং এই সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প গড়ে ওঠার ফলে বৃহৎ শিল্পের উপকারই হয় এবং বৃহৎ শিল্পের যা প্রয়োজন তা এই ক্ষুদ্র ক্ষুদ্র শিল্প থেকেই হয়। কাজেই সেদিক থেকে আমরা কুটির শিল্পের কথা বলি বটে কিন্তু তার সঙ্গে বৃহৎ শিল্পের যে প্রতিযোগিতা তার কথা আমরা ভাবিনা। আমেরিকাতে এরকম বহু কুটিরশিল্প আছে যেখানে ১০।১২ হাজার ছোট ছোট শিল্প parts তৈরী করে বৃহৎ শিল্পকে যোগান দেয় এবং সেই শিল্পে ৫।৩০ জন লোক কাজ করে। খাদ্য সম্বন্ধে রাজ্যপালিকা তাঁর ভাষণে উল্লেখ করেছেন। এর আগে ১৯৫৮-৫৯ সালে এই এসেম্বলীতে দাঁড়িয়ে খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে Bumper crop হয়েছে কিন্তু আমরা সেকথা স্বীকার করিনি। কেননা এদেশে যে চাল উৎপন্ন হয়, ব্যবসায়ী, মজুতদার, চোরাকারবারী যারা ধান উৎপন্ন করে তাদের কাছে উপস্থিত হয়ে সমস্ত ধান চাল সস্তায় কিনে নেয় বটে কিন্তু সেই চাল বাজারে ছাড়েনা। এবারও শুনছি ভাল ফসল হয়েছে কিন্তু যদি ব্যবসায়ীরা মজুতদাররা এই সমস্ত ধান চাল মজুত করে তাহলে দুর্ভিক্ষ সৃষ্টি হবে এবং কৃষকরা যে জমি থেকে উৎপন্ন করে সেই জমি বিক্রী করতে বাধ্য হবে।

[6-5—6-15 p. m.]

কাজেই এই দেশে ভূমি সমস্যার যে ব্যাপার রয়েছে এবং Estates Acquisition Act-এ যে জমি আসবে, যে জমিগুলি জমিদাররা বা জোতদাররা বে-আইনীভাবে তাদের আত্মীয়স্বজনের মধ্যে ভাগ করে দিয়েছে সেই জমিগুলি নেবার জন্য আইন পাশ করা হলেও যদি তা কার্যকরী করা না যায় তাহলে কৃষকদের মধ্যে উৎসাহ জাগাতে পারবেন না। এবং যতই টাকা খরচ করুন না কেন, কৃষকদের মধ্যে উৎসাহ সৃষ্টি যদি না করেন, কৃষকরা যদি জমির মালিক না হয় তাহলে আমাদের দেশে যতই scheme করা হোক না কেন, সেই scheme-এ টাকা অপব্যয় হবে এবং তা কখনই কার্যকরী হবে না। সেইজন্য আমি বলছি যে, এই ভূমি সমস্যার সমাধান করতে হলে যাতে উদ্বৃত্ত জমি, যা বে-আইনী হস্তান্তর হয়েছে, সেই জমিগুলি নিয়ে যাতে কৃষকদের মধ্যে বিলি করতে পারেন তার চেষ্টা করা উচিত। আমাদের দেশে ৭ লক্ষ ভাগচাষী ও ৭ লক্ষ কৃষিমজুর, এই ১৪ লক্ষ লোকদের সকলকে কাজ দেওয়া সম্ভব নয়। কাজেই এই সমস্ত লোক যারা surplus তাদের একমাত্র শিল্পের মধ্যে নিয়ে আসা সম্ভব। শ্রীরাধাকুমুদ মুখার্জী, কিছুদিন আগে এক সম্মেলনে বলেছেন, ভারতবর্ষে যে কৃষি উৎপাদন তা পৃথিবীর সবচেয়ে কম। তারপর আমাদের দেশে কলিকাতা সহরের প্রশ্ন রয়েছে। রাজ্যপাল ভাষণের মধ্যে কলকাতা সহরের জল নিকাশের ব্যবস্থা সম্বন্ধে বিশেষ কোন কথা বলেননি। তিনি উপনগরীর কথা বলেছেন। উপনগরী হবে ভাল কথা, এতে আমাদের কোন ক্ষতি নেই। কিন্তু এতে লক্ষ লক্ষ লোক উদ্বাস্তু হবে। আমরা এখানে সে উদ্বাস্তুর চিত্র দেখেছি, পূর্ববাংলা থেকে যারা এসেছে তাদের পুরোপুরি পুনর্বাসন হয়নি, তারা পথে পথে ঘুরে বেড়াচ্ছে, শেয়ালদহ স্টেশনে পড়ে আছে, ট্রাম ষ্ট্রীটে ঘুরে বেড়াচ্ছে। এখানে মানুষের জীবনের মূল্য নেই, তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা নেই। কাজেই সেদিক থেকে দেখছি পূর্ববাংলার উদ্বাস্তুদের এই অবস্থা হয়েছে তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয়নি। তারপর আবার এই উপনগরীর ব্যাপারে লক্ষ লক্ষ লোক তারা যদি উদ্বাস্তু হয়ে পড়ে, সরকার যতই বলুন না কেন তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হবে কিন্তু তারা যে জমির মালিক, তারা যে ঘর-বাড়ীতে বাস করে, যেভাবে জীবিকা উপার্জন করে, তাদের সেই ব্যবস্থা হবে কিনা সে বিষয় সন্দেহ আছে। কাজেই এই সমস্ত জিনিস বিবেচনা করে তবেই বিদেশ থেকে টাকা নেওয়া উচিত। বিদেশের কাছে ঋণগ্রস্ত হয়ে এই উপনগরী করা উচিত হবে কিনা সে বিষয় চিন্তা করতে হবে। তারপর আসামের উদ্বাস্তুর কথা বলেছেন। ২৭ হাজার উদ্বাস্তু, তারা ফিরে যেতে চাচ্ছে না। এর কারণ ভারত গভর্ণমেণ্টের পক্ষ থেকে যে অনুসন্ধান করার কথা ছিল সেই অনুসন্ধান করার ব্যবস্থা হয়নি। তাদের আসাম সরকারের উপর বিশ্বাস নেই। তাদের কাছে তারা নিরাপত্তা পাবে বলে তারা মনে করে না। তাই তারা মনে করে ভারত গভর্ণমেণ্ট যদি তাদের securityর জন্য দায়ী হয় তাহলে তারা ফিরে যেতে পারে। তারপর তাদের ঋণ দেওয়া হচ্ছে কিন্তু তাদের ঋণ দেওয়া হবে কেন? তারা আসাম সরকারের শাসন ব্যবস্থার বিফলতার ফলে তাদের ত্রুটির জন্য এরা উদ্বাস্তু হয়েছে। তারা যখন গুণ্ডার দ্বারা অত্যাচারিত হয়েছিল তখন তারা পুলিশের সাহায্য পায়নি। সেইজন্য তারা সর্বস্বান্ত হয়েছে। তাদের বাড়ীঘর নষ্ট হয়ে গিয়েছে, কাজেই সেদিক থেকে বিবেচনা করলে তাদের ঋণ দেওয়া হবে কেন? এখানে তাদের compensation দেওয়া হবে না কেন? কাজেই সেদিক থেকে ২৭ হাজার লোকের জীবিকার ব্যবস্থা এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থা যাতে করা হয় তার ব্যবস্থা করা উচিত এবং আসামে ফিরে যাবার জন্য তারা যে সমস্ত দাবি করেছে সেগুলি পূরণ করা উচিত।

Shri Maziruddin Ahmed :

মাঃ স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন তার জন্য তাঁকে

আমি ধন্যবাদ জানাচ্ছি। রাজ্যপাল মহোদয়া কেবল মুখরোচক বক্তৃতা করেননি, তিনি বাস্তব অবস্থা বর্ণনা করে যে ভাষণ দিয়েছেন সেটা সত্যিই প্রশংসনীয়। তাঁর ভাষণে জুলাই মাসে আসামে যে অমানুষিক অত্যাচার হয়েছে তার reference দেখছি এবং এজন্য তাঁর সহানুভূতিও দেখছি। রাজ্যপাল তাঁর ভাষণে একটা সুখবর দিয়েছেন তিনি বলেছেন আমাদের রাজ্যের খাদ্যাবস্থা অনেক ভাল, হয়তো কয়েক লক্ষ টন শস্য বেশী উৎপাদন হবে। আমাদের এই পশ্চিমবঙ্গ কখনো বন্যায়, কখনো অনাবৃষ্টিতে সবসময় জর্জরিত হয়ে থাকে, তাই খাদ্যশস্যের জন্য আমাদের প্রায়ই কেন্দ্র অথবা উড়িষ্যাসরকারের উপর নির্ভর করতে হয়। আমি ভগবানের নিকট প্রার্থনা করি পশ্চিমবঙ্গের উপর যেন প্রাকৃতিক দুর্যোগ না হয়। আমাদের কুচবিহারে এবার ফসল ভাল হয়নি, হয়তো এজন্য বাইরে থেকে খাদ্যশস্য আমদানি করতে হবে। এজন্য সাধারণ কৃষক ও শ্রমিকদের মধ্যে অভাব অভিযোগ বেড়ে যাবে। সেজন্য কুচবিহার জেলায় test relief-এর কাজের দিকে বিশেষ মনোযোগ দেওয়া দরকার। আজকাল অনেক বাঁধের কাজ হচ্ছে, এসব বাঁধ যাতে test relief-এর মাধ্যমে হয় তার জন্য relief মন্ত্রীমহাশয়কে আমি বিশেষ করে অনুরোধ জানাচ্ছি। মাঃ রাজ্যপাল তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথাই বেশী বলেছেন—তিনি যেসব পরিকল্পনার কথা বলেছেন তা যদি ফলপ্রসূ হয় তাহলে আগামী পাঁচ বৎসরের মধ্যে দেশের অনেককিছু উন্নতি হবে সন্দেহ নাই। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মোট বরাদ্দ ৩৪১·০৩ কোটি টাকা ধরা হয়েছে এটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বিগুণের বেশী। এই টাকা প্রথমে Planning Commission মঞ্জুর করতে আপত্তি করেছিলেন, কিন্তু আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তাঁর বলিষ্ঠ কণ্ঠে পশ্চিমবঙ্গের দাবীদাওয়ার কথা বলে এটা মঞ্জুর করিয়েছেন।

6-15—6-25 p.m.

আমাদের দেশে নানাস্থানে যে ডেভালাপমেণ্ট হচ্ছে তা দেখে আমাদের দেশের জনসাধারণের খুব বেশী আগ্রহ বাড়ছে এবং তাদের যা contribution সেটা তাঁরা দিচ্ছে। আমরা অনেক স্কীম টাকার অভাবে নিতে পাচ্ছিনা, কিন্তু দেশ থেকে চেষ্টা করলে সেটা অসম্ভব হবে না। আমাদের দ্বিতীয় পরিকল্পনায় প্রায় ৯ কোটি টাকা কৃষির উন্নতির জন্য ছিল, এবার প্রায় ৬৭·৫৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর ফলে ইরিগেশনের সুযোগ, ভাল ফার্টিলাইজার, বীজ ইত্যাদি সরবরাহ ভাল হবে এবং তাতে ফসলও বৃদ্ধি নিশ্চয়ই হবে। এইভাবে আমাদের ১৬ লক্ষ টন যে ঘাটতি আছে সেটা দূর হবে। আমরা যদি জনসাধারণের মুখে ভাত দিতে পারি তাহলে আমরা তাদের মুখে হাসি দেখব। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে যাদের অল্প জমি আছে তাদের সাবসিডাইজড্ রেটে কিছু জমি দিলে তারা বেঁচে যাবে। Draft plan সম্বন্ধে ২।১টা কথা বলব। শিক্ষা যাতে এবার ৪৮·৮৫ কোটি টাকা ধরা হয়েছে এবং ৬ থেকে ১১ বৎসর ছেলেমেয়েদের ফ্রি কম্পালসারী এডুকেশান দেবার ব্যবস্থা করা হয়েছে। ফ্রি কম্পালসারী এডুকেশনের জন্য আমরা যে এতদিন চেষ্টা করে আসছি তা এবার ফলবতী হবে। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮টি পলিটেকনিক এর ব্যবস্থা করা হয়েছে। আমি অনুরোধ করব যে আমাদের কুচবিহারে একটা পলিটেকনিকের বিশেষ অভাব দেখা দিয়েছে। এরজন্য আমরা জমি সংগ্রহ করেছি। সুতরাং এদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। রাজ্যপালিকার ভাষণে দেখলাম যে Greater Calcutta Milk Supply Project-এ বেশ ফল পাওয়া গেছে—প্রত্যহ প্রায় ১ লক্ষ পাঃ খাঁটি দুধ সরবরাহ করা হচ্ছে। কুচবিহার থেকে ৫ মাইল দক্ষিণে একটা খাসজমি পড়ে আছে সেখানে যদি একটা milk farming state undertaking-এ করেন তাহলে ওখানকার লোকেরা খাঁটি দুধ পেতে পারেন। রাজ্যপালের ভাষণে দেখছি যে জলের জন্য প্রায় ২ কোটি টাকার ব্যবস্থা আছে। আমাদের কুচবিহারে পানীয় জলের ভীষণ অভাব আছে। ডেভালাপমেণ্ট

কাউন্সিল থেকে যদি কিছু টাকা দেওয়া হয়—অর্থাৎ লাখ খানেক টাকা যদি পাই—তাহলে আমরা বিশেষ উপকৃত হব।

তারপর রাস্তাঘাট সম্বন্ধে দেখছি যেখানে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২১০০ মাইল ছিল সেখানে এবারে ২২০০ মাইল ধরা হয়েছে এবং আমাদের জেলায় যেখানে বিশেষ কোন পাকা রাস্তা নেই সেখানে এবারে ১৫০ মাইল ধরা হয়েছে। তবে এ প্রসঙ্গে আমি একটা কথা উল্লেখ করতে চাই এবং সেটা হলো রাস্তার যখন অনেক উপকারিতা আছে তখন এই রাস্তা ছাড়া আরও কয়েকটি রাস্তা, যেমন, কাকিনা রোড, হট্টমারী-চিলকির হাট via চাঁদমারি, দেওয়ান হাট-চিলকির হাট via পানার হাট, ডোরিয়াহাট-মরিচবেরী via গোপালপুর এবং কুচিবেরী-বানেশ্বর প্রভৃতি রাস্তাগুলোও করা দরকার এবং সেগুলো যাতে তৈরী হয় সেদিকে যেন সরকার নজর রাখেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Pravakar Pal :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণ সমর্থন করতে উঠে আমি বলতে চাই যে, তিনি যে ভাষণ এখানে দিয়েছেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে পশ্চিমবাংলার সমগ্র চিত্র তুলে ধরে তিনি যেমন প্রায় সমস্ত গুরুত্বপূর্ণ সমস্যাগুলোর আলোচনা করেছেন ঠিক তেমনি তার সমাধানেরও ইঙ্গিত দিয়েছেন। তবে সবচেয়ে সুখের কথা হলো যে খাদ্যসমস্যা বিগত কয়েক বছর ধরে পশ্চিমবাংলার মানুষকে ক্ষুব্ধ করেছিল তার প্রতি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার চেয়ে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে, অর্থাৎ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে কৃষি খাতে ৮'৯৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল সেখানে আজ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৬৭'০৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তবে এই পরিকল্পনাকে বাস্তবে রূপ দেবার জন্য যে ৫টি পদ্ধতি গ্রহণ করা হয়েছে তাতে ১টি জিনিসের খুব অভাব বোধ করছি এবং সেটা হলো একদিকে যেমন উন্নত প্রণালীতে জলসেচের সুযোগ করা হয়েছে ঠিক তেমনি অন্যদিকে যদি জলনিকাশের ব্যবস্থা না থাকে তাহলে সরকারের জলসেচ পরিকল্পনা ব্যর্থ হবে বলে মনে করি এবং এই জিনিস আমরা ১৯৫৬ সালে এবং গত বছর দেখেছি যে উপযুক্ত জলনিকাশের ব্যবস্থা না থাকার জন্য পশ্চিমবাংলার গ্রামে গ্রামে যে কৃষি ছিল তা নষ্ট হয়ে গেছে। সুতরাং এমতাবস্থায় আমি সরকারকে জানাব যে এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা যেন জলসেচের সঙ্গে সঙ্গে জল নিকাশের উপযুক্ত ব্যবস্থা করেন। তারপর এ প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে, এই পরিকল্পনাকে সার্থক করবার জন্য যেমন জনসাধারণের সহযোগিতা প্রয়োজন ঠিক তার সঙ্গে সঙ্গে সরকারী সাহায্য এবং যে সমস্ত সরকারী কর্মচারীরা এসে বাস্তবে রূপ দেবেন তাঁদের এর প্রতি দরদ এবং সততা থাকা প্রয়োজন, কেননা তা' না হলে যত টাকাই খরচ করা হোক না কেন তার দ্বারা আমরা সফলতা লাভ করতে পারব না। তবে প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা সরকারী কর্মচারীদের মধ্যে অনেক ত্রুটি ছিল দেখেছি এবং সেইজন্যই সরকারকে জানাচ্ছি যে, তাঁরা যেন এর প্রতি দৃষ্টি রেখে এই পরিকল্পনাকে সফল করবার চেষ্টা করেন। তারপর শিক্ষাখাতে দেখছি অনেক টাকা বরাদ্দ করা হয়েছে, অর্থাৎ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেখানে শিক্ষাখাতে ২২'১৩ কোটি টাকা বরাদ্দ ছিল সেখানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৪৮'৮৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

[6-25—6-35 p.m.]

পশ্চিমবঙ্গের ৬ থেকে ১১ বছরের সমস্ত বালক-বালিকারা যাতে বাধ্যতামূলকভাবে এবং আবশ্যিকভাবে শিক্ষার আওতায় পড়ে তার পরিকল্পনা নেওয়া হয়েছে। এটা অত্যন্ত ভাল জিনিস। এটা আমাদের কনস্টিটিউসানের নির্দেশ ছিল। এটা দেরীতে হলেও পশ্চিমবঙ্গ

সরকার যে গ্রহণ করবার জন্য ঠিক করেছেন সেইজন্য আমি তাঁদের অভিনন্দন জানাব। কিন্তু সঙ্গে সঙ্গে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জিনিসের প্রতি আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যেটা প্রথম ও দ্বিতীয় পরিকল্পনায় গ্রহণ করা হয়নি এবং গুরুত্ব দেওয়া হয়নি সেটা হল প্রাইমারী শিক্ষক। প্রাইমারী শিক্ষা শিক্ষকদের বাদ দিয়ে যে চলে না, সফল হয় না, সার্থক হয় না, সেটা আমরা সকলেই জানি। আজ ১৩ বছর স্বাধীনতা পেয়েছি—প্রাথমিক শিক্ষকদের আর্থিক অবস্থা যদি আলোচনা করে দেখি তাহলে দেখব যে সি ক্যাটিগোরির শিক্ষকরা ৫২।০ টাকা, বি ক্যাটিগোরি ৬২।০ টাকা এবং এ ক্যাটিগোরি ৬৭।০ টাকা বেতন পান। স্যার, একটা কথা বলতে চাই দৈনন্দিন জীবনের খরচ অনেক বেড়েছে, দ্রব্যমূল্য বহুতর বৃদ্ধি হয়েছে, সেখানে ৫২।০, ৬২।০, ৬৭।০ টাকায় শিক্ষক মহাশয়দের ভদ্রভাবে চলে কিনা আজকে চিন্তা করতে হবে। যেকোন শিক্ষা, যেকোন পরিকল্পনাকে যদি সার্থক করতে হয় তাহলে শিক্ষক মহাশয়দের এই রকম অবস্থায় রেখে, অতৃপ্ত রেখে তা সার্থকতা লাভ করতে পারেনা। আজকে ভারতবর্ষ শিক্ষা বিষয়ে অনেক বেশী অনগ্রসর। পরিকল্পনা যদি সার্থক করতে হয় তাহলে শিক্ষক মহাশয়দের উপযুক্ত মর্যাদা দিতে হবে, উপযুক্ত বেতন দিতে হবে যাতে করে তাঁরা ভদ্রভাবে জীবনযাপন করতে পারেন। আমি এ দিক দিয়ে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রাথমিক শিক্ষকদের লিভিং ওয়েজ দেওয়া হোক, তাঁদের সর্বনিম্ন মাহিনা অন্ততঃপক্ষে ১শো টাকা ধার্য করা হোক।

আর একটা কলঙ্কের কথা আছে—যে সামান্য বেতন তাঁরা পান তা তাঁরা সময়মত পান না। বহুদিন থেকে প্রাথমিক শিক্ষকরা নিয়মতান্ত্রিক পথে সরকারের কাছে বহু আবেদন নিবেদন করে জানিয়েছেন যাতে তাঁরা সময়মত বেতন পান কিন্তু লজ্জার কথা, দুঃখের কথা তাঁদের এই সঙ্গত দাবী ১৩ বছরের মধ্যে সরকার মেনে নেননি। এমন ঘটনা আমরা জানি ৪।৫ মাস পর্যন্ত শিক্ষকরা বেতন পাননি। বহু আবেদন নিবেদন করেও তাঁরা বেতন পাচ্ছেন না এমন নজীর সরকারী দপ্তরে অনেক আছে। যে সামান্য বেতন তাঁরা পান তা যদি সময়মত তাঁরা না পান তাহলে তাঁদের সংসারযাত্রা নির্বাহ হবে কি করে? স্যার, আপনার মাধ্যমে আমি সরকারের কাছে দাবী জানাব যে প্রতি মাসের বেতন পরের মাসে ৭ তারিখের মধ্যে দেবার ব্যবস্থা করা হোক।

স্যার, আর একটা কথা আছে সেটা হলো প্রাথমিক শিক্ষকদের গ্র্যাচুইটি এবং প্রভিডেন্ট ফাণ্ড সম্বন্ধে। আমরা শুনেছি কাগজে কলমে সেটা নাকি দেবার ব্যবস্থা হয়েছে। ২।২।০ বছর হয়ে গেছে আজ পর্যন্ত সেটাকে কার্যকরী করবার কোন সক্রিয় পন্থা লওয়া হয়নি অথচ আমরা দেখছি বাংলাদেশের বহু জেলাতে বয়স্ক শিক্ষকদের অবসর গ্রহণ করতে বাধ্য করা হচ্ছে। যাঁরা সারা জীবনের সাধনা, পরিশ্রম দিয়ে শহর থেকে দূরে গ্রামেতে শিক্ষার দীপ জালিয়ে রেখেছিলেন জীবনের সায়াহ্নে তাঁদের অবসর গ্রহণ করতে বাধ্য করা হচ্ছে পরবর্তী জীবনে জীবিকা নির্বাহের কোন ব্যবস্থা না করে। স্যার, আমি দাবী জানাব উপযুক্ত গ্র্যাচুইটির ব্যবস্থা করা হোক যাতে করে বয়স্ক শিক্ষকরা পরবর্তী জীবনে ভদ্রভাবে এবং শান্তিতে জীবনযাপন করতে পারেন।

তৃতীয়তঃ আর একটা কথা আমরা শুনেছি, অবশ্য কাগজে কলমে যে প্রাথমিক শিক্ষকদের ছেলেমেয়েদের মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিনা বেতনে পড়াবার সুবিধা দেওয়া হয়েছে কিন্তু ২।২।০ বছর কেটে গেল সেটা কার্যকরী করবার কোন রকম চেষ্টা করা হয়নি। কাজেই এদিক দিয়া অবিলম্বে একটা ব্যবস্থা গ্রহণ করা উচিত। আর একটা জিনিস চিকিৎসার ব্যবস্থা—প্রাথমিক শিক্ষকরা গরীব তাঁরা তাঁদের নিজেদের অর্থ দিয়ে চিকিৎসার ব্যবস্থা করাতে পারেন না। আমাদের গ্রামে গ্রামে ইউনিয়ন হেলথ সেন্টার হয়েছে, থানা হেল্‌থ সেন্টার হয়েছে এবং সাবডিভিসন ও ডিস্ট্রিক্টে যে সমস্ত হাসপাতাল ছিল সেগুলিকে বাড়ানো হয়েছে। আমি আপনার কাছে এই দাবী রাখবো যে প্রতিটি হাসপাতালে প্রাথমিক শিক্ষকদের জন্য রিজার্ভড সীট রাখা হোক। তারপরে আর একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, ছাত্রদের কথা আমি বলবো। আজকে আমরা

আবশ্যিক এবং বাধ্যতামূলক শিক্ষা গ্রহণ করতে বলেছি যার আওতায় ৬ বছর থেকে ১১ বছরের সমস্ত ছেলেমেয়েরা আসবে কিন্তু আমরা গ্রামে গ্রামে স্কুল বা পাঠশালায় ঘুরে সেখানকার ছাত্রদের স্বাস্থ্যের অবস্থা যা দেখেছি তা মোটেই আশাপ্রদ নয়। আগামী দিনে যারা হবে দেশের কর্ণধার তাদের স্বাস্থ্য যদি এভাবে গড়ে উঠে তাহলে জাতি বড় হতে পারে না বলে আমার বিশ্বাস। স্কুলে স্কুলে ছাত্রদের যদি বিনামূল্যে উপযুক্ত খাদ্য বিতরণ করা হয় তাহলে তার দ্বারা শুধু তাদেরই কল্যাণ হবে না, সামগ্রিকভাবে বাঙালী জাতির তথা ভারতবাসীর কল্যাণ হবে। সুতরাং আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবী করবো যে তৃতীয় পরিকল্পনায় ছাত্রদের বিনা খরচে উপযুক্ত টিফিন দেবার ব্যবস্থা করা হোক। সঙ্গে সঙ্গে তাদের রোগের যাতে চিকিৎসা করানো যায় তারজন্য প্রতিটি স্কুলের ছেলেমেয়েদের বৎসরে অন্ততঃ দুবার করে স্বাস্থ্য পরীক্ষা করানো দরকার। প্রিভেনটিভ মেজারের সঙ্গে সঙ্গে যাতে কিউরেটিভ মেজার নেওয়া হয়—রোগ যাতে না আসে তারজন্য যেমন ব্যবস্থা থাকবে, তেমন রোগ হলে তার চিকিৎসার ব্যবস্থা থাকা দরকার। এই কয়টি দাবী জানিয়ে মাননীয়া রাজ্যপাল আমাদের কাছে যে ভাষণ দিয়েছেন তারমধ্যে যে সমস্ত ভাল ভাল কথা আছে তারজন্য তাঁকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[6-35—6-45 p. m.]

Shrimati Labanya Prova Ghosh :

মাননীয় স্পীকার মহাশয়, প্রতিবৎসর রাজ্যপালের বাজেটভাষণের ওপর যা বলতে হয়—আজকের বাজেট বিষয়েও সেই একই অভিযোগ করা ছাড়া উপায় নাই।

এই একই অভিযোগের সঙ্গে এই শাসনঅযোগ্যতার প্রতি যে বিক্ষোভ জেগে ওঠে প্রতিবৎসর সেই বিক্ষোভ গভীরতর হয়েই উঠছে। রাজ্যপালের বার্ষিকী কর্মবিবরণীতে অগ্রগতির যে ছবি আমরা দেখি, বাস্তব জীবনে কোথাও তার চিহ্ন মেলেনা। এবারের কর্ম বিবরণীরও সেই একই অবস্থা। কতকগুলো কর্ম ও উদ্যোগ—নামে এবং আকারে গড়ে তোলা হচ্ছে সত্য। কিন্তু তার অধিকাংশই অকার্যকারী; এবং উপযোগিতা ও লক্ষ্যবিহীন। যা করা হচ্ছে—মূলতঃ তার সুযোগ সুবিধা মুষ্টিমেয়ের অধিকারগত হয়েই থাকছে। বহুজনের স্বার্থ তার বিবেচনার বাইরেই উপেক্ষিত রয়েছে। এবং সর্বোপরি, বিরাট দেশের বিপুল চাহিদার তুলনায় সমাধানের অগ্রগতি আজও বহু পিছিয়ে রয়েছে। ওদিকে পরিকল্পনার নামে বিপুল অপচয়ের অগ্রগতিই জলের স্রোতের মত ধাবিত হয়েছে। কংগ্রেস সরকারের যোগ্যতা থাকলে—এই বিপুল অর্থের আয়োজন ও বিরাট জনশক্তি নিয়ে বহু কিছুই অগ্রগতি সম্ভব হতে পারতো। একদিকে যেমন চিন্তা ও কর্ম উভয় দিকের বিষয়েই এই সরকারের যোগ্যতা নেই। অন্যদিকে তেমনি শাসনতান্ত্রিক জীবনে চারিত্রিক ভিত্তি বা নিষ্ঠার কোনো পরিবেশই আজ নেই। সেজন্য দেখতে পাচ্ছি উন্নয়নমূলক কাজের নামে যা কিছু করা হচ্ছে তা সমস্তই বিকৃতভাবে, লক্ষ্য বিহীন ভাবে, অবাধ অপচয় ও অব্যবস্থার ধারাতেই পরিচালিত হচ্ছে। দৃষ্টান্ত স্বরূপে আমাদের জেলার পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজগুলির কথা বিনাদ্বিধায় উল্লেখ করতে পারি। এবং সব চেয়ে দুঃখজনক ব্যাপার হলো এই যে, অভিযোগ শোনবার আজ কেউ কোথাও নেই, সুষ্ঠু চিন্তা ও পরিকল্পনা নেবার বা তা বোঝবারও কেউ নেই। এবং এই একধারা উর্ধ্বতম স্তর থেকে নিম্নতম স্তর পর্যন্তই চলেছে। অপচয়ের স্তূপরূপে বিশেষ কতকগুলি পরিকল্পনার কাজ চলছে সত্য কিন্তু ব্যাপক ক্ষেত্রের সাধারণ মানুষের জীবন যাত্রার উন্নতির নামে যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা আজ চলেছে তা আজ ব্যাপক ক্ষেত্রে জন-শোষণ পঞ্চবার্ষিকী পরিকল্পনা ছাড়া আর কিছুই নয়। কারণ এই কংগ্রেসী শাসনে আমাদের সকলের চোখের সামনে সাধারণ মানুষের জীবন দিনের পর দিন অধিকতর অবনত হয়েই উঠছে। জাতীয় জীবন দিনের পর দিন জটিলতর সমস্যাপূর্ণ হয়েই উঠছে।

জাতীয় জীবন দিনের পর দিন জটিলতর সমস্যা পূর্ণ হয়েই উঠছে। মাননীয় রাজ্যপাল অগ্রগতির চিত্র এঁকে আত্মতুষ্টির যে বিবরণ আমাদের দিয়েছেন তার চেয়ে দেশের বাস্তব জীবনের চিত্রই আমাদের কাছে সত্য। বিগত বৎসরের মতো এবারেও বলতে হলো—রাজ্যপালের ভাষণ পরিসংখ্যান বিভাগের বিবরণী হয়েছে মাত্র। এর মধ্যে আমাদের জীবনের জাগ্রত সমস্যাগুলির কোনো আলোচনা নেই। জনমত আজ যে বিষয়গুলি নিয়ে আলোড়িত তার প্রতিও কোনো আগ্রহ বা সমবেদনার চিহ্নও নেই তাঁর ভাষণের মধ্যে জরুরী সমস্যাগুলির সম্মুখীন হবার সাহস, মুক্ত অন্তরের নির্ভীক সমালোচনা বা নিষ্ঠাপুত অন্তরের পথ নির্দেশের কোনো সামান্যতম প্রচেষ্টাও নেই। সমগ্র বাংলাভাষী জন-সমাজ ও বাংলা সরকারের প্রতি কেন্দ্রীয় সরকারের যে বৈষম্যমূলক নগ্ন আচরণ বাংলার জীবনকে লাঞ্ছিত ও পর্যুদস্ত করেছে—তার বিরুদ্ধে সামান্যতম প্রতিবাদ ও প্রতিকার দাবীর বিন্দুমাত্রও সাহসের পরিচয়ও তাঁর ভাষণে নেই। কেন্দ্রীয় সরকারের ষড়যন্ত্রের যোগে—আসামে নারকীয় ব্যাপক ধ্বংসের মধ্যে বাংলাভাষীর প্রতি অভাবনীয় নিষ্ঠুরতা ও অপমান সাধিত হল। কিন্তু এই ভয়াবহ ষড়যন্ত্র ও এই অত্যাচারের বিরুদ্ধে আজও পর্যন্ত কোনো বিচার ব্যবস্থা হলো না। অত্যন্ত পরিতাপের কথা—বাংলার সমস্ত জনসাধারণের ঐকান্তিক দাবীর সঙ্গে যুক্ত হয়ে, রাজ্যপাল এর সুবিচার দাবী পর্যন্ত করেন নি। এবং সর্বোপরি, আজ বেরুবাড়ীর যে সমস্যা—সমগ্র দেশের অন্তরে অন্তহীন ক্ষোভের সঙ্গে জাগ্রত হয়ে রয়েছে, যে বেরুবাড়ীর ব্যাপার নিয়ে কেন্দ্রীয় সরকার দেশের সংবিধান ও জনমতকে উপেক্ষা করে নির্লজ্জ জবরদস্তি ও অনধিকার প্রয়োগ করতেও কুণ্ঠিত হননি—বাংলার শাসন আসনে অধিষ্ঠিত হয়েও, রাজ্যপাল তার প্রতিবাদ ও প্রতিকার দাবী করা দূরে থাক উল্লেখ পর্যন্ত করার প্রয়োজন বোধ করেন নি। একটা মহান দায়িত্বপদে অধিষ্ঠিত মানুষের এরচেয়ে ভীরুতা, এর চেয়ে অবিচার, এর চেয়ে জনমতের প্রতি উপেক্ষা আর কি হতে পারে? রাজ্যপালের আসন দলীয় রাজনৈতিক প্রভাবের উর্ধ্বে বলে মনে করবার কথা—তাঁর ভাষণের থেকে সে পরিচয় আমরা পাইনি। গরু মেরে জুতো দান করার অর্থাৎ সুপারিশে বৃহত্তর কলিকাতা পরিকল্পনায় কেউ কেউ খুশী হয়েছেন। আমরা তা হ'তে পারিনি। আমরা এই জাতীয় ভাষণকে সর্বোতোভাবে বর্জনীয় বলেই মনে করেছি এবং আজও করি।

Shri Kuber Chand Haldar :

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় রাজ্যপাল তাঁর সুচিন্তিত যে ভাষণ দিয়েছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তাঁর ভাষণে পশ্চিমবাংলার যে মনোরম চিত্র তিনি তুলে ধরেছেন এবং পশ্চিমবঙ্গ যে অগ্রগতির পথে চলেছে—এটা অস্বীকার করবার উপায় নাই। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার যে খসড়া রচিত হয়েছে, তা যদি সাফল্যমণ্ডিত হয় তাহলে নিশ্চয়ই দেশের খাদ্যাভাব দূর হবে এবং বেকার সমস্যার সমাধান হবে। এটা যদি সকলের সহযোগিতা পাওয়া যায়, তাহলে নিশ্চয়ই সফল হবে। তা না হলে হবে না।

[**A voice :** আমাদের সহযোগিতা পাবেন না।]

সরকার খাদ্য, কৃষি এবং শিল্প কার্যের উপর খুব জোর দিয়েছেন। বেকার সমস্যা দূর করতে হলে শিল্পকে অগ্রাধিকার দেওয়া উচিত। পশ্চিমবঙ্গের যে কুটিরশিল্প লোপ পেয়েছিল, সেটা আজ পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টায়—সেই ধ্বংস প্রাপ্ত কুটিরশিল্পগুলি পুনরুজ্জীবিত হচ্ছে। আমি জানি মুর্শিদাবাদের যে বিশ্ববিখ্যাত রেশমশিল্প ধ্বংস হয়ে যাচ্ছিল, সরকারী চেষ্টায় সেই মৃতপ্রায় রেশম শিল্পের প্রাণ রক্ষা হয়েছে। কিন্তু মুর্শিদাবাদ জেলার যে শিল্প উৎপাদন কেন্দ্র ছিল, সেটা চালু করা উচিত ছিল। সরকার যদি সেই উৎপাদন কেন্দ্রগুলি চালু করেন, তাহলে রোজ একহাজার লোকের অন্ন সংস্থানের ব্যবস্থা হয় এবং এই সিল্ক বাইরে থেকে কিনে যে কাপড় তৈরী করা হয়—তাঁতীরা সেই কাপড়ের চেয়ে কম দামে এখানকার কাপড় বিক্রী করতে পারে এবং অন্য প্রদেশের শিল্পীর সঙ্গেও প্রতিযোগিতা করতে পারবে।

আমি আর একটি কথা অত্যন্ত দুঃখের সঙ্গে নিবেদন করবো। বাগে-রোয়েদাদের জন্য বাস্তুচ্যুত হয়ে যে সমস্ত ব্যক্তি পশ্চিমবঙ্গে রয়েছেন, তাদের এখনও পুনর্বাসনের কোন ব্যবস্থা হয়নি। আজ দু-বছর হয়ে গেল,—তারা একমাত্র ডোল পেয়েছে, তাছাড়া সরকারী আর কোন সাহায্য তারা পায়নি। তাদের যদি আরও বেশী করে আর্থিক সাহায্য ও থাকবার বাসস্থানের বন্দোবস্ত করে না দেওয়া যায় তাহলে তাদের দুঃখ দুর্দশা চরমে উঠবে, তারা দুর্দশাগ্রস্ত হয়ে পড়বে। এখন তাঁরা কোন রকমে জীবন ধারণ করছে। কিছুদিন পূর্বে সরকার তাদের জন্য artisan loan দেবার ব্যবস্থা করেছিলেন। কিন্তু এই artisan loan এর জন্য উপযুক্ত জামিন দিতে হয়, তারা সেই জামিন দিতে না পারায় লোনের টাকা পায়নি। আমি সরকারের কাছে নিবেদন করবো তারা অবিলম্বে যাতে house building grant ও artisan grant পায় তার জন্য ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো পদ্মার ভাঙনে দয়ারামপুর ইউনিয়নে ১০।১২ হাজার লোক গৃহহারা হয়ে গিয়েছে। যাদের জোত-জমি বা সামান্য টাকাকড়ি ছিল, তা দিয়ে তারা নিজেদের চেষ্টায় বস্তি তৈরী করে বাস করেছেন আর বাকী লোকেরা তাদের বাসস্থানের কোন ব্যবস্থা করতে পারেননি। আমি সরকারের কাছে নিবেদন জানাবো যাতে অবিলম্বে তারা house building grant পায় তার ব্যবস্থা করবেন। সরকার agriculture-এ খুব মনোযোগ দিয়েছেন, অনেক টাকা এরজন্য বরাদ্দ করেছেন, এবং অনেক scheme নিয়েছেন। এই agriculture-এর সঙ্গে মৎস্য বিভাগ অঙ্গাঙ্গীভাবে জড়িত। মৎস্য পরিকল্পনায়ও সরকার অনেক বড় বড় scheme নিয়েছেন। কিন্তু পশ্চিমবঙ্গে যদি মৎস্য উৎপাদন বৃদ্ধি করতে হয়, এবং মৎস্যজীবীদের বাঁচিয়ে রাখতে হয় তাহলে যেসমস্ত খাল, বিল, নদ-নদী মজে গিয়েছে, সেগুলি সংস্কার করতে হবে। পশ্চিম বাংলায় বিভিন্ন জেলায় সমস্ত নদ-নদী শুকিয়ে গিয়েছে, এবং যে পদ্মায় জেলেদের একমাত্র জীবিকা অর্জনের পথ ছিল, বাগে-রোয়েদাদের ফলে এই পদ্মা নদী ভাগ হয়ে যাওয়ায়, তাদের কঠিন সমস্যার সম্মুখীন হতে হয়েছে। তাদের দুর্দশার অন্ত নেই। আমি সরকারের কাছে নিবেদন করবো এই সমস্ত জেলেরা যাতে বেঁচে থাকতে পারে তারজন্য তাদের artisan grant, house building grant প্রভৃতি sanction করা হোক, এবং যেখানে নদ-নদী, খাল-বিলগুলি মজে গিয়েছে সেগুলি অবিলম্বে সংস্কার করার ব্যবস্থা করা হোক।

আমাদের স্বাস্থ্যবিভাগের কাজ এগিয়ে চলেছে খুব সুখের কথা। আমাদের ওখানে মহকুমা হাসপাতাল সুরু হয়েছে কিন্তু ঐ এলেকায় মোরগ্রামে প্রায় ১০ বছর হয়ে গেল টাকা ও জমি দেওয়া হয়েছে, sanctionও হয়েছে কিন্তু তার কাজ সুরু হয়নি। আমি সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি এবং এই আবেদন জানাই এই centre-এর কাজগুলি যেন আরম্ভ হয়। একথা বলে আমি বিমলানন্দ তর্কতীর্থ মহাশয়ের ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব সমর্থন করছি।

[6-45—6-54 p.m.]

Shri Mrityunjoy Jana :

মাননীয়া রাজ্যপালিকার ভাষণ সমর্থন করতে গিয়ে একথাই বলবো বাস্তবিক তৃতীয় পরিকল্পনায় এইসব কাজগুলি হলে দেশ অগ্রগতির পথে যে যাবে সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। কিন্তু দুঃখের বিষয় অপর পক্ষ থেকে যে সব কথা শুনলাম তাতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যেসব কাজগুলি হয়েছে এবং হচ্ছে সেসম্বন্ধে কোন উল্লেখ করলেন না। তারা যে সব কথা বলেছেন সেটা হলো কংগ্রেসের অপদার্থ মন্ত্রীদের কথা। কিন্তু এই অপদার্থ মন্ত্রীদের দ্বারাই যে স্বাস্থ্য বিভাগের কাজ, রাস্তাঘাটের কাজ এবং অন্যান্য উন্নয়নমূলক

কাজ যথেষ্ট হয়েছে সেটা অস্বীকার করার উপায় নাই। তবে সেখানে যদি কোন ত্রুটিবিচ্যুতি থাকে সেগুলির সম্বন্ধে আলোচনা করে তা দূর করার যাতে ব্যবস্থা হয় তা করা দরকার।

আর একটা কথা বলেছেন যে, জমির মালিক যারা লাঠি হাতে চাষীদের উচ্ছেদ করতে যায়, দেখা যায় তারা কংগ্রেসী লোক। আমি দেখছি এক পক্ষ অভিযোগ করছে চাষীরা অত্যাচার করছে, আর একপক্ষ অভিযোগ করছে, মালিকরা চাষীদের উপর অত্যাচার করছে। আমি জানি দুইই সত্য। এর জন্য দায়ী টাউট শ্রেণীর লোক। হতে পারে এরা কমিউনিষ্ট নামধারী কিংবা কংগ্রেস নামধারীও হতে পারে। এই টাউট শ্রেণীর লোককে কঠোর হস্তে দমন করা উচিত কেননা এই টাউট শ্রেণীর লোকেরাই নিজেদের স্বার্থের জন্য এইসব কাজ করে থাকে এবং এরাই মালিক এবং চাষীদেরকে বিপথে পরিচালিত করে এবং পরস্পরের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি করে, এতে চাষী বা মালিক কেহই লাভবান হয়না ; লাভবান হয় এই টাউট শ্রেণীর লোক। আমি স্পীকার মহাশয়ের মাধ্যমে সরকারকে অনুরোধ করবো—যেন এই টাউট শ্রেণীর লোককে—তারা কমিউনিষ্ট হউন আর কংগ্রেসীই হউন—কঠোর হস্তে দমন করা হয়। তারপর চাষী ধান দেয় নাই, যখন মালিক চাষীদের উপর নালিশ করে চাষীদের ঘরে তখন ধান থাকেনা। ফলে মালিক ধান্য পায় নাই, চাষী টাউটদের কবল থেকে যে ধান উদ্ধার করেছিল তা মোকর্দমায় খরচ হলো এতে কেউ লাভবান হলো না, ধানের জন্য নালিশ করেও তারপর নিম্ন মধ্যবিত্ত যাদের ২৫ একরের মধ্যে চাষের জমির ধান পায়নি, তার উপর Income Tax ধরা হয় এবং ২৫ একরের উপর চাষের যে জমি Government-এ vest করেছে তার উপর Income Tax ধরা হয়, এইসব ব্যবস্থার দ্বারা বাস্তবিকই নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর খুবই কষ্ট হচ্ছে। এ সম্বন্ধে সরকারের বিবেচনা করা একান্ত আবশ্যক।

আর একটা কথা বলবো, আমাদের যেসমস্ত ভূমিহীন আদিবাসী আছে, যারা ভাগচাষ-বোর্ড থেকে উচ্ছেদ হয়েছে তাদের জমি খরিদ করার জন্য ৫০০৲ টাকা দেওয়া হচ্ছে। আমি অনুরোধ করবো যে এই টাকার পরিমাণটা আরো বাড়িয়ে দেওয়া হোক। যাতে তারা ৫০ ডেঃ জমি ক্রয় করতে পারে এবং এই বাজেটেই এর বরাদ্দ টাকা বাড়ান হোক। এই টাকা বাড়ান হলে অধিক সংখ্যক ভূমিহীন চাষী জমি ক্রয় করতে পারবে, তাতে মালিক ও চাষীর মধ্যে সৌহার্দ্য জন্মাবে। বাস্তবিক চাষী ও মালিকদের মধ্যে সৌহার্দ্য না জন্মালে উৎপাদন বাড়তে পারে না। এই যে মালিক ও চাষীর মধ্যে সংঘর্ষ এটা সমাজের পক্ষে যথেষ্ট ক্ষতিকর। আর একটা নিবেদন করতে চাই আদিবাসী, তপশীল, বা বর্ণহিন্দু ভূমিহীন যে কোন ভাগচাষী আদিবাসী, তপশীল বা বর্ণহিন্দু তারা Court থেকেই হোক, বা আপোষে হউক যে কোন ভাবেই হোক ভাগ জমি হতে উচ্ছেদ হয়ে গিয়েছে তাদের ৫০ ডেসিম্যাল জমির মূল্য সরকার থেকে দেওয়া দরকার। আর একটা কথা বলবো—শিক্ষার কথা। এখন শিক্ষার বাস্তবিকই দরকার। এজন্য বহু স্কুল কলেজ হয়েছে ও হচ্ছে। এবং আমি গতবারেও বলেছিলাম প্রত্যেক High School-এ free agriculture compulsory করা হোক। তারপর শিক্ষকদের বেতন বৃদ্ধি করা হোক। এখন শিক্ষকদের মাইনে কম বলে তারা কি করছে ? তারা দুইবেলা টিউশনি করে এবং তারপর School-এ গিয়ে তাদের আর পড়াবার মত energy থাকে না। সুতরাং অবিলম্বে তাদের বেতন বৃদ্ধি করা দরকার। এই বেতন বৃদ্ধি যদি প্রয়োজন হয় তাহলে তাদের কার্য দেখে বাড়ানো হোক্। শুধু বেতন বাড়ালেই যে কাজ হবে এ বিশ্বাস আমার নেই। বর্দ্ধিত বেতন কাজ দেখে বাৎসরিক পুরস্কার হিসাবে দেওয়া হোক। আর একটা School-এ Head Master যেমন তার প্রাণ তেমনি ছাত্রাবাসে Superintendent হচ্ছে তার প্রাণ। Head Master-দের কিছুটা বেতন বৃদ্ধি করা হয়েছে কিন্তু Superintendent-দের বৎসরে মাত্র ১০০৲ টাকা দেওয়া হয়। স্বাধীন দেশে ছাত্রদের পড়বার জন্য বহু ছাত্রাবাস আছে ও বহু ছাত্রাবাসের প্রয়োজন আছে, যে সমস্ত ছাত্ররা সেখানে থাকে তাদের গড়ে তুলবার তার প্রধানতঃ

Superitnendent-রউপর থাকে অথচ বৎসরে তাকে মাত্র ১০০৲ টাকা দেওয়া হয়। এতে কি করে তার কাছ থেকে ভাল কাজ পেতে পারেন? সেইজন্য মাননীয় স্পীকার মহোদয়, আমি প্রস্তাব করছি যে তাদের বাৎসরিক ৬০০৲ টাকা করে দেওয়া হোক, তাদের ছাত্রদের গড়ার কাজ দেখে। বাস্তবিক যদি আমাদের দেশের ছেলেদের সত্যিকারের নাগরিক করে তুলতে হয় তাহলে এদের বাৎসরিক অন্ততঃ ৬ শত টাকা দেওয়া উচিৎ ছাত্রদের গড়ার কাজ দেখে এবং যদি প্রয়োজন হয় তাহলে এই Superintendent-দের স্বাধীন দেশের ছাত্রদের কিভাবে গড়তে হবে এজন্য তার training দেবার ব্যবস্থা করা দরকার। আমাদের অভিভাবকরা তাদের ছেলেদের শিক্ষা দেবার জন্য এই সমস্ত ছাত্রাবাসে রেখেছেন ছেলেদের মানুষ করবার জন্য। কিন্তু আমি দেশের বহু ছাত্রাবাস দেখেছি যে সেখানে স্বাস্থ্যরক্ষার কোন ব্যবস্থা নেই, ঘরের ধারে ধারে জঙ্গল হয়ে গিয়েছে, হয়ত ছেলেরা বেলা ৮টা পর্যন্ত ঘুমিয়ে আছে। এইসব ছাত্রদের যদি স্বাধীন দেশের সত্যিকারের নাগরিক করে তুলতে হয় তাহলে এদিকে নজর দেওয়া উচিত। আমি পাঁশকুড়ায় বৈষ্ণবচক একটা স্কুল দেখেছি সেখানে মাষ্টাররা বাস্তবিকই আদর্শ ছেলে তৈরী করবার জন্য চেষ্টা করছেন। সেখানে ছেলেদের তারা একটা আলমারী দিয়েছে তাতে ছেলেদের প্রয়োজনীয় খাতা, পেন্সিল, কাগজ প্রভৃতি রাখা হয়েছে; কোন বিক্রয়কারী নাই। এবং এটা ছাত্ররাই আবশ্যকীয় জিনিস নিয়ে পয়সা বাক্সে রেখে দেয়। তাদের একটা ছোট বাক্স দেওয়া হয়েছে তাতে তারা পয়সা রাখে। এইভাবে তাদের সততা শিক্ষা দেওয়ার ব্যবস্থা হয়েছে। আদর্শ ছাত্র করে গড়ে তুলবার জন্য যথেষ্ট চেষ্টা তাঁরা করছেন। আমি আশা করি এইভাবে যাহাতে সকল ছাত্রাবাসে ছাত্রদের শিক্ষা দেবার জন্য চেষ্টা করা হয় ও স্বাধীন দেশের আদর্শ নাগরিক গড়ে তোলার ব্যবস্থা করা হয় সেজন্য সরকারের শিক্ষা বিভাগের কর্তৃপক্ষের দৃষ্টি দেওয়া একান্ত আবশ্যক।

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. on Tuesday, the 7th February, 1961.

Adjournment

The House was then adjourned at 6-54 p.m. till 3 p.m. on Tuesday, the 7th. February, 1961 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House Calcutta. on Tuesday the 7th February., 1961, at 3 p. m.

Present

Mr. Speaker (The Hon'ble Bakim Chandra Kar) in the Chair, 13 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 175 Members.

[3—3-10 p.m.]

Oath or affirmation.

The following member took the oath or affirmation :—

Shri A.K.M. Ishaque—Bhangar Assembly Constituency.

Mr. Speaker : I have refused consent to all adjournment motions. Mr. Badrudduja, your matter will be taken up just after the recess.

Debate on Governor's Address.

Mr. Speaker : Mr. Konar.

Shri Hare Krishna Konar : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের কৃষিব্যবস্থার ভঙ্গুর অবস্থা, কৃষির উন্নতির প্রকৃত ভিত্তিস্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমি-সংস্কারের ক্ষেত্রে সরকারের চরম ব্যর্থতা, জমিদার-জোতদারদের বেআইনি জমি হস্তান্তর প্রতিরোধে সরকারী অবহেলা, কৃষকদের বিরুদ্ধে জোতদার ও পুলিসের অন্যায় আক্রমণ, কৃষকসমাজের ব্যাপক অংশের ক্রমবর্ধমান চরম দুরবস্থা প্রভৃতি বিপজ্জনক অবস্থাগুলির কোন উল্লেখ নাই। এই সবের ফলে কৃষিব্যবস্থায় বিশৃঙ্খলা এবং কৃষকদের ব্যাপক অংশের, বিশেষত গরিব কৃষক, বর্গাদার ও ক্ষেতমজুরদের দুরবস্থা বৃদ্ধি পাইতেছে। রাজ্যপালের ভাষণে এই সবের প্রতিকারের কোন কথা নাই। ক্রমবর্ধমান ঋণের বোঝা, দাদনের জুলুম এবং জমি কোবালা না করিয়া ঋণ না পাওয়ার বিপজ্জনক পদ্ধতি সম্বন্ধেও কোন উল্লেখ ইহাতে নাই। অত্যধিক ক্যানেল-করের বোঝা কৃষকদের মধ্যে যে ন্যায়সঙ্গত বিক্ষোভ সৃষ্টি করিয়াছে এবং যাহা সেচের অন্যতম উদ্দেশ্যকেও ব্যাহত করিতেছে তাহারও প্রতিকার সম্বন্ধে কোন উল্লেখ ইহাতে নাই। বন্যার পুনরাবৃত্তি ও তাহার ভয়াবহ ধ্বংসলীলার কথা বিবেচনা করিয়া তাহার প্রতিকারের জরুরী ব্যবস্থা গ্রহণ করা দূরের কথা, এমনকি সরকার বন্যা তদন্ত কমিটির রিপোর্ট আজ পর্যন্ত প্রকাশ করেন নাই, অথচ এ বিষয়ে রাজ্যপালের ভাষণে জনগণকে আশ্বস্ত করার কোন ব্যবস্থা নাই।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ আমাদের কাছে দিয়েছেন, তা এবারও চিরাচরিত পদ্ধতির ন্যায় বাস্তব অবস্থা থেকে বহুদূরেই শুধু নয়, এবারের ভাষণে দেখা যাবে তা এক নূতন রেকর্ড স্থাপন করছে। বাংলাদেশের জনসাধারণের তার অর্থনীতির যে সংকটজনক দিক বাস্তবে রয়েছে, এতে তার প্রতিফলন তো নাই-ই, বরং ঠিক তার উল্টোটা দেখানো হয়েছে,

এমনভাবে তা দেখান হয়েছে যে যারা কংগ্রেসের সমর্থক, তাঁরাও পর্যন্ত কিছুটা লজ্জিতবোধ করেছেন।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করবো একটা বিষয়ের প্রতি ২রা ফেব্রুয়ারী তারিখে হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড পত্রিকায় সম্পাদকীয় স্তম্ভের প্রতি। সেই হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড পত্রিকা মোটেই বিরোধী পক্ষের কাগজ নয়, কংগ্রেসের সমর্থক তাঁরাও লিখেছেন—অর্থনীতির দুর্বল অংশগুলি এতে স্থান পায়নি। সাফল্যগুলিকে একটু বাড়িয়ে দেখান হয়েছে এবং তারপর একটা কৈফিয়ৎ দিয়েছেন, সেই কৈফিয়ৎটা হচ্ছে এই অবশ্য এটা নির্বাচনের বছর এক বছর পরে নির্বাচন আসছে। It is quite natural এটা খুবই স্বাভাবিক! মাননীয় স্পীকার মহাশয় অন্ততঃ একজন গভর্ণরের পক্ষে এই স্বাভাবিকটা অর্থাৎ কংগ্রেস তার নির্বাচনের সুবিধার জন্য একটা অবাস্তব চিত্র তুলে ধরা এটা অত্যন্ত দুঃখের এবং সমীচীন ও নয়। বোধ হয় হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড বুঝতে পারবেন এটা গভর্ণরের পদমর্যাদার যোগ্য নয়। তাই তাঁরা লিখেছেন তবুও এই ভাষণ গভর্ণরের মুখ দিয়ে বেরিয়েছে, তবুও যেহাতে এই ভাষণ লেখা হয়েছে, তা হচ্ছে এই কেবিনেট বা মন্ত্রীসভার হাত। কংগ্রেসের সমর্থক একটা কাগজ গভর্ণরের ভাষণ সম্বন্ধে এই লিখেছেন। তা থেকেই বোঝা যায় যে এই ভাষণ বাস্তব অবস্থা থেকে কত দূরে।

আমি এইটুকু বলতে চাই এইভাবে, এই রকম করে একটা অতিরঞ্জিত সুন্দর ছবি তুলে ধরে বাংলাদেশের সাধারণ মানুষ, যারা অনাহারে রোগে ভুগছে, যারা বাসস্থানের অভাবে রাস্তায় পড়ে আছে, যারা দু-মুঠা অন্নের জন্য হাহাকার করছে, তাদের বিভ্রান্ত করে রাখা যায় না। সেইজন্য বিশেষ করে প্রয়োজন আমাদের পক্ষে এবং যারা সত্যিকারের গণতন্ত্র ও সত্যকে তুলে ধরতে চান, তাঁদের উচিত হবে এই ভাষণের অবাস্তব দিকটা জনসাধারণের সামনে তুলে ধরা।

মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে জিজ্ঞাসা করি যে ভারতবর্ষের বাইরে অন্য কোন দেশে গিয়ে এই রকম বক্তৃতা দিলে তাদের পক্ষে বোঝা কি মুস্কিল নয়, যে কলকাতায় কি হচ্ছে, আর গ্রামে কি হচ্ছে? সহর সম্বন্ধে যাই বলুন, গ্রামের অসহায় চিত্র বিলাতের লোকের পক্ষে বোঝা সম্ভব নয়। কলকাতায় বসে, বাংলাদেশে বসে ওই রকম অবাস্তব চিত্রের কথা যখন তারা পড়বে তখন তারা কি ভাববে? গত পাঁচ বছরে ভারতবর্ষের মধ্যে একমাত্র বাংলাদেশের সংগঠিত শিল্পে কখনও শ্রমিকের সংখ্যা বাড়েনি, বরং কমেছে। এ কথা মনে রাখা প্রয়োজন যে যেখানে বেকারী অত্যন্ত বেশী, ভয়াবহ—সেখানে সংগঠিত শিল্পে employment, বা কাজ যদি না বাড়ে। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় হিসাব দেবেন সংগঠিত শিল্পে শ্রমিকের সংখ্যা বেড়েছে কি না। কিন্তু এখানে আপনার হিসাবে বলে বাড়েনি। যেখানে বেকারী অত্যন্ত ভয়াবহ, যেখানে বন্যা আমাদের দেশে নিরন্তর অভিশাপে দাঁড়িয়েছে, যেখানে ক্যানাল কবরের বোঝায় বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ-এর কৃষকদের বিক্ষুব্ধ করে তুলেছে, যেখানে গ্রামে ঢুকলেই দেখা যায় ভাগচাষী খেতমজুর, গরীব চাষীদের দুস্থতা চরমে উঠেছে। শুধু তাই নয় এমন একটি অসহায় অবস্থার মধ্যে পড়ে তাদের দিন কাটাতে হচ্ছে। কৃষকরা নিজেরা খেটে ধান চাষ করেন, কিন্তু তারা ধান কাটতে পারে না। এই যেখানে বাংলাদেশের অবস্থা যেখানে যোতদাররা বেআইনী করে জমি বেনামী করে রেখে দেয়। আইনকে ফাঁকি দিলেও কৃষককে ঠকাতে না। কৃষকরা যদি সেই বেনামদারদের ধরবার জন্য আইন প্রয়োগ করতে চায়, অর্থাৎ বেনামদারদের ধরে শাস্তি দেবার চেষ্টা করে, তাহলে অপরাধ হয় কৃষকদের, এবং তাদের উপর পুলিশের ডাণ্ডা গিয়ে পড়ে। এই হচ্ছে গ্রামের বাস্তব অবস্থা। আমার জেলায় দেখেছি বহু টাকা খরচ করে, ২৫,৩০ হাজার একর জমি জায়গা নষ্ট করে navigable খাল কাটা হয়েছে। এখানে বক্তৃতার মাঝখানে কেউ ঐ navigable খালের কথা উল্লেখ করলেন না। তার মানে হচ্ছে আগে যেমন হুগলী ও বর্ধমান জেলায় জমি, ফসল নষ্ট করে চাষীদের সর্বনাশ করেছেন, এবার আবার তাদের জমি নিয়ে সর্বনাশ করবার চেষ্টা

করছেন। এই হচ্ছে বর্তমান পরিস্থিতি। ঠিক মার্কেনী ভাষায় যেমন বলা হয় save democracy, তেমনি আমাদের গভর্ণমেণ্টের মুখেও সেই ভাষা বেরুচ্ছে, বলা হচ্ছে save Calcutta for democracy.

একে খাদ্য সংকট বেড়েছে, তার সঙ্গে আবার ৫০ হাজার একর চাষের জমি নষ্ট করবার চেষ্টা চলেছে। এই যে বাস্তব পরিস্থিতি সেখানে একটা সুন্দর পরিকল্পনার চিত্র তুলে ধরে তিনি একটা খুব সাহসের পরিচয় দিয়েছেন বলতে হবে। যদি গভর্ণর মহোদয়া কিছু না বলতেন, তাহলে ভাল হ'ত। আমি এখানে একটা ছোট ঘটনা দিয়ে আমার বক্তব্য সুরু করতে চাই। সেই ঘটনা একটা উদাহরণের ভিতর দিয়ে বর্তমান গভর্ণমেণ্টের চরিত্র দেখাতে চাই। এরা ভাল করবেন—ভাল করতে গেলেও মন্দ হয়। ঠিক যেন শনির দৃষ্টি, যে দিকে তাকান, সব খারাপ হয়ে যায়। কংসাবতী প্রজেক্ট—কেউ বলবে না খারাপ। সবাই চায় এটা তাড়াতাড়ি হোক, এর কাজ সবাই বলে ভাল। কিন্তু এই কংসাবতী প্রজেক্ট করতে গেলে বাঁধ দিতে হবে, এবং তারজন্য কৃষককে জমি ছেড়ে দিতে হবে, এবং তারজন্য কিছু গ্রাম, কিছু ঘরবাড়ী জলে ডুবে যাবে। এবং এই প্রজেক্ট করার জন্য আজকে দেখা যাচ্ছে বহু লোকের যথাসর্বস্ব জলের তলায় চলে যাচ্ছে।

[3-10—3-20 p.m.]

কিন্তু এই project করার জন্য আমরা দেখতে পাচ্ছি ২৫০ এর বেশী লোক জেলে চলে যাচ্ছে। কি তাদের অপরাধ? তারা কি বলেছিল যে আমরা বাঁধ বাধতে দেবনা? তারা এটা কি বলেছিল কংশাবতী এলেকার লোকদের এ-পরিকল্পনার দরকার নাই? তা নয়। ছোট্ট কথা বলেছিল—আমাদের তো ঘরবাড়ী জায়গা জমি এমন কি সাক্ষ্য গাছগুলি পর্যন্ত ডুবে যাবে—তাহলে আমরা কি পথের ভিখারী হবো? কেননা আমরা তো বড় লোক নই, যে কোন জায়গায় গিয়ে ঘরবাড়ী করবো! আপনি স্যার, জানেন এ এলাকার বড় অংশ হল আদিবাসী—এক জায়গা হতে ঘরবাড়ী ভেঙ্গে অন্য জায়গায় ঘরবাড়ী বাঁধতে হলে টাকার—আগে দেওয়া উচিত, এ দাবীতো ন্যায় সঙ্গত তারা চেয়েছিল ১ বছর আগে টাকাটা আমাদের দিন এবং আমাদের Rehabilitation-এর সাহায্য করুন। এই অপরাধের জন্য পুলিশ গেল সেখানে—এ ব্যাপারে কালীবাবু খুব তৎপর—পুলিশ গেল, গ্রেপ্তার করা হল, তিন মাসের শিশু কোলে মাকেও রেহাই দেওয়া হলনা। কি করবো লোকে বলে। এ না করলে চুপ করে বসে থাকতে হত। ডুবে যাক ঘরবাড়ী, দেশের নাম করে সব সহ্য করে যাও, সত্যাগ্রহের নাম করে মুখ বুজে থাকবার ক্ষমতা তাদের নাই। কাজেই দেখুন একটা পরিকল্পনা যা মানুষের ভাল করতে পারে সেই পরিকল্পনা দ্বারা যাদের দুরবস্থা হবে তার ব্যবস্থা না করে কি ভাবে তাদের উপর দমন নীতি চালান হচ্ছে। এই হল সরকারী নীতি এবং তার যে ফল হয় তা অস্বীকার করতে পারা যায় না। কিন্তু দেখলাম এ বিষয়টা Governor-এর বক্তৃতায় স্থান পেল না। ২০।২৫ হাজার লোকের দুরবস্থা হল তাদের স্থান পাবার কোন কথা নাই। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন আমাদের দেশের অর্থনীতির সবচেয়ে দুর্বল অংশ হল কৃষি অর্থনীতি। এখন আমাদের দেশের ৭০ ভাগ লোক বাস করে গ্রামে এবং ৫৭।৬০ ভাগ লোক প্রত্যক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল যদিও অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের পশ্চিমবঙ্গে শিল্প একটু বেশী আগে থাকতেই আছে। বৃহত্তম অর্থনীতিক ক্ষেত্রের সবচেয়ে দুর্বল অংশ হচ্ছে এই কৃষি অর্থনীতি Governor-এর বক্তৃতায় রঙীন চিত্র দেওয়া হয়েছে, শুধু তাই নয় সামনের ৫ বছর কি করা হবে সেই বাস্তব অবস্থা দেওয়া হয়নি। সাংখ্যাতিক অবস্থা করা হয়েছে, যেহেতু কৃষিক্ষেত্রে গত তের বছরে বেশী কিছু করা হয়নি তাই ১০ বছরের পরিকল্পনায় দেখে নাও। এবার চাষীর উন্নতি না করে ছাড়বে না। তা করতে পারলে ভাল হত আমরাও খুসী হতাম। বাস্তব অবস্থা হচ্ছে

এবার ফসল একটু ভাল হয়েছে কিন্তু আমি বুঝতে পারি না—এখনও কেন প্রফুল্লবাবু উঠেন নি। ফসল খারাপ হলে দেখিয়ে দেন ভগবান, ভাল হলে বলেন উনি নিজে। এখনও কিছু বলেন নি, না বলাটাই ভাল। তবে মাননীয় তরুণবাবু একটা কথা এখানে স্বীকার করেছেন per acre yield বাংলায় কম হচ্ছে, এত ভাল condition হওয়া সত্ত্বেও per acre yield বাড়েনি; বলি এটা কি ভাল কৃষি-অর্থনীতি? এটা তো আমাদের কথা নয়, তরুণবাবুর কথা। এ ভিত্তি যদি বজায় থাকে তাহলে দেখা যাচ্ছে শুধু মাত্র জল ছেড়ে দিলে, শুধু সারের কারখানা তৈরী করলে ফলন বাড়ে না। ফলন বাড়ানো এত সহজ নয়।

আমাদের Government তারা একটা ambitious programme নিয়েছেন এবং ৫টি বিষয় করবেন। কিন্তু আসল দুইটি জিনিস বাদ দিয়ে করবেন তার মধ্যে একটা জিনিস হচ্ছে ভূমি সংস্কারের, কথা নেই, আর একটা ঋণ সংকট অর্থাৎ মহাজনদের জুলুম থেকে কৃষককে মুক্তি দেওয়া। এই দুইটি কথা নেই, আর সব কথা আছে। তার মানে এ কথা বলি না যে এই অবস্থা থাকলে সেচ তার উপর সেচ করলে কিছু হবে না Co-operative করলে কিছু হবে না। কিন্তু মূল সে দুইটি ভিত্তি যা না হলে বেশীর ভাগ জিনিসই নষ্ট হয়ে যায় সেই দুইটি কথার উল্লেখ-এর মধ্যে নেই। নেই এইজন্য যে এটা তাঁরা করতে চান না। মাননীয় স্পীকার মহোদয়, আপনি দেখবেন, Governor তাঁর বক্তৃতায় এক জায়গায় বলেছেন problem of shortage of capital অর্থাৎ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য ৩৭১ কোটি টাকা খরচ করতে হবে এবং তাই তিনি একটা theory করেছেন যে কি করে এটার সমাধান করতে হবে। প্রথম কথা হল essential consumption কমিয়ে এটার সমাধান করতে হবে এবং আর একটা কথা এবার ব্যবহার করেন নি সেটা হচ্ছে restrict consumption, আর বাদ বাকীটা invest করতে হবে। কিন্তু লোক সংখ্যা বেড়ে যাচ্ছে তাই Governor এই capital problem solve করার কথায় বলেছেন কিন্তু আমার মন্ত্রীসভা সাহসের সঙ্গে এগুচ্ছে। এর মানে হচ্ছে, তাহলে কি করে capital problem solve করবেন, একটা হচ্ছে essential consumption বাদে সবটাই ব্যয় কর কিন্তু লোকসংখ্যা বেড়ে গেল তাহলে restrict consumption and restrict Growth of population এই দুইটি কথা এসে গেল, এছাড়া আর কোন কথা আসতে পারে না। প্রফুল্লবাবু হয়ত খুব গর্ব করে বলবেন সেই গড্ডলিকার মত যে আমাকে এমন একটা সাপ এনে দাও যার বিষ নেই, কাটবেনা, ফোঁস ফোঁস করবে না আমি তাকে তেড়েমেড়ে মেরে ফেলবো অর্থাৎ লোকসংখ্যা বাড়বে না, লোক যাতে না বেড়ে কমে যায় এবং লোক যাতে কম খায় তাহলে আমরা এই সমস্যার সমাধান করে দেবো। তারমানে লোকসংখ্যা বাড়বে না, consumption বাড়বে না বরং কমবে তাহলে সমস্যা সমাধান তাঁরা করে দেবেন। স্পীকার মহোদয়, আপনি জানেন, প্রত্যেক দেশে, বিশেষ করে under developed দেশে, capital formation সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। এই রকম পাশ্চাত্য দেশে অর্থ সংস্থান আর কোন ব্যবস্থায় হতে পারে না যদি না এই মূল দুইটি কাজ না করা হয়। এক হচ্ছে বিদেশী শোষণ হতে দেশকে মুক্ত করা, আর এক হচ্ছে জমিদারী মহাজনদের শোষণ থেকে কৃষককে মুক্ত করা। এছাড়া আর কিছুতেই হতে পারে না। এছাড়া আর নূতন কোন Economy উদ্ভাবণ করা যায় না। কিছুদিন আগে বিমলবাবু আমাদের কাছে বলেছিলেন যে, অর্থনীতির ছাত্র হয়ে এই কথা বলতে পারি যে ভূমি-সংস্কার ছাড়া কোন দেশ উন্নত হতে পারে না। কিন্তু মুশকিল হচ্ছে অর্থনীতির ছাত্র হিসাবে তাঁরা একরকম কথা বলেন এবং মন্ত্রী হিসাবে আর একরকম কথা বলেন। ইংরাজদের বিরুদ্ধে আপনারা কেন লড়াই করেছিলেন, সেটা কি কেবল কয়েকটি Governor বেশী টাকা মাইনে পাচ্ছিল সেইজন্য? প্রধানতঃ দুইটি জিনিসের জন্য লড়াই করা হয়েছিল আমাদের দেশ থেকে বিদেশী লুণ্ঠন বন্ধ করা, যদি তা এখন পর্যন্ত কমেনি। এবং আমাদের দেশের যে সম্পদ তা কাজে লাগাতে পারেন নি;

দ্বিতীয়তঃ দেশের বৃহত্তর অংশ কৃষি-তাদের জমিদারী মহাজনের শোষণ থেকে মুক্ত করা যা এখনও করতে পারেন নি। আমাদের দেশে ৪০ কোটি লোক আছে, তাদের দুইটি হাত, একটি মাথা আছে সেই সম্পদকে কাজে লাগাতে পারলে, যেমন লাগিয়েছে সোভিয়েট রাশিয়া, চীন, ভিয়েৎনাম ইত্যাদি Socialist দেশগুলি, এছাড়া অন্য কোন পথ নেই। অর্থাৎ কৃষক সম্পদকে কাজে লাগাতে হবে।

[3-20—3-30 a. m.]

কিন্তু দেখা যাবে সেখানে সমস্ত জিনিসটাই বাদ দেওয়া হইয়াছে, অর্থাৎ ইংরাজ আমলে তারা যে অগ্রগতির সৌধ রচনা করেছিলো তারই কাঁধে চেপে আজ টাটা বিড়লা আরও বড়লোক হচ্ছে আর তার তলার চাপে পড়ে মরছে গরীব সাধারণ মানুষ, অন্ততঃ দশ বছরের পরিকল্পনায় আমরা তাই দেখছি, আজ সেজন্যেই পরিকল্পনা এগুতে পারছে না। দু'একটা ভিলাই রাউরকেল্লা করলেই দেশে দারিদ্র্য বেকারীর কোন সমাধান হবে না। শুধু বক্তৃতা করলেই মানুষের অভ্যুত্থান বন্ধ করা যাবে না। লুই দি ফোর্টিন্থের তাহলে মাথা কাটা যেতো না। জার-এর তাহলে এরকম অবস্থা হতো না। শুধু পুলিশ দিয়ে চিয়াংকাইশেক রাজত্ব চালাতে পারেনি। শুধু বড় বড় বক্তৃতা দিয়ে কোটি কোটি মানুষের অভ্যুত্থান ঠেকানো যায় না। ইতিহাস সে কথা বলে না। আজকে আমি জিজ্ঞাসা করতে চাই ভূমিসংস্কার কেন প্রয়োজন? একথা বিধানবাবু নিজেই বলেছেন যে বাংলাদেশে সাতলক্ষ বর্গাদার আছে, সোল সতের লক্ষ চাষী আছে যাদের সামান্য দুএক বিঘা জমি আছে। আপনারা দুটো পরিকল্পনা করলেন, আপনারা কি হিসাব দিতে পারবেন যে বাংলাদেশে Land less কৃষকদের সংখ্যা কমে গিয়েছে। এত বর্গা-চাষী তারা জমি পেয়েছে এবং তাদের সংখ্যা কমে গিয়েছে। আমরা উল্টো দেখছি ভাগ-চাষী ও দরিদ্র গরীবচাষীর হাত থেকে জমি চলে যাচ্ছে। এখানে যারা নদীয়া মুর্শিদাবাদের কংগ্রেস মেম্বার আছেন তারা নিশ্চয়ই একথা স্বীকার করবেন। আজকে বেশীর ভাগ চাষী যদি দুঃস্থ ও ভূমিহীন থাকলো তাহলে কৃষির উন্নতি করবে কে? আমি একটা কথা আপনাদের বলতে চাই এবং একথা আমি আগেও বলেছি কৃষির উৎপাদন শুধু মাত্র সার ও সেচের সমস্যা নয়। একথা যারা মনে করেন তারা ভুল করেন। যদি গ্রামের বড় একটা অংশ ভূমিহীন কর্মহীন এবং দুঃস্থ থাকে এবং যাদের হাতে আছে তারা যদি এই দারিদ্র্যতার সুযোগ নিয়ে এই ভূমিহীন ক্ষেতমজুরদের সস্তায় খাটাবার সুযোগ পায় তাহলে কেন তারা capital invest করবে? বাংলাদেশের গরীব কৃষক তারা আজকে জোতদার জমিদারদের ক্ষেতে কম মজুরীতে খাটে সেজন্যেই বলছি শুধু বক্তৃতা দিয়ে উৎপাদন বাড়াতে পারবেন না।

উৎপাদন যেটুকু বাড়বে তা ঐ যাদের বেশী জমি থাকবে তাদের হাতেই থাকবে। আমি আপনাকে স্মরণ করিয়ে দেব যে কেন্দ্রীয় গভর্ণমেণ্ট কর্তৃক নিযুক্ত বাজার দর অনুসন্ধান কমিটি বলেছেন যে বিগ ওনার্স-এর রাইস মিল ওনার্সরা সব জোড় করছে। পরিকল্পনা যাঁরা করেছেন তাঁরা এসব কথা ভাবেননি। সুতরাং কিছু সার বাড়ালে বা সব বাজারে উৎপাদন বাড়বে না বা যেটুকুন বাড়বে তাও বড় বড় মালিকদের কবজায় থাকবে। বাংলাদেশে খাদ্যদ্রব্যের অভাব থেকে যদি রেহাই পায় তাহলে স্টেট ট্রেডিং করতে হবে সেখানকার মাধ্যমে ধান, চাল ইত্যাদির বণ্টন ব্যবস্থা করতে হবে। কিন্তু তাও আমি বলব যে প্রকৃত ভূমি সংস্কার দরকার, কারণ তা না হলে কোন সমস্যার সমাধান হবে না। আমরা তাই বলেছিলাম যে জমিদার জোতাদাররা জমি রাখতে পারবেনা একই ছোট ছোট জমির মালিক যারা তাদের হাতেই জমি থাকবে। অর্থাৎ যতদিন না কোন বিকল্প আয়ের কোন ব্যবস্থা হচ্ছে ততদিন এই ব্যবস্থার প্রবর্তন করা হোক। আজকে ভিয়েৎনামে এই ব্যবস্থা হয়েছে। আর আমাদের অফিসারের ক্ষমতা হবেনা এই আইনের স্থাপনে বেনামদার ধরা বা হাইকোর্টে গেলেও বিশেষ কিছু সুবিধা

হবে না। আপনারা জানেন যে ভিয়েৎনামে দলিল পোড়ান হয়েছিল। জমিদার জোতদারদের বেনামী দলিল পুড়িয়ে গ্রামের কৃষকরা কমিটি করে জমি বণ্টন করে। কিন্তু আপনারা এসব করতে পারবেন না। আপনারা একটা মিটিং করেছেন যে জমিদাররা এ পর্যন্ত জমি রাখতে পারবে। কিন্তু তাতেও কাজ হলনা—মিটিং ব্যর্থ হল এবং জমি বেনাম হতে লাগল। এখানে কংগ্রেস মেম্বাররা স্বীকার করেছেন যে জমি বেনাম হচ্ছে। এই বেনাম ধরার জন্য কৃষকেরা এগিয়ে এল, কিন্তু আপনারা তাদের সাহায্য করেননি। এমন কি বিমলবাবু সামান্য একটু এগোবার চেষ্টা করেছিলেন কিন্তু ক্যাবিনেটের মেজরিটি তাঁকে রুখে দাঁড়ালেন। কৃষকদের সেই চেষ্টার বিরুদ্ধে আপনারা পুলিশ লেলিয়ে দিলেন। মাননীয় স্পীকার মহাশয়, আইনকে কার্যকরী করার জন্য, ভূমি-সংস্কারকে কার্যকরী করার জন্য কৃষকরা সংগ্রাম করেছিল, কিন্তু তাদের কোন সাহায্য করা হলনা। এসব না করে গভর্ণমেণ্ট বললেন যে কিছু জমি বিলি করতে হবে। বিমলবাবু কৃষ্ণনগরে একটা মিটিং করে বললেন যে কৃষকদের কম্পেনসেশন দেওয়া হবে। সত্যেনবাবু জমিদারী আইন পাশ করে মুর্শিদাবাদে গিয়ে বললেন যে জমিদারী তুলে দিলাম এবং তখন লোকের মধ্যে একটা বাহবা পড়ে গেল—শঙ্করবাবু তখন মন্তব্য করেছিলেন যে সত্যেনটা ঠিক বোঝেনি—সেইরকম বিমলবাবু ইলেকসানের আগে কৃষ্ণনগরে চলে গিয়ে বললেন যে এবার কিছু দেবার ব্যবস্থা করলাম। কিন্তু এতে কোন কাজ হয়না। সেচ ও সিড সম্বন্ধে বলেছেন। সিড সম্বন্ধে কিন্তু বিশেষ কিছু বলেননি। ফার্টিলাইজার সম্বন্ধে বিশেষ কিছু না বলে আমি ইরিগেশান সম্বন্ধে বলব। গভর্ণারের ভাষণে বন্যার কোন উল্লেখ নাই। বন্যা কি শেষ হয়ে গেছে? বন্যা সংক্রান্ত যে মানসিং কমিটি বসেছিল সেই কমিটি রিপোর্ট ছাপলেন না। অথচ এটা ঠিক যে বাংলাদেশকে বাঁচাতে হলে বন্যার হাত থেকে আগে বাঁচতে হবে।

[3-30—3-40 p. m.]

অথচ দেখা যাচ্ছে বন্যার ব্যাপারে যদিও কিছু করেননি কিন্তু নেভিগেবল খাল করে তাকে বানচাল করে একবার তাদের জমি নষ্ট করেছেন এবং এখন আবার রাস্তার নাম করে তাদের মারতে চলেছেন। অবশ্য এগুলো আপনাদের ভালর জন্যই বলছি কেননা বীরভূমের ইলেকসনের রেজাল্ট যদি খেয়াল করেন তাহলে দেখবেন যে সেখানে আমাদের পার্টি কিন্তু খুব শক্তিশালী ছিলনা। এবারে আমি আর একটা কথা বলতে চাই এবং যেটা অজয়বাবুও জানেন যে, বসিরহাটে আরবেলিয়ার পাশে যেখানে দুপাশে সমুদ্র রয়েছে সেখানে এঁরা প্রায় ১ লক্ষ বিঘা জমিতে স্মল্ ইরিগেশন এবং ড্রেনেজ করেছিল এবং সেখানকার জন্য সেণ্ট্রাল গভর্ণমেণ্টও নানা রকম স্কীম করেছিলেন। কিন্তু আশ্চর্যের বিষয় যে এরা নানা রকম অজুহাত দেখিয়ে সেইসব বানচাল করছে এবং যদি আপনি সেখানে যান তাহলে দেখবেন যে প্রায় ১ লক্ষ বিঘা জমিতে এখনও আল রয়েছে এবং জল থৈ থৈ করছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে, যা'তে লোকের ভাল হয় সেইভাবে আপনারা কিছু করুন এবং তাতে আমরাও আপনাদের সমর্থন করব। মাননীয় স্পীকার মহাশয়, খাদ্য সমস্যা সম্বন্ধে আলোচনা করার পর এবারে আমি অন্য একটি বিষয় আলোচনা করতে চাই এবং সেটা হোল আমাদের গভারি কুটিরশিল্পের উন্নতির সম্বন্ধে অনেক বড় বড় কথা বলে আবার বলেছেন যে ইলেকট্রিসিটি নিয়ে যাব। কিন্তু যদি আপনি পুরুলিয়ার দিকে তাকান তাহলে দেখবেন এক সময়ে সেখানে লাক্ষার বড় ব্যবসা ছিল এবং প্রায় ২০০ কারখানায় ১০ হাজার মজুর কাজ করত তারা আজ কোথায় চলে গেছে। তবে যদি বলেন যে, এই কারখানা কেন বন্ধ হোল বা মজুররা কেন বেকার হোল তাহলে তার উত্তরে বলব যে, আমেরিকা, বৃটেন এবং পশ্চিম জার্মানী যাঁরা পূর্বে মাল নিতেন তাঁরা এখন আধা তৈরী মাল না নিয়ে Raw জিনিস চাচ্ছেন এবং গভর্ণমেণ্টও সেটা মেনে নেওয়ায় লাক্ষা শিল্পের এই অবস্থা হয়েছে। তবে শুধু তাই নয়, এর সঙ্গে আরও রয়েছে যে লাক্ষা এককালে ১০০৲ টাকা

করে মন বিক্রী হোত সেটা এখন ৩৫।৪০৲ টাকায় বিক্রী হচ্ছে এবং যার ফলে এই অবস্থা দাঁড়িয়েছে। স্যার, এঁরা বলছেন ইলেকট্রিসিটি দিয়ে বাঁচাব, কিন্তু মনে রাখবেন এই ভাবে কোন জিনিস বাঁচান যায় না। তারপর কমিউনিটি ডেভলপমেণ্ট প্রজেক্ট সম্বন্ধে কিছু না বলে পঞ্চায়েত সম্পর্কে কিছু বলব। পণ্ডিত নেহেরু ভবনগরে গ্রাম পঞ্চায়েত, গ্রাম রাজ প্রভৃতির কথা বলেছেন যে, হোমিওপ্যাথিক ডোজে নয়, ভালবারে এবং একেবারে এঁদের ক্ষমতা দিয়ে দাও। স্যার, আমরা শুনি যে, পশ্চিমবঙ্গ সরকার পণ্ডিত নেহেরুকে খুবই মানেন, কিন্তু এটা আমাদের কথা নয় বরং এঁরাই এঁদের কাজের দ্বারা এই জিনিসটা প্রমাণ করছেন যে, পণ্ডিত নেহেরু পঞ্চায়েত সম্বন্ধে যা বলেছেন সেটা একটা ধাপ্পা দিয়েছেন মাত্র। কেননা তা না হলে পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া দূরে থাকুক অঞ্চল পঞ্চায়েতে একটা ডাইরেক্ট ইলেকসন পর্যন্ত এঁরা করেননি কেন? অবশ্য এ না করার কারণ অত্যন্ত সোজা এবং তা হোল যে, গ্রাম পঞ্চায়েতের ১০টা মেম্বারের মধ্যে দুটো মেম্বারকে হয়ত টাকা দিয়ে ভাঙ্গান যায় কিন্তু লক্ষ লক্ষ লোককে ঐভাবে টাকা দিয়ে ভাঙ্গান যায়না। তারপর আপনারা পঞ্চায়েত তৈরী করে তাঁদের বললেন যে, তোমরা খেজুর গাছ, তালগাছ, গরুর গাড়ী প্রভৃতির উপর ট্যাক্স ধার্য কর। কিন্তু তাঁরা বলছেন যে আমরা যেহেতু বাজেট করে ফেলেছি সেহেতু আর ট্যাক্স ধার্য করতে পারিনা এবং আপনি শুনলে আশ্চর্য হবেন যেহেতু তাঁরা গরুর গাড়ীর উপর ট্যাক্স ধার্য করেননি সেইহেতু তাঁদের বাজেট ফেরৎ দিয়ে দিয়েছেন এবং আমরা আবেদন করা সত্ত্বেও কোন ফল হয়নি। স্যার, দেশের লোক চাচ্ছে যে গণতান্ত্রিক উপায়ে পঞ্চায়েত তৈরী হোক, কিন্তু এঁরা তা' না করে উল্টো চাচ্ছেন যে, হয় আমাদের কথা শুনুক আর তা নাহলে তাঁদের উপর ট্যাক্স চাপিয়ে তাঁদেরকে নিজেদের এজেণ্ট হিসেবে পরিণত করে এগুলো এইভাবে নিজেদের দলের কুক্ষিগত করব। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে, আপনারা এইভাবে গ্রামরাজ করবেন বা দেশের অগ্রগতি করবেন এ সম্ভবপর নয়। স্যার, সমুদ্র মন্থনে অমৃতও ওঠে আবার গরলও ওঠে, কিন্তু এঁদের ব্যবস্থায় দেখছি অমৃতের বেলায় ঐ টাটা, বিড়লা এবং গরলের বেলায় হচ্ছে এই মহাদেব অর্থাৎ কৃষকরা। এই কৃষক দুনিয়াকে চাষ করে খাওয়ায় অথচ তার ছেলেমেয়ে রোগে ঔষধ না পেয়ে কুঁকড়ে কুঁকড়ে মরে এবং তার উপর আপনারা আবার বলেন চালাও এঁদের উপর ক্যানেল ট্যাক্স। তবে মনে রাখবেন সেই মহাদেবও একদিন ক্ষেপে ছিল কেননা তাঁরও সহ্যের একটা সীমা আছে এবং সেই অনুসারেই আমি বলছি যে পৃথিবীতে যে সব দেশে বিপ্লব হয়েছে তার সর্বত্রই গ্রামের চাষীকে অবজ্ঞা করবার জন্য এবং তাদের সমস্যা সমাধান না করার জন্য হয়েছে। কাজেই আপনারা অ্যাসেম্বলী এবং পার্লামেণ্টে দাঁড়িয়ে বড় বড় বক্তৃতা এবং হিসেব দিয়ে খুব ভুল করছেন কারণ এ দিয়ে ভিতরের ঘা ঢেকে রাখা যায় না। তবে হয়ত বলতে পারেন যে, কৃষককুল দরিদ্র এবং স্ক্যাটার্ড হয়ে রয়েছে কাজেই তারা কি করবে, অথবা হয়ত বলতে পারেন যে আমাদের ভোট না দিলে তোমাদের সব বন্ধ করে দেব। কিন্তু পুলিশ, মিলিটারী দিয়ে এইভাবে বেশীদিন চালান যায়না, কারণ এঁরা যখন ক্ষেপে ওঠে তখন বন্যার জলের মত সব নষ্ট করে দিয়ে যায় এবং যার ফলে লুই ফোরটিন্থ-এর মাথা যায়, জারের মাথা যায় এবং চিয়াংকাইসেককেও চীন থেকে পালিয়ে যেতে হয়। আপনারা গ্রামে এটাকে অস্বীকার করে সেখানে একটা বিপ্লবের ক্ষেত্র প্রস্তুত করেছেন। [এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ : সে তো আপনারা করেছেন।] আমরা নয়, আপনারা করছেন। আপনাদের এই শাসক শ্রেণীর অপরাধের জন্য গ্রামাঞ্চলে বিপ্লবের সৃষ্টি হচ্ছে। আমরা নিজেদের ধন্য মনে করি যদি আমরা সেই কৃষকদের সাহায্য করতে পারি, যদি তাদের চেতনা দিতে পারি, যদি তাদের কাছে গিয়ে বলতে পারি যে এরা ধাপ্পা দিচ্ছে। বহু বছর ধরে এ জিনিস হচ্ছে। এটা মনে রাখা প্রয়োজন যে এককালে কমিউনিষ্টকে এই রকম ত্যাগ করতে হয়েছিল। আপনাদের হাতে পুলিশ, মিলিটারী আছে, আরও কিছু গুলি চালাবেন। সোনা ডাঙ্গার দারোগার কথা মানলনা বলে ফটাফট গুলি করল।

চিয়াংকাইসেক কম লোককে মারেনি, অন্যান্য জায়গাতে কম লোককে মারেনি, কিন্তু এমনি করে ঠেকানো যায় না। আমরা চাই না আপনারা চিয়াংকাইসেকের পথে যান, আমরা চাই আপনারা চেষ্টা করে দেশকে বাঁচান। আপনারা যদি দেশে বিপ্লব সৃষ্টি করেন তাহলে আমরা তাদের সঙ্গে দাঁড়াব এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nepal Ray :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের বিরোধিতা করতে গিয়ে বিরোধী দলের সদস্যরা যা যা বলেছেন তাদের দু'একটা বক্তৃতার উল্লেখ না করে আমি পারছি না। প্রথমেই গতকাল যখন বিরোধী দলের নেতা বার বার বলছিলেন যে রাজ্যপালের ভাষণে রবীন্দ্রনাথের কথা লেখা নেই তখন আমার বড় হাসি পাচ্ছিল। প্রতি বছর ২৫শে বৈশাখের "স্বাধীনতা" সেটা এদের মুখপত্র, যদি দেখেন তাহলে দেখবেন তাতে রবীন্দ্রনাথের নাম পর্যন্ত নেই। নেতাজী সুভাষচন্দ্রের নাম, তাঁর জন্ম তিথি সম্বন্ধে এরা কোনদিন লেখে না। এখন চাপে পড়ে, জনতার জুতো পেটা খেয়ে শুরু করেছে নেতাজীর নাম করতে এবং তাঁর জন্মদিন পালন করছে আজকাল।

Mr. Speaker : Mr. Ray, you use proper language.

Shri Nepal Ray : Thank you, Sir.

স্যার আমি একটা কথা নিশ্চয়ই বলব যে রবীন্দ্রনাথকে ভারতের কমিউনিষ্টরা বুর্জোয়া কবি ছাড়া কোনদিন বলতনা অর্থাৎ টাটা বিড়লার কবিতা লেখবার জন্য রবীন্দ্রনাথের জন্ম হয়েছিল। যেখানে সারা পৃথিবীর মানুষ আজকে রবীন্দ্রনাথকে নিয়ে নাচানাচি করছে এবং বারবার বলে এসেছে যে তাঁর প্রতিভাকে আজ চোখের সামনে রাখা দরকার সেখানে এরা একটা পলিটিক্যাল টেকনিক হিসাবে বলছে যে গভর্ণরের ভাষণে রবীন্দ্রনাথের কোন উল্লেখ নেই। স্যার, ১৯৫১ সালে যখন আমি কংগ্রেস বিরোধী ছিলাম, ওদের সঙ্গে যখন আমার আঁতাত হয়েছিল তখন একবার আমার মনে আছে বি কে, পাল পার্কে রবীন্দ্র জয়ন্তী করেছিলাম। ওদের তরফ থেকে বড় বড় নেতা গিয়ে বললেন যে রবীন্দ্রনাথ কখনও রবীন্দ্রনাথ হয় না যদি কবি সুকান্তের নাম না করি। জানিনা কে কবি সুকান্ত। কোনদিন তার নাম শুনিনি।

[এ ভয়েস ফ্রম অপোজিসান বেঞ্চ : আপনি অজ্ঞ, জানবেন কি করে।]

হ্যাঁ, আমি অজ্ঞ। কিন্তু অজ্ঞ মানুষরাই যখন রবীন্দ্রনাথকে জানতে পারল তখনই তিনি রবীন্দ্রনাথ হলেন ; সুকান্তকে জানিনা তাই সুকান্ত রবীন্দ্রনাথ হতে পারেনি। স্যার, সেজন্য আমি বলছি এটা পলিটিক্যাল স্টান্ট ছাড়া আর কিছু নয়। বাংলার মানুষ, ভারতের মানুষ বা পৃথিবীর মানুষ জানে এই পলিটিক্যাল স্টান্টের কতখানি দাম। তবে আমার খুব মজা লাগছিল যখন ভূতের মুখে রামনাম শুনছিলাম। তারা এতদিন বলে এসেছে রবীন্দ্রনাথ টাটা বিড়লার দালালী করে এসেছেন, গরীবের দুঃখ কি বোঝেন ? আমার সৌভাগ্য হয়েছিল বিদেশে যাবার। আমি যা জানিনা রবীন্দ্রনাথের দেশে বাস করে, রবীন্দ্রনাথের যেখানে বাড়ী সেই এলাকার প্রতিনিধিত্ব করে আমি জানি না রবীন্দ্রনাথের প্রতিভা কতখানি, কিন্তু সারা পৃথিবীর মানুষ রবীন্দ্রনাথের প্রতিভায় আকৃষ্ট হয়ে তাঁকে জানবার চেষ্টা করছে।

[3-40—3-50 p.m.]

কিন্তু ওদের হচ্ছে কুম্ভীরাশ্রু—রাজনীতিতে এগিয়ে যাবার জন্য ওরা এই সমস্ত বলছেন। পণ্ডিত নেহেরু বলছেন সারা পৃথিবীতে রবীন্দ্র জয়ন্তী কর, সারা ভারতবর্ষের মানুষ রবীন্দ্র জয়ন্তী করছে ওরা যদি তাঁদের ল্যাজ না ধরে থাকেন তাহলে নদী পাড় হবেন কি করে ইলেকশন আসছে।

রবীন্দ্র সেন্টিনারী হচ্ছে ১৯৬১ সালে—ওরা বাঁচবেন কি করে? অতএব গভর্ণরের বক্তৃতায় কোন কথা বলা হয়নি এজন্য ওরা ক্রিটিসাইজ করেছেন। তারপরে স্যার, লীডার অব দি অপজিসনের মুখে শুনলাম, আমি যতটুকু মনে রাখতে পেরেছি উনি বলেছেন পুলিশী ষ্টেট নামে ওয়েষ্ট বেংগলি হয়ে গেছে। আমিও বলি পুলিশের মাত্রাধিক্য হয়েছে কোলকাতা শহরে এবং বাংলাদেশে, এর আগে এটা দেখিনি। আজকে আমরা দেখছি অনেক পুলিশ, অনেক ডি. সি., ইনসপেকটর এ. সি. বেড়েছে, য়্যাডিসানাল কমিশনার হয়েছে। কিন্তু এর কারণ কি? কালীবাবুর বাড়ী পাহারা দেবার জন্য, না ঐ গুণ্ডা বদমায়েস যারা কথায় কথায় মানুষের গোলা লুট করে, মানুষকে হত্যা করে, শান্তিপ্রিয় নাগরিকের উপর অত্যাচার করে তাদের শায়েস্তা করার জন্য এটা করা হয়েছে এটা আমি জিজ্ঞাসা করছি। আমিও চাই না স্যার, পুলিশ বাজেটে আরো কয়েক কোটী টাকা বেড়ে যাক। আমিও চাই না যে পুলিশকে সব সময় তটস্থ থাকতে হবে দেশের মানুষকে সহজে চালাবার জন্য, নির্দেশ দেবার জন্য। এটা কোন সভ্য দেশের মানুষ চায় না। আমাদের দেশের পুলিশ কি ঘুমিয়ে থাকে, আমাদের দেশের পুলিশকে লালবাজারে কি খাটিয়া করে দেয়া হয়েছে যে বসে বসে ঘুমাবে আর মাইনা নিয়ে চলে যাবে—তা তো নয়। তাদের খাটতে হচ্ছে, পরিশ্রম করতে হচ্ছে কিন্তু কাদের জন্য? আপনারা শান্তিতে থাকুন, ভদ্রভাবে সরকারের সংগে চলুন, হেলদি সাজেশান দিন নিশ্চয়ই সরকার সেটা মেনে নেবেন—তাহলে দেখবেন দেশে এরকম বিশৃঙ্খলতা, অরাজকতা হবে না আর এতো পুলিশেরও প্রয়োজন হবে না। স্যার, আমি একটু আধটু ট্রেড ইউনিয়ন করি অবশ্য ওদের মত নয় কিন্তু আজকে কোলকাতার পুলিশকে বাংলার পুলিশকে জিজ্ঞাসা করুন যে কত ওয়েষ্ট অব এনার্জি ঐ পুলিশের হয় লেবার ট্রবল দমাতে গিয়ে; কারখানাগুলিকে চালু রাখবার জন্য। আজকে এটা ওঁরা প্রিন্সিপিল হিসাবে নিয়েছেন ইলেকসনের আগে হোক বা ইলেকসনের পরে হোক—ওদের যে পার্টি মিটিং হয়ে গেছে বর্দ্ধমানে তাতে আমরা খবরের কাগজের মাধ্যমে যেটুকু জানতে পেরেছি তাতে একদল বলছেন আমরা বিপ্লব চাই, অর্থাৎ জারকে যেভাবে হত্যা করা হয়েছিল। আজকে ভারতবর্ষে নেহেরু এবং তাঁর দলবলকে যেভাবে উচ্ছেদ করে ওরা রাজত্ব দখল করবেন। আর একদল বলছেন, না পার্লামেন্টারী ওয়েতে আমরা যাবো। ওরা স্পষ্ট করে বলুন যে পার্লামেন্টারী ওয়েতে নীতিতে ওরা বিশ্বাস করেন তা না হলে দেশের মধ্যে এরকম উশৃংখলা করে ওদের বেশী দিন চলবে না, দেশের মানুষ ওঁদের কোনদিন ক্ষমা করবেন না।

আর যদি এরা মনে করেন ঐ রকম হত্যাকাণ্ড রাশিয়ার যেটা সম্ভব হয়েছে জারের পক্ষে সম্ভব হয়েছে, তার কারণ জারের ফলোয়ার ছিল না, জারকে কেউ বিশ্বাস করেনি,তাকে বিশ্বাসঘাতকের দল—রাশিয়ার মানুষ নিধন করেছে। কিন্তু হাজার হাজার কংগ্রেসপন্থী, লক্ষ লক্ষ ভারতবাসী পণ্ডিত নেহরুর পেছনে রয়েছে। তাদের সমূলে নিধন করবার ক্ষমতা কমুনিষ্ট পার্টির নাই, কারো নাই। কংগ্রেস পন্থী লোকেরা মরে যাবে, তবু তাদের কমুনিজম্ মেনে নেবে না।

আর একটা কথা বলতে চাই—জ্যোতিবাবু তাঁর বক্তৃতায় বলেছেন সমস্ত গভর্ণমেণ্ট মেশিনারীকে কুক্ষিগত করে রেখেছেন এবং সরকারের দলগত রাজনীতির জন্য সে সব তাঁরা ব্যবহার করছেন। স্যার, আপনি জানেন নিশ্চয়ই যিনি বলছেন, তিনি ও জানেন ওটা হচ্ছে ও পাতে দে, ও পাতে দে, অর্থাৎ আমাকে দে, তারই মত। আমি সরকারী কর্মচারীদের কোনরূপ দোষারোপ না করে বলছি সরকারী কর্মচারীদের যতগুলি ইউনিয়ন আছে, তা কারা কণ্ট্রোল করছেন? সরকারী কর্মচারীদের ইউনিয়নকে বিরোধী বামপন্থীরা কণ্ট্রোল করছেন। এঁদের কয়টি ইউনিয়ন কংগ্রেসীরা কণ্ট্রোল করছেন? আমি নিজে ভুক্তভোগী, আমার অভিজ্ঞতা আছে, তাই বলছি আমি সরকারী অফিসের কোন সরকারী কর্মচারীকে কোন রকম দোষ না দিয়ে বলছি—আপনারা যদি চান, আমার কাছে যথেষ্ট প্রমাণ আছে। আমার এলাকার বোধ হয়

৫০ জন কমুনিষ্ট পার্টির মেম্বার আছেন, যারা লালঝাণ্ডা নিয়ে ঘুরে বেড়ায়। তাঁরা রাইটার্স বিল্ডিংসে, এ. জি. বেঙ্গলে ও অন্যান্য সরকারী অফিসে চাকরী করেন। নাম চান তো আমি দিয়ে দিতে পারি। তবে আমি তাদের কোন ক্ষতি করতে চাই না। যদিও তাঁরা অন্য রাজনৈতিকদলভুক্ত, তবুও আমি মনে করি, তাঁরাও দেশের উন্নতি চান। কাজেই আমি চাই না তাঁদের কোন ক্ষতি হোক। আজকে যখন ভারতবর্ষ ডেমোক্রেসিকে মেনে নিয়েছে, তখন রাজনীতি করবারও তাঁদের অধিকার আছে out side office hours; তবে তারা অফিসে গিয়েও রাজনীতি করে—এটাও আমরা জানি লালঝাণ্ডা নিয়ে তারা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায়। আমি সরকারকে দোষারোপ করি, সরকার এসব জানা সত্বেও পুলিস রিপোর্টের ভিত্তিতে তারা চাকরী করছে। পুলিস ভেরিফিকেশানে কি করে তারা এড়িয়ে যায়? কি করে ঐ কমুনিষ্ট পার্টির সদস্যরা সরকারী চাকরী পায়? আমি সরকারের কাছ থেকে এর কৈফিয়ৎ তলব করছি, আমাদের কংগ্রেস দলভুক্তও যদি হয়, তাহলেও তার সরকারী চাকরী পাওয়া উচিত নয়।

আমি জ্যোতিবাবুর বক্তৃতা শুনেছি, আজ কোনার মহাশয়েরও বক্তৃতা শুনেছি population control করা নাকি মহাপাপ। কারণ ফাদারল্যাণ্ড থেকে কোন হুকুম আসেনি পপুলেশান কমাও। ফাদারল্যাণ্ড লড়াই করেছে, তাদের পপুলেশান কমে গেছে। তা সত্বেও তারা চারপোকার দল জন্ম দেয় না। যে কোন দেশই বলুন, যেখানে জনসাধারণের কোন রকম recreation-এর ব্যবস্থা নাই সেই দেশে population দিনের পর দিন বেড়েই যাচ্ছে। আজ যদি population control করা না হয়, তাহলে আমাদের জনসংখ্যা ৪০ কোটী থেকে আরো অধিক হয়ে যাবে। বিরোধী দলের এক মহামান্য সদস্য কালকে বললেন যে আমাদের লোকসংখ্যা নাকি ৫৫ কোটীর মত হয়ে গেছে।

[3-50—4 p.m.]

এই যে আমরা দিন দিন বংশ বৃদ্ধি করে যাচ্ছি—জমি কি বেড়ে যাচ্ছে। ওদিকে চীনেরা এসে আমাদের জমি দখল করে নিচ্ছে। তখন ত আপনাদের মুখ ফুটছে না—ওরা যখন জমি কেড়ে নিয়ে দখল করে বসছে, তখন ত আপনারা বলতে পারেন—আমাদের লোক বাড়ছে, তোমরা জমি ছেড়ে দাও। লোক কারা বাড়াচ্ছে? আপনারা, আমরা বাড়াচ্ছি। রাম, শ্যাম, যদু, মধু, আমরা সবাই মিলে বাড়াচ্ছি। এই যে লোকসংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে, আমরা সকলে মিলে এক সঙ্গে বাড়াচ্ছি। সুতরাং সকলে মিলে আমরা birth control করবো। আমি হেল্‌থ মিনিষ্টারকে বলবো আপনি আমাদের জন্য free ligation-এর ব্যবস্থা করে দিন। আপনি জানেন স্যার, হিটলার যখন জার্মানীর অধিকর্তা হয়, তখন হিটলার তাঁর দেশে যাঁরা সন্তান দিতে অক্ষম ছিল তাদের ইন্‌জেকসন্ দিয়ে ব্যবস্থা করে দেন। যাতে দেশে বেশী সন্তান জন্মগ্রহণ করতে না পারে তারজন্য চেষ্টা করে ছিলেন এবং ligation করে দিয়ে জন্ম নিয়ন্ত্রণ করেছিলেন। তাই হিটলার তাঁর দেশে ভাল ভাল scientist তৈরী করতে পেরেছিলেন এবং দেশকে বড় করে গড়ে তুলতে পেরেছিলেন। আজকে পৃথিবীর কাছে জার্মানী একটা সত্যিই অজেয় জায়গা। হিটলার ভুল করতে পারেন, কিন্তু অনেক ভাল কাজও করেছেন। হিটলার জার্মানীতে যে সমস্ত বড় বড় scientist তৈরী করেছিলেন, তাদের ধরে নিয়ে গিয়ে বা kidnap করে নিয়ে গিয়ে আমেরিকা, রাশিয়া আজ বড় হয়েছে। Atom bomb-এর আবিষ্কার প্রথম german scientists-এর মাথায় আসে, অন্য দেশের scientist-দের মাথায় আসেনি। আমি তাই বলছি—প্রত্যেক সভ্য দেশের জন্য এটা প্রয়োজন। সন্তান জন্ম দেবো অথচ তারা রাস্তায় কুকুরের মত ঘুরে বেড়াবে। তাদের শিক্ষা দীক্ষা দিয়ে উপযুক্ত করে গড়ে তুলতে পারবো না, অথচ আমাদের fundamental রাইট থাকবে ইনক্লাব জিন্দাবাদ বলবার। ওঁদের দরকার হয় street urchins তা না হলে ওঁদের কাজ করা চলে না। আমরা চাই প্রতিটি শিশু যে

ভারতবর্ষে জন্ম নেবে, সে সুস্থ, সবল ভারতবর্ষের নাগরিক হিসাবে বেঁচে থাকবে এবং তার যেন এমন অধিকার থাকে, সে মানুষ হিসাবে পৃথিবীর কাছে পরিচয় দিতে পারে। অমানুষের জন্ম দিয়ে লাভ নেই। তাই আমি আমাদের হেলথ মিনিষ্টারকে এ বিষয়ের প্রতি একটু সচেতন হতে বলছি। তিনি যদি এটা করেন, তাহলে আমাদের দেশের পক্ষে সবচেয়ে বেশী উপকার করা হবে।

আর একটা কথা এখানে আমার বলা উচিত বলে মনে করি। আমেরিকায় আমার সঙ্গে যখন scientist Dr. Claim T C. M চেয়ারম্যানের পরিচয় হয়, তখন আমি তাঁকে জিজ্ঞাসা করি কতকগুলি প্রশ্ন। আমেরিকায় কিভাবে চাষ হয়? কেন আমাদের দেশের চেয়ে তাঁদের দেশে production বেশী হয়? দৈবদুর্বিপাকে কোন বছর হয়ত আমাদের দেশে অনেক ধান, ফসল কমে গেল। আবার কোন বছর দেখা গিয়েছে flood হয়ে, ফসল নষ্ট হয়ে গিয়েছে, দুর্ভিক্ষ চলেছে। ভগবানের উপর সম্পূর্ণ নির্ভর করে থাকতে হয়। এবার মন্ত্রীমহাশয় খুব গর্ব করে বলেছেন আমাদের এখানে এবার bumper crop হয়েছে। কিন্তু সেই bumper crop তো আমাদের দেশের চাষীরা ফলাতে পারেনি। যদি ভগবানে বিশ্বাস করেন, অবশ্য ওরা করেন না; আমি বিশ্বাস করি এবং সেইজন্য আমি মনে করি ভগবান এই bumper crop-এর জন্য দায়ী। তবে ১২ মাস ত ভগবান আমাদের bumper crop দেবেন না, সেই জন্য আমাদের তৈরী করতে হবে।

ওদিক থেকে কেনাল কর সম্বন্ধে criticism শুনছিলাম। আমি বলবো অজয়বাবু, আমাদের সেচ মন্ত্রীমহাশয় তিনি যে irrigation canal করেছেন তা ভুল হোক বা ত্রুটিপূর্ণ হোক বা শতকরা পঞ্চাশ ভাগ টাকা যদি চলেও যায় বা নষ্ট হয়, তাহলেও আমি বলবো অন্তত বাংলা দেশের মানুষ একটা নূতন ধারায় চাষ করতে শিখলেন। আমি জোর দিয়ে বলতে চাই বাংলাদেশের তথা ভারতবর্ষের কৃষকদের এটা শেখাতে হবে—কোন জমিতে একর প্রতি যেখানে ১০।১২।২৫ মণ ফসল হয় সেখানে যাতে ৫০।৬০ মণ তুলতে পারি এবং তারজন্য উন্নততর manure দিয়ে আমাদের চাষীদের সাহায্য করতে হবে।

তবে আমি জানি না—ডাঃ আমেদ সেদিকে তৎপর কিনা! বড় বড় statistics ইত্যাদি যা খুশী বলে যাচ্ছেন! আমি ডাঃ ক্লেমের কাছে জানতে পেরেছিলাম আমাদের দেশে irrigation এর কোন ব্যবস্থা নাই, আমাদের দেশে যেখানে তিনবার ফলন হতে পারে সেখানে আমাদের একবারের বেশী ফলন হয় না। মিসিসিপির ধারে যা কিছু ফলন হয় তা তারা নিজেরা খায়, সমস্ত পৃথিবীকে খাওয়ায়। scientific process-এ তারা ধান চাষ করছে, গম চাষ করছে এবং উন্নত চাষের চেষ্টা করছে। আশাকরি আমাদের মন্ত্রীরা এ বিষয়ে সচেতন হবেন—এই বলে আমাদের রাজ্যপাল মহোদয়ার ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করছি।

Shri Haridas Mitra :

মাননীয় স্পীকার স্যার আগামী ১০ বছর ধরে কৃষি এবং খাদ্য উৎপাদন সর্বত্র অগ্রাধিকার দেওয়া হয়েছে, এটা দেখলাম রাজ্যপালের ভাষণে। দ্বিতীয় পরিকল্পনায় যেখানে ছিল ৭ কোটি টাকা বরাদ্দ, তৃতীয় পরিকল্পনায় যেখানে হল ৬৭ কোটি টাকা। বিদেশ থেকে কোটি কোটি টাকা খাদ্য আমদানী করেও পশ্চিমবাংলায় খাদ্যাবস্থার উন্নতি হয়নি, তাকে স্থিতিশীল রাখা যায়নি। কৃষি উৎপাদনের উন্নতির জন্য, সহজ সার বণ্টন, ভাল বীজ, উন্নত জলসেচ এ সমস্ত নানা কথা, ভাল ভাল কথা বলা হচ্ছে। এটা করতে হলে যে প্রচেষ্টা ও আন্তরিকতা দরকার সেটা আছে কিনা সন্দেহ। শুধু এটা করলেই হবে না, এমন ব্যবস্থা দরকার যাতে চাষী তার উৎপাদিত

উৎপন্ন ফসলের পূর্ণ অধিকারী হয়, চাষী যাতে বুঝতে পারে ফসল উৎপাদনের ন্যায্য মূল্য তারা পাবে এবং যথোপযুক্ত সেচ ব্যবস্থা হবে। আজকে তাদের মাঠে অতিবৃষ্টির দিনে বন্যা নিয়ন্ত্রণ এবং শুকনোর দিনে জল সেচনের assurance চাষীর চাই। কেন এতদিন ধরে চাষীকে জমির মালিকানাস্বত্ব দেওয়া হয়নি? Estate Acquisition Act-এ ৮ লক্ষ একর জমি পাবার কথা ছিল পেয়েছেন মাত্র ২ লক্ষ একর। জলপাইগুড়ি অঞ্চলে সামান্য ছিটে ফোঁটা জমি চাষীদের দিয়েছেন, একথা কাগজে পড়েছি। এতেই কি মনে করেন কর্তব্য শেষ হয় গেল? State trading-এর কথা আমরা বহুবার শুনেছি তার তো কিছুই করলেন না। ফলে বেনামদারী, কালোবাজারী ইত্যাদির হাতে আজকে চাষীর ফলন নির্ভর করছে। ১০ লক্ষ একরে নূতন সেচের কথা বলা হয়েছে। মিঃ স্পীকার স্যার, বিগত কালের অভিজ্ঞতা থেকে দেখছি, দামোদর ও ময়ূরাক্ষীর কি অবস্থা! দামোদর পরিকল্পনা এবং ময়ূরাক্ষী পরিকল্পনায় বন্যা নিরোধ এবং চাষীর জলসেচের ব্যবস্থা কি করা হয়েছে? এসব এলাকায় বহুলাংশে জলসেচের পরিকল্পনা ব্যর্থ হয়েছে এবং সম্পূর্ণ বন্যা নিরোধ পরিকল্পনাও ব্যর্থ হয়েছে। ১৯৪৮ সালে Damodar Valley-র যে বহুমুখী পরিকল্পনা হয়, তার উদ্দেশ্য ছিল river of sorrow-কে আয়ত্তে আনা, জলাধার করে বন্যা নিয়ন্ত্রণ ও জল সেচের ব্যবস্থা করা, power generation করা। কিন্তু দেখা যাচ্ছে D. V C. এবং ময়ূরাক্ষী দিয়ে বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব হয়নি। ১৯৪৩ সালে বাংলাদেশে বিধ্বংসী বন্যা হয়েছিল। তখন অবশ্য দামোদর পরিকল্পনা হয়নি। সেই সময় আমরা দেখেছি জলের পরিমাণ ছিল ৩½ লক্ষ cusec। সমস্ত বাংলাদেশে ক্ষতির পরিমাণ ছিল—১৯৪৩ সালে ৫০ কোটি টাকা। পরে D. V. C. হওয়ার পরে বাংলাদেশে ১৯৫৬ সালে যে বন্যা হল, তখন দেখলাম জলের পরিমাণ বেড়ে হয়েছে ৬½ লক্ষ cusec। তখন দামোদর পরিকল্পনা কত জল, কত বন্যা নিয়ন্ত্রণ করতে পেরেছিল? মাত্র ২ লক্ষ ৫ হাজার cusec.

[4—4-10 p.m.]

পুনরায় ১৯৫৯ সালের বন্যায় বাংলাদেশ বিধ্বস্ত হয়ে গেল, বাংলাদেশের চাষীরা সর্বস্বান্ত হোল। যেখানে একমাত্র দুর্গাপুর barrage-এ ৮ লক্ষ cusecs জল নিয়ন্ত্রণ করার কথা, সেখানে D. V. C. নিয়ন্ত্রণ করতে পেরেছেন মাত্র ২½ লক্ষ cusecs। ক্ষতির পরিমাণ Statesman এবং অন্যান্য কাগজে দিয়েছিল ১০০ কোটি টাকা। এই ব্যর্থতার কারণ তলিয়ে দেখা হয়নি। বাংলাদেশের সরকারের এই ব্যর্থতার কারণ এখনও তলিয়ে দেখা উচিত বলে আমি মনে করি। কারণ বন্যা নিয়ন্ত্রণ খাতে D. V. C. আজ পর্যন্ত ১৮½ কোটি টাকা খরচ করেছে এবং শুধু পশ্চিমবঙ্গ সরকার ১১½ কোটি টাকা এই প্রতিষ্ঠানকে জুগিয়েছে। Mr. Vardwin-এর পরিকল্পনা অনুযায়ী যখন ১৯৪৮ সালে এই D. V. C. পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, তখন তিনি বলেছিলেন ১০ লক্ষ cusecs জল যদি ধরে রাখা যায়, তাহলেই বন্যা নিয়ন্ত্রণ হবে। এবং তা করতে হলে অন্ততঃ ৮টি dam তৈরি করতে হবে। বিখ্যাত বিশেষজ্ঞ মনীষী International Agricultural and Economic Society's chairman, Mr. Leonard Elmhirst, তিনি বাংলা দেশের বিগত ১০০ বৎসরের বন্যার অবস্থা পর্যালোচনা করে বলেছেন, এই যে D. V. C. পরিকল্পনা করেছেন এই পরিকল্পনাই একমাত্র কার্যকরী হতে পারে বাংলাদেশের বন্যা নিয়ন্ত্রণ করতে হলে। কিন্তু এখানে যা করা হচ্ছে তাতে দামোদরে ৪টি ড্যাম করা হয়েছে; ৮টি ড্যামের পরিবর্তে। এইজন্য বাংলাদেশে প্রতি বৎসর যে বন্যা হয় সেই বন্যা আমরা নিয়ন্ত্রণ করতে পারি না। অথচ এই D. V. C.-র পিছনে সবচেয়ে বেশী টাকা পশ্চিমবঙ্গ খরচ করেছে। Aiyar Dam নানা অজুহাতে বন্ধের চেষ্টা করা হচ্ছে। এছাড়া বোখারো, বন পাহাড়ী বেরমো ইত্যাদি Dam হবে কিনা তা আমরা বুঝতে পারছি না। অথচ স্পীকার মহোদয়, আপনি

জানেন, ওর উপর পশ্চিমবঙ্গের ভবিষ্যত, তার মরণ বাঁচন নির্ভর করছে। এই Dam-গুলি সত্যই তৈরী হবে কিনা? বন্যা নিয়ন্ত্রণ যদি না হয় তাহলে আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষি ও খাদ্য উৎপাদনের জন্য সে ৬৭ কোটি টাকা খরচ করতে চাচ্ছেন, তাতে চাষীর শস্যের নিরাপত্তা কোথায় থাকবে? গোড়া থেকেই শস্যকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে হবে। তার জন্য বন্যা-নিয়ন্ত্রণ সর্বাগ্রে প্রয়োজন। বিগত বন্যায় ১১৫০ মাইল দামোদরের কাটা খাল নষ্ট হয়ে গিয়েছিল তাতে এক কোটি টাকা লোকসান হয়েছিল। ১৯৫৯ সালের বন্যার পর D. V. C. থেকে Khunger Committee তৈরী হয়েছিল, Central Government থেকে Man Singh Committee তৈরী হয়েছিল, এবং তাদের উভয়ের উদ্দেশ্য ছিল to study the need of augmenting the flood control capacity of D. V. C. এই দুইটি কমিটি কি report দিয়েছে? Report দিয়ে থাকলে তা পশ্চিমবঙ্গ সরকার পেয়েছেন কিনা? আর যদি পেয়ে থাকেন, তাহলে সেটা নিজেদের কুক্ষিগত করে রেখেছেন কেন? এই report যদি পেয়ে থাকেন তাহলে Assembly-র সামনে আমাদের সামনে তা হাজির করুন। বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পূর্ণ না করে, তার আসল কারণ উপেক্ষা করে, West Bengal Government তাদের তৃতীয় plan-এ যদি কোটি কোটি টাকা খরচ করেন, তাহলে তার ফল ভাল হবে না এবং এখনই তাদের এই বিষয়ে হুঁশিয়ার করে দেওয়া দরকার। D. V. C.-র তরফ থেকে, পশ্চিমবঙ্গ সরকার যদি বন্যা নিয়ন্ত্রণ করার ব্যবস্থা না করে শুধু চাষের উন্নতির জন্য টাকা খরচ করেন, তাহলে বাংলাদেশের সর্বনাশ হয়ে যাবে। তাই এখন তাদের আত্ম সন্তুষ্টি ত্যাগ করা উচিত। Mr. Vardwin যে পরিকল্পনা করেছিলেন সেই পরিকল্পনাকে কার্যকরী করবার জন্য কেন্দ্রীয় সরকারের উপর পশ্চিমবঙ্গ সরকার চাপ দিন। আমরা কি পেয়েছি? ১৫ শত মাইল খালে জল দেবার কথা, ১০ লক্ষ একর খারিজ জমিতে জল দেবার কথা, সেখানে অবশ্য ৯ লক্ষ একর খারিজ জমিতে জল দিতে পেরেছেন। D. V. C. থেকে ৩ লক্ষ একর জমিতে রবিশস্যের জন্য জল দেবার কথা ছিল কিন্তু দিয়েছেন মাত্র এক লক্ষ একরে। অবশ্য D. V. C.-র হিসাবের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের হিসাবে মতভেদ আছে। D. V. C. কার্যতঃ আরও অনেক কম জমিতে জল দিয়েছে, এই ধরনের কথা আমরা শুনেছি।

ময়ূরাক্ষী পরিকল্পনার target ছিলো ৬ লক্ষ একর জমিতে জল দেবে খরিফের জন্যে। সেখানে মাত্র সাড়ে চার লক্ষ একর জমিতে জল দিয়েছেন। আর রবিশস্যতে এক লক্ষ কুড়ি হাজার একর জমিতে জল দেবার কথা—সেখানে মাত্র দু'হাজার একর জমিতে জল দিয়েছেন; একেই তো দামোদরের প্রস্তাবিত Dam-গুলি তারওপর ৮৫ ফুট চওড়া feeder channel দিয়ে দুর্গাপুরের Barrage Pond-এ জল দিতে হচ্ছে। কেন্দ্রীয় সরকারের যে কারখানা দুর্গাপুর Steel Plant, সেখানে জল নিয়ে যাওয়া হচ্ছে দুর্গাপুর ব্যারেজের থেকে ২৫ হাজার কিউসেক। এ জল দেবার কথা Original Plan-এ ছিল না। তারপরেও এ Plan বদলানো হয় নি। তার ফলে দুর্গাপুর ব্যারাজে চাষের জমির জল কমে যাচ্ছে। আমি জিজ্ঞাসা করি এমনি করে centre-এর তাঁবেদারী পশ্চিমবঙ্গ সরকার কেন করছেন? আমরা ত জানি centre-এ বিধানবাবুর যথেষ্ট প্রতিপত্তি আছে। তিনি ত 'ভারতরত্ন' পেলেন। তিনি চেষ্টা করুন না বাংলাদেশ যাতে 'দামোদর ভ্যালা' পরিকল্পনা থেকে উপকৃত হতে পারে। Steel-Plant-এর জন্যে যদি এভাবে জল নিয়ে যাওয়া হয় তাহলে বাংলার চাষী বাঁচবে না। দামোদরের চারিপাশে Industrial belt, সেখানে ভবিষ্যত, ভারতের Ruhr গড়ে উঠেছে। সেখানে যথেষ্ট জলের চাহিদা রয়েছে সেই চাহিদা যদি মেটাতে হয় তাহলে বাংলা-সরকার জাগুন, তৎপর হউন। Aiyer-সহ বাকি বাঁধের কাজ শুরু করে দিন। তাহলে চাষীরাও জল পাবে এবং Industrial-belt-এর কারখানাগুলোর জলের চাহিদাও মেটানো যাবে। D. V. C.-র জন্যে উনচল্লিশ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকার দিয়েছেন। D. V. C.-র অংশীদার হচ্ছে centre ও বিহার। কিন্তু সমস্ত খাল খনন এবং তাদের maintain করবার খরচ দিতে হবে West-

Bengal Government কে, এর অজুহাত হচ্ছে West-Bengal উপকৃত হবে। D. V. C. Act-এর Section 34 (1) (a) যেখানে power generation-এর কথা বলা আছে। তাতে Centre ২৫ কোটি ৫০ লক্ষ টাকা দিয়েছে। আর বিহার ২৪ কোটি ৮১ লক্ষ টাকা দিয়েছে আর পশ্চিমবঙ্গ সরকার, ২৫ কোটি ৭ লক্ষ টাকা দিয়েছে। কিন্তু এর ফল পশ্চিমবঙ্গ কি পেয়েছে? আমার কারুর বিরুদ্ধে বিদ্বেষ নাই। আমি শুধু যা facts তাই বলছি বিহার এর দ্বারা Bokaro Thermal Plant, এবং Tilaya, Mython, Panchet-এ Hydro-Electric Station পেয়েছে। আরও বিহারের Chandra Pusa Thermal Plant-এর কাজও সুরু হচ্ছে। এই সবই হচ্ছে বিহারে। আর পশ্চিমবাংলায় একমাত্র দুর্গাপুর 'সবে ধন নীলমণি'। Thermal Plant হয়েছে; কিন্তু mechanical defect-এর জন্য তাতে আবার দৈনিক ৫০ হাজার টাকা লোকসান যাচ্ছে। এ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কি বক্তব্য আমি শুনতে চাই। ২৪ কোটি টাকা দিয়ে বিহার যে সুযোগ পাচ্ছে, তার চেয়ে বেশী টাকা জুগিয়ে পশ্চিমবঙ্গ সরকার কতটুকু সুবিধা পাচ্ছে সেটা আমি জানতে চাই। আপনারা অপদার্থ। আপনারা কিছু করতে পারছেন না। রাজ্যপালের ভাষণে Bandel Power Station এর কথা বলা হয়েছে, আমাদের যেখানে ২৫ কোটি টাকা দিয়ে দৈনিক ৫০ হাজার টাকা লোকসান হচ্ছে, সেখানে এই Bandel-ভাবী Power Station D. V. C. region-এর মধ্যে থাকা সত্ত্বেও D. V. C. Act-এর Section 18-এর সাহায্য পাওয়া যেতে পারে। এরকম আইন থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার কেন সাহায্য নিচ্ছেন না D. V. C. র কাছ থেকে তা আমি বুঝতে পারি না, এই entire expenditure truncated State of West Bengal-এর ঘাড়ে পড়বে। এবং বাংলা দেশের জনসাধারণের ঘাড়ে আরও করের বোঝা চাপবে।

[4-10—4-20 p.m.]

ডি. ভি. সি-র Expenditure, allocation and contribution অত্যন্ত unsatisfactory. এ পর্যন্ত Centre ডি. ভি সি-তে contribute করেছেন মাত্র ৩৪ কোটি টাকা। বিহার ২৭ কোটি টাকা এবং পশ্চিমবঙ্গ একা ৭৭ কোটি টাকা। Total ১৩৪ কোটি টাকার এই প্রোজেক্ট। অথচ বাংলা সরকার কোন vigilant eye রাখেননি, বাংলা সরকারের এ বিষয়ে কোন বলিষ্ঠ নীতি নেই। অর্থাৎ গৌরীসেনের টাকা বলে এই অবস্থায় দান-খয়রাৎ হচ্ছে। স্যার, ডি. ভি. সি-র কর্মচারীদের অবস্থা অত্যন্ত শোচনীয় তাদের কোন ভবিষ্যৎ নেই। এখান থেকে ২ মাস আগে ৭০০ কর্মী retrench হয়ে গেছে। আজ ডি ভি. সি. এরিয়ার ১০ হাজার কর্মী গিলোটিনের সামনে রয়েছে। এদের কি অপরাধ এর, তা জানে না—"অপরাধী জানিল না কি দোষ তাহার, বিচার হইয়া গেল।" আজ যদি আমার ড্যাম, বলপাহাড়ী এবং বেরমো ড্যামগুলির মত অতি প্রয়োজনীয় কাজে হাত দেওয়া হোত, তাহলে এই ১০ হাজার মানুষ যারা গিলোটিনের সামনে এসে হাজির হচ্ছে, তাদের এই অবস্থা হোত না। ক্যালকাটা পোর্ট ডেভালপমেন্টের সঙ্গে ডি ভি. সি. প্ল্যানকে ইন্টারলিঙ্ক করতে আপনারা পারেননি। ক্যালকাটা পোর্টের সঙ্গে যদি এঁরা সম্পর্ক রাখতেন তাহলে এই লোকদের সেখানেও কাজ হোত। ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেন্টের অপদার্থতার জন্য এইসব হচ্ছে। Premier national project-এর মানুষরা কেন এই প্রোজেক্ট-এর কাজ শেষ হয়ে যাবার আগে, retrench হবে? এই প্রোজেক্টকে haphazard করে মানুষকে আপনারা মরণের মুখে ঠেলে দিচ্ছেন। আমরা দেখে থাকি যে সেন্ট্রাল গভর্ণমেন্ট কোন একটা প্রোজেক্ট করলে, অন্য কোন একটি ষ্টেটে সিমিলার প্রোজেক্ট হলে, সেই প্রোজেক্টের মালপত্র, লোকজন সেই নতুন project state নিয়ে যায়। কিন্তু আজকে এখানে দেখছি আমাদের সবচেয়ে মূল্যবান যে ম্যান পাওয়ার সেই ম্যান পাওয়ার সম্বন্ধে co-ordination-এর

কোন বন্দোবস্ত নেই এবং যার ফলে কর্মীদের তাঁরা retrenchment এর মুখে ঠেলে দিচ্ছেন। অথচ পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে নির্বিকার দর্শক হচ্ছেন, কেন্দ্রের তাবেদারী করে যাচ্ছেন। এবং এই ব্যাপারে তাঁদের কোন voice নেই। কোন সোসালিষ্ট দেশে প্ল্যান পিরিয়ডে এই রকম চিন্তা করা যায় না। আপনারা দাবী করেন এটা সোসালিষ্ট দেশ, কিন্তু এই রকম আনপ্ল্যানড কাজ কেন হচ্ছে, যাতে লোক বেকার হচ্ছে? শেষে একটা কথা ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট জেনে রাখুন যে একটা complete disintegration মধ্যে দামোদর ভ্যালি পরিকল্পনা এসে গেছে। অর্থাৎ বিভিন্ন state-রা যে যার কোলে ঝোল টেনে নিয়ে সরে পড়ার মতলব করছেন। ভারতবর্ষকে বাঁচাবার জন্য এই complete disintegration tendency-র বিরোধীতা করতে হবে, এবং পশ্চিমবঙ্গ সরকারকে বলিয়া ন-নীতি এই ব্যাপারে এখনই গ্রহণ করতে হবে। কারণ আপনারা যদি শক্ত না হন, তাহলে সমগ্র পরিকল্পনা বানচাল হয়ে যাবে—এই হুঁশিয়ারী আমি আপনাদের দিচ্ছি বিধানসভায় দাঁড়িয়ে।

Shri Jagannath Mazumdar :

মাননীয় স্পীকার মহাশয়, মোটামুটিভাবে দেখতে গেলে রাজ্যপালের ভাষণ খুবই বাস্তববাদী বলে মনে হয় এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সীমান্তকালে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রাক্কালে তিনি যে চিত্র পশ্চিমবাংলার জন্য অঙ্কন করেছেন সেটাও মোটামুটি নিখুঁত চিত্র বলেই মনে হয়। তবে এ ছাড়া তাঁর ভাষণে তিনি আসামে বঙ্গভাষাভাষীদের উপর যে ব্যাপক অত্যাচার, মারধর, লুটপাট এবং অগ্নিসংযোগ করা হয়েছে তার তীব্র প্রতিবাদ করে বলেছেন যে, এই ঘটনা তাঁর পক্ষে তীব্র মর্মবেদনার কারণ হয়ে রয়েছে যে সত্যিই আজকে ভারতবর্ষের মধ্যে একটা অঙ্গ রাজ্যে বাঙ্গালী এবং বাংলা ভাষাভাষীদের উপর নির্মমভাবে অত্যাচার করে ভারতীয় সংবিধান এবং ভারতীয় যুক্তরাষ্ট্রকে অপমান করেছে। আজ আমাদের এই পশ্চিম বাংলায় যে ২৭ হাজার শরণার্থী রয়েছে তারা আমাদের স্মরণ করিয়ে দেয় তাদের সেই অত্যাচার এবং কলংকের কাহিনী এবং সেইজন্যই এই শরণার্থীরা যাতে সম্মানের সঙ্গে আসামে ফিরে গিয়ে সেখানে সুষ্ঠু পুনর্বাসন পেতে পারে তার জন্য আমাদের রাজ্যসরকার কেন্দ্রীয় এবং আসাম রাজ্যসরকারের সঙ্গে একটা ব্যবস্থা করার চেষ্টা করবেন। তবে এ ছাড়া তিনি আরও বলেছেন যে পুনর্বাসনের জন্য আপ্রাণ চেষ্টা সত্ত্বেও এখন পর্যন্ত পূর্ব-পাকিস্তান থেকে আগত উদ্বাস্তুদের সমস্যার সমাধান বহুলাংশে করা যায়নি এবং এ কথা বাস্তববাদী সত্য যে এখনও ৭৯ হাজার শিবিরবাসী উদ্বাস্তু রয়েছে। যাই হোক, শিবিরের বাইরের উদ্বাস্তুদের পুনর্বাসন যে ভালভাবে হয়নি সেকথা আমাদের রাজ্যসরকারও স্বীকার করেছেন এবং বলেছেন যে এটা হওয়া খুবই দরকার। তবে শিবিরের মধ্যকার যে সমস্ত উদ্বাস্তু রয়েছে তাদের পুনর্বাসনকল্পে দণ্ডকারণ্য কর্তৃপক্ষ নাকি ২ হাজার উদ্বাস্তু পরিবারকে সেখানে নিয়ে যেতে চায়। কিন্তু কিছুদিন পূর্বে আমাদের নদীয়া জেলার কিছু কিছু লোক সেখানে গিয়ে সেখানকার অবস্থা পর্যবেক্ষণ করে এসে বলেছে যে দণ্ডকারণ্যে এখনও উদ্বাস্তুদের সমস্ত রকম সুযোগ-সুবিধা হয়ে ওঠেনি এবং শুধু বিশেষ কয়েকটি স্থানে অর্থাৎ পার্ল-কোর্ট এবং উমর-কোর্ট যদিও উদ্বাস্তু পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে কিন্তু বর্ষার সময় এইসব অঞ্চলের উদ্বাস্তুরা বিচ্ছিন্ন হয়ে পড়েছিল। তবে এ জিনিসটা আমরাও জানি কেননা বর্ষার আগে যখন আমরা এই অ্যাসেম্বলীর কতিপয় সদস্য সেখানে গিয়েছিলাম তখন পার্ল কোর্ট এবং উমর-কোর্ট অঞ্চলের কর্তৃপক্ষ আমাদের বলেছিলেন যে বর্ষার সময় এই পার্ল-কোর্ট অঞ্চল বিচ্ছিন্ন হয়ে যায় এবং ভানুপ্রতাপপুরের মধ্যবর্তী যে কোটরী নদী আছে তা এমন ভয়ঙ্কর হয় যে কোনরকমেই তা অতিক্রম করা যায় না। অবশ্য সেই সময় তিনি আমাদের বলেছিলেন যে বর্ষার সময় তিনি একটা রোপ্‌ওয়ে করে দেবেন এবং যানবাহনের ব্যবস্থা করে

দেবেন, কিন্তু এখন শোনা যাচ্ছে যে সে ব্যবস্থা এবারেও নাকি করা হয়নি এবং তারফলে যে সমস্ত উদ্বাস্তুরা পার্ল কোর্টে আশ্রয় গ্রহণ করেছিল তারা ৪।৫ মাস পর্যন্ত কোন মেডিকেল সাহায্য পায়নি। তবে শুনেছিলাম যে একজন ডাক্তারকে তারা সেখানে নিয়ে যেতে চেয়েছিল এবং তাতে একজন বাঙালী ডাক্তার তাঁর নিজের জীবন বিপন্ন করে সেই কোটরী নদী অতিক্রম করে সেখানে গিয়েছিলেন। যাই হোক, আমার বক্তব্য হচ্ছে যে, সেখানে থাকা-খাওয়া, পানীয় জল এবং যাতায়াতের সুবন্দোবস্ত করে তারপর শিবিরবাসী উদ্বাস্তুদের যেন সেখানে নিয়ে যাওয়া হয় এবং আমার মনে হয় আপাততঃ ৩০ হাজার বর্গমাইল নিয়ে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য দণ্ডকারণ্যে স্থান নির্ণয় করা হয়েছে।

[4-20—4-30 p. m.]

কিন্তু আমরা দেখেছি যে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যেসব পার্টিকুলার প্লেস ঠিক হয়েছে যেমন পার্ল কোর্ট, উমর-কোর্ট এগুলি ন্যাশানাল হাইওয়ে এবং রেলপথ থেকে বহুদূরে অবস্থিত এবং যাতায়াতের খুব অসুবিধা। এই দুর্গম এবং দুর্গত অঞ্চলগুলিতে তাদের বসতির ব্যবস্থা হচ্ছে কেন এ কথা আজকে দণ্ডকারণ্য কর্তৃপক্ষের নিকট আমাদের জিজ্ঞাস্য। আমরা বলব যে দণ্ডকারণ্যের যেসব অঞ্চল সহজগম্য সেইসব স্থান পুনর্বাসনের জন্য তাঁরা নির্ণয় করুন। আমরা চাই না দণ্ডকারণ্য বর্জন করতে, আমরা সহযোগিতা করতে চাই। সেইসব অঞ্চলে ভবিষ্যৎ প্রচুর রয়েছে একথাও আমরা স্বীকার করি কিন্তু এর সঙ্গে এ কথা আমি বলতে চাই যে দণ্ডকারণ্য দুর্গত অরণ্যভূমি অঞ্চল, সেখানে মানুষ সহজে যেতে পারেনা, সেইসব অঞ্চলে পুনর্বাসনের ব্যবস্থা না করে যদি সহজগম্য অঞ্চলে পুনর্বাসনের ব্যবস্থা করা হত তাহলে সহজ এবং সুষ্ঠু পুনর্বাসন সম্ভব হত, এই অসুবিধার সৃষ্টি হত না। সুতরাং আমাদের রাজ্য সরকারের তরফ থেকে দণ্ডকারণ্য কর্তৃপক্ষের সঙ্গে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ সম্বন্ধে কথাবার্তা এবং এ সম্বন্ধে বন্দোবস্ত করা দরকার। বাস্তুহারাদের সম্বন্ধে আর একটা কথা আমি বলব। বাস্তুহারাদের কাছ থেকে বর্তমানে ঋণ আদায়ের যে পদ্ধতি চলছে সেই পদ্ধতিতে বহু বাস্তুহারা আবার গৃহহারা হবার উপক্রম হয়েছে। আমি দেখেছি নদীয়া জেলাতে যে ৭ লক্ষ বাস্তুহারার পুনর্বাসন হয়েছে তাদের বহু লোক কোন উপায় করতে পারেনা কেননা উপায়ের সংস্থান নদীয়া জেলাতে কিছু তৈরি হয়নি। কিন্তু তা সত্ত্বেও তাদের উপর সার্টিফিকেট জারি করা হচ্ছে এবং সার্টিফিকেট জারি করে তাদের গৃহ থেকে বিতাড়িত করবার জন্য হুমকি দেখান হচ্ছে। এই যদি হয় তাহলে আবার তাদের গৃহহারা হতে হবে। আমি রাজ্য সরকারকে এবং কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করব যে যেসব বাস্তুহারার ঋণ পরিশোধ করার কোন উপায় নেই তাদের যেন এই ঋণের হাত থেকে রেহাই দেন। যারা গৃহ হারা হয়ে এসেছে, এখানে সামান্য ২।১ কাঠা জমি বরেছে, সামান্য একটু মাথা গুঁজবার জায়গা করেছে, তাদের সেখান থেকে গৃহ হারা না করে তাদের সেই ঋণ মকুব করে দেওয়া হোক এবং এই ঋণকে গ্রাণ্ট হিসাবে গণ্য করা হোক ; কেননা তাদের কাছ থেকে ঋণ আদায় করতে পারবেন না, তা সত্ত্বেও এই রকম করে খোঁচাখুঁচি করে লাভ নেই। তারা হয়ত দেবে কিন্তু কবে তাদের চাকরি হবে, কবে তারা উপায় করতে সক্ষম হবে তারপর ঋণ আদায় হবে। তার চেয়ে আগে থেকে যদি এই ঋণ মকুব করা হয় তাহলে আমি বলব গভর্ণমেণ্টের পক্ষে একটা শোভন কাজ হবে। দ্বিতীয় পরিকল্পনার আমলে আমাদের মোটামুটি ১৫৮ কোটি টাকা খরচ হবে এবং তৃতীয় পরিকল্পনায় ৩৪১ কোটি টাকা অর্থাৎ দ্বিতীয় পরিকল্পনার দ্বিগুণের বেশী আমরা খরচ করব এবং এজন্য একটা বৃহৎ আকারের পরিকল্পনা আবশ্যক। এ কথা আমাদের মাননীয় রাজ্যপাল বলেছেন। এটা ঠিক যে আমাদের মুখ্যমন্ত্রী সাহসিকতার সঙ্গে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অনুমোদন আদায় করেছেন তৃতীয় পরিকল্পনার জন্য এজন্য তিনি

ধন্যবাদের পাত্র। একটা কথা আমাদের মনে রাখতে হবে যে শুধু খরচটা যেন পরিকল্পনার অঙ্গ না হয়। খরচ করার সঙ্গে ফলপ্রাপ্তি ঠিক হচ্ছে কিনা সেটাও লক্ষ্য রাখতে হবে। খাদ্য উৎপাদন এবং কৃষির জন্য ৬৭ কোটি টাকার উপর খরচ ধরা হয়েছে, গতবারে এই জায়গায় ছিল ৮ কোটি ৯৯ লক্ষ টাকা অর্থাৎ ৭ গুণেরও বেশী টাকা খরচ ধার্য করা হয়েছে।

শিক্ষায় যেখানে ২২ কোটি ১৬ লক্ষ টাকা ছিল, খরচ দেখাবে ৪১ কোটি ৮৫ লক্ষ টাকা খরচ ধার্য করা হয়েছে এবং ৬ থেকে ১১ বৎসরের ছেলেমেয়েদের আবশ্যিক এবং অবৈতনিক শিক্ষাদানের ব্যবস্থা হয়েছে এবং অন্যান্য শিক্ষা সম্প্রসারণের ব্যবস্থা হয়েছে। বেকারত্ব থাকার জন্য বৈদ্যুতিক শক্তি এবং শিল্প সম্প্রসারণের ব্যবস্থা হয়েছে এবং অধিক টাকা ধার্য হয়েছে। আমরা সমস্ত জানি যে টাকা ধার্য হয়েছে, এটা আশার কথা কিন্তু সেই সঙ্গে এটাও মনে রাখতে হবে যে খরচের সঙ্গে আমাদের ফলপ্রাপ্তি কতটা হচ্ছে এটারও একটা সম্পৃক্তকরণ দরকার। কারণ আমরা অনেক জায়গায় দেখেছি, ফুলিয়া অঞ্চলে হরিদাসবাবুর কনষ্টিটিউয়েনসীতে দেখেছি অনেক জায়গায় খাল কাটা আছে ইরিগেসনের জন্য কিন্তু ২।৪ বছর ধরে একবিন্দু জলও সেখান থেকে পাওয়া যায় না এবং যদি বলা যায় তাহলে এক ডিপার্টমেণ্ট আর এক ডিপার্টমেণ্টকে দোষ দেয়, অর্থাৎ আমাদের যে এতটাকা খরচ হচ্ছে পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এতে এই যে ডিপার্টমেণ্টাল ফ্রিকসান এটা তো দূর হচ্ছে না। এক জায়গায় আমরা ডিপ-টিউবওয়েল করলাম, ইলেকট্রিসিটি পাওয়া গেল না হয়ত দু বছর ধরে, অথচ সেই ডিপ-টিউবওয়েলে হয়ত ৬০ হাজার টাকা সেখানে ২ বছর পড়ে থাকলো। এটা কি জাতীয় সম্পত্তি নষ্ট করা নয়? আজকে এরকম করে ইণ্টার ডিপার্টমেণ্টালে যে সহযোগিতার অভাব দেখা যায় এটা দূর করতে হবে, কারণ আমাদের হাতে যত বেশী খরচ হবে, যত পরিকল্পনা বাড়বে তাতে ইণ্টার ডিপার্টমেণ্টাল অর্থাৎ বিভিন্ন অন্তর্বিভাগীয় সহযোগিতার বন্দোবস্ত যদি না হয় তাহলে আমাদের বহু টাকা আথিক খরচ হবে, ব্যয় হবে, নষ্ট হবে। এজন্য আমি বলি তাঁদের এখন থেকে সাবধান হওয়া দরকার এবং এদিক দৃষ্টি দেওয়া দরকার। শিল্পায়ণ ও বেকারত্ব হ্রাসের প্রয়াসের কথা বলেছেন আমাদের রাজ্যপাল। একটা জিনিস আমরা দেখেছি কোলকাতা এবং দুর্গাপুর অঞ্চলে এই শিল্পায়ণ এবং বেকারত্ব হ্রাসের দেশসমূহ এলাকা হয়েছে কিন্তু আজকে পশ্চিম বাংলায় সর্বত্র এই সমস্যা। সেজন্য আজকে শিল্পায়ণ করতে গেলে শুধু দুর্গাপুর নয়—দুর্গাপুরে বৃহৎ শিল্প হোক কিন্তু তার সঙ্গে সঙ্গে মেসিনারী ইণ্ডাষ্ট্রীজ অন্যান্য অঞ্চলে করতে হবে, অর্থাৎ শিল্পায়ণে সমতা রক্ষা করতে হবে। দ্বিতীয় এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় রচয়িতারা একথা বলছেন যে সারাদেশে শিল্পায়ণে একটা সমতা রক্ষা করতে হবে। আজকে শিল্পায়ণে যদি সমতা রক্ষা না হয়—কোলকাতা এবং দুর্গাপুর যতই হোক আমরা চাই কিন্তু যদি একটা সমতা রক্ষা না হয় তাহলে কিছুই হবে না। কাজেই ক্ষুদ্র শিল্প এবং মাঝারি শিল্প যাতে গ্রামাঞ্চল, মফঃস্বল অঞ্চলে বিস্তারলাভ করে তার জন্য চাই একটা সার্ভে। হয়ত সব শিল্পে তা হতে পারে না কিন্তু পশ্চিমবাংলায় কোন জেলাতে ছোট মাঝারী এবং বৃহৎ শিল্প হতে পারে সে সম্বন্ধে যদি একটা সার্ভে থাকে এবং সেই অনুসারে যদি প্রচেষ্টা হয় তাহলে আমার মনে হয় শিল্পায়ণে সমতা রক্ষা করে সর্বত্র তা বিস্তারলাভ করে দেয়া সম্ভব হবে এবং তাতে বেকারত্ব দূর হবে। আজকে কোলকাতার উন্নয়ন খুব দরকার, কোলকাতায় বেকার আছে কিন্তু মফঃস্বলে যেসব মিউনিসিপ্যালিটি ভাল আছে সেখানে ঠিক সমান সমস্যা। ছোট ছোট মিউনিসিপ্যালিটি আরব্যান মিউনিসিপ্যালিটিগুলির সমস্ত আয় সেখানে খরচ হয়ে যাচ্ছে, তাদের বাঁচবার পথ নেই। সেইসব মিউনিসিপ্যালিটিগুলি আজ নানারকম সমস্যার সম্মুখীন হচ্ছে। এই কথা বলে আমি রাজ্যপালের ভাষণ সমর্থন করছি।

[4-30—4-40 p.m.]

Shri Subodh Banerjee :

I move that the following be added at the end of the Address in reply, namely :—

"But regret that there is not even the recognition of the increasing economic ruination, political persecution and cultural degradation brought upon the life of the common men of our country by the present rulers."

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ গতানুগতিক, ও যেন একটা ফিরিস্তি বেঁধে দেওয়া হয়েছে বিভাগের পর বিভাগ ধরে—ওঁদের কাজ তিনি বলে যান। তাতে বাস্তবের সঙ্গে কোন যোগাযোগ থাকুক বা না থাকুক। তাঁর অভিভাষণের দিকে তাকালে এটা পরিষ্কার বোঝা যায় যে গণজীবনে যে সমস্ত জবরদস্ত সংকটে ভুগছে, তার প্রতিও তাঁর দৃষ্টি নাই। পক্ষান্তরে এই পশ্চিমবাংলার প্রতি দিকে প্রগতি, উন্নতি, অগ্রগতি এই যা গতি আগের দিকে আছে, সেগুলি তার নজরে পড়েছে, আশ্চর্যের কথা বাস্তবকে অস্বীকার করবার এত বড় নির্লজ্জ প্রয়াস সাধারণতঃ দেখা যায় না। অবশ্য এতে অবাক হবার কিছু নাই। কারণ রাজপ্রাসাদে বাসকারী যিনি Top circle-এর সঙ্গে সংশ্লিষ্ট, গণজীবন থেকে সম্পূর্ণ যিনি বিচ্ছিন্ন, সেই রাজ্যপালিকার পক্ষে এর চেয়ে ভাল অভিভাষণ দেওয়া সম্ভব নয়। তা নাহলে সারা বাংলাদেশের যে সমস্যা, যা অত্যন্ত তীব্ররূপে দেখা দিয়েছে, তার সমাধানের রূপ থাকবে : কিন্তু তাঁর ভাষণের মধ্যে একটি গুরুত্বপূর্ণ আলোচনা পর্যন্ত তিনি করলেন না। কি সেই সমস্যা, কি কর্মসংস্থানের সমস্যা, বেকারীর সমস্যা ছাঁটাই সমস্যা? আপনি জানেন মাননীয় স্পীকার মহাশয়, আজ স্বাধীনতার ১৩ বছর পার হয়ে গেল, প্রায় ১৪ বছর দেশ স্বাধীন হয়েছে, দু-দুটা পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্পূর্ণ হলো। এর মধ্যে বেকার সমস্যার তীব্রতাব কম হওয়া দূরে থাক প্রত্যেক বছর আরো তা বেড়ে চলেছে। কি ধরনে বেড়ে চলেছে এ চিন্তা করতে পারা যায় না। শিক্ষিত বেকারে গোটা দেশে ছেয়ে গিয়েছে। একশো শিক্ষিত লোকের মধ্যে ৭০ জন বেকার। এটা সরকারী তথ্য : আমার কথা নয়। আর এদিকে সরকার ঢাক পেটাচ্ছেন আমাদের পঞ্চবার্ষিক কল্পনা সফল হয়েছে। সফলতার নিদর্শন যদি এই হয়—শিক্ষিতেরা বেকার হয়ে থাকবে, তাহলে তা সফলতার চরম প্রমাণ। গ্রামীন বেকারের কথা আর তুলব না। কারণ ১৩ বছরের মধ্যে তাদের সংখ্যা যে কত, সেটা জানবার জন্য সরকার কোন প্রয়োজনবোধ করেন নাই, এর সমাধান দূরে থাক, এর তীব্রতা কমাবার জন্যও কংগ্রেস সরকার কোন চেষ্টা করছেন না। গ্রামের বেকার কত এই সংখ্যা নিরূপণ করবার কোন প্রচেষ্টা সরকারী তরফ থেকে হল না, নূতন কর্মসংস্থানের কথা ছেড়েই দিন।

পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্বন্ধে বলা হয়েছে—দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার যোজনায় দু-কোটি নূতন লোককে চাকরী দেওয়া হবে। এখন ছেড়ে দিন সেকথা। পুরাণ যারা চাকরী করতো, সেইসব শ্রমিক কর্মচারীরা—আজ নাই। দেশ স্বাধীন হয়েছে, মানুষ আশা করেছিল তারা খেয়ে পরে বাঁচবে। গত ১৩ বছরে পশ্চিম বাংলায় একমাত্র চটকলে দেড়লাখ শ্রমিক ছাঁটাই হয়ে গেল। Engineering শিল্পে, সুতাকলে, চা-বাগানে পশ্চিমবাংলায় ১৯৫৯ সালে যে Factory খুলেছে, মোট ৬ লক্ষ ৬৫ হাজার শ্রমিক তাতে নিযুক্ত ছিল। আজ সেই সব ফ্যাক্টরীতে মাত্র ৬ লক্ষ শ্রমিক রয়েছে এবং গত ১১ বছরের মধ্যে ৬৫ হাজার শ্রমিক সেই সব ফ্যাক্টরী থেকে ছাটাই হয়ে চলে গেছে। এ কোন্ দেশের পরিকল্পনা? এটা সরকারী ফিতার। এটা চ্যালেঞ্জ করে লাভ নাই। এখন সেই সব ফ্যাক্টরীগুলিতে ৬ লক্ষ ৬৫ হাজারের জায়গায় ৬ লক্ষ শ্রমিক কাজ করছে। এতো গেল শ্রমিকদের কথা।

তারপর বাংলাদেশের চাষীর দিকে তাকিয়ে দেখুন। গত দশ বছরে ভাগচাষী, গরীবচাষীর ১ লক্ষের মত জমিহীন ও বেকার হয়ে চলে গেল। এর মধ্যে শতকরা ১২'৮ জন চাষী-জমিহীন হয়ে ভূমিহীন চাষীতে পরিণত হয়েছে শুধু তাই নয়। যাদের আমরা artisan বলি, সেই কুটিরশিল্পীরা মরে ভূত হয়ে গেল, কাঁসারীদের খুঁজে পাওয়া যায় না, বাংলার শাঁখ শিল্পীরা অন্যত্র চলে গেল। কতলোক যে ওর ফলে বেকার হ'ল তার সংখ্যা পর্যন্ত সরকার নিলেন না। চাষী, মজুর, কর্মচারী, নিম্নমধ্যবিত্ত থেকে আরম্ভ করে ছোট, ছোট ব্যবসাদাররা সরকারী নীতির ফলে পথে বসেছে। গত দশ বছরের মধ্যে বাংলাদেশে ৯৬৭টা ছোট ও মাঝারী ব্যবসা প্রতিষ্ঠান লালবাতি জ্বালতে বাধ্য হল। শুধু কি তারাই হল? তাদের সঙ্গে মধ্যবিত্তরা, যারা টাকা দিয়েছিল তারাও গেল এবং যারা চাকরী করত তারাও গেল। ওঁদের সমস্ত ব্যবস্থাতেই ওই রকম অবস্থা হয়ে দাঁড়াল। এটা হয় কেন? তার কারণ হল—এটা পুঁজিবাদের অর্থনীতির অবশ্যম্ভাবী ফল। পুঁজিবাদী—থাকলেই, বেকারী থাকবে, বেকারত্ব বাড়বে। এর একমাত্র সমাধান হচ্ছে সমাজতন্ত্র প্রতিষ্ঠা। তাই দেখে এ্যামেরিকার মত শিল্পায়নের দেশেও ৫০ লক্ষ বেকার ভুগছে, না খেতে পেয়ে। আর অন্যদিকে চীনের মত পিছিয়ে পড়া যে দেশ, তার লোকসংখ্যা ৭০ কোটি, সেখানে বেকার নেই। পুঁজিবাদী অর্থনীতি থাকলে, যতই শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলুন না কেন, সেখানে বেকারত্ব থাকবেই। কারণ supply of labour, demand of labour থেকে বেশী করতে হবে, কম মজুরী দিতে হবে। সুতরাং সেই supply of labour যাতে বেশী করা যায় ছাঁটাই করে দিয়ে, লোককে বেকার করে রেখে, অল্প দামে মজুর পাওয়ার জন্য এই বেকারী সৃষ্টি হচ্ছে। আজ বাংলাদেশে ও তাই হচ্ছে।

তারপর বলেছেন আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল হয়েছে। সফল হয়েছে ঠিক। কিন্তু সেই পঞ্চবার্ষিকী পরিকল্পনার সফলতা গণজীবনের সুখস্বাচ্ছন্দ চিন্তা করে—তাদের মূল নিয়ন্ত্রণের জন্য কোন প্রচেষ্টা এতে নেই। অন্যদিকে জনতার জীবন-এর মান ক্রমশঃ নীচের দিকে নেমে যাচ্ছে। মানুষ ধ্বংস হয়ে যাচ্ছে। অর্থনৈতিক জীবন বিপর্যস্ত হয়ে যাচ্ছে। স্পীকার মহোদয়, বেকার ও ছাটাই শুধু নয়, তার সঙ্গে চলেছে অর্থনৈতিক বিপর্যয়। সরকার পরিকল্পনা করার নামে পরের বোঝা এমন ভাবে চাপিয়েছেন যে তা বলবার কথা নেই। শুধু পরের বোঝাই নয় মুদ্রাস্ফীতি, inflation তার ফলে চড়া দাম; এর মাঝে পিষ্ট মানুষ পেট হচ্ছে, sandwiched হচ্ছে। একদিকে ট্যাক্সের উপর ট্যাক্স, আর একদিকে inflation জিনিসের দাম ক্রমশঃ বেড়ে চলেছে। এই দুয়ের মাঝখানে পড়ে গণজীবন বিনিষ্ট হচ্ছে, তার ফলে অন্ধকার দেখছে।

এটা ঠিক মুদ্রাস্ফীতি নয় কিছু আয় বেড়েছে। কিন্তু টাকার যদি প্রকৃত মূল্য যাচাই করেন, তাহলে দেখা যাবে টাকার প্রকৃত মূল্য real income-এর তুলনায় অনেক কমে গিয়েছে। সরকারের নিদিষ্ট কমিশন ও কমিটি থেকে দেখতে পাবো। প্রথম মজুর এনকোয়ারী কমিটির রিপোর্টে আছে—তাঁরা বলেছেন পশ্চিম বাংলায় একজন খেতমজুরের মাসিক সর্বোচ্চ গড়ে আয় ৯ টাকা, আর তার সর্বনিম্ন আয় হল ৬ টাকা। এটা প্রথম এগ্রিকালচারাল এনকোয়ারী কমিটির রিপোর্টের কথা। তারপর দ্বিতীয় এগ্রিকালচারাল এনকোয়ারী কমিটির রিপোর্টে বলা হচ্ছে তাদের অবস্থা আরও খারাপ হয়েছে, অবনতি হয়েছে, তাদের মাসিক আয় ৯ টাকার চেয়ে কমে গিয়েছে। তাহলে বুঝুন তাদের অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। সরকার বলছেন আমাদের পরিকল্পনা সুন্দর ভাবে গড়া হয়েছে, আমরা দেশকে দুধ এবং ক্ষীরে ভাসিয়ে দিলাম। কার ঘরে সেই ক্ষীর, দুধ যাচ্ছে আপনি একবার ভেবে দেখুন। ঐগুলি যাচ্ছে মন্ত্রীদের ঘরে, তাঁদের বন্ধুবান্ধবদের ঘরে, আর কালবাজারের বড় বড় পুঁজিপতি, ধনীদের ঘরে।

[4-40—4-50 p. m.]

Rural Indebtedness Committee-র Surety-র দিকে তাকিয়ে দেখুন। তারা বলছে ছোট চাষী মাঝারী চাষীদের ১০০টিই ঋণগ্রস্ত পরিবার। কর্মচারীদের দিকে তাকিয়ে দেখুন তারা বলছেন ৩০০ টাকা বেতন পায় যে কর্মচারী তাদের ৮৫ জনই ঋণগ্রস্ত পরিবার। হবে না কেন? স্পীকার মহাশয়, আপনি কি জানেন এই রাজ্যের গড় মজুরী কত? গড় মজুরী ১৷৷৵০—যে রাজ্যের গড় মজুরী এ রকম সেখানে সংসার চালাতে গেলে কি করতে হয় আপনি বুঝুন, ঋণ করা ছাড়া উপায় নাই, ঋণ তাই তাদের বছরের পর বছর বেড়ে চলেছে। রাজ্যপাল মহোদয়া আমাদের উপদেশ দিয়েছেন অর্থনীতির বুলি আওড়ে বলেছেন অনুন্নত দেশকে উন্নত করতে হলে পুঁজির অপ্রতুলতা দূর করতে হবে। কিভাবে দূর করবার? এই সমস্ত ক্ষেতেমজুর নিম্ন মধ্যবিত্ত চাষী যার ১০০ জনই ঋণগ্রস্ত জিনিস যাদের আয় ১৷৷৵০ তাদের কি কিছু বাঁচে? তাদের জনজীবনের সঙ্গে কোন যোগ আছে এটা বলতে পারি না। এই যেখানে অবস্থা Capital formation তারা করবে কি করে? Capital formation করতে হলে Saving করা দরকার, saving করতে হলে expenses-এর উপর surplus হওয়া দরকার, আয় ব্যয়ের চেয়ে বেশী দরকার। তা চীনদেশে হয়েছে, বিদেশী সাহায্য ছাড়াই বড় পরিকল্পনা তারা করেছে কিন্তু আমাদের দেশে তা হোল না। যেখানে দেশের ৯৯ জন লোকই ঋণগ্রস্ত তারা করবে capital formation? আর এই যে পরিকল্পনা-এর জন্য তারা ত্যাগ করছে, পেটে গামছা—বেঁধে থাকবে এই উপদেশ দেওয়া হচ্ছে। একদিকে জীবনধারণের জন্য কর্ম তাদের নাই—অন্য দিকে ধনীর দিকে তাকিয়ে দেখুন মুনাফা তারা বাড়িয়ে চলেছে। স্বাধীনতার পরযুগে পুঁজিপতি এবং শিল্পপতির মুনাফা ৩ গুণ বেড়েছে আর জনসাধারণের আয় প্রকৃত আয় কমে গিয়েছে এর ফলে মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে এটা অস্বীকার করা যায় না—এবং অতিষ্ঠ হয়ে আন্দোলনের জন্য তারা ময়দানে এসেছে আর গণতন্ত্রের পূজারী ঢাক পিটিয়ে ফ্যাসিবাদী কায়দায় প্রত্যেকটি আন্দোলন স্তব্ধ করার চেষ্টা হচ্ছে। তাকিয়ে দেখুন Central Govt. Employees-দের ধর্মঘটের সময়। আপনি জানেন যে ধর্মঘট করে বৃটিশ সাম্রাজ্যবাদের সঙ্গে লড়ে স্বাধীনতা অর্জন করতে চেষ্টা করতে হয়েছে সেই ধর্মঘটের অধিকার এরা কেড়ে নিয়েছে Essential Service-এর কথা বলে। আপনি জানেন সৈন্য তলব করা হয়েছিল ধর্মঘট ভাঙ্গার জন্য আপনি জানেন National Volunteer Force প্রতিদিন নিযুক্ত করা হয় ধর্মঘট বন্ধ করার জন্য শুধু তাই নয় ধর্মঘটি নেতাদের বিনা বিচারে আটক করে দেওয়া হয়েছিল এই ধর্মঘটকে ভাঙবার জন্য সবচেয়ে বড় কথা হলো সংবাদপত্রের কণ্ঠরোধ করা হয়েছিল, কোন সংবাদ যদি ধর্মঘটিদের সংবাদপত্রে ছাপা হয় তাহলে ৬ মাসের জেল হয়ে যাবে, সাধারণ লোক যাদের ধর্মঘটের সঙ্গে কোন যোগাযোগ নাই সে যদি ৪টা পয়সাও সাহায্য করে—ধর্মঘটীদের তহবিলে, তাহলে তার ৬ মাস জেল হয়ে যাবে। তাহলে আয়ুবশাহীদের সঙ্গে প্রভেদ কোথায়? জিজ্ঞাসা করি পণ্ডিত নেহেরু যিনি কংগ্রেসী মার্কা গণতন্ত্রের বড় বড় কথা বলছেন তার সঙ্গে আয়ুবশাহীর প্রভেদ কোথায়? কোন প্রভেদ নাই।

প্রভেদ এখানে একটা show রাখছেন। সেই show ধীরে ধীরে আপনারা curtail করছেন। রাজনৈতিক নিষ্পেষণ, অর্থনৈতিক বিপর্যয়, অর্থনৈতিক শোষণ, এতেই ক্ষান্ত নয় আবার এই সাংস্কৃতিক অধঃপতন ঘটাচ্ছেন। এই মাত্র একজন কংগ্রেস সদস্য সংস্কৃতির কথা বললেন। সুস্থ সবল সংস্কৃতি কি আপনারা দেশে টিকতে দিচ্ছেন? আপনারা বুকে হাত দিয়ে বলুন ত সংস্কৃতি কোথায় এনে দাঁড়িয়েছেন? ছাত্ররা যাতে রাজনীতিতে না থাকে তারজন্য আপনারা আদা জল খেয়ে লেগেছেন, রাজনীতিতে নাবলে তাদের উশৃংখল বলে অভিযোগ করেন, কিন্তু আমরা সংস্কৃতির নামে খোলা রাস্তায় দেখছি ছেলেরা বেলেল্লাপানা করে বেড়াচ্ছে। পূজা প্রাঙ্গনে বিসর্জনের দিনে চোখ খুলে দেখুন এ জিনিষ দেখতে পাবেন। কিন্তু তার বিরুদ্ধে

একটা কণ্ঠও উচ্চারিত হয় না। এটা হচ্ছে Rock'n Roll, লারে লাপ্পার culture অবশ্য এটাকে আমি culture বলতেও ঘৃণাবোধ করি। এই জিনিষ দিয়ে মানুষের মন বিষাক্ত করে দেবার ষড়যন্ত্র হচ্ছে। কিন্তু এ সম্বন্ধে কোন কথা বলেন নি। কেন? কারণ চিরকালই আমরা এই জিনিষ দেখছি সে সমস্ত পুঁজিবাদী দেশে এ হচ্ছে। আদর্শহীন, সংকট বিধ্বস্ত পুঁজিবাদ জনতার রুদ্র রোষের সামনে ঠকঠক করে কাঁপছে। সেইজন্য জনতাকে ভুল পথে নিয়ে যেতে হলে তাদের মধ্যে যৌন প্রবৃত্তির উসকানি দাও, মানুষের মধ্যে perversive nature fan up কর। করছেনও তাই। আপনাদের সামনে, আপনাদের শোষণে ব্যতিব্যস্ত ও অতিষ্ঠ হয়ে মানুষ যখন বেশী করে সংগ্রামের ময়দানে নামছে তখন তাদের কৌশলে সংগ্রাম থেকে দূরে নিয়ে যাবার জন্য তাদের মধ্যে এই যৌন প্রবৃত্তিকে প্রচার করার চেষ্টা করছেন। cinema poster সাহিত্যের মধ্যে দিয়ে এই জিনিষগুলি হচ্ছে। নেতারা আজকে একবারও বললেন না, এ কথা একবারও শুনলাম না যে, দেশে সংস্কৃতির নাম করে যে বেলেল্লাপানা চলছে, যুবকদের যাতে ভাসিয়ে নিয়ে যাচ্ছে তা রক্ষা করবার চেষ্টা করতে হবে। চান না আপনারা এর বিরুদ্ধে প্রতিবাদ করতে। ঠিক এমনি করেই হয়েছিল ফ্যাসিবাদীর বিরুদ্ধে বিপ্লব। এমনি করেই বিপ্লব আসে মানুষ যখন desperate হয়ে যায়।

Urchin দিয়ে বিপ্লব হয় না। নেপালবাবুর কথায় প্রতিবাদ করে লাভ নেই। মুশকিল হচ্ছে, যে জেনে বলেন তার প্রতিবাদ করা চলে কিন্তু যে জানেন না তার প্রতিবাদ করে লাভ নেই। বিপ্লব তারাই করে যারা সর্বস্ব ত্যাগ করতে প্রস্তুত। এ শুধু 20th centuryতে নয়, যুগে যুগে তারাই সামনের দিনের পথ দেখিয়ে যায়। যারা ইংরাজদের বিরুদ্ধে লড়েছিল তারা কি সব urchin ছিল? তাদের মধ্যে হয়ত দু'একজন থাকতে পারে, কিন্তু তারাই সংগ্রামে এগিয়ে যায় যারা vanguard of the people। vanguard of the people দিয়েই বিপ্লব হয়, যারা আদর্শে অনুপ্রাণিত। যারা সামান্য স্বার্থের দ্বারা চালিত হয় না। তাই urchin দিয়ে বিপ্লব হয় না। ফ্যাসিবাদেও এই জিনিষ হয়েছে তারা মানুষকে এই বিপ্লবের পথে আসবার জন্য আটকে দিয়েছে। এখানেও সেই চেষ্টাই করছেন। জনতার জীবনের এই ব্যথা, এই সর্বাঙ্গীণ অধঃপতনের মুক্তি পুঁজিবাদের পথে হবে না। তারজন্য দরকার সমাজতন্ত্রবাদ। কিন্তু তা abadi socialism-এর পথে নয়। এই বিপ্লবের পথেই মানুষ যেতে চেষ্টা করবে। এরজন্য হয়ত বহু মার খেতে হবে কিন্তু মার খেয়েও বলে যাবো একদিন এই যে মানুষ-এর বিরুদ্ধে লড়াই করবে তারাই জিতবে এ বিষয় কোন সন্দেহ নেই। এই বিশ্বাস সাধারণ মানুষের উপর আছে, এই বিশ্বাস আমাদের ন্যায়ের প্রতি আছে সত্যতার প্রতি আছে। কিন্তু যে বিশ্বাসের জোরে পুঁজিবাদের স্বার্থ রক্ষার জন্য গভর্ণর ভাষণ দিয়েছেন সেই ভাষণের আমি তীব্র নিন্দা করি, সমর্থন করা ত দূরে থাকুক।

[4-50—5 p. m.]

Shri Gokul Behari Das :

Mr. Speaker, Sir, I have carefully read the Government policy as laid down in Her Excellency's Address in the legislature and we are in a position to say that we are in general agreement with the same. We recognise with satisfaction also the notable progress that has been made in various fields. We, Sir, work under a democratic set up. There must be criticism, there is scope for criticism, but after the recent revelations about the unsuccessful nature of the progress made in the agricultural fields in Russia and in China we think we can face the criticism with better conviction in our own system.

Now, Sir, we are happy that the food situation has eased a great deal, but at the same time we must say that this improvement noticed is not permanent and is not due to any permanent reason and we have not yet turned the corner. Sir, we think greater concentration should be made on furnishing irrigation facilities so that it may be possible to raise double crops. If that can be made possible the problem of food would disappear and rural unemployment also would be solved. Our friends on the other side have laid greater stress on the factories and commented on the reluction of labour in the factories, but we think, Sir, that factories cannot solve unemployment problem because mechanisation is bound in the end to reduce labour. We therefore must seek solution of cottage problem elsewhere and we should lay greater stress on development of the industries and small-scale industries. While speaking of this I must say though great progress has been made in some fields of cottage industries, as for instance, handloom weaving, there are cottage industries which are facing ruin. I will draw attention of the Government to the brass and bell-metal goods trade which is facing a crisis due to competition of plastic and glass wares and also aluminium goods. Now, a large community is engaged in this trade and Government should pay serious attention so that these people may be saved.

Now, coming to education I want to stress the fact that moral and spiritual aspect of education is being neglected. More and more material outlook is dominating our life and that is also reflected in education, but unless we lay stress on spiritual and moral education there is great danger to society.

Now, great developments are being made in the various social welfare schemes. Large development schemes are being undertaken but the compensation laws are old and they are not adequate to cope with modern developments. I want to draw the attention of the authorities to the fact that these development schemes are throwing the people out of their homes. They are being compelled to leave their dwelling houses, to leave their occupation, to leave their paddy fields, the source of their revenues. Is money compensation enough for that? I would say, no. I would, therefore, ask the Government in all seriousness to change the compensation laws and to make proper provisions, so that these people may be properly rehabilitated. Unless you do this, there will be increase in human suffering on a large scale. Sir, there is another aspect of this question. These development schemes are swallowing up large areas of paddy fields. This is causing great loss to agriculture and food production and also causing in some way unemployment. I would, therefore, ask the Government to consider this when these schemes are formulated. I would request them to keep this in mind that attention should be bestowed to see that paddy fields are saved as much as possible. Sir, Government is thinking of Greater Calcutta and also of the new township around the Diamond Harbour Road. Already people have begun saying that they may be evicted as a result of scheme. The Government should take these matters into consideration and see that human suffering is not increased and they should make provision for the rehabilitation of these people. Sir, in the Governor's address we do not find any mention of law and justice problem. We think that separation of judiciary from the executive is overdue. We notice with great concern that greater and greater inroad is being made into civil matters by the executive. After the introduction of the West Bengal Estates Acquisition Act suits between the landlords and the tenants which used to be decided by the civil courts have now passed into the hands of the executive under the certificate procedure. These people are not equipped with necessary training and I should, therefore, request the Government to see that these matters come under the administration of the civil courts. Provision should also be made to this effect that appeals instead of going to the District Magistrate should go to the District Judge. It is high time now that it should be seen that civil matters do not come to the executive. Sir, in the wake of the great development that are taking place, in the wake of the great new Departments that have been brought

into being we find greater and greater power concentrating in the hands of the executive in civil matters.

Government should see that these are not dealt with by the executive, they should be brought under the control of the civil court and the High Court.

[5—5-25 p. m.]

The price of articles is rising, There is no doubt about it. In developing economy this is unavoidable but still we think that this should not be oppressive and the Government should take proper measures to control it within limits and for this purpose Government should set up a permanent committee of official and non-official experts to advise the Government in these matters.

After the introduction of the West Bengal Estates Acquisition Act many people middle class people specially in the district of Bankura who used to depend upon the income from land, who used to live upon saja rent derived from the tenants, have been deprived of these sources of income. Now they have to seek new fields for their source of income and I request the Government to see that proper facilities are given to them and therefore I suggest that an industrial estate should be set up at Bankura and other places where middle class people may find opportunities for taking to new occupation.

Sir, a reference was made by one of our friends in the Opposition about the agitation that is going on about the payment of compensation in the Kansabati project. So far as this question is concerned, I do not think my friends are acquainted with the real facts. It is definitely known that paddy fields will not be submerged before July 1962. Now these people have been told by the authorities many times, by the Hon'ble Minister, by the District Magistrate, that they would be given time before the rainy season they would be paid compensation before the lands are submerged for removing to other places. It is contemplated that compensation would be made available to six villages by next March and by next June another 9 or 10 villages would get compensation and it is also considered possible to pay compensation to the remaining villages by next October or November still 8 or 9 months would be left before submergence. So much of the agitation is due to misunderstanding and we are told and we have definite information that people from outside the village are carrying on the propaganda that people will not get compensation at all.

They will suffer if the land is submerged. This is not true. Proper understanding should be made between the people and the Government. We, therefore, ask the Government to come out with a clear statement enunciating their policy and enunciating how the position stands so that the people outside Bankura also may know the real situation, so that public opinion may play upon the matter and bring a reasonable view among the people who have keeping up the agitation.

Sir, with these words, I support the motion that is under discussion.

[At this stage the House was adjourned for 15 minutes]

[**After adjournment**]

[5-25—5-35]

Calling Attention to Matters of Urgent Public Importance

Shri Syed Badrudduja :

Sir, I called the attention of the House day before yesterday in connection with a very serious incident that occurred at 6-30 p.m. on that particular day. About

that incident there has been wide publicity in various newspapers. I need not dilate on that question at the present moment. On that particular day, a driver rashly and recklessly driving along the Chitpore Road wounded no less than 30 persons, 9 of whom have since died. Ultimately a crowd collected and the car was set on fire and burnt. The driver is reported to have been assaulted and he has since died. I contacted the Hon'ble Home Minister immediately after the incident. The Home Minister very kindly assured me of immediate action and it is reported that he has moved very seriously in the matter and it must be said to the credit of the officer in charge of the Jorasanko Police Station and A. C., Central, that they appeared on the scene immediately after the incident and rose to the occasion and arrested and saved the situation. But for their timely intervention, there would have been very serious developments. But one incident which distresses the public most...

Mr. Speaker : You are making a statement.

Shri Syed Badrudduja :

Sir, I wanted to know what action the Hon'ble Home Minister has taken in the matter. He had very kindly assured me of immediate action in the matter. I would request him in all seriousness to throw further light on the situation so that in future there might be no repetition of this dastardly incident and proper action might be taken to arrest any further development in the matter.

The Hon'ble Kali Pada Mookerjee :

Sir, I would like to make a statement in connection with "Calling Attention" notice by Shri Syed Badrudduja about the serious motor-car accident which took place on Lower Chitpur Road on 5.2.61.

On 5.2.61 at about 6 O'clock in the evening, a motor-car No. WBE 7526 belonging to Messrs. Bengal Tea Co. of 9 Brabourne Road, while proceeding along Chitpur Road from south to north, knocked down a boy aged about 11 years in front of Naaz Cinema. Members of the public shouted and chased the car, but the driver tried to escape at some speed along Lower Chitpur Road and, in doing so, knocked down a number of persons. The car eventually dashed against a building near the crossing of Lower Chitpur Road and Tarachand Dutta Street and came to a standstill and was immediately surrounded by an infuriated mob. The members of the crowd malhandled the driver mercilessly and set fire to the car.

On receipt of information O. C., Barabazar Police station, rushed to the spot with two Sub-Inspectors and a force. Assistant Commissioner, Central, also came to the spot on receipt of information. The Police brought the situation under control with tact and promptitude, rescued the driver from the infuriated mob and sent him to the Calcutta Medical College hospital. The injured persons were also removed by ambulance and Police vehicles to hospital.

Fire Brigade came and put out the fire. Traffic which was suspended for about twenty minutes was resumed after the crowd had been dispersed by the Police.

Enquiries from the Medical College hospital and the Islamia hospital go to show that 26 persons had been admitted with various injuries out of whom 6 died in hospital and a few were discharged. The driver is lying in a precarious condition.

Two cases have been started at Barabazar Police-station, one for rash and negligent driving by the driver and the other for the riotous conduct of the mob.

I would like to mention that regarding one Traffic Inspector against whom

some allegations had been made by Mr. Syed Badruddoja, I asked the D.C., Central, and the D.C. Traffic, to hold an on-the-spot enquiry on the same night. They did hold an enquiry and, after enquiry, that officer has been put under suspension and the investigation is proceeding.

Shri Sunil Das:

I gave notice to raise a short discussion under rule 194 about the uncontrolled operation of cold storages in the State causing loss to the agriculturists.

Mr. Speaker :

I would draw your attention proviso to rule 195, to where it has been stated, "if an early opportunity is otherwise available for the discussion of the matter, the Speaker may refuse to admit the notice". You will have opportunity for discussion in course of the debate on the Governor's Speech and also during the Budget discussion. I do not think I should allow it.

Shri Sunil Das :

Am I then to understand that during the debate on the Governor's speech you would kindly allow me special time to raise a discussion on this matter ?

Mr. Speaker :

You cannot be given special time for it. You can discuss the matter while speaking during the debate on the Governor's speech.

Short Notice Question

Shri Sunil Das :

There is another matter to which I would draw your attention. I tabled a short-notice question on the suspended State Government employees. The short-notice question was circulated as an unstarred question. I was given to understand that reply was given but no answer came forward.

Mr. Speaker :

Before I come to a final decision in the matter, I shall direct my office to distribute such questions as also the answers. The answer to your question will be distributed.

Shri Sunil Das :

Is this question of State Government employees under suspension put in for written answer or for oral answer ?

Mr. Speaker :

For written answer.

Shri Sasabindu Bera :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—But regret the speech—

(i) lacks due appreciation of the shattered economy of rural West Bengal, especially of the peasantry, rural artisans, and fishermen, and fails to guarantee any kind of economic rehabilitation for these people or any solution of their food problem and other problems of life,

(ii) fails to present a true picture of unemployment in the State and points to no definite measures for the solution of the problem ;

(iii) contains no realisation of the wide scale frustration and wastage in the field of education in the State ; and

(iv) makes little or no reference to many other problems in the State and measures taken or proposed to be taken by the State Government for their solutions.

মাননীয় স্পীকার মহোদয়, রাজ্যপালের অভিভাষণ আমাদের সম্পূর্ণরূপে নিরাশ করেছে। রাজধানী থেকে দূরে, তাঁদের এই শাসনকেন্দ্র থেকে দূরে পল্লীবাসীরা যে দুঃখময় জীবন যাপন করছে তার প্রকৃত চিত্র এর মধ্যে আমরা দেখতে পাইনি। তাঁরা বিভিন্ন সুরে এবং ছন্দপূর্ণ ভাষায় এই সরকার কি করেছেন বা না করেছেন তার কিছু ইতিবৃত্ত এখানে দেওয়ার চেষ্টা করেছেন মামুলীভাবে। এতে দেশের বাস্তব চিত্র ফুটে উঠেনি।

রাজ্যপালের ভাষণে খাদ্যাবস্থা সম্বন্ধে বলা হয়েছে। আমি দেখেছি এখানে তিনি বলেছেন I am glad that the food situation in the State has improved.

কিন্তু তাঁর এই আনন্দের কারণ আমরা দেখছি যে এ বছর আকস্মিক ভাবে দেবানুগ্রহে আমন ফসল একটু ভাল হয়েছে তাই। তার সঙ্গে সঙ্গে উড়িষ্যার সঙ্গে যে Eastern Zone সৃষ্টি হয়েছে তারফলে খাদ্যাবস্থা অপেক্ষাকৃত সহজ হবে এ ধারণা করা যেতে পারে। কিন্তু বলা হয়েছে এ বছর নাকি বাম্পার ক্রপ হয়েছে। আমরা বুঝতে পারি না—'বাম্পার ক্রপ' বলতে কি তাঁরা বোঝেন। বহু বছর আমরা শুনে আসছি বাম্পার ক্রপের কথা। অথচ এই খাদ্যের অবস্থা বিশেষ করে পল্লীর জনসাধারণকে আজ যে ভয়ানক খাদ্য সংকটের মধ্যে দিন কাটাতে হচ্ছে, সে সম্বন্ধে তিনি কিছু বলেন নাই। একদিকে তিনি বলছেন বাম্পার ক্রপ হয়েছে অন্যদিকে আবার একটু হতাশ হয়েই বলছেন তারা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়ার জন্য চেষ্টা করছেন। এখানে তাই দেখছি তাঁর কলম থেকে বেরিয়ে গেছে Expert কমিটির কাজ। তাঁর গভর্ণমেণ্ট যে Expert কমিটি নিয়োগ করেছেন, সেই কমিটি বলছেন—If the state Government were to attempt to attain sufficiency in food—

তাহলে তাঁদের কতকগুলি কাজ করতে হবে। অর্থাৎ Expert কমিটি এই কথা বলছেন আমাদের সরকার attempt to attain sufficiency in food—অর্থাৎ খাদ্যে স্বয়ং-সম্পূর্ণ হওয়ার যথাযথ চেষ্টা পর্যন্ত করতে পারেন নি।

অথচ এঁরা বাম্পার ক্রপ দেখাচ্ছেন! Self Sufficiency-এর কথা বলছেন, পঞ্চবার্ষিক পরিকল্পনার পর পঞ্চবার্ষিক পরিকল্পনা আমাদের সামনে তুলে ধরেছেন এবং বৃথা আশ্বাস আমাদের দিচ্ছেন।

আমরা দেখছি আজকের দিনে খাদ্যের জন্য অধিকাংশ মানুষ নির্ভর করছে—নিজেদের উপরে নয় সরকারের একমুঠো রিলিফের উপরে। দেশে দৈন্য দেশের মধ্যে অভাব অনটন রয়েছে, তাই রিলিফ। কিন্তু কোন জাতিকে রিলিফ দিয়ে কি বাঁচিয়ে রাখা যায়? সেটা সম্ভব নয়। রিলিফে যে চাল ও গম দেওয়া হয়, তার পরিমাণ অত্যন্ত কম। দেশের লোক আজ অখাদ্য, কুখাদ্য নিয়মিতভাবে খেয়ে কোন রকমে বেঁচে আছে। আমি চাক্ষুষ দেখেছি যে বছরের শেষ-দিকে আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ মাসে মানুষ রাস্তার পাশের ময়লাকে সরিয়ে আজ ঘুনোকচু তুলে সিদ্ধ করে খাচ্ছে। এও দেখেছি যেশিশু বহুদিন রোগে ভুগেছে তাকেও এই কচুর মূল সিদ্ধ করে খেতে দেওয়া হচ্ছে পথ্য হিসাবে। এই হচ্ছে বাস্তব অবস্থা। আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা লাভ করবার জন্য যে ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল, তা এরা করেন নাই, সে পথে এরা যান নাই।

তারপর কৃষকদের অবস্থা। জমি সংক্রান্ত ব্যাপারে আগেও যেটুকু নিরাপত্তা তাদের ছিল আজ তাও নাই। আজ জোর গলায় বলা হ'চ্ছে ভূমি-সংস্কারের কথা। কিন্তু আসলে ভূমি-সংস্কার বা States acquisition বা বর্গাদার সংক্রান্ত যেসমস্ত বিধানগুলি করা হয়েছে, তাতে করে দেখছি যেসমস্ত বর্গাদার কৃষক আছে, তাদের হাত থেকে জমি চলে যাচ্ছে। আগে বর্গাদারকে মালিক ঠকিয়ে ফসলের অংশ তার যা পাওয়া উচিত ছিল, তার চেয়ে কম দিত। কিন্তু জমি সে চাষ করতে পেত। আজ এই আইন করে এখন তাদের জমি থেকে একেবারে উচ্ছেদ

করবার ব্যবস্থা করা হয়েছে। আজ কৃষকদের জীবিকার্জনের পথ একেবারে বন্ধ হয়ে গেছে এই expert কমিটি বসিয়ে কৃষকদের উন্নতিবিধানের উপায় খুঁজে পাওয়ার চেষ্টা করছিলেন, সে বিষয়ে কতটুকু কি ব্যবস্থা করা হয়েছে? প্রচার করা হয় অনেক কিছু। অনেক কিছু মেজারের কথা ঘোষণা করা হয়। ইরিগেশানের কথাই ধরা যাক। দামোদর ভ্যালী কর্পোরেশন সম্বন্ধে আমাদের এ পক্ষের জনৈক বন্ধু কিছু বলেছেন। আমি সে কথায় পরে যাচ্ছি। তবে এই বন্যা নিয়ন্ত্রণে যে সেটা ব্যর্থ হয়েছে, তা অবধারিত সত্য। এই পরিণতি তার দাঁড়িয়েছে। জনসাধারণকে এই কথা বলে নির্দেশ দেওয়া হচ্ছে যে বন্যায় অবশ্যম্ভাবী আক্রমণের হাত থেকে বাঁচতে হ'লে গ্রামে গ্রামে উঁচু ভিত বেঁধে ঘর করতে হবে। দেশ বন্যায় ভেসে যাবে, অথচ দেশের লোককে বন্যার হাত থেকে পরিত্রাণ দেবার কোন উপায়, কোন চেষ্টা নাই। শুধু দামোদর ভ্যালী কর্পোরেশনের কথা নয়, এই দামোদর ভ্যালী প্রজেক্টের ফলে—নিম্ন দামোদর অঞ্চলে যে বিশেষ সমস্যার উদ্ভব হয়েছে, সে সম্বন্ধে আমি বলতে চাই। নিম্ন দামোদর হাওড়া জেলায় বিস্তীর্ণ এলাকার জল নিষ্কাশনের ও সেচের প্রধান অবলম্বন। সেই নিম্ন দামোদর মজে শেষ হয়ে গেছে।

[5-35—5-15 p. m.]

তার জল ধারণ করবার ও বহন করবার ক্ষমতা সম্পূর্ণরূপে নিঃশেষ হয়ে গিয়েছে। নিম্ন দামোদর মজে গিয়েছে। আমাদের পক্ষ থেকে ফ্লাড এনকোয়ারী কমিটির কাছে এ সমস্ত বিষয় তুলে ধরবার চেষ্টা করা হয়েছিল। হাওড়া জেলার নিম্ন অংশে কৃষক ও কৃষিকে বাঁচানর জন্য নিম্ন দামোদরের সংস্কারের একান্ত প্রয়োজন। তাকে পুনরায় খনন করবার প্রয়োজন আছে। একথা আমরা বারবার বলেছি। কিন্তু আমরা জানি এ সম্বন্ধে আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হয়নি।

আমরা সেখানে দেখছি ইরিগেশন-এর অব্যাহত প্রয়োজন আছে কৃষির সংস্কার কার্যে, সে খাতে আমাদের সরকারের তরফ থেকে কোন সুপরিকল্পিত চেষ্টা নেই। কেন্দ্রীয় সরকার সেখানে উদাসীন, এবং তার চেয়ে বেশী উদাসীন আমাদের পশ্চিমবঙ্গ সরকার। এমনি ভাবে নানা দিক দিয়ে দরিদ্র কৃষকদের উপর আঘাতের পর আঘাত করা হচ্ছে, যার ফলে তারা ছিন্নমূল হয়ে গিয়েছে। তাদের যেখানে সাহায্যের প্রয়োজন আছে, সেখানে তাদের সেরূপ সাহায্য দেবার ব্যবস্থা নেই। তাহলে কৃষির উন্নতি কি করে হবে? বাম্পার ক্রপ হয়েছে বলে খুব উল্লাস প্রকাশ করা হয়েছে। কমিউনিটি ডেভালপমেণ্ট প্রজেক্ট দ্রুত এগিয়ে চলেছে বলে খুব উল্লাস প্রকাশ করেছেন। কমিউনিটি ডেভালপমেণ্টর ব্লকের সংখ্যা বছর, বছর বেড়ে চলেছে, প্ল্যানের পর প্ল্যান আসছে, এই সমস্ত ফলাও করে দেখান হচ্ছে। কিন্তু এই সমস্ত করে, তার ফল কি হচ্ছে তা কি লক্ষ্য করা হচ্ছে? আপনারা বলেন তাদের মাধ্যমে কৃষি সংস্কার, উন্নত ধরণের চাষবাস করা হচ্ছে। কিন্তু আমরা জানি—সে চেষ্টা আজও পড়ে আছে experimental stage-এ। আমরা দেখছি সরকার যে চেষ্টা করছেন তাতে স্থানে, স্থানে বিস্তীর্ণ মাঠের একপ্রান্তে দু-এক একর জমি নিয়ে দৃষ্টান্ত স্বরূপ, নমুনা হিসাবে সরকার অনুমোদিত পথে সার দিয়ে জাপানী পদ্ধতিতে চাষ ক'রছেন, এবং কোথাও তার সুফল দেখা যাচ্ছে আবার কোথাও বা তাতে ব্যর্থতাই দেখা যাচ্ছে। কাজেই এই পদ্ধতি কৃষকদের মনে আস্থা সৃষ্টি করতে পারেনি। উন্নত ধরণের বৈজ্ঞানিক প্রণালীতে চাষবাস করা খুব ভাল। কিন্তু সরকার যে পদ্ধতি নিচ্ছেন তা সঠিক কিনা, এবং ঠিক হ'লে তা জনসাধারণের মধ্যে কতখানি সংক্রামিত করে দেওয়া হয়েছে, তা কি তাঁরা করেছেন? কাজেই কৃষির উন্নতি কি করে হবে? কৃষকের যে দুরবস্থা, সেই দুরবস্থার মধ্যেই তাকে দিন কাটাতে হচ্ছে। তাদের সামনে কোন আশার আলো নেই। এ দেশে কৃষির উপর নির্ভরশীল ইকনমি। সেই ইকনমিতে একটা দারুণ ভাঙন দেখা দিয়েছে এবং যার আঘাত আজ সর্বশ্রেণীর মানুষের উপর এসেছে। পল্লী অঞ্চলে আর একশ্রেণীর জনসাধারণ যারা অর্থনৈতিক দুর্দশার মধ্যে চরম দারিদ্র্যে জীবনযাপন করছে—তারা হচ্ছে মৎস্যজীবী সম্প্রদায়। তারা দক্ষিণ বাংলার বিভিন্ন নদীতে মাছ ধরে জীবিকা অর্জন করত এবং শীতের মরসুমে আরও দক্ষিণ সমুদ্রের উপকূল ভাগে চলে যেত। কিন্তু আজ দামোদর, রূপনারায়ণ শেষ হয়ে গিয়েছে। সেখানে

একসময় বর্ষা নামলে ইলিস মাছ তাদের অবলম্বন ছিল, ইলিসের মরশুমে যা হোক কিছু উপার্জন করে তাই দিয়ে তারা সারা বছর দুবেলা খেয়ে কোন রকমে বাঁচবার ব্যবস্থা করত। কেউ কেউ শীতের দিনে আরও দক্ষিণ অঞ্চলে চলে যেত মাছ ধরতে। এই মৎস্যজীবী সম্প্রদায় যাদের একমাত্র জীবিকার পথ হচ্ছে খাল, বিল, নদী, সমুদ্রে মাছ ধরা, সেই পথ আজ সম্পূর্ণরূপে রুদ্ধ হয়ে গিয়েছে। এই নদীগুলি শেষ হয়ে এসেছে ইলিস মাছও শেষ হ'য়েছে। ইলিস মাছের সঙ্গে সঙ্গে তাদের জীবিকার পথ রুদ্ধ হয়ে গিয়েছে। সেখানে মাছ আর তারা পাচ্ছে না। তাদের বাঁচিয়ে রাখবার জন্য, তাদের জীবনে সুপ্রতিষ্ঠিত করবার জন্য, তাদের রিহ্যাবিলেটেড্ করবার গুরু দায়িত্ব সরকারের রয়েছে। সেদিকে সরকার পক্ষ থেকে কি ব্যবস্থা হচ্ছে? বলা হয়েছে tribal welfare scheme-এ আরও টাকা বেশী খরচ করা হয়েছে এবং inland fisheries-এর উন্নতি করবার জন্য ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু যারা fishermen, তাদের স্বাভাবিক বা অভ্যস্ত জীবনযাত্রায় যে সমস্ত কাজ অন্তর্ভুক্ত, সেদিকে তাদের কি সাহায্য দেওয়া হচ্ছে? এই যে tribal welfare-এর scheme করা হয়েছে তারমধ্যে কি fichermen-দের অন্তর্ভুক্ত করা হয়েছে? আমরা জানি তাদের riparian fisheries loan দেওয়া হয়েছিল, সেই loan আজকে তাদের কাছ থেকে আদায় করবার জন্য সার্টিফিকেট করা হচ্ছে—জোর ক'রে টাকা আদায়ের চেষ্টা হচ্ছে। তাদের নিজেদের খাওয়ার সংস্থান নেই, তারা অনাহারে দিন কাটাচ্ছে, তাদের উপর সার্টিফিকেট জারী করে লোন আদায় করার চেষ্টা হচ্ছে। দেশের তপশীলী আদিবাসী জনসাধারণের উন্নতিকল্পে, Tribal welfare department খোলা হয়েছে কিন্তু এই সকল তপশীলীদের বাঁচাবার জন্য আজ কি করা হচ্ছে? খাদ্য সমস্যা সমাধান হচ্ছে আর্থিক উন্নতি হয়েছে—এই সব কথা এখানে বলা হয়েছে। এই রকম সব উক্তির দ্বারা আত্মসন্তুষ্টি লাভের চেষ্টা হচ্ছে। এই ভ্রান্ত পথ পরিহার করে দেশের বর্তমান যে বাস্তব চিত্র সেটা বোঝবার চেষ্টা করা উচিত এবং তা বুঝে যে কার্যক্রম অনুসরণ করা উচিত সেটা গ্রহণ করা উচিত।

শিক্ষার ক্ষেত্রে আমরা দেখছি টাকা বরাদ্দ করা হচ্ছে। কিন্তু তার কতটা ঠিকভাবে ব্যয় করা হল, কতখানি অপচয় করা হল, কতখানি কাজে লাগল সে দিকে নজর না দিয়ে, এই সরকার শিক্ষার ব্যবস্থা করছেন।

শিক্ষাক্ষেত্রে বলা হয়েছে "Specially for the development of primary education"-এর জন্য বেশী করে টাকা খরচ করা হচ্ছে। কিন্তু বাস্তবে দেখছি ১৩।১৪ বছর ধরে সরকার primary Eduation নিয়ে এখনও হামাগড়ি দিচ্ছেন। এই সরকারই আবার গর্ব অনুভব করছেন যে তারা শিক্ষা সম্বন্ধে অনেক কিছু করেছেন। আজ শিক্ষার ব্যাপারে Primary মাধ্যমিক এবং উচ্চ শিক্ষার কোন মান কি নির্ধারিত হয়েছে? কিছুদিন আগে দেখলাম বলা হল প্রাইমারী পর্যায়ে স্কুলে অন্ততঃ পল্লী অঞ্চলে ইংরেজী পড়বার দরকার হবে না। আবার দেখছি অন্ততঃ আমাদের জেলায় চালু হয়েছে—হাওড়া জেলায় class III-তে A. B C. D. পড়ান আরম্ভ হ'চ্ছে। প্রাইমারী শিক্ষার সঙ্গে মাধ্যমিক এবং মাধ্যমিকের সঙ্গে উচ্চতর শিক্ষার সংযোগ সাধন হয়নি যাতে একটা পর্যায় থেকে উপরের পর্যায়ে সহজে এগিয়ে যাওয়া যায় সেরকম কিছু করা হয়নি। এ সকল দিকে সরকারের দৃষ্টি নাই। রাজ্যপালের ভাষণে তার স্বীকৃতি নেই। তাই এই ভাষণ নিন্দনীয় কাজেই আমি ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের প্রতিবাদ করি।

Shri Haridas Dey :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপাল মহোদয়া যে ভাষণ দিয়েছেন কাল থেকে তার আলোচনা ও সমালোচনা চলছে। আমি প্রথমেই তাঁকে আন্তরিক অভিনন্দন জানাই এইজন্য যে তাঁর ভাষণ এবার একটু অভিনব এবং গুরুত্বপূর্ণ। তাঁর ভাষণে প্রথম এবং প্রধান স্থান পেয়েছে আসামের ব্যাপারে। তিনি আসামের ব্যাপারে দাঙ্গার কথা উল্লেখ করেছেন এবং তিনি যে তার জন্য দুঃখিত হয়েছেন সেটাও প্রকাশ করেছেন। রাজ্যপালের ভাষণের উপর সমালোচনাও

আলোচনা চলছে বটে কিন্তু দেখতে পাচ্ছি যে অন্যবারের সমালোচনায় যে রকম উত্তেজনা থাকে এবার সেটা নাই, সব নিস্তেজ। এই থেকেই দেখতে পাচ্ছি রাজ্যপালের ভাষণে এমন কিছু নিশ্চয়ই আছে যার জন্য বিরোধীপক্ষের বলবার কিছু নাই, কিন্তু যেহেতু বিরোধী দলে আছি তাই কিছু বলতেই হবে—তাই বলে যাচ্ছেন তা ভিন্ন আর কিছু নয়। রাজ্যপাল খাদ্যের ব্যাপার উল্লেখ করেছেন তাতে এখানে দু-একজন বলে গিয়েছেন কৃষিখাতে যে টাকা ধরা হয় সেটা কৃষিখাতে খরচ না করে, কৃষি-শিক্ষায়, কলেজ ইত্যাদিতে বেশী খরচ হচ্ছে। পশ্চিমবঙ্গ খাদ্যের দিক থেকে ঘাটতি ছিল, সেই খাদ্যোৎপাদন যাতে বাড়ে, চাল যাতে বেশী উৎপন্ন হয় সে বিষয়ে সরকার দৃষ্টি দিয়েছেন, যার জন্য দেখতে পাচ্ছি প্রায় ১২ লক্ষ টন ধান বেশী উৎপন্ন হয়েছে। এটা প্রকৃতির আনুকূল্যে, কৃষক ও সরকারের সহযোগিতায় এবং সরকারের চেষ্টায় হয়েছে, একথা ঠিক, এবার যে ফসল হয়েছে বহু বছর এরকম ফসল হয়নি এবং আসছে ৫ বছরে আমরা যাতে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতালাভ করতে পারি এর জন্য টাকা বেশী ধরা হয়েছে, কৃষকদের ভাল বীজ বিতরণ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ইত্যাদি দ্বারা চাষের উৎসাহ দেবার ব্যবস্থাও হয়েছে।

আমি এখন নদীয়ার ব্যাপারটা সামান্য বলতে চাই। ১৯৫৯-৬০ সালে নদীয়ায় আমন ধান হয়েছিল ১ লক্ষ কয়েক হাজার মণ সেটা বেড়ে হয়েছে ২ লক্ষ ৩২ হাজার মণ, আউস Paddy-তে ২ লক্ষ ৩৪ হাজার ২১৫ একর জমি ছিল এবার সেটা হয়েছে ২ লক্ষ ৪১ হাজার ৫০০ একর এবং Sugarcane crop ৮ হাজার একর ছিল সেটা বেড়ে এবার ১২ হাজার ৯৭৬ একর হয়েছে এতেই বুঝা যাচ্ছে কৃষকরা কতদূর সরকারের সঙ্গে সহযোগিতা করে ফসল উৎপাদনের দিকে নজর দিয়েছে।

[5-45—5-55 p.m.]

এতেই বোঝা যায় যে কৃষকরা কতদূর সরকারের সঙ্গে সহযোগিতা করে ফসল উৎপাদনের দিকে নজর দিয়েছে। সেচের ব্যবস্থা আমাদের জগন্নাথবাবু বলে গিয়েছেন যে, ফুলিয়ায় যে সমস্ত খাল খনন করার কথা ছিল সে কাজ এখনও আরম্ভ হয়নি। কিন্তু একটা সুখের কথা, মাননীয় অজয়বাবু ও তরুণবাবুকে ধন্যবাদ দিচ্ছি, ফুলিয়া এলাকা যে সমস্ত deep tub well অকর্মণ্য হয়ে পড়েছিল, অনেক বলে কয়ে সেগুলিকে কার্যকরী করা হয়েছে যার জন্য ৪৩৮ একর জমিতে জল দেবার ব্যবস্থা হয়েছে এবং সেই জমিতে ফসল উৎপাদন বেশী হয়েছে। আমি এই বিষয়ে একটা কথার প্রতি তাঁদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। জল নিতে গেলে প্রতি একরে ২'৮০ নয়া পয়সা খরচ লাগে। কিন্তু যে সময় জল দরকার সে সময় অনেক চাষীর হাতে পয়সা থাকে না, সেই জন্য তারা জল নিতে পারে না। এই জল যদি ধারে দেওয়া হয় এবং ফসল হলে পর সেই টাকা যদি নেওয়া হয় তাহলে সকলেই জল নিতে পারে এবং এতে ফসল উৎপাদনও বেশী হতে পারবে। তারপর পাঁচশালা পরিকল্পনা নিয়ে এখানে অনেক সমালোচনা হয়েছে এবং এরদ্বারা কোন কিছুই যে সার্থক হয়নি একথা অনেকে বলেছেন। কিন্তু আমি বলতে চাই নূতন ধাঁচে বাংলাদেশ গঠন করার জন্য সরকার যে দায়িত্ব নিয়েছেন সেই দায়িত্ব বাস্তবে রূপায়ণ করবার জন্য দ্বিতীয় পরিকল্পনা—শেষ করে তৃতীয় পরিকল্পনা গ্রহণ করেছেন। এই পরিকল্পনা কার্যকরী করার জন্য বিদেশ থেকে টাকা ধার নেওয়া হচ্ছে এবং এনিয়ে অনেকেই criticise করেছেন। কিন্তু আমাদের দেশে দ্রব্য উৎপাদন করে তা বিদেশে বিক্রয় না করলে টাকা আসবে কোথা থেকে? এবং এই উৎপাদনের জন্য যখন অর্থের অভাব হয় তখন সেই অর্থ পাবার জন্য সরকারকে অনেক সময় বিদেশ থেকে সাহায্য নিতে হয়। দেখা গিয়েছে রাশিয়ার লেনিন সর্বপ্রথম এই পরিকল্পনার প্রবর্তন করেন এবং এটা কার্যকরী করবার জন্য সেখানকার জনসাধারণকে বাধ্য করান হয়েছিল এবং এমন কি সেখানকার জনসাধারণকে দিনের পর দিন অনাহারে কাটাতে হয়েছিল। কিন্তু ভারত সরকার জনসাধারণের স্বেচ্ছামূলক সহযোগিতার জন্য আহ্বান

করেছিলেন এবং দেখা গিয়েছে জনসাধারণ সরকারের সঙ্গে সহযোগিতা করেছে স্বেচ্ছায়, যার জন্য এই সব পরিকল্পনা রূপায়িত হয়েছে। রাশিয়া প্রথম যখন এই পরিকল্পনা নিয়েছিল তখন গম ছাড়া তারা আর কোন জিনিস রপ্তানী করতে পারতো না। এবং এই গম বিক্রয় করে বিদেশ থেকে তাদের যন্ত্রপাতি নিতে হয়েছিল। তারপর বেকার সমস্যার সমাধানের কথা বলা হয়েছে এবং বলা হয়েছে যে এরজন্য সরকারের সক্রিয় মনোভাব নেই। কিন্তু এই বেকার সমস্যা সমাধানের জন্য সরকার ৪টি Employment Exchange খুলেছেন এবং বিভিন্ন শিল্পে যাতে বাঙালী যুবকরা কাজ পায় সে বিষয়ে সরকার চেষ্টা করছেন। এতে বোঝা যায় যে সরকার বেকার সমস্যা সম্বন্ধে সম্পূর্ণ দায়িত্বশীল মনোভাবের পরিচয় দিয়েছেন আমাদের সরকার গ্রামের কুটিরশিল্পের উন্নতির দিকে নজর দিয়েছেন। এই কুটিরশিল্পে অধিকাংশ যুবককে যাতে নিয়ে যেতে পারেন সেইজন্য দ্বিতীয় পরিকল্পনায় যে টাকা ধরেছিলেন তার চেয়ে অনেক বেশী টাকা এখন ধরা হয়েছে। দ্বিতীয় পরিকল্পনায় অন্যান্য ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠিত করবার জন্য জোর দেওয়া হয়েছিল তৃতীয় পরিকল্পনায় সেটা আরো জোরদার করবার জন্য কর্মসূচী গ্রহণ করেছেন। বাংলাদেশের কুটির শিল্পের মধ্যে হস্ত-চালিত তাঁত-শিল্প শ্রেষ্ঠ। সেই তাঁত শিল্পে বহু বাঙালী কর্মী নিযুক্ত আছে।

আজকে হস্তচালিত তাঁতশিল্প ভীষণ সমস্যার সম্মুখীন হয়েছে। তাদের যে rebate দেবার System ছিলো তা সম্প্রতি বন্ধ হয়েছে। যে সব তন্তুবায়-সমিতি সুতা সরবরাহ করে না তাদের rebate দেয়া হবে না। এতে বাংলার তাঁতীদের ভীষণ অসুবিধা হচ্ছে, মাদ্রাজ এবং অন্ধ্রের কোন অসুবিধা হচ্ছে না কারণ তাদের তন্তুবায় সমবায় সমিতিগুলো সুপ্রতিষ্ঠিত। আজকে মাদ্রাজের চেয়ে বাংলার কাপড়ের দাম অনেক বেশী। কারণ বাংলার তাঁতীদের সুতা মাদ্রাজ থেকে আনতে হয়। সেইজন্যে শতকরা প্রায় ১৫ টাকা দাম বেশী পড়ে এবং কম্পিটিশনে পেরে উঠে না। সেজন্যে আমি সরকারের কাছে অনুরোধ করবো যাতে তাঁতীদের রিবেট দেওয়া হয় এবং যাতে এই আর্থিক বছরের মধ্যে ২৫ লক্ষ টাকা তাদের দেওয়া হয় সেই ব্যবস্থা করা হউক, তা না হলে তাদের সম্মুখে যে সঙ্কট তা থেকে তারা উদ্ধার পেতে পারে না। তাছাড়া একটা রিভিউ কমিটি official ও non-official member দিয়ে গঠন করা হউক। যাতে এই কমিটি প্রতি তিনমাস অন্তর তাদের সুবিধা অসুবিধার দিকে নজর রাখবেন এবং সেই অনুযায়ী সরকারের কাছে সুপারিশ করবেন, এই উচ্চ ক্ষমতা সম্পন্ন রিভিউ কমিটি তাঁত শিল্পের উন্নতির দিকে লক্ষ্য রাখবেন এবং সরকার তাদের সুপারিশ অনুযায়ী সাহায্য করবেন। এই কয়েকটি কথা বলে আমি রাজ্যপাল মহোদয়ার ভাষণে আন্তরিক সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ganesh Ghosh :—Sir I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সাথে লক্ষ্য করিতেছি যে, নিম্নলিখিত বিষয়গুলির কোন উল্লেখ নাই—

(১) রবীন্দ্র জন্মশতবার্ষিকী উপলক্ষে পশ্চিমবঙ্গ-সরকারের সকল ক্ষেত্রে বাঙলা ভাষা ব্যবহারের জন্য সরকারের উদ্যোগের অভাব ;

(২) বাঙলার সংস্কৃতির মান উন্নয়নের জন্য এবং বাঙলার সংস্কৃতির প্রসারের জন্য সরকারের উদ্যোগের অভাব ;

(৩) সংস্কৃতি প্রচার ও প্রসারের অন্যতম বাহন বাঙলার চলচ্চিত্রশিল্পের রক্ষা ও উন্নতির জন্য সরকারের উদ্যোগের অভাব ,

(৪) রবীন্দ্র জন্মশতবার্ষিকী উৎসব যথাযোগ্যভাবে পালন করিবার জন্য সরকারের উদ্যোগের অভাব এবং এই জন্মশতবার্ষিকী উৎসব উদ্‌যাপনে জনগণের ব্যাপক সহযোগিতা গ্রহণে সরকারের উদাসীনতা ;

(৫) বাঙলার সংস্কৃতির বিভিন্ন বাহনসমূহের রক্ষা ও উন্নতির জন্য সরকারের যথাযোগ্য দৃষ্টিভঙ্গি, নীতি ও উদ্যোগের অভাব ; এবং

(৬) পশ্চিম বাঙলায় খেলাধূলার মান উন্নয়নের জন্য এবং কলিকাতায় আজ পর্যন্তও একটি স্টেডিয়াম নির্মাণে সরকারের উদাসীনতা।"

মাননীয় স্পীকার মহাশয় পশ্চিম বাংলার সংস্কৃতি সমৃদ্ধিশালী করবার জন্যে এবং তার মান উন্নয়ন করবার জন্য পশ্চিমবাংলা সরকারের কোন পরিকল্পনা বা নীতি এবং দৃষ্টিভঙ্গী দেখতে পাই না, এটা রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে স্পষ্টই বোঝা যাচ্ছে। এবছর রবীন্দ্রজয়ন্তী শতবার্ষিকী উৎসব পালন করতে আমরা চলেছি। শুধু আমরা কেন পৃথিবীর সমস্ত দেশেই এই উৎসব পালিত হবে। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে এই সম্পর্কে আমরা কিছুই দেখতে পাই না। রবীন্দ্রনাথের জন্মভূমি বাংলাদেশ সেজন্যে আমরা গর্বিত এবং এই উৎসব আমরা মহাসমারোহে পালন করতে চাই, সেই সম্বন্ধে যদি কোন পরিকল্পনা না থাকে তাহলে এই উৎসব কিছুতেই সাফল্যমণ্ডিত হতে পারে না। আমার মনে হচ্ছে সরকার এই সম্পর্কে সম্পূর্ণ উদাসীন এবং এই উৎসবে জনসাধারণের সাহায্য ও উৎসাহের কোন প্রয়োজন আছে বলে তারা মনে করেন না। আমরা শুনেছি এই উৎসব পালন করার জন্যে একটি কমিটি নির্বাচিত হয়েছে এবং মুখ্যমন্ত্রী বিধানবাবু এর সভাপতি হয়েছেন। কিন্তু এই কমিটিতে কারা কারা আছেন এবং কমিটির মেম্বার কারা নির্বাচন করলেন এবং এই কমিটির কি কাজ তা জনসাধারণ আজ পর্যন্ত জানে না। এই কমিটির উৎসব পালন সম্পর্কে কোন পরিকল্পনা আছে কি না তা জনসাধারণ জানেন না। শুধু আমরা শুনেছি, যে পশ্চিমবঙ্গ সরকার 'রবীন্দ্রজন্ম শতবার্ষিকী উপলক্ষে একটি জাতীয় নাট্যশালা প্রতিষ্ঠা করবেন ; রবীন্দ্র সাহিত্যের ভিত্তিতে কয়েকটি চলচ্চিত্রও তৈরী করবেন। রবীন্দ্র রচনাবলী প্রকাশ করেই তারা তাদের দায়িত্ব পালন করবেন।

[5-55—6-5 p.m.]

এছাড়া আর যে তাঁরা কিছু করবেন তাতো মনে হয় না। অথচ বাংলার জনসাধারণ আশা করেছিলেন যে রবীন্দ্র জন্ম শতবার্ষিকী বৎসর থেকে পশ্চিমবঙ্গে সরকারী ভাষা হিসাবে বাঙালী স্বীকৃতি পাবে। এই বছর থেকে সরকারী প্রত্যেকটা বিভাগে ইংরাজীর পরিবর্তে বাংলাভাষা চালু করা হবে এইরকম কোন আশা রাজ্যপালের ভাষণে নেই। অর্থাৎ অদূর ভবিষ্যতে পশ্চিমবঙ্গ সরকার ইংরাজীর বদলে বাংলা ভাষাকে যে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করবেন তা মনে হয় না। ইংলণ্ডের রানীর আগমন উপলক্ষ করে কংগ্রেস নেতারা যে আতিশয্য দেখাচ্ছেন তা থেকে এই সন্দেহ মনে হওয়া খুবই স্বাভাবিক বা বাংলা ভাষাকে তাঁরা স্বীকৃতি দেবেন না। অর্থাৎ যতদিন পর্যন্ত কংগ্রেস নেতারা ক্ষমতায় আসীন থাকবেন ততদিন পর্যন্ত ইংরাজ ভাষা-ইংরাজী তারা ছাড়বে না। মুখ্যমন্ত্রীর কাছে তাই আমাদের দাবী যে রবীন্দ্র জন্ম শতবার্ষিকী বৎসরে বাংলাভাষাকে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করে রবীন্দ্রনাথের প্রতি যথাযোগ্য শ্রদ্ধা প্রদর্শন করুন। এ সম্পর্কে আরও ২।১টি কথা বলব। পশ্চিমবঙ্গ সরকার সুলভ মূল্যে রবীন্দ্র সাহিত্য যাতে জনসাধারণ পায় তারজন্য রবীন্দ্রসাহিত্য প্রকাশ করার ব্যবস্থা করেছেন। সত্যি-মিথ্যা জানিনা তবে আমরা শুনেছি যে পশ্চিমবঙ্গ সরকার এ সম্পর্কে শান্তিনিকেতনের সঙ্গে কোন আলোচনা করেননি। এটা যদি সত্য হয় তাহলে বলব যে এটা অশালীন হয়েছে ; অসৌজন্যবোধক হয়েছে। আর একটা কথা হচ্ছে যে রবীন্দ্রনাথ যে খাটের উপর মারা গিয়েছিলেন সেই খাটখানা নাকি কোন হাসপাতালে অবহেলিত অবস্থায় পড়ে আছে। কলকাতার সমস্ত সংবাদপত্রে এই খবর বেরিয়েছিল। কিন্তু আজ পর্যন্ত কি সরকারের সুযোগ হল না সেই খাটখানা এনে রবীন্দ্র মিউজিয়ামে রক্ষা করা? এইভাবে কি সরকার রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা জানাচ্ছেন? তারপর জালিওয়ানাবাগের নৃশংস হত্যার প্রতিবাদে কবিগুরু ইংরাজের দেওয়া

খেতাব পরিত্যাগ করেছিলেন এক সমগ্রজাতিকে তিনি জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করেছিলেন। অথচ আজ সেই রবীন্দ্রনাথের শান্তিনিকেতনে অর্থাভাবে রবীন্দ্র জন্ম শতবার্ষিকী প্রতিপালিত হতে পাচ্ছে না। এই কথা সেদিন শান্তিনিকেতনের উপাচার্য মহাশয় স্পষ্ট ভাষায় স্বীকার করেছেন বলে তাঁর কাছে আমরা কৃতজ্ঞ। অথচ এই জালিওয়ানাবাগ যারা অনুষ্ঠিত করেছিল সেই জটিল সাম্রাজ্যবাদের কর্তা আজ আমাদের দেশে আসছেন বলে পশ্চিমবঙ্গ সরকার সেই উপলক্ষে প্রচুর টাকা খরচা করছেন। আমরা শুনেছি যে তাঁকে যাতে যথাযথভাবে সম্বর্ধনা জানান হয় সেজন্য নাকি সরকার কর্পোরেশানকে ১০ লক্ষ টাকা সাহায্য দেবার কথা বলেছিলেন, কিন্তু কর্পোরেশান সে অর্থ গ্রহণ করেননি। বৃটিশ সাম্রাজ্যবাদের সর্বোচ্চ নেতৃত্ব আগমনে পশ্চিমবঙ্গ সরকার কত লক্ষ টাকা খরচ করছেন এবং কেন খরচ করছেন তা আমরা জানতে চাই এই কারণে যে অন্যদিকে শান্তিনিকেতনে অর্থাভাবে রবীন্দ্র জন্ম শতবার্ষিকী যথোচিতভাবে পালিত হচ্ছে না।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের ভিতর দিয়ে আর একবার প্রমাণিত হলো যে বাংলাদেশের সংস্কৃতি সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কোন দৃষ্টিভঙ্গী বা পরিকল্পনা নেই। প্রথম কথা হলো চলচ্চিত্র হচ্ছে প্রত্যেক দেশের সংস্কৃতির প্রচার এবং সমৃদ্ধির মাধ্যম এবং এই চলচ্চিত্রের মাধ্যমেই দেশের জনসাধারণকে দেশের সংস্কৃতির সঙ্গে ঘনিষ্ঠভাবে পরিচিত করা যায়। কিন্তু বর্তমান সময় আমাদের এই বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের অবস্থা কি সে সম্বন্ধে আপনি কোন খবর রাখেন কি? তবে যদি কোন খবর রাখেন তাহলে আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে বাংলাদেশের চলচ্চিত্র-শিল্প আজ অত্যন্ত দ্রুতবেগে ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে এবং সে খবর পশ্চিমবঙ্গ সরকার রাখেন। স্যার, বাঙালীর সংস্কৃতির যে গর্ব আমরা করি সেই সংস্কৃতি চলচ্চিত্রের ভেতর দিয়ে রূপায়িত হয়ে সমৃদ্ধ হয় এবং তারপর এই চলচ্চিত্রই আবার তাকে বিভিন্ন জায়গায় পরিচিত করতে সাহায্য করে। কিন্তু আশ্চর্যের বিষয় যে, একদল মুনাফালোলুপের অশুভস্পর্শে আজ বাঙালীর সংস্কৃতি এবং বাংলার চলচ্চিত্র-শিল্প অধঃপতন এবং ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে এবং একথা পশ্চিমবঙ্গ সরকার জানা সত্ত্বেও উদাসীন হয়ে রয়েছেন। কিন্তু কেন তাঁদের এই উদাসীনতা সেটাই আজ আমি আপনার মাধ্যমে জিজ্ঞেস্ করতে চাই! তারপর রবীন্দ্র জন্ম শতবার্ষিকী উপলক্ষে রবীন্দ্রনাথের জীবনী অবলম্বন করে একটি চলচ্চিত্র নির্মাণ করবার জন্য পশ্চিমবঙ্গ সরকার সত্যজিৎ রায়ের সঙ্গে আলাপ আলোচনা করে এই সর্ত দিয়েছিলেন যে ২ হাজার ফিটের ভিতর রবীন্দ্রনাথ সম্পর্কে একখানা চিত্র নির্মাণ করে দিতে হবে। কিন্তু সত্যজিৎ বাবু বলেছেন যে, ১০ হাজার ফিটের কমে একখানা পূর্ণাঙ্গ চিত্র নির্মাণ করা যায় না—অবশ্য পরে নাকি তিনি ৫ হাজার ফিটের ভিতর একখানা করতে রাজী হয়েছেন। যা হোক, তবে আমরা শুনেছি পশ্চিমবঙ্গ সরকার এই সিদ্ধান্ত করেছেন যে এই ৫ হাজার ফিটের ছবির মাত্র ২ হাজার ফিট আমাদের দেশে দেখান হবে আর বাকী সমস্তটা বিদেশে দেখান হবে। কিন্তু তাঁদের এই অভিনব সিদ্ধান্তের অর্থ কি বা বাংলাদেশের রবীন্দ্রনাথের জীবনী সম্পর্কে ছবি দেখাতে আপত্তি কেন সেটার কোন কারণ আমরা খুজে পাচ্ছি না। বরং আমরা মনে করি ক্যাথিড্রাল রোডে অ্যাকাডেমি অব ফাইন আর্টস বলে যেটা আছে সেখানে এ বছর প্রতিদিন সত্যজিৎবাবুর সেই ছবি দেখান হোক এবং শুধু কোলকাতাতেই নয় বরং আমি বলি পশ্চিমবাংলার সমস্ত সিনেমা গৃহে যে এ্যাডভার্টাইজমেণ্ট এবং ডকুমেণ্টারী অ্যাণ্ড ইনফরমেশন ফিল্ম দেখান হয় তা রবীন্দ্র জন্ম শতবার্ষিকী বছরে বাদ দিয়ে তার স্থলে রবীন্দ্রনাথের এই জীবনী দেখান হোক এবং এ ব্যাপারে আমাদের সরকার সচেষ্ট হন। স্যার, ১৯৬০ সাল থেকে বাংলাদেশের প্রডিউসার-রা নিজেদের উদ্যোগে রবীন্দ্র সাহিত্য এবং তাঁর জীবনীকে অবলম্বন করে ১০টি ছবি তৈরী করবার জন্য চেষ্টা করে আসছে এবং আগামী মার্চ মাসের মধ্যে সেগুলো সম্পূর্ণ হয়ে যাবে। কিন্তু দুঃখের বিষয় যে, এগুলো হচ্ছে আঞ্চলিক ছবি অর্থাৎ বিহার, আসাম এবং উড়িষ্যা ছাড়া অন্য কোথায়ও এগুলো দেখাবার ব্যবস্থা বর্তমানে নেই। কাজেই পশ্চিমবঙ্গ সরকারের কাছে আমার জিজ্ঞাস্য

হচ্ছে যে, এই ১০ খানা ছবি তৈরী হয়েছে এখবর জানা সত্ত্বেও কেন তাঁরা এগুলো অন্যান্য জায়গায় দেখাবার ব্যবস্থা করছেন না? তারপর আমরা শুনেছি যে, সত্যজিৎ বাবু রবীন্দ্রনাথের সাহিত্য অবলম্বন করে একখানা ছবি তৈরী করছেন এবং তার নাম দিয়েছেন "তিনকন্যা"। সুতরাং এমতাবস্থায় আমাদের বক্তব্য হচ্ছে যে, সত্যজিৎবাবুর সেই ছবি যাতে এই অঞ্চলের বাইরেও যথোচিতভাবে দেখান হয় তার ব্যবস্থা আমাদের বাংলা সরকার করেন। যা হোক্, আর ৩ মাস পরে যেখানে রবীন্দ্র জন্ম শতবার্ষিকী আরম্ভ হবে সেখানে যদি সরকার এত উদাসীন থাকেন তাহলেও কি আমাদের স্বীকার করতে হবে যে রবীন্দ্রনাথের প্রতি তাঁদের শ্রদ্ধা আছে?

[6-5—6-15 p. m.]

কিন্তু মিঃ ডেপুটি স্পীকার, স্যার, এইসব ছবি বাংলাদেশের বাইরে দেখাবার কোন সুবিধা এখন নেই উপরন্তু আমাদের দেশের ভেতর এইসব ছবি দেখাবার ক্ষেত্র খুবই সঙ্কুচিত হয়ে রয়েছে। এর কারণ হচ্ছে বাংলাদেশে সো হাউসের সংখ্যা ২৭০টি, বাংলাদেশের লোক গড়পড়তা ছবি দেখে বছরে মাত্র ১॥ বার করে। কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলে সো হাউস আছে ৭৭টি। একমাত্র কলকাতা শহরের মাধ্যমে বাংলা ছবি যুগপৎ আগে মুক্তি পেত ৮টি হাউসে আর আজ সেখানে কমে গিয়ে মাত্র ৪টি হাউসে বাংলা ছবি মুক্তি পায়, কারণ, বাংলার বাইরে ছবি এসে অনুপ্রবেশ করেছে। বাংলার বাইরে বিশেষ করে হিন্দি ছবির সারা ভারতবর্ষে মার্কেট আছে, তারা যে টার্মস দেয় বাংলার সো হাউসের মালিকরা মুনাফার লোভে সেই টার্মস গ্রহণ করে বাংলা ছবি দেখাতে চায় না। বাংলাদেশের ২৭০টি সো হাউসের মধ্যে, মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি শুনে আশ্চর্য হবেন, মাত্র ১৭টি গৃহে বাংলা ছবি দেখান হয় বাকী গৃহে অবাংলা ছবি দেখান হয়। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি যদি খবর নেন তাহলে দেখবেন বাঁকুড়া কিংবা এই রকম কোন দূরের ছোট শহরে সারা বছরে একটাও বাংলা ছবি দেখান হয়না, সারা বছর হিন্দি ছবিই দেখান হয়। ৩ বছর আগে এই অঞ্চলে ৫০টি আঞ্চলিক ছবি মুক্তি পেত বছরে আর আজ সেখানে অর্থাৎ ১৯৬০ সালে মুক্তি পেয়েছে মাত্র ৩৬টি বাংলা ছবি অথচ ১৯৬০ সালে এই অঞ্চলে হিন্দি ছবি মুক্তি পেয়েছে ১০৮টি আর ১৯৫৯ সালে হলিউডের তৈরী ইংরেজী ছবি মুক্তি পেয়েছে ১৩৬টি। এই ছবিগুলি ট্রেণ্ড কি বাংলা ৩৬টি ছবির মধ্যে মাত্র ৪টি ছবি অপরাধমূলক, হিন্দি ১০৮টির মধ্যে ৪৭টি ছবি অপরাধমূলক এবং যৌন ভিত্তিক, ইংরাজী ১৩৬টির মধ্যে সামান্য কয়েকটা ছাড়া সবগুলি যৌন এবং অপরাধ ভিত্তিমূলক। অবশ্য গত বছর কলকাতা শহরে কয়েকটা ভালভাল ইংরাজী ছবি এসে ছিল লরেন্স, পুস্কিন, মার্কেটায়নের গল্পকে ভিত্তি করে। বাংলা ছবির বড় অবলম্বন হচ্ছে বাঙালী সাহিত্যিকদের রচনা, সেটা শিক্ষার দিক থেকে, প্রমোদের দিক থেকে নয়। বাংলা ভাষাভাষীদের এই বাংলা ছবি দেখা উচিৎ, বিশেষ করে বাংলায় যারা অবাঙালী বাস করেন তাদের এই বাংলা ছবি যাতে আরও বেশী করে দেখাতে পারেন তার ব্যবস্থা করা উচিৎ; কারণ তাহলে তারা বাংলাদেশের রীতিনীতি, সংস্কৃতি এবং বাংলাকে ভাল করে জানতে এবং বুঝতে পারবেন। স্যার, আমরা জানি বাংলাদেশে এমন লক্ষ লক্ষ মানুষ আছে যাঁরা বাংলা ভাষায় কখনও কথা বলেন না, যাঁরা কখনও বাংলা ছবি দেখেন না অথচ জাতির পুনর্গঠনের জন্য, সমগ্র জাতির মধ্যে একাত্মবোধ জাগাবার জন্য যাতে বিভিন্ন অঞ্চলের জনসাধারণের মধ্যে বিভিন্ন কৃষ্টির আদান-প্রদান হয়, সংস্কৃতির আদান-প্রদান হয় তার অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে। যদি তা না হয় তাহলে সংকীর্ণতা বিচ্ছিন্নতা এবং প্রাদেশিকতার কলংক আমরা কাটিয়ে উঠতে পারব না এ কথা আপনারা নিশ্চয়ই স্বীকার করেন। কিন্তু যেভাবে আমাদের এই বাংলা ছবি কোণ ঠাসা হয়ে পড়ছে, তার প্রদর্শনের ক্ষেত্র সংকুচিত হয়ে পড়ছে তাতে নিশ্চয়ই চিন্তার কারণ আছে। কেবলমাত্র বাংলা ছবি যাঁরা দেখেন তাঁরাও

আজ বাংলা ছবি দেখার সুযোগ পায় না কারণ, মাত্র ১৭টি গৃহে বাংলা ছবি দেখান হয়, বেশীর ভাগ গৃহে বাংলা ছবি দেখান হয় না।

সুতরাং যাঁরা বাংলার ছবি দেখতে চান তাঁরাই যেখানে সুযোগ পান না সেখানে অবাঙ্গালীরা বাংলা ছবি দেখার সুযোগ পাবেন কি করে? কংগ্রেস নেতারা বিভিন্ন প্রদেশের সংস্কৃতির আদান-প্রদানের কথা খুব জোর গলায় বলেন—কিন্তু এ সম্পর্কে তো তাঁরা দৃষ্টি দেন না। এ সম্পর্কে তাঁদের তো কোন সুচিন্তা নেই, পরিকল্পনা নাই। সাধারণতঃ বাংলা ছবি প্রিণ্ট ১৪টা হয় কিন্তু ১৪টা প্রিণ্ট দেখবার জন্য বাংলা দেশে ১৪টি প্রেক্ষাগৃহ পাওয়া যায় না। হিন্দী ছবি সাধারণতঃ ৪০টা প্রিণ্ট হয় এবং সেই প্রিণ্ট সারা ভারতবর্ষে তারা ছড়িয়ে দিতে পারে, এক সঙ্গে বহু প্রিণ্ট মুক্তি পেতে পারে এক বাংলাদেশে। মিঃ ডেপুটি স্পীকার স্যার, ১৫।১৬টা হাউসে হিন্দী ছবি একই সময়ে রিলিজ হয়। এ ভাবে বাংলা ফিল্মের উপর আজ একটা প্রচণ্ড আর্থিক চাপ এসে পড়েছে। শুধু তো এ নয়, এছাড়া এর আর একটা অত্যন্ত ভয়াবহ দিক আছে। মিঃ ডেপুটি স্পীকার স্যার, বাংলা ছবির যাঁরা প্রডিউসার অর্থাৎ প্রযোজক তাঁরা বেশীরভাগই প্রায় মধ্যবিত্ত ঘর থেকে আসেন, কারো কারো অর্থনৈতিক অবস্থাও সন্তোষজনক নয়। তাঁরা দেশকে ভালবাসেন, তাঁদের প্রগতিশীল ভাবধারা আছে—তাঁরা বাংলাদেশের কৃষ্টি দিয়ে গর্ববোধ করেন, তাঁদের উদার দৃষ্টিভঙ্গি আছে। অন্য দেশের, অন্য জাতির কৃষ্টিকে তাঁরা কখনও খাটো করে দেখাতে চান না। তাঁদের সাহস আছে কিন্তু তাদের নেই যথেষ্ট অর্থ সংগতি। তাঁদের আছে অপরিসীম এনার্জি এবং ভবিষ্যতের দৃঢ় বিশ্বাস। সুতরাং যখন কোন প্রডিউসাররা কোন ভাবধারায় উদ্বুদ্ধ হয়ে কোন ছবি তৈরী করতে এগিয়ে আসেন তখন তাঁরা কিছু টাকা যোগাড় করেন এবং ছবির কাজ আরম্ভ করে দেন কিন্তু দেখা যায় অল্প কিছুটা ছবি হওয়ার পর কিম্বা অর্ধেকটা হবার পরে কিম্বা আরো কিছুটা হবার পরে তাঁদের টাকা ফুরিয়ে যায়—ছবি আর শেষ হয় না। তখন অর্থের জন্য তাঁরা ছুটোছুটি করেন, এঁর কাছে ওর কাছে যান এবং এই সুযোগ সেখানে এগিয়ে, আসেন মুনাফালোলুপ ধনীকরা। এই সমস্ত আনক্রুপুলাস ধনীকদের, আনক্রুপুলাস ফাইনান্সিয়ারদের ছবির ষ্টাণ্ডার্ড সম্বন্ধে, রুচি সম্বন্ধে বা এ নীতির সম্বন্ধে কিম্বা ছায়া আভ্যন্তরীণ শুচিতা বা সংস্কৃতি সম্বন্ধে কোন চিন্তা নেই; তাঁরা শুধু ভাবেন কেমন করে করলে সবচেয়ে বেশী মুনাফা তাঁরা পাবেন। তাই ঋণ দেবার সর্ত হিসাবে তাঁরা এই সর্ত দেন যে ছবির আভ্যন্তরীন বিষয়ের আমূল পরিবর্তন করতে হবে—তার ভেতর প্রচুর পরিমাণে যৌন-আবেদন প্রবেশ করাতে হবে, কুরুচি ঢোকাতে হবে এবং ছবির মান নামিয়ে দিতে হবে। প্রচণ্ড আর্থিক চাপে কোন কোন প্রডিউসার আত্মসমর্পণ করে সেই ছবির বিষয়বস্তু পরিবর্তন করেন কিন্তু অত্যন্ত আনন্দ ও গর্বের কথা, বাংলাদেশের বেশীর ভাগ প্রডিউসার তাতে আত্মসমর্পন করেন না। ঘরবাড়ী বিক্রী করে তাঁরা কপর্দকহীন হন তবুও এইসব আনক্রুপুলাস ফাইনান্সিয়ারদের কাছে তাঁরা আত্মসমর্পন করেন না তাই তাঁদের ছবি সমাপ্ত হয় না। রিলিজ হয় না। মিঃ ডেপুটি স্পীকার এই রকম অসমাপ্ত ছবির সংখ্যা সামান্য কয়েক বছরে অনেক এবং তার ভেতর বহু লক্ষ টাকা নিযুক্ত হয়ে পড়ে আছে। সরকার কি এদের সাহায্যের জন্য এগিয়ে আসবেন না? আমরা শুনেছি পথের পাঁচালীর ঠিক এই অবস্থা হয়েছিল—পথের পাঁচালী যখন সম্পূর্ণ হয়নি, টাকা ফুরিয়ে গেছে তখন পথের পাঁচালী যিনি তৈরী করেছিলেন তিনি ছুটে এলেন সরকারের কাছে। সরকার সাহায্য করতে রাজী হলেন কিন্তু সরকার থেকে বলা হল পথের পাঁচালীর ভেতর ন্যাশানাল এক্সটেনসন স্কীম কিম্বা কমিউনিটি ডেভেলাপমেণ্ট প্রজেক্টের টিউবওয়েল দেখাতে হবে, হেলথ সেণ্টার দেখাতে হবে। দেখাতে হবে সর্বজয়া অসুস্থ হয়ে হেলথ সেণ্টারে গেছে, দেখাতে হবে সর্বজয়ার কন্যা টিউবওয়েল থেকে জল নিয়ে আসছে, এই সকল জিনিস দেখাতে হবে।

[6-15—6-25 p. m.]

শুনেছি ডাঃ রায় এই সর্ত দিয়েছিলেন। কিন্তু আনন্দের কথা সত্যজিৎ রায় সে সর্ত মানেন নাই। তাই আজ পথের পাঁচালী দেখছি। সেই পথের পাঁচালী আজ পৃথিবীর বিভিন্ন দেশে সম্মান পাচ্ছে, দেশে বিদেশে বাংলার নাম প্রচার করতে পেরেছে।

চলচ্চিত্র-শিল্পে আজকে প্রচণ্ড সংকট দেখা দিয়েছে। এর কারণ সম্প্রতি কয়েক বছরে ৫০ ভাগ বাঙালী প্রডিউসার দেউলিয়া হয়ে গেছে, এই ক্ষেত্র থেকে সরে গেছে। আর সেই জায়গায় অনুপ্রবেশ করেছে অবাঙলাভাষী unscrupulous financier-রা, যাদের কোন taste নেই, রুচি নেই, প্রগতিশীল ভাবধারার কোন বালাই যাদের নাই। তাদের সাংস্কৃতিক উন্নয়নেরও কোন চিন্তা নাই। তাদের চিন্তা কেবলমাত্র টাকা। এই টাকার জোরে বাংলাদেশের ছবির মোড় পাল্টে দিতে চায়। কেবলমাত্র টাকার জোরে বাংলাদেশের এই সব ছবি যাঁরা তৈরী করেন, তাঁদের ভাবধারাকে তাঁরা প্রভাবান্বিত করতে যান; কেবলমাত্র টাকার জোরে তাঁরা বাংলাদেশের ছবিকে হলিউডের পর্যায়ে রেখে ছবির মান নামিয়ে আনতে চান। বাংলাদেশে বসে বোম্বাই মার্কা ছবি তাঁরা তৈরী করতে চান। এই সংকট যে কত গভীর হয়ে পড়েছে, সেই সম্পর্কে আমি কিছু তথ্য এখানে দেব।

বাংলাদেশে গত দু'বছরে মোশান পিকচার ষ্টুডিও র মধ্যে তিনটি ষ্টুডিও বন্ধ হয়ে গেছে। পার্টিশানের ফলে বাংলাছবির বাজার অনেক কমে গেছে। সম্প্রতি আসামের হাঙ্গামার ফলে বাংলাছবি আসামে দেখান প্রায় বন্ধ হয়ে গেছে। উড়িষ্যাতেও বাংলাছবির বাজার ক্রমশঃ কমে আসছে। কারণ সেখানে ছবি তৈরী হচ্ছে। বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে প্রায় ২০ হাজার মানুষ স্টুডিও ও নানান ক্ষেত্রে জীবিকার্জন করছে। বাংলাছবির ক্ষেত্র সংকোচনের ফলে আড়াই হাজার টেকনিসিয়ান এই ক্ষেত্র ছেড়ে দিয়ে অন্যত্র সরে গেছে। ফল কি দাঁড়িয়েছে? আগে গড়পড়তা বাংলাছবি মুক্তি পেত বছরে ৫০টা, এখন সেখানে বছরে মুক্তি পাচ্ছে ৩৬টি। যুদ্ধের আগে যেখানে ৯টি ষ্টুডিও ছিল, এখন সেখানে দাড়িয়েছে ৬টি ষ্টুডিও। আগে ৫ হাজার টেকনিসিয়ান ছিল, সেখানে আজ আড়াই হাজার টেকনিসিয়ান আছে। ৫০ ভাগ প্রডিউসার এই ক্ষেত্র ছেড়ে দিয়ে দেউলিয়া হয়ে সরে গেছে। এই হচ্ছে সংকট। এ রক্ষার উপায় কি নাই? আছে, সরকারের কাছে আমরা বলে যাব, দেশের লোকের কাছে আমরা বলে যাব—যতদিন না সরকার এই দিকে দৃষ্টি দেন। এই অবস্থায় সরকারের উচিত বাংলার ফিল্ম্ ইণ্ডাষ্ট্রীকে প্রটেকসন্ দেওয়ার বা সংরক্ষণের ব্যবস্থা করা। আমি শুনেছি—, আমি বিদেশে যাই নি, শুধু ইংল্যাণ্ডে নয়, ফ্রান্সে ও আরো অন্যান্য জায়গায় এই নিয়ম আছে সেই দেশের তৈরী ছবিকে সেই সব দেশের প্রেক্ষাগৃহে বাধ্যতামূলকভাবে কয়েক সপ্তাহ দেখাতে হবে, নইলে তাদের শো-হাউসের লাইসেন্স দেওয়া হবে না। এই সমস্ত দেশে যদি এই নিয়ম থাকে, তাহলে নিশ্চয়ই আমরা আশা করবো—বাংলাদেশের শো-হাউস সম্পর্কেও এই নিয়ম হোক্। এই নিয়ম আমাদের দেশে কেন হবেনা? বাংলাদেশের বাইরের ছবির আক্রমণে আজ বাংলাদেশের সংস্কৃতি বিপন্ন, শিল্প বিপন্ন, বাংলার ছবি শিল্প যেখানে আজ ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে, সেখানে আজ সেই দেশে এই নিয়ম হবেনা কেন? আমি আশা করবো বাংলাসরকারও আমাদের দেশে সেই নিয়ম চালু করবেন।

দ্বিতীয়তঃ, প্রেক্ষাগৃহের বা শো-হাউসসমূহের নূতন লাইসেন্স দেবেন না বলে যে সরকারী নীতি ঘোষিত হয়েছিল, সম্প্রতি সে নীতি সরকার পাল্টাচ্ছেন। আমরা তাতে খুশী হয়েছি। আমি বলবো নূতন লাইসেন্স দেবার সময় বা রিনিউ করবার সময়—সরকার এসম্বন্ধে যেন একটু চিন্তা করেন। প্রডিউসার, টেকনিসিয়ান, আর্টিষ্ট প্রভৃতি যাতে সমবেত দাঁড়াতে পারেন, তারজন্য যেন ব্যবস্থা করা হয়।

সমবেতভাবে ও সমবায় তৈরী করে যেন শো-হাউস প্রতিষ্ঠিত হয়। নইলে সেই শো-হাউসের মালিকেরা বেশী মুনাফার প্রতি দৃষ্টি রাখবেন। বাংলার বাইরের ছবির মালিকদের সঙ্গে একটা টার্মস্ থাকা দরকার, যাতে তারা কম মুনাফা করতে পারে আমাদের দেশের শো-হাউসের মালিকদের তাদের মত ইনভেষ্ট নাই। কাজেই আমরা দেখি এঁরা তাদের মত মুনাফা পান না। বাংলার ছবি সম্পর্কে তারা কোন প্রচার করেন না, বাংলার সংস্কৃতি সম্পর্কেও তাদের কোন চিন্তা নাই। সুতরাং শো-হাউস তৈরী করবার বেলাতে সরকার যদি প্রভাব বিস্তার করেন, যারা প্রডিউসার, ডিরেক্টর, আর্টিষ্ট, টেকনিসিয়ান সকলের সমবেতভাবে সমবায়ের ভিত্তিতে নূতন শো-হাউসের লাইসেন্স দেবার সময় যদি সরকার থেকে এই রকম ব্যবস্থা করা হয় তাহলে এই শিল্প বাঁচবে; এবং বাংলার চলচ্চিত্রের ভবিষ্যৎও হয়ত সুরক্ষিত হবে। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে বাংলার শিল্পকে কুটিরশিল্প ও অন্যান্য শিল্পকে জনপ্রিয় করবার জন্য সরকারকে উদ্যোগী হতে হবে এবং সরকারী খরচে ভারতের বিভিন্ন স্থানে বড় বড় সহরে যে এম্পোরিয়াম তৈরী হয়েছে, তার মারফত বাংলার শিল্পদ্রব্যসমূহ জনপ্রিয় করে তোলার ব্যবস্থা করতে হবে। আমি বলবো সেই দৃষ্টিভঙ্গি নিয়ে দিল্লী, বোম্বে, মাদ্রাজ, এলাহাবাদ, বারাণসী প্রভৃতি স্থানে যেখানে যেখানে বাঙালীরা বহুল পরিমাণে বাস করে, সেইসব জায়গায় সরকারী খরচায় এবং সরকারী উদ্যোগে—কেবলমাত্র বাংলায় তৈরী ছবি সারা বছর দেখবার জন্য প্রেক্ষাগৃহ প্রতিষ্ঠিত করা উচিত। বাংলাদেশের বাইরে যাঁরা বাস করছেন, তাঁরা বাংলা ছবি দেখতে পাচ্ছেন না।

তারপর এখানে বহু ষ্টুডিও বন্ধ হয়ে গেছে। বাংলা সরকারের কর্তব্য ঐ সমস্ত ষ্টুডিওর মধ্যে অন্ততঃপক্ষে একটা ষ্টুডিও গ্রহণ করা এবং সেই ষ্টুডিওকে একটা মডেল ষ্টুডিওতে পরিণত করা। কেবল মডেল ষ্টুডিওতে পরিণত করলেই হবে না, সেই ষ্টুডিও যাদবপুর ইউনিভার্সিটীর সঙ্গে যুক্ত করে তার ভেতর দিয়ে যাতে শিক্ষার ব্যবস্থা হয়, তারও বন্দোবস্ত করা সরকারের কর্তব্য। এই রকম একটা ইনষ্টিটিউশান পুণায় আছে। এই শিল্প শিক্ষার্থীদের পুণায় যাওয়ার কথা বলা হয়। ঐ পক্ষের কেউ বলতে পারবেন না বাংলা ছবির মান ও কলাকুশলীদের কৃতিত্ব বোম্বের চাইতে নীচে। আনন্দগোপাল বাবুও বলতে পারবেন না—বাংলাদেশের শিক্ষার্থীরা পুণায় যাক্। পশ্চিমবাংলা সরকার audio-visual training-এর জন্য, documentary information-এর জন্য অনেক ছবি তৈরী করেন। কিন্তু সেগুলি তাঁরা contract দিয়ে তৈরী করেন। এরজন্য যদি একটা model studio বাংলাদেশে থাকে সরকারের কর্তৃত্বে, তাহলে এই সমস্ত ছবি অল্প খরচায় তৈরী হতে পারে ঐ studioতে এবং উত্তরোত্তর ছবির মান ও standard বাড়বে। সক্ষম Film Finance Corporationকে সক্রিয় করতে হবে। বর্তমানে Film Finance Corporation-এর যে কার্যপ্রণালী সেই প্রণালীতে সিনেমা শিল্পী যারা আছেন, তাঁরা তার সুযোগ পান না। অর্থাৎ তাঁদের যে অর্থ, সেই অর্থ থেকে কেউ টাকা পাননি। সুতরাং তাদের অর্থ সাহায্য করতে হবে। Film Finance Corporationকে আরও মুক্ত হস্তে টাকা দেবার ব্যবস্থা করতে হবে। বহু অসমাপ্ত ছবি আছে সেগুলি যাতে সম্পূর্ণ হতে পারে তারজন্য ব্যবস্থা করতে হবে। আমি একটু আগেই বলেছি সিনেমা শিল্পে যারা কাজ করেন, তাদের অর্থের অভাব। তাঁরা তাদের ছবিগুলির জন্য যথেষ্ট অর্থ সংগ্রহ করতে পারেন না বলে. ছবি শেষ হয় না, অসমাপ্ত হয়ে পড়ে থাকে। সুতরাং Film Finance Corporationকে এগিয়ে আসতে হবে এদের উদার হস্তে টাকা দিয়ে কাজ করাবার জন্য।

[6-25—6-35 p. m.]

বাংলা সংস্কৃতির উপর এই যে অবাঙালী সংস্কৃতি আক্রমণ যেটা প্রতিহত করার জন্য এবং বাংলার চলচ্চিত্র শিল্পকে সংযত করার জন্য যথাযথ অনুসন্ধান করার জন্য Council এবং

Assembly-র সকল দলের সমন্বয়ে একটা Enquiry Commission অবিলম্বে তৈরী হোক্। এ সম্পর্কে আমি আশা করবো আমাদের বিরোধী পক্ষের অর্থাৎ কংগ্রেস পক্ষের কোন আপত্তি হবে না। কারণ Film Industry যদি বাঁচে তবে বাংলার সংস্কৃতি বিভিন্ন জায়গায় পরিবেশিত হওয়ার সুযোগ থাকবে।

Film Censor সম্বন্ধে কিছু বলার দরকার। Film Censor কমিটিতে কারা আছে? সরকারই কমিটি তৈরী করেন, সেই কমিটি কি কাজ করে সে সম্পর্কে বিশেষ কিছু জানিনা, তার report আমাদের দেওয়া হয় না—মনে হয় বিশেষ কিছু দেন না কিন্তু ছবি দেখে এই Film Censor Board-এর নিন্দা না করে পারিনা। ভারতে তৈরী ছবিতে চুম্বন প্রদর্শনী নিষিদ্ধ আছে, গাঢ় আলিঙ্গন নিষিদ্ধ আছে, Film Censor Board দেখে না কিন্তু ইংরেজী ছবিতে এগুলি যাচ্ছে এছাড়া যৌন মিলনের বিশেষ ইঙ্গিত দেখান হয়, সেগুলি কি করে Censor Board পাশ করে তা আমার ধারণার বাইরে। Censor Board যেসব ছবি দেখবার মঞ্জুরী দেন—শুনলে আশ্চর্য হবেন—হলিউডে যে সমস্ত ছবি দেখান হয় তা বিশেষ উদ্দেশ্য নিয়ে হয়; এশিয়া কিংবা আফ্রিকার কোন দেশকে হেয় প্রতিপন্ন করার জন্য বিশ্বের সামনে দেখাবার জন্য, এই উদ্দেশ্য নিয়ে হলিউড ছবি তৈরী করে। Censor Board কি করে এসব ছবি আমাদের অঞ্চলে দেখাবার অনুমতি দেন? সম্প্রতি আপনি দেখেছেন কিনা জানিনা—কলকাতায় একটা ছবি এসেছিল যেখানে বঙ্গের জনসাধারণকে হেয় করে দেখান হয়েছে—Lord of the Forest—প্রাপ্তবয়স্কদের জন্য এই ছবি তৈরী হয়েছিল, কলকাতার রাজনৈতিক চেতনাসম্পন্ন মানুষ তা দেখান বন্ধ করে দিয়েছিলেন—কি করে Censor Board এটা দেখাতে permission দিয়েছিল। কোরিয়ার জনসাধারণকে হেয় প্রতিপন্ন করার জন্য একটা ছবি দেখান হয় Pork chop Hill এটাও দেখাতে Censor Board permission দিয়েছিল, শুধু তাই নয় হলিউড ভারতীয় জাতীয় আন্দোলনকে তুচ্ছ করে যে সমস্ত ছবি দেখান হয় সেগুলি দাঙ্গাহাঙ্গামা মারামারি বলে দেখান হয়, স্বাধীনতার যুদ্ধ বলে দেখান হয় না, আর দেখান হয়েছে আমেরিকা থেকে গোলাগুলি নিয়ে গিয়ে শান্তি স্থাপন করা হচ্ছে, এসব ছবি Censor Board permission দেন অথচ আমাদের দেশের জাতীয় আন্দোলন মুক্তি সংগ্রাম জঘন্য করে দেখান হয়। কি করে Censor Board অনুমতি দেয় তা আমাদের জ্ঞানের বাইরে। হলিউড বাইরে এমন সব ছবি দেখায় যেখানে ভারতবাসীকে bearer snake charmer, দাড়িওয়ালা সন্ন্যাসী সাজিয়ে দেখান হয়েছে। স্বাধীনতা পাবার ১৩ বছর পরেও এসব ছবি আমাদের এখানে দেখাবার অনুমতি Censor Board দেয়। এ সম্পর্কে কি পশ্চিমবঙ্গের কোনই বক্তব্য নেই। গায়ের চামড়া কি এতই পুরু হয়ে গিয়েছে? Advertisement সম্পর্কে বহুবার এখানে কথা হয়েছে। আজও কলকাতার পথে পথে এমন সব advertisement করা হয় poster দেখান হয় সেগুলি অত্যন্ত লজ্জার কথা। সেদিন পুলিশমন্ত্রী মহাশয় এখানে বললেন যে এ সম্বন্ধে যথেষ্ট ব্যবস্থা আছে, ধরবার ব্যবস্থা আছে। সেদিন একটা ছবি দেখতে গিয়েছিলাম ভাল ছবি, অনেকে পুত্রকন্যা নিয়েও দেখতে গিয়েছেন কিন্তু সেই ছবির আগে এমন সব সামান্য কয়েক মিনিট কয়েক শ Reel-এ advertise করতে গিয়ে এমন সব দেখান হয়েছিল যা এখানে মহিলারা না থাকলেও আমার মুখ থেকে বের হত না, হয়ত বেরুত নেপাল রায়ের মুখ দিয়ে। তা কি বন্ধ করা যায় না?

তারপর হচ্ছে আমোদ কর। সরকার এক কোটি টাকার বেশী entertainment tax আদায় করেন এবং তার মধ্যে বেশীর ভাগ আসে আপনারা জানেন—বম্বে মার্কা ছবি থেকে এবং Holywood-র ছবি থেকে। কিন্তু টাকা পেয়েই কি সরকার খুশী? আর কিছু কি তাদের করণীয় নেই? এই শিল্পে যাতে আরো বেশী লোক নিযুক্ত হতে পারে, শিল্পের মান যাতে বাড়ে, আমাদের শিল্প যাতে বিদেশে খ্যাতিলাভ করে তারজন্য কি কিছু করার নেই; এক কোটি টাকা

নিয়েই কি সরকার খুশী ? এ টাকা খরচ করার কোন ব্যবস্থা করেননি। এ সম্পর্কে সরকারের কি দৃষ্টিভঙ্গী আমরা আশা করবো, এই সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দেবেন। Sangeet Natak Academy সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। এই সঙ্গীত নাটক একাদেমী প্রতিষ্ঠিত হয়েছে বেশ কিছুদিন, কিন্তু এটা একটা সরকারী দপ্তরের আওতায় একটা সরকারী বিভাগে পরিণত করা হয়েছে।

ডেপুটি স্পীকার মহোদয়, অত্যন্ত দুঃখের সঙ্গে স্বীকার করতে হচ্ছে রাজ্যপালের ভাষণে সংস্কৃতি সম্বন্ধে অন্ততঃ কিছু নেই।

Dr. Harendra Nath Dolui :

অধ্যক্ষ মহাদয়, মহোমান্য রাজ্যপাল বিধানসভার যুক্ত অধিবেশনে যে ভাষণ দিয়াছেন তার উপর আজ দু' তিন দিন আলোচনা চলছে। নানা সদস্য তার নানাভাবে আলোচনা করেছেন। কেউ কেউ প্রসংশা করেছেন, আবার কেউ কেউ নিন্দা করেছেন। যাঁরা গুণগ্রাহী তাঁরা প্রশংসা করেছেন এবং যাঁরা নিন্দুক তাঁরা নিন্দা করেছেন। আমাদের বাংলাদেশ বাস্তবিক সমস্যার পাহাড়ের মত হয়ে আছে। এই সমস্যাকে ধীরে ধীরে উত্তীর্ণ হবার চেষ্টা হচ্ছে, এই ভাষণের মধ্যে তার একটা ছবি আঁকা আছে। আমরা সেটা উপলব্ধি করেছি এবং তার মধ্যে আনন্দের যে রেখা দেখতে পেয়েছেন সে কথা তিনি বিভিন্ন পরিচ্ছেদে বলেছেন। প্রথমতঃ আমাদের দেশের প্রধান সমস্যা হল খাদ্য সমস্যা, সেই খাদ্য সমস্যার সমাধান কিভাবে হতে পারে তার আভাষ তিনি আমাদের দিয়েছেন। আগামী বৎসরে এবং পরবৎসরে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তিনি বলেছেন কৃষিখাতে ৬৭ কোটি টাকার উপর ধরা হয়েছে। এতে কৃষিউন্নয়নের জন্য উন্নত প্রণালীর সেচের সুযোগ, জৈব ও রাসায়নিক সার বণ্টন, উন্নত জাতের বীজের সহিত বীজ সম্পৃক্তকরণ উন্নত প্রণালীর কৃষি পদ্ধতির প্রবর্তন এবং চারা সংস্করণ এবং পতিত জমির উদ্ধার ও ভূমি সংরক্ষণ। এই সব কাজ যে হবে এটা বাস্তবিকই আনন্দের কথা। এর সঙ্গে আর একটা কথা লেখা উচিত ছিল যে, চাষের জন্য পতিত জমি উদ্ধার করা হবে সেই সঙ্গে সঙ্গে যে সমস্ত জমি বন্যায় ডুবে যায় তার জল নিষ্কাষণের জন্য যদি কিছু টাকা ধরা থাকতো তাহলে আমরা আরো কিছু জমির ফসল পেতাম।

তিনি বলেছেন গভীর নলকূপ বসানো হবে। আকাশের উপর ভরসা করে থাকলে সবসময় ভাল ফসল হয় না। সময়মত বৃষ্টি না হলে দুর্ভিক্ষ দেখা দেয়, সেজন্যে আমি অনুরোধ করবো যাতে ব্যাপক ভাবে নলকূপ বসানো হয়, এবং কোন্ কোন্ অঞ্চলে কোন্ কোন্ জেলায় কতগুলি নলকূপ বসানো হবে তার একটা আভাষ পেলে আমরা খুশী হতাম। তারপর আমি আর একটা কথা বলবো মেদিনীপুর জেলায় চন্দ্রকোণা, গড়বেতা প্রভৃতি জায়গায় অনেক পতিত জমি আছে সেগুলি যদি উদ্ধার করা যায় তাহলে হাজার হাজার মণ আউশ ধান উৎপন্ন হতে পারে। তবে বুলডজার ও ট্র্যাক্টর রাশিয়া থেকে এনে যে কাজ করা হচ্ছে তাতে বেশ ভালই কাজ হচ্ছে এটা অত্যন্ত সুখের কথা, এইভাবে যদি পতিত জমি উদ্ধার করা হয় তাহলে আমাদের দেশে খাদ্য উৎপাদন আরও বেশী হবে। তারপর বেকার সমস্যা যেভাবে দেখা দিয়েছে তাতে যদি আমরা কুটির শিল্পের দিকে বেশী করে নজর না দিই তাহলে বেকার সমস্যার সমাধান কিছুতেই হতে পারে না। আমাদের দেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে যে সমস্ত উন্নয়নের ব্যবস্থা হয়েছে এটা সত্যিই আশার কথা। এতে জনসাধারণ উৎসাহ পাচ্ছে এবং শ্রম, অর্থ, সহযোগীতা দিয়ে বাস্তবে পরিণত করবার চেষ্টা করছে। এটা সত্যিই আনন্দের কথা। তারপর আর একটি সমস্যার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করবো সেটা হচ্ছে আমাদের দেশে দুগ্ধ সমস্যা। বিশেষতঃ কোলকাতা সহরে যে সমস্ত দুগ্ধকেন্দ্র স্থাপন করা হচ্ছে তাতে কোলকাতার দুগ্ধ সমস্যা

খানিকটা লাঘব হচ্ছে। তেমনি আমি সরকারকে অনুরোধ করবো যাতে গ্রামের মধ্যেও এই প্রকার পরিকল্পনাকে কার্যকরী করা হয়। কারণ বড় বড় সহরে যে রকম দুধের অভাব আজকাল গ্রামেও সেরকম অভাব দেখা যায়। তারপর দুগ্ধবতী গাভীর জন্য আমাদের বেশী করে নজর দেওয়া উচিত, আজ সবচেয়ে বড় সমস্যা হচ্ছে গোচারণ ক্ষেত্রের অভাব, সেজন্যেই গাভীপালন অভাবে দুধের পরিমাণ কমে যাচ্ছে, এ দিকে সরকারের তীব্র নজর দেওয়া উচিত।

আমাদের মেদিনীপুরে ঘাটাল দুধ, ঘি এবং মাখনের জন্য প্রসিদ্ধ, কিন্তু আজ সেখানে এসব জিনিস পাওয়া যায় না। সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলব গ্রামাঞ্চলে দুগ্ধ শিল্পের সেন্টার স্থাপন করা উচিৎ। তারপর শিক্ষা বিষয়ে অনেক উজ্জ্বল আভাষ তিনি দিয়েছেন। প্রাথমিক শিক্ষক বহু ম্যাট্রিক স্টুডেন্ট পাওয়া যায়। ম্যাট্রিক পাশ করার পর এদের বেশী পড়াশুনায় আর শক্তি পায় না। সরকারের এদিকে দৃষ্টি দেওয়া আবশ্যক। অর্থাৎ যাতে এরা উচ্চশিক্ষা পেতে পারে তার জন্য সরকারের যথেষ্ট ব্যবস্থা করা উচিৎ। আমরা দেখছি যে নন্ ম্যাট্রিক যারা তাদের জন্য ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে। কিন্তু ওদের উচ্চশিক্ষার জন্য কোন বিশেষ ব্যবস্থা আমরা দেখছি না। আর একটা কথা হচ্ছে যে স্বাস্থ্যরক্ষা কল্পে বড় বড় প্রতিষ্ঠান গড়ে উঠছে, কিন্তু গ্রামাঞ্চলে যে সব গরীব লোক আছে তাহাদের স্বাস্থ্যরক্ষার জন্য গ্রামে ঔষধ ব্যবস্থা ও চিকিৎসাকেন্দ্র যথেষ্ট নয়। সেজন্য আমি বলবো যে হোমিওপ্যাথিক চিকিৎসা যেটা গরীবের পক্ষে প্রয়োজনীয় ও সহজসাধ্য তার ব্যবস্থা গ্রামাঞ্চলে করলে ভাল হয়। হোমিওপ্যাথিক বিল আনার জন্য যথেষ্ট চেষ্টা করা হচ্ছে। কিন্তু আজ তা আনা হচ্ছে না। সেজন্য আমি বলব যে এদিকে সরকারের দৃষ্টি রাখা আবশ্যক। এই কটি কথা বলে আমি এই ভাষণ সমর্থন করছি এবং আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Dasarathi Tah :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু একান্ত পরিতাপের বিষয়—

(১) পশ্চিম বাঙলায় জীবনমরণের সমস্যা ফরাক্কা ব্যারেজের সম্ভাবনার আশা রাজ্যপালের ভাষণে স্থান পায় নাই ;

(২) বর্ধমান, বাঁকুড়া ও হুগলি জেলার সকল শ্রেণীর জনপ্রতিনিধিদের মিলিত দাবি এবং দক্ষিণ দামোদর সম্মেলনে মন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের প্রতিশ্রুতি ঘোষণা করা সত্ত্বেও বর্ধমান সদরঘাটে দামোদরের উপর ব্রীজ নির্মাণের কোন ইঙ্গিত রাজ্যপালের ভাষণে নাই ;

(৩) দামোদর পরিকল্পনার পূর্ণ রূপায়ণে, বন্যা নিয়ন্ত্রণের পূর্ণ ব্যবস্থা করিতে ডি. ভি, সি. ব্যর্থ হইয়াছে এবং অজস্র অর্থ ব্যয়ে বহু জমি নষ্ট করিয়া দুর্গাপুর হইতে ত্রিবেণী পর্যন্ত নাব্য খাল যে চরম ব্যর্থতায় পরিণত হইয়াছে, রাজ্যপালের ভাষণে তাহার কোন উল্লেখ করা হয় নাই ;

(৪) নিত্যব্যবহার্য দ্রব্যসমূহের দর নির্ধারণের জন্য উৎপাদনকারী, ক্রেতা ও সরকারকে লইয়া কোন কমিটি গঠনের আশ্বাস রাজ্যপালের ভাষণে নাই ; এবং

(৫) রাজ্যপালের ভাষণে উজ্জ্বল ভবিষ্যতের কোন সুস্পষ্ট চিত্র নাই।"

অধ্যক্ষ মহোদয়, এই হাউস অন্ধকার করে দিলেই ভাল হোত, কারণ নাটক যখন আরম্ভ হয় তখন অন্ধকার না হলে ভাল জমে না। আমাদের কবিরাজ মহাশয় রাজ্যপাল মহাশয়ের ভাষণকে অত্যন্ত উপাদেয় বলে প্রস্তাব করেছেন এবং প্রফুল্লবাবুও তা সমর্থন করলেন। সরকারপক্ষেরও খুব আগ্রহ দেখছি এবং তা প্রমাণিত হচ্ছে ২½ মন্ত্রীর উপস্থিতির দ্বারা—২ জন

মন্ত্রী এবং সাত্তার সাহেব তো আধখানা। আজ ৯ বৎসর ধরে রাজ্যপালের ভাষণে আমরা একই জিনিষ দেখছি এবং আমরাও অতিষ্ঠ হয়ে উঠেছি। আমি তাই বলছি যে আমাদের বারবার এইভাবে শুধু শুধু ঠকান কেন—এর মূর্তি নেই কোন শক্তি নেই। এই রকম ধরণের একটা জিনিস সামনে খাড়া করে একদল আমরা বলছি যে এটা ঠিক হয়নি, আর একদল বলছেন যে রাজ্যপালের ভাষণে ইঙ্গিতে-আকারে সব আছে এবং সমস্ত বলার না কি পাওয়ার নেই। আমি তাই বলি যে বলা না বলা যদি সমান হয় তাহলে তো এটা তুলে দিলেই গোল।

[6-45—6-55 p.m.]

একটা কথা এঁরা প্রতিবারেই বলেন যে এই ব্যাপারে এবার অগ্রাধিকার দিয়েছি এবং যেমন এবারে কৃষিতে অগ্রাধিকার দিয়েছেন। তারপর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা চলে গেল এবং এবারে শুনছি আবার তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আসছে এবং তাতে ৯ কোটি থেকে ৬৭ কোটি প্রভৃতি অনেক কথাই রয়েছে এবং তদুপরি আরও রয়েছে যে কৃষি অনেক হয়েছে এবং এমন কি বাম্পার ক্রপ্ হয়েছে বলেই বলা চলে। কিন্তু আসলে সরকারের তরফ থেকে যে কৃষি ব্যবস্থা করা হয়েছে তার সুবিধা কিন্তু লোকে বড় একটা পাচ্ছেনা। অবশ্য ক্যানেল অনেক জায়গায়ই হয়েছে, কিন্তু ক্যানেল সব সময় যে ভাল তা' নয়। কেননা যখন সুবৃষ্টি হয় তখন যদি আবার ক্যানেলের জলও দেওয়া হয় তাহলে ফসল খারাপ হয় এবং সেটা এবারে হয়েছে অর্থাৎ ক্যানেলের জল এবং আকাশের জল এই দুই মিলে ফসল খারাপ হয়েছে। তারপর দেশ স্বাধীন হবার পর কৃষি ঋণ যা দেওয়া হয় তা প্রায়ই সময়মত দেওয়া হয়না এবং যাও আবার দেওয়া হয়েছে সেখানে অনাবৃষ্টির জন্য ৫।৬ বছরের বাকী পড়ায় এখন হুকুম হয়েছে যে, এতদিন পর সমস্ত ঋণ একসঙ্গে পরিশোধ করতে না পারলে ক্রোক হবে। স্যার, লাল নোটিশ বেরিয়েছে এবং চাষীরা বলছে যে, ধান আমাদের হয়েছে বটে, তবে যতটা হবার কথা ছিল ততটা হয়নি। কারণ ধান হবার আগে খুব মেঘলা করেছিল যার ফলে ভাল ধান হয়নি এবং সেইজন্যই তারা বলছে যে আমাদের কাছ থেকে কিস্তিবন্দীতে টাকা নেওয়া হোক। কিন্তু আশ্চর্যের বিষয় যে তাদের কাছ থেকে সেই কিস্তিবন্দীতে টাকা নেওয়া হচ্ছেনা। আবার শুধু তাই নয়, একবার রাজস্ব বিভাগ থেকে ঠিক করা হোল যে, নিষ্কর জমির খাজনা নেওয়া হবেনা এবং সেই অনুসারে এক একজনের প্রায় ৫।৬ বছরের খাজনা জমেছে। কিন্তু এবারে তাঁরা বলছেন যে তোমাদের সমস্ত খাজনা এখন মেটাতে হবে। যা হোক্, আমরা মনে করেছিলাম যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা' পূরণ করা হবে এবং তা রাজ্যপালের ভাষণে থাকবে। কিন্তু আমরা দেখছি জমিদারীপ্রথা উচ্ছেদ হওয়া সত্ত্বেও কোলকাতার জমিদারী প্রথা উচ্ছেদ করা হোলনা এবং কয়লার খনিগুলো যে প্রচুর পরিমাণে লাভ করে ফেঁপে উঠছে সেগুলোও সরকার রাষ্ট্রায়ত্ত করলেন না এবং তাছাড়া ভূমি ব্যবস্থায় যে সমস্ত বড় বড় দিঘি, পুকুর এবং বাগান ছেড়ে দেওয়া হয়েছে সেগুলোকে ভরাট করে জমিতে পরিণত করা হচ্ছে। তবে যদি বুঝতাম যে বাংলাদেশের যাদের চাষের জন্য যে জল প্রয়োজন সেটা টিউবওয়েল-এর দ্বারা মেটান যাবে তাহলে হয়ত এই সমস্ত দিঘি, পুকুর প্রভৃতি সংস্কার করার প্রয়োজন হোতনা। কিন্তু সেই জলের অভাব যখন ঐভাবে টিউবওয়েল-এর দ্বারা মেটান সম্ভব নয় তখন আমরা এই দিঘি, পুকুর প্রভৃতি গুলোর সংস্কার করা হবে বলে আশা করেছিলাম। কিন্তু তাও করা হোলনা। তারপর ধান যে পরিমাণে হয়েছে চালের দাম সেই অনুপাতে ঠিক হয়নি এবং ধানেরও কোন সর্বনিম্ন দর বেঁধে দেওয়া হয়নি। এছাড়া আলু বর্তমানে ৬ টাকা দামে বিক্রয় হচ্ছে এবং তারও সর্বনিম্ন কোন দর বাঁধা নেই। তবে বড় বড় ব্যবসায়ীরা আলুগুলো ভালভাবে রাখবার জন্য কোল্ড ষ্টোরেজ করেছে এবং যদি আপনারা বলেন যে দেশের

উন্নতি হয়েছে তাহলে বলব যে এই কোল্ড ষ্টোরেজগুলো হচ্ছে উন্নতির একটা লক্ষণ—অর্থাৎ এর দ্বারাও এক প্রকারের শোষণ হচ্ছে। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, এইভাবে লক্ষ লক্ষ মণ আলু কোল্ড ষ্টোরেজে জমিয়ে রেখে পরে কোলকাতায় ৮।১০ আনা সের দরে ছাড়া হবে সেখানে সরকারের কোন হাত নেই বা একে রুখবার মত কোন আইনও নেই। আমরা মেমারীতে দেখছি যে কোল্ড ষ্টোরেজের আলুতে ২।৩ হাত লম্বা গাছ বেরিয়ে গেছে এবং সেসম্বন্ধে কোন ব্যবস্থা নেই। তারপর কি কি হবে সেসম্বন্ধেও কোন রেসট্রিকসন্ নেই। যা' হোক্, কৃষি ব্যবস্থা বাড়াতে এবং তার উন্নতি করতে চান বলে যা সরকার বলেন তা' যদি করতে হয় তাহলে কোল্ড ষ্টোরেজ সম্পর্কে এই সেসন-এই একটা বিশেষ আইন করা দরকার। তারপর রাজ্যপালের ভাষণ সম্পর্কে সরকার পক্ষের বন্ধুরা বলেছেন যে, রাজ্যপালের ভাষণে সব জিনিস থাকবে কেন? কিন্তু আমি বলি লাটসাহেব যখন ভাষণ দিচ্ছেন তখন তাতে কিছুটা লাটসাহেবী কথা অন্তত থাকা উচিত ছিল। তারপর রাজ্যপালের ভাষণে ফরাক্কা ব্যারেজের যে নাম গন্ধ নেই, সেখানে যদি বলেন এসব কথা ভাষণে থাকবার দরকার নেই তাহলে আমি বলব ডায়মণ্ডহার্বারের রাস্তার ধারে যে একটি বড় নগরী হতে চলেছে তার কথা তিনি উল্লেখ করেছেন কেন?

এই স্থলে একটা কথা তিনি বললেন না এইটাই হচ্ছে সবচেয়ে বড় কথা। একটা উল্লেখযোগ্য প্রোজেক্টের কথা একেবারে নেই। দামোদর ব্রীজ সম্বন্ধে প্রফুল্লচন্দ্র সেন মহাশয় জুন মাসে দক্ষিণ দামোদর সম্মেলনে ঘোষণা করে দিয়ে এলেন, আমরা অত্যন্ত আশ্বস্ত হয়ে বললাম বর্ধমানের সদর ঘাটে দামোদরের উপর ব্রীজ করলে উপকার হবে, এটা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হবে। এটা তিনি হুগলী, বর্ধমান, বাঁকুড়ার কংগ্রেসী, অকংগ্রেসী মেম্বার এবং অন্যান্য জনপ্রতিনিধির উপস্থিতিতে ঘোষণা করেছিলেন। আমরা বললাম খুব যুক্তিযুক্ত কথা কেন না যে দিন থেকে ব্রীজ হবে সেদিন থেকে মোটা আয়। এখন টেম্পোরারী ব্রীজে প্রতিটি লোক ৩ আনা করে দেয় এবং প্রতিটি গরুর গাড়ী লরী, ২, ২৷৷০ টাকা করে দেয়। এই বুদ্ধিটা কি করে যে ওঁদের মাথায় ঢুকেছে তার কোন কিছু আকার ইঙ্গিত দেখতে পাচ্ছি না। ওটা তিনি পরিষ্কার ভাবে বলেছিলেন সংবাদপত্রে বেরিয়েছিল অথচ ওটা এখানে নেই। ডাঃ রায় যখন থাকেন না তখন তিনি থাকেন—তাঁকে ভারত রত্ন দেওয়া হয়েছে, পরবর্তীকালে তাঁকে হয়ত অন্য কিছু দিয়ে দিতে পারে। আর একটা কথা বিশেষ করে বলছি যে রাজ্যপালের ভাষণে সব রয়েছে উল্লাস—উল্লাসের যেটা সবচেয়ে বড় কথা সরকার পক্ষের মুখপত্ররূপে রাজ্যপালের ভাষণে ভারতরত্নের কোন কথা নেই। রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকীর কথা রয়েছে—ভাল কথা। রবীন্দ্রনাথের একটা কথা মনে পড়ে—জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের ব্যাপারে রবীন্দ্রনাথ গভর্ণমেণ্টের দেওয়া উপাধি পরিত্যাগ করেছিলেন। আসামে যে নারকীয় কাণ্ড হল, নেফাতে ব্যাপারে সেখানে আমাদের অপমানের চূড়ান্ত করে দিল, ডাঃ রায় আমাদের সঙ্গে এক খুঁট বেঁধে যে প্রস্তাব করলেন তার কোন মান মর্যাদা রইল না আর ভারত রত্ন যেমন এল অমনি লম্ফ-ঝম্ফ আরম্ভ করলেন। আমি একটা গ্রামে গিয়েছিলাম রবিবারে। সেখানে ভারতরত্নের উৎসব হচ্ছে। আমাদের সেখানে মিটিং ছিল। আমি জিজ্ঞাসা করলাম ছেলেরা উৎসাহিত কেন? এখানে কি নেতাজী দিবস, না, ২৬শে জানুয়ারী, না, গান্ধীজীর সর্বোদয় দিবস? শুনলাম সেখানে ভারতরত্ন দিবস হচ্ছে। আমরা তখন একযোগে বললাম যে ওখানে যেওনা, অন্য জায়গায় মিটিং করি এস, ওখানে ওরা ভারতরত্ন করুক। আমরা মিটিং শুরু করলাম, ভারতরত্নের দল লোকজন নিয়ে এসে আমাদের ওখানে লারে-লাপ্পা শুরু করে দিল। এ কোন্ সংস্কৃতি আমি বুঝি না। যাহোক সেটাকে বন্ধ করল এবং সংস্কৃতির দিক থেকে ভারতরত্ন সংস্কৃতি তার একটা অঙ্গরূপ নিয়েছে সেটাই আমি বলছি। Leader of the House ডাঃ রায়কে বলি ভারত

সরকারের আসাম এবং বেরুবাড়ী নীতির প্রতিবাদে তাঁর ভারত রত্ন উপাধিকে নিশ্চয়ই পরিত্যাগ করা উচিৎ—শুনবেন কিনা জানি না।

তারপর, সারের কথা। রাজ্যপালের ভাষণে সার এবং কৃষির অভ্যন্ত উন্নতি করা হয়েছে এই সব বড় বড় কথা বলা হয়েছে। সমবায়ের কথা বলা হয়েছে। সমবায়মন্ত্রী বন্ধুবর কোথায় গেলেন জানি না, তিনি থাকলে বলতাম—"হে মোর চিত্ত জাগরে ধীরে"—তাঁদের সমবায় প্রায় অচল, সমবায়ের মধ্য দিয়ে সার বণ্টন হয় না। কিছু কিছু খদ্দরধারী যারা তাদের দিয়ে ব্যবসা চালান হচ্ছে—সমবায় মাঠে মারা যাচ্ছে। আগে যে সমস্ত কৃষি-লোন দেওয়া হত সেখানে নামের ফেরতা করে দিয়ে সমবায় সার্ভিস কো-অপারেটিভটা জুড়ে দেওয়া হয়েছে। কেবল নামের ফিরতি যেমন পাড়া গাঁয়ের সুজি ঘাঁটা, কলকাতায় সেটা এলে হয় হালুয়া আর রাজবাড়ীতে গেলে সেটা হয় মোহন ভোগ। আসলে কোনকিছু নয়। বরং আগেকার যে সমস্ত কো-অপারেটিভ ছিল সেখানে একটা ম্যানেজার রাখা হোত ১ শো টাকা দিলে সমস্ত কাজ হত—যে সার্ভিস কো-অপারেটিভ হচ্ছে সেখানে গ্রামের যে সেক্রেটারী তাকে ২৫ টাকা দিলে তার পোষায় এবং সে কাজ করে তা কিছুতেই দেওয়া হবে না।

[6-55—7-5 p. m.]

ঋণ দেয়া হচ্ছে মাথাপিছু একর প্রতি ২শো টাকা, যেখানে ক্যানেল হয়েছে ২৫০ টাকা কিন্তু জমির দাম অদ্ভুত হয়েছে—সেই অনুপাতে ঋণ দেওয়া হয় না—তাদের পাঁচ জায়গা থেকে ঋণ করতে হয় তার ফলে তাদের নানারকম অসুবিধা হচ্ছে। আমার মনে হয় কৃষকদের নির্ভাবনীয় রাখতে পারা যায় যদি তাদের অন্য কোনরকম মহাজন এবং শোষক না থাকে একমাত্র মহাজন গভর্ণমেণ্ট এবং কো-অপারেটিভ থাকবে। এ না হলে তাদের উন্নতি কিছুতেই করতে পারা যাবে না। কাজেই আমার পরিষ্কার বক্তব্য হচ্ছে যে একটা দেনার লিষ্ট করা হোক্ এবং সমস্ত দেনা কো-অপারেটিভ ব্যাঙ্কের থ্রু দিয়ে কিম্বা সরকার থেকে সরাসরি শোধ করে দিয়ে তাদের বাঁচানো হোক অল্প সুদে। পল্লী অঞ্চলের সবচেয়ে বড় কথা হচ্ছে যারা নিয়তর চাষী ২।১ বিঘা জমির মালিক ল্যাণ্ডলেস বলতে পারেন, তাদের ধানের বাড় কত করে জানেন? একজন ধান যদি শ্রাবণ মাসে নেয় তাহলে মাঘ মাসে তাহা শোধ করতে হয় আধমণ। যদি ৬ মাসে আধমণ হয় তাহলে ১২ মাসে একমণ তাকে বাড়ি দিতে হয়। এভাবে তাকে দিয়ে দিয়ে, জোৎদার প্রভৃতির দেয়, শোধ দিয়ে ঝাঁটা কুলো নিয়ে তাকে ঘরে ঢুকতে হয়। কারজন্য প্রজাতন্ত্র করছেন? প্রজাতন্ত্র যারা আসলে প্রজা তাদের জন্য। তা না করে অর্থাৎ গরু যদি বলে রথ দেখতে যাচ্ছি শ্রীরামপুরে, গাড়োয়ান ল্যাজ মুড়ে দিয়ে বলবে কয়লাঘাটায় চল কয়লা আনি, (হাস্য) সুতরাং একে প্রজাতান্ত্রিক রাষ্ট্র বলা চলে না। প্রজাতান্ত্রিক রাষ্ট্রে যদি কেবল কতক ভাল প্রজাপতি পেখম মিলে বেড়ায় তাহলে আয় হবে কি করে? (হাস্য) কাজেই আমি বলবো গ্রেণ ব্যাঙ্ক ধর্মগোলা করা হোক্ এবং সেই জায়গায় ধানের বাড়ি আইন করে বলা হোক্ যে পাঁচ সেরের বেশী হবে না। এখানে তারাপদ বাবু আছেন কিনা জানিনা—সেই জায়গায় সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া ২ টাকা সুদে টাকা দিচ্ছে, কিন্তু চাষীরা পাচ্ছে ৮ টাকা করে। এই যে মধ্যবিত্তের শোষণ এটাকে বন্ধ করতে হবে। At this stage redlight was lit আমি শেষ করে দিচ্ছি বটে কিন্তু আমার আরো বলার ছিল। এখানে কোন জায়গায় বাকী নেই আয়ের কথা—দামোদর ব্রীজ করলে আয় হবে তার বেলায় নেই কিন্তু বর্ধমান জেলাকে ভেঙে দুটো কর—একখানা কাপড় ছিঁড়ে দুখানা কর এই হচ্ছে। দুর্গাপুরের উন্নতি হচ্ছে—শ্রীযান আনন্দগোপালের জায়গা। কিন্তু সেই জায়গায় যে লোকগুলো উচ্ছেদ হয়ে গেল তাদের কটা ব্যাটা নাতিদের চাকরী দেওয়া হচ্ছে, তার কোন উল্লেখ নেই রাজ্যপালের ভাষণের মধ্যে। যদি

এসব কথাগুলি বলে রাজ্যপালের হাতে সরকার সেভাবে গাঁজা খেয়ে পালাতেন তাহলে খুশী হতাম কিন্তু সে সমস্ত কোন কথাই এখানে বলা হয়নি। কেবল শুধু শুধু সরকারী কর্মচারী, ম্যাজিষ্ট্রেট বাড়ানো হচ্ছে, আর বর্ধমান জেলাকে ভাঙ্গা হচ্ছে। সেজন্য আমি এই ভাষণের তীব্র প্রতিবাদ করছি।

Shri Bhabaniranjan Panja :

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য অনেক ছিল কিন্তু সময় অত্যন্ত অল্প এবং দিনের শেষ বলে আমি আমার বক্তব্য একটা বিষয়ে সীমাবদ্ধ রাখবো। আমরা হচ্ছি সাধারণ পাড়াগাঁয়ের মানুষ, কাজেই আমাদের চাষীভূষো নিয়ে কাজ করতে হয়। আমাদের কৃষিপ্রধান দেশ—কাজেই যখন আমাদের সরকার প্রস্তাব করেন যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যত টাকা বরাদ্দ ছিল তার থেকে অন্ততঃ ৯ গুণ বেশী টাকা এই কৃষিখাতে বরাদ্দ করা হয়েছে তখন সেক্ষেত্রে আমাদের রাজ্যপালের ভাষাকে আন্তরিকভাবে অভিনন্দিত না করবার কোন কারণ থাকতে পারে না এবং সেইজন্যই আন্তরিকভাবে আমি এই অভিভাষণকে অভিনন্দিত করছি। আমরা রাজ্যপালের অভিভাষণের মধ্যে বর্তমান বাংলা এবং ভবিষ্যৎ বাংলায় একটা পূর্ণাঙ্গ চিত্র পাই, যাতে আমরা বলতে পারব একটা বাণীচিত্র। কারণ আমরা দেখেছিলাম ঋষি বঙ্কিমচন্দ্র আমাদের দেশবাসীর কাছে যে ছবি তুলে ধরেছিলেন তার মধ্যে মায়ের তিনটি মূর্তি তিনি রেখেছিলেন। এখানে এই অভিভাষণের মধ্যে আমরা অন্ততঃ দুটো ছবি দেখতে পাচ্ছি—সেটা হচ্ছে যা যা হয়েছেন এবং যা যা হবেন। এটা আশার কথা।

এটা আশার কথা যে আমাদের দেশ ক্রমশঃ অগ্রগতির পথে এগিয়ে চলেছে। এতদিন ধরে আমাদের দেশের কৃষকেরা যে আশা করে এসেছিল, তা সফলতার পথে অগ্রসর হতে চলেছে, বিশেষ করে যখন দেখি দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৯ গুণ বেশী টাকা কৃষি এবং কৃষকের উন্নতির জন্য বরাদ্দ করা হয়েছে।

আর একটা জিনিষ এই প্রসঙ্গে জাতীয় সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই, তাঁরা দেখাচ্ছেন কৃষকদের উন্নতি করতে হলে five important measures to be adopted—বলে ৫টি স্কীম রেখেছেন। এখানে যে most important thing যা আমরা মনে করি সে সম্বন্ধে কোন উল্লেখ নাই। কেবলমাত্র বলা হয়েছে—by sinking deep tubewell and excavating small drainage channel. আমি বলি small drainage channel আমাদের দেশে কৃষি এবং কৃষকের উন্নতির পক্ষে পর্যাপ্ত নয়। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের দেশে পর্যায়ে পর্যায়ে আসে অতিবৃষ্টি এবং অনাবৃষ্টি। অতিবৃষ্টির সঙ্গে প্রায়ই আসে বন্যা। গত বছর দেখেছি প্রলয়ংকরী বন্যা এসেছিল অতিবৃষ্টির সাথে সাথে। এইজন্য বলি আমাদের দেশের drainage syetem খুবই defective. মেদিনীপুর জেলা, হাওড়া এবং হুগলী জেলার বহুলাংশে একটি মাত্র drainage system রয়েছে সে হচ্ছে রূপনারায়ণ নদ—যার কথা পূর্বেই শশবিন্দু বেরা মহাশয় উল্লেখ করে গেছেন। আমি বিশেষভাবে উল্লেখ করতে চাই—এই রূপনারায়ণ নদ আজ হেজেমজে নষ্ট হয়ে যাচ্ছে। এই নদ শুধু drainage system হিসেবে কাজ করছে তা নয়; এখানে যেসব fishermen ছিল, তাদের একমাত্র জীবিকার উপায় ছিল। সেটা এখন তারা নষ্ট করতে বসেছে, পূর্বে এই রূপনারায়ণ নদ একটা প্রধান বাণিজ্যপথ ছিল এবং ধীরে ধীরে এখানে বাণিজ্যের বন্দর গড়ে উঠেছিল। সেই রূপনারায়ণ আজ মৃতপ্রায়—ভাল drainage system না থাকার ফলে, অতিবৃষ্টিতে যে বন্যা আসবে, তা রোধ করা যাবে না। কাজেই এই দিকে সরকারের দৃষ্টি দেওয়া অত্যন্ত প্রয়োজন বলে আমি মনে করি। মানসিং কমিটি Chief Executive Engineer Central Government তাদের কাছে আমরা এই

সমস্ত বিষয় জানিয়েছিলাম। তার ফলাফল আজও আমরা জানতে পারিনি। তাদের recommendation যে রাজ্যসরকার accept করে তার taming and training-এর ব্যবস্থা করবেন সে সম্ভাবনা খুবই কম। কারণ আমরা জানি এই taming and training-এর জন্য রাজ্য সরকারের তহবিলে অত টাকা নাই। কাজেই আমার মনে হয় এটাকে সর্বভারতীয় সমস্যা হিসেবে গণ্য করে কেন্দ্রীয় সরকারের টাকা দিয়ে এই ব্যবস্থা করা দরকার।

এ বিষয়ে আর একটি নিবেদন আছে—irrigation difficulty যেগুলি আছে আমাদের দাসপুর থানায়—এবং পার্শ্ববর্তী টাংরা থানায়, তার কথা বলছি। সেখানের কাঁসাই নদীর কথা বলছি। জাতীয় সরকার প্রায় ৩০ হাজার টাকা প্রত্যেক বছর খরচ করে বাঁধ তৈরী করেন। সেখানে আমরা যে বছর irrigation water পাই, সে বছর আমরা দুটো তিনটে ফসল নয়—চারটি ফসল আমরা পাই। এ বছর আমরা সেখানে পাট পেয়েছি, ধান পেয়েছি, খেসারী কলাই, সরিষা ও তিল হয়েছে। এই সেচের জল পেলে আমরা প্রতি বছর ঐ recurring expenditure থেকে রেহাই পাব। কাজেই বহু টাকা বেঁচে যাবে এবং দেশেরও উপকার হতে পারবে।

আর একটা কথা বলতে চাই—আমাদের দেশে সরিষার তেল একটি নিত্য প্রয়োজনীয় খাদ্য। তার দাম বেড়ে বেড়ে বর্তমানে তিন টাকায় পৌঁছেছে। খাদ্যমন্ত্রী মহাশয় বললেন শুনলাম যে সরিষার প্রয়োজন, আমাদের দেশে তা জন্মায় না। তবে এ সম্পর্কেও আমাদের স্বয়ংসম্পূর্ণ হওয়ার দরকার আছে। সেই অনুরোধও সরকারকে করবো। বাঙালীরা সহজে এই সরিষার তেলের অভ্যাস ছাড়তে পারবে না এবং অদূর ভবিষ্যতেও তা ছাড়া সম্ভব নয়। যাতে সরিষার চাষ ব্যাপকভাবে আমরা করতে পারি—তারজন্য খাদ্যদপ্তরকে বিশেষভাবে তৎপর হতে বলবো। এই কথাগুলি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-05—7-10 p. m.]

Shri Phakir Chandra Ray :

Sir, I beg to move that the following be added at the end of the Address in Reply, namely—

"But regret that there is no mention in the speech of any proposal to hasten the construction of the proposed Farakka Barrage."

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালের ভাষণে কলিকাতার যে সংকটজনক অবস্থা, সে সম্পর্কে দুঃখ প্রকাশ করা হয়েছে। কিন্তু কলকাতাকে যদি বাঁচাতে হয়, তাহলে এই যে গঙ্গা, তাকে সংস্কার করা দরকার। সেই সংস্কারের জন্য যে ফরাক্কা ব্যারাজের প্রয়োজন, সেই ফরাক্কা ব্যারাজ যাতে তাড়াতাড়ি নির্মাণ করা যায়, সেই সম্পর্কে কোন কিছু উল্লেখ এই ভাষণের মধ্যে করা হয়নি। কলকাতা পূর্ব-ভারতের একমাত্র আমদানি এবং রপ্তানি কেন্দ্র। এখানে চা-শিল্প ও পাট-শিল্প থেকে ফরেন এক্সচেঞ্জে বহু টাকা ভারত সরকার রোজকার করেন। সমগ্র পূর্ব-ভারতের যা প্রয়োজনীয় দ্রব্য, তা এই কলকাতা থেকে আমদানি করা হয়। সেই কলকাতাকে যদি বাঁচাতে হয়, তাহলে কলকাতার পোর্ট যাতে সংস্কার হয়, তারজন্য অবিলম্বে ব্যবস্থা করা দরকার। কিন্তু সেই পোর্ট সংস্কার হতে পারে না যদি পদ্মা থেকে জল এনে, গঙ্গায় যে পলি জমে চলেছে, সেই পলি জমা বন্ধ করা না যায়। সেইজন্য এদিকে নজর দেওয়া সবচেয়ে বেশী দরকার। যদি বাংলাকে বাঁচাতে হয় তাহলে ফরাক্কা ব্যারাজ দরকার। আজকে ফরাক্কা ব্যারাজ তৈরী যদি না হয় তাহলে জলনিকাশের ব্যবস্থাও ঠিকভাবে হতে পারেনা। কংগ্রেস পক্ষের সভ্য শ্রীপ্রভাকর পাল মহাশয় বলেছেন যে জলনিকাশের ভাল ব্যবস্থা নেই। কিন্তু এই জলনিকাশ হবে কোথা থেকে; যদি গঙ্গার জল টানার ক্ষমতা না থাকে? তাহলে জলনিকাশ

হতে পারে না। কুবের হালদার মহাশয় বলেছেন হাজামজা নদনদী আমাদের দেশে বেড়ে চলেছে। সত্যিই হাজামজা নদী বেড়ে চলেছে। যদি গঙ্গার জলের টান না বাড়ে তাহলে হাজামজা নদী সংস্কার করা অসম্ভব। যদি জলনিকাশের ব্যবস্থা করতে হয়, হাজামজা নদীকে যদি উদ্ধার করতে হয়, যদি পশ্চিম বাংলায় ড্রেনেজের সুব্যবস্থা করতে হয়, তাহলে আমাদের সরকারের কর্তব্য হবে অবিলম্বে গঙ্গাকে সংস্কার করা। কিন্তু এই গঙ্গা সংস্কার সম্ভবপর হবে না যদি ফরাক্কা ব্যারাজ কনষ্ট্রাকসনের কাজ অবিলম্বে আরম্ভ করা না হয়।

মাননীয় রাজ্যপাল মহোদয় আসামে যে নারকীয় অত্যাচার হয়েছে—বঙ্গ ভাষাভাষীদের উপর, মেয়েদের উপর যে নির্যাতন হয়েছে, তার প্রতিবাদ করেছেন। এবং এই প্রতিবাদ করার জন্য তিনি আমাদের সকলের ধন্যবাদার্হ হয়েছেন। সাম্প্রতিক একটা ঘটনা অবলম্বন করে তিনি যে সাধারণের আচরণ দেখিয়েছেন, তারজন্য তিনি সত্যিই আমাদের ধন্যবাদার্হ।

আজকে পশ্চিম বাংলাকে বাঁচাবার পক্ষে ফরাক্কা ব্যারাজের যে একান্ত প্রয়োজন আছে, সেই প্রয়োজন উপলব্ধি করে এই কাজ অবহিত করা দরকার—এই কথা যদি তাঁর ভাষণে উল্লেখ করতেন, তাহলে আমরা অত্যন্ত খুসী হতাম। সেই উল্লেখ তাঁর ভাষণে নেই, সেজন্য আমরা দুঃখিত।

Adjournment

The House was then adjourned at 7-10 p. m. till 3 p.m. on Wednesday, the 8th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House Calcutta, on Wednesday the 8th February, 1961, at 3 p. m.

Present

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 13 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 181 Members.

Unstarred Question to which written answer was laid.

[3—30-10 p.m.]

State Government employees under suspension

1. (Admitted question No. 8.) **Shri Sunil Das**: (*a*) Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state whether a number of employees of the State Government in the various departments are under suspension for the past several months on the charge of breach of Service Conduct Rules ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the number of such employees under different categories and cadres in the different departments and what are the major grounds of suspension ;

(*ii*) if there have been any enquiries made into these cases ;

(*iii*) if so, the findings thereof ; and

(*iv*) what decisions Government propose to take on these findings ?

The Chief Minister and Minister for Finance (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Yes.

(*b*) (*i*) The names of the employees and other particulars may be seen in the statement placed below.

(*ii*) and (*iii*) Yes. The present position so far as could be ascertained has been shown in column (6) of the statement placed below.

(*iv*) The appropriate punishing and appellate or revisional authorities will dispose of the proceedings in due course under the rules.

Statement referred to in reply to unstarred question No. 1

Serial No.	Name of the incumbent.	Name of the department where attached and post held.	Date of suspension.	Grounds of suspension.	Present position regarding the findings.	Other remarks, if any.
(1)	(2)	(3)	(4)	(5)	(6)	(7)
1	Shri Amal Ganguly ...	L. D. Clerk, West Bengal Government Press, Commerce and Industries Department.	7-6-60	Breach of Service Conduct Rules.	Proceedings completed. Report of the enquiring officer has been submitted.	
2	Shri Nitaihari Kar Mazumdar. ...	L. D. Assistant, Home (Transport) Department.	13-6-60 (A.N.)	Do. ...	The report of the enquiring officer has been received and is under consideration of the appointing authority.	
3	Shri Paritosh Bose ...	L. D. Clerk, Prisons Directorate, Home Deptt.	13-6-60 (A.N.)	Do. ...	Ditto.	
4	Shri Chittaranjan Sen ...	L. D. Clerk, Directorate of Consumer Goods, Food Department.	10-6-60 (A.N.)	Do. ...	Enquiry completed. The Clerk has been served with the second notice to show cause against the proposed penalty.	
5	Shri Manmatha Nath Talukdar. ...	Ditto ...	10-6-60 (A.N.)	Do. ...	Ditto.	

6	Shrimati Asha Roy ...	L. D. Clerk, Office of R. R. Commissioner.	11-6-60	Do. ...	Enquiry continuing.
7	Shri Ramesh Roy ...	Assistant Accountant, Office of R. R. Commissioner.	11-6-60	Do. ...	Ditto.
8	Shri Kumud Chatterjee	U. D. Clerk, Office of Zonal Officer, Calcutta—24-Parganas, R. R. and R. Directorate.	11-6-60	Do. ...	Ditto.
9	Shri Jiten Das Sharma	Head Clerk, Planning Circle Construction Board, Development Department.	13-6-60	Do. ...	Ditto.

Shri Jatindra Chandra Chakravorty: স্যার, আজ পুলিশ-মিনিষ্টারের একটা Statement দেবার কথা ছিল, আপনি permission দিয়েছেন।

Mr. Speaker: I remember that. Now, messages will be taken up first.

Message

Secretary: (Shri A. R. Mukherjee): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely :—

(1)

"That the West Bengal Legislative Council at its meeting held on the 3rd February, 1961, agreed to the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1960, without any amendments. The Bill is sent to the Assembly in pursuance of Rule 80 of the West Bengal Legislative Council Procedure Rules.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 3rd February, 1961.

(2)

"That the West Bengal Legislative Council at its meeting held on the 6th February, 1961, agreed to the Bengal Local Self-Government (Amendment) Bill, 1961, without any amendments. The Bill is sent to the Assembly in pursuance of Rule 80 of the West Bengal Legislative Council Procedure Rules.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 6th February, 1961.

(3)

"That the West Bengal Legislative Council at its meeting held on the 6th February, 1961, agreed to the Bengal Municipal (Amendment) Bill, 1961, without any amendments. The Bill is sent to the Assembly in pursuance of Rule 80 of the West Bengal Legislative Council Procedure Rules.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 6th February, 1961.

(4)

"That the West Bengal Legislative Council at its meeting held on the 6th February, 1961, agreed to the Bihar Tenancy (West Bengal Amendment) Bill, 1961, without any amendments. The Bill is sent to the Assembly in pursuance of Rule 80 of the West Bengal Legislative Council Procedure Rules.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta :
The 6th February, 1961.

Sir, I lay copies of the Bills on the table.

Calling attention on matter of urgent public importance

Mr. Speaker: I have got certain motions of Shri Jatindra Chandra Chakravorty and others.

Shri Jatindra Chandra Chakravorty: Test Cricket racketeering সম্পর্কে আজকে বলবেন বলেছেন।

Mr. Speaker: Mr. Mookerjee is not here.

Shri Jatindra Chandra Chakravorty: তা'হলে recess এর পর দিন।

Shri Saroj Roy: Queen Elizabeth আসা সম্পর্কে কত খরচ আমরা করছি সেটা জানতে চাই।

Mr. Speaker: You enquire from the office whether I have permitted that.

DEBATE ON THE GOVERNOR'S ADDRESS

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely.

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে এই রাজ্যের শিল্প এবং শিল্প-শ্রমিকদের অবস্থার প্রকৃত চিত্র দেওয়া হয় নাই।"

মিঃ স্পীকার স্যার, গভর্ণরের বক্তৃতায়—রাজ্যপাল মহোদয়ার বক্তৃতায়, আমাদের রাজ্যে কি ধরণের উন্নতি হয়েছে এবং তাঁর সরকার কি কি ভাল কাজ করেছেন, তার একটা ফিরিস্তি, কৃতিত্বের ফিরিস্তি আছে। কিন্তু আজকে ১০ বছর পরিকল্পনার পর কি ফল হয়েছে সেই আলোকে রাজ্যপালের বক্তৃতা আলোচনা করার প্রয়োজন আছে। আমার আগে অন্য বক্তারা বলেছেন যে সত্যই এই রাজ্যে এমন কিছু হয়েছে কিনা যাতে আজকের দিনে আমাদের দেশের যে অবস্থা ছিল তার থেকে একটা মৌলিক পরিবর্তনের সূচনা দেখা দিয়েছে। আমি মৌলিক পরিবর্তনের কথা বলছি না, মৌলিক পরিবর্তনের সূচনা দেখা দিয়েছে কিনা? আমার মতে সে রকম কোন সূচনা দেখা দিচ্ছে না। বরং আজকে আমাদের দেশে যত দারিদ্র্য অনাহার, যত বেকারী এবং হাহাকার দেখছি তা আমরা কোনদিনও দেখিনি—এটার জন্য কোন তথ্যের প্রয়োজন করে না। যাঁরা দেশের লোকের মধ্যে ঘোরে, শুনে, যাঁরা দেখে তারা প্রত্যেকেই এটা উপলব্ধি করবেন। এটা কোন দারুণ প্রশ্ন নয়। এখানে রাজ্যপাল তাঁর বক্তৃতায় বলেছেন যে তাঁর সরকার কতকগুলি মূল শিল্প উন্নয়নের এবং প্রতিষ্ঠার চেষ্টা করছেন। আমি সেখান থেকে আসছি—মূল শিল্পের তারা যে একটা পরিকল্পনা করেছেন, সেটা কিভাবে, কার সাহায্যে কি উপায়ে সেই পরিকল্পনা রূপায়িত করার জন্য চেষ্টা করছেন সেটা সমগ্র দেশের সামনে একটা বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে।

আমরা এটা জানি আমাদের অভিজ্ঞতা এবং সমস্ত পৃথিবীর বিভিন্ন দেশের অভিজ্ঞতা, বিশেষ করে যারা অনগ্রসর দেশ, যারা সদ্য স্বাধীন হয়েছে এবং আর্থিক উন্নতির চেষ্টা করছে, তাদের প্রত্যেকটি দেশে আজকে এটা স্বীকৃত হয়েছে যে, সাম্রাজ্যবাদীদেশ থেকে অর্থ সাহায্য নিয়ে, তাদের সহযোগিতা নিয়ে কোন দেশের জাতীয় উন্নতির পরিকল্পনা সম্ভব নয়। এটা আমাদের দেশের ক্ষেত্রে যখন আসবো তখন বলবো। কিন্তু United Arab Republic-এর নাসের সাহেব, যিনি পণ্ডিত নেহেরুর বন্ধু, তিনিও একথা বলেছেন এবং এশিয়া ও আফ্রিকার বিভিন্ন দেশের নেতারা একথা স্বীকার করেন। সুতরাং সাম্রাজ্যবাদীর সাহায্য সম্বন্ধে তারা অত্যন্ত সাবধান। কিন্তু আমাদের দেশের Government সে সম্বন্ধে মোটেই সাবধান নয়। আমাদের দেশে, পশ্চিমবঙ্গের এই রাজ্যপালের ভাষণের ভিতর থেকে যা ফুটে উঠেছে সেখানে আমি বলতে চাই, এখানে যে বৃহৎ শিল্পের প্রচেষ্টা চলেছে, সেটা কি পথে চলেছে সেটাই আমি দেখাবো। যেমন ধরুন, Fertiliser Factory। আমাদের দ্বিতীয় পরিকল্পনার গোড়ায় ছিল না, শেষদিকে বিদেশী সাম্রাজ্যের পুঁজি রাষ্ট্র ক্ষেত্রে এসে প্রবেশ করতে আরম্ভ করে এবং তৃতীয় পরিকল্পনায় সেটা আরো বাড়ান হয়। বলা হয়েছে ব্যক্তিগতভাবে পুঁজি পর্যন্ত এতে নিয়োগ করা যেতে পারে। এখন Government of West Bengal ২৫ কোটি টাকায় এই Fertiliser Factory প্রতিষ্ঠা করছেন এবং একটা আমেরিকান firm-র সাহায্য নেওয়া হবে। সেই firm-গুলির consortium-র শতকরা ৫১ ভাগ তাদের মূলধন নিয়োগ করতে পারবে এবং তারা সেটা

control করবে। ১০ বৎসর পর আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই শতকরা ৫১টি share পাবে। আমাদের Reserve Bank এই অভিমত দিয়েছে যে, কোন একটা শিল্পে যদি শতকরা ৪০ ভাগ মূলধন কোন একটা প্রতিষ্ঠান, বা কোন ব্যক্তি বা কোন group of persons নিয়ন্ত্রণ করে তাহলে তারা সমগ্র শিল্পের নিয়ন্ত্রণ করতে পারে। সুতরাং সেই আলোকে যদি আমরা দেখি তাহলে দেখবো এখানে যে Fartiliser Factory হবে তা সেই American Firm-গুলিই নিয়ন্ত্রণ করবে। এইভাবে আমাদের দেশে শিল্পের উন্নয়ন ব্যাহত হচ্ছে। এটা ভবিষ্যতের কথা বলছি এবং বর্তমানের কথাও বলছি যে এতে শিল্পের উন্নয়ন ব্যাহত হতে বাধ্য। এবং সেইভাবে বিদেশী সাম্রাজ্যবাদ, যারা অন্য দেশের পররাষ্ট্রনীতির পরিবর্তন চায়, সেই পররাষ্ট্র নীতিও আক্রান্ত হবার সম্ভাবনা আছে। তারপর দুর্গাপুরে বিদেশী পুঁজি কিভাবে দেশী পুঁজির সঙ্গে মিলে কারবার করার চেষ্টা করছে তার একটা উদাহরণ দিচ্ছি। সেখানে Cement Machine Manufacturing Plant করার কথা হচ্ছে সেটা A. C. C. and Vickers-এর সঙ্গে হচ্ছে। অর্থাৎ এ থেকে আমাদের দেশে বর্তমানে যেভাবে দুইটি জিনিস বেরিয়ে আসছে, তার একটা হচ্ছে বিদেশী সাম্রাজ্যবাদী পুঁজির সঙ্গে দেশী বড় পুঁজিপতিদের অঙ্গাঙ্গিক সংযোগ, তারা চেষ্টা করছেন তাদের নিজেদের মুনাফা লুণ্ঠন করবার জন্য একসঙ্গে মিলিত হচ্ছে, অন্যদিকে রাষ্ট্রের ক্ষেত্রে বিদেশীর এইভাবে বিনিয়োগ হচ্ছে যেটা সামগ্রিকভাবে আমাদের দেশের পক্ষে বিপদজনক। এইভাবে দেশী ও বিদেশী পুঁজি মিলিত হতে দেখছি। Bandel-এ যে Thermal Plant হচ্ছে, সেটা হচ্ছে American D. L. F.—Development loan fund-এর সাহায্যে। ২৯ কোটি টাকা খরচ হবে এবং এখানে লক্ষ্য করার বিষয় হচ্ছে প্রথম stage-এ এটা খরচ হবে তারপর অন্যান্য firm এসে যোগ দেবে এই agreement হয়েছে।

[3-10—3-20 p.m.]

৩০০ megawatt বিদ্যুৎ উৎপাদন হবে, সেই উৎপাদন কোথায় যাবে? কার মারফৎ? রাজ্যপাল শুধু বলেছেন সেই উৎপাদন শিল্প ইত্যাদিতে যাবে। কিন্তু কারা বিতরণ করবে? Calcutta Electric Supply Corporation। তাঁরা একটা বিদেশী একচেটিয়া কোম্পানী, তাঁরা সেই বিদ্যুৎ সরবরাহ করবে, অর্থাৎ পুরো মুনাফা তাঁরাই লুটবে। একটা রাষ্ট্রক্ষেত্রের মুনাফা একটা বিদেশী পুঁজিবাদী কোম্পানী লুণ্ঠন করবে—এভাবেই আপনারা দেশের ভবিষ্যৎ উন্নতির পথ করছেন! এই জিনিসটা আমি আপনাদের ভাল করে ভেবে দেখতে বলি। আমাদের সমস্ত সাবধানবাণী সত্ত্বেও যদি আপনারা এই পথে অগ্রসর হন তাহলে রাষ্ট্রের অমঙ্গল ছাড়া অন্য কিছু হবে না। রাজ্যপাল ছোট ছোট শিল্পের কথা বলেছেন,—ছোট শিল্প সম্পর্কে যা ব্যবস্থা হয়েছে সেটা অত্যন্ত লজ্জাকর। আমরা সকলেই জানি, West Bengal State Finance Corporation থেকে বড় বড় রাঘববোয়ালদের ভার দেওয়া হয়েছিল ছোট শিল্পগুলিকে বাঁচিয়ে রাখবার জন্য। কিন্তু তারা কি করেছে? State Finance Corporation-এর রিপোর্ট থেকেই দেখাচ্ছি—১৯৬০ সালের মার্চ মাস পর্যন্ত ঋণের জন্য ৩৫টি দরখাস্ত হয়েছে, ছোটরা পেয়েছে ৫টি ক্ষেত্রে, বড়রাই ৩০টি। ১ কোটি ১১ লক্ষ ৮৯ হাজার টাকা ঋণ দেওয়া হয়েছে, তারমধ্যে ছোটরা পেয়েছে ৩ লক্ষ ৯০ হাজার টাকা। সুতরাং ছোট শিল্প, মাঝারী শিল্প কিভাবে সাহায্য পাচ্ছে সহজেই বুঝতে পারা যাচ্ছে। এতে কি দেশের মাঝারী ও ছোট শিল্প বাঁচবে? এখানে জ্যোতিবাবু বসে আছেন, তিনি বলুন এভাবেই কি ছোট ও মাঝারি শিল্প প্রসার ও উন্নয়নের ব্যবস্থা হবে। ছোট শিল্পগুলিকে সাহায্য করা হচ্ছে বলে যে দাবি করা হয় সেটা অবাস্তব, তাতে কোন সত্যতা নাই। এর মধ্যে কোনপ্রকার কারচুপি করা যাবে না, কারণ figures রয়েছে। একটা ছোট শিল্প সম্পর্কে আমি বলব, গতকাল হরেকৃষ্ণবাবু বলেছেন

অনেক কথা,—লাক্ষা শিল্প। পুরুলিয়া পিছনে-পড়া দেশ, লাক্ষা শিল্পের উপর তার অনেক কিছু নির্ভর করে। বহু কৃষক লাক্ষা শিল্পের উপর নির্ভরশীল। কিন্তু এটা নিয়ন্ত্রণ করছেন কে? এ সম্পর্কে ভারত সরকারের রিপোর্টে তাঁরা বলেছেন, কতকগুলি firm West Germany এবং England-এর—তারা এটা নিয়ন্ত্রণ করছে। তারা কাঁচামাল নিয়ে যায়। এভাবে তারা দাম নিয়ন্ত্রণ করার ফলে কৃষক মারা যায়, গরীব মধ্যবিত্তলোক মারা যায়। এবং এভাবে লাক্ষা শিল্পও ধ্বংস হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার যে এ বিষয়ে কিছুই করেননি তার প্রমাণ তাঁদেরই রিপোর্ট —Draft Third Five Year Plan-এর ৫৬ পাতায় তাঁরা বলছেন Most of the schemes included in the Second Plan were meant for Purulia which is the best lac-growing area in West Bengal. Very small amount could be spent during the Second Plan and most of the schemes cou'd not be implemented in full.

অন্যান্য শিল্প সম্বন্ধে বাজেটের সময় আলোচনা করব। বিহার থেকে যা এসেছে, অত্যন্ত পিছিয়ে পড়া একটা দেশ, সে সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের কোন যেন দায়িত্ব নেই। রাজ্যপালের ভাষণে বলা হচ্ছে যে স্মল-স্কেল ইণ্ডাষ্ট্রি এবং কটেজ ইণ্ডাষ্ট্রি সম্পর্কে খুব করা হচ্ছে। কিন্তু আমরা জানি যে মাঝারি শিল্প, ক্ষুদ্রশিল্প আজ গভর্ণমেণ্টের সাহায্য না পেয়ে ধ্বংস হয়ে যাচ্ছে এবং তাদের সঙ্গে সংশ্লিষ্ট যারা আছে তারা প্রত্যেকে ধ্বংস হয়ে যাচ্ছে। সেজন্য আমরা যখন বলি যে আমাদের এই রাজ্যে দেশী-বিদেশী বড়বড় পুঁজিপতিদের দ্বারা পরিচালিত হচ্ছে—সেটা নেহাৎ বাজে কথা নয় এবং দেশের যা অবস্থা তার-এটাই প্রমাণিত হয়। আর একটা কথা রাজ্যপাল বলেছেন যে দেশের অবস্থা খুব ভাল। আমি দেশের অন্যান্য শ্রেণীর কথা না বলে, যে শ্রেণীর সম্পর্কে ব্যক্তিগত খবর রাখি তাদের সম্বন্ধে ২।১টা কথা বলব। এই কথা বলার সময় আমি কোন ফিগারের মধ্যে যাবো না। ভারত গভর্ণমেণ্ট থেকে পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট সকলেই স্বীকার করেছেন যে শিল্পোৎপাদন বাড়ছে। এই শিল্পোৎপাদন বাড়ার পেছনে শ্রমিকের অবদানের কথা নিয়ে কেউ নিশ্চয় অস্বীকার করবেন না। দেশে জাতীয় আয় বেড়েছে একথা কেউ অস্বীকার করবেন না। কিন্তু এই যে জাতীয় আয় বাড়ল তার কতটুকু কে পেল এর একটু হিসাব হওয়া দরকার। Sj H. R. Ayenger যিনি রিজার্ভ ব্যাঙ্কের গভর্ণর ছিলেন ২০ বৎসর আগে বলেছিলেন, ভারতবর্ষে শিল্পপতিদের স্বর্ণযুগের সূচনা হয়েছে। এই রকম ভাল ব্যবসা ভারতবর্ষে কোনদিন হয়নি এবং আরও ক্রমোন্নতি হবে। কিন্তু সেই শিল্পোন্নতির ফলে যে মুনাফা হয়—যার হিসাব রিজার্ভ ব্যাঙ্ক বার করে—সেই মুনাফা কোথায় যায়? পণ্ডিত নেহেরু বলছেন যে, এই মুনাফা কোথায় যায় তা জানার জন্য একটা কমিশন করতে হবে। সেই কমিশন বসেছে এবং কোথায় যাচ্ছে তা তারা খুঁজে বার করছেন। পণ্ডিত নেহেরু যদি এসব না জানেন তাহলে পশ্চিমবঙ্গ সরকার জানিয়ে দিন যে সেসব প্রকৃত ডেষ্টিনেশানে পৌঁছে যাচ্ছে। অর্থাৎ এই রকম গভর্ণমেণ্টের দৌলতে বড় বড় পুঁজিপতিরা সেসব নিয়ে যাচ্ছে। কিন্তু যারা সেই শিল্পের উন্নতির জন্য পরিশ্রম করল তাদের বেতনের যে হিসাব ভারত গভর্ণমেণ্ট গত বছর দিয়েছেন তাতে তারা বলছেন যে ১৯৩৯ সালের তুলনায় বেতন বিশেষ কিছু বাড়েনি। আমাদের হিসাব হচ্ছে যে একই অবস্থায় আছে—আগে ২।৪ পয়েণ্ট যা বেড়েছিল তাই আছে। অথচ বাজারের দাম যা বেড়েছে তার সঙ্গে মজুরী যা বেড়েছে তাতে শ্রমিকরা খাপ খাওয়াতে পারছে না। এটা তথ্যের ব্যাপার নয়, ভারত গভর্ণমেণ্টের হিসাবেই এই জিনিস রয়েছে। অন্যদিক থেকে দেশে যেমন শিল্পোন্নতি হচ্ছে তেমনি যারা সেই শিল্পোন্নতি করাচ্ছে সেই শ্রমিক শ্রেণীর মধ্যে বেকারী দিন দিন বেড়ে চলেছে এবং নূতন নূতন বেকারী সৃষ্টি হচ্ছে। সাত্তার সাহেব যে রিপোর্ট দিয়েছেন তাতে তিনি স্বীকার করেছেন যে ১৯৫৯ সালের আগের আগের বছরের তুলনায়—আমি কোন ফিগারের মধ্যে যাবোনা, তাঁর ফিগার আমি তাঁকেই দেখতে বলব—Organised Industry-তে শ্রমিকের

সংখ্যা কমে গেছে। এই কমার কারণ হচ্ছে যে সমগ্র অর্থনীতি কায়েমী স্বার্থের সঙ্গে জড়িত রয়েছে। এই ভাবেই সমগ্র অর্থনীতি কায়েমী স্বার্থের সঙ্গে জড়িত থাকার জন্য বেতনও বাড়ছে না। দেশে কলকারখানা বাড়ুক এটা প্রত্যেকটা লোক চায়, কিন্তু তাতে যদি মুষ্টিমেয় লোকের উপকার হয় তাহলে সেখানে ভেবে দেখতে হবে যে আর শিল্প বাড়ার প্রয়োজন আছে কিনা? পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নাকি বেকারী রোধ হবে, কিন্তু আমি বলব যে ৫০তম-তেও এই বেকারী দূর হবে না। কারণ তাঁরা যে গণতন্ত্রের রাস্তায় চলেছেন তাতে বেকারী অন্তর্নিহিত আছে। আমেরিকার চেয়ে বড় ধনতান্ত্রিক দেশ আর নেই কিন্তু সেই আমেরিকার খবর হচ্ছে সে সেখানে ৪০ লক্ষের উপর বেকার রয়েছে। আজকের Statesman-এ খবর বেরিয়েছে যে General Motor Co-র আগে ৩টা মোটর কোম্পানী already ছাটাই করেছে, কেননা সেখানে slump এসে গেছে। সেখানে ৮০ হাজার শ্রমিকের মধ্যে ৪৬ হাজার ৫০০ শ্রমিককে ছাটাই করেছে।

[3-20—3-30 p. m.]

সুতরাং যে পথে যে ভাবে কায়েমী স্বার্থের সাথে চলেছেন তাতে কিছুতেই বেকার সমস্যার সমাধান হবে না এবং শ্রমিকের মজুরীও বাড়বে না এবং যদিও বা কিছুটা পরিমাণে মজুরী বাড়ে তাও আবার সঙ্গে সঙ্গে দ্রব্যমূল্য বৃদ্ধি করে ধনী ও বড় বড় ব্যাপারীরা নিয়ে নেবে। সুতরাং আজ বাংলাদেশের অবস্থা যে খুবই নিদারুণ হয়ে উঠেছে সেটা গভর্ণমেণ্টের বোঝার প্রয়োজন আছে। গতকাল একজন বিপ্লবের ভয় দেখিয়েছেন, কিন্তু আমি সে কথা না বললেও এটা বলব যে, যে গভর্ণমেণ্ট এখানে বসে আছেন তাঁদের কথার সঙ্গে কাজের কোন সম্পর্ক আছে কিনা সেটা আজ তাঁদের ভেবে দেখা দরকার এবং এটাও মনে রাখা দরকার যে, ২।৪ জন লোককে হয়ত ফাঁকি দেওয়া যায় কিন্তু সকলকে বারে বারে ফাঁকি দেওয়া যায় না। দেশে আজ যে হাহাকার উঠেছে তা আপনারা কখনও ভেবে দেখেছেন কি? তবে আমি তথ্য নিয়ে দেখেছি যে, অর্গানাইজড সেকটর এবং আন-অর্গানাইজড সেকটার-এ সর্বত্রই এমপ্লয়মেণ্ট পোটেন্‌সিয়ালিটি কমে যাচ্ছে। দুর্গাপুরে যে ফ্যাক্টরী হবে সেটা ক্যাপিটাল ইন্‌টেন্সিভ ফ্যাক্টরী এবং সেখানে কিছু লোকের কাজ হবে এটা সত্য। কিন্তু পশ্চিমবাংলায় বেকার সমস্যা যে ভাবে বেড়ে চলেছে তা কি করে নিয়ন্ত্রণ করা যায় তার জন্য গভর্ণমেণ্ট কি কোন প্রোগ্রাম নিয়েছেন বা কোন কথা বলেছেন? অবশ্য ১৯৫৯ সালে বিধান বাবু একবার বলেছিলেন যে, শিল্প গড়ে তুলে বেকার সমস্যার সমাধান করব। কিন্তু আমি তাকে জিজ্ঞেস করতে চাই যে, আমেরিকায় যখন এত শিল্প রয়েছে তবুও সেখানে বেকার সমস্যা কেন এবং সেটা কেন সেখানে একটা পার্মানেণ্ট ফিচার হয়ে দাঁড়িয়েছে? কাজেই শিল্প গড়ে তুললেই বেকার সমস্যার সমাধান করা যায় না। তবে রাজ্যপালের ভাষণের মধ্যে এসব জিনিস ফুটে ওঠেনি এবং সেইজন্যই আমার বক্তব্য হচ্ছে আজ গভর্ণমেণ্ট এবং রাজ্যপালের বোঝা উচিত যে আত্মসন্তুষ্টির কোন স্থান নেই এবং সে রাস্তায় গেলে দেশের লোক বুঝবে যে এঁরা কেবল বাক্যবাগীশ ছাড়েন। তারপর রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে, ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশনস্-এর উন্নতি হয়েছে। অবশ্য এটা যদিও ঠিক যে মডেল লেবার ওয়েলফেয়ার সেণ্টার অনেক হয়েছে কিন্তু তাতে এই জিনিস বোঝায় না যে ইণ্ডাষ্ট্রিয়াল রিলেসন্‌স্-এর উন্নতি হয়েছে এবং যতগুলো কেস্ হয়েছে তার হিসেব যদি ধরেন তাহলে মাস্তার সাহেব দেখতে পাবেন যে ইণ্ডাষ্ট্রিয়াল রিলেসন্‌স্-এর উন্নতি হয়নি এবং এর দ্বারা তা হবেও না। তারপর আমাদের পশ্চিম বাংলায় যে জাংগল লজ চলছে তার কথা তিনি বলেন নি এবং তার কারণও কিছু বুঝতে পারলাম না। কিন্তু আমরা দেখছি এখানে মালিকদের কথাই হচ্ছে ল এবং যে সব বড় বড় জুট-ম্যাগনেট, কটন চেন্নটাইল এবং ইঞ্জিনিয়ারিং ইণ্ডাষ্ট্রিস্-এর মালিকরা বাংলাদেশে গেড়ে বসেছে তাদের হাতেই এই গভর্ণমেণ্ট এবং দিল্লীর সরকার। তারপর তিনি ওয়েজ বোর্ডের কথা বলতে

গিয়ে বলেছেন যে, জুট ওয়েজবোর্ড এবং টি ওয়েজবোর্ড করা হয়েছে। কিন্তু আমি জিজ্ঞেস করতে চাই, যে জিনিস ১৯৬০সালের ১লা জানুয়ারী থেকে সমস্ত ভারতবর্ষে লাগু করা হবে বলে টেক্সটাইল ওয়েজবোর্ডে সর্ববাদীসম্মত প্রস্তাব পাশ হয়েছিল সেটা কি পশ্চিমবাংলায় লাগু করা হয়েছে? এই কি ইণ্ডাষ্ট্রিয়াল রিলেসন্স্-এর নমুনা? আপনারা এখানে বসে অনেক বড় বড় কথা বলেন কিন্তু আমরা দেখেছি যেহেতু কংগ্রেসের বড় বড় ফাইনান্সিয়াররা—অবশ্য তাঁদের নাম আমি বলতে চাচ্ছিলাম না, কিন্তু একজন সদস্য বলে দিলেন যে নলিনাক্ষ দত্ত এবং দেবেন ভট্টাচার্য—ইলেকসন ফাণ্ডে টাকা দেয় সেইহেতু সহি হতে হতে থেমে গেল এবং যেহেতু বিড়লা বলল দেবনা অমনি এঁদের কলম বন্ধ হয়ে গেল। তবে স্যার, এই ভেবে আশ্চর্য হয়ে যাই যে, এতবড় একটা জেনায়েল ষ্ট্রাইক হওয়া সত্ত্বেও এঁদের কানে জল ঢোকে না।

জুট ওয়েজ বোর্ডে ইণ্টারিম রিলিফের সিদ্ধান্ত হয়েছে, ভারত গভর্ণমেণ্ট গেজেট করেছেন, পশ্চিমবঙ্গ সরকার বলছেন তাদের যে ২ টাকা ৮৫ নয়া পয়সা তারপর জানুয়ারী থেকে ৩ টাকা ৪২ নয়া পয়সা দিতে হবে সেটা নাকি ভারত গভর্ণমেণ্ট তাঁদের জানাননি আর জুট মিলের মালিকরা নোটিশ দিয়ে দেন ওসব কিছু জানিনা, শুভবে কান দিওনা। এই কি ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশান? স্যার, ১ মাস হয়ে গেছে আজও ইণ্ডাষ্ট্রীয়াল রিলেশান ইমপ্লিমেণ্টেড হ'ল না। একে যদি "জাংগল ল" না বলি কাকে "জাংগল ল" বলব? আমরা প্রশ্ন করছি যে অতীতে যেটা করার কথা ছিল সেটা কবে করা হবে? আমি আর একটা কথা বলব সেটা হল চটকল সম্পর্কে। চটকল সম্পর্কে এটা কেউ অস্বীকার করবেন না, কংগ্রেস বেঞ্চের যাঁরা চটকলের খবর রাখেন তাঁরাও পর্যন্ত জানেন যে সেখানে কোন আইন নেই, সেখানে ইণ্ডাষ্ট্রিয়াল রিলেশান বলে কোন কথা নেই। সেখানে সাত্তার সাহেবের কথা চলেনা, ডাঃ রায়ের কথা চলেনা, তাই তাঁরা মাথা নীচু করে মেনে নেন। চটকলের মালিকরা ১ লক্ষ শ্রমিককে ছাঁটাই করেছে। গভর্ণমেণ্টের দেওয়া ঋণে নতুন মেসিন এনে তারা এই দেশের লোককে ছাঁটাই করেছে সমস্ত প্রতিশ্রুতি ভঙ্গ করে। লেবার কন্ফারেন্সে বলা হয়েছে যে, ছাঁটাই হবে না অথচ ১ লক্ষ লোক ছাঁটাই হয়েছে—তাঁর ডিপার্টমেণ্টের লোকেরা স্বীকার করেছেন। সেখানে ওয়ার্ক লোড বাড়ান হয়েছে, intensi ication of labour হয়েছে—কোন আইন, কোন কানুন সেখানে চলে না। সেখানে double loom চালান হয়েছে শ্রমিকদের জবরদস্তি করে। তার বিরুদ্ধে শ্রমিকরা স্ট্রাইক করাল, এই কংগ্রেসী বন্ধুরা সেখানকার শ্রমিকদের পরিচালনা করতে গিয়েছিলেন—শ্রমিকরা পারেনা তবুও double loom চালান হয়েছে। তাঁরা হেল্পার রাখছেন—আন-রেজিষ্টার্ড মিলের খাতায় তাদের নাম রাখছেন; সেই হেল্পারের মাইনে কোথা থেকে আসে—তাদের মাইনে আসে শ্রমিকদের নিজের বেতন থেকে। এ যদি "জাংগল ল" না হয় তাহলে কোনটা "জাংগল ল" হবে? আমি জানিনা তাদের standing orders and rules অনুসারে তাঁরা কত লোককে ছাঁটাই করবেন। সেই লোকের জায়গায় নতুন লোক ভর্তি হবে কিনা, কত পার্মানেণ্ট কত টেম্পোরারী তাও কেউ জানেনা। অবশেষে অনেক করে জানা গেছে চটকলে ২ লক্ষ শ্রমিকের মধ্যে ১ লক্ষ ২০ হাজার পার্মানেণ্ট, ৮০ হাজার টেম্পোরারী। মালিকরা বলছেন আরও ৩০ হাজার ছাঁটাই করবেন, লুম প্রতি ২॥ জন করে রাখবেন, গভর্ণমেণ্ট সেখানে বলছেন লুম প্রতি ৩ জন রাখা হোক। গভর্ণমেণ্ট কি গ্যারাণ্টি দিয়েছেন যে লুম প্রতি ৩ জন পার্মানেণ্ট লোক দিয়ে কাজ করান হবে? সদিচ্ছা ছাড়া কি গ্যারাণ্টি আছে? সদিচ্ছা ছাড়া বিশ্বাস করা যেতে পারেনা। লুম বন্ধ করে দেওয়া হচ্ছে, কোন আইন নেই, কারোর সঙ্গে পরামর্শ নেই। ডাঃ রায় বলছেন আমি জানিনা অথচ কাগজে দেখলাম ডাঃ রায়ের সঙ্গে কথা বলে তার পরের দিন তারা করেছে। সুতরাং হয় তারা ডাঃ রায়কে মানেন না, না হয় পরোয়া করেন না। ঘণ্টা কমিয়ে দিয়েছে—৪৮ ঘণ্টা থেকে ৪২½ ঘণ্টা করেছে, প্রায় ১ লক্ষ লোক ছাঁটাই হয়ে যাচ্ছে এবং লোকের মজুরী কমেছে মাসে ৮ টাকা করে। গভর্ণমেণ্ট ত্রিদলীয় সম্মেলন করছেন। আমি কয়েকটা

জিদলীর সম্মেলনে যেয়ে বললাম, আমি পারবনা, পারত স্ট্রাইক কর। সুতরাং এই "জাংগল ল" যদি পরিবর্তন না করা হয় তাহলে স্ট্রাইক হবে এ কথা আমি ঘোষণা করছি। আমাদের আই. এন. টি. ইউ. সি.-র বন্ধু যাঁরা আছেন তাঁরাও একথা বলবেন কারণ, তাঁদেরও সহ্যের সীমা পার হয়ে গেছে। মালিকরা বলছেন যে পাটের দাম বেড়ে গেছে। পাটের দাম যখন কম ছিল যখন চটকলের মালিকরা প্রচুর মুনাফা করেছে তখন তারা শ্রমিককে এক পয়সাও দেয়নি আর আজকে যখন দাম বেড়েছে তখন সমস্ত বোঝা শ্রমিকদের উপর চাপাবে। দাম বেড়েছে ফাটকাবাজীর জন্য। আমি জানি এই ফাটকাবাজী করছে বিড়লা, গোয়েংকা, বাঙ্গুর বাজোরিয়ারা।

[3-30—3-40 p.m.]

হুকুমচাঁদ জুট মিল শুনেছি সবচেয়ে বড় মিল, বাংলাদেশের ১০ হাজার লোক সেখানে চাকরী করে। তার ৫০ পার্সেণ্ট শেয়ার বিড়লা কিনে নিয়েছে। এইভাবে ফাটকাবাজারী করে শ্রমিকদের বেতন কমানো হয় এটা জাঙ্গল ল নয়? গভর্ণমেণ্টের বুদ্ধদেবের অবস্থা, কিছু করবার নেই তাঁরা চুপচাপ বসে আছেন। সুতরাং আমরা দাবী করেছি, আই. এস. টি. ইউ. সি. পর্যন্ত দাবী করেছে যে ষ্টেট ট্রেডিং করা হোক, পাটের উপর সরকারী নিয়ন্ত্রণ হোক—সরকার ব্যবসা করুক, তাতে ফাটকাবাজারী বন্ধ হবে। গভর্ণমেণ্ট এটা করতে সাহস করবেন? আমরা বলেছি চট শিল্প থেকে আমাদের ষ্টার্লিং আসে ডলার আসে সুতরাং চটকলগুলিকে জাতীয় সম্পত্তিতে পরিণত করা হোক। গভর্ণমেণ্ট তা করবেন? ফরেন এক্সচেঞ্জের ঘাটতি পড়ে গেছে বলা হয়, অতএব ফরেন এক্সচেঞ্জে ২য় নং আইটেম জুট। ষ্টেট ট্রেডিং করবেন? যতই রাজ্যের বাঁধুনী করুন তা যদি না করেন তাহলে এই শিল্প ধ্বংসের পথে যাবে এবং আপনারা তার থেকে নিষ্কৃতি পাবেন না। সুতরাং মিঃ স্পীকার স্যার, এই যে অবস্থা এই অবস্থা পশ্চিমবাংলায় একটা ভয়াবহ চিত্র এনে দিচ্ছে রাজ্যপালের বক্তৃতার মধ্যে যার বিন্দুমাত্র উল্লেখ নেই, কোন প্রতিফলন পাওয়া যায় না। বলা হচ্ছে যেন সবই ভাল হচ্ছে কিছু কারখানা হলে পর বাকীটা হাওয়াই পাল তুলে চলে যাবে এবং শেষকালে বৃহত্তর কোলকাতায় জনসাধারণকে কিঞ্চিৎ সন্তুষ্ট করবার জন্য বলা হচ্ছে—যে বৃহত্তর কোলকাতায় জনসাধারণের মধ্যে শ্রমিক এবং মধ্যবিত্ত তারাই হচ্ছে অধিক সংখ্যক তাদের সন্তুষ্ট করবার জন্য বলা হচ্ছে অনেক রকম অসুবিধা হচ্ছে, হেন তেন, ট্রান্সপোর্টের অসুবিধা, জল নেই, পায়খানা নেই, অমুক নেই এবং আর একটা লজ্জার ব্যাপার গভর্ণর বলছেন we have realised that Calcutta is the biggest single blot on modern India ইত্যাদি। আমি বলতে চাই যে কোলকাতা মডার্ণ ইণ্ডিয়ার উপর ব্লট নয়—কোলকাতার যা দুর্দশা, বৃহত্তর কোলকাতার যা অবস্থা, আশেপাশে সহরতলী এবং কোলকাতা সহরের যে নিদারুণ কাহিনী, জনসাধারণের দুঃখের যে কাহিনী তারজন্য যদি কেউ দায়ী থাকেন তো এই রাজ্যপালের গভর্ণমেণ্টই দায়ী। কোন কোন নেতাদের নাইট মেয়ারের প্রশ্ন এসেছে—এখানকার কংগ্রেসী নেতারা হয়ত ভাবছেন তাইতো বৃহত্তর কোলকাতাকে নিয়ে কি করা যায়। আমি একথা বলতে চাই যে কোলকাতা মডার্ণ ইণ্ডিয়ার উপর ব্লট নয়—এটা বর্তমান ভারতের গৌরবের জিনিস, পুরাতন দিনের ঐতিহ্যের ধারক এবং বাহক এই বৃহত্তর কোলকাতা, জাতীয় আন্দোলনের ধারক এবং বাহক এই বৃহত্তর কোলকাতা এবং বর্তমান ভারতের গণতন্ত্রের সর্বশ্রেষ্ঠ পূজারী হচ্ছে এই কোলকাতা সহর। এখানকার জনসাধারণ দুঃখের মধ্যে, দারিদ্র্যের মধ্যে নিজেদের উপর আক্রমণকে প্রতিহত করে কোলকাতা সহর, বৃহত্তর কোলকাতাকে সারা ভারতবর্ষে শীর্ষস্থানে রেখেছে এবং রাখবে। যতই গভর্ণমেণ্ট করুক, যতই গভর্ণমেণ্ট বলুক বড় বড় পরিকল্পনার কথা নির্বাচনের আগের বছরে যে ৪ শো কোটি টাকা

খরচ করা হবে, স্যাটেলাইট টাউন হবে, মেট্রোপলিটান ওয়াটার বোর্ড হবে, মাটির তলা দিয়ে, উপর দিয়ে রেল চলবে—যতই যাই হোক কোলকাতা সহরের বৃহত্তর কোলকাতার জনসাধারণ তাদের এই ধাপ্পায় ভুলবে না। তারা নিশ্চয়ই চাইবে যে বৃহত্তর কোলকাতা তথা সারা পশ্চিমবাংলায় উন্নতির রাস্তা এই গভর্ণমেণ্ট খুলেছেন। এই গভর্ণমেণ্ট এতদিন ধরে আছে, সুতরাং এটা তাদের কর্তব্য, তাদের দায়িত্ব, তাদের এই কাজ করতে হবে। সেই দাবী তারা নিশ্চয়ই করবে এবং সেই দাবী করে তারা জয়ী হবে, এটা আমি বিশ্বাস করি এবং এই কোলকাতা সারা ভারতবর্ষকে পথ দেখাবে। সঙ্গে সঙ্গে আমি একথা জোর করে বলতে পারি যে এই বৃহত্তর কোলকাতা পশ্চিমবাংলায় কংগ্রেস সরকারের সমাধি রচনা করবে। এই কয়টি কথা বলে আমি রাজ্যপালের ভাষণের তীব্র বিরোধিতা করছি।

Shri Hansadhwaj Dhara :

মিষ্টার স্পীকার স্যার, মহামান্য প্রদেশপালের ভাষণের উপর যে বিতর্ক চলছে, একটু আগে ডাঃ সেন যে কথা বলেছেন—আমি অত্যন্ত মন দিয়া শুনছিলাম যে কংগ্রেস সরকারের সমাধি এখানে হবে এবং সেই জন্য নির্বাচনের আগে যত বড় কথাই হোক বড় বড় জিনিষ করা হবে। কলকাতা সহরে এই সব জিনিস বললেই জনসাধারণ শুনবেনা এবং জনসাধারণের এত দুঃখকষ্ট অভাব অভিযোগ আছে সেই জন্য কংগ্রেস সরকার দায়ী, এটা জনসাধারণ বিচার করে রায় দেবে। কিন্তু আমি নিজে মনে করি ডাঃ সেন যে কথা বলছিলেন কংগ্রেস সরকার সমস্ত দুঃখকষ্ট অভাব অভিযোগের জন্য দায়ী, অন্ততঃ দায়ী না হোক্—এর পেছনে তাদের দায়িত্ব আছে। এবং দায়িত্ব নিয়েই তাঁরা কাজ করছেন। এই সমস্ত বিষয় বিচার বিবেচনা করে দেশের দুঃখ কষ্ট অভাব অভিযোগের যে চিত্র তিনি এতক্ষণ ধরে দিচ্ছিলেন, এই দুঃখ কষ্ট আমাদের দেশে আছে—এটা অস্বীকার করবার উপায় নাই। তিনি শ্রমিক, কৃষক ও মধ্যবিত্তদের ছবিও এখানে দিয়েছেন। এই দুঃখকষ্ট অভাব অভিযোগ আছেই বলে এই সব পরিকল্পনা করা হচ্ছে, নানারকম ব্যবস্থা অবলম্বিত হচ্ছে।

এই দুঃখকষ্ট আছে কিসের জন্য, কতদিন পর্য্যন্ত থাকতে পারবে—? এর মধ্যে কোন হিষ্টোরিক্যাল রিজন্ আছে কিনা? এই সমস্ত জিনিষ বিচার করে, চিন্তা করে, দেখা দরকার। যে দৃষ্টিভঙ্গী দিয়ে দেখা দরকার,—যে ভাবে বিচার করা দরকার, সেই পথের কথা বলে তিনি এই বলে conclusion করছেন যেখানে ধনতন্ত্রের পথে দেশ পরিচালিত হচ্ছে,—সেখানে এই দুর্ভাগ্য থাকবে। এখানে তার ভুল হয়েছে। রণেনবাবু জানেন তাদের সম্মেলনে স্বীকার করেছেন এক দেড় বছর আগে। আমরা স্বীকার করি চটকলে অসুবিধা হচ্ছে। সেখানকার মালিক আমাদের দেশের লোকেরা, তারা বড়লোক, তারা বেশী মুনাফা করতে পারে। আমাদের পরিকল্পনা হচ্ছে মিশ্র অর্থনীতির। এই মিশ্র অর্থনীতিকে যদি মেনে নিয়ে থাকেন, তাহলে এ জিনিস হয়ে থাকবে। তিনি একদিকে বলছেন চটকল জাতীয়করণ করে নেওয়া হোক্। কিন্তু সরকার তা পারছেন না। তার জন্যই সরকারী প্রচেষ্টা ব্যক্তিগত প্রচেষ্টা—এবং জনসাধারণের প্রচেষ্টার মাধ্যমে পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা রূপায়ন করার চেষ্টা করছি আমাদের দেশে। সেটা There is no denying the facts তা অস্বীকার করবার উপায় নাই। আমাদের দেশের যে অবস্থা তার মধ্যে এ জিনিস আমরা গ্রহণ করতে পারি। তিনি বলেছেন শিল্পোৎপাদন বাড়লো, জাতীয় আয় বাড়লো, তবে কেন শ্রমিকদের দুঃখ? জাতীয় আয় বাড়লে, সেই আয় যদি capital formation না করতে পারে, এবং capital reinvest না আসে, তাহলে লাভ হবে না। একথা প্রদেশপাল তার ভাষণে স্বীকার করেছেন বড় শিল্পপতিরা উৎপাদনের সুযোগ নিচ্ছেন। আজকে যত রকম শিল্প দরকার, ফ্যাক্টরী দরকার, সরকারী প্রচেষ্টায় ও অর্থে তা আমরা করতে পারছি না। তাই দেশী বিদেশী মহাজনদের কাছ থেকে সাহায্য নিতে হচ্ছে।

সেই দুঃখ কষ্ট অভাব অভিযোগের পরিপ্রেক্ষিতে আমাদের বিচার করতে হবে আমাদের যে প্রচেষ্টা, যে ইচ্ছা, যে আদর্শ—, সেই পথে আমরা যাচ্ছি কি না। এ সব বিচার করা প্রয়োজন। সেই কথা আগে থেকে ঠিক করে নিয়ে আমরা ধনতান্ত্রিক পথে, পুঁজিপাতির পথে চলেছি। যেখানে যেখানে দুঃখ কষ্ট আছে—, সেখানে তাঁরা একটু তাকিয়ে দেখুন। ধনতান্ত্রিক পদ্ধতিতে চাকরীর মাইনে কমে—, আসল বিচারে গলদ হয়ে আছে।

[3-40—3-50 p.m.]

আজকে যদি মহামান্য রাজ্যপালের ভাষণের যে কোন একটা ছোট খাট ঘটনা বা একটা বিষয় নিয়ে আলোচনা করি তাহলে চার দিনের যে বিষয় বস্তু এখানে আলোচনা করবার কথা, তা আলোচনা করে শেষ করতে পারবো না। মোটামুটি যে সমস্ত নীতি অর্থাৎ আদর্শের কথা, broad principles এর কথা আছে, সেগুলি আমাদের আলোচনা করে দেখতে হবে। আমাদের planning ও আদর্শ ঠিক পথে চলছে কি না, সেটাও দেখা দরকার। সেদিক থেকে দেখতে গেলে আমরা দেখবো এ বছর আমরা রাজ্যপালের ভাষণের উপর যে বিভিন্ন বিষয় আলোচনা করছি, তার কারণ হচ্ছে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এ বছর চালু হবে। সেই জন্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে আশা আকাঙ্ক্ষা ও যে সমস্ত বিষয় বস্তু আছে, তার সঙ্গে মিশিয়ে আলোচনা করছি। বিরোধী পক্ষের বন্ধুরা যে সমস্ত কথা বলেছেন, নীতির দিক দিয়ে, আদর্শের দিক দিয়ে আলোচনা করে দেখতে গেলে আমাদের যে আর্থিক দুর্গতি ও বেকার সমস্যার কথা তাঁরা বলেছেন, গণতন্ত্রের বিরোধী অভিযানের কথাও তাঁরা তুলেছেন এবং তাঁরা আরো বলেছেন যে পুঁজিবাদী পরিকল্পনার জন্যই দুঃখ কষ্ট স্থায়ী আকারে থেকে গিয়েছে। এই হচ্ছে তাঁদের মোটামুটি কথা, এবং তারা এই ভাবে চিত্র এঁকে, কৃষক, শ্রমিক এবং মধ্যবিত্ত বেকারীদের কথা বলতে চেয়েছেন—এই তিনটি নীতির মধ্যে রেখে। তাঁদের এই অভিযোগ সত্য, কি সত্য নয়,—তা তাঁরা এতদিন ধরে যে আলোচনা করেছেন, এবং যে পথে তারা আমাদের দেশে কাজ করে চলেছেন, সেদিকে একটু দৃষ্টি দিলেই সহজে বোঝা যায়।

অনেকবার আলোচনা হয়েছে। আমাদের দেশ আজ ধনতান্ত্রিক পথে চলেছে, সেই জন্যই শ্রমিকদের এত কষ্ট, সেই জন্য আমাদের অর্থশালী ব্যক্তিরা লাভ করে, সমস্ত দেশে অনর্থ সৃষ্টি করছে। আমরা অহেতুক সংশয়ে আসল বিচারের পথে অগ্রসর হতে পারছি না। হয় এটা অজ্ঞতাবশতঃ বা অভিসন্ধি মূলক, তাই তারা সত্যকারের পথ খুঁজে, বেছে নিতে পারছেন না। এখানে ঘোষণা করা হয়েছে পুঁজিবাদী ও ধনতান্ত্রিক পথে আমাদের দেশ চলবে না। সমাজ তান্ত্রিক ধাঁচে সমাজ ব্যবস্থা আমাদের দেশে প্রতিষ্ঠা করতে চাই। সেই পথ প্রতিষ্ঠিত করতে হলে—আমাদের দেশের বর্ত্তমান যে দুর্গত অবস্থা, তাতে আমরা একটা মিশ্র অর্থনীতি বেছে নিয়েছি। এই মিশ্র অর্থনীতি কেবল আমাদের দেশে নেওয়া হয়েছে, তা নয় পৃথিবীর অন্য দেশও নিয়েছে। বিশেষ করে কমিউনিষ্ট দেশ, রাশিয়া এই সমাজ তান্ত্রিক ধাঁচে মিশ্র অর্থনীতি পরিচালনা করছে গণতান্ত্রিক পথে। তাঁরা গণতান্ত্রিক পথে সামঞ্জস্য বিধান করছেন সহ অবস্থানের অহিংস পদ্ধতিতে। এই পথে ধাপে, ধাপে এগিয়ে যাবার জন্য আমাদের দেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এই কয়েকটা কথা চোখের সামনে স্পষ্ট আকারে রেখে এদেশের অবস্থা ও পরিকল্পনার ব্যবস্থাকে বিচার করতে না পারলে, আমাদের দেশের সম্পূর্ণ অবস্থাটা বুঝতে পারবো না এবং বিচারেও ভুল হবে। সেই জন্য এই অবস্থায় আমরা শিক্ষা, স্বাস্থ্য বা সমষ্টিগত উন্নয়নের যে কোন কথা বলি, সমস্ত বিষয় লক্ষ্য করবো যে পরিকল্পনায় কতদূর গ্রাম্য বিষয় বস্তুতে priority দেওয়া হয়েছে। আমাদের ঐ নীতি ও আদর্শের কথা চিন্তা করে লক্ষ্য রাখতে হবে এবং চিত্রের বিচারও সেইভাবে করতে হবে।

এবং এই মূলনীতির দিকে লক্ষ্য রাখলে রাজ্যপাল মহোদয়ার ভাষণকে বিচার করার কোনদিক দিয়ে অসুবিধা আছে বলে মনে হয় না। রাজ্যপালের ভাষণের কোথাও নাই যে খাদ্যের যে উৎপাদন হয়েছে—তা সম্পূর্ণ ফলিয়েছে খাদ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন মহাশয়, একথা কোথাও নাই। কাল একজনের বক্তৃতায় শুনলাম, আগে থেকে তারা অনুমান করে নিয়েছেন যে এটা তারই কৃতিত্ব প্রফুল্লবাবু বলবেন। সমস্ত দেশের খাদ্য ফলিয়েছে দেশের মানুষ ; এটা কেমন কথা যে আমাদের Government-এর যত লোক আছে তারা সমস্ত চাষ করে সব জায়গায় খাদ্য ফলিয়েছে! কিন্তু কিছুতো বলতে হবে—তাই বললেন। প্রফুল্লচন্দ্র সেন মশায় এখনি উঠে বলবেন যে এটা সম্পূর্ণ তারই কৃতিত্ব। খাদ্য দেশে বেশী ফলন হয়েছে একথা অস্বীকার করার কোন কারণ নাই এবং একথাই বলা আছে প্রদেশপালের ভাষণের মধ্যে। তেমনি আমাদের ক্ষুদ্রজ্ঞান দিয়ে অনেক সময় আমরা বড় জিনিসের বিচার করে থাকি—তা না করে ঠিকমত দৃষ্টিভঙ্গী নিয়ে যদি সমস্ত দেশের পরিকল্পনাকে, তার আদর্শকে বিচার করি তাহলেই ঠিকভাবে বিচার করা হবে। সেজন্য আমি অন্ততঃ আশা করবো যেখানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ হতে যাচ্ছে সেই পরিকল্পনা implementation-এর জন্য বিভিন্ন রকম criticism হওয়া দরকার, কোনখানে কি দোষত্রুটি ঘটছে সেদিকে নজর দেওয়া দরকার State Level of Protective আইন হওয়া দরকার, সমস্ত আলোচনা করা দরকার কিন্তু তার পরিবর্তে দেখছি—নিজের জ্ঞান বুদ্ধিমতে একজন এসেম্বলী হওয়ার আগেই তার মত প্রকাশ করেছেন ডাঃ বিধানচন্দ্র রায় যে ভারতরত্ন পেয়েছেন সে সম্বন্ধে। ডাঃ বিধানচন্দ্র রায় ভারতবর্ষে জন্মগ্রহণ করেছেন সেজন্য ভারতবর্ষ গৌরবান্বিত। তিনি তাঁর ক্ষমতা এবং প্রতিভায় বিধানচন্দ্র রায় হয়েছেন ; বাংলাদেশের প্রধান মন্ত্রী হিসাবে তার বিশেষ পরিচিতি ঘটেছে বলে বিশ্বাস করি না। এই হাউসের একজন সদস্য বলেছেন বিধানচন্দ্র রায় বেরুবাড়ী বিক্রী করে ভারতরত্ন উপাধি পেয়েছেন। ডাঃ বিধানচন্দ্র মাথায় যত লম্বা তার চেয়ে তিনি অনেক ছোট আমার মনে হয় তিনি তাঁর জ্ঞান ও বুদ্ধি অনুযায়ীই কথা বলেছেন,—স্যার, যতীন চক্রবর্তী যিনি এরূপ বলেছেন তাকে কোন নাম দেওয়ার ক্ষমতা আমার নাই, তাই স্যার আপনার যদি ক্ষমতা থাকে তাহলে তাকে ব্রহ্মাণ্ড দিন তাহলে তাকে তার প্রতিভা ও বুদ্ধির যোগ্য মর্যাদা দেওয়া হবে তাই আমি বলি তাকে এসেম্বলী থেকে ব্রহ্মাণ্ড রত্ন উপাধি দেওয়ার ব্যবস্থা করা হোক্। আমি স্বাধীনতা কাগজে দেখলাম, জ্যোতিবাবু তাঁর বক্তৃতায় বলেছেন কংগ্রেস-দলীয় স্বার্থে সরকারী যন্ত্রকে চালনা করছে। আজকে নীতি নিয়ে আলোচনা করা দরকার। আজকে এই দোষে দুষ্ট হয়ে গণতন্ত্রের দিকে না গিয়ে কংগ্রেসীতন্ত্র প্রতিষ্ঠা করবে না। জ্যোতিবাবু বলেছেন special cadre teachers যারা নিযুক্ত হয়েছে তারা কংগ্রেসের হয়ে কাজ করছে। ৩।৪ দিন আগে ভাঙ্গড়ে যে নির্বাচন হয়ে গেছে সেখানে যে শিক্ষক ও তহশীলদাররা ছিলেন তার মধ্যে অনেক teachers-এর তহশীলদার কংগ্রেসের হয়ে কাজ করেছে আবার অনেক শিক্ষক ও তহশীলদার কংগ্রেসের বিরুদ্ধে কাজ করেছে। যারা কংগ্রেসের সমর্থনকারী তারা কংগ্রেসের পক্ষে কাজ করে থাকতে পারে, যারা বিরুদ্ধে তারা বিরুদ্ধে কাজ করে চলেছে। কিন্তু সরকারী যন্ত্রকে কংগ্রেসের পক্ষে পরিচালনা করার কথা কিভাবে আসে? কিছুদিন আগেই তারাই বলেছিলেন সরকারী কর্মচারীরা সরকারের পেছনে চলে না, তারাই তো সরকারীদের মনুমেন্টে নিয়ে যান আবার তারাই এখন এখানে দাঁড়িয়ে বলছেন যে কংগ্রেসের পক্ষে সমস্ত সরকারী কেন্দ্রকে পরিচালনা করা হচ্ছে। কাজেই গণতন্ত্রবিরোধী নীতি নিয়ে দেশ পরিচালনা করা হচ্ছে একথা সত্য নয়। এটা দায়িত্ব নিয়ে বিচার করা দরকার বলে মনে করি। গণতন্ত্রের বিরুদ্ধে যদি অভিযান হত তাহলে ওপাশে Leader of the opposition জ্যোতিবাবু থাকতে পারতেন না। কিছুদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী যিনি রাশিয়া থেকে ঘুরে এসেছেন কবীর সাহেব আমাকে বলেছিলেন তিনি একটা meeting এ সেখানে শুনলেন Stalin এর বিরুদ্ধে অনেক কথা বলা হচ্ছে। সেই সময় একটা slip এলো তাতে আমি ক্রুশ্চেভকে জিজ্ঞাসা করলাম ষ্ট্যালিন

বেঁচে থাকতে তার বিরুদ্ধে কেন কোন কথা হয়নি। আজকে কেন এত কথা হচ্ছে, তারপর তিনি বললেন দাঁড়িয়ে। কোন সাজা দেব না assure করছি ভয় নাই—বল এ সম্বন্ধে কি বলবার আছে। কেউ কিছু বললে না। তখন তিনি বললেন আপনার উত্তর পেয়ে গেছেন আশা করি।

[3-50—4 p.m.]

কেউ উঠে দাঁড়ালো না। তারপর বার বার তিনি assurance দিলেন তোমাদের কোন ভয় নেই, আমি এখানে সকলের সামনে বলছি তোমাদের সাজা হবে না, কিন্তু কেউ উঠে দাঁড়ালো না। এরপর ক্রুশ্চেভ বললেন এখন তুমি তোমার উত্তর পেয়েছো। আমি assurance দেওয়া সত্বেও কেউ উঠে দাঁড়ালো না। সেইজন্য আমি তখন ষ্ট্যালিনের বিরুদ্ধে বলতে সাহস পাইনি। এই হচ্ছে সেখানকার গণতন্ত্রের রূপ। সে গণতন্ত্র আমাদের দেশে নেই। আমাদের দেশের যে গণতন্ত্র তা ঐ পাশের জ্যোতিবাবুর বুঝবার ক্ষমতা নেই। আর একটা সত্য কথা জ্যোতিবাবু বলেছেন C. P. I. সরকার যখন কেরেলায় হয়েছিল—তাঁর বক্তৃতা আমি 'স্বাধীনতা' পত্রিকায় দেখেছিলাম—কেরলে যে C. P. I. সরকার প্রতিষ্ঠিত হয়েছিল ঐ রকম আর কয়েকটি state-এ যদি Communist Government হোত তাহলে কংগ্রেস সরকার নাকি Communist Government-র পরিবর্তে আয়ুব খাঁকেই বেশী পছন্দ করতেন। আমি বলি তিনি ঠিকই বলেছেন। কেরলে যে Communist সরকার হয়েছিল সেটা এই দেশের পক্ষে সম্পূর্ণ অচল প্রমাণিত হয়েছিল এবং আর কয়েকটি state-এ হলে আয়ুব খাঁকে চাইতে হোত কারণ আয়ুব খাঁর চেয়েও আরো খারাপ, আরো নিম্নস্তরের Government কেরলে হয়েছিল। আর একটি কথা তিনি বলেছেন, গণেশবাবুও বলেছেন, সেটা হচ্ছে, পুঁজিপতি আমেরিকার সাহায্যে আমাদের দেশের শিল্প গড়ে উঠছে এবং আমাদের যে উপনগরী সৃষ্টি করা হবে তাতে যদি পুঁজিপতি, সাম্রাজ্যবাদী আমেরিকা অর্থ নিয়ে উপস্থিত হয় তাহলে এই দেশে ভয়ের সম্ভাবনা আছে এটা চিন্তা করা দরকার। চিন্তা নিশ্চয়ই করা দরকার। আমরা বলি আমাদের যে আদর্শ ও নীতি তাতে আমরা তাদের পুঁজিটাই নিয়েছি বাদ টা বাদ দিয়েছি। যেমন রাশিয়ার অর্থ নিয়েছি কিন্তু Communism বাদ দিয়েছি। এই আদর্শেই আমরা আমেরিকার কাছ থেকে অর্থ নিচ্ছি। রাশিয়া আমাদের অর্থ দেবার পর এই দেশে তাদের শিকড় গাড়বে বলে যদি তারা মনে করেন তাহলে ঐ পাশের কম্যুনিষ্ট বন্ধুরা থাকা সত্বেও আমি মনে করি তারা সে শিকড় গাড়তে পারবে না। তেমনি আমেরিকার কাছ থেকে অর্থ নিলেও আমি assure করতে পারি, তারা এখানে শিকড় গাড়তে পারবে না। সেইজন্য আজকে বিদেশীর অর্থ নিয়ে উপনগরী গড়ে তুললে আমাদের কোন ক্ষতি হবে না এই কথাই বলতে চাই। আর একটি কথা রবীন্দ্র-শতবার্ষিকী উৎসব সম্পর্কে যে কথা জ্যোতিবাবু বলেছেন এবং গণেশবাবুও বলেছেন, তাতে আমি অন্ততঃ তাদের সঙ্গে একমত। এই রকম একটা মহান সুযোগে, যদি বাংলাদেশে বাংলা ভাষা সর্বক্ষেত্রে নিয়োগ করাতে চান তাহলে আমাদের এই occasion গ্রহণ করা উচিত। আমি আশা করি সরকার এটা চিন্তা করবেন যাতে এটা গ্রহণ করা যায়। কিন্তু এটা শুধু আইন-কানুন করে গ্রহণ করলেই হবে না এটা যাতে সর্ব ক্ষেত্রে ব্যবহৃত হয় তার ব্যবস্থা করতে হবে। যাই হোক ও পক্ষের বন্ধুদের যে রবীন্দ্র-প্রীতি হয়েছে সেটাও ভাল কথা। আর একটা জিনিস কাল গণেশবাবু বলেছেন সিনেমা শিল্প সম্পর্কে। এ বিষয় সরকারকে অবহিত হওয়া দরকার। আজকে বাংলাদেশে চলচ্চিত্রের যে অবস্থা ঘটেছে, মেরা লাল দো পাট্টা, girl friend ইত্যাদি দেখান হচ্ছে তাতে নিশ্চয়ই এই বিষয় দেখা দরকার। সঙ্গে সঙ্গে চলচ্চিত্র শিল্পের দিক থেকে যদি দেখতে হয় তাহলে এ বিষয় সরকারের অবহিত হওয়া দরকার।

আরেকটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব সেই কথা ছিল, আমাদের সামনে যে মূল উদ্দেশ্য ও লক্ষ্য এবং তা কার্য্যে রূপায়িত করবার জন্য যে কর্মসূচী পল্লীগ্রামে নেওয়া হয়েছে C. D. P. ও N. E. S. Block-এর মাধ্যমে—রাজ্যপাল মহোদয় তার ভাষণে বলেছেন ১৯০টি N. E. S. Block স্থাপিত হয়েছে এবং বাকীসব অদূর ভবিষ্যতে হয়ে যাবে—তাকি সার্থক হয়েছে? এসম্পর্কে বিশদ আলোচনার কোন scope নাই, তাহলে আমি এখানে আপনার সামনে কয়েকটা কথা রাখতে চাই। N. E S. Block ও C. D. P. যে আদর্শ ও নীতিতে পরিচালিত হবে বলে স্থিরীকৃত হয়েছে তা হচ্ছে কিনা বিচার করা হচ্ছে কি? N. E. S. Block ও C. D. P.-র কর্মপদ্ধতি সম্পর্কে আমি যেটুকু বুঝেছি তা হচ্ছে এই যে, বর্তমানে C. D. P. ও N. E. S. Block-গুলি নির্ধারিত আদর্শ ও নীতির উলটো কাজ করছে। অর্থাৎ, আমরা যা করতে চাই তা হচ্ছে না। আমাদের দেশের যা Revenue method যা আমাদের administrative method সেটাই আমাদের community method ও C. D. P. method বলা চলে। যাদের B. D. O Extension officer নাম দেওয়া হয়েছে তাঁরা তাঁদের দায়িত্ব সম্পর্কে কতটা সচেতন বুঝবার জন্য আমি তাদের সংগে আলোচনা করে দেখেছি যে, তাঁরা মনে করেন কয়েকটা রাস্তা করে দিতে পারলেই—রাস্তার নাম লিখে টানিয়ে দিতে পারলেই কোন একটা খাল কাটা হলেই বুঝি N E. S. Block ও Extension Work হচ্ছে। আজকে পল্লী অঞ্চলে democracy গণতন্ত্রের ভাবধারার পূর্ণ সম্প্রসারণ করার ভার যাদের উপর রয়েছে তাঁরা যদি এভাবে কাজ পরিচালিত করেন তাহলে সেটা আমাদের দলবদ্ধ গণতন্ত্রের পক্ষে শুভ হতে পারে না। আজকে N. E S. Block circle officer এবং B. D. O. অফিসের কর্মচারীদের সংগে আলাপ করে আমি বুঝেছি যে, তাঁরা আমাদের educative programme সম্বন্ধে কোন জ্ঞান রাখেন বলে মনে হয়না। আমি এটুকু বুঝেছি যে, rural development-এর জন্য যে টাকা বরাদ্দ হয় সেই টাকা খরচ করতে পারলেই Extension Block-এর কাজ হয়ে গেল বলে তাঁরা মনে করেন। Democratic প্রতিষ্ঠানের সম্প্রসারণ, তার নীতি ও পদ্ধতি তাদের মনে স্থান পায় না। Social justice সম্বন্ধে তাঁদের জ্ঞান অত্যন্ত সীমাবদ্ধ তারপর extension of science and technology অর্থাৎ, জনসাধারণের কাছে বিজ্ঞানের অবদান পৌঁছে দেবার ভার যাঁদের উপর তাঁরা বিজ্ঞান সম্বন্ধে যদি অবহিত না থাকেন, যে জমিতে চাস হবে সেই জমির প্রকৃতি সম্বন্ধে তাদের ধারণা যদি পরিষ্কার না হয় এবং তাঁরা যদি না বুঝেন যে, C. D P. is a revolutionary process to guide democracy তাহলে গণতন্ত্র বাঁচিয়ে রাখা যাবে না এই কথা এই সুযোগে বলে রাখতে চাই।

[4—4-10 p.m.]

Shri Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া রাজ্যপালিকা মহাশয়ার ভাষণের উপর আমি ১০টা সংশোধনী প্রস্তাব দিয়েছি।

Sir, I find that you have omitted a portion of my motion, namely, "There is no mention about the feeling of the people of West Bengal regarding the transfer of Berubari Union to East Pakistan." However, I read the amended motion: I move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that no mention has been made about—

(i) fixing the minimum price level of rice and paddy in order to protect the interest of the agriculturists;

(ii) the policy of rehabilitating 27,000 Bengali-speaking evacuees from Assam still remaining in West Bangal;

(iii) any scheme for removing the scarcity of milk supply in the rural area ;

(iv) any scheme for utilising cowdung as a cheap manure and replacing its use as fuel by coal or wood ;

(v) any clear-cut policy for distribution of surplus lands vested in the State ;

(vi) any scheme for solving the problem of unemployment among the educated middle-class youths ;

(vii) the implementations of extending Subdivisional Hospitals and establishment of Rural Health Centres ;

(viii) The reorganisation of the Board of Secondary education ; and

(ix) any scheme for providing teachers to the upgraded Higher Secondary Schools specially in the mofussil area."

আপনি এটাকে অপ্রাসঙ্গিক বলে দিয়েছেন। স্যার, যদি কোন একটা দেশ শান্তির জন্য সন্ধি করে তারা সার্বভৌম রাষ্ট্রের কোন অঙ্গ ছেড়ে দিত তাহলে কিছু বলার ছিল না। কিন্তু শান্তির সময়ে একটা সার্বভৌম রাষ্ট্রের গণতান্ত্রিক প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের জনগণের মত না নিয়ে, বেরুবাড়ীর জনসাধারণের মত না নিয়ে এই দ্বিখণ্ডিত বাংলার একটা অংশকে কর্মচারীর ভুলের মাশুল স্বরূপ পূর্ব পাকিস্থানকে উপহার দিলেন। অথচ এরজন্য কোন দুঃখ বা বেদনাবোধ রাজ্যপালের ভাষণে নেই। সেজন্য এটাকে কেটে দেওয়াতে আমি অত্যন্ত দুঃখ বোধ করছি। তারপর রাজ্যপালিকার ভাষণ বিশ্লেষণ করলে দেখা যায় যে রাজধানীর সমস্যা নিয়ে তিনি বিস্তৃত আলোচনা করেছেন এবং পল্লী অঞ্চলের সমস্যাকে বিমাতৃসুলভ দৃষ্টি দিয়ে দেখেছেন। দৃষ্টান্তস্বরূপ বলতে পারি যে কোলকাতার চিকিৎসার ব্যবস্থা, দুগ্ধ যোগানের ব্যবস্থা, বা পানীয় জল সরবরাহের ব্যবস্থা, বৃহত্তর কোলকাতা গঠনের প্রস্তাব ইত্যাদি সমস্যা নিয়ে আলোচনা করেছেন। কিন্তু পল্লী অঞ্চলের ছোট ছেলে যে দুধ খেতে পাচ্ছে না, টেষ্ট টিউবের মধ্যে দিয়ে ঘি জিনিষটাকে শিক্ষা দিতে হচ্ছে, নানা রোগে সেসব অঞ্চল যে ছেয়ে যাচ্ছে সেদিকে তাঁর কোন বিশেষ দৃষ্টি নেই। কিছুদিন আগে সংবাদপত্রে বেরিয়েছে যে যক্ষা ও লেপ্রোসি ব্যারাম বাংলাদেশের গ্রামে গ্রামে ছড়িয়ে পড়েছে। অর্থাৎ সারা ভারতবর্ষের ৬ ভাগের এক ভাগ পশ্চিমবাংলায় এই দুটি রোগে লোক আক্রান্ত এবং পশ্চিমবাংলায় আমরা জানি যে প্রত্যহ গড়ে ১২টা লোক আমাদের কাছে সার্টিফিকেট নিতে আসে যাতে বিনা পয়সায় এক্স-রে করাতে পারে। কিন্তু এর সম্বন্ধে কোন ব্যবস্থা করার কথা তাঁর ভাষণে নেই। তারপর কৃষির উন্নতির জন্য অনেক কথা বলা হয়েছে। এরমধ্যে একটা জিনিস দেখছি যে দুর্গাপুরে একটা সারের কারখানা স্থাপন করা হবে। এই রাসায়নিক সার সম্বন্ধে কিছু বলার আছে। আমি কাঁথি অঞ্চলের কৃষকের কাছ থেকে জেনেছি যে রাসায়নিক সার ব্যবহার করলে শেষ পর্যন্ত ক্ষতিগ্রস্ত হতে হচ্ছে এবং সেই কারণে তারা আর ব্যবহার করছে না। এই সারের ব্যবহারের ফলে জমির শক্তিও কমে যাচ্ছে। সুতরাং সয়েল টেষ্ট না করে সব জায়গায় রাসায়নিক সার চালু করা ঠিক হবে না। অথচ কোন এমন একটা সুন্দর জিনিষ আছে যা ব্যবহার করলে অনেক উপকার পাওয়া যাবে—অর্থাৎ গোবর এটা প্রায় প্রতি ঘরেই পাওয়া যায়। সুতরাং প্রত্যেক গৃহস্থকে যদি কয়লা বা জ্বালানী দেবার ব্যবস্থা করা যেত তাহলে সেই গোবরের দ্বারা যে সার হোত তা ব্যবহার করলে সত্যিকারে কৃষির উন্নতি করা যেত এবং স্থায়ী জমির উন্নতি হোত। কিন্তু এদিকে কোন লক্ষ্য না করে তাঁরা রাসায়নিক সারের কথাই চিন্তা করছেন।

কৃষির ব্যাপারে এই যে ৬৭ কোটি টাকারও কিছু বেশী খরচ করা হবে বলে বলা হয়েছে তা যদি কেরল এগ্রিকালচার অফিসের বাড়ী তৈরী করতে এবং কর্মচারী পোষণ করতেই চলে যায় তাহলে কৃষির উন্নতি হবে না। তারপর আমার আর একটা প্রস্তাব আছে যে, আমাদের দেশের

যে সব কৃষকরা লেখা পড়া জানেনা তাদের যদি বিনা বেতনে আধুনিক কৃষি পদ্ধতি শিক্ষা দেওয়া হয় তাহলে তারা নিশ্চয়ই কৃষির উন্নতি করতে পারবে। তবে আজকাল যে সমস্ত কৃষির স্কুল হয়েছে সেখান থেকে যারা বাস্তবে কৃষি তৈরী করবে তারা না বেরিয়ে কেবলমাত্র অফিসাররা তৈরী হচ্ছে এবং সেই জন্যই আমার বক্তব্য হচ্ছে যে, কৃষির জন্য যে টাকা ব্যয়িত হবে তা দিয়ে যদি কৃষকদের বিনাবেতনে কৃষি পদ্ধতি শিক্ষা দেওয়া হয় এবং তাদের কিছু টাকা মূলধন হিসেবে দেওয়া হয় তাহলে কৃষক এবং কৃষি উভয়েরই উন্নতি হবে, তারপর আমার বক্তব্য হচ্ছে যে, চাষে যখন সেই বর্গাদার প্রথা থাকল তখন বর্গাদার এবং জোতদারের সম্পর্ক যদি মধুর না হয় তাহলে কৃষির উন্নতি হবে না। স্যার, আমাদের রাজস্ব বিভাগের দুর্বল নীতির ফলে আজ দেশের মধ্যে সেটেলমেন্টের ব্যাপারে বহু সমস্যার সৃষ্টি হচ্ছে এবং বহু ক্ষেত্রে জমিদারী দখল আইনের ১০ (৩) ধারা অনুযায়ী জোতদাররা সিলিং-এর অতিরিক্ত জমি না নিয়ে বর্গাদারদের কাছ থেকে একর প্রতি ১০ টাকা করে নিয়ে রসিদ দিয়েছে এবং তার ফলে তারা যখন উৎসাহিত হয়ে জমির দোরস ফসল আত্মসাৎ করেছে তখন অপর দিকে জোতদার তাদের বিরুদ্ধে ভাগচাষ আদালতে মামলা করেছে এবং ঐ ফসলের জন্য এ্যাওয়ার্ড পাচ্ছে। কাজেই আজ আমি রাজস্ব বিভাগের কাছে জিজ্ঞেস করতে চাই যে কৃষকরা একর প্রতি ১০ টাকা করে এজেন্সী ফি দিয়েছে সেখানে যখন জোতদার তাদের বিরুদ্ধে ফসলের এ্যাওয়ার্ড পেল তখন সরকার কি তাদের প্রদত্ত টাকা ফেরৎ দেবেন? তারপর আজ যে সেটেলমেন্ট দেশে চলেছে সেই সেটেলমেন্ট এবং জরিপ আরম্ভ হওয়ার পূর্বে বলা হলো যে বি ফর্ম জমা দিতে হবে, কিন্তু কোন্ জমি কৃষিজমি এবং কোন্ জমি অকৃষিজমি সেটা জনসাধারণকে জানান হলো না এবং তার ফলে আমরা দেখছি বহু জোতদার প্রচুর পরিমাণ জমি গোপন করে ফেলল। তবে যখন সেই বি ফর্ম চাওয়া হলো তখন তা অনেকেরই জানা ছিলনা কেননা তাতে পরিষ্কার ঘোষণা ছিলনা যে মধ্যস্বত্বের জমি হোলেই বি ফর্ম জমা দিতে হবে। বরং অপরপক্ষে তারা মনে করে দিল যে, ২৫ একরের নীচে মধ্যস্বত্ব ভোগী থাকলে তাদের আর এই বি ফর্ম জমা দিতে হবে না। তা ছাড়া সেটেলমেন্টের অবস্থা এবং কোনটা কৃষিজমি এবং কোনটা অকৃষিজমি তা না জানাবার ফলে সেটেলমেন্ট কর্মচারীরা এখন নূতন করে বিভাগ করছে এবং তাদের কোন পর্চা দেওয়া হচ্ছেনা। তবে তার ফলে দেখেছি যে, বহু লোকের বাঁশবাড়ী এবং বালুবাদাম পর্যন্ত কৃষিজমি বলে সাব্যস্ত হওয়ায় সরকারের খাস খতিয়ানে রেকর্ড হয়ে গেছে এবং এই ভাবে তাদের কৃষিজমি কমে গেছে, শুধু তাই নয়, সেটেলমেন্ট বিভাগের অব্যবস্থা এবং দুর্নীতির ফলে দেখছি যে সেটেলমেন্ট রেকর্ডের জন্য দরখাস্ত করলে ৪।৫ মাসের আগে তার কপি পাওয়া যায় না, স্যার, এবারে আমি আর একটা কথা বলব এবং সেটা হলো যে আমাদের কৃষিক্ষেত্র আজ সংগ্রামক্ষেত্রে পরিণত হয়েছে এবং তার কারণ হলো আমাদের দেশের একদল রাজনৈতিক কর্মী কৃষকদের বলছেন যে জোতদারদের ফসল না দিয়ে এবং ভাগচাষ আদালতে না গিয়ে ফসল নিয়ে তোমরা বাড়ী চলে যাও এবং কৃষকরাও তাদের কথা অনুসারে যে ব্যবস্থা আছে তাকে অগ্রাহ্য করায় কৃষিক্ষেত্র একটা সংগ্রামক্ষেত্রে পরিণত হয়েছে। যে প্রকৃত ভাগচাষী তার নামে হয়ত কেউ রেকর্ড করিয়ে দিয়েছে যে বর্গাদারদের দোরস ফসল নিয়ে চলে যাচ্ছে। তার বিরুদ্ধে এ্যাওয়ার্ড হলো, তাকে আদায় দিতে হলো, তা নিয়ে মামলা-টামলা করে সর্বস্বান্ত হতে হলো। এই হচ্ছে বাস্তব চিত্র। এর জন্য দায়ী হচ্ছে রাজস্ব বিভাগের দুর্বল নীতি। রাজস্ব বিভাগ যদি বলতেন যে ষ্টেটস্ এ্যাকুইজিসান এ্যাক্টের ১০ (৩) ধারা অনুযায়ী দখল না নেওয়া পর্যন্ত জোতদারকে ফসল দিয়ে দাও তাহলে কোন ক্ষতি হতনা, দুর্নীতি বিশৃংখলার সৃষ্টি হতনা। সুতরাং রাজস্ব বিভাগের দুর্বল নীতির জন্য কৃষিক্ষেত্র আজ সংগ্রামক্ষেত্রে পরিণত হয়েছে।

[4-10—4-20 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, শিক্ষা সম্বন্ধে আমি দু'একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই যে মাধ্যমিক শিক্ষা বোর্ড বিলটার কোন ইঙ্গিত রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এই দ্বৈত শাসনের একদিকে রয়েছে এডুকেশন ডাইরেকটোরেট আর একদিকে রয়েছে মাধ্যমিক শিক্ষা বোর্ড তার ফলে হয়েছে এদের কাছে টাকার বাক্স, তাদের কাছে টাকা নেই। আমি জানি যে তার স্কুলের দের গ্রান্টের টাকা দিতে পারেনা। আর্থিক বছর শেষ হতে চলল, শিক্ষকদের ৩।৪ মাসের বেতন বাকী পড়েছে ডাইরেকটোরেট থেকে তারা টাকা পায়নি। সংবাদ নিয়ে জানলাম গত ডিসেম্বর মাসে এ্যাড্‌মিনিষ্ট্রেটর ডি. ও. লিখছেন, পুনঃ পুনঃ লোক পাঠাচ্ছেন, তাগাদা দিচ্ছেন কিন্তু এখন থেকে কোন উত্তর যাচ্ছেনা। লক্ষ লক্ষ টাকা তারা পাবে। এই যে দ্বৈত শাসন এটা কতদিন চলবে তার কোন ইঙ্গিত এখানে দেখতে পাচ্ছি না। আর এই যে Higher Secondary School গুলির ব্যবস্থা হল one third মাত্র হয়েছে বাকীটার নাকি উন্নতি করা হবে এ সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন কিছু উল্লেখ নেই। বড় বড় বাড়ী তৈরী হচ্ছে কিন্তু স্কুলগুলি কি করে চলবে, কারা শিক্ষা দেবে, শিক্ষক যে পাওয়া যায় না সে সম্বন্ধে রাজ্যপালের ভাষণে কোন ইঙ্গিত নেই। আমাদের Higher Secondary Education-এ কলেজের প্রথম শ্রেণীর সাহিত্য হোক কি বিজ্ঞান হোক তাকে স্কুলের সঙ্গে জুড়ে দিয়ে একাদশ শ্রেণী করা হচ্ছে। কলেজের কাছে যদি কোন একাদশ শ্রেণীর স্কুল থাকে তাহলে একমাত্র তারাই একাদশ শ্রেণীর সাহিত্য এবং বিজ্ঞান শিক্ষা দেবার জন্য কোন শিক্ষক পেতে পারে কিন্তু যেগুলি দূরে মফঃস্বলে আছে তারা কলেজ থেকে প্রফেসার সহজে পায়না; তারা কি করে বিজ্ঞান এবং সাহিত্য শিক্ষা দেবে? আমি শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম এই বিষয়ে যে মাধ্যমিক শিক্ষাবোর্ডের যে পাওনা টাকা আছে সেটা দিয়ে দেওয়া হোক। তারা একটা Constituted Board, সেটা সুপারসিডেড্‌ হয়ত হোক, সেখানে এ্যাড্‌মিনিষ্ট্রেটর থাকুক, তাদের টাকাটা ছিনিমিনি খেলবার অধিকার নেই, আপনি টাকাটা আটকে রাখছেন কেন? ৪।৬ বার আবেদন, ৩।৪ বার যাতায়াত করলে তারপর ৪ মাস বাদে হয়ত কিছু টাকা তাদের দিলেন। শিক্ষা ব্যাপারে এই দুরবস্থা কতদিন চলবে? এখানে শিক্ষামন্ত্রী মহাশয় নেই, রাজ্যপালের ভাষণে এই সমস্যার কি করে সমাধান হবে তার কোন ইঙ্গিত নেই।

তারপর আমাদের দেশে বড় বড় ইণ্ডাষ্ট্রি স্থাপনের কথা হচ্ছে। যদিও এর মধ্যে কটেজ ইণ্ডাষ্ট্রির সামান্য ইঙ্গিত আছে কিন্তু কটেজ ইণ্ডাষ্ট্রি কিভাবে হবে তার কোন বাস্তব দৃষ্টিভঙ্গী এর মধ্যে দেখতে পাচ্ছিনা। আমি জানি মেদিনীপুর জেলার রামনগর থানায় দীঘা এবং সমুদ্রপুর অঞ্চলে সহস্র সহস্র একর জমি পড়ে আছে, সেখানে কেবল শিল্পের ক্ষেত্রে, এ্যানসিলারী ইণ্ডাষ্ট্রি হবার বহু সম্ভাবনা আছে। সেটা হলে বহু শিক্ষিত বেকার এবং অন্যান্য লোকের কর্মসংস্থান হতে পারে কিন্তু সেরকম কোন দৃষ্টিভঙ্গী আমরা দেখতে পাচ্ছিনা। তাঁরা দুর্গাপুর নিয়ে ব্যস্ত। দুর্গাপুর ইণ্ডাষ্ট্রি বাড়ুক আমরা আপত্তি করছিনা কিন্তু এ-কথা আমরা বলতে চাই যে কাল অন্যান্য বন্ধুরা বলছিলেন কোথায় কোথায় কুটিরশিল্প হতে পারে, সেটা দেখা নিয়ে সমবায় পদ্ধতিতে হোক, যেভাবে হোক সেখানে কুটিরশিল্পের ব্যবস্থা করা হোক অন্যান্য সাহায্য দিয়ে। বিরোধী পক্ষ থেকে রাজ্যপালের ভাষণে যেসব ত্রুটিগুলি দেখালাম আশা করি এগুলি কংগ্রেস পক্ষ এবং তাঁদের মন্ত্রীবর্গ গ্রহণ করে কার্যকরী করবার ব্যবস্থা করবেন এই বলে আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি।

Shri Narendra Nath Sen :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপাল তাঁর অভিভাষণে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। এই পরিকল্পনায় গভর্ণমেণ্টের বিভিন্ন বিভাগ কিভাবে অগ্রসর

হবেন তার একটা বিশদ চিত্র আমরা তাঁর অভিভাষণে দেখতে পাই। এই প্রস্তাব তিনি কৃষি, খাদ্যোৎপাদন, সেচ, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট ও জলসরবরাহের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। স্যার, রাজ্যপাল কোলকাতা ও আশেপাশে 33টা মিউনিসিপ্যালিটির জলসরবরাহ এবং পয়ঃপ্রণালী সংস্কারের জন্য মেট্রোপলিটান ওয়াটার য়্যাণ্ড সিউরেজ বোর্ড গঠন করার কথা উল্লেখ করেছেন। এসম্বন্ধে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সম্প্রতি এক বর্ণনায় কিছু আলোকপাত করেছেন। স্যার, আশা করা যায় যে এই বোর্ড গঠিত হলে আগামী কয়েক বছরের মধ্যে কোলকাতার এই বিরাট সমস্যার সমাধান হবে কিন্তু কোলকাতায় দক্ষিণাঞ্চলে জলনিষ্কাশনের জন্য যদি আদি গঙ্গা বা টালিজ নালার কোন সংস্কারের কার্যে হাত দেওয়া না যায়—তাহলে এই বিরাট অঞ্চলে ঐ সমস্যা দূর করা কিছুতেই সম্ভব হবেনা। কাজেই আমি আদি গঙ্গা সংস্কারের কথাটা গভর্ণমেণ্টকে বিশেষ করে বিবেচনা করে দেখবার জন্য অনুরোধ জানাই। এই প্রসংগে গত ১৮ই নভেম্বর এক বেসরকারী প্রস্তাবের উপর আমি যে বক্তৃতা দিয়েছিলেন সেকথার উল্লেখ করতে চাই। স্যার, রাজ্যপাল কোলকাতার ৮ মাইল দূরে নূতন একটা উপনগরী গঠনের কথা বলেছেন। এই প্রস্তাব কোলকাতার অধিবাসীগণ সাদরে গ্রহণ করবে কারণ যদি এই প্রস্তাব কার্যে পরিণত হয় তাহলে কোলকাতায় গৃহসমস্যা কিয়ৎ পরিমাণে দূর হবে তাতে কোন সন্দেহ নেই কিন্তু আমার মতে এতে কোলকাতার এই প্রচণ্ডতম গৃহ সমস্যা দূর হবে না। গভর্ণমেণ্টের এসম্বন্ধে আরো গভীর এবং বাস্তবভাবে চিন্তা করার প্রয়োজন রয়েছে। স্যার, কোলকাতার গৃহসমস্যা অত্যন্ত প্রচণ্ডভাবে দেখা দিয়েছে। যারা ভাড়াটে বাড়ীতে বাস করে তাদের পক্ষে আজ জীবন অসহনীয় হয়ে দাঁড়িয়েছে এবং বাড়ীভাড়া আজকে সাধারণ গৃহস্থের সীমার বাইরে চলে গিয়ে আকাশচুম্বী অবস্থায় গিয়ে পড়ছে। এক একটা কামরায় ৮।১০টা বা ততোধিক লোককে বাস করতে হয়। গভর্ণমেণ্ট এসম্বন্ধে রিলিফ দিতে পারছেন না। আমার মতে একটা আলাদা হাউসিং ডিরেকটরেট স্থাপন করে যদি বিভিন্ন এলাকায় বিভিন্ন বাড়ী বা টেনামেণ্ট সম্বন্ধে বিভিন্ন স্তরে বাড়ী নির্ধারণ করে দেন এবং প্রয়োজন হলে সমস্ত হাউসিং ডিষ্ট্রিবিউসনের কণ্ট্রোল গভর্ণমেণ্ট গ্রহণ করতে পারেন তাহলে এ সমস্যার সমাধান হতে পারে এবং গভর্ণমেণ্টের পক্ষ থেকেও আরো অধিক পরিমাণ নূতন নূতন বাড়ী তৈরী করে সাবসিডাইজড্ রেটে যদি বিলি করা হয় তাহলে অনেকটা সুবিধা হয় বলে আমি মনে করি। অবশ্য গভর্ণমেণ্ট মিডল ক্লাস হাউসিং এবং বেশী ইনকাম গ্রুপ হাউসিং স্কীমে কিছু কিছু বাড়ী তৈরী করবার দিকে সাহায্য করছেন কিন্তু এতে কোলকাতার অভাব দূর হবে না। গভর্ণমেণ্টকে সামনাসামনিভাবে এভাবে এগিয়ে এসে এই সমস্যাকে কণ্ট্রোল করতে হবে যদি এই সমস্যা দূর করতে হয়। স্যার, রাজ্যপাল হরিণঘাটা দুগ্ধ কেন্দ্র সম্প্রসারণের কথা বলেছেন। একথা সত্য যে হরিণঘাটার দুধ আজকে খুব জনপ্রিয় হয়ে উঠেছে কিন্তু এই দুধ প্রচুর পরিমাণে পাওয়া যায় না। স্যার, নূতন পরিকল্পনায় দুগ্ধের পরিমাণ ৩ গুণ বাড়াবার কথা হয়েছে কিন্তু সেই সঙ্গে যেসব গৃহস্থ বাড়ীতে গরু রাখতে চান তাদের উৎসাহ এবং সাহায্যদান করা প্রয়োজন বলে আমি মনে করি এবং তাদের ময়দানে গরু চরাবার ব্যবস্থা যদি আগের মত করে দেওয়া যায় তাহলে অনেক পরিবার বাড়ীতে গরু রেখে দুগ্ধ সমস্যার সমাধান করতে পারে বলে আমার মনে হয়।

[4-20—4-30 p.m.]

তারপর গভর্ণমেণ্টের milk powder distribut on-এর যে একটা ব্যবস্থা রয়েছে, আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে,—সে ব্যবস্থা ঠিক মতন কার্যকরী হয় নাই। কেননা milk powder যেভাবে distribution হয়, তার অধিকাংশই বাজারে গিয়ে দোকানে বিক্রয় হয় এবং গৃহস্থকে সেই milk powder আড়াই টাকা, পৌনে তিন টাকা পাউণ্ড দর দিয়ে বাজার থেকে কিনতে হয়। যদি এই milk powder open market-এ open sale-এ বিক্রয় ব্যবস্থা হয়, তাহলে

গৃহস্থ অল্পমূল্যে সেই দুধ পেতে পারে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবেচনা করে দেখতে অনুরোধ করছি।

আর একটি বিষয়ের প্রতিও মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কলিকাতায় —আলিপুর অঞ্চলে আলিপুর রোডে ও চেতলাহাট রোডে রাতারাতি সম্প্রতি কয়েকটি দুগ্ধ প্রতিষ্ঠান গজিয়ে উঠেছে। তাদের নিজেদের কোন গো-শালা নাই। তারা বাজার থেকে milk powder কিনে ও তাতে বাতাসা ইত্যাদি অন্যান্য জিনিস মিশিয়ে খাঁটি দুধ বলে লোক ঠকিয়ে প্রচুর অর্থ উপার্জন করছে। তারা কোথা থেকে, কিভাবে এই milk powder পেয়ে থাকে, এ বিষয়ে একটা কড়া অনুসন্ধান একান্ত প্রয়োজন। স্বাস্থ্যমন্ত্রী ও পুলিসমন্ত্রীকে এবিষয়ে অনুসন্ধান করবার জন্য অনুরোধ জানাই।

আমরা রাজ্যপালের অভিভাষণে দেখতে পাই—শিক্ষাক্ষেত্রে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে অধিক পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে। দ্বিতীয় পরিকল্পনায় বরাদ্দ ছিল ২২·১৬ কোটি টাকা, আর তৃতীয় পরিকল্পনায় হয়েছে ৪৮·৮৫ কোটি টাকা। আরো দেখা যায় ৬ থেকে ১১ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করা হবে, এটা খুবই আনন্দের কথা। কলকাতায় এবং পোর্ট ডক এলাকায়—কয়েক সহস্র হিন্দী ভাষাভাষী লোক বাস করে। সেটা কলকাতা কর্পোরেশনের Jurisdiction হওয়া সত্ত্বেও এদের ছেলেমেয়েরা অবৈতনিক শিক্ষার সুযোগ পায় না। এ বিষয়ে সরকারের অবহিত হওয়া প্রয়োজন। আলিপুর, খিদিরপুর, মোমিনপুর, গার্ডেন রীচ প্রভৃতি শিক্ষা ব্যাপারে অনুন্নত এলাকা। এই বছর গভর্ণমেণ্ট ১২৫টি কলেজ প্রতিষ্ঠিত করেছেন। অথচ এই বিরাট অঞ্চলে একটিও কলেজ নাই। এখানকার ছেলেমেয়েদের উচ্চ শিক্ষার জন্য কলকাতার বিভিন্ন এলাকার কলেজে—নানারকম অসুবিধা ভোগ করে যেতে হয়। এখানকার ছেলেমেয়েদের জন্য অন্ততঃ দুটি কলেজ প্রতিষ্ঠা হওয়া উচিত। আর এই এলাকায় বহু উর্দুভাষী অধিবাসী বাস করে, তাদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা হওয়া দরকার।

গ্রামাঞ্চলে কুটিরশিল্পের সম্প্রসারণের জন্য সস্তাদরে electricity সরবরাহের কথা রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন। এই সুযোগ domestic use এর জন্য গ্রামের অধিবাসীরা যাতে পায়, তারজন্য সরকারকে অনুরোধ জানাই। কলকাতায় electric current বৃদ্ধির জন্য তিনি বলেছেন। কলকাতায় electric current নিতে হয় একটা বিদেশী কোম্পানীর কাছ থেকে। তাদের রেট আগের চেয়ে অনেক বেশী বাড়িয়ে দেওয়া হয়েছে। যাতে গভর্ণমেণ্টের এই নূতন ব্যবস্থার ফলে গৃহস্থ সাধারণের electric rate কমে যায়, তার ব্যবস্থা হওয়া দরকার। তাহলে এই নূতন ব্যবস্থায় জনসাধারণ উপকৃত হবে বলে আমি মনে করি। Calcutta Electricity Corporation গভর্ণমেণ্ট থেকে অতি অল্পমূল্যে current নিয়ে থাকে, অথচ আমাদের কাছ থেকে তার চেয়ে অনেক বেশী রেট এই কর্পোরেশন আদায় করে। আমি আশা করি সরকার কোম্পানীর উপর চাপ দিয়ে সেই রেট কমিয়ে দেবেন।

Shri Jatindra Chandra Chakravorty :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely—

"But regret that the Governor has not given the full picture of the realities of the situation now prevailing in the State."

মাননীয় স্পীকার মহাশয়, আমার মাননীয় বন্ধু শ্রীহংসধ্বজ ধারা আমাকে একটা উপাধি দিয়েছেন ব্রহ্মাণ্ড-রত্ন। তার, আমি কারো দেনা রাখতে চাইনা। উনি আমারো সদৃশঃ প্রাজ্ঞঃ।

আমিও তাঁকে একটা ঐ রকম উপাধি দিতে চাই, এখন যে কাজ তিনি করে বেড়াচ্ছেন তার জন্য আমি আশা করি তিনি সেটা গ্রহণ করবেন। তিনি একটা "কুষ্মাণ্ড-রত্ন"।

স্যার, রাজ্যপালের ভাষণকে কংগ্রেস দলের নির্বাচনী প্রচারের একটা চমৎকার দলিল বলে আখ্যা দেওয়া যায়। তাই আমি ধন্যবাদের যে প্রস্তাব এসেছে, তা আমি সমর্থন করতে পারছি না।

রাজ্যপালের ভাষণে বৃহত্তর কলকাতা উন্নয়নের পরিকল্পনা—আর নয়া কলকাতা উপনগরীর পরিকল্পনা সাড়ম্বরে ঘোষণা করা হয়েছে।

একদিক দিয়ে অত্যন্ত সুপরিকল্পিত দুঃস্বপ্ন-নগরী কলকাতাকে তথা পশ্চিমবঙ্গকে পণ্ডিত নেহেরু ধ্বংস করার প্রচেষ্টায় অব্যাহত আছেন, আর অপর দিকে সেই প্রচেষ্টাকে জনসাধারণের কাছে চেপে রাখবার জন্য রাজ্যপাল, মন্ত্রীমণ্ডলী ও ডাঃ রায় বড় বড় ফাঁকা পরিকল্পনার জাল বুনে চলেছেন। কলকাতা তথা সমগ্র পূর্ব অঞ্চলকে যদি বাঁচাতে হয় তাহলে ফারাক্কা বাঁধের প্রয়োজন। বারবার আমরা বলেছি ফারাক্কা বাঁধ নির্ম্মাণ করার জন্য। ফারাক্কা বাঁধ না হলে অন্য সব পরিকল্পনা ব্যর্থ হবে। বহুবার একথা আমরা বলেছি, এই বিধান সভায় সর্বসম্মতিক্রমে এ সম্বন্ধে প্রস্তাব আমরা গ্রহণ করেছি। World Health Organisation বলেছেন কলকাতাকে বাঁচাতে হলে হুগলী নদীকে বাঁচান দরকার। এবং সেই World Health Organisation-এর মতকে মেনে নিয়ে ডাঃ রায়ও বলেছিলেন যে কলকাতাকে যদি বাঁচাতে হয় তাহলে হুগলী নদীকে বাঁচাতে হবে এবং তার জন্য ফারাক্কা ব্রিজ অপরিহার্য। ২৫শে জানুয়ারী তারিখের Statesman-এর editorial-এ বেরোয়, তাঁরা এসম্পর্কে মন্তব্য করেছেন। এটা বিরোধী দলের বা অন্য জাতীয়তাবাদী—সংবাদ পত্রের কথা নয়। Statesman কাগজে সেটা লিখেছেন যাতে মন্ত্রীমহাশয় সেটা শিরোধার্য করেন; তাঁরা লিখেছেন—

"And this has been perhaps the most persistently deferred of all major projects. Even the Third Plan still merely contains an appropriation for investigation."

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আজও পর্যন্ত ফারাক্কা বাঁধের পরিকল্পনা সন্নিবেশিত হলনা। স্যার, আমার একটা প্রশ্নের জবাবে ডাঃ রায় যা বলেছেন, তাতে মনে হয়, যে পরিকল্পনার কথা তিনি বলেছেন satellite township এবং যে Master Plan-এর কথা তিনি বলেছেন সেটা কার্যকারী হবে। ৪০০ কোটি টাকার পরিকল্পনার মধ্যে মাত্র ১০ কোটি টাকার পরিকল্পনার টাকা রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভিন্ন পরিকল্পনার জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ করা আছে তা থেকে হয়ত তিনি পাবেন। Perhaps এই কথা তিনি used করেছেন। তিনি কি পাবেন সেটা তিনি আশা করছেন। আমাদের মহাত্বীর মুখ্যমন্ত্রী মহাশয় শতায়ু হন। কিন্তু তাঁর মন্ত্রীত্বের দিনত ফুরিয়ে এসেছে। সেই জায়গায় দেখছি শঙ্করদাস ব্যানার্জী মহাশয় ফালতু মন্ত্রীত্বের কাজ করছেন। কিন্তু ভাবী মুখ্যমন্ত্রী আমরা জানি তিনি হবেন – বঙ্গেশ্বর অতুল্য ঘোষ। তিনি হয়ত সেই পরিকল্পনাকে কার্যকরী করবেন। তিনি নির্বাচনী বৈতরণী পার হবার পর – তার এটা একটা সুচতুর ধাপ্পা মাত্র। এই ধাপ্পাবাজ ডাঃ রায়ের পরিকল্পনার কোন আশা নেই। স্যার, প্রথমদিন জ্যোতিষবাবু বলেছেন উপনগর করতে গেলে আমরা যেন সাম্রাজ্যবাদীদের উপগ্রহে পরিণত না হই। আমরা সুনিশ্চিত ভাবে দেখছি ডাঃ রায় যে পরিকল্প গ্রহণ করেছেন, এই পরিকল্পনার মাধ্যমে এক দিকে মার্কিন সাম্রাজ্যবাদী আর একদিকে দেশী বড়বড় অবাঙ্গালী পুঁজিপতি এবং ডাঃ রায়ের কয়েকজন পেটোয়া লোকেরা কলিকাতাকে স্বর্গরাজ্যে—পরিণত করবার প্রচেষ্টা চলেছে। তা যদি না হয়, তাহলে এই পরিকল্পনাকে রূপায়িত করবার জন্য কেন্দ্রীয় সরকারের Planning Commission

কোন টাকা দিতে রাজী হয়নি? এরজন্য দেশকে এ্যামেরিকার কাছে বিকিয়ে দেবার চেষ্টা হয় কেন? বৃহৎতর কলকাতার পরিকল্পনার সাথে সাথে সহরতলীর জমির দাম হু হু করে বেড়ে যায় কেন? অবাঙালী লোকের, ভাঙ্গুর, ভুয়ালকা, তাদের স্বনামে ও বেনামে এই সব জমি গ্রাস করবার চেষ্টা করছেন কেন? এই সব চেষ্টার সাথে ডাঃ রায় এবং ভাবী মুখ্যমন্ত্রী শ্রীঅতুল্য ঘোষের যোগাযোগ থাকে কেন? আজ যদি নয়া কলকাতা গড়ে ওঠে, সেখানে কি মধ্যবিত্ত বাঙালীর স্থান হবে? তার উত্তর পেতে চাই। সেখানে যে শিল্প গড়ে উঠবে তার মালিক কারো হবে? স্যার, এখানে উপনগরী তৈরী করতে যে সমস্ত কৃষক বাস্তুচ্যুত হবে তাদের অবস্থা কি হবে? কলকাতায় ভীড় কমাবার জন্য যে বৃহত্তর সহর গড়ে তোলা হবে, সেখানে বাঙালী মধ্যবিত্তের স্থান কোথায় হবে তার বিন্দুমাত্র আভাস আমরা দেখতে পাচ্ছি না।

[4·30—4-40 p.m.]

উনি জানেন ইংরাজীর প্রফেসর ছিলনা, ইংরাজীর প্রফেসর না থাকাতে মাথা ব্যথায় পড়ে শিক্ষামন্ত্রী হরেনবাবু বললেন যা হয় করুন, আমরা চোখ বুজে থাকব এবং সেখানে এ জিনিস হয়েছে যে sub-standard master তাকে নেওয়া হয়েছে আর brilliant লোকের political conviction হচ্ছে, যেহেতু সে কংগ্রেসের স্তাবক নয় সেজন্য তার চাকরি খেতে হবে political reason-এ। মিঃ স্পীকার, স্যার, চাকরি যে যায় তার নির্দেশ কোথা থেকে আসে here is the photostat copy যেটা প্রমাণ করে দেয়। এটা বের করে আপনাদের কাছে পড়ে শোনাচ্ছি। Congress organisation direction দিচ্ছে district school board-কে কোন মাষ্টার মহাশয়কে কোথায় ট্রান্সফার করতে হবে। কারণ কি সেটা আপনাদের পড়ে শোনাচ্ছি। Hooghly District School Board-এর ভাইস-চেয়ারম্যানকে সুগন্ধ্যা মণ্ডল কংগ্রেসের তরফ থেকে শ্রীজীবন কৃষ্ণ দে লিখেছেন—সুগন্ধ্যা ইউনিয়ন কুখ্যাত কমিউনিষ্ট এলাকা চন্দননগরের পাশেই অবস্থিত বলিয়া ইহা এতদিন পর্যন্ত সম্পূর্ণ কমিউনিষ্ট প্রভাবাধীনে ছিল। গত কয়েক বছরের স্থানীয় কংগ্রেস কর্মীদের ঐকান্তিক চেষ্টায় গত পঞ্চায়েৎ নির্বাচনে কংগ্রেস এখানে বিরাট সাফল্য লাভ করিয়াছে। উক্ত নির্বাচনে সুগন্ধ্যা প্রাইমারী স্কুলের শিক্ষক শ্রীবিনয় কুমার ভৌমিক কংগ্রেসের পূর্ণ বিরোধিতা করিয়াছে এবং সে একজন কমিউনিষ্ট কর্মী। তার প্রচেষ্টায় সুগন্ধ্যা ইউনিয়নের মধ্যে শুধুমাত্র সুগন্ধ্যা প্রাইমারী স্কুল ২৫ শে জুনের কমিউনিষ্ট প্রস্তাবিত ধর্মঘট পালন করিয়াছে। ইদানীং তার বোন রাণাগাছা স্কুলের শিক্ষয়িত্রী নিযুক্ত হইয়াছেন ও তথা হইতে জারুড়া স্কুলে বদলি হইয়াছেন। আবার শুনিতেছি যে সুগন্ধ্যায় পুনরায় বদলি হইবেন এবং শ্রীবিনয় ভৌমিক সুগন্ধ্যা হইতে বদলি হইবেন। বিনয় ভৌমিককে জারুড়া ও তাঁর বোনকে সুগন্ধ্যা প্রাইমারী স্কুলে বদলি করিলে স্থানীয় কংগ্রেসের পক্ষে বিশেষ ক্ষতি হইবে। অধিকন্তু কমিউনিষ্ট কর্মীগণ অন্যের তুলনায় অধিক সুযোগ সুবিধা পাইলে স্থানীয় কংগ্রেস কর্মীগণ বিক্ষুব্ধ হন।

এ বিষয়ে আমি সুগন্ধ্যা কংগ্রেস কমিটির তরফ হইতে অনুরোধ জানাইতেছি যে উপরোক্তরূপ বদলি না করিয়া বরং বিনয় ভৌমিককে পোলবার বাহিরে কোথাও বদলি করিলে ভাল হয়।

স্থানীয় কংগ্রেস প্রতিষ্ঠানটিকে অধিকতর শক্তিশালী করিতে আপনার পূর্ণ সহানুভূতি পাইবার আশায় উপরোক্ত বিষয়গুলি সুগন্ধ্যা ইউনিয়নের কংগ্রেস কমিটির তরফ হইতে আমি আপনার নিকট নিবেদন করিলাম।

ইতি

ভবদীয়

শ্রীজীবনকৃষ্ণ দে

সুগন্ধ্যা ২৭।৭।৫৯

আমি শুধু এইটুকু বলতে চাই—আমি স্কুল বোর্ডকে এ্যাকিউজ করছি না তার কারণ দোষ হচ্ছে সেখানে, যেখান থেকে political influence wield করা হচ্ছে—কংগ্রেসের সুবিধা হবে অতএব সেখানে মাষ্টার বদলি করে দাও আর এখানে বিধান বাবু বলছেন কোন রকম political conviction আমরা কিছু করি না। সুতরাং এর পর লজ্জা বলে যদি কোন জিনিস থাকে তাহলে তাদের তা নেই। তাদের প্রায়শ্চিত্ত করা উচিৎ এই বলে রাজ্যপালের যে ভাষণ সেটার মধ্যে সীতা হরণের গণ্ডীটাকে রেখে দিয়ে বাকী যে essence of work আপনারা করেছেন তাতে you are nowhere, তাতে লজ্জা হওয়া উচিৎ। কেরালার কথা যদি তোলেন তাহলে আমি বলব—

কেরালার কথা দাদা কেন মিছে আন
যে র‍্যালা করিছ হেথা তাত সবই জান।

[6—6-10 p.m.]

Shri Krishna Kumar Shukla :

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর আলোচনা আমরা গত তিনদিন ধরে শুনে আসছি। এখানে দুর্ভাগ্য আমাদের ; রাজ্যপালের ভাষণ শোনার ধৈর্য যাঁদের ছিল না, ভদ্রতা পর্যন্ত যাঁদের ধারে কাছে আসেনি তাঁরা রাজ্যপালের বক্তৃতা নিয়ে সমালোচনায় মেতেছেন। আশা করি যে ভুল তাঁরা সেদিন করেছেন ভবিষ্যতে আর সে ভুল তাঁরা করবেন না। ভদ্রজনোচিত ব্যবহার যে সময়ে করা উচিৎ তাঁরা নিশ্চয়ই সে সময়ে তা করবেন। রাজ্যপালের ভাষণ সম্বন্ধে একটা মাত্র কথা বিভিন্ন বামপন্থী নেতারা আমাদের কাছে তুলে ধরার চেষ্টা করেছেন, বিশেষ করে তাঁদের মুখপাত্র হিসাবে এই বিধানসভার মাননীয় সদস্য ডাঃ হীরেন চ্যাটার্জী সীতাহরণ ছবির মধ্যে শুধু গণ্ডীটাই দেখলেন। আমার যতদূর জানা আছে, তিনি একজন ডাক্তার —মস্তিষ্ক বিকৃতি তাঁর নিশ্চয়ই ঘটেনি, তাঁর দৃকশক্তির হয়ত অভাব ঘটে থাকবে কিন্তু চশমা পরিবর্তন করলে সীতাহরণের পুরো ছবিটা তিনি দেখতে পাবেন। মাননীয় রাজ্যপাল আমাদের সরকারের প্রস্তাবিত কার্যাবলীর একটা বিবরণী উপস্থাপিত করেছেন এই সভার সামনে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে তিনি নূতন ভারত নূতন পশ্চিমবাংলা গড়ার কথা দেশের কাছে তুলে ধরেছেন। তাঁর অভিভাষণের মধ্যে তিনি জানানোর চেষ্টা করেছেন, আমাদের দেশের সরকার কিভাবে কোনপথে এগিয়ে গিয়ে দেশের কল্যাণের প্রয়োজনে আত্মনিয়োগ করতে চান, তাঁরা অবশ্য কোনদিন ভাল জিনিস দেখেন না, দেখার কথাও নয়। প্রত্যেকটা জিনিসকে

রাজনৈতিক দৃষ্টিভঙ্গী দিয়ে তাঁরা দেখেন, জনসাধারণ এ জিনিস বহু বছর ধরে দেখে আসছেন। একটা কথা আমি আজ কমিউনিষ্ট বন্ধুদের জানাচ্ছি, যে ছবি আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে পেয়েছি সেই ছবিটাকে যদি আমরা চিত্রিত করে তুলতে পারি তাহলে পশ্চিমবাংলায় জনসাধারণের দুঃখকষ্ট আমরা লাঘব করতে পারবো; তাতে কমিউনিষ্ট বন্ধুরা আমাদের কবর কোলকাতায় রচনা করবেন কিনা একথা আমরা চিন্তা করি না; চিন্তা করা দরকার বলে মনে করি না। কারণ তাঁদের কবর রচনা হয়ে গেছে, তাঁরাই কবরস্থ হয়েছেন। এই তো সেদিন ভাঙড়ে দেখেছি, ধনশালী লোকের টাকার লোভে তাঁরা হাটে হাটে ঘুরে ছিলেন কিন্তু চাষীভুষো সাধারণ লোক তাঁদের গলা ধাক্কা দিয়ে তাড়িয়ে দিয়েছেন। তাঁরা জানিয়ে দিয়েছেন পশ্চিমবাংলায় যে কংগ্রেসী শাসনযন্ত্র আছে, তাদের নীতিতে তাঁরা বিশ্বাস করেন। আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা যে নূতন ছবি দেখতে পাচ্ছি—শিক্ষাসম্প্রসারণের যে প্রচেষ্টা হয়েছে, শিল্পায়ণের মাধ্যমে বেকার সমস্যা দূর করার যে কথা উঠেছে তাতে হতাশ হবার কিছু নাই। হীরেনবাবু বুঝানোর চেষ্টা করছিলেন যে আমাদের এখানে শিল্পী সম্প্রসারণ আদৌ হয়নি এবং রাজনৈতিকদল নাকি প্রভাবান্বিত করছেন সরকারী যন্ত্রকে এবং রাজনৈতিক কারণে নাকি শিক্ষকদের বদলী করা হয়। তিনি একটা ফটোস্ট্যাট কপি উপস্থাপিত করে বাক্যজাল সৃষ্টি করে বুঝানোর চেষ্টা করলেন যে বিরাট অপরাধ হয়ে গেছে এবং এই অপরাধের জন্য তাঁদের ফাঁসি দেয়া উচিৎ। আমি মনে করি তিনি সত্যের অপলাপ করেছেন। তাঁর জানানো উচিৎ ছিল শিক্ষাবোর্ড কি পন্থা গ্রহণ করেছিল ঐ শিক্ষক এবং শিক্ষিকাকে বদল করার ব্যাপারে। অপরাধ যখন উপস্থাপিত করলেন তখন তাঁর পুরো জিনিসটাই উপস্থাপিত করা উচিৎ ছিল কিন্তু তিনি আইনজীবী নন। তিনি একজন ডাক্তার—কাজেই আমি তাঁর খুব দোষ দিইনা কারণ যাঁর যেটা কাজ নয় সেটা করতে গেলে একটু ভুল হয়। শুনলাম রণেনবাবু দৃপ্ত কণ্ঠে বুঝাবার চেষ্টা করছিলেন পৃথিবীর সর্বশ্রেষ্ঠ ধনীক যে দেশ আমেরিকায় সেই আমেরিকা ৪০ লক্ষ পূর্ণ বেকার লোক রয়েছে। সেই পথেই ভারতবর্ষ এগিয়ে যাচ্ছে, এতে বেকারত্ব দূর করা যাবে না। আমি বলি আমেরিকার কথা আমাদের কাছে তুলে কোন লাভ নেই। উনি যে কাগজের উদাহরণ দিয়াছিলেন সেই কাগজের উদাহরণ দিয়ে আমি বলছি ঐ যে দেশ যে দেশের বিগ হাম্পের কথা তাঁরা বলেন এবং যে দেশের নজির দিতে গিয়ে তাঁরা এত লাফালাফি মাতামাতি করেন সেই চীনে লক্ষ লক্ষ মানুষ না খেতে পেয়ে মরণের পথে গেছে। গত অধিবেশনে একথা আমি তুলেছিলাম, আজকেও আমি সে কথা আবার মনে করে দিলাম। আমি এ কথা আজ জোরের সঙ্গে বলবো যে আমাদের দেশ মানুষের কল্যাণের জন্য এগিয়ে যাচ্ছে। হয়ত কিছু ভুল ভ্রান্তি থাকতে পারে কিন্তু তাতে নিরাশ হবার তো কোন কারণ নেই। প্রত্যেক জিনিসেরই ম্যানেজমেন্টের দরকার থাকতে পারে। যদি মনে করে থাকেন চায়না তার সমস্যা দূর করেছে তাহলে তা করতে পারে কিন্তু আমরা নিশ্চয়ই সেই লোভনীয় পথে গিয়ে ভারতবর্ষকে চীনের হাতে তুলে দেবো না। আমরা আমেরিকার হাতেও ভারতকে তুলে দিচ্ছিনা। আমরা কোন মতেই আমেরিকার পদলেহী হতে পারিনা, চীনের পদলেহী হতে পারি না। আমরা স্বচক্ষে দেখলাম বর্ডার লাইনে চায়নাকে সমর্থন করে তাঁদের যে জ্যোতি সে জ্যোতি নির্বাপিত হয়ে গেল—কমিউনিষ্ট পার্টির বর্ধমান কনফারেন্সে আমরা সে জিনিস লক্ষ্য করেছি।

আমরা মনে করেছিলাম পশ্চিম বাংলায় কমুনিষ্ট বন্ধুরা এই জ্যোতিকে জালিয়ে রাখবেন যে জ্যোতি ওঁদের ঘরে হয়ত আলো দেবে কিন্তু সে জ্যোতি আজ ম্লান হয়ে গেছে, নির্বাণ হয়ে গেছে আমাদের কবর দেবার কথা চিন্তা তাঁর না করা উচিত, তিনি নিজে কবরস্থ হয়েছেন, যারা গেছেন—তাঁর পঞ্চত্ব প্রাপ্ত হয়ে গেছে। এই কথা তাঁর স্বীকার করা উচিত। এই কথা চিন্তা করলে তাঁর কল্যাণ, আমাদের কল্যাণ, দেশের কল্যাণ।

একটি কথা তিনি বোঝাতে চেয়েছিলেন যে পণ্ডিত নেহেরুর socialism আমাদের দেশে

হয় নি, তিনি নিজে রসিকতা করে আনন্দ উপভোগ করলেন। তবে তিনি সত্যবাদী—এ কথা আমি মনে করি। ৪০ বছরে যদি রাশিয়ায় কমুনিজম্ না এসে থাকে তাহলে ১৩ বছরে আমরা socialism আনতে পারবো তা আমরা মনে করিনা। আমরা তার দিকেই এগিয়ে যাচ্ছি। রাশিয়া চায়না আমরা সবাই সেদিকে যেতে চেষ্টা করছি। তা বুকে হাত দিয়ে হলফ করে বলতে পারেন, ক্রুশ্চেভ কি বলতে পেরেছেন ষ্ট্যালিন লেনিনের আকাঙ্ক্ষিত কমুনিজম্ রাশিয়ায় প্রতিষ্ঠিত হয়েছে? তা ওদেশে প্রতিষ্ঠিত হয়নি। আমরা যে আমাদের দেশে socialsm প্রতিষ্ঠিত করে ফেলেছি, এ কথা যদি আমরা বলি সেটা মিথ্যা কথা বলবো। আমরা মনে করি আমরা তার জন্য সংগ্রাম করে যাচ্ছি। আজকে সামাজিক পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে আমাদের দুঃখ দৈন্য ভরা পশ্চিম বাংলাকে গড়ে তোলবার জন্য আরো অধিক কষ্ট করবার প্রয়োজন আছে এবং সেইভাবে প্লানিং করবারও দরকার আছে—সুষ্ঠু চিন্তাধারার দরকার আছে। আজ যদি তাঁরা বিধান সভায় বিতর্কে যোগ দিয়ে বিকৃত মস্তিষ্ক নিয়ে উপদেশ দিতে আরম্ভ করেন, এবং তাঁদের প্রকৃতির দরুন দেশ ভুল পথে চলে যায়, তাহলে তাঁদের অবগতির জন্য বলি,—মাননীয় রাজ্যপাল তাঁদেরও আশ্বাস দিয়েছেন যে তাঁদের বিভ্রান্ত ও উদ্‌ভ্রান্ত হবার কিছু নাই। তিনি বিপন্না নারীর কথা ভুলে যাননি—তাঁদেরও আশ্বাস দিয়েছেন—তাঁদের জন্য ব্যবস্থা করা হবে। তিনি আরো আমাদের ত্রুটীবিচ্যুতির কথা স্মরণ করিয়ে দিয়েছেন। তিনি বলেছেন—আমার সরকার উদ্বাস্তু সমস্যার সমাধান এখনো করে উঠতে পারেনি। তার জন্য তাঁরা প্রচেষ্টা করে চলেছেন। তিনি সত্য গোপন করবার কোন চেষ্টা করেন নাই। তিনি খোলাখুলি জানিয়ে দিয়েছেন—উদ্বাস্তু শিবিরের সংখ্যা ৭২; আবার শিবিরবাসীর সংখ্যা ৮৯ হাজার। আমরা সামগ্রিক পরিস্থিতি সমগ্রভাবে চিন্তা করে এগিয়ে এসেছি সমস্যা সমাধান করবার জন্য। নিশ্চয়ই আমরা এই প্রচেষ্টার মধ্য দিয়ে নূতন দেশ গড়ে তুলতে পারবো। আজকে এ কথা চিন্তা করবার দরকার হয়নি কি যে বহুদিন তাঁরা এই সমস্যা নিয়ে ছিনিমিনি খেলেছেন আপনারা বহুদিন ধরে মানুষকে তামাসার পর্যায়ে নামিয়ে ভুল পথে চালাচ্ছেন? তবুও তাদের একেবারে বিভ্রান্ত আপনারা করতে পারেননি। এ কথা হাড়ে হাড়ে বুঝেছেন জ্যোতিবাবু। তিনি এর একচেটিয়ে বেপারী একথা সবাই ধরে ফেলেছে। তাঁকেও বলি দেশের বর্তমান পরিস্থিতিকে সামনে রেখে আর একবার চিন্তা করুন, আমাদের দেশের জনগণের পাশে এসে দাঁড়ান। গত নির্বাচনে ও উপনির্বাচনের মাধ্যমে একটির পর একটি সাধারণের রায় নিয়ে আমরা একথা তাঁদের বুঝিয়ে দেবার চেষ্টা করেছি, আপনাদের অনুসৃত পথে দেশের কোন কল্যাণ সাধন করা যাবে না।

সেদিন জ্যোতিবাবু মন্ত্রীদের উদ্দেশ্যে বললেন—মন্ত্রীরা খবরের কাগজ পড়েন না। তারজন্য তাঁদের সেরিডন খাওয়ার দরকার আছে। আমি বলি তিনি এখন মানসিক দুশ্চিন্তায় আছেন বর্ধমান সম্মেলনের পরে। সেরিডন খাওয়ার প্রয়োজন তাঁরই সবচেয়ে বেশী। তিনি মন্ত্রীদের উপদেশ দেবার আগে নিজের মাথা স্থির করে চিন্তা করুন, সামগ্রিক অবস্থা পর্য্যালোচনা করুন। তিনি যদি নূতন ভাবে দেশগড়ার কাজে আমাদের সহযোগিতা করেন, তাহলে তাঁর পক্ষে ভাল হয়।

[6-10—6-20 p.m.]

তারপর সৈয়দ বদরুদ্দোজা অভিযোগ করেছেন,—যে উর্দু ভাষা মুসলমানদের মাতৃভাষা, সেই উর্দু ভাষার প্রতি নাকি রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার অবহেলা করছেন। উর্দুভাষা সম্বন্ধে তাঁর যথেষ্ট জ্ঞান আছে তা আমরা জানি এবং আমারও উর্দুভাষা সম্বন্ধে কিছু জ্ঞান আছে। আমি জানি উর্দু মুসলমানদের মাতৃভাষা নয়; আমি বলবো:উর্দু মুসলমান সম্প্রদায়ের ভাষাও নয়। আমাদের দেশের মাটীতে উর্দু জন্মগ্রহণ করেছে, আমাদের দেশে গড়ে উঠেছে। আজ সংবিধানে [illegible] ভাষার মধ্যে recognised language এর মধ্যে উর্দুকে স্থান দেওয়া হয়েছে।

উর্দুকে নূতন করে তুলবার জন্য রতনলাল, রাধো এবং কিষেণ চন্দ্রের অবদান ও আরো অজানা বহু সাহিত্যিকের অবদান কম নয়। বদরুদ্দোজা সাহেব তাঁর সংকীর্ণ সাম্প্রদায়িক মনোবৃত্তির জন্য তিনি এই উর্দুভাষাকে একটা জাতির সঙ্গে জড়িয়ে দেখতে চান। আমি মনে করি ভাষার মধ্য দিয়ে মানুষ করা যেতে পারে না; কারণ মানুষই ভাষা গড়েছে। উর্দু বঙ্গীয়মুসলমানদের ভাষা নয়। পাকিস্তানে যদি উর্দু মুসলমানদের ভাষা হতো, তাহলে আর সেখানকার মুসলমানরা বুকের রক্ত দিয়ে বাংলা ভাষার জন্য সংগ্রাম করতো না। ওখানকার যুব শক্তি প্রমাণ করেছে বাংলাই তাদের মাতৃভাষা, সেই মাতৃভাষা তাঁরা ভুলতে পারেনা। উর্দুকে কখনো পায়জামা পরিয়ে তাজ চাপিয়ে মুসলমানদের ভাষা করা যাবেনা। কেন্দ্রীয় সরকার ১৩টা ভাষাকে যে ভাবে সংরক্ষণ দিয়েছেন, এই চতুর্দশ ভাষা উর্দুকেও তাই দিয়েছেন। তিনি ওসমানিয়া ইউনিভার্সিটীর কথা বলেছেন, কিন্তু রাজাকরদের হাতে কে মুন্সীর অত্যাচারের কথা যদি তিনি বলতেন, তাহলে তাঁর সততার কথা বুঝতে পারতাম, তিনি সাম্প্রদায়িকতার উর্ধে উঠেছেন,—সে কথা মনে করতাম। তবে আমরা সাম্প্রদায়িকতাকে কবর দিয়েছি বলে মনে করি। যে মুহূর্তে দিল্লীর রাজঘাটের দিকে তাকাই যেখানে জাতির জনক বিসপান করে নূতন যুগের নীলকণ্ঠ হয়ে আত্মদান করেছিলেন, সেই মুহূর্তে সাম্প্রদায়িকতা নিঃশেষ হয়ে গেছে ভেবেছিলাম। কিন্তু আজ বিধান সভায় সৈয়দ বদরুদ্দোজার বিষে ভরা বক্তৃতা শুনে হঠাৎ মনে হলো—এই সাম্প্রদায়িকতা এখনো মরেনি। তাঁরা শুধু বাংলাদেশেই নয় সারা ভারতবর্ষের আকাশ বাতাসকে বিষিয়ে রেখে দিয়েছেন। ভাষাকে নিয়ে যেন ওঁরা আর টানাটানি না করেন। উর্দুভাষা সম্বন্ধে তাঁদের যতটা অধিকার আছে, উত্তরভারত মধ্যভারত ও পাঞ্জাব—এইসব এলাকার অধিবাসী যাঁরা, তাঁরাও ততটা উর্দুকে ভালবাসেন। অতএব ঐটাকে সাম্প্রদায়িকতার গণ্ডীর মধ্যে টেনে না নিয়ে যাওয়াই ভাল।

আর একটা কথা পণ্ডিত নেহরু সম্বন্ধে শুনলাম যে তিনি নাকি সত্য গোপন করেছেন। তিনি নাকি একথা বলেছেন যে আমাদের national income বেড়েছে। তাহলে টাকাটা কোথায় গেল? পণ্ডিত নেহেরুকে কেউ অসত্যবাদী বলতে পারে—তা আমরা ভাবতে পারি না। তিনি বর্তমানে সমস্ত বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ নেতা। তিনি যা ছবি পেয়েছেন, তা তিনি সকলের সামনে তুলে ধরেছেন, এটা কি বিরোধীদলের সদস্যদের দায়িত্ব নয় কোথায় গেল সেই টাকা, তা ধরিয়ে দেওয়া? এই টাকা ধরার ব্যাপারে তাঁরা আমাদের সংযোগিতা করুন। তাদের কি আজ দায়িত্ব নেই? তাদের জানিয়ে দিই বিড়লার পকেটে হাত দিলে communist partyর pocket এ হাত পড়বে না? আজকে বেলঘরিয়ায় গেলে দেখতে পাবেন সেখানে আজকে communist partyর নামে হা-হুতাশ করছে, লোকে সেখানে অভিশাপ দিচ্ছে। ধনঞ্জয় সামন্তের ৩ হাজার মণ ধান জনসেবার নাম করে সুবোধবাবুরা লুট করে নিয়েছিল সেখানে গেলে জানতে পারবেন, লোকের মতামত কি তাদের সম্পর্কে। আজকে কথা বলে দেশের লোককে ভুলান যাবে না কেননা তাদের আসল রং লোকের চোখে ধরা পড়ে যাচ্ছে।

সবশেষে একটা কথা বলতে চাই যতীনবাবু তাঁর বক্তৃতায়, অতর্কিত মুহূর্তে বোধ হয়, একটা কথা বলে গেলেন—পশ্চিমবাংলার ভাবী মুখ্যমন্ত্রীর নাম নাকি তিনি জানেন—অতুল্য ঘোষ মহাশয়ের নাম তিনি বললেন—তিনি অতর্কিত মুহূর্তে হতাশভাবে একথাই স্বীকার করে নিয়েছেন যে নির্বাচনের পরে কংগ্রেসই ক্ষমতায় আসছে মুখ্যমন্ত্রী অতুল্যবাবু হবেন কি বিধানবাবু হবেন। যেই হউন—তাঁর এই স্বীকৃতির জন্য তাঁর মুখে ফুলচন্দন পড়ুক।

Shri Pramatha Nath Dhibar :

Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely

"But regret that there is no mention in her speech of

(i) the failure of the Government to solve the unemployment problem in the State ;

(ii) the failure of the Government to adopt the compulsory primary education in the State ;

(iii) the failure of the Government to make arrangement for the medical facilities to the public in general in the State ;

(iv) the failure of the Government to remove the departmental corruption and nepotism in the State."

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপাল মহোদয়া বাংলাদেশের যে চিত্র তুলে ধরেছেন তাতে দেখতে পাচ্ছি—সেই চিত্র বাস্তব অবস্থার ঠিক বিপরীত। রাজ্যপালের ভাষণে আমরা এমন কিছু পাচ্ছিনা যাতে বাংলাদেশের সাধারণ মানুষের কিছু হয়েছে বলে বলা হয়েছে। সাধারণ মানুষ আজকে না খেতে পারছে, না কাপড় পরতে পারছে, আর্থিক অনটনের জন্য তারা দিন রাত মারা যাচ্ছে—সেদিন দেখা গেল লোক অনাহারে আত্মহত্যা করেছে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যের অসামঞ্জস্যের হেতু সংসারে বিশৃঙ্খলা দেখা দিয়েছে এবং অভাবের তাড়নায় অনেকে আত্মহত্যা করছে। উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা আজ পর্যন্ত সরকার সমাধান করতে পারেননি। আসামে বাঙালীদের উপর যে বর্বর অত্যাচার হয়ে গেল তার নিরাপত্তার জন্য কেন্দ্রীয় সরকার কিছুই করতে পারেননি। এমন কি রাজ্যপালের ভাষণে এ সম্বন্ধে কোন দৃঢ় অভিমত দেখলাম না। বেরুবাড়ী হস্তান্তরিত হতে চলেছে কিন্তু সেখানে উদ্বাস্তুদের কি অবস্থা হবে কিভাবে পুনর্বাসন দেওয়া হবে তার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণে পাইনা। জনস্বাস্থ্য সম্বন্ধে বলতে গেলে দেখা যায় পশ্চিমবঙ্গে সুসম খাদ্যের ব্যবস্থা নাই সর্বত্র কালোবাজারী মুনাফাখোরী চলেছে, সরকার তা বন্ধ করতে পারছেন না। এ অবস্থায় আমি মনে করি এদের আর গদীতে বসে থাকা উচিত নয়। আমি গত ৮ই এপ্রিল তারিখে বিধানসভায় একটা বেসরকারী বিল উত্থাপন করেছিলাম—সেটার নাম হল Anti Adulteration Bill তাতে আমি একথাই বলতে চেয়েছিলাম যে, দেশে সুসম খাদ্যের ব্যবস্থা থাকা উচিত এবং যারা ভেজাল দেয় তাদের মৃত্যুদণ্ড হওয়া উচিত। আমার এই মত কলকাতা দৈনিক সংবাদপত্রগুলি সমর্থন করেছিল এবং তারাও এই অভিমত প্রকাশ করেছিল—যারা ভেজাল মেশায় তাদের মৃত্যুদণ্ড হওয়া উচিত—সরকারের এ বিষয়ে ব্যবস্থা করা উচিত।

[6-20—6-30 p. m.]

আমি তাই সরকারের কাছে আশা করেছিলাম এই ধরণের একটা বিল সরকার আনবেন। কিন্তু রাজ্যপালের ভাষণে এই রকম ধরণের বিলের কোন উল্লেখ নেই। কোটি কোটি টাকা ব্যয় করে যে দামোদর ভ্যালি কর্পোরেশন হল কিন্তু আজ পর্যন্ত এই অঞ্চলে সুষ্ঠুভাবে সেচ ব্যবস্থা হয়নি এবং যে খাল কাটা হয়েছে, নাব্য খাল, তাতে আজকের দিনে ব্যবসাবাণিজ্য হতে পারেনা। এবং তাতে নৌকা চলাচল করতে পারে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। কারণ যেভাবে lockgate হয়েছে তাতে নৌকা চলতে পারে না। এই খালের গলদ ধামা চাপা দেবার জন্য দুর্গাপুর থেকে কলকাতা পর্যন্ত একটা Express Highway করবার চেষ্টা হচ্ছে। আমরা একথা শুনেছি যে অনেক Navigation Co., এই খাল দেখে মনে করেছেন যে, এর দ্বারা ব্যবসা-বাণিজ্য হতে পারেনা কারণ এতে নৌকা চলাচল, Steamer বা Launch চলাচল করতে পারে না। এইজন্য সরকারের কাছে দাবী জানাচ্ছি যে, এই খালগুলি দেখে অনুসন্ধান করুন যে lockgateগুলি ঠিকমত হয়েছে কিনা, এর দ্বারা ব্যবসা-বাণিজ্য চলতে পারে কিনা। তারপর

সরকারী কর্মচারী ও প্রাথমিক শিক্ষকদের মাইনে সম্বন্ধে রাজ্যপালের ভাষণের মধ্যে কিছু নেই। আমি মনে করি নিম্নতম সরকারী কর্মচারীদের মাইনে বাড়ান উচিত এবং প্রাথমিক শিক্ষকদেরও মাইনে বাড়ান উচিত যাতে তারা স্ত্রী পুত্র পরিবার নিয়ে সংসার প্রতিপালন করতে পারে। রাস্তাঘাট সম্বন্ধে বলতে হয় যে, প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে সমস্ত রাস্তা ধরা হয়েছিল তার মধ্যে অনেক রাস্তার কাজ আজ পর্যন্ত আরম্ভ হয়নি। অনেক রাস্তার earth work হয়ে পড়ে আছে এই রাস্তাগুলি হবে কিনা জানিনা। সরকারের কাছে অনুরোধ করবো যাতে এই রাস্তাগুলি হয়। আর যে কাজগুলি দ্বিতীয় পরিকল্পনায় ধরা হয়েছিল সেগুলি যেন তৃতীয় পরিকল্পনায় স্থান পায়।

Shri Lutfal Hoque:

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর গত তিন দিন ধরে নানারকম আলোচনা এবং সমালোচনা চলছে। যাঁরা এর সমালোচনা করছেন বা প্রশংসা করছেন তার মধ্যে এক জায়গায় উভয় পক্ষের স্বীকৃতি আছে যে কিছু করবার চেষ্টা চলছে এবং প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে দেশকে কিছুটা এগিয়ে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। বিরোধী পক্ষের সদস্য বন্ধুরা, তাঁরাও একথা স্বীকার করেছেন। কিন্তু তাঁরা বিশেষ বিশেষ ক্ষেত্রে এই সব পরিকল্পনার সাফল্য বা তার সার্থকতার পথ সম্বন্ধে সন্দিহান আছেন এবং সেটাই তাঁরা স্বাভাবিকভাবে সমষ্টিগতভাবে প্রকাশ করতে চলেছেন। শিক্ষাব্যবস্থা, চলাচলব্যবস্থা, পুনর্বাসন, বৃহৎ কলিকাতা গঠন ইত্যাদি বিষয়ে প্রকৃতপক্ষে যে একটা প্রচেষ্টা চলেছে এবং সমস্যাসংকুল এই পশ্চিমবাংলা যে এই সব সমস্যা সমাধানে এগিয়ে চলেছে সেকথা সবাই স্বীকার করেছেন। খাদ্যসমস্যাও পূর্বাপেক্ষা কমে এসেছে এবং খাদ্যসমস্যাকে আমাদের স্থানীয় সমস্যা মনে করলে চলবে না। ভগবানের অনুগ্রহে সময়মত বৃষ্টি হওয়ার দরুণ অন্যান্য শস্যাদিও প্রচুর ফলেছে এই বৎসর। যেসব জায়গায় canal system রয়েছে সেসব এলাকায় প্রচুর ধান ফলেছে। এই কথা চিন্তা করে সরকারকে চেষ্টা করতে হবে যাতে করে ক্ষুদ্র ক্ষুদ্র সেচ ব্যবস্থার পরিধি বাড়িয়ে এবং বিভিন্ন জায়গায় ক্ষুদ্র সেচব্যবস্থা প্রবর্তন করে—যেখানে বর্তমানে একবার ফসল হয় সেখানে দুবার এবং যেক্ষেত্রে দুবার ফসল হয় সেখানে তিনবার ফসল করতে পারা যায়। কৃষিব্যবস্থার উন্নতির জন্য বিভিন্ন থানায় থানায় থানা-কৃষিক্ষেত্র স্থাপিত হয়েছে এবং সেসব জায়গায় বিভিন্ন বীজ ফলাবার চেষ্টা হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় আমার বাড়ীর ১ মাইলের মধ্যে একটা কৃষিক্ষেত্র হয়েছে সেখানকার অবস্থা দেখে আমি মোটেই আশান্বিত হতে পারিনি। তার কারণ, সেখানে জলের pumping ও tubewell-এর ব্যবস্থা হয়েছে, সেখানে সরকারী কর্মচারী মোতায়েন হয়েছে, বিভিন্ন রকম সার দেওয়া হচ্ছে, সমস্ত কিছু ব্যবস্থাই আছে, অথচ তার আশেপাশের জমির চেয়ে বেশী ফলন হচ্ছে না। কেন? হয়, যাঁরা technical expert আছেন তাঁরা তাঁদের শিক্ষাদীক্ষা কাজে লাগাচ্ছেন না। না হয় মনোযোগ দিয়ে তাঁরা কাজ করছেন না। সেখানে ২৫টি নারকেল গাছ বৃক্ষরোপন সংস্থাতে লাগান হয়েছিল, কিন্তু দুঃখের বিষয় বর্তমানে একটি গাছও নাই। কাজেই আমি বিশেষ করে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই field worker-রা ঠিকমত কাজ করেন কিনা সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন। এজন্য vigilant eye রাখা দরকার। আমাদের কৃষিফলন যদি বাড়াতে হয় তাহলে irrigation system-এর উন্নতিসাধন করতে হবে। এবং এজন্য কারাজা ব্যারাজ নির্মাণ অত্যাবশ্যক। আমরা আশা করেছিলাম তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কারাজা ব্যারাজ included হবে, কিন্তু রাজ্যপালের ভাষণে তার কোন ইঙ্গিত আমরা পাইনি। এবার আমি মুর্শিদাবাদের রেশমশিল্প সম্বন্ধে কিছু আলোচনা করব। সরকারের বাজেট থেকে দেখতে পাই রেশমশিল্পের

জন্য আমাদের Industry Department থেকে অনেক টাকা খরচ হচ্ছে। কিন্তু যতক্ষণ পর্যন্ত না এর cocoon, grow breeding and rearing-এর ব্যবস্থা সম্প্রসারিত করে কুটিরশিল্পের আকারে না নিয়ে আসতে পারা যায় ততক্ষণ পর্যন্ত রেশমশিল্পে কৃষকদের শুধুমাত্র encouragement করে কিছু হবে না।

[6-30-6-40 p. m.]

তৃতীয় কথা, আমাদের দেশে কৃষিজমি পপুলেশন হিসাবে অত্যন্ত কম এবং যার ফলে খাদ্য সমস্যা চিরকালেই থেকে যাবে। সুতরাং এর সমাধান করতে হলে, কুটিরশিল্পের প্রবর্তন করতে হলে এরজন্যে শিক্ষিত লোকজন চাই। এ বিষয়ে আমি একটা সাজেশন করতে চাই। প্রতিটা সাবডিভিশনে যে সব স্কুল মালটিপারপাস হয়েছে তার সঙ্গে একটা টেকনিক্যাল এডুকেশনের ব্যবস্থা হোক। এই যদি হয় তাহলে সেখানকার লোকেরা যে শিক্ষা শিখবে তার দ্বারাই নিজেদের জীবনযাত্রা নির্বাহ করতে পারবে। এবার আমার প্রাথমিক শিক্ষা সম্বন্ধে অনেক কথা বলার আছে। আপনারা জানেন যে ৩০।৪০।৪৫ বছর ধরে স্কুল বোর্ডের আণ্ডারে চাকুরী করে তারা যখন যায় তখন শূন্য হাতে চলে যায়। এদের জন্য কোন প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যবস্থা নেই, গ্র্যাচুইটির নাম মাত্র ব্যবস্থা হয়েছে। কাজেই আমি বলব যে সমস্ত কর্মজীবন ধরে—যাঁরা আমাদের দেশের ছোট ছোট ছেলেদের মানুষ করছেন তাঁরা যাতে বার্দ্ধক্যে চলে যাবার সময় কিছু নিয়ে যেতে পারেন সেই ব্যবস্থা হিসাবে প্রভিডেণ্ড ফাণ্ডের ব্যবস্থা থাকা উচিৎ। অর্থাৎ এই কনসোলেসান যেন তাঁরা পান যে তাঁরা কিছু নিয়ে যাচ্ছেন। একজন সরকারী কর্মচারী তিনি যতই ছোট হোক না কেন তার জন্য যদি এই ব্যবস্থা থাকে তাহলে এঁদের জন্য কেন সেই ব্যবস্থা হবে না তা আমি বুঝতে পারি না। সেজন্য আমি জোর গলায় সরকারের কাছে দাবী করছি যে বার্দ্ধক্যে যেন তাঁরা শূন্য হাতে ফিরে না যান সেই ব্যবস্থা করা উচিৎ।

চতুর্থ কথা হচ্ছে, ওয়েষ্ট বেঙ্গল মাদ্রাসা বোর্ড বলে একটা যে বোর্ড আছে সেখানকার সভাপতি হচ্ছেন Chief Inspector, Secondary Education West Bengal. এটা প্রবল কি আকারে friction করছে সেটা আমি বলতে চাই। আজ থেকে প্রায় ৫ মাস আগে সেখানকার মিটিং এর রেজোলিউসান প্রেসিডেণ্টের সিগনেচারের জন্য আসে, কিন্তু সেটাকে প্রেসিডেণ্ট সাইন করে রিটার্ন পাঠাতে পারেননি বলে প্রত্যেকটা recognised institution পুনরায় রেকগনিসান পাচ্ছে না। বছর শেষ হয়ে আসছে অথচ সেখানকার টিচাররা ডি এ. পাচ্ছেন না। স্কুল কোন রকম গ্রাণ্ট-ইন-এড গভর্নমেণ্ট থেকে পাচ্ছে না। কাজেই আমি বলব যে মাদ্রাসা বোর্ড এবোলিস করে দেওয়া হোক। সেখানে কোন স্টাফ, চাপরাসী নেই, শুধু একটা registered Principal of the Madrasa করে রেখে দেওয়া হয়েছে। এর ফলে কোন্ সময়ে, কোন্ তারিখে কোন্ এক্সামিন করা হবে সেটা ঠিক সময় মত পৌঁছায় না। সেখানকার post fill-up কে করবেন রেজিষ্ট্রার করবেন না প্রিন্সিপল করবেন তার কিছু ঠিক নেই। আমি ৫ দিন আগে রেজিষ্ট্রারের সঙ্গে দেখা করি তিনি বলেন যে একটা typist-cum-clerk-এর জন্য আমরা বলেছি কিন্তু আজপর্যন্ত কিছু হয় নি। Temporary appointment-এর salary পর্যন্ত দেননি এর status-quo রেখে দিয়েছেন। সেজন্য আমি বলব যে পলিসি যদি এই রকম হয় তাহলে একে abolish করে দিয়ে বা রেকগনিশান না দিয়ে মাদ্রাসাকে উঠিয়ে দিলেই হয়। এ সম্বন্ধে আর বিশেষ কিছু বলব না। সুলতানপুর আলিয়া মাদ্রাসার এই অবস্থা হয়েছে। সেখানে রেজোলিউশান নেওয়া হয়েছে, অথচ signature of the President-এর অভাবে রেকগনিশান পাচ্ছে না। এবং সমস্ত টিচার অভুক্ত অবস্থায় রয়েছে। সুতরাং বলব যে এটাকে নামে রাখা প্রহসন ছাড়া আর কি? এই বলে আমি এই ভাষণ সমর্থন করছি।

Shri Monoranjan Misra :

মাননীয় স্পীকার মহাশয়, মহামান্যা রাজ্যপালিকার ভাষণ সমর্থন করতে উঠে আমি দেখতে পাচ্ছি স্বাধীনতা প্রাপ্তির পর বাংলাদেশ নানাবিধ সমস্যায় জর্জরিত তথাপি রাজ্যপালিকার ভাষণের মধ্যে আমরা দেখছি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে সরকারের সংকল্প এবং পরিকল্পনাগুলি রূপায়িত করার প্রচেষ্টা এবং অধিকন্তু আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার পূর্বাভাষ এই ভাষণে দেখতে পেলাম। দেখতে পেয়েছি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কৃষিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং সেইখাতে ৮ কোটি ৯৯ লক্ষ টাকার স্থলে একেবারে বাজেটে ৬৮ কোটি ৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে ইহা অত্যন্ত আনন্দের বিষয়। তবে এ সম্বন্ধে একটা কথা আমাদের সর্বদার জন্য মনে রাখতে হবে—প্রচুর পরিমাণে টাকা বরাদ্দ করলেই প্ল্যানের কৃতিত্ব প্রমাণিত হয় না। স্যার কৃষি বিভাগের বাস্তবক্ষেত্রে কর্মের পরিচয় যেরূপ দেখতে পাচ্ছি—তাতে স্পষ্ট দেখতে পাই—এ বিভাগের কাজ মোটেই সন্তোষজনক হয়নি এবং সেইজন্যই আমার বক্তব্য হচ্ছে—অতীত ভুলের পুনরাবৃত্তি না হয়ে বরাদ্দ অর্থ পরিকল্পনা সাফল্যের জন্য ব্যয়িত হয়—তবেই হবে সত্যিকারের উপকার। কৃষির যদি প্রকৃতই উন্নতি করতে হয়—প্রথম কর্তব্য হবে যথা সময়ে বীজ ও সার সরবরাহ করা। কৃষির উন্নতির জন্য কেবলমাত্র সার ও বীজ সরবরাহ করলেই সাফল্য অর্জন সম্ভবপর হবে না। সঙ্গে সঙ্গে জল সেচনের সুব্যবস্থা করা দরকার। অন্যথায় অধিকাংশ ব্যয় অপব্যয়ের নামান্তর হবে। কিন্তু প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে আমরা দেখতে পেলাম সমস্ত বাংলাদেশের জন্য সামগ্রিকভাবে কোন ইরিগেসন পরিকল্পনা গ্রহণ না করে কতিপয় নির্দিষ্ট অঞ্চল অর্থাৎ বীরভূম, নদীয়া এবং বর্ধমান জেলা প্রভৃতিকে কেন্দ্র করে—জল সেচনের যাবতীয় পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উহা অবশ্যই আনন্দের বিষয় সন্দেহ নাই। ইরিগেসন স্কীম নেওয়াটা কিন্তু আজ সরকারকে অত্যন্ত গুরুত্বপূর্ণ দৃষ্টি দিয়ে স্মরণ রাখতে হবে—পরিকল্পিত অঞ্চল ছাড়া বাংলাদেশের বক্রী এলাকায় বিশেষতঃ সমগ্র উত্তর বঙ্গে আরও অনেক অঞ্চল আছে ব্যাপকভাবে ইরিগেসন স্কীম গ্রহণ করা দরকার এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকার যাহাতে ইরিগেসন স্কীমের ব্যাপারে সেইসব অঞ্চলের কথা স্মরণ রাখেন এবং প্রকৃতই যাহাতে পরিকল্পনা গ্রহণ করা হয়—এদিকে আশু দৃষ্টি দিবার সময়ও এসেছে। তারপর রাজ্যপালের ভাষণে তিনি বলেছেন—এ বছর বাংলাদেশে প্রচুর শস্য হয়েছে এবং উহা অত্যন্ত আনন্দের কথা। তবে এই প্রসঙ্গে আমি সরকারকে বিশেষভাবে স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের মালদহ জেলায় বর্তমান বছর নিয়ে পরপর ৪ বছর ধরে কোন ফসল হয়নি এবং তার মুখ্য কারণ হচ্ছে জলাভাব। সুতরাং আজ আমি সরকারকে অনুধাবন করতে বলি, পর পর ক্রমান্বয়ে তিন বছর ধরে মালদহ জেলায় কোন ফসল না হওয়ায় সেখানকার জনসাধারণ চিন্তান্বিত হয়ে পড়েছেন এবং সর্বশ্রেণীর লোকে ঋণভারে জর্জরিত হয়ে তাদের অস্তিত্ব বিপন্ন হতে চলেছে। প্রকৃতই মালদহ জেলার অবস্থা জাতীয় সমস্যারূপে দাঁড়িয়েছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই জেলায় ব্যাপক ভাবে ইরিগেশন স্কীম গ্রহণ করা হয় তদ্বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ জানাই। তারপর রাজ্যপালের ভাষণে দেখতে পাই, শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ বৃদ্ধি পেয়েছে এবং বিশেষতঃ দুস্থ ও অনাথ শিশু এবং স্ত্রীলোকদের নৈতিক মানের উন্নতির জন্য ৪ কোটি ৪০ লক্ষ টাকা ব্যয় করা হবে। বরাদ্দ বৃদ্ধি অবশ্যই আনন্দের কথা।

[6-40—6-50 p.m.]

পুনরায় আমি বলব—শুধু টাকার বরাদ্দ বৃদ্ধি করলেই শিক্ষার উন্নতি প্রমাণিত হয় না। শিক্ষা পদ্ধতি সম্বন্ধে শ্রদ্ধেয় শ্রীহরেন্দ্র নাথ রায় চৌধুরী মহাশয় (বর্তমান শিক্ষামন্ত্রী) তাঁর—"The new

menace to high school eduction in West Bengal"—পুস্তকে বলেছেন—"Education without religion is no real education"। তিনি এই পুস্তিকা বৃটিশ শাসকের আমলে রচনা করেছিলেন অথচ দেশ স্বাধীন হবার পরেও ধর্মহীন শিক্ষা ব্যবস্থা অব্যাহত রহিয়াছে। তিনি আরও বলেছেন The filtration theory succeeded so much as to find no room for Indian religion and discipline etc. Vinobaji also has deplored that after Independence, Provincialism, Communalism, liguism and religious bigotry have broken out as dreadful diseases. Its main cause is the present system of eduction in India. The present system of eduction only widens the gulf among the different sections of people and never bridges it. This education is useless in as much no class of people could reap any benefit from the present system of education. বর্তমান শিক্ষামন্ত্রী মহাশয় বৃটিশ আমলে এই ধরণের মন্তব্য করেছিলেন অথচ আমি আশ্চর্য হয়ে যাই তিনি স্বাধীন ভারতের বাংলার শিক্ষামন্ত্রী হওয়া সত্ত্বেও অপ্রয়োজনীয় এবং ক্ষতিকর শিক্ষানীতি সমানেই চলছে। আশা করি সরকার এ বিষয়ে দৃষ্টি দেবেন। আর একটা আশ্চর্যের বিষয় আমাদের শিক্ষা ব্যবস্থার জন্য দিনদিন ব্যয়বৃদ্ধি হচ্ছে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ব্যয় বৃদ্ধির ব্যবস্থা হয়েছে অথচ বিভিন্ন স্কুলের শিক্ষকগণ সময়মত বেতন পাননা। এর জন্য আমার মনে হয় বর্তমানে যে প্রকৃতির Board of Secondary Education দপ্তর বিরাজ করছে—এরূপ একটি প্রতিষ্ঠানের হাতে ভারার্পণ মোটেই যুক্তিসঙ্গত হয়নি। Board of Secondary Education দপ্তর রাখার প্রয়োজন কি বুঝে উঠতে পারছি না—Board of Secondary Education-কে জিজ্ঞাসা করলে তাঁরা বলেন—সরকার টাকা দেয় না, আবার সরকারকে বললে সরকার বলেন Board of Secondary Education-কে টাকা দিয়েছি। এই dual function-এর ফলে যদি সত্য সত্যই শিক্ষকরা সময়মত বেতন না পান তাহলে কি করে শিক্ষা প্রসার লাভ করবে তা আমি বুঝে উঠতে পারছি না। তাই আমি সরকারকে অনুরোধ করব—বিলম্বিত এবং বিশৃঙ্খল নীতি পরিহার উদ্দেশ্যে—Secondary Education Bill না আসা পর্যন্ত Education Directorate-কে সমস্ত শিক্ষকের বেতন সরাসরি District Inspector of Schools-এর মাধ্যমে দেওয়ার ব্যবস্থা করতে হবে। আমি মনে করি—বর্তমান প্রকৃতির Board of Secondary Education দপ্তরের অবিলম্বে বিলুপ্তির প্রয়োজন হয়েছে। স্কুলের Grant ইত্যাদির ব্যবস্থা প্রত্যেক জেলায় শিক্ষাবিভাগের ইনস্পেক্টারের মাধ্যমে সরাসরি করার দরকার।

এরপর শিক্ষানীতি সম্বন্ধে কিছু আলোচনা করতে চাই। আমরা একপ্রকার অদ্ভুত বিশৃঙ্খল শিক্ষানীতি গ্রহণ করেছি। বিভিন্ন প্রকারের স্কুল বর্তমানে চলছে—যেমন :—(1) Higher Secondary School with Humanities only, (2) Higher Secondary School with Science and Humanities, (3) Multipurpose and (4) Class X High School। এরূপ বিভিন্ন প্রকার ব্যবস্থা শিক্ষা বিভাগে বিশৃঙ্খলা এবং অসামঞ্জস্যের সৃষ্টি করেছে। বিভিন্ন প্রকারের বিদ্যালয় থাকলে কি করে শিক্ষার সমতা রক্ষিত হবে তা আমি বুঝে উঠতে পারছি না। কাজেই আমার মনে হয় শিক্ষার সমতা রক্ষা করা প্রয়োজন। শিক্ষার সমতা রক্ষা করতে গেলে চাই উপযুক্ত শিক্ষক নিয়োগ। উপযুক্ত শিক্ষক পাওয়া যেতে পারেনা উপযুক্ত বেতন না দিলে। তাই আমি মনে করি উপযুক্ত বেতন দিয়ে উপযুক্ত শিক্ষক নিয়োগের ব্যবস্থা করে সমস্ত বিদ্যালয়কে সমপর্যায়ে এনে শিক্ষানীতির সমতা রক্ষা করা অবিলম্বে দরকার হয়েছে। এই বলে রাজ্যপালের ভাষণকে আমি সমর্থন করছি।

Shri Basanta Kumar Panda :

Sir, I have read the speech of Her Excellency the Governor with much attention. I do not wish to drag that venerable lady into the arena of ours. I accept this statement of hers as the statement of this Government about its policy assessment of the last year and for the year to come. Governor's speech generally refers to two years only, i.e. what has been done in the past year and what is proposed to be done in the next year. If I look to the speech I see there is no proper assessment about the past year's activities. If I look to the future years there is no concrete picture. But there is only the reference to the Third Five Year Plan which covers the entire five years to come. Let us see whether we can get anything to hope for the future though we have got nothing in the past.

If we look to the Third Five Year Plan we are to assess our expenditure to the Plans in the past. It would be about Rs.72 crores. For this purpose we have exhausted the entire sterling balance. Foreign aids to India work out to over Rs. 200 crores.

We have inflated money ; we have inflated our currency by printing notes to the tune of 1500 crores of rupees. The income of India is about 1800 crores of rupees. We have spent about 8000 crores of rupees to achieve two successive Plans which give us about 72,000 of rupees. This gives us a picture that the entire amount which has been required for the past two plans has been met from loans. The normal revenue of the country does not pay anything towards this plan. Now there is the fantastic Third Plan for 1200 crores. The money is to come from foreign sources. If the foreign countries give us the loan then there is hope for the Third Plan ; if they do not, there is no hope. Sir, our debt position is such that our external debt alone is equal to five times the entire revenue of India, because if we look to the budget of the India Government, 1960, it was to the tune of about 900 crores and our foreign debt is 4,500 crores. If we look to the financial position of the State, this year's budget shows that our revenue is 90 crores. So our debt saturation point has reached. Now, an ordinary debtor cannot get so much debt. Therefore our Finance Minister went abroad with begging bowls and negotiated with separate countries separately and got certain loans and our Government thought it to be a proud thing to publish those loans by all means they have. Now, the foreign countries who pose to be our friends have found out our present financial position. Therefore they are not negotiating with us separately ; they were scheduled to meet at Paris this month but they are not doing that ; they will meet in April this year. We have got the report from the Government of India that they are not publishing the first year's achievement. We have got no picture of the current year from the Governor's speech and apart from the future hopes of the Third Plan the Governor has not given any other picture.

Sir, we expected that there will be something for the coming one year of the Third Plan. The entire plan now is diverted towards the improvement of Greater Calcutta and some portions of Durgapur by investment in new industry. There is absolute indifference to the rural area. What is West Bengal today? Only out of 3 crores of people of West Bengal one crore of people live in Calcutta or Greater Calcutta ; two crores of people live in mofussal. There is no hope in the Governor's speech about the improvement of the condition of these two crores. The middle-class people live in mofussal, their children are not being properly educated and there is no improvement in their condition. They cannot get anything from the limited resources.

Then, Sir, with regard to the payment of compensation to intermediaries, specially with regard to the middle-class intermediaries, I would say that up to now, during the course of six years after the coming into effect of the Estates Acquistion Act, about 8 crores of cases have been instituted but the assessment is to the tune of 75 to 80 lakhs of rupees. If it goes on in this pace, another 50 years will be

required but the law provides for only 20 years. Our Hon'ble Minister has increased this by six years in the name of preparation of final compensation roll. This is the picture of the mofussal.

Sir, the indebtedness of the mofussal people is growing. In this connection I drew the attention of the two Ministers of Bengal—one the Hon'ble Dr. B C.Roy, the Chief Minister of this State in an independent era, and another Mr. Fazlul Huq. One is a very highly educated and aristocratic man who has interest for Calcutta and another is a mofussal man who did his very best for liquidation of agriculturists' debts in the shape of Bengal Agricultural Debtor's Act and Bengal Money-lenders' Act.

[6-50—7 p. m.]

The mofussal people got some advantage out of it, but under the present regime the mofussal people are getting nothing. With regard to Calcutta and its industrial area the people of Bengal are not going to enjoy the fruit of it. The Calcutta area is developing in industry. At least one-third of the industrial potentialities are situated near about Calcutta. Therefore, people from all over India are investing their money and are coming over to Calcutta. The living in Calcutta has been impossible for the poor and middle-class Bengalees. The middle-class Bengalees living in Calcutta are losing their jobs and the small holdings that they have in Calcutta—those small houses they are being compelled to sell, because this Government gives them no protection. Consequently they are selling their hearths and homes and whenever there is a sale of any building or of land it goes to the non-Bengalees. The Bengalee people are not able to hold that land or building. Sir, we shall spend money for the improvement of Calcutta, but if this process goes on, improved Calcutta will be occupied by the non-Bengalees. For the last four years I was crying hoarse to introduce the Estates Acquisition Act in Calcutta and its industrial area and by that the Government of West Bengal would be in the possession of house property, but that is not to be at least under the present regime. Then, Sir, there is frustation everywhere. Dr. Roy said that in the mofussal areas he will introduce village health centres and union health centres. How much of that promise has been implemented ? With regard to irrigation and drainage there are three big rivers in West Bengal—Damodar, Rupnarayan and Kosai. The rivers in lower Bengal are being choked. The result is that Lower Bengal i.e, Midnapur, Howrah, Hooghly and the 24-Parganas are suffering. There is no scheme for drainage and for improvement Then, Sir, the condition of the village people are deteriorating. Only in 1366 B.S. there was an attempt to give some relief to the agriculturists by way of remission of rent for two acres of land, but that attempt has been nullified because the conditions which were imposed for its implementation were so heavy that only a few people have been able to get benefit out of it. Sir if we look at the debt position of the rural people, their debt position is such that it has exceeded the three-fourths portion of the value of their property. If these debts are not liquidated—be it Government debt or co-operative societies debt or debt from the creditor—the entire rural people will suffer and there is no hope for them. There is despair everywhere. In the recent Congress session it is stated that the Congressmen are afraid of casteism, linguism and provincialism. During British regime they had their own privileged class people. In our own Constitution we have created a privileged class for ten years, and very recently the life of that class has been extended to twenty years. There is a provision in the Constitution that after the interval of five years President would appoint a Commission and that Commission would give a report showing that so many scheduled castes and scheduled tribes have improved and their names should be chucked out. But we see that during the last 12 years due to this spoon-feeding no caste could improve. Therefore, I

say 'do not create a privileged class in the name of help'. If you really wish to do something for the downtrodden people, you fix a standard—educational standard or property standard, etc. and whoever will be found below that standard should be treated as backward and he is to be protected by the State.

Sir, this poison has gone to such an extent that recently—a few days ago there was a conference of the scheduled caste MLAs and there Mr. Nehru and Mr. Jagjiban Ram attended. Mr. Nehru said that these things must go. He said that if this was maintained efficiency will go away. Mr. Jagjiban Ram stated the other way. Sir, he has been harping on the same tune and now about the down-trodden conditi n of the Muslims. In this way he is trying to improve the lot of his own race. The result has been that India is vivisected by casteism created by the Congress people. Look at the linguism in Assam. Then about Hindi. The Hindi-speaking people constitute 13 crores out of 40 crores inhabiting the country. The Hindi-speaking people are trying for a long time to impose Hindi over the whole of India. Fortunately, in Southern India under the leadership of Shri Rajagopalachari a counter movement has been started. Therefore, Sir, this Government has not been able to bring any relief. In the Parliament Hindi is in minority and so being defeated to achieve their end through front door they are trying through the back door. They are imparting Hindi through radio, money order forms, post cards etc.

About provincialism, the less said the better. What has happened in Assam cannot be compared with anything. During the 150 years British rule no such atrocity was ever perpetrated on the people. The atrocity of Jaliwanwala Bag happened during the British rule who were trying to put down our national movement. There were the Indian soldiers who were unarmed but were determined to fight the freedom battle. Wh n this atrocity took place in Assam the Centre did nothing. If this is allowed to happen in other parts of India, there will be no unity in India. There will be fragmentation of India.

Shri Subodh Banerjee :

On a point of personal explanation, Sir,

আমি হাউসে ছিলাম না—আমি শুনলাম কংগ্রেস সদস্য মাননীয় কৃষ্ণকুমার শুক্ল আমার নাম করে বলেছেন যে সুধন্য হালদারের এক হাজার মণ ধান সুবোধ বাবু লুট করে নিয়ে এসেছেন।

[A voice : সুবোধবাবু বলেননি, তার দলের লোক নিয়ে এসেছেন।] আমি যা শুনেছি, তাই বলছি। সুবোধ ব্যানার্জি সেখানে যায় নি। আমি কৃষ্ণবাবু তথা গোটা কংগ্রেস পার্টিকে চ্যালেঞ্জ করছি এটা প্রমাণ করবার জন্য। যদি তাঁরা এটা প্রমাণ করতে পারেন। Sir, I will tender my resignation if the Congress members opposite can prove the case. Is there any body in the Congress to accept my challenge? If they cannot prove it let them say they will resign. তিনি যেটা বলেছেন সেটা সম্পূর্ণ অসত্য। এটা তারা প্রমাণ করতে পারলে আমি এখানকার সদস্যপদ ছেড়ে দেব—আর তা না করতে পারলে তাঁরা ছেড়ে দেবেন বলুন।

[7—7-11 p.m.]

Shri Amarendra Nath Sarkar :

স্যার অধ্যক্ষ মহোদয়, আমি বেশী কিছু বলব না, কারণ সময় বলে মাঃ সদস্যরা অনেকেই অতিষ্ঠ হয়ে উঠেছেন। আজ এখানে রবীন্দ্রনাথকে নিয়ে অনেক টানাটানি হয়েছে। রাজ্যপালের

ভাষণে রবীন্দ্র শতবার্ষিকীর কোন উল্লেখ নাই বলে এখানে অনেক ক্ষেত্রে প্রকাশ করা হয়েছে। আমি এই প্রসংগে এটুকু শুধুমাত্র বলতে চাই যে, রবীন্দ্রনাথ কোন দলের নন, তিনি সমগ্র বিশ্বের। আজ সমগ্র বিশ্বে তাঁর জন্ম শতবার্ষিকী পালনের আয়োজন হচ্ছে।

আমাদের বন্ধু হরেকৃষ্ণ কোণার ও সুবোধ ব্যানার্জি মহাশয় কিষাণ বিপ্লবের আওয়াজ তুলেছেন। আমি এ সম্পর্কে চলতে চাই যে, একথা অনস্বীকার্য ভূমিসংস্কারের সুষ্ঠু ব্যবস্থা না হলে ভারতের অর্থনৈতিক উন্নতি সম্ভব নয়। ভূমিসংস্কার বিষয়ে আমাদের সরকার অগ্রসর হয়েছেন। আমি জিজ্ঞাসা করতে চাই এই যে উদ্বৃত্ত জমি কৃষকদের মধ্যে বিলি করা হচ্ছে তাকি ভূমি ব্যবস্থা সংস্কারের পরিচায়ক নয়? এখানে আমি সরকারের নিকট অনুরোধ জানাব, যেসব জমিদার ও জোতদার জমি লুকিয়ে রেখেছে তাদের সম্পর্কে যেন আইন সম্মত উপায়ে ব্যবস্থা অবলম্বন করা হয়। গত কয়েক বৎসর বাংলাদেশের উপর দিয়ে বহু বিপর্যয় গিয়েছে। সেকথা বিবেচনা করে যদি বাংলাদেশের অগণিত জমির মালিকদের সমস্ত ঋণ মকুব করে দিতেন, খাজনা মকুব করে দিতেন তাহলে বাংলাদেশের এই মন্ত্রীমণ্ডলী বাংলাদেশের কৃষকদের কাছে চিরস্মরণীয় হয়ে থাকতেন। বাংলাদেশের কৃষক সমাজ এতই ঋণে জর্জরিত যে, তাঁরা কোনদিন ঋণ পরিশোধ করতে পারবে না। এটা যদি তাঁরা করতে পারতেন তাহলে তাঁরা বাংলাদেশের দরিদ্র কৃষকদের হৃদয়ে স্থান লাভ করতে পারতেন। তারপর, আজকে এখানে industry planning তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছে। অনেকে বলেছেন এখানে unemployment বাড়ছে, দেশে বেকারী বাড়ছে। বীরভূমের আহম্মদপুরে একটি Sugar mill হয়েছে। সেখানে আমাদের বহু টাকা খরচ হচ্ছে। মাঃ অধ্যক্ষ মহোদয়, আপনি শুনলে অবাক হবেন যে, সেখানে বীরভূম জেলার একটি লোকও লেবারের কাজ করে না। হয়তো অনেক বাঙালী সেখানে কেরানীর কাজ করে। যারা সেখানে কায়িক শ্রমের কাজ করে তারা গোরক্ষপুরের labour। তারপর আপনি শুনলে অবাক হবেন যে, বীরভূম জেলায় ৬০০ মাইল canal কাটা হয়েছে, উড়িষ্যার লোক দিয়ে এই canal কাটা হয়েছে। মেদিনীপুর বা বর্ধমানের লোকেরা সেখানে labour-এর কাজ করেনি। সুতরাং আমাদের দেশে unemployment নিশ্চয়ই হতে বাধ্য।

তারপর এখানে কেউ বলেননি, না কম্যুনিষ্ট, না সোসালিষ্ট, যে বড় বড় industrialist-দের profit-এর ceiling বেঁধে দেওয়া হোক। আপনারা বলেন আমরা দালালী করি, কিন্তু আপনাদের পক্ষ থেকেও কেউ বলেননি যে বিড়লার profit-এর ceiling বেঁধে দেওয়া হোক। কারণ, তাহলে সেখানে অসুবিধা আছে। আগামী এপ্রিল মাসে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা launch করা হচ্ছে তাতে আমাদের Congress Government যদি essential commodities control করার ব্যবস্থা করেন তাহলে আমার মনে হয়ে plan-এর success-এর পক্ষে সহায়তা হবে। আমাদের First Plan successful হয়েছে, Third Plan successful হবে।

Mr. Speaker : The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 7-11 p.m. till 3 p.m. on Thursday, the 9th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 9th February, 1961 at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 202 Members.

Calling attention to matters of urgent public importance.

[3—3-10 p.m.]

Shri Chitto Basu : I have got a calling attention notice on locusts.

The Hon'ble Prafulla Chandra Sen : I have not got the figures yet. The matter may kindly be taken up on the 21st. February.

Mr. Speaker : There is another matter regarding the price of *bidi* to which attention was called by Shri Narayan Chobey.

Shri Narayan Chobey : Yes, Sir.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

The position regarding the supply of Bidi leaves and their prices is as follows :

In West Bengal over 70,000 persons are engaged in Bidi industry making Bidi worth Rs. 13 to 15 crores per year. Bidi leaves are produced in Orissa, Madhya Pradesh, Bihar and West Bengal. The output of the three latter States is small and is, therefore, consumed by the respective local industry. The output of Bidi leaves in West Bengal is too meagre to meet the needs of the local Bidi industry, which is consequently dependant on import of surplus Bidi leaves of the State of Orissa, which grows Bidi leaves very abundantly. A road tax has lately been imposed by the Government of Orissa on the inland movement of Bidi leaves at the rate of Rs. 440 per ton for high grade leaves and Rs. 200 per ton for low grade leaves. This has increased the price of Bidi leaves imported to West Bengal from Orissa. It is estimated that this levy will increase the value of imports of Bidi leaves from Orissa from Rs. 2 crores to Rs. 2 crores 60 lakhs annually.

Under the Constitution of India, a State Government is competent to enact legislation under entry 56 of List II of the Seventh Schedule. that is, for levying taxes on goods and passengers carried by road or on inland waterways.

If any State Government utilises this power for augmentation of revenue, a sister Government cannot object to action. It is for the Government of India to see whether there is any discrimination in the matter of such levy as per article 301. In West Bengal, there is no corresponding levy so far.

Since, however, the fresh levy will be greatly detrimental to the Bidi industry in West Bengal, the matter is being taken up with the Government of India and the Government of Orissa for redress.

It has also been reported that the difficulty in Railway booking and the recent flood in Orissa are also partly responsible for the increase in the price of Bidi leaves. The market price of Bidi leaves has since increased. A bag of 24 bundles, i.e., 4 seers 4 chittacks each, now sells from Rs. 120 to Rs. 145, the previous price

of which was Rs. 90 to Rs. 105 per bag. As a result of the shortage of leaves and increase in their prices, temporary fall in employment of Bidi workers is apprehended, though statistics on it are not yet available. No reduction in wages has been reported. The present rate of wages varies from Rs. 2'50 to Rs. 2'75 for 1,000 Bidis manufactured.

Shri Sunil Das : Suspended State Government employees-দের সম্পর্কে যে জবাবটা দেওয়া হয়েছিল আমি তার উপর half-an-hour discussion চেয়েছিলাম। আপনি বলেছিলেন আজকে দেবেন। আমি সে সম্বন্ধে জানতে চাই।

Mr. Speaker :

Under rule 58 you know that two question are involved. First of all, it must be a matter of sufficient public importance and then whether these answers require further elucidation. I find from these points that it is not a matter of sufficient public importance and neither the answers do require any further elucidation. I did not admit it. The decision is there. There cannot be any question after that.

Shri Sunil Das : স্যার, এটা আমি বলতে চাই এই নতুন রুলে half-an-hour discussion এটা একটা important privilege of the house.

Mr. Speaker :

There are six or seven employees about whom enquiries are being held. So there cannot be any discussion.

Shri Sunil Das :

The Speaker shall allot half an hour for raising discussion on a matter of sufficient public importance। এখানে আমি এবারের রুলটা পড়ছি—Speaker shall allow in procedural matters. Procedural matter proviso-তে রয়েছে তারপর sub-rule (3) the Speaker shall decide whether the matter is of sufficient public importance to be put down for discussion, and may not admit a notice which, in his opinion, seeks to revise the policy of Government. এখানে revise the policy of Government আছে। Government-এর পলিসি stated হয়নি। গভর্ণমেণ্টের যদি পলিসি হত যে ডিসমিস করবে তাহলে আপনি বলতে পারতেন আমি ফারদার দেবনা।

Mr. Speaker :

I draw your attention further to rule 58(1) and the answer to which needs elucidation on a matter of fact. If I find that the answer is completely complete, I need not allow the discussion.

Shri Sunil Das : আমি যে নোটিশ দিয়েছি তাতে বলেছি answer to which needs elucidation on a matter of fact, সেখানে answer is evasive and the answer is indefinite ৮ মাস হয়ে গেছে suspended হয়েছে।

Mr. Speaker : I have disagreed with you, Mr. Das.

Shri Ganesh Ghosh : মাননীয় স্পীকার মহাশয়, হাজার হাজার গভর্ণমেণ্ট এমপ্লয়ী সাসপেণ্ডেড্ হয়েছে in spite of the policy of the Central Government। আপনি এটা reconsider করবেন কি? The matter is of urgent public importance.

Mr. Speaker : There are six or seven employees about whom enquiries are pending. The rule is clear there. I cannot allow any discussion at this stage. It is no good criticising my decision.

Shri Sunil Das : আপনি যদি বলেন this is an important privilege which was conceded to the member of the House by the new rules তাহলে these rules will remain a dead letter, তাহলে এই সমস্ত রুল থাকবার কোন সার্থকতা নেই। ৬।৮ মাস হয়ে গেছে সাসপেনসানের পর, আজকে যদি এটা matter of public importance না হয় তাহলে কোনটা হবে ?

[3-10—3-20 p.m.]

Shri Deben Sen : স্যার, আমি নিবেদন করছি আপনার কাছে—It is a grave matter of great public importance. পশ্চিমবঙ্গ সরকারের ১৩ জন কর্মচারী suspended হয়ে আছে। কেন, আমি জানিনা—গভর্ণরের স্পীচের reply-তেও তা জানা যায় নাই। তারা একদিন demonstration করেছিল মুখ্যমন্ত্রীর কাছে একটা deputation নিয়ে যাবে বলে।

Mr. Speaker : Written answers have been given.

Shri Deben Sen : সেই answer is no answer,

Mr. Speaker : It is completely complete I should say

Shri Deben Sen : তাহলে এই রুলটি cancel করে দিন, এই রুলটি delete করে দিন। আপনার তো ক্ষমতা আছে।

DEBATE ON THE GOVERNOR'S ADDRESS

Shri Sudhir Chandra Ray Chaodhuri : Sir, I beg to move that the following be added at the end of the Address in reply, namely :

"But regret that nothing has been said about the proposed Indo-Pakistan Rail Link and no remedy has been suggested in respect of gruesome happenings in Assam."

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্যের প্রথমে আমি একটা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—তা হচ্ছে এই—রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা সংবিধান অনুযায়ী রাখা হয় নাই। সংবিধানে রাজ্যপালের ভাষণ সম্বন্ধে দুটি ধারা আছে—একটা ১৭৫, আর একটা ১৭৬। এখন আমরা ১৭৬ ধারা অনুযায়ী এখানে তাঁর ভাষণ পেয়েছি। তাতে বলা হয়েছে যে The Governor shall address the Legislative Assembly or in the case of a State having a Legislative Council, both Houses assembled together and inform the Legislature of the causes of its summons.

তিনি বিধান মণ্ডলীর যুক্ত অধিবেশন ডেকেছেন। তা আমাদের কাছে কি কি কারণে তিনি ডেকেছেন, সেটা সংবিধান অনুযায়ী তাঁর বলা একান্ত দরকার। এই "shall" imperative এই যে causes of its summons. এই cause-এর কি অর্থ—তার সুস্পষ্ট নজীর আছে। Causes বলতে বোঝায় all matters of national or public importance সমুদয় জরুরী ব্যাপার—all informations regarding the real state of affairs in the State.

এই রাজ্যে কি ঘটেছে, রাজ্যের কি অভ্যন্তরীন অবস্থা তা সমুদয় আমাদের জানান দরকার। Proposed administrative policies কি কি রাজ্য-সরকার নেবেন, সে সম্বন্ধেও আমাদের জানান উচিত। The details of legislative measures to be introduced during the session-ও আমাদের সামনে রাখা কর্তব্য এবং এই অধিবেশনে কি কি তাঁরা নূতন আইন আনবেন, সে সম্বন্ধেও তিনি আমাদের জানাবেন। নূতন কর আদৌ করবেন কি না ? যদি

মাননীয় স্পীকার মহোদয় আজ আমাদের রাজ্যপালের ভাষণ উপলক্ষে যে বিতর্ক সেই বিতর্কের শেষ দিন। এই বিতর্কে অংশ গ্রহণ করে বিভিন্ন সদস্যরা তাদের অভিমত পেশ করবেন। আমি সে সম্পর্কে ২।১টা কথা বলি। সর্বপ্রথমে আমি ওদিককার শ্রীশংকর দাস বন্দোপাধ্যায়

মহাশয়কে অভিনন্দন জানাই—অভিনন্দন জানাই এই কারণে যে তিনি অত্যন্ত পরিষ্কারভাবে এই সরকারের কি নীতি, গণ আন্দোলনকে দমন করবার জন্য জনসাধারণের ধর্মঘটকে ভাঙবার জন্য সরকার কি চিন্তা করছেন অথবা ভবিষ্যতে কি করবেন একথা তিনি প্রকাশ্যে বলতে পেরেছেন। অপরাপর সদস্যরা সভ্য গণতন্ত্রের বুলি আওড়ান্ এবং সংগে সংগে অত্যাচার এবং পীড়নমূলক কাজ করবার জন্য অগ্রসর হন। সেদিক থেকে আমি শংকর দাস বাবুকে ধন্যবাদ দিই এজন্য যে এই সরকার ফ্যাসিবাদী পথে অগ্রসর হতে চায় এবং হচ্ছে সে কথা তিনি প্রকাশ্যে এখানে বলতে পারলেন। আমিও এই বেঞ্চে দাঁড়িয়ে বলি সরকার যতই মনে করুন না যে জনসাধারণের ধর্মঘট ভাঙবার জন্য চেষ্টা করবেন এবং তাদের সংগ্রামকে পীড়নের দমনের ব্যাখ্যা দিয়ে নষ্ট করবার চেষ্টা করবেন—আমরা তার প্রতিবাদ করবো। ঐ ধরণের দম্ভোক্তি অতীত যুগে অনেক বৃটিশ শাসকেরা করেছেন। আমার মনে হয় বহু স্বদেশের মালিকশ্রেণী বিদেশী ধনকুবেররা শ্রীশংকর দাস বন্দোপাধ্যায়ের মাঝখানে তাদের প্রকৃত প্রতিনিধি খুঁজে পেলেন এই হাউসে। বাংলাদেশের ধনকুবেররা এবং বিদেশী পুঁজিপতিরা মনে করেন তাদের স্বার্থকে সংরক্ষন করবার জন্য ঐ ধরনের ব্যারিষ্টারের প্রয়োজন এখানে এবং কোর্টে। তারপরে রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তা দেখে আমার মনে হল যেন কোন স্কুল তালিকার একটা প্রবন্ধ এবং সেই প্রবন্ধ হল পশ্চিমবাংলার কংগ্রেসী শাসনে এত অগ্রগতি হয়েছে—সেই সম্পর্কে একটা প্রবন্ধ তিনি লিখেছেন, আর সেই প্রবন্ধের মূল উপাদান সংগ্রহ করা হয়েছে মাথুর সাহেবের এই পুস্তিকা থেকে—সমৃদ্ধির পথে পশ্চিমবংগ। আমার মনে হয় পশ্চিমবংগ রাজ্যসরকার তাদের ব্যয় কমাতে পারতেন যদি এই বই খানা তারা রাজ্যপালের ভাষণ হিসাবে আমাদের কাছে পেশ করতেন—দ্বিতীয়বার এটা আর ছাপাবার কোন প্রয়োজন হোত না। যাইহোক একথা আমি বলতে পারি যে রাজ্যপালের ভাষণের মধ্যে পশ্চিম-বাংলার লক্ষ লক্ষ কৃষকের, লক্ষ লক্ষ শ্রমিকের দুঃখ দারিদ্র জর্জরিত জীবনের কথা বিন্দুমাত্র প্রকাশিত হয় নি, বিন্দুমাত্র তার প্রতিফলন হয় নি। বরং প্রতিক্রিয়াশীল শক্তির যে চক্রান্ত বাংলাদেশের উন্নতি, অগ্রগতি এবং সমৃদ্ধির পথে বাধা সৃষ্টি করেছে তাদেরই বস্তাপচা কতকগুলো কথা তিনি বার বার বলবার চেষ্টা করেছেন। অপর পক্ষের জনৈক সদস্য কালকে বল্লেন সোভিয়েট রাষ্ট্রে ৪০ বছর ধরে সাম্যবাদ প্রতিষ্ঠা করা সম্ভব হয় নি। কাজেই এত বছরে আমাদের কংগ্রেস সরকার সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে পারেন নি এর জন্য আক্ষেপ করার কোন কারণ নেই, তবে সমাজতন্ত্রের পথে আমরা অগ্রসর হচ্ছি এই তাদের কথা। মাননীয় স্পীকার মহাশয়, মাত্র গোটা কয়েক তথ্যের মধ্য দিয়ে আমি প্রমাণ করার চেষ্টা করবো সে সমাজতন্ত্রের পথে তো যাওয়া সম্ভব হচ্ছেই না, বরং সমাজতন্ত্র থেকে দিনের পর দিন আমাদের দেশকে সরিয়ে নেয়া হচ্ছে। সমাজতন্ত্রে কি বলে—সমাজতন্ত্রে বলে দেশের উৎপাদন যদি বৃদ্ধি হয় তাহলে তার সুযোগ দেশের শ্রমিকরা পাবে, দেশের জনসাধারণ পাবে। এখানে আপনি দেখুন যখন আপনাদের দেশে প্রোডাকটিভিটি অব ইণ্ডাষ্ট্রী বেড়ে গেছে—যেমন জুট, ১৯৫৬ সালে প্রোডাকটিভিটি ইণ্ডেকস হচ্ছে ১২৬, আর ১৯৫৮ সালে তা বেড়ে হলো ১৩৮, সুগার যেখানে ছিল ১৬২, সেখানে তা বেড়ে হলো ১৬৩, কটন টেকসটাইল যেখানে ১০৪ ছিল সেখানে তা বেড়ে হলো ১০৬।

[4-40—4-50 p.m.]

কিন্তু Employment Index দেখুন। সমাজতন্ত্রবাদ মানে যদি অগ্রগতি হবে, উৎপাদন বৃদ্ধি সমাজতন্ত্রের আদর্শ হয়ে দাঁড়াবে, তবে Employment Index কমবে কেন? তাকিয়ে দেখুন জুটে, সেখানে Employment Index ১৯৫৮ সালে ৮৯·৩; কটনে ১১২·৯ ছিল, সেটা ১৯৬০ সালে কমে হলো ৯৭·৩ অথচ উৎপাদন বেড়েছে একদিকে, আর অন্যদিকে সেই শিল্পে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কমে যাচ্ছে।

আমরা আবার সমাজতন্ত্রের কথা বলি। মালিকের প্রফিট, যেখানে ছিল ১৫০·৮ উৎপাদন Index, সেখানে সেই সময়ে উৎপাদন Index বেড়ে হয়েছে ১৬০·৭। আর আমার পক্ষে কি

হয়েছে? শ্রমিকদের মূল আয় - প্রকৃত আয় কমেছে। তার real wage ১৯৫৫ সালে ছিল ১৪৪'৯, ১৯৫৮ সালে ছিল ১৩২'৭। Money earning অবশ্য একটু বেড়েছে। Money earning দেখে শ্রমিকদের প্রকৃত অবস্থা বিবেচনা করা যায় না। কংগ্রেস সদস্যদের এসব বিষয়ে পড়াশুনা বা খোঁজ খবর রাখবার ইচ্ছা নাই—বা আগ্রহও নাই, কিংবা সুযোগ বা সময় নাই। আমি তাঁদের জিজ্ঞাসা করি কেন্দ্রীয় শ্রমমন্ত্রী ১১ই এপ্রিল ১৯৫৯ সালে লোকসভায় দাঁড়িয়ে শ্রমিকদের মান সম্বন্ধে কি বলেছেন? তিনি বলেছেন—

Between 1939 and 1947 the standard of living of the workers had declined to 25 per cent; by 1951 they justly covered the lost ground; by 1955 the real wages have increased by 13 per cent; but since 1956, when again prices started rising, their gains to a great extent were wiped out.

তাহলে আমার মনে হয় কেন্দ্রীয় শ্রমমন্ত্রী প্রকৃত সমাজতন্ত্রবাদের কথা বলে দিয়েছেন—এই উৎপাদন বৃদ্ধির মধ্য দিয়ে শ্রমিকদের কোন উপকার হয় নাই। কাদের উপকার হয়েছে? —মালিকদের। তাদের মুনাফার পরিমাণ বেড়ে গিয়েছে। কি পরিমাণ বেড়ে গেছে—সে সব বিস্তারিতভাবে আমার বলবার সময় নাই। কাজেই আমি তা বলব না। তবে আমার কাছে সে সবের তথ্য আছে। তাদের মুনাফা কি পরিমাণ বাড়িয়ে ফেলেছে,—তার একটু বললেই বুঝতে পারবেন।

যেখানে ১৯৬০ সালে মোট উৎপাদিত পণ্যের দাম ছিল ৫২৮ কোটি টাকা, সেখানে wage হিসেবে শ্রমিকদের দেওয়া হয়েছে ২৩৬ কোটি টাকা; আর বাকী ২৯২ কোটি টাকা মালিকদের মুনাফা হয়েছে। অর্থাৎ মোট উৎপন্ন পণ্যের যে মূল্য তার শতকরা ৪৪ ভাগ শ্রমিকরা wage হিসেবে পেয়েছে; আর ১৯৫৫ সালে পেয়েছিল শতকরা ৪১ ভাগ। এইভাবে তাদের wage কমে গিয়েছে এবং মালিকদের মুনাফার পরিমাণ বেড়ে গেছে। আরো তথ্য আছে,- তা বলবার সময় নাই।

সমাজবাদের আর একটি মূল কথা হলো—মানুষে মানুষে, নাগরিকে নাগরিকে আয়ের যে অসাম্য—তাকে কমিয়ে আনবে, disparity কমিয়ে আনবে। আর এই ভদ্রলোকদের সমাজতন্ত্র কি বলে? অসাম্য কমবে না, আরো বেড়ে যাবে। এই দানবীয় অসাম্য monstrous disparity কি তার রূপ? দেখুন। পশ্চিমবঙ্গ সরকারের ১,৪৮,৩৮৫ জন সরকারী কর্মচারী আছে। তার শতকরা ৮৫ জন একশো টাকার কম বেতন পায়। আর পশ্চিমবঙ্গ সরকারের ২৬ জন ভাগ্যবান পুরুষ ৩ হাজার টাকারও বেশী বেতন পেয়ে থাকেন। এঁরা আবার সমাজবাদের কথা বলেন। এই দানবীয়—অসাম্য, অসহনীয় অসাম্য, এদের সমাজবাদের মধ্যে রয়েছে। দেড় লক্ষ কর্মচারীর শতকরা ৮৫ জন একশো টাকার কম বেতন পান। অপর পক্ষে দেখুন —গ্রামের একজন চৌকিদার মাসে ৯৲ টাকা থেকে ১১৲ টাকা বেতন পায়; আর সেই বিভাগের বড়কর্তা যিনি আই-জি—তিনি ৩ হাজার টাকা বেতন পান। এঁরা যে গান্ধীজীর নামে শপথ করেন, রাজঘাটের দিকে তাকিয়ে থাকেন, সেই গান্ধীজী বলেছেন পাঁচশো টাকার বেশী কারো বেতন হওয়া উচিত নয়। একজন চৌকিদারের বেতন ও সেই বিভাগের সর্বোচ্চ কর্মচারী আই-জি'র বেতনের মধ্যে কতগুণ পার্থক্য জানেন? সেই পার্থক্য দুশো গুণেরও বেশী।

কাজেই, মাননীয় স্পীকার মহোদয়, আমাদের এই সমাজতান্ত্রিক চেহারার সমষ্টিগত সমাজতন্ত্রের প্রতীক অগ্রগতির পথ নয়। সমাজতন্ত্রের আন্দোলন যারা করতে চান, যারা ক্ষেত, খামারে করেন, যারা জনসাধারণের আন্দোলন করেন, তাদের দমন করবার জন্য শ্রীশঙ্কর দাস ব্যানার্জী মহাশয় যে হুমকী দিয়েছেন এবং যে ক্যাসিষ্ট কথা বলেছেন এটাই হচ্ছে সরকারের মূল লক্ষ্য। আমরা দেখতে পাই পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের ভিতর বাংলাদেশের জনসাধারণের যে বাস্তব অবস্থা, যে সমস্যা, তা

সমাধান করবার জন্য কোন ইংগিত নেই। কাজেই আমাদের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব এসেছে—তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করে বলি আমাদের রাজ্যপালের ভাষণ সমর্থনযোগ্য নয়, আমার সমস্ত শক্তি দিয়ে তাঁর নিন্দা ও প্রতিবাদ করি। ও পক্ষ থেকে যে ধন্যবাদের যোগান আনা হয়েছে, তা আমি সমর্থন করতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

[4.50—5.15]

Shri Gobinda Charan Maji :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় রাজ্যপাল মহোদয়ার ভাষণে আগামী বৎসরের সরকারী নীতি ঘোষণার পরিবর্তে অধিকাংশ ক্ষেত্রেই বিভিন্ন বিভাগের ব্যয়-বরাদ্দের উল্লেখ রহিয়াছে। সুনির্দিষ্ট নীতি এবং যথাযথ যোগ্যতার অভাবে অধিকাংশ অর্থের যে অপব্যয় হবে সে সম্বন্ধে বিশেষ সন্দেহ নাই।

পশ্চিম বাংলায় শতকরা প্রায় ৭০ ভাগ লোক এখনও কৃষির উপর নির্ভরশীল এবং মোটামুটি পশ্চিম বাংলার অর্থনীতিও কৃষিজ। এই বিরাট কৃষককুলের আগামী দিনের আশার আলোর সন্ধান রাজ্যপাল মহোদয়ার ভাষণে নাই। কৃষির উন্নতি ও খাদ্য শস্যের বৃদ্ধির জন্য যে সরকারী নীতি ঘোষিত হয়েছে তার মধ্যে একথা কোথাও নেই যে অকৃষকের হাতে যে উদ্বৃত্ত জমি আছে সেই জমি ভূমিহীন কৃষকগণের মধ্যে বিলি করা হবে।

আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য কোরছি পশ্চিমবঙ্গের প্রায় সর্বত্রই ব্যাপক ভাবে চাষী উচ্ছেদ পর্ব। অন্যদিকে জমিদার ও জোতদারদের বেআইনী জমি হস্তান্তর প্রতিরোধে সরকারী অক্ষমতা, ঋণের বোঝা ও দাদনের জুলুমে ছোট ছোট চাষীর জমি হস্তান্তর চলেছে, সমস্ত রাজ্যে কৃষক, ভাগ-চাষী ও ক্ষেত মজুরের দুর্দশা চরমে উঠেছে। গত ২৩শে ডিসেম্বর কেন্দ্রীয় সরকারী শ্রমমন্ত্রী আবিদ আলী পার্লামেন্টে এক রিপোর্ট দাখিল কোরেছেন তাতে আমরা দেখতে পাই অনেক মাননীয় কংগ্রেসী সদস্য (অমর সরকার, বীরভূম) বোলেছেন—ভূমি সংস্কারের পথে সরকার তো অগ্রসর হয়েছেন। জমিদারী প্রথা উচ্ছেদ কোরেছেন উদ্বৃত্ত জমি বিলি আরম্ভ কোরেছেন ইত্যাদি এই লক্ষ্য যদি ঠিক হয় তাহলে সরকারী রিপোর্টে আমরা অন্যরূপ দেখি কেন ?

গত ইং ১৯৫০ সালে ভারতবর্ষের কৃষকগণের মধ্যে শতকরা ৫০ ভাগ ছিল ভূমিহীন ১৯৫৬ সালে ভূমিহীন কৃষকের সংখ্যা শতকরা ৫৭ ভাগ, এবং বিগত ৩ বৎসরের কোনও সরকারী তথ্য না পেলেও আমরা পরিষ্কার জানি পশ্চিম বাংলার উপর্যুপরি অনাবৃষ্টি ও বন্যায় চাষীর দুর্দশা চরমে উঠেছে এবং ভূমিহীন কৃষকের সংখ্যা শতকরা ৬০ ভাগের উপরে উঠেছে। ফলে ১৯৬৫-৬৬ সালে খাদ্যশস্যের উৎপাদন ১৫ লক্ষ টন বাড়বে আশা প্রকাশ করা হোয়েছে। বৃহৎ পরিকল্পনার যথা—Damodar Valley, Mayurakshi, এ অর্থ বরাদ্দের পরিমাণ প্রভূত। এ দুই বৃহৎ পরিকল্পনার মাধ্যমে পশ্চিম বাংলায় কত জমি সেচের আয়ত্বাধীনে এসেছে বা কত জমি দো ফসলী হয়েছে তার উল্লেখ নাই। গভীর নলকূপ ও ছোট ছোট সেচ ব্যবস্থায় ১০ লক্ষ একরেরও বেশী জমি সেচের আওতায় আসবে একথা বোলেছেন। এই সমস্ত বৃহৎ পরিকল্পনার সুদূর প্রসারী স্বরূপ নদীর নিম্নাংশগুলি যে জমে যাচ্ছে এবং কোনও কোনও অঞ্চলে বিশেষতঃ হাওড়া জেলায় বাগনান অঞ্চলে দামোদর নদীর চিহ্ন লুপ্ত হোতে বসেছে—রূপনারায়ণ ও অজয়ের অবস্থাও একরূপ। ফলে বন্যা পশ্চিমবঙ্গের অবশ্যম্ভাবী ফল হয়ে দাঁড়িয়েছে।

এই সমস্ত নদীগুলির সংস্কারের কোন ব্যবস্থার উল্লেখ নাই। পশ্চিমবঙ্গের একমাত্র মূল ড্রেনেজ হুগলী নদীও মজে যাচ্ছে। বিশেষজ্ঞগণের মতে গঙ্গা বাঁধ নাকি মৃত প্রায় হুগলী নদীকে বাঁচাবার একমাত্র পথ। রাজ্যপালের ভাষণে ওই গঙ্গা বাঁধের কোনও উল্লেখ নাই।

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১০০ বীজাগার নির্মিত হয়েছে তৃতীয় পরিকল্পনায় আরও একশত বীজাগার নির্মিত হবে। সরকারী বীজ সম্বন্ধে এখনও চাষীরা নিরুদ্বেগ নয়। যদিও অর্থ বরাদ্দের পরিমাণ প্রভূত হয়েছে, কিন্তু উন্নত ধরণের চাষের পন্থার তো আমরা একমাত্র দেখতে পাই বড় বড় রাস্তার ধারে মাঠে ছোট ছোট বোর্ড টাঙ্গানো আছে "জাপানী প্রথায় চাষ"—"সার দিয়ে চাষ" ইত্যাদি। অনেক ক্ষেত্রেই জাপানী প্রথা অপেক্ষা দেশীয় প্রথায় ভাল ফল দেখা যায়। অন্য কোনও পন্থা, ভাল লাঙ্গলের ব্যবস্থা, বিঘায় ৪টী হালের স্থলে ৩টী হাল চলবে এ ব্যবস্থা তো দেখি না। গাছ সংরক্ষণের জন্য বিশেষ কোনও ব্যবস্থা আছে বলে মনে হয় নাই—গত বৎসর হাওড়া জেলায় বিশেষতঃ আমতা অঞ্চলে যখন মাঠের ধান গাছ শাঁকী পোকায় খেয়ে ফেলতে আরম্ভ কোরলো তখন সরকারী কৃষি বিভাগ কিছু কিছু গ্যামাক্সিন চাষীদের কিনে নিয়ে মাঠে ছড়াতে পরামর্শ দিলো। জিজ্ঞাসা করি কটা চাষীর ক্ষমতা আছে গ্যামাক্সিন কেনার? ফলে পোকার যতখানি ক্ষমতা ধান গাছ নষ্ট কোরলো আর যা রইলো তাতেই চাষী যা পাবার পেলে সরকারী কৃষি বিভাগ ঘোষণা কোরলো এবার তাদের চেষ্টায় পশ্চিমবঙ্গে প্রভূত ফসল উঠেছে। সরকারী কৃষি বিভাগ যে কতদূর তৎপর তার পরিচয় পেলাম যখন পঙ্গপালের ঝাঁক পশ্চিমবঙ্গে দর্শন দিল। ভাগ্যে মাঠের ধান ঘরে উঠেছিলো—নইলে সরকারী কেরামতী ধরা পড়ে যেত। সরকারী কৃষি বিভাগ নিছক দর্শকের মত দাঁড়িয়ে দাঁড়িয়ে এই সব পঙ্গপালের ঝাঁক দেখেছে, কোথায় কিছু কোরেছে বোলে আমরা সংবাদ পাই নাই—অধিকন্তু পশ্চিমবঙ্গ সরকার পঙ্গপাল আসার সংবাদটুকুও পূর্বাহ্নে বেতার বা সংবাদপত্র মারফত পরিবেশনের যোগ্যতা দেখাতে পারেন নাই। ১৯৫০-৫১ সালে একজন কৃষি শ্রমিক গড়ে বৎসরে ৯০ দিন কাজ পেত না ১৯৫৬ ১৯৫৭ সালের অর্থাৎ একটী পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ ২ বছর পর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সুরুতে একজন শ্রমিক বৎসরে ১২৮ দিন বেকার থাকছে। এতো সরকারী তথ্য ৫৭ সালের পর এই ৩ বৎসরে আয় ও বেকারীর সংখ্যা বেড়েছে। ১৯৫০-৫১ দৈনিক বেতনের হার ছিলো পুরুষের ১০৯ নঃ পঃ ৫৬-৫৭ সালে দাঁড়িয়েছে ৯৬ নঃ পঃ স্ত্রীলোকের ছিলো ৬৮ নঃ পঃ ৫৬-৫৭ তে হলো ৫৯ নঃ পঃ বালকের ছিলো ৭০ নঃ পঃ ৫৬-৫৭ সালে হলো ৫৩ নঃ পঃ। একটী পরিবারের গড় আয় যেখানে ছিলো ৪১৭ টাকা (৫০-৫১) ৫৬-৫৭ সালে দাঁড়িয়েছে ৪৩৭ টাকা, নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর মূল্য বৃদ্ধির ফলে এক একটী পরিবারের খরচের মাত্রা ৪৬১·০০ টাকার থেকে বৃদ্ধি পেয়ে ৬১৭·০০ টাকায় দাঁড়িয়েছে। ফলে ঋণের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। ১৯৫০ সালে কৃষক কুলের প্রায় অর্দ্ধেক ঋণজালে আবদ্ধ ছিলো। এখন তাদের পরিমাণ প্রায় ৩ ভাগের দুভাগে এসে দাঁড়িয়েছে। বার্ষিক ঋণের পরিমাণ এক একটি পরিবারের ১০৫ থেকে ১০৬ টাকায় এসে পৌঁচেছে। এবং এই ঋণের বেশীর ভাগ অংশ নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের জন্য ব্যয় হয়। কিছু অংশ সামাজিক এবং খাদ্য শস্য উৎপাদনে নিয়োজিত হয়। চাষীর ঋণের টাকার অধিকাংশই আসে গ্রাম্য মহাজনের কাছ থেকে—কোওপারেটিভের মাধ্যমে ঋণের শতকরা ২।৩ ভাগ মাত্র পায়। এ রিপোর্টে আমরা দেখতে পাই ১৯৫০ সালে ২০ লক্ষ ছোট ছোট ছেলে মেয়ে চাসের কাজ কোরতো এবং প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে তার সংখ্যা দাঁড়িয়েছে ৩০ লক্ষ। পরবর্তী হিসাবের সরকারী তথ্য নেই—তবে সংখ্যা যে বেড়েছে সে সম্বন্ধে সন্দেহ নেই। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার কথা উল্লেখ কোরেছেন এবং ৮-১১ বৎসর পর্যন্ত বালক বালিকা গণের শিক্ষার ব্যবস্থার কথা বোলেছেন। দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থায় এই ব্যবস্থা কার্য্যকরী করা সম্ভবপর কিনা তাও চিন্তনীয়।

আমি বহু পরিবার জানি, যারা নিজের ছোট ছোট ছেলেমেয়েদের ইচ্ছা থাকা সত্ত্বেও কেবলমাত্র জামা কাপড়, পুস্তক ইত্যাদি প্রয়োজনীয় জিনিসের অভাবে তাদের ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠাতে পারে না। সামগ্রিকভাবে সমাজের ও রাজ্যের অর্থ নৈতিক উন্নতি ভিন্ন অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা অসম্ভব বলে মনে হয়। প্রাথমিক শিক্ষকদের বেতন

বৃদ্ধি, তাদের provident fund ইত্যাদি কার্য্যকরী করার কোন উল্লেখ রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। উচ্চ বিদ্যালয়গুলিকে উচ্চতর মাধ্যমিক মানে উন্নত করা হচ্ছে বলা হয়েছে। কিন্তু শিক্ষকের অভাবে অনেক বিদ্যালয়ে মাধ্যমিক শিক্ষা যথেষ্ট ব্যাহত হচ্ছে। যত শীঘ্র সম্ভব আরো শিক্ষকদের জন্য training ব্যবস্থা করা প্রয়োজন। তারপর গৃহ সমস্যা। পল্লী অঞ্চলে সাধারণ কৃষক ও মধ্যবিত্ত পরিবারের গৃহ সমস্যা সমাধানের জন্য সরকারের কোন পরিকল্পনা নেই। কেবলমাত্র যাদের আয় বাৎসরিক ৬ হাজার টাকার উপর তাহারাই কেবল সরকারী সাহায্য পাবার অধিকারী। সরকার কলকাতা সহরের উন্নতির জন্য একটা বৃহৎ কলকাতা করার পরিকল্পনা করছেন। তাতে তাঁরা ডায়মণ্ডহারবার অঞ্চলে ৫৫ হাজার একর চাষের জমি তার জন্য গ্রহণ করবেন। আমি জানি বিভিন্ন সরকারী কাজে পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে বহু চাষের জমি সরকার আবিষ্কার করেন। কোন কোন জায়গায় রাস্তা তৈরী করার জন্য এইভাবে জমি নেন। কিন্তু আমি দেখেছি যে, সেখানে একটা পুরানো রাস্তা আছে, কি কারণে জানিনা, সেই পুরানো রাস্তা বাদ দিয়ে নূতন রাস্তা করার জন্য ধানী জমি নষ্ট করা হয়। কোন কোন জায়গায় দেখেছি sub-divisional hospital করেছেন, ধানী জমিকে ভরাট করে হাসপাতাল তৈরী করেছেন। আবার এই বৃহৎ কলকাতার নামে যদি ৫৫ হাজার একর চাষের জমি সরকার গ্রহণ করেন তাহলে পশ্চিমবঙ্গের খাদ্য চিরকালই deficit থাকবে। সুতরাং এই পরিকল্পনা বাতিল করা উচিত। তবে একথা ঠিক যে কলকাতার উন্নতি হওয়া দরকার তারজন্য অন্য কোন পরিকল্পনা করা যায় কিনা তা দেখতে হবে। এখানে Metropolitan Board-র স্পষ্ট কথা হচ্ছে, যাতে কলকাতার জল সরবরাহের ব্যবস্থা, এবং স্বাস্থ্যের উন্নতি হয় তার চেষ্টা করা দরকার। কিন্তু বৃহৎ কলকাতার নামে ৫৫ হাজার একর চাষের জমির ক্ষতি হবে এবং ঐ অঞ্চলের সমস্ত চাষী উচ্ছেদ হবে এবং তাদের আর কোনরকম পুনর্বাসনের ব্যবস্থা থাকবেনা বলে মনে করি। ইতিপূর্বে বিভিন্ন অঞ্চলে পরিকল্পনার নামে, পরিকল্পনা কার্যকরী করতে গিয়ে যেসব চাষীকে উচ্ছেদ করা হয়েছে, তাদের আমরা যোগ্য বাসস্থানের ব্যবস্থা এবং কার্যকরী রোজগারের ব্যবস্থা করতে পারিনি। সেইজন্য আমরা বিশ্বাস করি বৃহৎ কলকাতার নামে যদি ৫৫ হাজার একর জমি চাষীদের কাছ থেকে ছিনিয়ে নেওয়া হয় তাহলে বাংলাদেশের চাষীর প্রতি অন্যায় করা হবে। সেইজন্য আমরা মনে করি সরকারের এই পরিকল্পনা ত্যাগ করা উচিত। সর্বশেষে আমি বলতে চাই, রাজ্যপালের ভাষণে, আসামে বাঙ্গালীরা যে নির্যাতিত হয়েছে তা নিরাকরণ করবার জন্য তাঁর সরকারের বলিষ্ঠ নীতির অভাব দেখা যায়। এবং পশ্চিমবঙ্গের জনমত বিরোধী ও আইনসভার সর্ববাদীসম্মত সিদ্ধান্ত গৃহীত হওয়া সত্ত্বেও, বেরুবাড়ী ইউনিয়নের লোকের অমত থাকা সত্ত্বেও, সেই হস্তান্তর রোধ করবার জন্য মন্ত্রীসভা কোন সক্রিয় পন্থা গ্রহণ করেনি। এবং এটা না করার জন্য পশ্চিমবঙ্গের জনসাধারণ বিক্ষুব্ধ। আমরা আশা করেছিলাম রাজ্যপালের ভাষণে পশ্চিমবঙ্গের জনমতের উল্লেখ নিশ্চয়ই থাকবে। কিন্তু একথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এইসব দিক দিয়ে বিবেচনা করে রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ দেবার যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব আমরা সমর্থন করতে অক্ষম।

[At this stage the House was adjourned for fifteen minutes]

[After adjournment]

[5-15—5-25 p.m.]

Shri Suhrid Mullick Chowdhury : I move that the following be added at the end of the Address in reply, namely

"But regret that the total failure of the rehabilitation policy of the Government has not been recognised in her speech"

অধ্যক্ষ মহোদয়, রাজ্যপাল তাঁর ভাষণে আংশিক স্বীকৃতি দিয়েছেন যে পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ এখনো বহুলাংশে বাকী আছে—বিলম্ব হলেও এই স্বীকৃতি নিশ্চয়ই

ভাল। কিন্তু আমি মনে করি তিনি মামুলিধরণের একটা স্বীকৃতি দিয়েছেন। তাঁর বক্তৃতায় এই সমস্যার কিভাবে সমাধান হবে তার কোন ইঙ্গিত আমরা পাই নি। রাজ্যসরকার গত ১২ বৎসর ধরে পুনর্বাসন সম্পর্কে যে দেউলিয়া নীতি অনুসরণ করছেন তার ফলে উদ্বাস্তুদের জীবনে তো বটেই, এমনকি সামগ্রিকভাবে পশ্চিমবাংলার জাতীয় জীবনে একটা গভীর সংকটের সৃষ্টি হয়েছে কিন্তু তার আংশিক স্বীকৃতিও রাজ্যপালের ভাষণে নাই। প্রায় ২০ হাজার ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসনকেই একমাত্র সমস্যা হিসাবে ধরা হয়েছে। আমরা মনে করি এই বিষয়ে তাদের অগ্রাধিকার থাকা প্রয়োজন। কিন্তু অন্যান্য অংশের উদ্বাস্তুদের সমস্যার গভীরতাও ক্যাম্পের উদ্বাস্তুদের সমস্যার চেয়ে কম নয়। কিন্তু তাদের কথা রাজ্যপালের ভাষণে স্থান পায় নি। সরকারী হিসাব মতো প্রায় ২১ লক্ষ এই রাজ্যে পুনর্বাসনের সাহায্য পেয়েছে। ১৯৫৭।৫৮ সালে এই রাজ্যের পুনর্বাসন-মন্ত্রী বলেছিলেন এঁদের শতকরা ৫০ জন পুনর্বাসনের সাহায্য পেয়ে এই রাজ্যে প্রতিষ্ঠিত হয়েছে, এবং এদের পুনর্বাসন সাফল্যমণ্ডিত হয়েছে ধরা যেতে পারে। কিছুকাল আগে Statesman পত্রিকায় একটা খবর বেরিয়েছিল—এই সমস্ত উদ্বাস্তুদের সম্পর্কে একটা swift survey করা হয়, তাতে প্রকাশ যে এঁদের শতকরা ৭০ জনের পুনর্বাসন সাফল্যমণ্ডিত হয় নি। ১৯৫৭ সালে বলা হয়েছিল এই অংশের উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য ৬০ কোটি টাকার পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে, অথচ বাস্তবে এখনো কিছু করা হয় নি। এজন্য ৩ বৎসর পরও আংশিক পুনর্বাসনপ্রাপ্ত উদ্বাস্তুদের সংকটের গভীরতা আরো বেড়েছে। এঁদের সমস্যা সমাধানের প্রশ্নটি রাজ্যপালের ভাষণে স্থান পায় নি।

জবর দখল কলোনী ও জবর দখল বস্তীবাড়ীর ব্যারাকের উদ্বাস্তুদের সমস্যার কথা আমি এখানে বলছি না। জবর দখল কলোনীর ক্ষেত্রে দেখতে পাচ্ছি যে দখলীকৃত জমির মালিকানা দেবার কার্য এখনও অসম্পূর্ণ। জমির মালিকানা দীর্ঘদিন যাবৎ না দেবার জন্য এদের উপর দীর্ঘ সময়ের জন্য ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে। এই ক্ষতিপূরণের পরিমাণ কোন কোন পরিবারের ৩ হাজার টাকার উপর ধার্য করা হয়েছে। ক্ষতিপূরণ আদায় করার জন্য Competent Authority থেকে আদেশ জারী করা হচ্ছে। কোন কোন জায়গায় পুলিশ বাহিনী ইতিমধ্যে ক্ষতিপূরণ অনাদায়ের জন্য উচ্ছেদের আশংকা কার্য্যকরী করতে গেছে। জবর দখল বাড়ীর সম্বন্ধে দেখি একই অবস্থা রয়েছে। আলমবাজারে ৪৯ নম্বর স্মিথ রোডে ৪টা উদ্বাস্তু পরিবারের বিকল্প পুনর্বাসনের জন্য competent authority এই আদেশ কার্য্যকরী করার স্বপক্ষে উচ্ছেদ বন্ধের আদেশ দেন, কিন্তু পুনর্বাসন দপ্তর ৪ বছরের মধ্যে সেই আদেশ কার্য্যকরী করতে পারেনি। জমির মালিক ১৯৬০ সালে ক্ষতিপূরণ আদায়ের দাবীতে Competent authority-র কোর্টে নালিশ করে। ক্ষতিপূরণ হিসাবে কোর্ট একটা বড় অঙ্ক ধার্য্য করে দেন। কিন্তু উদ্বাস্তুরা তা দিতে না পারায় ক্ষতিপূরণ অনাদায়ের জন্য বরাহনগর থানা পুলিশ গত ৩০শে জানুয়ারী দুপুর বেলা ৪টি উদ্বাস্তু পরিবারকে উচ্ছেদ করে। পুনর্বাসনের ব্যবস্থা সাপেক্ষ competent authority উচ্ছেদ বন্ধের যে আদেশ দিলেন সেই কোর্টের পরবর্তী আদেশেই পরিবারগুলি উচ্ছেদ হল। সুতরাং বিকল্প পুনর্বাসন ব্যবস্থা সাপেক্ষ উচ্ছেদ বন্ধের যে রক্ষাকবচের কথা বলা হয় কার্য্যত তা প্রহসন হয়েছে। এ সম্পর্কে সরকার সম্পূর্ণ উদাসীন। অর্থাৎ তাঁরা জবর দখলকারী বাড়ীতে পুনর্বাসনের পরিণত ব্যবস্থা করছেন না, অথবা তাদের উচ্ছেদের হাত থেকে রক্ষা করারও কোন ব্যবস্থা করছেন না। এজন্য আমার মনে হয় রাজ্যপালের ভাষণে যে স্বীকৃতি দেওয়া হয়েছে তা মামুলী। এক বছর আগে পশ্চিমবাংলার বিধানসভায় সর্বসম্মতিক্রমে আমরা যে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম তাতে বলা হয়েছিল যে উদ্বাস্তু পুনর্বাসনের কাজ এই রাজ্যে এখনও শেষ হয় নি, সুতরাং দপ্তর বন্ধ করার কথা ওঠে না। সেই প্রস্তাবের কালি শুকনো হতে না হতেই আমাদের মুখ্যমন্ত্রী দিল্লী চলে গিয়ে পণ্ডিত নেহেরুর সঙ্গে আলোচনা করেন এবং তারপর প্রধান মন্ত্রীর দপ্তর থেকে যে একটা প্রেস নোট বের হল তাতে বলা হল যে পশ্চিমবাংলার পুনর্বাসনের কাজ যে ভাবে চলছে

তাতে ১২ থেকে ১৫ মাসের মধ্যে পুনর্বাসন দপ্তর বন্ধ করে দেওয়া হবে এবং যেটুকু কাজ বাকী থাকবে তা রাজ্যসরকার করতে পারবে। আশ্চর্য্যের কথা যে এই সংবাদের কোন প্রতিবাদ আমাদের রাজ্যসরকার করেন নি— মুখে স্বীকৃতি দিলেও কার্যক্ষেত্রে তাঁরা সমস্যাকে কত ছোট করে দেখেন এথেকেই তার প্রমাণ পাওয়া যায়। আরও আশ্চর্য্যের ব্যাপার যে উদ্বাস্তু পুনর্বাসন খাতে তৃতীয় পরিকল্পনায় একটি কপর্দকও রাখা হয় নি। এর জন্য মনে হয় যে এই স্বীকৃতি কি শুধু মাত্র কুম্ভিরাশ্রু বিসর্জন। এই সমস্যাকে লক্ষ্য করে আমরা পুনঃ পুনঃ দাবী করছি যে পশ্চিমবঙ্গে পুনর্বাসনের অবস্থা আছে কি নেই সে সম্পর্কে নূতন করে পরিমাপ করা হোক এবং বাস্তব দৃষ্টিভঙ্গি থেকে পরিকল্পনা গ্রহণ করা হোক যাতে করে সমস্যার প্রকৃত সমাধান হয়। আমরা চাই সরকার এসম্পর্কে উদাসীনতা ত্যাগ করে, ফাঁকা বুলি না আউড়িয়ে কার্য্যক্ষেত্রে তাঁরা ঐকান্তিকতা দেখান। সরকারের গোঁড়া অবাস্তব দৃষ্টিভঙ্গীর জন্য উদ্বাস্তু সমস্যা যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেছে। এই সমস্যার কোন অগ্রগতি হচ্ছে না বরং আরও জটিল থেকে জটিলতর হচ্ছে এর ফলে উদ্বাস্তু জীবনে শুধু দুর্দশাই বাড়ছে না সমস্ত পশ্চিম বাংলার জাতীয় জীবনে সমস্যা সৃষ্টি করছে।

[5-25—5-35 p. m.]

তারপর ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসনের কথা যদি ধরা যায় তাহলে বাস্তব অবস্থায় দেখা যাবে যে তাদের মধ্যে অধিকাংশ পরিবারই পশ্চিম বাংলার মধ্যে পুনর্বাসন চায়। তবে তাদের এই মনোভাবের জন্য সরকারই দায়ী এবং সেটা হলো প্রথমতঃ, পশ্চিম বাংলার বাইরে অন্যান্য রাজ্যে পুনর্বাসন পদ্ধতি, দ্বিতীয়তঃ দণ্ডকারণ্যের কেলেঙ্কারী এবং তৃতীয়তঃ সরকার একটা গোঁড়া মনোভাব এবং অবাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে জেদ ধরে আছেন যে দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের পাঠাতেই হবে। আবার, ১৯৫৪ সাল থেকে সরকার বলছেন যে পশ্চিম বাংলায় উদ্বাস্তু পুনর্বাসন শেষ সীমা অতিক্রম করেছে। অথচ আমরা দেখছি গত ৬ বছরে সরকারী বাধানিষেধ সত্ত্বেও পশ্চিম বাংলায় প্রতি বছর ৬ হাজার পরিবার এবং সেই হিসেবে ৬ বছরে ৩৬ হাজার পরিবার অথবা মোট ১ লক্ষ ৮০ হাজার উদ্বাস্তুর পুনর্বাসন হয়েছে এবং সেই কারণেই মনে হয় যে, সরকার যদি তাঁর গোড়া মনোভাব পরিবর্তন করতেন এবং এই সমস্ত বাধানিষেধগুলো আরোপ না করতেন তাহলে এই সময়ের মধ্যেই সমস্ত ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসন হয়ে যেত। কিন্তু সরকার সেই জেদ ধরে আছেন যে উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাতেই হবে। স্যার, দণ্ডকারণ্য একটা বৃহৎ উন্নয়ন পরিকল্পনা এবং সেটা সফল হোক তা' আমরা সকলেই চাই। কিন্তু দণ্ডকারণ্যের সাফল্য যদিও উদ্বাস্তু পুনর্বাসনের উপরে নির্ভরশীল নয় কিন্তু তবুও উদ্বাস্তু পুনর্বাসনকেই দণ্ডকারণ্যের উপর নির্ভর করে রাখা হয়েছে এবং তার ফলে দেখছি যে ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসন ব্যাহত হচ্ছে। তারপর রাজ্যপালের ভাষণে বলা হয়েছে যে এবারে ২ হাজার পরিবারকে দণ্ডকারণ্যে পাঠাতে হবে। কিন্তু তাহলে বাকী পরিবারগুলোর কি অবস্থা হবে? তবে কি তারা ক্যাম্পেই থেকে যাবে? স্যার, আমরা বারে বারে বলেছি এবং এখনও বলছি যে, পশ্চিমবাংলার মধ্যে ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসনের সুযোগ সুবিধা করে দেওয়া হোক এবং এ ব্যাপারে যে সমস্ত বাধানিষেধগুলো সরকার করে রেখেছেন তা তুলে দেওয়া হোক। তবে শুধু তাই নয়, এছাড়া আরও বলেছি যে, কুপার্স ক্যাম্পকে শিল্পনগরী করা হোক, হেড়োভাঙ্গা পরিকল্পনার দ্বিতীয় পর্য্যায় সুরু করা হোক এবং গড়বেতা ও কেলেঘাই পরিকল্পনাকে আরও ব্যাপক করা হোক, এবং আমি খুব জোরের সঙ্গেই বলতে পারি যে সরকার যদি এই পথে অগ্রসর হন তাহলে সমস্ত ক্যাম্প উদ্বাস্তুদের পুনর্বাসন এই রাজ্যের মধ্যেই হয়ে যাবে। অবশ্য দণ্ডকারণ্যে যদি কোন পরিবার যেতে চায় তারা যাক্ এবং তাতে কেউ আপত্তি করবেনা, কিন্তু দণ্ডকারণ্যে না গেলে এই সমস্ত পরিবারের ও পুনর্বাসনের দায়িত্ব নিতে সরকার অস্বীকার করলেও তারা এই রাজ্যে থাকবে। স্যার, সরকার বলছেন যে, পশ্চিমবাংলাকে ভারমুক্ত করবার জন্যই তাঁরা উদ্বাস্তুদের পাঠাতে চান। কিন্তু সরকার যদি এঁদের পুনর্বাসনের দায়িত্ব অস্বীকার করেন তাহলে এই সহস্র সহস্র

অপুনর্বাসিত উদ্বাস্তু পশ্চিমবাংলাকে ভারাক্রান্ত করে তুলবে এবং সেইজন্যই বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে সরকারকে অগ্রসর হ'তে অনুরোধ করছি। স্যার, এবারে আমি আমাদের প্রধানমন্ত্রীর একটা প্রেস নোটের কথা বলব এবং সেই প্রেস নোটের একাংশে বলা হয়েছে যে, ক্যাম্প উদ্বাস্তুদের দণ্ডকারণ্যে পাঠাবার কাজ শেষ হলে আংশিক পুনর্বাসন প্রাপ্ত যে সমস্ত উদ্বাস্তু আমাদের দেশে আছে তাদের দণ্ডকারণ্যে পাঠাবার কথা বিবেচনা করা হবে। সরকারের এই রকম মনোভাব নেবার ফলে এই সমস্ত পরিবারের জন্য কিছু করা হচ্ছেনা এবং সে সম্পর্কে আমার বক্তব্য হলো যে, এঁদের জীবিকার সংস্থানের জন্য দ্রুত ব্যবস্থা করা হোক। তবে এপ্রসঙ্গে একথা বলব যে ইতিপূর্বে তাদের জন্য যে ব্যবস্থা সরকার পক্ষ থেকে করা হয়েছে তা সরকারের সুস্থ মস্তিষ্কের পরিচায়ক নয়। অর্থাৎ এ সম্পর্কে প্রথম পরিকল্পনা করা হলো যে, ব্যক্তিগত মালিকদের উৎসাহিত করে এবং তাঁদের অর্থ সাহায্য করে শিল্প স্থাপন করা হবে। তবে এর নাম করে যা' করা হলো তা' এক কলঙ্কজনক ইতিহাস এবং এরকম পরিণতির কথা আমরা পূর্ব থেকে বলা সত্ত্বেও আমাদের কথা তখন শোনা হয়নি। তারপর গত ৩ বছর ধরে বলা হচ্ছে রিহাবিলিটেসন্ ইণ্ডাষ্ট্রি কর্পোরেসন এই কাজ করবে, কিন্তু আজও তার কোন অগ্রগতি হয়নি। এছাড়া আর একটি জিনিস দেখছি যে, কর্পোরেসনের পুনর্গঠনের কাজ যদিও বারবার করা হচ্ছে কিন্তু উদ্বাস্তুদের সংস্থানের কাজ করা হচ্ছেনা এবং সেখানে আমার বক্তব্য হচ্ছে যে এই অবস্থার সুসমাধান অবশ্যই করতে হবে। তারপর জবরদখলকারী উদ্বাস্তুদের উপর দারুণ ক্ষতিপূরণের বোঝা চাপান হয়েছে এবং ক্ষতিপূরণ আদায় করতে না পারলে তাদের উচ্ছেদের ব্যবস্থা করা হয়েছে এবং যার ফলে দেখছি যে বহু উদ্বাস্তু আজ আশ্রয়হীন হয়ে পড়েছে। সুতরাং এমতাবস্থায় ক্ষতিপূরণ আদায় স্থগিত রাখার জন্য এখনই ব্যবস্থা অবলম্বন করা দরকার বলে মনে করি।

সংগে সংগে কলোনীগুলি আইনসিদ্ধ করবার কাজ এবং বাড়ীতে জবর দখলকারী উদ্বাস্তু পুনর্বাসনের কাজ অতি দ্রুত শেষ করা দরকার। প্রয়োজন হলে ১৯৫১ সালের ১৬ আইন সংশোধন করতে হবে। আমি ইতিপূর্বে বলেছি যেন তেন প্রকারেন পুনর্বাসন দপ্তর বন্ধ করবার ভূত সরকারের মাথায় চেপেছে। এর জন্য বাস্তব অবস্থা সৃষ্টি না করে উদ্বাস্তুদের প্রাপ্য সুযোগ সুবিধাগুলি বন্ধ করবার ব্যবস্থা করা হয়েছে। কন্ট্রিবিউটরী গৃহনির্মাণ ঋণও বন্ধ করে দেয়া হয়েছে, যারা কন্ট্রিবিউট করেছিল এর ফলে তারা মহাবিপদের মধ্যে পড়েছে। সরকারের কাছ থেকে ২২৫০ বা ৩২৫০ টাকা পাওয়া যাবে ভেবে বহু উদ্বাস্তু শেষ সম্বল খরচ করে কন্ট্রিবিউট করেছেন, এখন বলা হচ্ছে তাদের মাত্র ১২৫০ টাকা দেয়া হবে ঐ টাকায় তাদের পক্ষে বাড়ী তৈরী করা সম্ভব নয়। সরকারের এই খামখেয়াল বহু উদ্বাস্তুকে তার যথাসর্বস্ব হারিয়ে দিশাহারা জীবন যাপনে বাধ্য করেছে। সরকার নিজেই স্বীকার করছেন যে পুনর্বাসন সাহায্য প্রাপ্ত উদ্বাস্তুদের শতকরা ৭০ জন জীবিকায় প্রতিষ্ঠিত হতে পারেনি অথচ সরকার সিদ্ধান্ত নিয়েছেন কোন নূতন ছাত্রকে শিক্ষাবৃত্তি দেয়া হবে না। ফলে সহস্র সহস্র উদ্বাস্তু পরিবারের ছাত্রছাত্রীদের শিক্ষা বন্ধ হয়ে গেছে। সরকারই স্বীকার করছেন যে উদ্বাস্তুদের মধ্যে যক্ষ্মারোগীর প্রাদুর্ভাব দিনের পর দিন বেড়েই চলেছে অথচ যক্ষ্মারোগীদের সাহায্য বন্ধ করে দেয়া হয়েছে। সম্প্রতি বলা হয়েছে যে উদ্বাস্তুদের কাছ থেকে এমন কি সরকারী পরিকল্পনাধীন উদ্বাস্তুদের কাছ থেকেও এখন গৃহনির্মাণ ঋণের দরখাস্ত নেয়া হবে না। এর ফলে যারা সরকার থেকে জমি পেয়েছে তাদেরও বাড়ী হবে না। সংবাদ পাওয়া যাচ্ছে যে মাসিক ১০০ টাকার বেশী যাদের আয় তারা আগে দরখাস্ত করে থাকলেও তাদের আর কোন ঋণ দেওয়া হবে না। সরকারের দেউলিয়া নীতির ফলে চারিদিকে বিশৃঙ্খলা ও বিভ্রান্তি। সমস্যার সমাধান হোক আর নাই হোক পুনর্বাসন দপ্তর তুলে দিতেই হবে। জিজ্ঞাসা করি সরকারের এই অযৌক্তিক জিদ কেন? আমি সরকারের এই ধরণের মানবতাবিরোধী উন্মাদ নীতির ভয়াবহ পরিণতি সম্পর্কে সতর্ক

করতে চাই। সমস্যার সমাধান না করে বিভাগ তুলে দেয়া অর্থাৎ অঙ্গীকৃতির মধ্য দিয়ে সমস্যার সমাধান পশ্চিমবাংলায় জাতীয় জীবনে এক নিদারুণ সংকটের সৃষ্টি করবে একথাটা আজ গভীরভাবে ভাববার সময় এসেছে। আমার মনে হয় শেষ সময়ে হলেও পরিবর্তিত অবস্থা সরকারের চৈতন্য উদয়ে সহায়তা করবে। আমি সরকারের কাছে তাই পরিশেষে দাবী করছি তারা সমস্ত অবস্থাটাকে নূতনভাবে পরিমাপ করুন, গোঁড়ামী ও অন্যান্য জিদ ত্যাগ করুন এবং সমস্যার সমাধান উপযোগী বাস্তবনীতি ও পরিকল্পনা গ্রহণ করুন—এটা শুধু আমায় নয়, সমস্ত পশ্চিমবাংলার দাবী।

The Hon'ble Ajoy Kumar Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ৪ দিনের যে বিতর্ক হল তাতে সেচ বিভাগ সম্পর্কে কয়েকটা প্রশ্ন উঠেছে। আমি তার কিছু কিছু জবাব দিচ্ছি। গঙ্গা ব্যারাজের কথা উঠেছে। গঙ্গা ব্যারাজ কাজের দুটো দিক আছে—একটা হল তথ্যানুসন্ধান বা ইনভেস্টিগেশান, আর একটা হল সংগঠন বা কনস্ট্রাকসান। এই তথ্যানুসন্ধান ৮।১০ বছর ধরে চলে আসছে, এখনও চলবে; কনস্ট্রাকসানের সঙ্গে সঙ্গে তথ্যানুসন্ধানও চলবে। কনস্ট্রাকসানের ব্যাপারে গঙ্গার বুকে একটা পাকা ব্যারাজ হবে, তার উপর দিয়ে রেল লাইন এবং পাকা রাস্তা যাবে এবং সেই রাস্তা ওপারে মালদহ পর্যন্ত চলে যাবে এটা হ'ল একদিক। আর একটা হ'ল গঙ্গা থেকে একটা খাল কেটে এনে সেটা ভাগিরথীর সঙ্গে যোগ করা হবে। ওপারে উত্তর দিকে অনেক নীচু জমি আছে, সেখানে ২০ মাইল একটা বাঁধ দিয়ে গঙ্গার জল আবদ্ধ করা হবে যাতে মালদহে বন্যা না যায়। সেইজন্য একটা বন্যা নিরোধক বাঁধ দেওয়ার কথা হয়েছে। সেই ২০ মাইল বাঁধ তৈরি হয়ে গেছে এবং সেই বাঁধের উপর দিয়ে রেল চালান হয়ে গেছে এবং এখন মালদহ পর্যন্ত ব্রড্ গেজ যাচ্ছে। ফরাক্কার এপারে দক্ষিণ দিকে তিলডাঙ্গা থেকে ফরাক্কা বাঁধের জায়গা পর্যন্ত রেল লাইন এবং পাকা রাস্তা হয়ে গেছে। আরও কিছু কিছু কাজ চলছে, তার সঙ্গে সঙ্গে অন্য কনস্ট্রাকসন চলবে। কেন্দ্রীয় সরকার বর্তমান বাজেটে অর্থাৎ দ্বিতীয় পরিকল্পনার শেষ বর্ষে এজন্য টাকা ধরেছেন, কাজও চলছে। তৃতীয় পরিকল্পনায় এরজন্য যথেষ্ট টাকা ধরা হয়েছে। আজ আমি টাকার পরিমাণটা বলতে পারিনা এইজন্য যে এখনও কেন্দ্রীয় বাজেট লোকসভায় উপস্থাপিত হয় নি। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে বহুদিনের আকাংখিত গঙ্গা ব্যারাজের কাজ শুরু হয়ে গেছে। এরজন্য আরও কিছু জিনিসপত্র বিদেশ থেকে আনাতে হবে যেমন ড্রেজার, তারও ব্যবস্থা হয়েছে। ১৯৫৯ সালের বন্যার পর আমরা একটা West Bengal Flood Enquiry Committee করেছিলাম, তার রিপোর্ট সম্বন্ধে প্রশ্ন উঠেছে। ওঁরা এখনও ফাইন্যাল রিপোর্ট দেননি, ওঁরা একটা প্রিলিমিনারী রিপোর্ট দিয়েছেন এবং ইতিমধ্যে ওঁরা আরও কিছু ইনভেস্টিগেশান চালাচ্ছেন যাতে ওঁরা বিভিন্ন অঞ্চলের ফ্লাড্ প্রোটেকসানের জন্য মাঝে মাঝে বিভিন্ন স্কীম আমাদের দিতে পারেন। যে প্রিলিমিনারী রিপোর্ট দিয়েছেন সেটা আমি প্রেসে ছাপাতে দিয়েছি, আশা করি মাননীয় সদস্যদের হাতে সেটা দিতে পারব। খোঙার কমিটির রিপোর্ট সম্বন্ধে বলেছেন। খোঙার কমিটি ডি. ভি. সি. নিয়োগ করেছিলেন, এটা বাংলা সরকার করেননি। ঐ কমিটি ডি ভি. সি'র কাছে রিপোর্ট দাখিল করেছেন। সেই কমিটির রিপোর্ট তাঁরা বাংলার আইন সভায়, বিহার আইন সভায় এবং কেন্দ্রের লোকসভায় কিনা করবেন কিনা আমি বলতে পারিনা, এটা বাংলা সরকারের হাতে নেই।

নিম্ন দামোদরের বন্যা সম্বন্ধে বলা হয়েছে। এই সমস্যার সমাধান সম্বন্ধে যতক্ষণ না Flood Enquiry Committee কোন সাজেসান আমাদের দেন ততক্ষণ পর্যন্ত এর কোন সমাধানের

কাজে হাত দিতে পারছি না। বাকী কংসাবতী, ময়ূরাক্ষী, সাধারণভাবে বাংলার বন্যার কথা উঠেছে। এগুলি সেচ বিভাগের ব্যয় বরাদ্দের আলোচনার সময় বলব। আমার আর কিছু বলার নেই।

[5-35—5-45 p.m.]

The Hon'ble Abdus Sattar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহোদয়ার ভাষণের উপর বিতর্ককালে বিরোধীপক্ষের কোন কোন সদস্য বলেছেন এই কয়েক বছরে সংগঠিত শিল্পে কর্মীর সংখ্যা কমে গেছে এবং তাদের উপার্জন বা প্রকৃত উপার্জন দুইই কমে গেছে। এ কথা ঠিক নয়। সময় সংক্ষেপ, সামনে আমাদের বাজেট, কাজেই আজকে সব কথা না বললেও চলবে। আমি মোটামুটিভাবে বলছি যে, ৫ বছর পূর্বে আমাদের কারখানাগুলির কর্মীসংখ্যা ছিল ৬ লক্ষ ৮২ হাজার ২ শত ৯৭। ১৯৬০ সালের প্রথম অর্ধাংশে ৬ মাসের হিসাব হচ্ছে ৭ লক্ষ ২ হাজার ৭ শত ৬১ জন। এই সঙ্গে এটা মনে রাখতে হবে যে এই কয়েক বছরে, যেটা বিরোধী পক্ষের সদস্যগণ অস্বীকার করবেন না, পাট কলে বহু সংখ্যক কর্মী ছাঁটাই হওয়া সত্ত্বেও সংখ্যা বৃদ্ধি পেয়েছে। পাট কলের কর্মীদের যে বেতন ছিল, যে নিম্নতম মজুরী ছিল তা বেড়ে চলেছে—এ্যাড্‌জুডিকেশানের পূর্বে ছিল ৪৬ টাকা, তা থেকে আজকে মিনিমাম ওয়েজ দাঁড়িয়েছে ৬৭ টাকা। এবং সম্প্রতি Wage Board ইনটারিম রিলিফ দিয়েছেন, তারফলে পয়লা জানুয়ারী থেকে ৩'৪২ নয়া পয়সা বেড়েছে।

ডাঃ রণেন সেন বলেছেন এই ইনটারিম রিলিফ implement হচ্ছে না—জুটমিল বলছে কিছু জানিনা, পশ্চিমবঙ্গ সরকার বলছে খবর পাইনি। এসব কথাও ঠিক নয়। India Jute Mills Association-এর সমস্ত মেম্বার মিলে জানিয়ে দিয়েছেন এবং implement আরম্ভ হয়েছে, আমরা এ খবর পেয়েছি। আমাদের কাছে যে দলিল আছে, তা থেকে বলছি 99. m.a implement করতে বলেছেন। আর যেখানে implement হবেনা, সেখানে সরকার নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করবে না, সরকার দেখবেন যাতে সেটা implement হয়। সুতরাংকলেও মজুরী বেড়েছে। Wage Board-এর সুপারিশ যে implementation হয়নি বলে অভিযোগ করা হয়েছে, তা সত্য নয়। সমস্ত কলে তারা ৬ টাকা বেতনবৃদ্ধি করেছে। Dearness allowance সম্পর্কে মিটমাটের কথা হচ্ছে। সরকার মীমাংসার চেষ্টা করছেন। এক সপ্তাহের মধ্যে সভ্যদের জানাতে পারবো যে উভয় পক্ষের মধ্যে একিয়ে একটা চুক্তি হয়ে গেছে।

যে কথা বলা হচ্ছে earning কমে গেছে, তা ঠিক নয়। ট্রামওয়ে শ্রমিকদের, Calcutta Electric Supply Corporation শ্রমিকদের, সমস্ত শিল্পশ্রমিকদের বেতন বৃদ্ধি হয়েছে। যেখানে মিনিমাম্ ওয়েজ নির্ধারিত হয়েছে, সেখানে বেতন বৃদ্ধি হয়েছে। গড়ে দৈনিক দু-আনা হারে চা বাগানের শ্রমিকদের মজুরী বৃদ্ধি হয়েছে। যাঁরা ছোট ছোট কারখানায় কাজ করেন, তাঁদেরও বেতন বেড়েছে। আমি হিসেব দিয়ে দেখাতে চাচ্ছি যে Real earning বেড়েছে। ১৯৫০ সালে গড়পড়তা শ্রমিকের আয় ছিল ৮৪৪৮০ নয়া পয়সা ১৯৫৯ সালে হয়েছে ১১৫৪'৭৭ নয়া পয়সা। আর ১৯৪৯ সালের তুলনায় average income বেড়েছে 464'38% এবং real income বেড়েছে 20%। তবে একথা হতে পারে যে, যেভাবে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে, সেইভাবে তাদের বেতন বাড়ে নাই। সরকার এই সম্পর্কে উদাসীন নয়, সরকার এ সম্বন্ধে তীক্ষ্ণদৃষ্টি রেখেছেন। মাঝে মাঝে যে minimum wage পুনর্নির্ধারণ হচ্ছে, ট্রাইবুনাল হচ্ছে—তার ফলেও মজুরী বৃদ্ধি হচ্ছে।

যে দুটো বৃহৎ শিল্প আছে পাট ও চা, তার জন্য Wage Board করা হয়েছে। ট্রেড্ ইউনিয়নের বন্ধুগণ জানেন, পশ্চিমবঙ্গ সরকার বরাবর ওয়েজ বোর্ড গঠনের দাবী করে আসছেন। সরকার persistent effort না করলে এই Wage Board গঠন হতো কিনা সন্দেহ আছে। হলেও অনেক বিলম্ব হতো। কাজেই শ্রমিকদের স্বার্থ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার উদাসীন—তা বলা চলেনা।

পাটকল সম্পর্কে একটা বক্তব্য আছে। ডাঃ রণেন সেন বলেছেন যে, সেখানে জঙ্গল আইন ছাড়া আর কোন আইন নেই। পাটকল শ্রমিকদের সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের তীক্ষ্ণদৃষ্টি আছে। এ সম্বন্ধে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই। ১৯৫৭ সালে পশ্চিমবঙ্গ সরকার একটি Tripartite Adhoc কমিটি নিয়োগ করেছিলেন। কারণ পশ্চিমবঙ্গ সরকার মনে করেন পাটশিল্প যেমন জাতীয় জীবনে একটি গুরুত্বপূর্ণ স্থান, একটা উল্লেখযোগ্য স্থান অধিকার করে আছে, তেমনি সরকার মনে করেন সেই শিল্পের কর্মীদেরও জাতীয় জীবনে একটা গুরুত্বপূর্ণ স্থান আছে। সেই জন্য কত কর্মী এই শিল্পে থাকা উচিত বা উচিত নয়, তা নির্ধারণের জন্য এই কমিটি নিযুক্ত হয়।

[5-45—5-55 p.m.]

গত কয়েক বছরের মধ্যে Industrial Committee on Jute meet করেননি। পশ্চিমবঙ্গ সরকারের চেষ্টায় এই কমিটির প্রথম অধিবেশন কলকাতায় হয় এবং সেই অধিবেশনে Adhoc Committee Special Committee-তে রূপান্তরিত হয়। তাঁরা দুটি সুপারিশ করেন। তার একটা হল বদলি কর্মিদের সংখ্যা নির্ধারণ অপরটি নারী কর্মিদের সংখ্যা নির্ধারণ। এবং যাতে সেই বদলি কর্মিদের permanent করা হয়, তার কথা এই সুপারিশে আছে। সেই কমিটি রিপোর্ট বেরিয়েছে। অধ্যক্ষ মহাশয় আপনি জানেন সেই কমিটি তিনটি পক্ষের। শ্রমিক পক্ষ ও মালিক পক্ষ উভয়ে একটা সর্বসম্মত সিদ্ধান্তে আসতে পারেনি। চেয়ারম্যান যে recommendation করেছেন, সেই recommendation-গুলি সরকার গ্রহণ করেছেন এবং লেবার কমিশনারকে নির্দেশ দেওয়া হয়েছে—এই সুপারিশগুলি ইমপ্লিমেণ্টেশন্ করবার জন্য special অফিসারের সাহায্যে। সুতরাং পাটকলগুলিতে জঙ্গল আইন বলে একথা বলা চলেনা। ডাঃ রণেন সেন যদি সরকারের ব্যর্থতা ও উদাসীনতার কথা উল্লেখ করেন, তাহলে সঙ্গে সঙ্গে সেই ব্যর্থতার গ্লানি তাঁকেও স্পর্শ করে। ট্রেড ইউনিয়নের যাঁরা প্রতিনিধিত্ব করেন তাঁরা জানেন যে শ্রমিক স্বার্থ রক্ষণকল্পে যে আইন আছে তাতে ট্রেড ইউনিয়নের একটা বিশিষ্ট স্থান আছে এবং এদেরকে তৃতীয় পক্ষ বলা যেতে পারে। অন্যান্য আইন চালু করবার ক্ষেত্রে তৃতীয় পক্ষের কোন কিছু ভূমিকা নেই। জঙ্গল আইন যদি পাটকলে চলে, তাহলে সে দায়িত্ব সরকারের একার নয়-সে দায়িত্ব ট্রেড ইউনিয়ন যাঁরা করেন, তাঁদের উপরও গিয়ে পড়ে।

এইবার বেকার সমস্যার কথা। বাঙালী যুবকদের চাকরী না পাবার কথা। এটা বোধহয় কেউ বলবেন না যে বাংলাদেশে বেকার সমস্যা নেই। সেই সমস্যা চেপে রয়েছে এবং সেই চাপ আমরা অনুভব করি। কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে কেমন করে এই সমস্যা সমাধান করা যাবে। ভাবাবেগের দ্বারা হবে না, চিৎকার করে বা গালাগালির দ্বারা হবে না। সেজন্য সেখানে একটা সুনির্দিষ্ট পথ চাই। আমরা জানি এমন সব বড় বড় শিল্প আছে যেগুলি capital incentive labour incentive নয়। আমরা heavy industry-ও চাই। তাকে বাদ দিতে পারি না। এবং এর সঙ্গে অন্যান্য ক্ষুদ্র শিল্পও আছে যেখানে বহুলোকের কর্মসংস্থান হচ্ছে। একথা বলা ঠিক হবেনা যে পশ্চিম বাংলায় job opportunities কমে গিয়েছে। আমি বলবো—কমে যায়নি বরং বেড়েছে। আমাদের চাহিদা যা আছে, সেই পরিমাণে যদি লোককে চাকরী

দিতে চাই, তাহলে সেই অনুপাতে job opportunities সৃষ্টি করতে হবে। তা অবশ্য করা যায় নি। এই পশ্চিমবঙ্গে যাতে যুবকরা চাকরী পায় সেদিকে সরকারের বিশেষ দৃষ্টি আছে এবং আমরা পলিসি of persuation follow করছি। আমি আশা করি এর ফল ভালই হবে। আজকে আমার কাছে সমস্ত figure নেই। আমি লেবার বাজেটের সময় সব বলতে পারবো।

দেখা যাবে গত দু-বছরের মধ্যে বহু প্রতিষ্ঠানে বাঙালীর সংখ্যা বাড়ছে বই কমছে না। আমি এইটা বলে শেষ করতে চাই যে, বেকার সমস্যা সমাধান করতে গেলে শুধু চাকরীতে হবেনা। ব্যবসা বাণিজ্য করতে হবে। যখন দুর্গাপুরের কথা ভাবি, সেখানে যখন যাই, দেখে আশ্চর্য হয়ে যাই। দুর্গাপুর বর্ধমানের অংশ কিনা মনে সন্দেহ হয়। সেখানে আশেপাশে দোকান খুলে বহু লোক বসে গিয়েছেন। কিন্তু তার মধ্যে বাঙালী নেই, সব অবাঙালী। যারা বাঙালীর বেকারত্ব ঘোচাবার জন্য চিৎকার করেন তাদের বলতে চাই বাঙালীকে কে বারণ করেছিলেন সেখানে দোকান খুলতে?

যাঁরা বলেন পশ্চিমবঙ্গ সরকার শ্রমিক স্বার্থ সম্পর্কে উদাসীন, তাঁদের কথা ঠিক নয়। যারা বলে সরকারের কোন নীতি নেই সে কথাও ঠিক নয়। সরকার যে নীতির উপর চলে, যে নীতি পরিচালিত করছেন, তার দ্বারা দেশে শিল্পায়ন বৃদ্ধি পাবে। শ্রমিক সমাজের ন্যায্য স্বার্থ হরণের উপর ভিত্তি করে আমাদের শ্রমিক-নীতি পরিচালিত হচ্ছে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Prafulla Chandra Sen :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধীদলের সদস্যদের মধ্যে Communist Party-র কয়েকজন বন্ধু বক্তৃতা দিয়েছেন কিন্তু খাদ্য বিতরণ সম্বন্ধে বেশী কিছু তাঁরা বলতে পারেননি, এটা স্বাভাবিক এবং কিছু বলতে পারেননি বলে মনে মনে তারা দুঃখিতও বটে। আমার কাছে অনেকে এসে অভিযোগ করেছেন এবার আমরা কি করবো, খাদ্য নিয়ে আন্দোলন করতে পারলাম না, খাদ্য সম্বন্ধে বলতে পাচ্ছিনা, একমাত্র আমাদের সম্বল বেরুবাড়ী। কিন্তু আমাদের মহামান্য রাজ্যপাল মহোদয়ার বক্তৃতার বিতর্কে কয়েকজন মাননীয় সদস্য বলেছেন—মশায়, ভগবান আপনাদের উপর খুব তুষ্ট, সন্তুষ্ট, সেজন্য আপনারা খুব ফসল পেয়েছেন। যদি বৃষ্টি হয় মাঘের শেষ ধন্য রাজা পুণ্য দেশ। দেশ পুণ্য হতে পারে কিন্তু আমাদের কোন রাজত্ব নাই। এবার মাঘের শেষে বৃষ্টি হল, হয়ত আসছে বছরেও ভাল ফসল হবে। যাইহোক্ তারা দেখাতে চেষ্টা করেছেন আমাদের এখানে তেমন কিছু ফসল বৃদ্ধি হয়নি, আমি প্রত্যেকবারই বলি—কিন্তু ধর্মের কথা কেউ শুনবেন না। কাজেকাজেই তাদের বলি আমাদের ফসল বাস্তবিক বৃদ্ধি হয়েছে। মাননীয় সদস্যরা বলেছেন মোটামুটি ফসল তোমাদের বৃদ্ধি হতে পারে কিন্তু বিঘা প্রতি ফলন তোমাদের বাড়েনি। আমি মাননীয় সদস্যদের জানাতে পারি—১৯৪৬-৪৭ সালে যে ৫ বছর শেষ হয়েছে—অর্থাৎ স্বাধীনতার আগের ৫ বছর, তাতে পুরুলিয়া বাদ দিচ্ছি, পূর্ণিয়ার যে অংশটা এসেছে তা বাদ দিচ্ছি, কুচবিহার বাদ দিচ্ছি তার গড় উৎপাদন হচ্ছে ৩৩ লক্ষ টন। ১৯৫১-৫২ সালে যে ৫ বছর শেষ হয়েছে অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী প্রারম্ভের পূর্বে গড় উৎপাদন হচ্ছে ৩৪ লক্ষ টন। ১৯৫৬-৫৭ সালে যে ৫ বছর শেষ হয়েছে অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী যে কাজ হয়েছে সেই পাঁচ বছরের গড় হচ্ছে ৪১ লক্ষ ৩৫ হাজার টন। কাজে কাজেই কোথায় ৩৩ লক্ষ কোথায় ৩৪ লক্ষ আর কোথায় ৪১ লক্ষ টন। এই পাঁচ বছরের মধ্যে Bumper Crop আছে ১৯৫৩-৫৪ সালের, আবার খারাপ বছরও আছে। তারপরের ৪ বছরের আজকে হিসাব করছিলাম ১৯৬০-৬১ সালে যে ৪ বছর শেষ হলো যাতে ১৯৫৯-৬০ সালের ভীষণ বন্যা আসে যদ্বারা বাংলা দেশের ভীষণ ক্ষতি হয়েছিল - তার গড় হল ৩৯ লক্ষ ৭২ হাজার টন। আগে ছিল গড় উৎপাদন ৩৩।৩৪ লক্ষ টন—এখন হল ৪১।৩৯ লক্ষ টন—অর্থাৎ ৫ লক্ষ টন গড়ে নিশ্চয়ই

বেড়েছে সেবিষয়ে কোন সন্দেহ নাই। আমি কয়েকটি জেলার per acre yield দেখছিলাম। এখন এই per acre yield সম্বন্ধে প্রথমেই বলে রাখি নূতন যে জমি চাষের অধীনে আনা হয়েছে তার অধিকাংশই marginal এবং sub-marginal land। আমাদের পশ্চিমবঙ্গের জমির উপর ভীষণ চাপ পড়েছে এত ভীষণ চাপ যে পশ্চিমবাংলার usable land-এর ৮৭% এই চাষ হচ্ছে। সমগ্র ভারতে usable land-এর নিকৃষ্ট মাঝারী ও উৎকৃষ্ট land-এর ৭৫% ভাগে চাষ হচ্ছে। আমাদের বন্ধুদের কাছে চীনের কথা বললে বিরক্ত হবেন। গত বছর বন্ধুরা চীন দেশের কথা খুব শোনাতেন, সেকথা শোনাতে, কাহিনী শোনাতে খুব আনন্দ পেতেন—এবার ওঁদের কারও মুখে চীনের কথা শুনিনি। চীনে এত করা সত্ত্বেও সমগ্র জমির ২৩% ভাগ চাষের অধীনে এসেছে আর আমরা পশ্চিমবাংলার শতকরা ৮৭ ভাগ জমিতে marginal and sub-marginal land-এ চাষ করছি।

[5-55—6-5 p. m.]

যেখানে চীনদেশে সমগ্র usable land-র শতকরা ২৩ ভাগ চাসের আওতায় এসেছে। কত উন্নতি হলো! কিন্তু আজকে চীনদেশের কি অবস্থা। আজ চীনদেশ বার্মা থেকে চাল নিয়ে যাচ্ছে। কারণ ভীষণ দুর্ভিক্ষ, লোকে হাহাকার করছে। তাই আজ চীনদেশের নাম ঐ পক্ষ থেকে কেউ করেনি। আমার বন্ধুদের দৃষ্টি সবসময় তাদের পিতৃভূমির দিকে এবং খুড়োর ভূমির দিকে। খুড়ো হচ্ছে চীনদেশ। এবং সেই ভূমির স্বপ্নই তাঁরা দেখেন। কিন্তু বাস্তব দৃষ্টিতে তা ততটা নয়। ভারতবর্ষের লোকসংখ্যা কত বেশী চীনদেশের তুলনায়; অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, চীনদেশে প্রতি বর্গমাইলে লোকবসতি হচ্ছে ১২৪ জন। আর রাশিয়ায় কত? মাত্র ২৪ জন, ১০০ জনও নয়। ভারতবর্ষে কত? ৩৫০ জন। আর পশ্চিমবাংলায় কত? ১৪০ জন প্রতি বর্গ মাইলে। কাজে কাজেই আমরা যে সমস্ত marginal এবং sub-marginal land চাষের মধ্যে এনেছি তাতে ফসল বেশী হতে পারে না। তা সত্ত্বেও ফসল বেশী হয়েছে। ফসল হয়েছে আমাদের ১৯৪৭-৪৮ সালে একর প্রতি, চাসের ফলন, ১০·২৮৩ মণ; আর যেবার bumper crop হয়েছিল সেবার হয়েছিল ১২·২৬২ মণ; আর ১৯৫৬-৫৭ সালে, যেবার ভীষণ বন্যা হয়েছিল তখন ১ ·১২ মণ; আর এই বৎসর ১৯৫৯ সালে ১৩·৬৩ মণ। কাজে কাজেই কিছু কম করা হয়েছে তা নয়। তার উপর আমরা পশ্চিমবঙ্গে অনেক আউস ধানের জমিতে আমরা পাট করছি। যেখানে আগে ২½ লক্ষ একর জমিতে পাট ও মেস্তা হোত এখন সেখানে ০ লক্ষ একর জমিতে পাট ও মেস্তা করা হচ্ছে। এবং অধ্যক্ষ মহোদয়, আপনি শুনলে অবাক হবেন, স্বাধীনতার পূর্বে চাষীরা পাট থেকে ৬ কোটি টাকা পেতো। আর সেখানে এই বৎসরে পাট থেকে চাষীরা ৩৫ কোটি টাকা পেয়েছে। আমি খুব বেশী করে ধরিনি, ৩৫৲ টাকা মণ হিসাবে ধরেছি। তার বেশীও পেয়েছে। তবে গড়ে ৩৫ কোটি টাকা পেয়েছে, মাননীয় সদস্যরা যতই বলুন না কেন। তারপর এখানে মাননীয় সদস্য জ্যোতিবাবু এবং বোধ হয় হরেকৃষ্ণবাবু বলেছেন, ওঁরা কিছু করতে পারেন না, কেবল বলেন, পরিবার পরিকল্পনা কর, জন্ম নিয়ন্ত্রণ কর, family planning কর। এখানেও ওঁদের সেই পিতৃভূমির দিকে দৃষ্টি। আমি একটা U. S. S. R-র বই পড়িলাম, তাতে দেখলাম, ১৯১৩ সালে রাশিয়ার লোকসংখ্যা ছিল ১৬ কোটি। ১৯৪০ সালে, যুদ্ধের আগে, হলো ১৯ কোটি ১৭ লক্ষ, আর ১৯৫৬ সালে লোকসংখ্যা হলো ২০ কোটি ২ লক্ষ। কি ভীষণ ব্যাপার ১৬ বৎসরে বেড়েছে ১ কোটি। মরেছে কত? দুর্ভিক্ষ, যুদ্ধে এবং হত্যা করে মারা হয়েছে কোটি কোটি কারণ সেখানকার মানুষের স্বাধীনতা নেই। প্রথম বিশ্বযুদ্ধে সমগ্র পৃথিবীতে ২ কোটি লোক মরেছে। আর দ্বিতীয় বিশ্বযুদ্ধে মরেছে ২ কোটি ২০ লক্ষ। তার মধ্যে সবচেয়ে বেশী রাশিয়ায়। কাজেকাজেই যেখানে প্রতি বর্গমাইলে লোক বসতি হচ্ছে ২৪ জন, এবং যেখানে কোটি কোটি লোক মারা যাচ্ছে— ১৬ বৎসরে বৃদ্ধি হয়েছে ১ কোটিরও কম সেখানে জন্ম নিয়ন্ত্রণ করার দরকার নেই।

আমাদের দেশে ১৯৪১ সালে লোকসংখ্যা ছিল ৩১ কোটি, ১৯৫১ সালে হয়েছিল ৩৫ কোটি ৬৮ লক্ষ, অর্থাৎ দশ বৎসরে বেড়ে গেল চার কোটির উপর। কিন্তু রাশিয়ায় ১৬ বৎসরে ১ কোটিও বাড়েনি। আমাদের বন্ধুদের যদি বাস্তব দৃষ্টিভঙ্গি থাকত এবং তাঁরা যদি এদেশকে মাতৃভূমি বলে স্বীকার করতেন তাহলে এরকম আবোল তাবোল অবাস্তব কথা বলতে পারতেন না। আমাদের শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন organised labour-এ আমাদের employment বেড়েছে সামান্য। মাঃ অধ্যক্ষ মহোদয়, আপনি শুনলে অবাক হবেন, আমাদের পশ্চিমবাংলায় ১৯৪৯ সালে একটা হিসাব নেওয়া হয়েছিল, cottage industry, small industry-তে ১৯৪৯ সালে ৬ লক্ষ ৩৮ হাজার লোক নিযুক্ত ছিল—আর দশ বৎসর পরে ১৯৫৯ সালে একটা হিসাব নেওয়া হয়েছিল—১৫ লক্ষ ৫০ হাজার লোক নিযুক্ত রয়েছে। আমাদের বন্ধু শ্রীসুবুদ্ধ মল্লিক চৌধুরী বলেছেন আমরা উদ্বাস্তুদের ভাল করে পুনর্বাসন করতে পারছি না। তিনি আরো বলেছেন আমাদের পুনর্বাসন সংক্রান্ত নীতি সবই ভ্রান্ত—যদিও এঁদের জন্য দণ্ডকারণ্যে সুব্যবস্থা করা হয়েছে, এবং সুকুমার সেন মহাশয় অত্যন্ত দরদ দিয়ে এঁদের পুনর্বাসন সমস্যার সমাধান করার চেষ্টা করছেন। এবং যেখানে যারা camp-এ আছে তাদের তিনি পুনর্বাসনের জায়গায় নিয়ে গিয়েছেন। লোকেও খুব খুশী হয়েছে এবং যেতেও আরম্ভ করেছে। যদি বন্ধুবর শ্রীমল্লিক চৌধুরী মহাশয় প্রকৃতই refugee-দের বন্ধু হন তাহলেপর তিনি সমস্ত refugee ক্যাম্পে গিয়ে বলুন, তোমরা পুনর্বাসনের জন্য দণ্ডকারণ্যে যাও, আমাদের এখানে জায়গা নেই। আদমসুমারীতে দেখবেন যেক্ষেত্রে আমাদের লোকসংখ্যা ছিল ২ কোটি ৩০ লক্ষ সেক্ষেত্রে আজ হয়েছে ৩ কোটির উপর তার উপর আবার পূর্ণিয়া ও পুরুলিয়া এসেছে। এখানেও আমরা আজ অনেক refugee-কে কাজ দিয়েছি—আমাদের এখানে প্রায় ২ লক্ষ ৫০ হাজার লোক চায়ের কাজে নিযুক্ত আছে, ব্যবসার কাজে ৩ লক্ষ ২০ হাজার, গভর্ণমেণ্টের চাকরী করছে—নানারকম কাজ ১ লক্ষ লোক—মোট ৫ লক্ষ ৭১ হাজার লোক নানা কুটিরশিল্পে নিযুক্ত আছেন। মাঃ অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন স্বাধীনতার আগে পশ্চিমবাংলায় ৬ কোটি গজ কাপড় হত, এখন সেখানে ১৯ কোটি গজ কাপড় হচ্ছে। তারপর আমাদের এখানে spinning mill হচ্ছে, এই spinning mill-এর সুতা ও তাঁত বুনার কাজে আমরা আরো লক্ষ লক্ষ লোককে কাজ দিতে পারব।

তাছাড়া আমাদের খাদ্যসমস্যার সমাধান হয়ে গিয়েছে আমি কখনো একথা বলতে চাইনা। খাদ্য সমস্যা বলতে আমি শুধু চাল মনে করিনা—আমাদের দেশে আলুকেও তরকারী বলে। পৃথিবীতে এমন দেশ আছে যেখানে staple food আলু—যেমন Ireland ইত্যাদি।

[6-5—6-15 p m.]

শুধু চাল খেলে হবেনা, অন্যান্য জিনিসও খেতে হবে। আমি আমাদের কৃষি বিভাগ থেকে আলুর উৎপাদন সম্বন্ধে হিসাব নিয়েছি, অবাক হয়েছি সেদিন যেখানে স্বাধীনতার আগে আমাদের ২½ লক্ষ টন আলু হোত সেখানে প্রতি বছর বেড়ে যাচ্ছে। অর্থাৎ ১৯৫৮-৫৯ সালে ৪ লক্ষ ৪৮ হাজার টন যেখানে ছিল সেখানে গত বছর ৬ লক্ষ ৫৯ হাজার টন উৎপাদন হয়েছে। একজন মাননীয় সদস্য বললেন যে, জিনিসের দাম ভয়ানক বেড়ে গেছে। সরষের তেলের দাম যে বেড়ে গেছে এটা আমি স্বীকার করি। আমি পাইকারী দামের কথা এবার একটু বলব। সরষের তেলের পাইকারী দাম গত বছর ছিল ৮০ টাকা এবছর সেটা ৯৭ টাকা হয়েছে। কিন্তু অন্যান্য জিনিসের দাম অসম্ভব রকমের কমে গেছে। অথচ এটা তাঁরা স্বীকার করবেন না। আমাদের সরকারের চালের দাম গত বছর যা ছিল এবার তাই আছে—খুচরা বাজারের চালের দাম গত বছরের তুলনায় অনেক কমে গেছে। আমাদের এখানে ডালের দাম গত বছরের তুলনায় কিরকম কম সেটা শুনলে আশ্চর্য হবেন। মুসুর ডালের পাইকারী দাম গত বছর

২২ টাকা ছিল, এবছর ১৯।০ টাকা হয়েছে ; মটর ডাল ১৮।০ থেকে ১৮ টাকা ; অড়হর ডাল ২৩ থেকে ২৩ টাকা হয়েছে ; ভঙ্গ ২০ টাকা থেকে ১৬ টাকা ; চিনি গত বছর যা ছিল এবছর ও তাই আছে ; মাংসের দাম কিছু বেড়েছে—মানে গত বছর ১১০ ছিল, এবছর ১২০ হয়েছে, মাছের দাম ১০০ থেকে ৮০।৮৫ টাকায় নেমে গেছে ; ঘিয়ের দাম ২০০ টাকার জায়গায় ২২০ টাকা ; সরষের তেলের দাম ৮০ টাকা থেকে ৯৭ টাকা। কিন্তু সরষের তেল আমাদের ফুড বাজেটের কতটুকু অংশ। কাজেই আপনারা দেখতে পাচ্ছেন যে এবছরে আমাদের খাদ্যের অবস্থা অন্যদিক দিয়ে কত ভাল। অনেক মাননীয় সদস্য গণতন্ত্র সম্বন্ধে বড় বড় কথা বলেছেন। এই গণতন্ত্র সম্বন্ধে আমাদের বক্তব্য হচ্ছে যে, আমাদের বিরোধীপক্ষ সভ্যরা সব জায়গায় সরকারের কাজের গালাগালি করেন, যা কিছু আমাদের বিরুদ্ধে বলার আছে তা সত্য হোক, অর্ধসত্য হোক সব তাঁরা বলেন এবং সেইজন্যই নির্বাচন হয়। আপনাদের কথা এবং আমাদের কথা লোকে শুনে বুঝে তবে তারা আমাদের সমর্থন জানায়। আমি এখানে ষ্ট্যালিনের একটা কথা বলব। "Leadership consists in having the ability to convince the masses that the party's policy is right." আমাদের এখানে তা নয়। আমরা জনসাধারণের কাছে গিয়ে আমাদের কথা সব জানাব বিরোধীদলও তাঁদের কথা সব জানাবেন এবং তারপর আমাদের উভয়ের কথা শুনে বুঝে তাঁরা স্বজ্ঞানে ভোট দেবেন। ঘুঁস দিয়ে ভোট কিনলে কম্যুনিষ্ট, পি. এস. পি-রা এত সব আসতে পারতেন না। আমি এখানে রোরিস প্যান্তার নায়কের একটা কথা বলব। তাঁর নির্বাসনের কথা বলে তিনি দুঃখের সঙ্গে বলেছিলেন যে, আমি ক্ষমা চাচ্ছি তোমরা আমাকে নির্বাসন দিও না। তিনি তাঁর দেশ সম্বন্ধে বলে গেছেন—"The great majority of us are required to live a life of constant systematic duplicity. Your health is bound to be affected if day after day you say the opposite of what you feel, if you ruffle before what you dislike." কাজেই আমরা জানি যে আমরা যে সমস্ত কাজ করছি তা সমস্তই জনকল্যাণের উদ্দেশ্য নিয়েই করেছি। আমাদের প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক হয়েছে এবং আমরা বিশ্বাস করি যে জনসাধারণের সম্মতিতে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাও নিশ্চিত সার্থক হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy :

Mr Speaker, Sir, I had been listening to the speeches regarding the Governor's Address, and it seemed to me that most of the speeches were devoid of realities. The purpose for which the Governor gives the Address, as Shri Sudhir Ray Choudhuri has mentioned, is that he informs the Legislature of the causes of its summons. That is to say, he tells the House what the Government's policy in the coming year is to be, what it has done in the past, what it hopes to do in the future. There cannot be, in this description, any reference to day-to-day administrative problems, nor to what happens, or what is happening in the world of today. Those matters are bound to come in when the budget will be presented and discussion takes place on the demands for grants. I will, therefore, restrict myself to certain general principles which have been referred to by my friends here in the hope that they will listen to me, at least, with the feeling that I have tried to present the case, as I think it should be presented.

In the first instance, I will mention what has been stated by Shri Syed Badrudduja. He is a great friend of mine I know him for many many years. He cannot deny it He has complained about, generally speaking, the treatment of minorities under the Congress administration, and mainly he has said that the Muslims do not get sufficient number of appointments, that they are mostly oppressed, that the Police do not listen to their grievances, and so on and so forth. In

fact, I may say to the House that often enough he has brought cases of such incidents to me and I have tried to find out a solution of the problems he has placed before me from time to time. I may tell the House that under the Constitution it is definitely laid down that "there shall be equality of opportunity to all citizens in matters relating to employment or appointment to any office in the State". It may be asked 'Yes. That is all very well in the paper. What attempts have been made by the Congress Government to give effect to it ?". Sir, probably members are aware that as a result of Liaquat-Nehru Pact it was decided that there should be in the State a Commission, which is a State Commission called the Minority Commission. One Minister presides over the Commission and one member from the Muslim group and one member from the non-Muslim group are elected by the Legislature. They are supposed to look after the interests of the Muslim minorities in the whole State. Along with it there are District Minority Boards over which presides the District Magistrate, and if there is a member of the Assembly belonging to that district, he automatically becomes a member of that Board. There is also a member nominated by the District Magistrate who belongs to the Scheduled Tribes or Scheduled Castes.

[6-15—6-25 p.m.]

Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Durgapada
Das, Shri Gokul Behari
Das, Dr. Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanailal
Dhara, Shri Hansadhwaj
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahman, Shri S M.
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Golam Soloman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hembram, Shri Kamalakanta
Hosaro, Shrimati Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Chodhury, Shri
Majhi, Shri Budhan
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumdar, Shri Jagannath
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Mandal, Shri Sudhir
Mandal, Shri Umesh Chandra
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan

Mohammad Giasuddin, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Bhikari
Mondal, Shri Dhawajadhari
Mondal, Shri Rajkrishna
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Muzaffar Hussain, Shri
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Shri Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabaniranjan
Pati, Dr. Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Patel, Shri R. F.
Paramanik, Shri Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Arabinda
Ray, Shri Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Shri Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Dr. Biswanath
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Singha Deo, Shri Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Durgapada
Sinha, Shri Phanis Chandra
Sinha Sarkar, Shri Jatindra Nath
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Trivedi Shri Goalbadan
Tudu, Shrimati Tusar
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain Shri Mohammad
Zia-ul-Huque, Shri Md.

AYES—52

Abdulla Farooquie, Shri Shaikh
Badrudduja, Shri Syed
Banerjee, Dr. Dhirendra Nath
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chobey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Natendra Nath
Dhar Shri Dhirendra Nath
Dhibar, Shri Pramatha Nath
Elias Razi, Shri
Ganguli, Shri Ajit Kumar
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Dr. Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Amarendra
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mullick Chowdhury, Shri Suhrid
Naskar, Shri Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Shri Gobardhan
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Prasad, Shri Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj

The Ayes being 52 and the Noes 137, the motion was lost.

The motion of **Shri Jyoti Bosu** that the following be added at the end of the Address in reply, namely—

"কিন্তু দুঃখের সহিত লক্ষ্য করিতেছি যে, রাজ্যপালের ভাষণে নিম্নোক্ত বিষয়গুলি সম্পর্কে কোন উল্লেখ নাই, যথা—

(১) বাঙলাভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে চালু করিবার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ ;

(২) জনসাধারণের নাগরিক অধিকার এবং শ্রমিক ও সরকারী কর্মচারীসমেত অন্যান্য কর্মচারীদের ট্রেড ইউনিয়ন অধিকারের বিরুদ্ধে ক্রমবর্ধমান আক্রমণ ;

(৩) জনসাধারণ ও সর্বপ্রকার গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে দমনমূলক ব্যবস্থাগ্রহণ ;

(৪) সমস্ত পৌরসভার নির্বাচনে পূর্ণবয়স্ক মাত্রকেই ভোটাধিকার না দেওয়া ;

(৫) মূল্যমান বজায় রাখিতে অক্ষমতা ও ক্রমাগত মূল্যবৃদ্ধি এবং বেকারী ও উপযুক্ত মজুরীর অভাবে জনসাধারণের জীবনে ক্রমবর্ধমান সঙ্কট ;

(৬) জাতীয় আয়ের অসম বণ্টন ও মুষ্টিমেয় লোকের হাতে আয় ও সম্পদ কেন্দ্রীভূত হওয়া এবং বিরাট পরিমাণে আয়কর ফাঁকি দেওয়া ;

(৭) ধনতান্ত্রিক বিদেশী রাষ্ট্রগুলি হইতে বেসরকারী মূলধন আমদানি করা এবং সরকারী ও বেসরকারী ক্ষেত্রে শিল্পপ্রচেষ্টার জন্য বৈদেশিক সাহায্যের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা ;

(৮) জাতীয় অর্থনীতির সমৃদ্ধির জন্য দেশী ও বিদেশী শিল্পগুলিকে রাষ্ট্রায়ত্ত না করা এবং শিল্প প্রচেষ্টায় রাষ্ট্রায়ত্ত অংশের সম্প্রসারণ ও গণতন্ত্রীকরণে ব্যর্থতা ;

(৯) কৃষকদের স্বার্থের অনুকূলে ভূমিব্যবস্থার সংস্কারের ব্যর্থতা ;

(১০) মজুতদার ও মুনাফাবাজদের কবল হইতে খাদ্যশস্যের ব্যবসায়কে মুক্ত করিয়া রাষ্ট্রায়ত্ত করিতে ব্যর্থতা ; এবং

(১১) কলিকাতার-উপকণ্ঠে প্রস্তাবিত উপনগরী স্থাপন করিতে গিয়া যে দুই লক্ষাধিক কৃষক ও অন্যান্য লোক যাহারা উৎখাত হইবে তাহাদের অর্থনৈতিক পুনর্বাসন সম্পর্কে কোন প্রতিশ্রুতি না দেওয়া।"

was then put and a division taken with the following result :

NOES—133

Abdul Hameed, Hazi
Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Bandyopadhyay, Shri Khagendra Nath
Banerji, Shri Sankardas
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Dr, Monilal
Basu, Shri Satindra Nath
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Dr. Binoy Kumar
Chattopadhya, Dr. Satyendra Prasanna
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Durgapada
Das, Shri Gokul Behari
Das, Dr. Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanai Lal.
Dhara, Shri Hansadhwaj
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath

Dutt, Dr. Beni Chandra
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy Kumar
Ghosh, The Hon'ble Tarun Kanti
Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri N rbahadur
Hafijur Rahamans, Kazi
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hembram, Shri Kamalakanta
Hoare, Shrimati Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Choudhury, Shri
Majhi, Shri Budhan
Majhi, Shri Nishapati
Majumder, the Hon'ble Bhupati
Majumdor, Shri Jagannath
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Krishna Prasad
Mandal, Shri Sudhir
Mandal, Shri Umesh Chandra
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Monoranjan
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Bhikari
Mondal, Shri Dhawajadhari
Mondal, Shri Rajkrishna
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Muzaffar Hussain, Shri
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Naskar, Shri Khagendra Nath
Noronha, Shri Clifford
Pal, Shri Provakar
Pal, Dr. Radhakrishna
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabaniranjan
Pati, Dr. Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Platel, Shri R. E.
Pramanik, Shri Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Arabinda
Ray, Shri Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Shri Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Dr. Biswanath
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Singha Deo, Shri Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Durgapada
Sinha Sarkar, Shri Jatindra Nath
Tarkatirtha, Shri Bimalananda
Trivedi, Shri Goalbadan
Tudu, Shrimati Tusar
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain, Shri Mohammad
Zia-Ul-Huque, Shri Md.

AYES—53

Abdulla Farooquie, Shri Shaikh
Badrudduja, Shri Syed
Banerjee, Dr. Dhirendra Nath
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Chitto
Basu, Shri Gopal
Basu, Shri Hemanta Kumar
Bera, Shri Sasabindu
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya. Dr. Kanailal

Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Chobey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Natendra Nath
Dhar, Shri Dhirendra Nath
Dhibar, Shri Pramatha Nath
Elias Razi, Shri
Ganguli, Shri Ajit Kumar
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Golam Yazdani, Dr.
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Amarendra
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Mullick Chowdhury, Shri Suhrid
Naskar, Shri Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Shri Gobardhan
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Prasad, Shri Rama Shankar
Ray, Dr. Narayan Chandra
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj

The Ayes being 53 and the Noes 133, the motion was lost.

The motion of **Shri Bimalananda Tarkatirtha** that "A respectful address in reply be presented to the Governor as follows :

'Your Excellency,

We the Members of the West Bengal Legislative Assembly, assembled in this Session, beg to offer our humble thanks to Your Excellency for the most excellent speech which Your Excellency has been pleased to deliver to this House'."

was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6.57 p.m. till 3 p.m. on Friday, the 10th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 10th February, 1961, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 212 Members.

Unstarred Question

(To which written answer was laid)

[3—3-10 p.m.]

Permanent and Budli Workers in the Jute Industry

2. (Admitted question No. 22.) **Shri Gopal Basu and Shri Sitaram Gupta** : Will the Hon'ble Minister in charge of Labour Department be pleased to state the number of permanent and Budli workers in the Jute industry in this State year by year from 1950 to 1960 ?

The Minister for Labour (The Hon'ble Abdus Sattar) : Statement furnishing figures from 1950 to 1959 is laid on the Table. Figures for the year 1960 are not available. The percentage of Budli workers in the Jute industry in this State was 34·24 up to June, 1960.

Statement referred to in reply to unstarred question No. 2.

Year.	Total number of workers.	Percentage of Budli workers.	Total Budli workers.	Number of permanent workers.
1950 ..	285,585	..	..	..
1951 ..	281,093	13·13	36,908	244,185
1952 ..	271,661	13·30	36,131	235,530
1953 ..	251,921	12·03	30,306	221,615
1954 ..	251,910	13·05	32,874	219,036
1955 ..	252,466	14·99	37,845	214,621
1956 ..	263,632	17·06	44,976	218,656
1957 ..	236,069	21·98	51,888	184,181
1958 ..	221,398	26·54	58,759	162,639
1959 ..	210,254	28·59	60,112	150,142

Motions of No confidence

Mr. Speaker : Let us begin with the Motions. Dr. Ranendra Nath Sen.

Dr. Ranendra Nath Sen :

Mr. Speaker, Sir, I beg leave to move that this Assembly expresses its lack of confidence in the Council of Ministers for the dishonourable role played by them in the matter of the proposed cession of a part of Berubari Union to Pakistan.

মিঃ স্পীকার স্যার, আমি খুব একটা গুরুতর বিষয়ে আলোচনা করছি। আমি এই মন্ত্রীসভার বিরুদ্ধে বেরুবাড়ী সম্পর্কে যে কলঙ্কজনিত কাজ করেছে, যে জঘন্য কাজ করেছে তার জন্য অনাস্থা প্রস্তাব উপস্থিত করছি। স্যার, পশ্চিমবাংলার মন্ত্রী মণ্ডলীর বাংলার প্রতি বাংলা দেশের প্রতি বিন্দুমাত্র সহানুভূতি নাই, অনুকম্পা নাই, মমতাবোধ নাই। এটা অতীতেও আমরা বারবার দেখিয়েছি, এই সরকার এসেম্বলীর ভিতর ও বাইরে যে ক্রিয়াকলাপ করে চলেছে তার জন্য সমস্ত দেশ ধিক্কার দিয়েছে—একথা সকলেই জানেন। আমরা জানি এই মন্ত্রীসভার অন্যতম মন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় যে মানভূমের ভূখণ্ড পশ্চিমবাংলায় আসতে পারত সেটা টাটা কোম্পানীর স্বার্থে ছেড়ে দিয়েছে সেটা বিহারে রয়ে গিয়েছে। আমরা এটাও জানি বাংলাবিহার সংযুক্তিকরণ সম্পর্কে এই মন্ত্রীসভা বাঙ্গালী জাতির বিরুদ্ধে যে ষড়যন্ত্র করেছিল তা পশ্চিমবাংলার জাগ্রত জনমত ব্যর্থ করে দিয়েছে এবং সেই ঘটনা মারফত আর একবার তারা প্রমাণ করেছে যে দেশের প্রতি, জাতির প্রতি তাদের কোন মমতাবোধ নাই এবং আবার সেটা প্রমাণিত হয়েছে যখন আসামে বাঙ্গালীদের উপর বর্বর নির্যাতন ও অত্যাচার চলেছিল তখন এই কংগ্রেসেরই নেতৃত্বে সংখ্যালঘুদের উপর সেখানে যে আক্রমণ হয় তার বিরুদ্ধে এই মন্ত্রীসভা মাত্র মৃদু প্রতিবাদ এবং সহানুভূতি দেখানো ছাড়া আর কিছু করে নি। তখন বাংলাদেশের জনগণ আশা করেছিল এই মন্ত্রীসভা পদত্যাগ করবে, কিন্তু আমরা দেখলাম এই মন্ত্রীসভা দু'একটি কথা ছাড়া আর কিছুই বলে নি। কিন্তু সবচেয়ে লজ্জাকর, সব লজ্জাকে যে লজ্জা দেয় সে হচ্ছে এই বেরুবাড়ীর ব্যাপার। এই ব্যাপারে এই মন্ত্রীসভার ক্রিয়াকলাপ তাদের ভূমিক', ডাঃ রায়ের যে ভূমিকা পশ্চিমবাংলায় সেটা বাংলার ইতিহাসে সবচেয়ে কলঙ্কজনিত অধ্যায় রচনা করেছে। এই ব্যাপারে মন্ত্রীসভা যা করেছে, এই যে ঘটনা তা সারা পশ্চিমবাংলায় আলোড়নের সৃষ্টি করেছে, এ ঘটনায় বাংলাদেশের আবাল বৃদ্ধবনিতা চঞ্চল হয়ে উঠেছে যার জন্য সারা পশ্চিমবাংলায় হরতাল অনুষ্ঠিত হয়েছিল। এই মন্ত্রীসভা শঠতার আশ্রয় নিয়ে চাতুরির আশ্রয় নিয়ে, অসত্যের আশ্রয় নিয়ে জনগণকে ধাপ্পা দেবার চেষ্টা করেছে। মিথ্যার আশ্রয় নিয়ে তাঁরা জনসাধারণকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছেন, এবং ভাল মানুষ সাজবার চেষ্টা করেছেন, এবং সেইজন্যই আমরা এই মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব এনেছি। এই সভায় এর আগেও এই নিয়ে তিনবার আলোচনা হয়েছে। এই তিনবার আলোচনার যদি আমরা ইতিহাস দেখি, তাহলে প্রমাণিত হবে এই বেরুবাড়ী সংক্রান্ত ব্যাপারে এই সরকার Assembly-র সদস্যদের এবং দেশবাসীকে অসত্যের মারফত বিভ্রান্ত করবার চেষ্টা করেছিলেন। এই ঘটনাগুলি যদি দেখেন এবং এখানে যে সমস্ত দলিলপত্র দেওয়া হয়েছে তা যদি দেখেন তাহলে তা থেকে এটা প্রমাণিত হবে। সেই দলিলে দেখতে পাচ্ছি মন্ত্রী সভা যে এটা জানতেন না, তা নয়। ডাঃ রায়, ১৯৫৮ সালে যে বিতর্ক এখানে হয়, সেই বিতর্কের সময় বলেছিলেন যে, Governmet এটা জানতো না। কিন্তু দলিল তারা যা দিয়েছেন, সেই দলিল থেকে এটা প্রমাণিত হয় যে Government এটা জানতেন। প্রমাণিত হচ্ছে, পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট Government of India-র কাছে ৪ঠা November ১৯৫০ সালে যে চিঠি পাঠিয়েছিলেন, যার নকল আমাদের কাছে দেওয়া হয়েছে, তা থেকেই জানতে পারা যায়। ১৯৫১ সালে যখন আমাদের Land Revenue officer ও পূর্ব বাংলার officers-রা বসে, তখন পূর্ব বাংলা বলেছিল আমরা চাই বেরুবাড়ী: সেটাও দলিলে রয়েছে। পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট ২৯শে November ১৯৫২ সালে ভারত গভর্ণমেণ্টকে সে কথা জানিয়েছে। তারপর ১৫ই সেপ্টেম্বর ১৯৫৩ সালে পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট আবার গভর্ণমেণ্টকে জানিয়েছেন যে, এই হচ্ছে পাকিস্তানের মতলব, তারা এটা দাবী করছে এবং আমরা এটা পছন্দ করি না। শুধু এইটুকু বলা ছাড়া আর কিছু করেন নি। সুতরাং তাঁরা যে জানতেন না, তা নয়। এবং তার পরবর্তী যুগে পাকিস্তানে যখন Government-র পরিবর্তন হল, তখন পশ্চিমবঙ্গের এবং সমগ্র ভারতবর্ষের জনসাধারণ তাতে চিন্তিত হয়ে পড়ে

যে আমাদের প্রতিবেশী রাষ্ট্র, সামরিক ও একনায়কত্ব রাষ্ট্রে পরিণত হল, কিন্তু পশ্চিমবাংলার সরকার বেরুবাড়ীর ব্যাপারে চুপ করে থাকলেন। এবং চুপ করে থাকলেন তা নয়, ১৫ই September ১৯৫৩ সালে তাঁরা লিখলেন, It might more appropriately be taken up by the Government of India direct. তারা সেখানে জোরের সঙ্গে বললেন না যে এটা দেওয়া যায় না অর্ধেক কিম্বা সম্পূর্ণ। অথচ ১৯৫২ সালে থেকে কথা উঠেছে, সংবাদপত্রে লিখেছে, প্রতিবাদ করেছে, আমি ১৯৫২ সালের একটা কাগজে দেখছিলাম যে এখন একথা, উঠেছে। কিন্তু এই গভর্ণমেণ্ট ভারত গভর্ণমেণ্টকে কিছুই লেখেন নি। শুধু বলেছেন যে, আপনারা উপরে বসে সব ঠিক করে নিন কিন্তু আমরা এটা ভাল মনে করি না। এখন কোন গভর্ণমেণ্ট যদি এই রকম মনোভাব নেন তাহলে সেই সম্পর্কে কি বলা যায়? দায়িত্বহীন গভর্ণমেণ্ট বলা যায়, উদাসীন গভর্ণমেণ্ট বলা যায়। এবং এখন বলছেন যে refugee আসবে তাতে দুঃখিত হবেন কিন্তু এইসব কথা তখন পরিষ্কার করতে পারেন নি। ছেড়ে দিয়েছিলেন পণ্ডিত নেহেরুর উপর। সুতরাং আমরা অভিযোগ জানাচ্ছি, পশ্চিমবঙ্গ গভর্ণমেণ্ট উদাসীন এবং হৃদয়হীনতার সঙ্গে ব্যবহার করেছেন বেরুবাড়ী সম্পর্কে। শুধু তাই নয়, তাঁরা এর একটা অংশীদারও ছিলেন এবং তা দলিল থেকেই বোঝা যায়। দলিল থেকে পরে উদ্ধৃত করে দেখাবো যে এঁরা তার একটা অংশীদার ছিলেন। সমস্ত জিনিসটা, ১৯৫০-৫১-৫২ সালে, এই বেরুবাড়ী সংক্রান্ত কোন কথা আমাদের বলেন নি। Assembly-র confidence নেবার কোন চেষ্টা করেন নি। তার পরবর্তী যুগে এই দলিল থেকে আমরা জানতে পাই।

[3-10—3-20 p.m.]

ডাঃ রায় এই Assembly-তে বলেছেন, ম্যাপ চেয়ে পাঠান হয়েছিল, আমরা পাঠিয়েছিলাম, এবং আগে অথবা পরে আমাদের কখনো জিজ্ঞাসা করা হয় নি। তাঁরা জিজ্ঞাসা করেন নি—তাঁরা যদি স্বেচ্ছাচারিতা করেন, তাঁরা যদি মূর্খতার আশ্রয় নেন, তাঁরা যদি দেশকে বিক্রী করে দেন, তাহলে কি পশ্চিমবঙ্গ সরকারের কোন দায়িত্ব ছিল না, কর্তব্য ছিল না? পরেই বা তাঁরা কেন সে সম্বন্ধে অবহিত হলেন না? আমি জিজ্ঞাসা করতে চাই, রঘু ব্যানার্জী যখন গেলেন তখন তাঁদের কি বলা হয়েছিল? তাঁরা সেখানে গিয়ে কি বলবেন তার কোন নির্দেশ ছিল না? এবং তাঁরা যখন ফিরে এলেন তখন তাঁদের নির্দেশ দেওয়া হয়েছিল। তখন দিল্লীতে কি লেখা হয়েছিল? জিজ্ঞাসা করি কাগজ-কলমের অভাব ছিল? ট্রাঙ্ক টেলিফোন করতে পারেন নি? বৎসরে কয়েকবার তো ডাঃ রায় পণ্ডিত নেহরুর সংগে দেখা করতে যান—তখন সেই কথা বলতে পারেন নি? যখন পার্লামেণ্টের সমস্ত দলের সদস্যরা ডাঃ রায়ের কাছে চিঠি লিখেছিলেন তার জবাবে ডাঃ রায় কি বলেছিলেন? তাঁরা সেই চিঠিতে লিখেছিলেন যে, তাঁরা অত্যন্ত ক্ষুব্ধ হয়েছেন। ডাঃ রায় যা লিখেছেন তার জবাবে তা থেকেই পরিষ্কার হয়ে যায় যে এই ষড়যন্ত্রের অংশীদার ছিলেন পশ্চিমবঙ্গ সরকার। Dr. Roy লিখছেন বাট দি ডিভিশন অব বেরুবাড়ী নিড্ নট টেক প্লেস বিফোর অ্যাডিকোয়েট অ্যারেঞ্জমেণ্টস হ্যাব বিন মেড টু রিয়্যাবিলিটেট্ দি পপুলেশন, এর মানে কি? আপনারা পড়ে দেখুন। সোজা বাংলায় এর মানে হচ্ছে যা ঘটছে তা ঘটবে, ঠেকান যাবে না, ঠেকানোর কোন প্রয়োজনও নাই। তার তারিখ 17th Sept. 1958, সেই M. P.-দের কাছে লিখিত চিঠির। এতবড় একটা লজ্জার ব্যাপার, এতবড় একটা বিশ্বাসঘাতকতা তিনি করলেন দেশের লোকের সংগে। সব সময় চেপে রেখেছেন, ঢেকে রেখেছেন, এই এ্যাসেমব্লিতে পর্যন্ত জানতে দেন নি, বলতে চান নি। এই গভর্ণমেণ্ট-এর প্রতি দেশের লোকের বিশ্বাস ও আস্থা কি করে থাকবেই তিনি অন্ততঃ ন্যায্য কথাও বলতে পারেন না।

তিনি একথা বলতে পারতেন সারা বাংলাদেশ বিক্ষুব্ধ। সুতরাং তোমরা একাজ করো না। যদি তা করতে পারতেন পশ্চিমবঙ্গের জনসাধারণ আপনার প্রশংসা করত আমরা সকলে একযোগে পদত্যাগ করতাম—তাহলে একটা অচল অবস্থার সৃষ্টি হত—আপনারা আজো যদি পদত্যাগ করেন…[Noise]

এই ইস্যুতে আপনারা পদত্যাগ করুন আমরাও আপনাদের সংগে পদত্যাগ করব। যদি সৎসাহস থাকে এই চ্যালেঞ্জ করুন।

এই ইস্যুতে আমরা পদত্যাদ করব। এই চ্যালেঞ্জ কম্যুনিষ্ট পার্টি থেকে আমরা করছি। সুতরাং আমরা এই কথা বলব যে বেমালুম ধামা চাপা দিয়ে এই কাজ চালিয়ে গেছেন এবং এখন ভাকা সাজছেন। অর্থাৎ আপনারা যেন ভাজা মাছটি উলটে খেতে জানেন না। সমস্ত মন্ত্রীসভা এই ষড়যন্ত্রের মধ্যে ছিলেন এবং আমাদের মুখ্যমন্ত্রী এই ষড়যন্ত্রের পাণ্ডা ছিলেন। ১৯৫৮ সালের যে ডিবেট সেই ডিবেট হয় বিরোধীদল থেকে জ্যোতিবাবুর একটা র‍্যাড্‌জোর্নমেণ্ট মোশান-এর উপর। সেই ডিবেটের উত্তরে ডাঃ রায় যে কথা বলেছিলেন সে কথা কোন লোক বিশ্বাস করে নি, কিন্তু আমরা তখন বিশ্বাস করেছিলাম যে মন্ত্রীসভা এই ষড়যন্ত্রের মধ্যে নেই। অর্থাৎ এঁরা শুধু 15th century-র Grand Moghul-এর মত কাজ করেছেন। তারপর যে ডিবেট হয়ে প্রস্তাব পাশ হল সেই প্রস্তাবের সঙ্গে কোন কন্ডারিং নোট গেল না—অর্থাৎ ডাঃ রায়ের কোন কন্ডারিং নোট গেল না। এর মানে কি যে এ্যাসেম্বলীর বক্তব্যের মধ্যে কোন সিরিয়াসনেস ছিল না। সেজন্য বলছি যে এঁরা এই ষড়যন্ত্রের অংশীদার ছিলেন এবং সেই হিসাবে বাংলাদেশের লোক এদের ধিক্কার দিচ্ছেন। এঁরা শুধু বলার চেষ্টা করছেন যে এটা আমাদের কাজ নয়, ভারত-সরকারের কাজ, কিন্তু পশ্চিমবাংলার মন্ত্রীসভা যদি এর বিরুদ্ধে রুখে দাঁড়াতেন তাহলে ভারত-সরকার এ কাজ করতে পারতেন না। এই ব্যাপারটা সুপ্রীম কোর্টের সামনে যখন গেল তখন পণ্ডিত নেহেরুর পিছু হটা ছাড়া কোন পথ ছিল না। কিন্তু মন্ত্রীসভা এই ষড়যন্ত্রের পেছনে ছিলেন বলে পণ্ডিত নেহেরু বলেছিলেন আমি এটা সই করব, চুক্তি লঙ্ঘন করব না। তিনি তখন বলেছিলেন all that I can say is that I shall be very very sorry. বেরুবাড়ী দেবার সব ব্যবস্থা করে তারপর বলছেন দুঃখিত—যেন এটা বেড়ালের মায়াকান্না। এ্যাসেম্বলীতে যখন Constitution (5th Amendment) Bill-এর মার্জার বিল সম্বন্ধে যতীনবাবু বললেন তখন তিনি প্রথমে বললেন আমি কিছু জানি না এবং তারপর অত্যন্ত নির্লজ্জভাবে পরের দিন তিনি এই দুটো বিলের প্রাপ্তি স্বীকার করলেন। এইভাবে সেদিনই এই মন্ত্রীসভার মুখোস খুলে গেল। সুতরাং আগাগোড়া এই মন্ত্রীসভা ষড়যন্ত্র, অসত্য ভাষণ, মিথ্যা স্বীকৃতির আশ্রয় গ্রহণ করেছেন। সেজন্য আজ এই মন্ত্রীসভার প্রতি বাঙালীর আর কোন আস্থা নেই এবং তারা এই মন্ত্রীসভাকে আজ ধিক্কার দিচ্ছে। প্রতিটা কাগজ খুলে দেখুন এই মন্ত্রীসভার জনৈক সদস্যের কাগজও সেখানে তারা এই মন্ত্রীসভার ধমকানী সত্ত্বেও দিনের পর দিন এই ষড়যন্ত্রের বিরুদ্ধে লিখে চলেছেন। বাংলা-বিহার সংযুক্তির কথা কোন কোন পত্রিকা এই ধমকানীর ফলে সংযুক্তির পক্ষে প্রচার করেছিল কিন্তু আজ তারা আর এই এতবড় দেশদ্রোহিতাকে সমর্থন করছেন না। আপনারা কি মনে করেন যে এর পরেও কাগজের সমর্থন আপনারা পাবেন? এবং পাবেনওনা। আগামী দিনে পশ্চিমবাংলার জনসাধারণ আপনাদের ধিক্কার দেবে এবং আপনাদের যদি বিন্দুমাত্র লজ্জাবোধ থাকে বা সৎসাহস থাকে তাহলে আমি যে কথা আগে বলেছি সেটাই আবার বলছি যে এই মন্ত্রীসভা পদত্যাগ করুক। আবার, এখানে আজ আমি এই চ্যালেঞ্জ রেখে গেলাম যে এক একজন মন্ত্রীর বিরুদ্ধে আমরা এক একজন দাঁড়াব এবং যদি আপনাদের বুকের পাটা এবং সৎসাহস থাকে তাহলে এই ইস্যুতে আপনারা পদত্যাগ করুন।

[3-20—3-30 p. m.]

Shri Ananda Gopal Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী পক্ষের তরফ থেকে মন্ত্রীসভার বিরুদ্ধে যে অনাস্থাজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবের সম্পূর্ণরূপে বিরোধীতা করে আমি আমার বক্তব্য আপনার সামনে রাখতে চাই এবং সেই সঙ্গে দেখাতে চাই যে, এই অনাস্থা প্রস্তাবের পেছনে বাংলাদেশের রাজনীতির একটি ছবি আছে। প্রথম কথা হলো যে, বাংলাদেশের রাজনীতিতে কমিউনিস্ট পার্টি, প্রজাতন্ত্রীদল, ফরওয়ার্ড ব্লক, আর, এস, পি, এস্, ইউ, সি, এবং অন্যান্য সমস্ত বন্ধুরা মিলে বিরোধীপক্ষ গঠন করেছেন। স্যার গত কয়েক বছরের বাংলাদেশের রাজনীতির ইতিহাস যদি আপনি পর্যবেক্ষণ করেন তাহলে দেখবেন যে, স্বাধীনতার পরে বিরোধীপক্ষ দেশকে গড়ে তোলার কাজে কোন সহায়তা করে নি বা সে সম্পর্কে তাঁদের কোন কর্মসূচীও আজ পর্য্যন্ত নেই। তবে এটা শুধু আমি বলেই ক্ষান্ত হচ্ছিনা বরং আমি বিরোধীপক্ষের বন্ধুদের কাছে চ্যালেঞ্জ হিসাবে রাখতে চাই যে, তাঁরাও কি কখনও এই বিধান সভার সামনে দৃষ্টান্ত দিয়ে দেখাতে পারেন যে বাংলাদেশ এবং ভারতবর্ষকে গড়ে তোলার কাজে তাঁরা হাত দিয়েছেন ? বরং পক্ষান্তরে দেখতে পাই যে, এই বিরোধীপক্ষ নিজেদের হাতে ক্ষমতা নেবার জন্য বারংবার বাংলাদেশের এবং ভারতবর্ষের জনসাধারণের দুঃখ দরিদ্র, অভাব-অনটন এবং অন্যান্য সমস্যার সুযোগ নিয়ে তাঁদের বিক্ষুব্ধ করতে চেয়েছেন এবং অন্যদিকে প্রথম সাধারণ নির্বাচনের পর সারা ভারতবর্ষময় তাঁরা একথাই প্রমাণ করতে চেয়েছিলেন যে ভারতবর্ষে কংগ্রেসের কোন স্থান নেই এবং বাংলাদেশে তো নেই-ই। কিন্তু বাংলাদেশের মানুষের মনে তাঁরা সেই বিভ্রান্তি সৃষ্টি করতে সফল কাম হন নি এবং যার ফলে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতার জোরে বাংলাদেশের শাসন ক্ষমতায় এসেছে। স্যার, প্রথম সাধারণ নির্বাচনের পর থেকে দ্বিতীয় সাধারণ নির্বাচন আরম্ভ হওয়া পর্য্যন্ত দেশের মধ্যে গণতন্ত্রের নামে অগণতান্ত্রিক এবং দেশের স্বাধীনতাকে বিপন্ন করবার জন্য বিভিন্ন রকম আন্দোলন গড়ে উঠেছিল এবং আমি আপনার সামনে তুলে ধরতে চাই যে, ব্যক্তিস্বাধীনতা, গণতন্ত্র এবং দেশের মানুষের নাম করে দেশের মাঝে যাঁরা অরাজকতা সৃষ্টি করতে চেয়েছিল তাঁদের মধ্যে সবচেয়ে বড় অপদার্থ হোল এই কমিউনিস্ট পার্টি। তবে সুখের কথা যে, ভারতবর্ষ এবং বাংলাদেশের মানুষ একথা কখনও ভোলেনি যে ১৯৪২ সালের আন্দোলনের সময় এই সমস্ত বিদেশী পদলেহীর দলই ভারতবর্ষের স্বাধীনতার আন্দোলনকে পেছন থেকে পদাঘাত করতে চেয়েছিল। অবশ্য সেদিন যেমন তাঁরা সফলকাম হন নি ঠিক তেমনি ১৯৪২ সালের পর থেকে বাংলাদেশের বুকে বিভিন্ন রকম আন্দোলন করে বাংলাদেশের শাসনক্ষমতাকে পঙ্গু করবার জন্য যত রকম চেষ্টা করেছেন বা করছেন তাতে তাঁরা সফলকাম হন নি এবং হবেনও না। তাও সফল হয় নি। গত নির্বাচনে তারা সারা ভারতবর্ষ এবং বাংলাদেশের বুকে বিশেষ করে এই কথা প্রমাণ করতে চেয়েছিলেন যে বাংলাদেশের মানুষের কংগ্রেসের উপর কোন আস্থা নেই। সেদিন তাদের এই কথা মানুষ বিশ্বাস করেছিল কিনা তার প্রমাণ বর্ত্তমান যাঁরা জনপ্রতিনিধি আছেন তাঁরাই। এবারে নির্বাচন আসছে। নির্বাচনের প্রত্যুষে আজ তাদের মিতাদীতে ভাজন ধরেছে ; আর যে সমস্ত বন্ধু গলায় গলায় হাত দিয়ে আন্দোলন করেছিলেন আজ তারা দেখছেন যে বিরোধী পক্ষের কমিউনিস্ট দল ভারতবর্ষের মাটিতে থাকলেও ভারতবর্ষের মাটিকে তারা মা বলে নাই, বাংলাদেশের মাটিতে বাস করলেও তারা বাংলাদেশকে মা বলে মনে করে না। আজ বিরোধী পক্ষের পি, এস, পি'র কংগ্রেস থেকে আদর্শগত তফাৎ থাকলেও তারা তাদের সঙ্গে চলতে রাজী নয়। আজ তাই কমিউনিস্ট পার্টি এবং পি, এস, পি'র মধ্যে প্রতিদ্বন্দ্বিতা আরম্ভ হয়েছে কে কিভাবে ভারতবর্ষে নিজের রাজনৈতিক প্রতিষ্ঠা বজায় রাখবে। তাই আজ দুটো নো কন্‌ফিডেন্স প্রস্তাব এসেছে যা বাংলাদেশের বিধানসভায় ইতিপূর্বে কখনও আসে নি। এই যে দুটো প্রস্তাব এসেছে সেখানে দেখছি প্রতিযোগিতা চলছে কে আগে প্রস্তাব আনবে। এই প্রতিযোগিতায় কমিউনিস্ট দল

হেরেছে পি, এস, পি,'র কাছে। প্রতিযোগিতায় দেবেনবাবুর প্রস্তাব আগে এসেছিল, তারপর এসেছে তাদের প্রস্তাব। [হট্টগোল] এখন সেখানে যেন নিমের মাজনের প্রতিযোগিতা চলছে আমার ভাল, আমার ভাল। এই পরিস্থিতিকে সামনে রেখে বিচার করতে বলব যে নো কন্‌ফিডেন্স এর পিছনে জনমত নেই, এর পিছনে ভারতবর্ষ বাংলার স্বার্থ জড়িয়ে নেই। আমাদের দেশে স্বাধীনতা আন্দোলনে লক্ষ লক্ষ মানুষকে সহীদ হতে হয়েছে। আজ বাংলা দেশ বিভক্ত হয়েছে, পাঞ্জাব বিভক্ত হয়েছে। এই বিভক্ত বাংলাদেশের সীমারেখা নিয়ে স্বাধীনতার পর থেকে বারংবার দিনের পর দিন এমন সব সমস্যার সৃষ্টি হয়েছে যা নিয়ে ভারতবর্ষের মন্ত্রীসভা, ভারতবর্ষের প্রধানমন্ত্রী বিব্রত হয়েছেন। এই সীমারেখা এমনভাবে টানা হয়েছে যার কোন সুস্পষ্ট উল্লেখ কোন জায়গায় নেই। কোন মানুষের বাস্তবাড়ী পড়েছে ভারতবর্ষে রান্নাবাড়ী পড়েছে পাকিস্তানে। [তুমুল হট্টগোল] ভারতবর্ষের যে এনক্ল্যাভ পাকিস্তানে আছে এরমধ্যে বৈশিষ্ট্য আছে—সেখানে সংখ্যাগরিষ্ঠ হিন্দু এবং পাকিস্তানের যে এনক্ল্যাভ ইণ্ডিয়ায় ছিল সেখানে সংখ্যাগরিষ্ঠ মুসলমান। কিন্তু সেই সংখ্যাগরিষ্ঠ মুসলমানের মধ্যে তারা বাস করছে। তাই যখন বিপদ এসেছে তখন সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের কাছে তারা মাঝে মাঝে সাহায্য পেয়েছে। ভারতবর্ষের যে এনক্ল্যাভ পাকিস্তানে ছিল সেখানে যখন অসুবিধা হয়েছে, যখন এ্যাড্‌মিনিষ্ট্রেটিভ ডিফিকাল্টি হয়েছে তখন সরকারের তরফ থেকে সাহায্য দেবার ব্যবস্থা হয়েছে, সেখানে পারমিসান নিয়ে যেতে যেতে মাসের পর মাস লেগেছে। তাই যে-কোন সমস্যা আসুক সেই সমস্যাকে মেটাবার জন্য সরকার যখন হস্তক্ষেপ করেছেন দীর্ঘ সময় পেরিয়ে গেছে এই ঘটনা কাগজের মারফত আমরা দেখেছি। লোক মুখে আমরা শুনেছি বর্ডারের বাসিন্দাদের প্রতিদিন কত অসুবিধার মধ্যে থাকতে হয়েছে। [হট্টগোল] এই বিপদের কথা চিন্তা করে ভারতবর্ষের বর্ডারের লক্ষ লক্ষ মানুষের কথা ভেবে আজ বর্ডার ডিস্‌পিউট মেটাবার জন্য ভারতবর্ষ এবং পাকিস্তানের প্রধান মন্ত্রীগণ এই চুক্তিতে আবদ্ধ হয়েছেন। আমরা যদি এই বর্ডার ডিসপিউট সম্বন্ধে দেখি তাহলে দেখতে পাই সেখানে আমাদের সামনে যে সমস্ত ডিসপিউটগুলি এসেছিল মোটামুটিভাবে তা এইরূপ ছিল।

No. 1—Demarcation of two Cooch Behar enclaves adjacent to Jalpaiguri boundary ; No. 2—Berubari dispute ; No. 3—Hilli dispute ; No. 4—24-Parganas-Jessore-Khulna dispute ; No. 5—24-Parganas-Khulna dispute.

[3-30—3-40 p. m.]

তাছাড়া আরো কয়েকটা বিষয়ের সেখানে অবতারণা ছিল। মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার সামনে অন্যান্য ডিসপিউটগুলি সম্বন্ধে আলোচনা না করে আপনাকে শুধু এটুকু জানাতে চাই যে বেরুবারী ডিসপিউট নিয়ে আমাদের বাংলাদেশের সকল মানুষ বিভিন্নভাবে চিন্তা করেছেন। বাংলাদেশের বিধানসভায় কংগ্রেসী সদস্য হিসাবে আমরাও এ জিনিষ গভীরভাবে পর্য্যালোচনা করেছি, পর্য্যালোচনা করে আমাদের মনে যে বিশ্বাস, যে ধারণা এসেছিল আমরা তাতে মনে করেছিলাম যে বেরুবারীকে না দিয়ে আমরা কোন রকম অন্য উপায় বের করতে পারব কিনা। বিরোধিপক্ষের বন্ধু ডাঃ রণেন সেন মহাশয় একটু আগে বলে গেলেন যে বাংলাদেশের সরকার বাংলাদেশের মানুষের সামনে চক্রান্ত সৃষ্টি করেছেন, ধাপ্পা দিয়েছেন। তিনি আপনার সামনে এইবইটা থেকে উদ্ধৃত করে বিভিন্ন পরিসংখ্যান আপনার সামনে রাখবার চেষ্টা করেছেন কিন্তু যেখানে এই পরিসংখ্যান সরকারের পক্ষে সহায়ক হবে সেদিকে তিনি দৃষ্টি দেননি। এটাকি সত্য নয় যে পশ্চিমবংগ সরকার ভারত সরকারকে সরাসরি জানিয়ে দিলেন র‍্যাডক্লিফ র‍্যাওয়ার্ডে বেরুবারী সম্বন্ধে যে ডিসপিউটের কথা আছে সেখানে লোকে কোন

ডিসপিউট এখনও পর্যন্ত উঠেনি [বিরোধী পক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল] Copy of letter dated November 4, 1950, from the Government of West Bengal to the Government of India, Ministry of External Affairs. The Pakistan Government has not filed any dispute over the area marked 'X' which is in our possession. পক্ষান্তরে আমরা তাদের কাছ থেকে শুনলাম যে পশ্চিমবংগ সরকার বারংবার ধাপ্পা দিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করে চলেছেন। আজ যদি পশ্চিমবংগ সরকার মানুষকে ধাপ্পা দেয়ার কথা চিন্তা করতেন তাহলে তারা এই সমস্ত ডকুমেন্টস তাঁদের সামনে দিতেন না। এর থেকে যে কোন একটাকে বের করে রাখলে তাঁদের পক্ষে জানাও সম্ভব হোত না যে সেখানে কি চিঠি দেয়া হয়েছে। আজ দে হ্যাভ প্লেসড্ অল কার্ডস্ অন দি টেব্‌ল এবং নিয়মতান্ত্রিকভাবে, গণতান্ত্রিকভাবে যে পন্থায় গেলে বাংলাদেশ তার মতামত স্পষ্টভাবে ব্যক্ত করতে পারে পশ্চিমবঙ্গ সরকার সেই পথে গেছেন। অনেক সময় অনেকে চিন্তা করেছেন পশ্চিমবঙ্গ সরকার এতদূর যাচ্ছেন কেন? নিয়মতান্ত্রিকভাবে আইনানুগ পদ্ধতিতে যতদূর সম্ভব তারা ততদূর গেছেন। বিরোধিপক্ষ চেয়েছিলেন পশ্চিমবংগ সরকার এবং ভারত সরকারের মধ্যে বিরোধ সৃষ্টি করার জন্য কিন্তু আমরা জানি তাঁদের সেই চক্রান্ত ফলবতী হয় নি। আজ আমি আপনার সামনে একথা তুলে ধরতে চাই যে পশ্চিমবংগ সরকার যে পদ্ধতি গ্রহণ করেছেন কনষ্টিটিউসনে তার থেকে বেশী করার অধিকার তাদের নেই। বিরোধিপক্ষের কমিউনিষ্ট বন্ধুরা রাজনৈতিক স্বার্থের জন্য বিধানসভায় এসে জনমতকে তাঁদের পক্ষে আনার কথা ভাবেন, আর মুখে বলেন কনষ্টিটিউসনের আনুগত্যের কথা। কনষ্টিটিউসনের প্রতি যদি তাঁদের আনুগত্য থাকতো তাহলে তাঁরা এই প্রস্তাব এখানে এনে আজ সরকারের সম্বন্ধে নিন্দাসূচক কথা বলতেন না। এই কনষ্টিটিউসনটা আমি এখানে ধারাবাহিকভাবে আপনার সামনে ধরতে চাই। তাঁরা চেয়েছিলেন সুপ্রীম কোর্টে গিয়ে পশ্চিমবংগ সরকার ভারত সরকারের বিরুদ্ধে কেস ফাইল করেন। তাঁরা যদি কনষ্টিটিউসনের সেক্সন ১৩১ দেখেন তা'হলে দেখবেন সেখানে আছে Provided that the said jurisdiction shall not extend to a dispute arising out of any treaty, agreement, covenant, engagement, sanad or other similar instrument which having been entered into or executed before the commencement of this Constitution continues in operation after such commencement or which provides that the said jurisdiction shall not extend to such a dispute. কাজেই সেখানে পশ্চিমবংগ সরকার ভারত সরকারের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে কোন রকম ভাবে যেতে পারেন না। যদি কনষ্টিটিউসনের আনুগত্যের কথা উঠে তাহলে সেক্সন ১৮৮তে কারণ আছে Conduct of Business Oath or affirmation by members. সুতরাং একথা বলার কোন প্রয়াস আসেনা। এর পরেও কি তাঁরা বলতে চান যে পশ্চিমবঙ্গ সরকার, বেরুবারী দেয়ার ব্যাপারে আরো যে আন্দোলন করা উচিত ছিল, ভারত সরকারের বিরুদ্ধে সারা ভারতবর্ষের মধ্যে যে একটা কেওস ক্রিয়েট করা উচিত ছিল সেটা তারা করেননি। এটা করেননি এইজন্য যে তাঁরা federal structure of the Governmentকে বিশ্বাস করেন, তাঁরা সংবিধানকে বিশ্বাস করেন এবং ভারতবর্ষের সংবিধানকে সকলের চেয়ে উর্দ্ধে স্থান দিয়েছেন। কাজেই পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে এর চেয়ে বেশী আর কিছু করবার ছিল না।

Shri Deben Sen : Sir, I move that this Assembly expresses its want of confidence in the Council of Ministers of the Government of West Bengal for its failure to take timely and proper and effective steps for the implementation of the unanimous resolution of the Assembly passed by it on the 29th December, 1958 and reiterated by it on the 29th November, 1960, against transfer of Berubari Union No. 12 to Pakistan, there by betraying the interest of the people of West Bengal.

মিষ্টার স্পীকার স্যার, আমি সরাসরি অভিযোগ আনছি—যে পশ্চিমবঙ্গ সরকার বেরুবাড়ী বিভাগ করা হবে এ খবর কেবল জানতেন তাই নয়, নেহরু-নুন চুক্তির বহু আগে থেকেই জানতেন এবং এই বেরুবাড়ী বিভাগ সম্বন্ধে তাঁরা রায় দিয়েছিল, মেনে নিয়েছিল। এই হচ্ছে আমার অভিযোগ। তাই আমি এস্টাব্লিসড্ করতে চাই দুটী জিনিষ উদ্ধৃত করে।

একটা দেখুন নোট্ যেটা রয়েছে, যা আমাদের কাছে দেওয়া হয়েছে, তাতে লেখা রয়েছে—

"It was felt all along by us that our case regardingberu Bari Union was not very strong."

সুতরাং এই মনোভাব নিয়ে তাঁরা অগ্রসর হয়েছে অল অ্যালঙ যে জিনিষটা উদ্ধৃত করেছেন আনন্দ বাবু, সেটা 1950'র। এখন আমি যেটা উদ্ধৃত করছি সেটা 1960'র সেপ্টেম্বর এবং তাতে গভর্ণমেণ্টের মুখপাত্র—খুব সম্ভব চীফ্ সেক্রেটারী বলছেন যে All along we have felt that our case was not very strong বিধানসভায় আমাদের জানান হয়েছে—যখন প্রস্তাব আনা হয়, তখন জানান হয়েছে, তার আগে কোন সময়েই আমরা জানতে পারিনি যে পশ্চিমবঙ্গের মন্ত্রীমণ্ডলী মনে করেন বেরুবাড়ী সম্বন্ধে তাঁদের কেস্ ষ্ট্রং নয়। তাহলে বিধানবাবু এই প্রস্তাব আমাদের সম্মুখে এনেছিলেন কেন?

আমি আর একটি উদ্ধৃতি করছি। কেবিনেট ডিসিশান্—24th July, 1958 : অর্থাৎ চুক্তির প্রায় দু মাস আগে সেই ডিসিশান হয়েছে।

"The Cabinet decided that this Government should recommend to the Government of India that while it should press in the first instance for cession by Pakistan of an area of 8·305 square miles or failing that suitable compensation for such territory, it should not hold out on this issue" যে পয়েণ্ট বলছি বেরুবাড়ী সম্বন্ধে "and may agree to an out and out exchange of Indian enclaves with the Pakistan enclaves without cession by Pakistan of the difference in area or failing that without obtaining any compensation for the same."

এই decision আমি বলি magnificent capitulation এবং conspiratorial betrayal এই দুটি আমি establish করতে চাই এই যে magnificent capitulation পাকিস্তান আট বর্গ মাইল জায়গা পাচ্ছে, তারজন্য যদি তারা কোন সমপরিমাণ জায়গা না দেয় বা তার জন্য কোন টাকা না দেয়, যে টাকা এঁরা চেয়েছিলেন তাহলে দুটোই ছেড়ে দেওয়া হবে। এই magnificent capitulation decision নিলেন—26th July. দুমাস আগে তাঁরা কি করে জানলেন নেহরু-নুন চুক্তির কথা? 10th September আমাদের মন্ত্রীমণ্ডলী কিকরে জানলেন এই ৮ স্কোয়ার মাইল জায়গা পাকিস্তানকে বেশী দিতে হবে? আমি বলছি—তাঁরা এটা জানতেন। এই বেরুবাড়ী ভাগাভাগির খবরও তাঁদের কাছে আগে এসেছে। কারণ বেরুবাড়ীকে ছিটমহল বলে ধরা হয়েছিল। পাকিস্তানও একে ছিটমহল বলে ধরেছিল, আমার পশ্চিমবঙ্গ সরকারও একে ধরেছিলেন ছিটমহল বলে। কেন এটা করেছিলেন? এর উত্তর আমরা চাই।

[3-40—3-50 p. m.]

যদি বেরুবাড়ীর খবর না এসে থাকে, তাহলে বেরুবাড়ী সম্পর্কে কোন ডিসিশন্ হল না কেন? ডিসিশন্ হল ছিটমহল সম্বন্ধে, এনক্লেভস্ সম্বন্ধে। অথচ বেরুবাড়ী সম্বন্ধে কেবিনেট থেকে একটা ডিসিশন্ নিয়ে সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে জানান হল না কেন, যে আমরা বেরুবাড়ীর অংশ কিছুতেই ছাড়বো না। আনন্দবাবু ১৯৫০ সালের একটা খবর দিয়েছেন। From

1950 to 1958 Cabinet decision-এ দেখবেন, বলা আছে—আমাদের কোন জায়গা নেই। সেই জমা প্যাকেজ প্রোপোজাল নিয়ে নেহেরু-নুন্ আলোচনা হয়। সেই আলোচনায় পাঞ্জাবের ডিস্‌পুট, আসামের ডিস্‌পুট এবং পশ্চিমবঙ্গের ডিসপুট, সব নিয়ে আলোচনা হয়। আসাম ও পাঞ্জাব বেশী পেয়ে গিয়েছে, পশ্চিমবঙ্গ কম পেয়েছে শুধু নয়, 8 sq. miles ছেড়ে দিয়েছে, বেরুবাড়ীকে খয়রাতী দিয়েছে। এতে পশ্চিমবঙ্গের কি চাপ ছিল না? এটা কি তাঁদের পক্ষে অক্ষমতার পরিচয় নয়? পশ্চিমবঙ্গ সরকার বা তাঁদের কর্মচারীদেরও এ বিষয় কেন্দ্রীয় সরকারের উপর কোন চাপ ছিল না; এর দ্বারা কি প্রমাণিত হয় না যে কেন্দ্রীয় সরকারের ডিসিশন মেনে নিয়েছেন যে আমরা বেরুবাড়ী ছেড়ে দেবো। সুতরাং ওখানে গিয়ে আমরা আর হল্লা করবো না, চেঁচামেচি করবো না। আমি এর উত্তর চাই যে এই সম্পর্কে কোন কেবিনেট ডিসিশন নেই কেন? তাঁরা এটা ছেড়ে দিয়ে চলে আসলেন কেন? এর থেকে বোঝা যাচ্ছে যে আওয়ার কেস ওয়াজ নট অ্যাট অল স্ট্রং। ইজ দাট করেক্ট? আমি শঙ্করবাবু এবং মুখ্যমন্ত্রী মহাশয়, উভয়কে জিজ্ঞাসা করতে চাই এটা কি ঠিক, যে আওয়ার কেস অ্যাবাউট বেরুবাড়ি ওয়াজ নট অ্যাট অল স্ট্রং? র‍্যাডক্লিফ সাহেবের সামনে আমাদের কি টার্মস অব রেফারেন্স ছিল? কনটিগিউয়াস হিন্দু মেজরিটি এরিয়া এবং কনটিগিউয়াস মুসলিম মেজরিটি এরিয়া দেখে ডিমারকেশন হবে। বেরুবাড়ী কি জলপাইগুড়ির অন্তর্ভুক্ত ছিল না? বেরুবাড়া কি কনটিগিউয়াস হিন্দু এরিয়ার সঙ্গে যুক্ত ছিল না? র‍্যাডক্লিফ সাহেব আমাদের যে এ্যাওয়ার্ড দিয়েছেন, যে রায় দিয়েছেন, সেই রায়কে অদল-বদল করবার কারও অধিকার নেই। আমি ইন্টার ন্যাশনাল ল থেকে একটুখানি উদ্ধৃত করে পড়ে শোনাচ্ছি—মিঃ রাসেল, তিনি বলেছেন—

> "When an arbitrator makes a mistake either in law or in fact in determining the matters referred but such mistake does not appear in the face of the award, the award is good notwithstanding the mistake and will not be remedied."

সুতরাং এই অধিকার তাঁদের ছিল। তাঁরা কি জানিয়েছিলেন হিউম্যান ফ্যাক্টর সম্বন্ধে? তাঁরা কি বলেছিলেন সেখানে ১২ হাজার হিন্দু ও মাত্র ১০০টি মুসলমানের বাস। অবশ্য আমি মুসলমানের বিরুদ্ধে নই। মুসলমান হিন্দুস্থানে আসুক, তাদের আমরা ওয়েলকাম করবো। আমি আমাদের অধিকার সম্বন্ধে ডিসকাস করছি। তাঁকে হিউম্যান ফ্যাক্টর জানান হয়নি বলে তিনি অভিযোগ করেছেন। তিনি বলেছেন যদি হিউম্যান ফ্যাক্টর তাঁকে জানান হ'ত, তাহলে তাঁর মত, হয়ত অ্যাপ্রোচ ডিফারেন্ট হয়ে যেত। কাজেই আমি বলবো তাঁরা এই অক্ষমতা, হীনতা, ও আন্তরিকতা দেখিয়েছেন। তারপর সেটা ঢাকবার জন্য সরকার সততা, প্রবঞ্চনা, মিথ্যাচার ও ষড়যন্ত্রের আশ্রয় নিয়েছেন এক এক করে। ধরে নিলাম তাঁরা বেরুবাড়ীর খবর জানতেন না, ধরে নিলাম বেরুবাড়ীর ডিভিশন মেনে নিয়েছেন; কিন্তু, যখন 4th September দিল্লী থেকে আহ্বান এলো—"তোমরা এসো এবং চিফ্ সেক্রেটারী ও ডাইরেক্টর অব ল্যাণ্ড রেকর্ডস্ তাদের সঙ্গে নিয়ে এসো। খালি মানুষ নয়, তোমাদের ম্যাপস্ ও রেলিভ্যাণ্ট রেকর্ডস নিয়ে এসো"। পণ্ডিত নেহেরু রাজ্যসভায় তাঁর বক্তৃতায় বলেছেন দেয়ার ওয়ার রাইভাল ম্যাপস্, দেয়ার ওয়ার নিউ ম্যাপস্। পাকিস্তান রাইভাল ম্যাপ অ্যাণ্ড নিউ ম্যাপ দাখিল করেছেন, আর আমাদের সরকারের রেকর্ড কোথায়? ম্যাপ কোথায়? আমি ডিমাণ্ড করি এ সম্বন্ধে একটা এন্‌কোয়ারী করা হোক। তারা কি পাঠিয়েছিলেন এই ডিমাণ্ড করে একটা এন্‌কোয়ারি কমিশন্ হোক

with Chief Justice as the Chairman to study what were the documents that were placed before them, what were the documents and relevant matters and what were the maps that were submitted there.

আমরা বরাবরই ম্যাপ চেয়েছি, কিন্তু কোনদিন পাইনি—আজও চেয়েছি যে ম্যাপ দ্বারা আমাদের ভাগ্য নিয়ন্ত্রিত হচ্ছে। আমাদের দুর্ভাগ্য যে আমাদের অকর্মণ্য অফিসাররা নির্ভুল ম্যাপ তৈরী করতে পারে না যদি পারত তাহলে র‍্যাড'ক্লিফ অ্যাওয়ার্ড নিয়ে ম্যাপ সম্বন্ধে গরমিল হ'ত না। তখন থেকেই একটা ভুল একটানা চলে এসেছে। চিফ সেক্রেটারি যখন গেলেন তখন নির্দেশ দেওয়া হয় নি বলেছেন, আমি বলছি নির্দেশ দেওয়া হয়েছিল গুপ্তভাবে বেরুবাড়ী নিয়ে লাফালাফি করোনা যা চায় মেনে নিয়ে এসো—বেরুবাড়ী সম্বন্ধে তেমনি গুপ্ত নির্দেশ দেওয়া হয়েছিল, তাই আমাদের চিফ সেক্রেটারির অপকীর্তি আমরা দেখতে পাচ্ছি। পণ্ডিত নেহেরু নিজে বলেছেন—

The Chief Secretary of West Bengal said: The proposal which means the counter-proposal by Pakistan regarding West Bengal and East Bengal on Berubari is practical.

যদি proposal তারা মেনে নেন যে proposal-এ division হয়েছে তাহলে কি করে বলেন আমরা মানিনি? পণ্ডিত নেহেরু বলেছেন—

The West Bengal Government Officials did not object to the acceptance of the counter proposal. Details were worked out afterwards.

সুতরাং যদি Chief Secratary-কে গোপন নির্দেশ না দেওয়া হয় তাহলে তার কি দুঃসাহস হত এই বেরুবাড়ী division proposal এবং counter proposal মেনে নেয়? খুব একটা ছেলে মানুষি জবাব দিয়েছেন, আমরা বেরুবাড়ী হস্তান্তর মানিনি আমরা মেনেছি division এটা একটা ছেলেমানুষও বুঝতে পারে যে division হবে হস্তান্তরের জন্য। Division কি এজন্য নয় যে এই portion-টা আমাদের থাকবে আর এই portion-টা চলে যাবে, তা না হলে division হবে কেন? Division তো এজন্য হবে যে একটা অংশ আমাদের থাকবে আর অন্যটা চলে যাবে। তাহলে division স্বীকার করে নিয়েছিলেন। Division-এর রাস্তা Chief Secretary দেখিয়ে দিয়েছিলেন এবং তারা হস্তান্তর মেনে নিয়েছিলেন—আজ বলছেন কিনা খালি division বলে এসেছি এই জবাবটার কি অর্থ যে কোন ছেলেমানুষ একটু intelligent হলেই বুঝতে পারে। Chief Secretary place করেছেন division মেনে নিয়ে এসেছেন, হস্তান্তর মানেন নি এটা কি স্বীকার করতে হবে? কি করে এত দুঃসাহস হয় এই গুপ্ত নির্দেশ দেওয়ায়? গোপনে ডাঃ রায় কি বলেছিলেন মেনে নিয়ে এসো কোন ঝগড়াঝাটি করো না? তারপর নাটক আরও মর্মন্তুদ। তারা দুমুখো নীতি আরম্ভ করলেন এখান থেকে। একদিকে কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিতে লাগলেন আমাদের division মেনে নিয়েছি আর একদিকে public-এর সামনে এবং Assembly-এর সামনে বলতে আরম্ভ করলেন আমরা মানি নি, আমরা বিরোধিতা করেছি। প্রস্তাব গ্রহণ করে খুব লড়াই করে দেখান এই দুই মুখো নীতি তখন থেকে আরম্ভ করলেন। পণ্ডিত নেহেরু বলেছেন পার্লামেন্টে 6th December, 1958

"It will be seen from all the correspondence that the West Bengal Government did not give any indication that the decision was not acceptable to them. In fact communications were received exactly to the contrary."

[3-50—4 p.m.]

সুতরাং West Bengal Government Chief Secretary-কে মানেন না, একথা বলতে পারতেন। ডাঃ রায় যেমন বলেছেন Secretary করে থাকলে করেছে আমি জানি না। যদি তিনি Secretary-কে deny করেন তাহলে সেই Secretary-র decision-কে মেনে নিচ্ছেন

কেন? যদি Government ও Secretary দুইটি separate entity হয় তাহলে Secretary কোন জিনিস যেনে আসলেও সে দায়িত্ব Government-র উপর আসে না। Government বলতে পারতেন, আমি মানিনা। কিন্তু—

"There is no indication at any stage, date or moment that Bengal Government objected, all the communications were to the contrary...West Bengal Government went so far as to propose certain amendment to the schedule for exchange of Cooch Behar enclaves on the clear basis of acceptance of the decision on Berubari."

সুতরাং এর পর তাঁরা চিঠি লিখতে যাচ্ছেন, কবে? 15th November। আর আমাদের Assembly-তে প্রস্তাব পাশ হয়েছিল 29th December, 1958, অর্থাৎ ঐ বৎসরের ঠিক একমাস আগে বিধানবাবু লিখলেন, তোমরা time দেরী করে দাও আমরা যেন অন্য ব্যবস্থা করতে পারি। M. P.-দের কাছে যে চিঠি দিয়েছেন তাতেও এই কথাই লিখেছেন, যেটা রণেন বাবু বলেছেন, demarcation need not take place immediately till proper arrangements have been made for rehabilitation. সুতরাং এটা accepted হয়েছে। শুধু একটু সময় বেশী করে নিচ্ছেন, যাতে আপনারা rehabilitation করতে পারেন। অর্থাৎ গুলি করে, আঘাত দিয়ে তাকে হাসপাতালে নিয়ে যাচ্ছেন চিকিৎসার জন্য। বেরুবাড়ীর কথা ছেড়ে দিলাম, অন্য জায়গায় তাঁরা কি করেছেন, East Pakistan থেকে যারা এসেছে তাদের কি করা হয়েছে? আসাম থেকে যারা এসেছে, যারা ফিরে যেতে পারছে না। তাদের জন্য কি করা হয়েছে? এখানেও সেই ধোকাই আবার দেওয়া হচ্ছে। অর্থাৎ গুলি করে আঘাত দিয়ে তাকে হাসপাতালে নিয়ে যাচ্ছো। বিধানবাবুর Government কোন সময় এটা accept করেননি এটা জানাননি আপনারা সেই সময়। এই অভিযোগই পণ্ডিত নেহেরু এনেছেন আপনাদের বিরুদ্ধে। আমি এখানে বলতে চাই, শংকার দাস ব্যানার্জী, যিনি মনে করেন পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় আইনজ্ঞ, তিনি বেরুবাড়ী যে ছিটমহল নয় এসম্বন্ধে একটা case করতে পারেন নি? আমাদের Standing Counsel কি করছিলেন, আমাদের Advocate General কি করছিলেন, আমাদের Judicial Secretary কি করছিলেন, আমাদের Judicial Minister কি করছিলেন? অন্য মন্ত্রীরা কি করছিলেন? তাঁদের ত দেখি এখানে এসে খানিকক্ষণ হট্টোগোল করে চলে যান এবং তারপর তাঁদের নানারকম স্ফূর্তি চলে। আপনারা কোথায় ছিলেন? ডাঃ রায়কে আমি বাঙালী বলে মনে করি না, তিনি de-nationalised ** তিনি সারা জীবন মারোয়াড়ীর গৃহে ব্যবস্থা করেছেন, ইংরাজ প্রাসাদে যাতায়াত করেছেন, সুতরাং তাঁর চেতনা ও সত্তার পরিবর্তন হয়েছে। কিন্তু শ্রীপ্রফুল্ল সেন কি করছিলেন? তিনি ত cabinet-এ আছেন, ভূপতি দা কি করছিলেন, তিনিও cabinet-এ আছেন এবং যিনি তরুণ বয়সে সাগর পার হয়ে পালিয়ে সিংগাপুরে গিয়েছিলেন ব্রিটিশ সাম্রাজ্যবাদকে উচ্ছেদ করবার জন্য? শ্রীপ্রফুল্ল সেন, যিনি মহাত্মা গান্ধীর বৈপ্লবিক বাণী গ্রামে গ্রামে ছড়িয়ে বেড়াতেন, আপনারা বিধানবাবুর কাছে চুপ করে ছিলেন কেন?

আমি অন্যদের কথা বলব না, কালিপদবাবু বেসরকারী আমলে গুণ্ডাদের নেতা ছিলেন, আজ যে post-এ তাতেও তার qualitative change কিছু হয়নি। আমি বলতে চাই ভবিষ্যৎ ইতিহাসকার কি বলবে? এককালে বাংলাদেশের লক্ষ্মণ সেন আমাদের মুখে কালি দিয়েছিল, পরবর্তীকালে মীরজাফর, উমিচাঁদ জগৎশেঠ, রায়দুর্লভ আবার বাংলাদেশে আবির্ভূত হবে, ১৯৬১ সালে কি আবার সেই জিনিস হবে? বিশ্বাসঘাতকতা এমনই জিনিস পুনঃ পুনঃ

**Expunged by order of Mr. Speaker

বাংলাদেশের বুকে অনুষ্ঠিত হচ্ছে। আজকে এই অনাস্থা প্রস্তাব আমি এনেছি কেন। বাংলাদেশের অগণিত জনসাধারণ আজকের এই দিন, দশই ফেব্রুয়ারী ১৯৬১, মনে রাখবে বিপ্লবের দিন বলে—এবং আশা নিয়ে বেঁচে থাকবে! ডাঃ রায়কে আমি বাঙালী বলে মনে করি না—

Shri Nepal Roy: কি মনে করেন?

Shri Deben Sen: He is a **denationalised** *

Mr. Speaker: The expression is objectionable.

Shri Deben Sen: আপনি কোন rule-এ objection দিচ্ছেন? আমি আপত্তি করছি it is perfectly parliamentary আমি **denationalised** * বলেছি।

POINT OF ORDER

Shri Sankardas Bandyopadhyay: On a point of order, Sir. Is it permitted to refer to a person as 'denationalised hybrid'?

Mr. Speaker: No.

Shri Sankardas Bandyopadhyay: I did not interrupt him at that time because I am not in the habit of interrupting when one is speaking.

Mr. Speaker: This expression will be expunged from the proceedings.

Shri Bankim Mukherjee: Is it unparliamentary?

Mr. Speaker: Yes.

Shri Bankim Mukherjee: No, Sir, it is perfectly parliamentary. Even if one says something abusive, it may not always be unparliamentary. We have a list of unparliamentary words. If anything is unpleasant or unpalatable to one section of the House, that cannot be said to be unparliamentary. 'Denationalised' cannot be unparliamentary.

Mr. Speaker: The expression appears to be unparliamentary. So, I have decided it to be unparliamentary.

Shri Bankim Mukherjee: 'Denationalised' is not unparliamentary. So, it cannot be expunged.

Mr. Speaker: It is a pure and simple reflection on a member.

Shri Bankim Mukherjee: He can give a personal explanation. It is a no-confidence motion. The motion itself is a reflection on the entire Ministry.

Shri Ganesh Ghosh: আপনার ruling-টা কি হল? ওটা কি আপনি expunge করে দিচ্ছেন?

Mr. Speaker: Yes.

Shri Ganesh Ghosh: আপনাকে আমি reconsider করতে বলছি—এটা unparliamentary নয়—

Shri Deben Sen: যদি এটা 'unparliamentary' বলেন, High Court অবধি যাবে।

Shri Subodh Banerjee: আপনার expunge করার অধিকার নাই—আমি দেখাচ্ছি যেখানে indecent and vulgar word হয়—সেখানেই আপনি expunge করতে পারেন।

Mr. Speaker: Any defamatory, unparliamentary or undignified expression.

*Expunged by order of Mr. Speaker

Shri Subodh Banerjee : 'Undignified expression' হলে পারেন তা নাহলে আপনি পারেন না—'because that amounts to tampering with the Assembly proceedings.'

Mr. Speaker : Please sit down.

Shri Subodh Banerjee : Let me submit my point of order.

Mr. Speaker : What is your point of order ?

Shri Subodh Banerjee : সেসম্বন্ধে আমার জ্ঞান আছে। আমি বলছি যে আপনি বোধ হয় জানেন না যে কতখানি স্পীকার expunge করতে পারেন এ নিয়ে স্পীকার কনফারেন্সে ডিসাইড হয়। সেখানে পরিষ্কার ভাবে ঠিক হয়েছে যে ভালগার expunge করতে পারেন এবং যা ভালগার বা ইনডিসেন্ট নয় তা expunge করার ক্ষমতা আপনার নেই। সুতরাং আপনি এটা expunge করতে পারেন না।

Mr. Speaker : I refer you to sub-rule (2) of rule 355.

Shri Deben Sen : এর মধ্যে undignified কি আছে ?

Mr. Speaker : The time fixed for discussion of to-day's motions is 8½ hours. You are taking the time of the House in this way.

[4—4-10 p. m.]

Shri Hansadhwaj Dhara :

মিঃ স্পীকার স্যার, ওদিকের বন্ধুরা আবার যে অনাস্থা প্রস্তাব এনেছেন তার সমর্থনে ডাঃ রণেন সেন এবং শ্রীদেবেন সেন যে বক্তব্য রেখেছেন তাতে শুধু গালাগালি ছাড়া কিছু নেই। অর্থাৎ শুধু গালাগালি করার জন্যই যেন এই অনাস্থা প্রস্তাব আনার দরকার আছে। [নয়েজ] ব্যাকরণের মধ্যে যত রকম গালাগালি আছে সব ওঁরা করেছেন। অনেকবার ওঁরা এইরকম অনাস্থা প্রস্তাব এই হাউসে এনেছেন, কিন্তু ওঁরা জানেন যে ওঁদের আস্থা আমাদের উপর কোন কালে নেই এবং আমরাও এটা জানি যে ওঁদের আস্থার উপর আমরা এখানে বসে নেই। আমরা যে জনসাধারণের আস্থার উপর এখানে এসেছি সেটা ভোটেই প্রমাণিত হয়েছে। সেজন্য ওদের অনাস্থা প্রস্তাব নিয়ে আমরা খুব বেশী চিন্তা করি না। যাই হোক, বেরুবাড়ী সম্বন্ধে সব কথা আমরা জনসাধারণকে বলেছি এবং ওঁরাও বলেছেন। কিন্তু তার ফল কি সেটা ওঁরা জানেন। এই সভাতে বেরুবাড়ী সম্পর্কে বিশদ আলোচনা হয়েছে বলে এখন আর বিশদ আলোচনা করে যে কি ফল হবে তা আমি জানিনা। ডাঃ রণেন সেন বললেন যে বেরুবাড়ীর প্রশ্নে জনসাধারণ না কি আমাদের ধিক্কার দিচ্ছেন। বেরুবাড়ীর পর ভাণ্ডোরে যে নির্বাচন হল তাতে কি ফল হল সেটা নিশ্চয় ওঁর জানা আছে। সুতরাং ধিক্কার কি রকম জনসাধারণ দিচ্ছেন তা বোঝাই যায়। বেরুবাড়ীর আগে ক্যানিং-এ যে নির্বাচন হয় তাতেও ওঁরা বেরুবাড়ীর প্রশ্ন তোলেন, কিন্তু সেখানে ওঁদের জামানৎ পর্যন্ত জব্দ হয়ে গেছে। সুতরাং একথা আমরা বেশ জানি যে কাদের আস্থার উপর আমরা এখানে আছি—আপনাদের আস্থার উপরে নিশ্চয় নয়।

বেরুবাড়ী আজ আর বাংলাদেশের নয় এটা খুবই দুঃখের কথা এবং এর সঙ্গে সঙ্গে এটাও অনুভব করছি যে বেরুবাড়ী বাংলাদেশেরই থাকবে একথা বলে আমরা এই হাউসে উদ্বাস্তুনিবাসলি রিজলিওসন পাশ করা সত্ত্বেও আজ এই বেরুবাড়ী যা' এতদিন আমাদেরই ছিল তা পাকিস্তানে চলে যাচ্ছে। স্যার, পাকিস্তান আমরা কেউ চাইনি কিন্তু তবুও সেই পাকিস্তান যে

হয়েছে তার ইতিহাস হলো অন্য রকম, অর্থাৎ আমরা পাকিস্তান না চাইলেও মুসলীম লীগ তা চেয়েছিল এবং পরে কংগ্রেসও স্বীকার করতে বাধ্য হয়েছিল।

Shri Deben Sen : On a point of order, Sir. Undignified expression can be expunged by the House only but not by the Speaker. [Noise and interruptions]

Shri Hansadhwaj Dhara : মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কথা বলছিলাম যে পাকিস্তান আমরা কেউ না চাইলেও তা' হয়েছে এবং তার কারণ হলো তখন এমন একটা অবস্থা হয়েছিল যাতে করে এটা আমরা গ্রহণ করতে বাধ্য হয়েছিলাম এবং ঠিক তেমনি এই বেরুবাড়ীর ব্যাপারেও এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যার মাধ্যমে আজ এটা আমাদের হাত থেকে চলে গিয়ে পাকিস্তানের সঙ্গে সংযুক্ত হয়েছে। কাজেই আজ বিরোধীপক্ষ [Noise and interruptions]

Shri Deben Sen : The Speaker has no right to expunge an expression which is undignified. That has to be done by the House and not by the Speaker.

Mr. Speaker : Please read Rule 355(1) and you will find that the Speaker can use his discretion.

Shri Deben Sen : I would ask you to see Rule 355(2) where it is clearly pointed out that undignified expression may be ordered to be expunged by the House. The Speaker has no right to expunge. [Noise and interruptions]

Shri Bankim Mukherjee : Mr. Speaker, Sir, you have no right to expunge the expression. Your order cannot stand.

Mr. Speaker : Order has been passed. It will stand. In support of that I will give my reasons later.

Shri Ganesh Ghosh : Rules are so explicit and so clear that there is no scope for ambiguity. I cannot understand how you can say so. You may expunge such expressions what are indecent and vulgar. You cannot expunge what is undignified.

Shri Sunil Das : Indecent and vulgar হলে করতে পারেন। sub-rule (2) দেখুন।

Mr. Speaker : I have given the order and I shall give my reasons subsequently.

Shri Bankim Mukherjee : Sir, please do not compel us to go from one no-confidence motion to another no-confidence motion. [Noise and interruptions]

Mr. Speaker : Are you giving a threat ? [Noise and interruptions]

Shri Bankim Mukherjee : Do you think that it is our pleasure to move a motion of no-confidence ? Please do not compel us to do that. [Noise and interruptions]

Mr. Speaker : All right, I will give my ruling after the recess.

Shri Deben Sen : So your ruling is not there and till it comes the expression stands.

Mr. Speaker : Yes. Mr. Dhara, you can proceed.

[4-10—4-20 p.m.]

Shri Hansadhwaj Dhara :

মিঃ স্পীকার, স্যার, আমি যে কথাটা একটু আগে হাউসের সামনে নিবেদন করতে চেয়েছিলাম সেটা হ'ল একটা অবস্থা অনেক সময় ঘটে যায় উপর আমাদের কোন হাত থাকেনা এবং সেই অবস্থাকে মেনে নিতে হয়। আমরা পাকিস্তান চাইনি তবুও পাকিস্তানকে মেনে নিতে হয়েছে—দুঃখ ভোগ করছি, অন্তরে বেদনা আছে। আমাদের এখানে যে অনাস্থা প্রস্তাব এসেছে সেই প্রস্তাব সম্বন্ধে বিচার করলে দেখা যাবে যে বেরুবাড়ী হস্তান্তর আমাদের সেন্ট্রাল গভর্ণমেণ্ট করলেন। আর অনাস্থা প্রস্তাব আনা হচ্ছে বাংলা সরকারের বিরুদ্ধে। এখানে আমাদের উপর অনাস্থা কেন, না, আমাদের নাকি যেটুকু বিরোধিতা করা দরকার, সেন্ট্রাল গভর্ণমেণ্টকে যেটুকু অবহিত করা দরকার, তাদের সমস্ত তথ্য দেওয়া দরকার, এটা অন্যায় হচ্ছে এটুকু বলা দরকার তা নাকি আমাদের বলা হয় নি। এই হাউসে কয়েকবার বেরুবাড়ী সম্বন্ধে আলোচনা হয়েছে। ১৯৪৮ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত গত ১০ বছর চিঠি পত্রের মাধ্যমে এবং এমনি যখন গেছেন তখন, কনফারেন্সে মুখ্যমন্ত্রী বার বার এ সম্বন্ধে বলেছেন এবং আমাদের যে কাগজপত্র দেওয়া হয়েছে তার মধ্যে পশ্চিমবংগ সরকারের ডেফিনিট ওপিনিয়ন তাঁরা জ্ঞাপন করেছেন এবং পশ্চিমবংগ সরকার ১৯৪৮ সাল থেকে ১৯৫৮ সাল পর্যন্ত নিশ্চয়ই তাঁদের কর্তব্য পালন করেছেন। এ সম্বন্ধে তবুও জোর করে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। আজ বেরুবাড়ীকে আশ্রয় করে অনাস্থা প্রস্তাব আনতে হয়েছে। আজ যদি বেরুবাড়ী না থাকত তাহলে কি হত? আমি বলে রাখছি আসছে বার যে নির্বাচন আসছে তার মধ্যে ২।৩ টা সিটিং আছে, তারা প্রত্যেকবার অনাস্থা প্রস্তাব আনবে এই হাউসে এবং সেইটাই হচ্ছে তাদের একমাত্র ডিউটি। আমরা আপত্তি জানিয়েছি তবুও তারা করেছেন। কিসের জোরে করেছেন, না, গঠনতন্ত্রের জোরে করেছেন। সেই গঠনতন্ত্রের প্রতি তাদের আস্থা নেই জানানর সঙ্গে সঙ্গে ওপাশের বন্ধুরা উঠে দাঁড়িয়ে প্রতিবাদ করলেন এতবড় অন্যায় কথা! গঠনতন্ত্রের প্রতি বিশ্বাস নেই এইজন্য তাদের প্রতি আমাদের আস্থা নেই এই কথা বলে গিয়ে ওপাশের বন্ধুরা নিশ্চয়ই ভুল বলেছেন। [Noise and interruptions, আজকে যদি বেরুবাড়ী এপাশ থেকে ওপাশে পাকিস্তানে চলে যায় তাহলে তাঁরা সেটা গঠনতন্ত্রের জোরে করেছেন। আমরা অসুবিধায় পড়তে পারি কিন্তু সমগ্র দেশের মঙ্গলের জন্য যদি ওপাশে বেরুবাড়ী গিয়ে থাকে তাহলে দেশের প্রয়োজনে গিয়েছে। সমস্ত কাজ আজ আমাদের দেশের সংবিধান অনুসারে পরিচালিত হচ্ছে। আজকে পাকিস্তান সরকারের সঙ্গে আমাদের যে চুক্তি হয়েছে তা কি গঠনতন্ত্র বিরোধী? তা যদি গঠনতন্ত্র বিরোধী না হয় তাহলে আজকে এই অনাস্থা প্রস্তাব আনবার কোন কারণ নেই। পাকিস্তানের সঙ্গে হিন্দুস্থানের চুক্তি যদি আমাদের গঠনতন্ত্রে থাকে—Seventh Schedule, list 14—Entering into treaties and agreements with foreign countries and implementing of treaties, agreements and conventions with foreign countries.

তাহলে তাঁরা আমাদের গঠনতন্ত্রের বাইরে কাজ করেন নি। দ্বিতীয় কথা এই গণতন্ত্র যদি foreign countries-র সঙ্গে treaties করে এবং সেই treaties-কে রূপ দেওয়ার ক্ষমতা যদিও পার্লামেণ্টের আছে তবুও সেই গঠনতন্ত্র অনুসারে কাজ হবে। Article 253 বলছে—

Notwithstanding anything in the foregoing provisions of this Chapter, Parliament has power to make any law for the whole or any part of the territory of India for implementing any treaty, agreement or convention with any other country or countries or any decision made at any international conference, association or other body.

তাহলে ট্রিটি করবার জন্য প্রভিসন আণ্ডার কনষ্টিটিউসন আছে এবং সেই ট্রিটিকে ইমপ্লিমেণ্ট

করবার জন্ত প্রভিসন আণ্ডার দি কনষ্টিটিউসনে আছে এবং সেটা ইমপ্লিমেণ্ট করতে গেলে কনষ্টিটিউসনের য়্যামেণ্ডমেণ্ট দরকার। আর্টিকল ৩৬৮ অব দি কনষ্টিটিউসনে আছে an amendment of this Constitution may be initiated, etc., অতএব যা কিছু কাজ হয়েছে সেটা আণ্ডার দি প্রভিসন অব দি কনষ্টিটিউসন হয়েছে। আমাদের শুধু বিক্ষোভ হচ্ছে বেরুবাড়ী এই অংশ আমাদের মধ্যে ছিল, তা আজকে চলে যাচ্ছে। যেমন বাংলাদেশ এক ছিল, আজ ভাগ হয়ে গেছে এ দুঃখ আমাদের আছে। কাজেই চক্রান্ত করা হয়েছে, মীরজাফরত্ব হয়েছে একথা বলা উচিত নয়। কনষ্টিটিউসনের এই কথাগুলি শ্রীদেবেন সেন মহাশয়ের জানা উচিত ছিল। সমস্ত জিনিসটা কনষ্টিটিউসনালী হয়েছে। মীরজাফর যেমন লুকিয়ে কাজ করেছিল এটা তেমন করে করা হয়নি। ঐ সোভাম্ অঞ্চলের মত লুকিয়ে কিছু করা হয় নি যেটাকে তাঁরা মনে মনে সমর্থন করছেন, বাইরে কিছু বলতে পারছেন না। সেটা মীরজাফরত্ব হল না। শুধু তাই নয়, এই কনষ্টিটিউসনের প্রভিসন য়্যামেণ্ড করাটা আইনসিদ্ধ হচ্ছে কিনা সেবিষয়ে সুপ্রীম কোর্টের ওপিনিয়ন নেয়া হয়েছে। সুপ্রীম কোর্টে যে রেফারেনস করা হয়েছিল সে সব কাগজপত্র আমাদের কাছে দেয়া হয়েছে, তার রায়ও দেয়া হয়েছে। সেখানে ডেফিনিট্‌লি দেয়া আছে যে আমরা য়্যামেণ্ডমেণ্ট করে এই জিনিস করতে পারি—অতএব গঠনতন্ত্র অনুসারে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট নিজেরা এই জিনিস করেছেন। আজকে পশ্চিমবংগ সরকারের উপর যে অনাস্থা প্রস্তাব এসেছে সেখানে আমাদের বিচার করা প্রয়োজন যে ইউনিয়ন গভর্ণমেণ্টের সে পাওয়ার আছে কিনা এবং সেই পাওয়ারের প্রভিসন আছে কনষ্টিটিউসনের মধ্যে। সেই কনষ্টিটিউসন অনুসারে এগ্রিমেণ্ট হয়েছে পাকিস্তানের সংগে এবং সেই অনুসারে বেরুবাড়ী যাচ্ছে। বেরুবাড়ী সম্পর্কে যে কাগজপত্র আমাদের কাছে দেয়া হয়েছে সেখানে একটা কনফিউসন আছে—confusion between the map and description এবং when there will be a confusion about map the description will follow. এবং সেই অনুসারে যে এগ্রিমেণ্ট নোট হয়েছে সেখানে সেকথা বলে দেয়া আছে। সমস্ত তথ্য দেশের সকলকে জানিয়ে পার্লামেণ্টে আলোচনা করে সকলের অবগতিতে এই জিনিস করা হয়েছে যে বেরুবাড়ী আমাদের কাছ থেকে পাকিস্তানে চলে যাচ্ছে। এতে অনাস্থা প্রস্তাব আমার কি আছে? ওপক্ষের বন্ধুরা এই অনাস্থা প্রস্তাব এনেছেন শুধু আমাদের গালি দেবার জন্ত। খাদ্য বিষয়ে আনা সম্ভব হয়নি, অন্ত কোন বিষয়ে আনা সম্ভব হয়নি সুতরাং একটা অজুহাত খুঁজতে হবে এবং সেজন্ত তাঁরা বেরুবাড়ীর ব্যাপারে আশ্রয় নিয়েছেন।

[4-20—4-30 p.m.]

সেইজন্ত এবিষয়ে গঠনতন্ত্র অনুসারে আমাদের ক্ষমতা নেই, তারা নিয়ে গিয়েছে, তা সত্ত্বেও আমরা মেনে নিয়েছি।

একটা কথা আমি বলতে চাই—এটা চলে গেছে—খুব ভাল হয়েছে বাংলা দেশের পক্ষে আমি মনে করি। যে কথা প্রাইম-মিনিষ্টার তাঁর নোটের একটা জায়গায় বলেছেন, সেটা দেখলে বোঝা যাবে যে জিনিষটা আসলে কি। সেখানে তিনি বলছেন—

It was felt all along by us that our case regarding Berubari Union was not very strong. If the disputes were referred to a tribunal, the award might have gone against us; for even, if we take the description of Radcliff literally, we cannot come down below the point where the boundary line between Jalpaiguri and Pachagar thanas ends and a group of Cooch Behar enclaves begins.

এখানে যে ইঙ্গিত আছে—সেটা দেখে বোঝা যায়। বেরুবাড়ী এতদিন আমাদের সম্পূর্ণ

হাতে থাকলে র‍্যাডক্লিফ অ্যাওয়ার্ডে ও ম্যাপে এমন জিনিষ বসান ছিল যাতে করে পুরোটা চলে যেতে পারতো। এতে করে অর্ধেক অন্ততঃ আমাদের মধ্যে আছে। আমার মনে হয়—এই অনাস্থা প্রস্তাব এনে জনসাধারণকে বিক্ষুব্ধ করবার কারণ নাই। ভাঙ্গড়ের নির্বাচনে পর্যন্ত বৃদ্ধ হেমন্তবাবু এই বেরুবাড়ী দৃশ্য উত্থাপন করেছিলেন। যাহোক—আমি দৃঢ়তার সঙ্গে ঘোষণা করি —এই মন্ত্রীমণ্ডলীর উপর এই বিধান সভার সম্পূর্ণ আস্থা আছে।

Shri Hemanta Kumar Basu :

মাননীয় সভাপতি মহাশয়,—বারবার দুইবার—এই বিধান সভা থেকে বেরুবাড়ী হস্তান্তরের বিরুদ্ধে প্রস্তাব গ্রহণ করবার পরে ও আজ কংগ্রেস সভ্যদের যে বক্তৃতা শুনছি তা অত্যধিক অদ্ভুত ও আশ্চর্যজনক এবং বাস্তবিক তাদের উপর এই অনাস্থা প্রস্তাব আনা যে কতখানি সঙ্গত হয়েছে, তা তাদের বক্তৃতা থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে! তারা যে প্রস্তাবের উপর দুবার ভোট দিয়েছে সেই এ্যাসেম্বলী প্রস্তাবের কি কোন দাম নাই? এই হাউসের সদস্যরা তাদের সেই প্রস্তাবের উপর কোন আনুগত্য দেখাচ্ছেন না বা কোন মর্যাদা তাঁরা দিচ্ছেন না। সেই প্রস্তাব তারা সম্পূর্ণ অগ্রাহ্য করে পণ্ডিত নেহেরুর ব্যক্তিগত মর্যাদাকে বড় মনে করছেন। দেশের জনসাধারণ ও জনমতের প্রতি তাদের কোন শ্রদ্ধা নাই। জনমতকে তাঁরা কোন মূল্য বা দাম দিচ্ছেন না। সেদিক থেকে আমি মনে করি এঁরা বক্তৃতা করছেন, তা সম্পূর্ণ এই আইন পরিষদে যে প্রস্তাব পাশ হয়েছে তার বিরোধী এবং পশ্চিমবঙ্গ সরকার আইন সভায় গৃহীত সেই প্রস্তাব অনুসারে কাজ না করে তার বিরুদ্ধে কাজ করায় এই এ্যাসেম্বলী ও জনসাধারণের সঙ্গে তারা বিশ্বাসঘাতকতা করেছে এবং তার ফলেই তাদের বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব আসা সম্পূর্ণ স্বাভাবিক। কাজেই সেদিক থেকে এই অনাস্থা প্রস্তাব এসেছে। আপনারা সকলে জানেন গঠনতন্ত্রের কথা বলা হয়েছে, সংবিধানের কথা বলা হয়েছে। যদি নেহেরু-নুন চুক্তিকে যদি বেরুবাড়ীকে সংবিধান ও গঠনতন্ত্র অনুসারে দেওয়া যেত তাহলে তাঁরা দিয়ে দিতেন, তাহলে তাঁরা সংবিধানের কথা তুলতেন না। যেহেতু বেরুবাড়ী হস্তান্তরের বিরুদ্ধে একটা বিরাট জনমত ও বিক্ষোভ সৃষ্টি হয়, সেই হেতু সরকার বাধ্য হন এই ব্যাপারটা সুপ্রীমকোর্টে নিয়ে যাওয়ায়; আপনি জানেন স্যার, অধ্যাপক নির্মল বসু মহাশয় হাইকোর্টে প্রথম এই বেরুবাড়ী প্রশ্ন নিয়ে যান এবং তারপরে এটা সুপ্রীমকোর্টে যায়। সেদিক থেকে বেরুবাড়ী হস্তান্তর সম্পূর্ণ গঠনতন্ত্র ও সংবিধান সম্মত—যেকথা কংগ্রেস সদস্যরা বলছেন—তা আমি মনে করি সম্পূর্ণ অযৌক্তিক ও অসঙ্গত।

কাজেই সেদিক দিয়ে, কংগ্রেসী সদস্যগণ যে কথা বলেছেন যে বেরুবাড়ী হস্তান্তর সম্পূর্ণ গঠনমূলক এবং সংবিধান অনুযায়ী, তা সম্পূর্ণ ভুল ও অযৌক্তিক, সে বিষয়ে সন্দেহ নেই। বেরুবাড়ীকে দেওয়া হয়েছে সংবিধানকে সংশোধন করে। কিন্তু তার আগে যে নেহেরু-নুন চুক্তি হয়েছিল সেটা যে সম্পূর্ণ বেআইনী এবং সংবিধান বিরোধী সেটা সম্পূর্ণ প্রমাণ হয়ে গিয়েছে। নইলে তারজন্য আমাদের সংবিধানকে সংশোধন করতে হ'ত না। সেইজন্য আমি বলবো সংবিধানকে সংশোধন করে যে বেরুবাড়ী হস্তান্তর করা হয়েছে এটা সম্পূর্ণ অবৈধ এবং বিধিসংগত নয়; এবং এটা জনস্বার্থের সম্পূর্ণ বিরোধী। বেরুবাড়ী হস্তান্তর সম্বন্ধে যখন ডাঃ বিধানচন্দ্র রায়কে জিজ্ঞাসা করা হয় তখন ডাঃ বিধানচন্দ্র রায় এখানে বারবার বলেছেন যে, তিনি বেরুবাড়ী হস্তান্তর এর বিরোধিতা করেন এবং এর বিরোধিতা ভবিষ্যতেও করবেন। ৩রা ডিসেম্বর অধ্যাপক নির্মল বসু মহাশয় বেরুবাড়ীর প্রতিনিধিদের সঙ্গে নিয়ে ডাঃ রায়ের সঙ্গে দেখা করেন এবং ডাঃ রায় সেখানে পরিষ্কার বলেন যে তিনি বেরুবাড়ী হস্তান্তরের বিরোধিতা করেন এবং ভবিষ্যতেও করবেন। এই কথা তিনি প্রফেসার নির্মল বসু মহাশয়কে বলেন। তারপর হঠাৎ কিভাবে তাঁর মত পরিবর্তন হয়ে গেল। তিনি যে কথা বারবার এই এ্যাসেম্বলী

কক্ষে বলেছেন, যার প্রতিবাদ করে চিঠিপত্রে জানিয়েছেন এবং অধ্যাপক নির্মল বসুকে যে কথা বলেন,—হঠাৎ তাঁর সেকথা পরিবর্তন হয়ে গেল। তিনি ভাবলেন না এই আইনপরিষদের প্রস্তাবের কথা, তিনি যে সমস্ত বিবৃতি দিয়েছিলেন তিনি তা ভাবলেন না, প্রফেসার নির্মল বসু ও বেরুবাড়ীর প্রতিনিধিদের সামনে তিনি যে কথা বলেছিলেন, সেকথা একদম ভুলে গেলেন। কাজেই সেদিক দিয়ে বেরুবাড়ী হস্তান্তরটা সম্পূর্ণ বাংলাদেশের জনমতের বিরোধী, সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেদিক থেকে সবার, আমি বেরুবাড়ী হস্তান্তর যে ভাবে করা হয়েছে, যে আইনে করা হচ্ছে, তার সম্পূর্ণ বিরোধিতা করি এবং যে অনাস্থা প্রস্তাব এখানে আনা হয়েছে সেটা আমি সম্পূর্ণভাবে সমর্থন করি।

এই আইন পাশ হবার পর আমি বেরুবাড়ীতে গিয়েছিলাম। বেরুবাড়ীর লোকেরা হাজারে হাজারে সেখানে সমবেত হল—তাদের দৃঢ় মন নিয়ে তারা দাঁড়িয়ে আছে। ভারত সরকার সংবিধানকে সংশোধন করে বেরুবাড়ী হস্তান্তর করে দেবে, কিন্তু বেরুবাড়ীর মানুষ, তারা একে মানবে না। তারা এরজন্য নিজেদের রক্ত দিতে প্রস্তুত। তাই তারা সংকল্প বিধি তৈরী করেছে এবং তাতে নিজেদের রক্তের অক্ষরে লিখেছে—'আমরা রক্ত দেবো, তবু বেরুবাড়ী দেবো না।' একজন ৮১ বছরের বৃদ্ধের কাছে রক্ত চাওয়াতে—তার বুকের রক্ত দিয়ে লেখা হল। সেদিক থেকে দেখা যাচ্ছে যে বেরুবাড়ীর জনসাধারণ বেরুবাড়ী হস্তান্তর হতে দেবে না। যে সমস্ত বিষয় আলোচনা হয়েছে, যে সমস্ত কথা কাগজে প্রকাশিত হয়েছে বা সার্কুলেটেড্ করা হয়েছে, যে ভাবে মুখ্যমন্ত্রী মহাশয় বা তাঁর সচিব বা তাঁর গভর্ণমেণ্টের অফিসারগণ যেমন শ্রী এস. এন. চ্যাটার্জী বা শ্রী আর. এন. চ্যাটার্জী বা রঘু ব্যানার্জী—তাঁরা যে ভাবেই এই বেরুবাড়ী হস্তান্তরের ব্যাপারে সাহায্য করুন না কেন; নিশ্চয়ই তাঁদের কাজ যে খুবই নিন্দনীয় তাতে সন্দেহ নেই। তাঁদের কাজ এবং গভর্ণমেণ্টের কাজ ও ডাক্তার রায়ের কাজ আলাদা নয়। কারণ, তাঁরা যদি ডাঃ রায়ের মতের বিরুদ্ধে পশ্চিমবঙ্গ সরকারের মতের বিরুদ্ধে কাজ করতেন তাহলে নিশ্চয় তাদের উপযুক্ত শাস্তি হ'ত। কিন্তু তা করা হয়নি।

[4-30—4-40 p. m.]

তারা যে একসঙ্গে যোগ সাজসে বেরুবাড়ী হস্তান্তরকে সমর্থন করেছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। যে সব যুক্তি কংগ্রেস পক্ষ থেকে দেওয়া হল, যে সব বক্তৃতা দেওয়া হল তাতে বেরুবাড়ী হস্তান্তর সম্বন্ধে বিশেষ কিছু বলা হল না। বেরুবাড়ী হস্তান্তর কতটা অন্যায় অযৌক্তিক তা বলা হল না। কাজেই আপনাদের আনুগত্য দেশের প্রতি এবং ভোটারদের প্রতি কোথায় এসে দাঁড়ায়? তবে যদি বলেন একটা কেন্দ্রে নির্বাচন হয়ে গেছে সুতরাং বেরুবাড়ী প্রশ্নের সিদ্ধান্ত হয়ে গেছে এরকম যদি যুক্তি দেন তাহলে সেটা ছেলেমানুষি যুক্তি; এর কোন দাম নাই। সেজন্য আমরা ডাঃ বিধানচন্দ্র রায়কে বলেছিলাম আটকাতে পারেন যদি—পদত্যাগের হুমকি আপনি দিতেন। আমাদের বিরোধীপক্ষের সদস্যদের বলা হয় আপনারা পদত্যাগ করুন, আমরা কেন পদত্যাগ করবো? আমরা তো জনমতকেই সমর্থন করেছি আমরা তো বেরুবাড়ী হস্তান্তরের বিরোধিতা করেছি আমরা চেয়েছিলাম সারা বাংলাদেশ গভর্ণমেণ্ট এবং আমরা উভয় পক্ষ পদত্যাগ করে জানাতে যে যদি বেরুবাড়ী হস্তান্তর করেন তাহলে সারা বাংলাদেশ একত্রে তার বিরোধিতা করবে। কাজেই সেদিক থেকে তাদেরই পদত্যাগ করা উচিত কেননা যে প্রস্তাব পাশ করে কংগ্রেস সদস্যরা Central Government-কে জানিয়েছিলেন—তারা পদত্যাগ করে হস্তান্তরের বিরোধিতা করে একটা crisis সৃষ্টি করুন এটা আমরা চেয়েছিলাম। পদত্যাগ আপনাদেরই করা দরকার। আমরা সকলে মিলে পদত্যাগ এজন্য করতে বলেছিলাম যে এ কারণে একটা crisis-এর সৃষ্টি করে পণ্ডিত নেহেরুকে জানিয়ে দিতে যে বাংলার উপর যদি

অন্যায় কর তাহলে বাংলাদেশ তোমার সঙ্গে থাকবে না। আমি জলপাইগুড়ি, কুচবিহার ঘুরে এসেছি, সেখানকার মানুষের যে কি মত, বেরুবাড়ী হস্তান্তরের সম্বন্ধে তাদের কি সংকল্প তা আপনার কাছে পড়ে দিয়ে আমার বক্তব্য শেষ করছি। ২৬শে জানুয়ারী ঐতিহ্য মণ্ডিত স্বাধীনতা দিবস ও ভারতের সংবিধান গ্রহণের দিন—সাধারণতন্ত্র দিবস।

অদ্য ২৬শে জানুয়ারী ১৯৬১ - বেরুবাড়ী রক্ষা সংকল্প দিবসে "আমি বেরুবাড়ীর অধিবাসী নিজের রক্ত দিয়া স্বাক্ষর করিয়া এই সংকল্প গ্রহণ করিতেছি যে সকল প্রকার ন্যায় নীতি জনমত ও গণতন্ত্রের আদর্শ বিসর্জন দিয়া ভারতের প্রধানমন্ত্রী ও তাঁহার সরকার যেভাবে পাকিস্তানের নিকট হস্তান্তরের চেষ্টা করিতেছেন, আমি সর্বতোভাবে তাহাতে বাধাদান করিব।

আমি ঘোষণা করিতেছি যে আমি ভারতের নাগরিক এবং সংবিধান কর্তৃক স্বীকৃত সকল অধিকার ভোগের আমি অধিকারী। কোন চুক্তি বা আইনের দ্বারা এই অধিকার হরণ করা যায় না। বেরুবাড়ী ভারতের অবিচ্ছেদ্য অংশ এবং ইহা ভারতেই থাকিবে।

ভারতের নাগরিকরূপে ভারতের অখণ্ডত্ব নাশের এই চক্রান্তের বিরুদ্ধে দণ্ডায়মান হওয়া আমার পবিত্র কর্তব্য। আমি জন্মভূমির নামে শপথ গ্রহণ করিতেছি যে কেন্দ্রীয় অথবা পশ্চিমবঙ্গ সরকার বেরুবাড়ী হস্তান্তরের জন্য যে চেষ্টাই করুন না কেন আমি শান্তিপূর্ণ উপায়ে তাহা প্রতিরোধ করিব।

বেরুবাড়ীর পবিত্র ভূমিতে প্রতিষ্ঠিত সঙ্কল্প-বেদীর সম্মুখে দাঁড়াইয়া আমি ঘোষণা করিতেছি যে, শেষ রক্তবিন্দু দিয়াও আমি এই সঙ্কল্প-বেদী রক্ষা করিব।"

Shri Abani Kumar Basu :

Mr. Speaker, Sir, while listening to the debate that is taking place, I was thinking why this show of no-confidence at this stage ? Is it because our friends opposite do not have anything more handy to make an attack on the Government or is it because they want to keep this flame of Berubari ablaze until the next election ? Sir, that was the thought that was passing through my mind while I was listening to the speeches from the other side. Sir, I would ask my friends as to why they have not yet framed any united programme and placed it before the country if they really desire what they express in this House.

Sir, let us turn round to the acts of omission and commission alleged against the State Government. It has been said that there was a conspiracy to transfer a portion of Berubari to Pakistan. But, Sir, looking at the papers that have been circulated, we find that this stunt falls flat on the ground. This is quite evident from the letters and correspondence that have been circulated. Sir, as far back as 1950, the West Bengal Government made it clear that the claim of West Bengal on the entire Jalpaiguri Police Station rests on strong grounds. The same stand was reiterated on the 29th November, 1950, and again on the 15th September, 1953. There was no equivocation. The point was made very clear and the West Bengal Government said that their claim on Berubari rests on very strong grounds. That position was all along maintained by the West Bengal Government and no hesitancy was noticed in their attitude at any point of time. If we look to the report of the Officers' Conference held at Karachi on the 31st August, we find that although agreement was reached on other items of dispute, no agreement was reached on the question of Berubari. Sir, if we also look to the note of the Secretary of the External Affairs Ministry, we will find that up till that point of time ; viz. August, 1958, there was no proposal for division of Berubari. Then the Prime Ministers' Conference was arranged to take place on the 9th or 10th September, 1958, and a telegram was sent to the Chief Secretary. The telegram merely stated that the attendance of the Chief Secretary was required at Delhi for the purpose of the Prime Ministers' Conference. The Chief Secretary was asked to bring with him

the D. L. R. and also the maps and land records. Sir, I would request you to consider that in view of the stand taken consistently by the State Government extending over a long period of years, was it possible for the Chief Secretary to express an opinion contrary to the opinion held by the State Government ? Sir, I have not found out any instance by which the State Government can be suspected to have agreed to this proposal for division of Berubari.

[4-40—4-50 p. m.]

I will also make a reference to the note of the Chief Secretary of the date on which the agreement was reached, viz., the 11th September. The Chief Secretary says that this proposal of division was not there originally. It came there on the date of the meeting as a counter proposal. If you look at the note of the Chief Secretary, you will find that they were waiting outside the conference hall. They were called. A decision was taken by the two Secretaries of the External Affairs Ministry of both India and Pakistan. The Chief Secretary was called to give opinion about the feasibility of the division, viz, whether the line of division should be horizontal or vertical. That was the question put before the Chief Secretary. It was a political decision reached between the two Prime Ministers who were advised by the Secretaries of the External Affairs Ministry and so far as this State Government is concerned they had nothing to do with it.

My heart goes in full sympathy for those brothers and sisters of Berubari who are, under this agreement, going to the other side of the border. I yield to none in my sympathy to those unfortunate victims who were once uprooted and are going to be uprooted again. I also feel that if the External Affairs Ministry could have taken proper consideration, then this crisis could have been averted. I find support in my theory from the statement made by the Prime Minister of India when he says that the human problem was never placed before us. Even then the Prime Minister in his speech in the Rajya Sabha absolved the Revenue and other officials of the Government of West Bengal.

After all these objections, the Parliament has passed a law. Is it binding on the State Government or not ? That is the question which we should consider now. What is the Constitutional position ? Article 1 of the Constitution says, "India, that is Bharat, shall be a Union of States", and West Bengal is a component part of the Union of India. If you look at article 73(1) and 73(1) (a), you will find that the executive power of the Union shall extend to the matters with respect to which Parliament has power to make laws. If you also consider article 3(c) of the Constitution, you will find that Parliament may by law diminish the area of a State. If you look at article 256 of the Constitution you find that the executive power of every State shall be so exercised as to ensure compliance with the laws made by Parliament. Now, Parliament has made a law ; so long as West Bengal remains a component part of the Union of India I ask you to consider if it can do anything but obey it. The position would be different if we secedes if West Bengal secedes from the rest of India and declare independence as is some times advocated by our friends of the Opposition. It is a serious problem ; it is a serious point which you should consider.

With these words, I strongly oppose the no-confidence motion.

Shri Jatindra Chandra Chakravarty :

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে কারণে এই অনাস্থা প্রস্তাব সমর্থন করছি সেই কারণগুলো আমি আপনার সামনে রাখতে চাই। চুক্তি সই হবার আগে ও পরে ডাঃ রায়ের যে ভূমিকা এবং চুক্তির পরে তাঁর যে নির্লজ্জ আত্মসমর্পণ সেগুলি আমি এক একটা করে রাখতে চাই। দিল্লীতে যে চূড়ান্ত বৈঠক হয়—যেখানে চুক্তি সই করা হয়—তার আগে আমাদের যেসমস্ত

অফিসার পাঠান হয়েছিল তাঁদের অমার্জনীয় উদাসীনতা এবং শৈথিল্যের ফলে আজ এই বেরুবাড়ী হস্তান্তর হচ্ছে। স্যার, আমি প্রথমে দেখাচ্ছি যে এর আগের বার যে ভুল ম্যাপ পেশ করা হয়েছিল সেই ভুল ম্যাপ পেশ করার ফলে এই সর্বনাশ হতে চলেছে। মিঃ হাজরার কাছে সেই ম্যাপ রয়েছে—এই চ্যালেঞ্জ আমি করছি। সেই ম্যাপ সম্পর্কে মিঃ হাজরার যে অভিমত সেই অভিমত লিখিতভাবে আমাদের কাছে পেশ করা হোক। কারণ আমরা জানি যে মিঃ হাজরা মিথ্যা কথা বলেন না। স্যার, আপনি দেখুন যে দিল্লীতে চূড়ান্ত বৈঠক—যেখানে চুক্তি হয়েছিল—হবার আগে করাচীতে যে বৈঠক হয় সেই বৈঠকে কিরকম দায়িত্বহীনতা প্রকাশ করা হয়েছে সেটাই আমি বলতে চাই। সেখানে যে ম্যাপ নিয়ে যাওয়া হয়েছিল এবং সেই করাচীর বৈঠকে ল্যাণ্ডরেভিন্যু ডিপার্টমেণ্ট থেকে যে সুদীর্ঘ একটা মেমোরেণ্ডাম নিয়ে যাওয়া হয়েছিল—আপনি শুনলে অবাক হবেন—করাচী বৈঠক হবার আগে সেসব মেমোরাণ্ডাম মিসিং হয়। অর্থাৎ top level officer's conference-এ যে মেমোরাণ্ডাম পেশ করার কথা সেই মেমোরাণ্ডাম মিসিং হল। India Government Official কিংবা West Bengal Governmet Official-দের দোষে তা হয়েছে সেটা আমি জানি না। কিন্তু ককটেল পার্টিতে সেই মেমোরাণ্ডাম হারিয়ে গেল—মদের স্রোতে আমাদের বেরুবাড়ী ইউনিয়ান ভেসে গেল। শুধু তাই নয় যে ম্যাপের কথা আমি বলছি সেই ম্যাপের মধ্যে পেন্সিলের দুটো লাইন কাটা রয়েছে। সেই ম্যাপ আমি দেখেছি। এখানে পার্ট অফ মৌজা চিলাহাটি, পার্ট অফ কাজলদীঘি, পরাণী গ্রাম, পার্ট অফ বড়শশী, পার্ট অফ মোখাভরী দেবোত্তর ১৯২৬ সাল থেকে সাউথ বেরুবাড়ী ইউনিয়ন নম্বর ১২ এর অংশ এবং দেশ বিভাগের পর থেকে ভারতের অংশ। কিন্তু দিল্লীর বৈঠকে যে ম্যাপ দেখান হল তাতে সেই অংশগুলিকে পশ্চিমবঙ্গের অংশ হিসাবে দেখান হয়নি। স্যার, প্রথমে যে পেন্সিলের লাইন এই ম্যাপের উপর রয়েছে তাতে এই অংশগুলিকে বাদ দিয়ে পাকিস্তানে দেখিয়ে লাইন টানা হয়েছে। দ্বিতীয় আর একটা যে লাইন রয়েছে সেটা পরে সংশোধন করে দেখা গেছে যে যদি লাইন টানা যায় তাহলে বেরুবাড়ীকে ভাগ করা যায় না। প্রথম পেন্সিলে যে দুভাগ হয়েছে তাতে সেই অংশগুলিকে পশ্চিমবঙ্গের অংশ হিসাবে না দেখিয়ে পাকিস্তানের অংশ হিসাবে দেখান হয়েছে। স্যার, আমি গতবার যখন বক্তৃতা দিই সেই বক্তৃতায় এই অভিযোগ করার পর ডাঃ রায় Director of Land Records-কে ডেকে পাঠান এই ম্যাপ সম্পর্কে আমার যে যুক্তি তা এই ম্যাপ ভেরিফাই করছে।

[4-50—5-10 p.m.]

স্যার, দ্বিতীয় কথা হচ্ছে যে, চুক্তি সই করবার পর ডাঃ রায়ের ভূমিকা যদি দেখেন তাহলে দেখবেন যে তিনি সময়মত প্রতিবাদ জানাননি এবং আত্মসমর্পন করে সেই চুক্তি মেনে নিয়েছেন। তবে এটা আমরা সকলেই জানি এবং তা ছাড়া আমি তারিখ দিয়েও দেখিয়েছি যে ১০ই সেপ্টেম্বর থেকে ২২শে অক্টোবর পর্যন্ত এবং বিশেষ করে ২৮শে সেপ্টেম্বর যখন ডাঃ রায় জলপাইগুড়িতে ছিলেন তখন তিনি প্রধানমন্ত্রীর কাছে এব্যাপারে প্রতিবাদ করবার সুযোগ পেয়েছিলেন। কিন্তু দুঃখের বিষয় যে, তাঁর কোন আন্তরিকতা ছিল না বলে তিনি প্রতিবাদ না জানিয়ে এই চুক্তি সম্পূর্ণভাবে মেনে নিয়েছেন। তবে এ প্রসঙ্গে আর একটা কথা বলব যে এ ব্যাপারে কেবলমাত্র ডাঃ রায় একাই দায়ী নন, সমগ্র মন্ত্রীসভাই দায়ী এবং আমি চ্যালেঞ্জ করে বলতে পারি অক্টোবরের শেষের দিকে যে ক্যাবিনেট মিটিং হয়েছিল তা'তে এঁরা নানারকম ডিস্‌কাসন করে যে ডিসিসন্ নিয়েছিলেন তার একটা কন্‌ডেন্সড নোট হয়। কাজেই তিনি এবং মন্ত্রীসভার প্রত্যেকটি সদস্য যখন জেনেও এর প্রতিবাদ করেননি তখন সমগ্র মন্ত্রীসভাই এতে সম্মতি দিয়েছেন এবং এই বিধানসভায় যখন কনষ্টিটিউসন (অ্যামেণ্ডমেণ্ট) বিল আসে তখন ডাঃ রায় সমস্ত ব্যাপার জেনে শুনে স্বেচ্ছায় সব গোপন করলেন। অবশ্য গত অধিবেশনে সেকথা

ফাঁস হয়ে যাবার ফলে তাঁর মুখোস খুলে গেল এবং তিনি এই সভায় এসে মার্জনা চাইতে বাধ্য হয়েছিলেন। তবে শুধু সত্যকে গোপন করেছেন এবং বিধানসভার সদস্যদের ও পশ্চিমবাংলার জনসাধারণকে ধাপ্পা দিয়েছেন তাই নয়, প্রধান মন্ত্রী চুক্তি করেছেন সুতরাং তাঁর মর্যাদা রাখতে হবে এই কথা বলে শেষ পর্যন্ত তিনি আত্মসমর্পন করেছেন। শুধু তাই নয়, সেই চুক্তি সহি হবার পর এবং এ নিয়ে বিধানসভায় আলাপ আলোচনা হবার পর যখন তিনি দেখলেন যে প্রধানমন্ত্রীর মর্যাদার জন্য তিনি আত্মসমর্পণ করেছেন তখন তিনি দিল্লী গেলেন এবং সেখানে গিয়ে পশ্চিমবাংলার কংগ্রেস নির্বাচিত যে সমস্ত পার্লামেন্টের সদস্যেরা পার্লামেন্টের অধিবেশনের সময় এ ব্যাপারে ভোট দেবার স্বাধীনতা চাইবেন বলে সিদ্ধান্ত করেছিলেন তাঁদের সাথে বৈঠক করে লোকসভার অধিবেশনে যখন এই বিল আলোচিত হবে তখন যা'তে তাঁরা এ বিলের স্বপক্ষে ভোট দেন তারজন্য তাঁদের বাধ্য করিয়েছিলেন। তবে অশোক সেন ভীরু ছিলেন না বলে যেটুকু সৎসাহস দেখিয়েছিলেন তা' সত্যিই দেখবার মতই হয়েছিল, কিন্তু এখন শুনছি যে অশোক সেনের বিরুদ্ধে যাতে ব্যবস্থা অবলম্বন করা হয় তারজন্য নাকি ডেপুটেসন গিয়েছে। যা' হোক্, জনসাধারণকে বারেবারে ধাপ্পা দিয়ে বেরুবাড়ী হস্তান্তর করে এঁরা যে দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন সেটা আমরা বিধানসভায় বারেবারে দেখিয়েছি এবং সেইজন্যই আজ যে অনাস্থা প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি। তবে শুধু তাই নয়, প্রথমে দিল্লীর চুড়ান্ত বৈঠকে যে চুক্তি সহি করা হোল তার পূর্বে এঁদের অমার্জনীয় উদাসীনতা, ভুল ম্যাপ দেখান, করাচী বৈঠকের আগে মদের স্রোতে মেমোরেণ্ডাম হারিয়ে ফেলা, সময় মত প্রতিবাদ না জানিয়ে আত্মসমর্পন করে চুক্তি মেনে নেওয়া, বেরুবাড়ী হস্তান্তরের পক্ষে সমগ্র মন্ত্রীসভার সম্মতি দেওয়া, সত্য গোপন করা এবং তারপর পশ্চিমবঙ্গের জনসাধারণ ও বিধানসভার সভ্যদের ধাপ্পা দেবার জন্য যে চেষ্টা করা হয়েছিল তারজন্যও আজ সমগ্র মন্ত্রীসভার বিরুদ্ধে এবং বিশেষ করে ডাঃ রায়ের বিরুদ্ধে যে অনাস্থা প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করছি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-10—5-20 p. m.]

Expunction of words from debates.

Mr. Speaker : I have gone through the rules. Under rule 355 sub-rule (1) I expunge the word "hybrid" from the proceedings wherever it occurs.

Motions of No-Confidence.

Shri Bijoy Singh Nahar :

মিঃ স্পীকার, স্যার, এখানে দুটো নো কনফিডেন্স মোশান বিরোধী পক্ষের সদস্যরা নিয়ে এসেছেন এবং তাঁরা বলবার চেষ্টা করেছেন যে বাংলা সরকার বেরুবাড়ী বিষয় নিয়ে অন্যায় করেছেন। আমি জোর করে বলতে পারি যে তাঁরা যেসব কথা এখানে বলেছেন এর পূর্বে একবার নয়, দু'বার নয়, তিন তিনবার এই বিধানসভার কক্ষে তার আলোচনা হয়েছে এবং এ সম্বন্ধে যা যা বলবার আমাদের তরফ থেকে বলা হয়েছে। সুতরাং আজকে নতুন কথা এঁরা কিছু বলেন নি। বিরোধী পক্ষের সদস্যরা যে অনাস্থা প্রস্তাব নিয়ে এসেছেন আমি মনে করি এটা তারা নিজেদের রাজনৈতিক একটা কারিগরী করবার জন্য নিয়ে এসেছেন। এর কারণ বাইরে বেরুবাড়ী নিয়ে এঁরা আন্দোলন করার চেষ্টা করেছেন কিন্তু সফল হতে পারেন নি। বিরোধী পক্ষের সদস্যরা ৩ দল ৪ দলে ভাগ হয়ে গেলেন, মিল করতে পারলেন না, একদল অপর

দলকে গালাগালি দেন, নানান কথা বলেন এবং বাইরে কোন আন্দোলন সৃষ্টি করতে না পেরে আগামী ১৯৬২ সালের নির্বাচনের জন্য বিধানসভার কক্ষে এসে বাংলাদেশকে গরম করবার জন্য কতকগুলি কথা বলবার চেষ্টা করছেন যে বেরুবাড়ী নিয়ে কংগ্রেস সরকার অন্যায় করেছে। স্পীকার মহাশয়, আমরা দেখতে পাই যে আমাদের সরকার আজ থেকে নয়, সেই ১৯৫২ সাল থেকে যখন থেকে বেরুবাড়ীর কথা উঠেছে, আজ পর্যন্ত চেষ্টা করে এসেছেন যাতে কেবল বেরুবাড়ী নয় বাংলাদেশের কোন অংশ পাকিস্তানে না যায়। তার প্রমাণ এর পূর্বে যে তথ্য এই সভায় বিতরণ করা হয়েছে তার মধ্যে আছে। বিরোধী পক্ষের সদস্যরা সমস্ত তথ্যটি না পড়ে নিজেদের সুবিধামত জায়গা পড়েছেন এবং তা থেকে দেখাবার চেষ্টা করেছেন যে সরকার অন্যায় করেছেন। আমি একথা বলব যে ডাঃ রায়ের মত নেতা বাংলাদেশে আছেন বলে পণ্ডিত নেহরুর বিরুদ্ধে দাঁড়িয়ে বাংলাদেশের বিধানসভায় ইউনানিমাস রেজলিউসান আনতে পেরেছিলেন নেহরু-নুন প্যাক্টের বিরুদ্ধে। অন্য কেউ হলে হত না। একবার নয়, দু'বার তিনি সেই প্রস্তাব নিয়ে এসেছেন। এতে কি প্রমাণিত হয়না যে আমাদের বাংলা সরকার বরাবর আইনসঙ্গতভাবে এবং সংবিধানের মাধ্যমে চেষ্টা করে এসেছেন যাতে বেরুবাড়ী বাংলার বাইরে না যায়! এবং আজকেও সেই চেষ্টা চলছে। বিরোধী পক্ষ থেকে ডাঃ রণেন সেন যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন আমি শুনলাম তিনি বারে বারে বলে গেলেন যে বাংলা সরকার দেশদ্রোহিতা করেছেন। আমি জানিনা দেশদ্রোহিতার কথা তাঁদের মুখে কেমন করে শোভা পায়। আমরা এটা জানি যে যারা নিজেরা চুরি জোচ্চুরি করে তারা অন্যকে চোর জোচ্চোর বলে নিজেদের অপরাধ ঢাকবার জন্য। ওঁরা ভুলে গেছেন পুরাণ ইতিহাসের কথা, ১৯৪২ সালের কথা, ১৯৪৭ সালের কথা। দেশদ্রোহী কাকে বলে সেটা ভারতবর্ষের ইতিহাসের পাতায় পাতায় লেখা থাকবে। তাঁরা আজকে বলছেন দেশদ্রোহিতার কথা—লজ্জায় তাঁদের মাথা নত হওয়া উচিৎ। রণেন সেন মহাশয়, পদত্যাগের কথা বলেছেন, এর আগেও তাঁরা একথা বলেছেন। জানিনা এই সদুপদেশ কেন তাঁরা দেন। পদত্যাগ তোমরা কর, মন্ত্রীরা কর। সাহস থাকে তো প্রথমে কমিউনিষ্ট সদস্যগণ করুন তারপর ইলেকসনে দাঁড়ান। সে সাহস তাঁদের নেই। তাঁরা জানেন যে ইলেকসনে দাঁড়ালে তাঁদের নির্বাচিত হবার কোন আশা নেই। আমরা দেখছি সম্প্রতি ভাঙ্গরে তাঁরা কোন ক্যাণ্ডিডেট দিতে সাহস করেন নি। বেরুবাড়ী ইস্যু ছিল, বেরুবাড়ী সম্বন্ধে অনেক কথা তাঁরা বারে বারে বলে এসেছেন তবু কোন ক্যাণ্ডিডেট দিতে তাঁরা সাহস করেননি। তাঁরা বলেন কোলকাতা সহর তাঁদের অধিকারে আছে, অথচ কোলকাতার পাশেই ভাঙ্গর কিন্তু সেখানে তাঁরা কোন ক্যাণ্ডিডেট দিতে সাহস করলেন না। ভাঙ্গরের অধিবাসী কোন দিকে মত দিয়েছেন বেরুবাড়ী থাকা সত্ত্বেও সেটা সকলেই জানেন। তাঁরা এটা বুঝেছেন যে কংগ্রেস এবং কংগ্রেস সরকার দেশের মঙ্গল করেন, দেশবাসী কমিউনিষ্টদের ভাঁওতাবাজীতে ভোলেনি এটা আমরা জানি। তাঁরা পদত্যাগের কথা বারবার বলেন—তাঁরা যদি সৎ হন, তাঁরা যদি বিশ্বাস করেন যে পদত্যাগ করলে দেশের মঙ্গল হবে তাহলে তাঁরা সেটা করে দেখান্ না। অন্যকে বলছেন কেন যে ওঁরা করলে আমরা করবো, অর্থাৎ আমরা আগে লীডারশিপ নেই; তারপর তাঁরা যাচ্ছেন। এটা তো কোন পার্টির নেতার কথা হওয়া উচিৎ নয়। তাঁরা নিজেরা ভয়ে পিছিয়ে আছেন, আর অন্যকে বলছেন ছাড়। কংগ্রেস সরকার যদি ছেড়ে দেয় তাহলে তাঁরা গদীতে আসতে পারেন এই লোভের জন্য এসমস্ত কথা বলছেন কিন্তু আমি বলতে পারি যে এসব ভাঁওতাবাজী তাঁদের চলবে না [বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। স্পীকার মহোদয়, আর একটা কথা বলি কিভাবে তাঁদের মধ্যে দলাদলী হয় এবং কিভাবে বেরুবাড়ীর বিষয় নিয়ে তাঁরা অসৎ ব্যবহার করেছেন। দর্পণ কাগজে এটা বেরিয়েছে। ২৫শে ডিসেম্বর মুস্লিমইনষ্টিটিউট হলে তাঁরা সভা করার চেষ্টা করেছিলেন। তাঁরা সেটা করেছেন সারা বাংলাদেশের প্রতিনিধি নিয়ে এসে

তাঁরা একটা বিরাট আন্দোলন সৃষ্টি করবেন সমস্ত দল মিলে। সেখানে এই কমিউনিষ্ট পার্টি কি খেলা দেখালেন? সেখানে তাঁরা স্পষ্টভাবে বলেছেন বেরুবাড়ী সম্বন্ধে আর কিছু করবার নেই, কোন ফল হইবে না। সে এমনি আর একটা কথা বল্লেন এবং হেমন্তবাবুর দল অন্যদিকে ছুটলেন। এইভাবে তাঁদের মধ্যে কোন মিল না হওয়ায় ২৫শে ডিসেম্বরের সম্মেলনে নস্যাৎ হয়ে গেল, শেষ হয়ে গেল। তাঁরা কিছুই করতে পারলেন না এবং উত্তরবংগ ও বেরুবাড়ী অঞ্চল থেকে যারা এসেছিলেন তাঁরা কিভাবে গালি দিতে দিতে গেছেন সেটা তাঁরা নিজেরাই জানেন।

[5-20—5-30 p.m.]

২৬শে জানুয়ারী কিভাবে ওয়েলিংটন স্কোয়ারে অর্থাৎ রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে—সুবোধবাবু সভা করতে গিয়েছিলেন—

[A voice : সভা তো করেছেন।]

সেখানে কমুনিষ্ট পার্টির কাগজ স্বাধীনতা কিভাবে ব্যঙ্গ করেছে—তা নিশ্চয়ই সকলে পড়ছেন। ও নিয়ে আর কিছু হবে না।

[A voice : "দর্পণ" মন দিয়ে পড়বেন, তা এখানে নাই।]

জানি। সেখানে তাঁরা ব্যবস্থা করেছিলেন কংগ্রেসী মন্ত্রীদের বাড়ীতে হানা দেবেন, এম. এল. এ.-দের কাছে গিয়ে বলবেন তোমরা resign কর। সেটা তাঁরা করতে পারলেন না। তা তাঁরা জানেন। তাঁদের নিজেদের দুর্বলতা আছে। এটা তাঁদের একটা রাজনৈতিক চাল ছাড়া আর কিছু নয়—বেরুবাড়ীর পক্ষে তাঁদের কোন দরদ নাই।

[A voice : কাগজটা ভাল করে পড়ুন।]

তা যদি থাকবে—তা'হলে ২০ হাজার বর্গমাইল ভারতের জায়গা—চীন যখন নিয়ে গেল, তখন তাঁদের দরদ ছিল কোথায়? সেখানে তো কাউকে ঘেরাও করলেন না। সুবোধবাবুর যদি সৎসাহস থাকতো, তাহলে তিনি এ নিয়ে resign করতেন। তা না করে এখানে এসে বলছেন কাগজ পড়ো। এ ব্যাপারে নিজে resign করে এসে যদি বলতেন, তোমরা বেরুবাড়ী ইস্যু নিয়ে ইলেকসন কর, resign কর তাহলে বুঝতাম। কিন্তু সে সৎসাহস তাঁর নাই।

২১শে জানুয়ারী 34—3956 টেলিফোন বেজে উঠলো, তাঁরা জানলেন কম্যুনিষ্ট পার্টির পক্ষ থেকে তাদের সিদ্ধান্ত। বর্ধমান থেকে ফিরে এসেছে পার্টির প্রতিনিধি। জেনে এসেছেন তাদের পক্ষ থেকে ২৬শে জানুয়ারী বেরুবাড়ী সংক্রান্ত কোন জনসভায় তাঁরা মিলিত হতে পারবেন না। কারণ জ্যোতিবাবুর ভাষায়—তিনি আজ এখানে নাই, তিনি দিল্লী গেছেন জরুরী কাজে। যা হোক—জ্যোতিবাবুর ভাষায়—বেরুবাড়ী is a lost case. ও নিয়ে আন্দোলন করবার কোন মানে হয় না।

[From Congress : Shame Shame] সুবোধবাবুর কাগজে এটা লিখেছেন।

Shri Amarendra Nath Basu :

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব এখানে আজকে উত্থাপিত হয়েছে, তা আমি সমর্থন করছি। যখন বেরুবাড়ী নিয়ে এখানে আলোচনা হয়েছিল তখন আমাদের যা যুক্তি ছিল,তা সেখানে রেখেছিলাম। আমরা তখন এই কথা বলেছিলাম—যদি ছিটমহল হয় দিতে পারেন, যদি সীমানা নিয়ে গোলমাল হয় দিতে পারেন, কিন্তু যেভাবে বেরুবাড়ী আপনারা দিয়ে দিচ্ছেন—এর পেছনে কোন যুক্তি নাই। এটা পরিষ্কার হয়ে গেছে যে নেহেরুজী হঠাৎ যে কথাটা দিয়ে ফেলেছেন,

সেটা যে কিছুটা ভুল করে ফেলেছেন, এটা এখানকার সদস্যরা বুঝেছিলেন, পরে নেহেরুজীর কথায় এটা প্রমাণ হয়েছে। তিনি বলেছেন—"আমার জানা ছিল না এখানে কত লোক থাকে। সত্যি কি তাদের মত নেওয়া হয়েছে—আমি জানতাম না। আমার ধারণা ছিল তাদের মত নেওয়া হয়েছে।"

এখন কথা হচ্ছে এই—আমাদের মন্ত্রীমণ্ডলী বিশেষ করে মুখ্যমন্ত্রী যদি পরিষ্কার করে আমাদের কাছে রাখতেন,—"না, বেরুবাড়ী আমাদের দিয়ে দিতে হবে", তাহলে আমরা বলতাম যে তাঁরা দুর্বলতা দেখালেও আমাদের সঙ্গে কোন লুকোচুরী খেলেন নাই।

আমার বক্তব্য হচ্ছে সাধারণ মানুষ বিশ্বাস করে যে বেরুবাড়ী রাখা যেত, যদি বেরুবাড়ী রাখবার জন্য—এখানকার মন্ত্রীমণ্ডলী এবং বিশেষ করে বাংলাদেশের শক্ত মানুষ বলে যিনি পরিচিত, সেই মানুষ, ডাঃ বিধানচন্দ্র রায়, তিনি যদি একটু জোর করে দাঁড়াতেন। বেরুবাড়ী রাখতে পারবেন বলে তিনি অনেকবার আমাদের আশ্বাস দিয়ে ছিলেন। কিন্তু শেষ মুহূর্তে তিনি একেবারে হতাশ হয়ে আমাদের কাছে জানালেন এ নিয়ে আর কিছু করবার নেই এবং প্রধান মন্ত্রীর মর্যাদার দিকে চেয়ে আমাদের এই অবস্থায় পড়তে হয়েছে। তিনি দেশের মানুষকে যে বিশ্বাস করিয়েছিলেন, সেই বিশ্বাস রাখতে পারেন নি, এটা অত্যন্ত সত্য কথা। দেশের মানুষ আশা করেছিল, বিশ্বাস করেছিল যে ডাঃ বিধানচন্দ্র রায় তথা বাংলার মুখ্যমন্ত্রী মহাশয় এইভাবে বেরুবাড়ী দিয়ে দেবেন না। আমরা এই নিয়ে বাইরে আন্দোলন করেছি সত্য। গণতান্ত্রিক পথে যতটা আন্দোলন করা সম্ভব, আমরা তাই করেছি এবং তার মধ্য দিয়ে চেয়েছিলাম যে কংগ্রেস পক্ষের সকল মানুষের মনে জাগাতে পারবো যে এইভাবে বেরুবাড়ী হস্তান্তর করা খুব অন্যায় হচ্ছে। এই বিধান সভায় বেরুবাড়ী নিয়ে আলোচনা হয়েছে এবং যখন এখানে সর্বসম্মতিক্রমে দুবার, দুটা প্রস্তাব গ্রহণ করি, তখন এ কথা ঠিক, আমাদের পক্ষের চাপে পড়ে ডাঃ বিধানচন্দ্র রায়, তথা মুখ্যমন্ত্রী মহাশয়কে এটা মনে নিতে হয়েছে। অবশ্য কোন কোন কংগ্রেসী সদস্য ডাঃ রায়ের কাছে দাবী জানিয়ে ছিলেন যে, এই ভাবে বেরুবাড়ী হস্তান্তর করা উচিত নয় এবং এটা অন্যায় হচ্ছে। প্রশ্ন হচ্ছে আজ যদি অনাস্থা প্রস্তাব আনতেই হয়, তাহলে কার উপর আনবেন? আমি বলবো সমস্ত মন্ত্রীমণ্ডলীর উপর আনবার প্রয়োজন নেই। ঐ একটি মাত্র মন্ত্রী আছে—আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়, যাঁর ইংগিতে মন্ত্রীরা এবং সকল সদস্যরা চলেন, যাঁর কথার উপর কথা বলবার কারও ক্ষমতা নেই, সেই সবচেয়ে যে বড় মন্ত্রী, তাঁর উপর অনাস্থা প্রস্তাব আনা উচিত। সকলে জানেন কিনা জানি না আমি ডাঃ রায়কে বেশ ভাল করে চিনি। যেদিন তিনি রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সঙ্গে ভোট যুদ্ধে নেমেছিলেন সেদিন থেকে আমি তাঁকে চিনি। তিনি অনেক ভুল কাজ করেছেন, অনেক সময় দুর্বলতা দেখিয়েছেন সামান্য, সামান্য জায়গায়। কিন্তু বাংলার মানুষ কোন দিন আশা করতে পারেনি যে এই শক্ত মানুষের হাত থেকে কেন্দ্রীয় সরকার বেরুবাড়ীকে ছিনিয়ে নিয়ে যাবে। আপনারা বলছেন আমরা কেন এই অনাস্থা প্রস্তাব এনেছি? আমার বক্তব্য হচ্ছে এই অনাস্থা প্রস্তাব আমাদের বামপন্থী দলগুলি আনেন নি মনে রাখবেন। সমগ্র পশ্চিমবাংলার জনসাধারণ তাঁদের বিরুদ্ধে এই অনাস্থা প্রস্তাব এনেছেন। এর আগেও অনাস্থা প্রস্তাব এনেছি, হেরে গিয়েছি ঠিক। সেটা ছিল এক একটি বিষয়ের উপর। কিন্তু আজকে যে অনাস্থা প্রস্তাব এনেছি, আপনারা এটা নিশ্চয় জানবেন যে সারা পশ্চিমবাংলার মানুষের যে কথা, সেই কথা এখানে বলতে এসেছি। আপনারা বলবেন কংগ্রেসের যারা সাপোর্টার, কংগ্রেসের ভোটার যারা, তাদের সমর্থনে আপনারা এখানে বসেছেন। কিন্তু আমি বলতে চাই আপনাদের যারা সমর্থক, আপনাদের যারা ভোট দিয়েছেন, আপনাদের নির্বাচনে যারা খেটেছেন তারা আজ আপনাদের সমর্থন করতে চান না। [এ ভয়েস ফ্রম কংগ্রেস বেনচ—আপনার কানে কানে বলেছে বুঝি?] আমি চেঁচিয়ে বলবো না,

কানে কানে নয় রাস্তাঘাটে, মাঠে, ময়দানে যেখানে আপনারা যান না, সেখানে যদি যান দেখবেন আজকে কংগ্রেসের উপর—এই শুধু বেরুবাড়ীর ব্যাপারে তাঁরা কিরূপ বিরূপ মত পোষণ করেন ও তাঁরা এর জন্য কিরূপ বিক্ষুব্ধ হয়েছেন।

[5-30—5-40 p. m.]

আমাদের নির্বাচনের অনেক ইতিহাস আছে, এই বিশ্বাস মশায়কে কারা দাঁড় করিয়াছিলেন আমি জানি। তিনি আমাদের কাছে এসেছিলেন। সমর্থন পাননি, আমি বলেছিলাম বিশ্বাস মশায়কে সমর্থন করতে পারবো না। ভাঙ্গড়ের কথা তাই আর তুলবেন না। তা যদি মনে করেন আসুন একটা বেছে নিই। সেই কেন্দ্রে Election করি শুধু বেরুবাড়ী issue নিয়ে। আমি আমার seat ছেড়ে দিতে রাজী, ডাঃ রায়কে দাঁড় করান হারি বা জিতি দুঃখ নাই, আমি আমার seat ছেড়ে দেবো, আমার কোন মোহ নাই M. L. A. হবার। আমি সেজন্য সেকথা

[Interruption]

বলছি না আমার বক্তব্য হচ্ছে নেপাল রায় কোথা থেকে কোথায় এসেছে সেকথা পরে বলতে পারি এবং তারজন্য একদিন বলতে যেতে হয়েছিল অমর বসু, জ্যোতি বসু এবং হেমন্তবাবুকে যাক সে কথা। আমি এটুকু বলতে পারি যে কোন জায়গায় নির্বাচন করুন। আর আমার বিশেষ কিছু বলার নাই আমি একথাই বলতে চাই আজ যে অনাস্থা প্রস্তাব এসেছে বামপন্থীদলের পক্ষ থেকে এটা সারা বাংলাদেশের মানুষই চায়। আমরা জানি আজকে ওদের অনেকে এতে ভোট দিতে পারবে না, প্রাণে ইচ্ছা থাকলেও সাহস করে নামতে পারে না তার পরিচয় আমরা অনেক আগেই পেয়েছি। যখন বাংলাদেশের ৮০।১০০ লোককে গুলি করে মারলেন তখন লোকের প্রাণে যে কতখানি গিয়ে লাগল কই তখন তো কোন আওয়াজ তুললেন না কংগ্রেস পক্ষের কোন সদস্য। কাজেই আপনাদের আমরা বিশ্বাস করি না। কাল কিংবা আজ যে আপনাদের উপর আস্থা নাই তা নয় আপনাদের উপর কোন দিনই আস্থা নাই, তবে বাংলাদেশের জনসাধারণ এটা চায় যে অনাস্থা প্রস্তাব কংগ্রেস মন্ত্রীমণ্ডলীর বিরুদ্ধে আনা হলে কংগ্রেস পক্ষের সভ্যরা কোন্‌দিকে ভোট দেয় দেখি। এই বলে আমি এই প্রস্তাব সমর্থন করি।

Shri Krishna Kumar Shukla :

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধীপক্ষের বিভিন্ন নেতৃমণ্ডলী সমর্থিত যে অনাস্থা প্রস্তাব উপস্থিত হয়েছে আমি তার বিরোধিতা করার জন্য দাঁড়িয়েছি। বেরুবাড়ী প্রশ্ন লোকের কাছে তুলে ধরে ১৯৬২ সালের নির্বাচনী বৈতরণী তরিয়ে যাবার জন্য তারা যে চেষ্টা করেছেন, নিশ্চয়ই লোকের কাছে এই ভুয়া আন্দোলনের প্রকৃত স্বরূপ তুলে ধরা দরকার আছে। পশ্চিমবঙ্গ এবং ভারতের বৃহত্তর স্বার্থের কথা চিন্তা করে কেন্দ্রীয় সরকার একটা চুক্তি করেছেন। এই চুক্তির নৈতিক মান এবং ভৌতিক মান নিয়ে আলোচনা আরম্ভ করা হয়েছে এখানে এবং প্রস্তাবে এটা বুঝাবার চেষ্টা করা হয়েছে যে পাকিস্তানের সঙ্গে যোগ-সাজসে এই চুক্তি করা হয়েছে। আমরা যারা পশ্চিমবাংলার সন্তান, এই মাটিতে যাদের জন্ম আমার মনে হয় বেরুবাড়ীর ১ ইঞ্চি জমিও যদি অন্যের হাতে চলে যায় তবে তার জন্য আমাদের বুকে আঘাত লাগে একথা বিধান সভায় বারবার সর্বসম্মতিক্রমে প্রস্তাব পাশ করে কেন্দ্রীয় সরকারকে জানিয়ে দিয়েছি এবং জানিয়ে দিয়েছি এ সম্বন্ধে বিধান সভার মত কি? কেন্দ্রীয় সরকার ভারতের map তাদের সামনে রেখে, সর্বভারতীয় কল্যাণে যারা নিয়মবর্জিত তাদের চিন্তা শক্তিকে কাজে লাগিয়ে একটা চুক্তিতে আবদ্ধ হয়েছেন সেই চুক্তি নিয়ে আজ এখানে আলোচনা হচ্ছে। এখানে একটা কথা মনে করিয়ে দিতে চাই। বহুদিন আগে আসামে যখন লোকের উপর বর্বরোচিত আক্রমন

হয়েছিল তখন তাকে আমরা ঘৃণার চোখে দেখেছি এবং তার বিরুদ্ধে আমাদের যে বিক্ষোভ এবং ক্রোধ তাও ভাষায় প্রকাশ করেছি, সে সময় এখানে ওদিককার কিছু লোক কেন্দ্রীয় সরকার এবং বিভিন্ন নেতৃবৃন্দ যারা দেশ পরিচালনা করছেন তাদের motive সম্বন্ধে সন্দিহান হয়েছিলেন এবং honesty সম্বন্ধে সন্দেহ প্রকাশ করেছিলেন। আজকে দেশের মঙ্গলের জন্য কর্ম-কর্তারা যে চুক্তি করেছেন তাদের কি motive থাকতে পারে, ডাঃ রায়ের কি motive থাকতে পারে তা জানাতে হবে। motive প্রমাণ করতে পারলাম না—রাজনৈতিক চক্রান্ত করে জনগণকে ভুল পথে চালাবো এই ধাপ্পায় বাংলার চিন্তাশীল মানুষকে বেশী দিন ভুলিয়ে রাখা যাবে না। আজকে আমি বিরোধী পক্ষকে জিজ্ঞাসা করি তারা যে যুক্তির অবতারণা করেছেন, এবং নানা-ভাবে বুঝাবার চেষ্টা করেছেন যে আমাদের দেশের সঙ্গে পণ্ডিত নেহেরু বিশ্বাসঘাতকতা করছেন, ডাঃ বিধানচন্দ্র রায় বিশ্বাসঘাতকতা করছেন তার প্রমাণ দিতে হবে। আজকে motive কি, সাক্ষীসাবুদ দিয়ে প্রমাণ করতে হবে কিসের জন্য তারা এটা করতে পারেন! যারা এসব কথা বলেন সেই Communist Party-র motive বারবার নির্বাচনের কষ্টি পাথরে যাচাই হয়ে গেছে। তাদের কোন অধিকার নাই ভারতবর্ষের কোন নেতার মনোভাব সম্বন্ধে কথা বলবার।

[Noise and Interruptions]

সেদিন যখন ওদের পিতৃভূমির পক্ষের লোকেরা ১২ হাজার বর্গমাইল দখল করলো তখন আপত্তির একটা কথাও তুলতে পারলেন না, সেদিন যদি প্রতিবাদ করতেন, ডাঃ বিধানচন্দ্র রায়ের পাশে এসে দাঁড়াতেন আপত্তি করতেন চৌএন লাইয়ের অন্যায়ের বিরুদ্ধে এবং বলতেন চীন সাম্রাজ্যবাদ ভারতের ভিতরে ঢুকে পড়েছে এবং সেটা প্রতিরোধ করতে হবে তাহলে নিশ্চয়ই মনে করতাম যে তাদের আন্তরিকতা আছে, তাদের দেশের মাটিকে নিশ্চয়ই ভালবাসে।

[Noise]

আজকে বাংলাদেশের মানুষ জানে তাদের, তাই দরকার হয়েছে crocodile tears-এর কুম্ভীরাশ্রুর, মনে করেছে তারা এভাবে ১৯৬২ সালের নির্বাচনের তরী একা পার হয়ে যাবে। আজকে এখানে দাঁড়িয়ে বাংলাদেশের মানুষকে জানিয়ে দিতে হবে, তাদের বুঝিয়ে দিতে হবে যে আজকে আমরাই একমাত্র দ্বিধাবিভক্ত দেশের জন্য দায়ী নই, অজান্তে নিশ্চয়ই একথা মনে করিয়ে দিতে হবে যে ওরাই কমিউনিস্ট পার্টিই তদানীন্তন মুস্লিম লীগের সঙ্গে আঁতাত করেছিলেন [noise] এবং Right on self determination-এর নামে মুস্লিম সাম্প্রদায়িকতার জিগির তুলেছিলেন আর আজ তারাই কিনা আয়ুব খাঁ এবং চুনের সঙ্গে চুক্তিতে দেশের সর্বনাশ ঘটছে বলে তার বিরুদ্ধে বলছেন।

[5-40—5-50 p.m.]

আমি এই অনাস্থাপ্রস্তাবের বিরোধিতা করি। পশ্চিমবংগের মানুষ বারেবারে আস্থা প্রকাশ করেছেন আমাদের সরকারের প্রতি, আমাদের দেশের নেতৃবৃন্দের উপর সেই আস্থা পাথেয় করেই আমরা এগিয়ে যাব। খানিকক্ষণ আগে ভাঙ্গরের কথা বলা হয়েছে, আমি জিজ্ঞাসা করি সেখানে কি প্রমাণ ও বিচার হয়ে যায়নি, গণআদালতের কশাঘাতে তাঁরা কি ফিরে আসতে বাধ্য হননি? তাই তাঁরা যখন পদত্যাগের কথা বলেন তাঁদের কাছে আমার উত্তর বেরুবাড়ীর প্রশ্ন লোকের সামনে তুলে ধরে যদি তাঁরা প্রমাণ করার চেষ্টা করেন যে তাঁরা লোকের আস্থাভাজন তাহলে তাঁরা ব্যর্থকাম হবেন। আপনাদের উপর দেশের লোক আস্থা রাখতে পারছেন না। আমি একটা উদাহরণ দিয়ে দেখাব ২৬শে জানুয়ারী বেরুবাড়ীর জনসাধারণ একত্রিত হয়েছিল তাঁরা প্রতিজ্ঞা করেছেন তাঁরা পশ্চিমবংগ থেকে বিচ্ছিন্ন হবেন না।

তাঁরা নাকি রক্ত দিয়ে স্বাক্ষর করে দেশের লোকের কাছে জানিয়েছে তাঁরা এই দেশেই থাকতে চান। বাংলাদেশের তথাকথিত সর্ববরেণ্যনেতা হেমন্তবসু মহাশয় Calcutta থেকে aeroplane-এ সেই সভার সভাপতিত্ব করতে যান। কিন্তু তাঁর শরীরের এককোঁটা রক্ত দিয়েও তিনি সেদিন স্বাক্ষর করেননি। বেরুবাড়ীর জনসাধারণের জন্য যাঁর মন কেঁদেছে, মন উদ্বেগ হয়ে উঠেছে তিনি কিন্তু রক্ত দিয়ে সেই স্বাক্ষর করে তা প্রমাণ করতে পারেননি।

[Noise]

আজকে যারা মন্ত্রীমণ্ডলীর পদত্যাগের কথা বলেন আমি মনে করি তাঁদের মধ্য আন্তরিকতা কম—ধাপ্পাবাজীই বেশী। কিছুদিন আগে এঁরা পশ্চিমবাংলায় বিপ্লব সংঘটিত করতে চেয়েছিলেন খাদ্য আন্দোলনের নামে। তা fail করেছে। আজকে এই প্রস্তাবের অন্যতম উত্থাপক শ্রীদেবেন সেন বলেছেন আমরা মাড়োয়ারীর সঙ্গে আঁতাত করেছি। আমি অত্যন্ত নম্রতার সঙ্গে এই বিধানসভায় দাঁড়িয়ে তাঁকে একটি প্রশ্ন করতে চাই, তিনি যখন MLA ছিলেন না তখন তাঁর গাড়ী কার পেট্রোলে চলেছে, কে খরচ জুগিয়েছে? আমি এখানে আরেকটি উদাহরণ দিতে চাই—কে মাড়োয়ারী ও ইংরেজের সঙ্গে আঁতাত করেছে—Calcutta Electric Supply Corporation, তিনি সেখানকার Union-এর President, তাঁদের ইংরেজমালিক কোন Congressman নয়, কোন Communist নয়, চিনল কি বাংলাদেশের একমাত্র দেবেন সেনকে?

যাইহোক, আমি এই অনাস্থা প্রস্তাবের বিরোধিতা করি।

Shri Subodh Banerjee :

মিঃ স্পীকার স্যার, কংগ্রেসের পক্ষ থেকে অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে যে সমস্ত যুক্তি ও তথ্যের অবতারণা করা হয়েছে সেগুলি একটু অনুধাবন করা দরকার। কংগ্রেসের বন্ধুরা পশ্চিমবঙ্গ সরকার যে সমস্ত নথিপত্র দাখিল করেছেন সেগুলি থেকে পড়ে শুনিয়েছেন। আমি জানিনা সেই সমস্ত নথিপত্র থেকে বলার কি প্রয়োজন আছে। কিন্তু যদি এই হয় যে সরকার যেসমস্ত নথিপত্র লিখেছেন সেগুলি পড়ে তাঁরা এটাই প্রমাণ করতে চাচ্ছেন যে পশ্চিমবঙ্গ সরকার বেরুবাড়ী হস্তান্তরের বিরুদ্ধে তাহলে আমি কংগ্রেসী বন্ধুদের আমি আপনার মাধ্যমে জিজ্ঞাসা করব যে আপনারা কি বেরুবাড়ী রাখতে চান, না চান না—বিলেটেড হোক তাতেও আপত্তি নেই। আমি আবার প্রস্তাব করছি কংগ্রেসী সভায় জবাব দিন যে এই প্রশ্নে আপনারা বেরুবাড়ী বাংলার সঙ্গে রাখতে চান, না চান না? [এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চেস—চাই।] একটি মাত্র কণ্ঠস্বর। [নয়েজ] স্পীকার মহাশয়, এর জবাব বাংলাদেশের লোক পেয়ে গেছে। আপনারা যদি মনে করেন বেরুবাড়ী রাখতে চান তাহলে আসুন আমরা সকলে মিলে একসঙ্গে পদত্যাগ করি। কিন্তু জানি যে আপনারা তা দিতে রাজী নন এবং আপনারা বেরুবাড়ী দেবার পক্ষে ভোট দিয়ে এলেন। দ্বিতীয় জিনিস, শ্রীশুক্লা এখানে মোটিভের প্রশ্ন তুলেছেন। মোটিভ বুঝতে কি কষ্ট হয়? আমরা বলছি যে বেরুবাড়ীর প্রশ্নের ক্ষেত্রে সারা ভারতের অর্থনীতির দিকে তাকিয়ে দেখুন। পুঁজিবাদী অর্থনীতিতে সঙ্কট উপস্থিত—এখানে সমস্ত মাল জমে যাচ্ছে বলে বাজারের দরকার। ইংরাজ, আমেরিকা, জার্মানী, জাপান সমূহ বিশ্বের বাজার দখল করে বসে আছে, আর একদিকের বাজার unguarded। সুতরাং পাকিস্তানের বাজার আটক করার জন্য ভারতীয় পুঁজিপতিরা এই ব্যবস্থা করছে। এইজন্যেই দেখছি সিন্ধুনদীর জল নিয়ে চুক্তি, ৮০ কোটি টাকা দেবার ব্যবস্থা এবং বেরুবাড়ী হস্তান্তর করে দেবার ব্যবস্থা। এইভাবে পুঁজিপতিদের মাল কাটানোর জন্য দেশের একট অংশকে বিদেশীকে দেওয়া হচ্ছে। মোটিভ নানা রকম হতে পারে—ক্লাস মোটিভ, শ্রেণী স্বার্থে এই জিনিস হচ্ছে।

[5-50—6 p m.]

আমাদের শুক্লাভাই বললেন, আমরা যে সভ্রিণ বেঙ্গল-এর কথা ভাবছি সেটা তিনি বুঝতে পারলেন না। তবে রাজনীতিতে যখন তিনি ১৯৪৭ সালের পরে এসেছেন তখন তাঁর পক্ষে এটা না বোঝাই সম্ভব যে এই সভ্রিণ বেঙ্গলের ইতিহাস কোথায়। কিন্তু তিনি এটা বোধ হয় জানেন যে, সভ্রিণ বেঙ্গলের কথায় ভারতবর্ষ থেকে পশ্চিমবাংলাকে বিচ্ছিন্ন করবার কথা না বলে শুধু এটুকুই বলা হয়েছে যে, যদি পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গের কংগ্রেসী দল একথা মনে করে থাকেন যে বেরুবাড়ীকে পাকিস্তানের হাতে দেওয়া অন্যায় তাহলে প্রতিবাদ হিসেবে তাঁরা ২টি জিনিস করুন এবং তার একটি হলো পশ্চিমবঙ্গ সরকারের নেতা হিসেবে ডাঃ রায় কেন্দ্রীয় সরকারের নেতা পণ্ডিত নেহেরুকে বলুন যে আমি এই রাজ্যে রাজত্ব করতে পারব না, আপনি এখানের জন্য অন্য লোক ঠিক করুন। আমার মনে হয় এই একটি মাত্র চাপ দিলে কেন্দ্রীয় সরকারের টনক নড়ত এবং এর নাম সেসন্ নয় বা সভ্রিণ বেঙ্গলও নয়। তারপর দ্বিতীয় জিনিস যেটা তাঁরা করতে পারেন তা হলো পশ্চিমবাংলার কংগ্রেসী দল যদি সর্বভারতীয় কংগ্রেস দলকে একথা বলেন যে, তোমরা বাংলাদেশের জনসাধারণের ইচ্ছার বিরুদ্ধে যখন বেরুবাড়ীকে পাকিস্তানের হাতে দিয়ে দিচ্ছ তখন বাংলাদেশের কংগ্রেস হয়ে আমরা এই জিনিস সমর্থন করতে পারি না এবং সেইজন্যই সর্বভারতীয় দলের সঙ্গে শাখা হিসেবে পশ্চিমবাংলার কোন সম্পর্ক আমরা রাখতে পারব না। স্যার, এর অর্থ সভ্রিন বেঙ্গল নয়, এর অর্থ চাপ সৃষ্টি করা। অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকার যদি চাইতেন যে বেরুবাড়ী পশ্চিমবাংলার মধ্যে থাক তাহলে এই ২টি জিনিস করার দরকার ছিল এবং এর অর্থ ভারতবর্ষ থেকে পশ্চিমবাংলা বিচ্ছিন্ন হওয়া নয়, এর অর্থ কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করে বেরুবাড়ীকে পশ্চিম বাংলার মধ্যে রাখার ব্যবস্থা করা। যাই হোক্, আজ তিনি আমাদের উপর এই বলে দোষারোপ করছেন যে আমরা দেশের মধ্যে আন্দোলন গড়ে তুলতে পারিনি। সেখানে আমার বক্তব্য হচ্ছে যে, আমরা এবং অন্যান্য যাঁরা চেষ্টা করেছেন নানা কারণে আমরা তা করে উঠতে পারিনি একথা সত্য। কিন্তু তার অর্থ কি এই দাঁড়ায় যে, যেহেতু বামপন্থীরা আন্দোলন করতে পারল না সেই হেতু বেরুবাড়ীকে পাকিস্তানের হাতে দিয়ে দিতে হবে! তাহলে হয়ত আবার এও বলবেন যে দেশের লোক অপরাধ করল বা দুর্নীতিপরায়ণ হলো সেটা দোষের নয়, কিন্তু বামপন্থীরা কেন সেই দুর্নীতিকে ঠেকাতে পারল না সেটাই হলো দোষের এবং সেই দোষই দেখছি বেরুবাড়ীকে নেবার বেলায় বামপন্থীদের উপর আপনারা চাপিয়েছেন। তারপর এখানে কেউ কেউ ভাঙ্গরের উপ-নির্বাচনের কথা উল্লেখ করেছেন। কিন্তু আমি জিজ্ঞেস করতে চাই যে ভাঙ্গরের উপ-নির্বাচন কি একটা অল ইণ্ডিয়া বা অল বেঙ্গল ইস্যু? সুতরাং; একটা জায়গায় জিতে আসলেই সেটা রেফারেণ্ডাম-এর কাজ হয় না, বরং বেরুবাড়ীকে অল ইণ্ডিয়া বা অল বেঙ্গল ইস্যু হিসেবে রেখে যদি সেই ভিত্তিতে জিতে আসতে পারেন তাহলেই সেটা নিঃসন্দেহে রেফারেণ্ডাম-এর কাজ হবে। যাই হোক্, এই সরকার যখন ক্লাশ মোটিভ এবং ক্লাশ ইণ্টারেষ্ট নিয়ে ব্যস্ত তখন তাঁদের বিরোধিতা করা পবিত্র কর্তব্য বলে মনে করি এবং সেটাই আমরা করেছি।

Srimati Labanya Prova Ghosh :

মাননীয় স্পীকার মহাশয়, নিরবচ্ছিন্ন কুশাসনের কারণে আমাদের রাজ্য সরকার জনমতের কাছে আজ নিত্য অনাস্থাভাজন হয়েই আছেন। বহুজনের রাজনৈতিক চেতনার অভাবে এবং বহু রাজনৈতিক অপকৌশলের আশ্রয়ে—আজ শাসনযন্ত্রে তাঁরা টিকে থাকলেও জাতির অন্তরে আজ তাঁদের কোন সংস্থান নেই। এই কংগ্রেস সরকার শাসনে আছেন এটাই আজ জনগণের গভীর মর্মবেদনা এবং হতাশার কারণ হয়ে রয়েছে। নিয়ত কুশাসনের জীবন ধারার মধ্যে এই

সরকার যখন পর্যায়ে পর্যায়ে জাতির প্রতি বিশ্বাসঘাতকতা ও অবিশ্বাস্য অসদাচরণ করেন সমগ্র জাতি তখন—সীমাহীন ক্ষোভে ও অন্তহীন বিস্ময়ে আলোড়িত হয়ে ওঠে। তখন জনগণের প্রতিনিধিদের প্রয়োজন হয় জাতির মর্মবেদনাকে অনাস্থার প্রস্তাবে মূর্ত করে তোলা। আজ বাংলার জীবনে তথা সমগ্র ভারতবর্ষের জীবনে কংগ্রেস পক্ষ থেকে বেরুবাড়ীর ঐতিহাসিক ব্যাপারে এমন এক কদর্য রাজনৈতিক বিশ্বাসঘাতকতা এবং অপরাধ জনক আচরণ করা হয়েছে—যার দ্বারা শুধু কংগ্রেসের ইতিহাস নয় সমগ্র ভারতের মহান ইতিহাসের পাতাও চিরকালের জন্য কলঙ্কিত হয়ে রইল। সীমাহীন ক্ষোভে আলোড়িত সমগ্র বাংলার অন্তর আজ এর বিচার চায় প্রতিকার চায়। কেন্দ্রীয় সরকারের এই নগ্ন স্বৈরাচার ও অপরাধের যারা বিবেকহীন সহায়কারী পশ্চিমবাংলার সেই রাজ্যসরকারের দুরপণেয় কলঙ্কের বিরুদ্ধে সমগ্র দেশের জাগ্রত তীব্র অনাস্থাকে রূপদান করার বিবেকের আহ্বান আজ আমাদের কাছে দেখা দিয়েছে। আমাদের সমাজ জীবনে—জনজীবনে এই সরকারের আজ স্থান কোথায় তার অন্যতম মূর্ত পরিচয় এই অনাস্থা প্রস্তাব সংখ্যাধিক্যের ভোটের শক্তিতে শাসনের আসন আজ যতই সুদৃঢ় মনে হোক সমগ্র দেশের অন্তরের বাণী আজ অচিরে এই শাসনের অবসান হোক।

Shri Bankim Mukherjee :

সভামুখ্য মহাশয়, আজকে এই অনাস্থা প্রস্তাব সমর্থন করতে উঠে আমি অন্ততঃ আশা করেছিলাম যে কংগ্রেস পক্ষ থেকে কেউ না কেউ বেরুবাড়ী হস্তান্তর ব্যাপারে কিছু বলবেন। যদিও তাঁরা বরাবর বেরুবাড়ী হস্তান্তরের বিরোধিতা করে এসেছিলেন তবুও কেন্দ্রীয় কংগ্রেস সরকার বেরুবাড়ী হস্তান্তর প্রস্তাব যখন পাশ করে নিয়েছেন এবং যখন মার্জার বিল এখানে উপস্থিত হয় তখনই শেষ পর্যন্ত সেই মার্জার বিলে তাঁরা সমর্থন জানিয়েছেন। বেরুবাড়ী হস্তান্তর প্রস্তাবটা আমাদের সামনে আসেনি সেটা লোকসভায় পাশ হয়েছে। কিন্তু মার্জার বিল হল সেই হস্তান্তর Nehru-Noon agreement এবং তা দুভাগ করা হয়েছে—এক ভাগ হল মার্জার বিল, আর এক ভাগ হল বেরুবাড়ী হস্তান্তর। কাজেই যখন তাঁরা শেষ পর্যন্ত এই মার্জার বিলকে সমর্থন করলেন আমাদের চরম বিরোধিতা সত্ত্বেও তখন আশা করেছিলাম যে গোড়ায় হয়ত তাঁরা ভুল করেছেন এ কথা স্বীকার করবেন অর্থাৎ কংগ্রেস পক্ষের উচিৎ ছিল কেন্দ্রীয় কংগ্রেস এবং কেন্দ্রীয় লোকসভা যে কাজ করেছেন তাকে সমর্থনের জন্য তবুও দুটো যুক্তি দেওয়া। কিন্তু কেউ তা চেষ্টা করেন নি, হয়ত এরপর উনি প্রধান বক্তব্য অপর পক্ষ থেকে রাখবেন আস্থা আনবার জন্য তিনি হয়ত সে সম্বন্ধে কিছু বলবেন। কিন্তু এখানে অনেক অবান্তর কথা উঠল—২।৩ জন বক্তা ভাঙ্গরের নির্বাচনের কথা তুললেন। আমি জিজ্ঞাসা করতে চাই যে ভাঙ্গরের নির্বাচন উপলক্ষে কোথাও কোন জনসভায় কি বেরুবাড়ী সম্বন্ধে আলোচনা হয়েছিল? কোথাও হয় নি, বেরুবাড়ীর প্রশ্ন উঠেনি। আমরা জানি আজকের কাগজে রয়েছে কেরালার ১০,১২ হাজার ভোটে কমিউনিষ্ট প্রার্থী জিতেছে। তার মানে কি আয়ুপিল্লাই সাহেবের প্রতি অনাস্থা প্রকাশিত হল? কমিউনিষ্টদের সিটে কমিউনিষ্টরা জিতেছে। তেমনি এখানে পরলোকগত শ্রদ্ধেয় হেমচন্দ্র নস্কর মহাশয়ের যে সিট সেই সিট কংগ্রেস রক্ষা করেছে। অতএব এতে কোন কিছু প্রমাণ হয় না বরং এটুকু হয় যেটা সমস্ত দলের লোক দেখেছে যে কংগ্রেসের আভ্যন্তরীণ বিশৃঙ্খলা কতদূর—যিনি বারবার কংগ্রেসের বিরোধিতা করেছেন তাঁকে কংগ্রেস সমর্থন করেছে এবং তাঁর বিরুদ্ধে আর একজন কংগ্রেস দাঁড়িয়েছে। কংগ্রেসের আভ্যন্তরিণ বিশৃঙ্খলা সমস্ত বাংলাদেশের লোক লক্ষ্য করেছেন। সেইজন্য আমাদের পক্ষ থেকে সেখানে নানারকম প্রার্থী দাঁড় করাবার প্রয়োজন বোধ করিনি। কাজেই ঐ ভাঙ্গরের নির্বাচনের দ্বারা কিছু প্রমাণিত হয় না। আজকে বেরুবাড়ীর উপর, আমাদের কার্যকলাপে বাংলা সরকারের যে অক্ষমতার ও নিদারুণ শৈথিল্যের পরিচয় যদি সেই

বিষয়ে শিক্ষিত বাঙালী সমাজের ভোট গ্রহণ করা হয় তাহলে আমাদের ধারণা শতকরা ৫।১০ ভোট তাঁরা পাবেন না।

[6—6-10 p.m.]

I move that in proviso to clause 5(1)(f), lines 3 and 4, the words "or other suitable persons" be omitted.

I move that for clause 5(2), the following be substituted, namely :—

"(2) All members of the *Parishad* shall be elected or nominated, as the case may be, and a Vice-President shall be elected from among the members of the *Parishad*".

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যেখানে nominated by the Government আছে সেখানে এর পরিবর্তে Elected from among the members of the Parishad একথাটা রাখতে চাচ্ছি। যদি ভারতবর্ষ কোনদিন পরাধীন না হত তাহলে আয়ুর্বেদ তৎকালে যেভাবে বিকাশ লাভ করেছিল সেই উন্নতি যদি অব্যাহত থাকত এবং তখন থেকে আরম্ভ করে এখন পর্য্যন্ত যদি কোন বাধাবিঘ্ন না পেত তাহলে এটা একটা বিশেষ চিকিৎসা বিজ্ঞান হিসাবে পরিগণিত হত এবং এযুগে এ্যালোপাথিক চিকিৎসা যেভাবে চলেছে তার সমকক্ষ কিংবা তার চেয়ে উন্নততর অবস্থায় এই বিজ্ঞান পৌঁছুতে পারত এ বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু যেকোন কারণেই হোক এই উন্নতি সম্ভবপর হয়নি।

[4—4-10 p.m.]

কিন্তু যে কারণে এর উন্নতি সম্ভবপর হয়নি, সেই সমস্ত বহু কারণ ইংরাজ আমলে এবং তারপর আমাদের দেশ স্বাধীন হবার পর, এই সরকার যে কারণে এই বিল আনতে দেরী করলেন তার মূল রয়ে গিয়েছে এই আয়ুর্বেদের উপর বর্তমান সরকারের আস্থা উপযুক্তভাবে না থাকা। এখন পর্য্যন্ত যে ধারা আমরা আলোচনা করছি, সেই ধারা লক্ষ্য করে আমরা দেখছি যে আয়ুর্বেদ চিকিৎসা যাতে উন্নততর অবস্থা অনায়াসে লাভ করতে পারে সেই ব্যবস্থা না রেখে এই সরকার আয়ুর্বেদে উন্নতি আন্তরিকভাবে চায়না তার ব্যবস্থা করা হয়েছে সর্বক্ষেত্রে। আজকে আমরা জেনেছি, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আয়ুর্বেদ ঔষধ প্রস্তুতকরণ প্রতিষ্ঠানের পক্ষ থেকে একটা স্মারকলিপি দিয়েছেন। তারা সন্নিহান যেভাবে এই ধারা নিয়োজিত করা হয়েছে সেই ধারায় তাদের স্বার্থ ব্যাহত হবে। আমার বক্তব্য হচ্ছে এই ৫ ধারা সম্বন্ধে যে সরকার এটা চেপে রাখছেন তাঁর মনোনীত লোক রেখে দিয়ে। এই সরকার মৌখিকভাবে গণতন্ত্রের কথা বলে থাকেন কাজ হাঁসিল করার জন্য। তাঁরা গণতন্ত্রের কথা বলেন কিন্তু এই চিকিৎসার উন্নতি করণে যে প্রচেষ্টা করা হচ্ছে তাতে তার কোন ইঙ্গিত পাওয়া যায় না। এখানে প্রতিষ্ঠানগুলি থেকে এবং সদস্যদের কাছ থেকে এই অভিযোগ এসেছে যে, গণতান্ত্রিক পদ্ধতিতে পরিষদে member থাকবে সেখানে nominated কথাটা না রেখে elected from among the members, এই কথাটা রাখলে কোন অসুবিধা হতে পারে না। উপযুক্ত সদস্যরা নির্বাচিত হয়ে যাবে, অবশ্য কোন কোন ক্ষেত্রে বিশেষ প্রয়োজনে সরকারী মনোনীত সভ্য থাকবে। এবং নির্বাচিত সদস্য ও মনোনীত সদস্য নিয়ে যে পরিষদ গঠিত হবে তার যে President হবে, সেই President কেন একজন মনোনীত ব্যক্তি হবে, কেন নির্বাচনের মাধ্যমে হবেনা তা বুঝতে পারিনা। তাহলে কি যে সদস্য মনোনীত হয়ে যায় এবং যে সদস্য নির্বাচিত হয়ে যায় তাদের যোগ্যতা সম্বন্ধে সন্দেহ থেকে যায় সরকারের মনে যে তাদের মনোনীত লোক President হিসাবে না থাকলে এই পরিষদের কাজ যথাযথভাবে চলবে না এই ধারণাই

কি সরকারের আছে, এটা আমরা মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই। সরকার কি মনে করেন যে তাদের হস্তক্ষেপ না থাকলে এটা উপযুক্তভাবে অগ্রসর হতে পারবেনা যার জন্য এই মনোনীত লোক থাকবে। কিন্তু আমাদের বিশ্বাস এই পরিষদের মধ্যে যেসব লোক নির্বাচন ও মনোনয়নের মাধ্যমে আসবে তারা যোগ্য লোক হবেন এবং এই যোগ্য লোকের উপরেই সেই ভার দেওয়া হোক্। কিন্তু সরকার যদি এইভাবে অগ্রসর হন তাহলে ultimately দাঁড়াবে which punishes the less is the best Government। আমরা এই সরকারের প্রত্যেক ব্যাপারে দেখতে পাচ্ছি যে শাসনক্ষমতা তাদের নিজেদের হাতের মধ্যে রাখতে চান। এমন কি এখানে আয়ুর্বেদ চিকিৎসার জন্য এবং তার ঔষধ প্রস্তুতিকরণের জন্য যে পরিষদ হবে তাতেও দেখতে পাচ্ছি তাদের নিজেদের মনের মত লোক রাখছেন। এইজন্য আমি মনোনয়নের পরিবর্তে নির্বাচনের ব্যবস্থা রাখতে বলছি।

আমার যা বক্তব্য তা চিত্তবাবু মহাশয় উল্লেখ করেছেন। এখানে রাখা হয়েছে—Three shall be registered Ayurvedic practitioners.

আমি রাখতে চাচ্ছি five। একই কারণ, পূর্বে আমি যে যুক্তি দিয়েছি সেই একই যুক্তি এর মধ্যে রয়েছে। Seven members nominated by the State Government of whom 3 shall be registered Ayurvedic practitioners.

এখানে three-র পরিবর্তে আমি five রাখতে চাচ্ছি। আর :clause 5F লক্ষ্য করলে দেখা যায় এটাও জনসাধারণের স্বার্থের পরিপন্থী এবং আয়ুর্বেদ চিকিৎসকদেরও স্বার্থের বিঘ্ন সৃষ্টি করবে। এই clause-টায় suitable person রাখা হয়েছে কিন্তু এটা define করবে কে? Suitable-এর definition কি? এবং কি হিসাবে একজন ব্যক্তির উপযুক্ততার নিরিখ ঠিক করা হবে? এই যে 'F'-এর মধ্যে suitable person কথাটা রাখা হয়েছে এটা আমি তুলে দিতে চাচ্ছি, এটার প্রয়োজন নাই।

তারপর Clause 5(C)-তে এই যে—Members of the Parishad shall be elected or nominated, as the case may be and a Vice-President shall be elected from among the members of the Parishad.

এটা আমি এভাবে রাখতে চাচ্ছি, প্রেসিডেন্টের নির্বাচনের জন্য যে যুক্তি দেখান হয়েছে সেই যুক্তিক্রমে তাঁদের মধ্যে থেকে Vice-President ভোটে নির্বাচিত হবেন—এটাই আমি এই amendment-এ রাখতে চাচ্ছি।

Shri Subodh Banerjee : I move that for item (b) of sub-clause (1) of clause 5 the following be substituted, namely :—

"(b) seven members elected by teachers of the institutions imparting education in Ayurvedic System of medicine from among themselves of whom two shall be Principals or Heads of such institution ;"

'I move that for item (c) of sub-clause (1) of clause 5 the following be substituted, namely :—

"(c) one member, elected by each of the Senate, University of Calcutta and the University of Burdwan."

I move that in item (f) of sub-clause (1) of clause 5, line 2. for the words "nominated by the State Government," the word "*ex-officio*" be substituted.

I move that in proviso to items (d), (e) and (f) of sub-clause (1) of clause 5, line 3, after the words, "existing institutions" the words "imparting education in Ayurvedic System of medicine," be inserted.

I move that in proviso to items (d), (e) and (f) of sub-clause (1) of clause 5, lines 3 and 4, for the words, "or other suitable persons", the words "or three

other persons interested in education in Ayurvedic System of medicine", be substituted.

I move that in item (g) of sub-clause (1) of clause 5, line 1, for the word "five", the word "six", and in line 2, for the word "one" the word "two" be substituted.

I move that in item (g) of sub-clause (1) of clause 5, line 1, the words "who are citizens of India" be omitted.

I move that in clause 5(2), lines 2 and 3, for the word "on the first constitution of the *Parishad* after its establishment" the words "for the purpose of the first constitution of the *Parishad* after its establishment" be substituted.

I move that after clause 5(2), the following be added, namely :—

"(3) The first President shall, within six months from the date of the constitution of the *Parishad* under sub-section (2), or within such longer period, not exceeding one year from the date of such constitution, as the State Government may, by notification, direct, cause arrangements to be made for constituting the *Parishad* in accordance with the provisions of sub-section (1)".

[4-10—4-20 p.m.]

স্পীকার মহাশয়, এই ৫নং ধারাটা পরিষদ গঠনসংক্রান্ত ধারা। সর্বক্ষেত্রেই দেখা যাচ্ছে যে, প্রতিটি প্রতিষ্ঠানে সরকার তার মনোনীত সদস্য সংখ্যা বাড়িয়ে যাচ্ছেন। একটা দিন ছিল যখন আমরা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করেছিলাম তখন আমাদের একটা দাবি ছিল এই মনোনয়ন প্রথা বাতিল করতে হবে। District Board থেকে আরম্ভ করে সমস্ত স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানে মনোনয়ন প্রথা তুলে দেবার দাবি আমাদের ছিল। কিন্তু ক্ষমতা পাবার পর সেই কথা বেমালুম ভুলে গিয়ে এঁরা যেখানে যতখানি পারেন এই মনোনয়ন প্রথা ধরে রেখেছেন। তাই এই পরিষদ গঠিত হলে এর মধ্যে কেবলমাত্র ৫ জন নির্বাচিত আর ১২ জন সরকারী মনোনীত বা সরকারী প্রতিষ্ঠানের সংগে যুক্ত। আমি সর্বপ্রকার মনোনয়নের বিরুদ্ধে। এই যে বডি হবে এই বডি সিলেবাস ঠিক করবে, বডি পরিষদের পরীক্ষা নেবে, অথচ যারা পড়াবেন তাদের প্রতিনিধি নেই, আয়ুর্বেদের institutions-এর প্রতিনিধি নেই। সরকার যাকে মনে করবেন তাঁকেই প্রেসিডেন্ট করবেন। তারপর members nominated by the State Government of whom three shall be registered Ayurvedic practitioners. আর বাকী ৪ জন যারা ঠেলা গাড়ী ঠেলে তারা নাকি? অর্থাৎ ৭ জনের মধ্যে ৩ জন আয়ুর্বেদের Registered Practitioners হবেন, আর বাকী ৪ জন সেসব কিছু নেই। আপনারা যদি বলতেন যে আয়ুর্বেদের কলেজের টিচার্স নেওয়া হবে তাহলে বুঝতাম যে আয়ুর্বেদের সঙ্গে সম্পর্কযুক্ত লোক আনছেন। সেজন্য আমি ঐ জায়গায় সংশোধন দিয়েছি এক নমিনেটেড নয় তার বদলে আয়ুর্বেদ সিষ্টেম অফ মেডিসিন নিয়ে যাঁরা পড়ান তাঁদের মধ্যে থেকেই আসবেন। অর্থাৎ তাঁদের জ্ঞান আছে এবং তাঁরাই ঠিক করবেন কি পড়ান উচিৎ, সিলেবাস কি হওয়া উচিৎ, courses of study কি হওয়া উচিৎ, এর examination-এর standard কি হবে। কিন্তু সেরকম কোন টিচার এর মধ্যে নেই। তারপর আছে one member nominated by the Vice-chancellor of the University of Calcutta. মাননীয় মহাশয়ের কি জানা নেই যে বাংলাদেশে ক্যালকাটা ইউনিভার্সিটি ছাড়া অন্য ইউনিভার্সিটিও আছে। সুতরাং কলকাতা ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলার যদি নমিনেট করেন তাহলে বর্ধমান ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলার, যাদবপুর ইউনিভার্সিটির রেক্টার বিশ্বভারতীর

অধ্যক্ষরা কি অপরাধ করলেন যে তাঁদের নমিনেশান থাকছে না। ক্যালকাটা ইউনিভার্সিটির সঙ্গে আয়ুর্বেদের কোন সম্পর্ক নেই বা তাঁরা পড়ান না। সুতরাং এর ভাইস-চ্যান্সেলারকে নমিনেশানের পাওয়ার দিলেন কেন? ক্যালকাটা ইউনিভার্সিটির অধীনে যেমন ডাক্তারী শেখাবার ব্যবস্থা আছে তেমনি বর্দ্ধমান ইউনিভর্সিটিতে আছে। সুতরাং এক্ষেত্রে বর্দ্ধমান ইউনিভার্সিটিকে এইভার না দেবার যুক্তি বুঝলাম না। এটা কি মাহিষ্যরা বিদ্যা হল না? (শ্রীআনন্দ গোপাল মুখার্জি: বর্দ্ধমানে ডাক্তারী নেই বলুন, যাতে সেখানে এটা হয়) বাঁকুড়া সম্মিলনী এর মধ্যে যুক্ত আছে সেজন্য বলছিলাম যে ক্যালকাটা ইউনিভার্সিটির সঙ্গে সঙ্গে বর্দ্ধমান ইউনিভার্সিটির কথাও বলা দরকার। এছাড়া এখানে আর একটা বক্তব্য হল যে nominated by the Vice-chancellor কেন? কারণ সেখানে সিনেট, সিণ্ডিকেট য়্যাকাডেমিক কাউন্সিল বোর্ড অফ ষ্টাডিস যখন রয়েছে তখন তাঁদের হাতে এই ক্ষমতা না দেবার কারণ কি? সুতরাং nominated by the Vice-chancellor কথাটায় কোন যুক্তি নেই। এতদিন তো নন-মেডিক্যাল ম্যান ভাইস চ্যান্সেলার হয়ে এসেছেন এখন কি মেডিক্যাল ম্যান সুবোধ মিত্র মহাশয়কে দেখে কি এটা করেছেন। নন-মেডিক্যাল ম্যান আবার যখন ভাইস-চ্যান্সেলার হবেন তখন কি আবার এটা পাল্টে যাবে? এদিক থেকে সিনেট সিণ্ডিকেট ইত্যাদি যেগুলি ইউনিভার্সিটির ইলেকটেড বডি তাঁদের হাতে যদি এর ভার দিতেন তাতে আপত্তি ছিল না। সেজন্য যেখানে nominated by the Vice-chancellor আছে সেখানে সংশোধনী করে বলছি elected by the Senate of the Calcutta University এবং অন্য জায়গায় বলছি elected by the University of Burdwan.

স্যার, এবারে আমার ১৬ নং এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে বলতে গিয়ে বলতে চাই যে, এখানে এই এক্স-এতে দি প্রিন্সিপাল আর হেড অব্ অ্যান আয়ুর্বেদিক টোল একথাটা কেন রেখেছেন? এখানে এক্স-অফিসিও হবে এবং সেইজন্যই আমার বক্তব্য হচ্ছে যে ওখানে এই নমিনেটেড বাই দি ষ্টেট গভর্ণমেণ্ট-এর বদলে এক্স-অফিসিও করুন এবং সেটা বাই ভারচু অব্ দি পোষ্ট। তারপর এটা কে ড্রাফ্ট করেছে আমি জানিনা, কিন্তু প্রভাইসোতে একটা অদ্ভুত ব্যাপার দেখুন—অর্থাৎ এখানে বলা হচ্ছে যে, Provided that until the institutions referred to in clauses (d), (e) and (f) are established, the Principals or Heads of existing institutions. শঙ্করবাবু একটু লক্ষ্য করে এই কথাগুলো শুনবেন—অর্থাৎ প্রিন্সিপালস্ অর হেডস্ অব এগ্‌জিষ্টিং ইনষ্টিটিউসনস্। কিন্তু এগ্‌জিষ্টিং ইনষ্টিটিউসনস্ বলতে তো স্কুল, কলেজ প্রভৃতিকেও বোঝায়। তাহলে কোন্ ইনষ্টিটিউসন? যেখানে আয়ুর্বেদ পড়ান হয় সেটা, না যেখানে ডাক্তারী, হোমিওপ্যাথি বা ভেটিরিনারি পড়ান হয় সেটা? সুতরাং যিনি এটা ড্রাফ্ট করেছেন তাঁর চোখে যখন এটা পড়েনি তখন আমি দেখিয়ে দিচ্ছি যে, ওখানে ওর বদলে এগ্‌জিষ্টিং ইন্‌ষ্টিটিউসনস্ ইমপার্টিং এডুকেসন ইন আয়ুর্বেদিক সিস্‌টেম অব মেডিসিন এটা হওয়া উচিত। তারপর যেখানে বলেছেন অর আদার নুটেবেল পার্শনস্ যে বি নমিনেটেড বাই দি ষ্টেট গভর্ণমেণ্ট সেখানে আমার বক্তব্য হচ্ছে যে ওখানে ওটা না রেখে তার বদলে অর খ্রি আদার পার্শনস্ ইণ্টারেষ্টেড ইন এডুকেশন্ ইন্ আয়ুর্বেদিক সিস্‌টেম অব মেডিসিন এটা করুন। কারণ যে সমস্ত ইউনিভার্সিটি বা বোর্ড ফর্মড্ হয়েছে তাতে কাকে কাকে রিপ্রেজেনটেটিভ হিসাবে নেওয়া হবে সে সম্বন্ধে কতগুলো ধারা আছে, অর্থাৎ সেখানে রয়েছে যে, পার্শনস্ ইণ্টারেষ্টেড ইন এডুকেসন তাঁদের মধ্যে থেকেই নেওয়া হবে। সুতরাং এখানে যখন সে রকম ব্যবস্থা নেই তখন এটা করুন।

Shri Ananda Gopal Mukhopadhyay:

বাঁকুড়া সম্মিলনী কলেজ যে এখনও ক্যালকাটা ইউনিভার্সিটির মধ্যে রয়েছে সেটা কি মহামহোপাধ্যায় সুবোধ ব্যানার্জী মহাশয় জানেন?

Shri Subodh Banerjee :

সে তা টেম্পোরারী মেজার। বর্দ্ধমান ইউনিভার্সিটি যখন হয়েছে তখন তো সেটা তাদের মধ্যে চলে যাবে। যাহোক্, তারপর আমার ২১নং অ্যামেণ্ডমেণ্টে বলতে চাই যে, যেখানে রিপ্রেসেন-টেটিভ হিসাবে ৫ জনের কথা বলেছেন সেটাকে আমি ৬ জন করতে বলছি। কিন্তু এ প্রসঙ্গে আর একটা জিনিস হচ্ছে এই যে প্যারেন্থিসিস্-এ দেওয়া হয়েছে ফাইভ পার্শনস্ হু আর সিটিজেনস্ অব ইণ্ডিয়া সেখানে আমার বক্তব্য হচ্ছে যে, তাহলে কেবল জি-এর বেলায় স্ট্যাটস্-ফ্যাক্টরী সিটিজেন্ হতে হবে আর এ, বি, সি, ডি, ই, এবং এফ্-এর বেলায় নন্-সিটিজন হলেও চলবে এটা কি রকম কথা? পরিষদের মেম্বার a, b, c, d, e, f-এর বেলায় নন-সিটিজেন হলে চলবে কিন্তু g-এর বেলায় সিটিজেন অব ইণ্ডিয়া হতে হবে। এ কি? এক এই রকম হয় যে minimum qualification must be a citizen of India and that must be applicable to it.

কিন্তু আপনি আইনে দিলেন কিনা, g-এর যে কটা মেম্বার তাদের বেলায় সিটিজেন হতে হবে আর বাকি সিটিজেন অব ইণ্ডিয়া না হলেও চলবে। ওটা ডিসকোয়ালিফিকেশান ক্লজে দিন। ওটা ডিসকোয়ালিফিকেশান অর কোয়ালিফিকেশান ক্লজে সকলকে হতে হবে শুধু g বেলায় নয়।

4-20—4-30 p. m.]

এবার ক্লজ ৫ এর সাব-ক্লজ ২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করি। স্পীকার মহাশয় Language-টা দেখুন—Notwithstanding anything contained in the foregoing sub-section or elsewhere in this Act, on the first constitution of the Parishad after its establishment, all the members shall be nominated on the first constitution.নমিনেট করার পর কনস্টিটিউসান হবে, আপনি নমিনেট করলেন তারপর পরিষদ কনস্টিটিউটেড হল তাহলে on the first constitution or for the purpose of the first constitution কোনটা? On the first constitution nominate না করলে constitution হলনা তাহলে on the কি করে হয়? For the purpose of the first constitution এইটাই language। বর্দ্ধমান ইউনিভার্সিটি এ্যাক্টে দেখবেন এই language।

এরপর সাব-ক্লজ ৩ যেটা আমি দিতে চাই সেটা হল—The first President shall, within six months from the date of the constitution of the Parishad under sub-section (2), or within such longer period, not exceeding one year from the date of such constitution, as the State Government may, by notification, direct, cause arrangements to be made for constituting the Parishad in accordance with the provisions of sub-section (1).

Nominate হওয়ার ক্ষেত্রে একটা জিনিস বোঝা দরকার যে nominate কেন করি। First constitution, first body nominate করা হয় এইজন্য যে কে ইলেক্ট করবে তাই আগে একটা বডি কর্ম করে দেওয়া হয়। সেই বডি ইলেক্ট করুন এবং তার একটা টাইম বেঁধে দেওয়া থাকবে যে এত দিনের মধ্যে ইলেক্ট করতে হবে। ইলেকসান করার কথা এবং কবে সেটা করবেন তা বিলের মধ্যে কোথাও নেই। সেজন্য সাব-ক্লজ ৩-তে দিয়েছি—The first President shall within six months from the date of the constitution of the *Parishad* under sub-section (2), or within such longer period, etc. etc.... অর্থাৎ প্রেসিডেণ্ট ৬ মাসের মধ্যে বা সর্বাপেক্ষা যদি বেশী সময় হয় তাহলে ১ বছর—

যে সময় দরকার সেটা ষ্টেট গভর্ণমেণ্ট জানিয়ে দেবে কত সময় লাগবে—তার মধ্যে ইলেক্ট করে নেবে এই প্রভিসান থাকবে। এই প্রভিসান Calcutta University Act of 1951-এ আছে, বর্দ্ধমান ইউনিভার্সিটির ক্ষেত্রে আছে। সুতরাং এই জিনিসগুলি থাকা দরকার বলে মনে করি। মোটামুটি ৫ নম্বর ধারাগুলির উপর আমার এই সংশোধনী প্রস্তাব আছে।

Shri Narendra Nath Sen : Sir, I beg to move that in clause 5 (1) (g)—

(1) in line 1, for the word "five" the word "eight" be substituted ;

(2) in line 2, for the word "one" the word "two" be substituted ; and

(3) in line 10, for the word "two" the word "four" be substituted.

Sir, I again beg to move that in clause 5, sub-clause (1), for item (g), the following be substituted, namely :—

(*g*) Eight members, who are citizens of India, elected by the registered Ayurvedic practitioners of West Bengal in the prescribed manner, of whom two shall be from among the registered Ayurvedic practititionrs practising in the Burdwan Division, two from among such practitioners practising in the Presidency Division excluding Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951 and four from among such practitioners parctising inCalcutta as defined aforesaid.'

স্যার, ক্লজ ৫এতে আমার কয়েকটা য়্যামেণ্ডমেণ্ট আছে। আমি ক্লজ ৫ (১) (বি) এবং (ডি)-র উপর আমার যে য়্যামেণ্ডমেণ্ট আছে সে গুলি move করছে না। আমি লিষ্ট ৫ য়্যামেণ্ডমেণ্ট নং ৮ সম্বন্ধে বলতে চাই এখানে যে ৫ জন member to be elected from the Ayurvedic practitioners,

যা আছে, আমি এই ৫ জনের জায়গায় ৮ জনের কথা বলেছি এবং অরিজিনাল বিলে আছে এই ৫ জনের মধ্যে একজন যাবে প্রেসিডেন্সী ডিভিসন থেকে, ২ জন বার্ডওয়ান ডিভিসন থেকে এবং ২ জন ক্যালকাটা থেকে, এই ডিসক্রিমিনেসনটা আমি বদলাতে চেয়েছি। এই ৮ জনের মধ্যে দু-জন করে প্রেসিডেন্সী এবং বার্ডওয়ান ডিভিসন থেকে এবং ক্যালকাটা থেকে চারজন দেবার কথা আমি বলেছি। আর একটা কথা বলছি এই তিনটে জায়গায় যে ইলেকশন হবে এটা একই কনষ্টিটুয়েনসী হোক এবং প্রেসিডেন্সী ডিভিসনে দুইজন এবং বার্ডওয়ান ডিভিসনে দুইজন, দুটো সীট রিজার্ভ থাকুক, থেকে যদি একই কনষ্টিটুয়েন্সীতে একই সংগে ইলেকশন হয় তাহলে ইলেকশনের সুবিধা হবে এবং গভর্ণমেণ্টের খরচও কম হবে। অন্যান্য স্টেটে সেরকম নমিনেশন এবং ইলেকটেড রিপ্রেজেনটেটিভের সংখ্যানুপাত আছে তা আপনার কাছে বলা হয়েছে। সেটা আমি আর পুনরাবৃত্তি করতে চাই না। আশা করি মন্ত্রীমহাশয় এগুলি বিবেচনা করবেন। তারপর ৫(১)(জি)-র পরে আমি একটা নূতন য়্যামেণ্ডমেণ্ট দিয়েছি সেটা যুক্ত করছি—

Sir, I also beg to move that after clause 5 (1) (g) the following be inserted, namely :

"(*h*) two Members to be elected in the prescribed manner by the teachers of the Ayurvedic Institutions affiliated to the *Parishad* from amongst themselves."

যে সমস্ত আয়ুর্বেদিক ইনষ্টিটিউশন থাকবে তাদের টীচার থেকে দুজন নেবার কথা আমি বলছি"তাতে পরিষদ আরো ভালভাবে রেপ্রেজনটেড হয়। এটাই হচ্ছে আমার বক্তব্য। আমি অবশ্য আমার য়্যামেণ্ডমেণ্টগুলি প্রেস করছি না, মন্ত্রীমহাশয়কে কেবল এগুলি বিবেচনা করে দেখবার জন্য আমি অনুরোধ করছি।

Shri Basanta Kumar Panda : Sir, I am moving two of my amendments namely, amendments Nos. 11 and 25.

I beg to move that the following be added to clause 5 (1) (b), namely :

"and two shall be from among the Principals and Professors of Ayurvedic training institutions situated outside Calcutta."

I also beg to move that clause 5 (2) be omitted.

Sir, if you please look to the constitution of the Parishad you will find that the Parishad consists of 17 members of whom 5 are elected, 8 are nominated and 4 are ex-officio. The constitution itself shows that it is a body dominated and and entirely constituted by the Government. Now, Sir, only one thing is required to be considered. Who is the man in the Government who is going to nominate persons ? Is there any qualified Ayurvedic person either in the Ministry or in the Secretariat, or if you look to the service rules, is there any provision anywhere that any employed having a very high knowledge of Ayurvedic medicine shall be appointed as officer or as Minister anywhere ? Therefore, Sir, Government while nominating these persons for filling up eight of these positions shall have to borrow knowledge from an expert. I do not know who is the expert whose knowledge is to be borrowed if the nomination is to be made bonafide. But if it is not made in a bonafide fashion, then Government will introduce or distribute patronage amongst persons and thrust within this body those persons having no knowledge of Ayurvedic culture or Ayurvedic medicine. Any educational institution which is so much swelled by Government officials or which is dominated so much by Government cannot thrive. There is no instance of any institution in this country, educational or any other Parishad, which has thrived under full official control. All these institutions have grown up through individual efforts. Sometimes they have been financially aided by Government But this is a body which becomes part and parcel of a Government department. Therefore an attempt has at least been made in clause 5 (1) (b) to restrict this. Of the seven members to be nominated by the Government three are to be registered Ayurvedic practitioners. In my amendment I have proposed to put a little more restriction. If this amendment is accepted some position will be created for the Kavirajas who are associated with institutions outside Calcutta. Otherwise the whole body will be a nominated body dominated by persons in or nearabout Calcutta.

[4 30—4-40 p. m.]

Next I have suggested omission of the whole of sub-clause (2) of section 5. If you look at the scheme of the Act, you will find, Sir, section 3 makes a provision for the constitution of a Parishad just after this Act comes into operation. Then another Parishad will be constituted later on under section 5 and the Parishad will be a partly nominated and partly elected body. This is anomalous. Therefore, if you delete or omit sub-section (2), section 3 will remain in the body of the Act. And you shall have power to constitute the Parishad. To get rid of this anomaly I think this amendment should be accepted.

Dr. Narayan Chandra Roy :

স্যার, আমার নিজের নামে যে amendment আছে তা move করছি না। আমি অবশ্য শুনিনি—নরেন সেন মহাশয় এই ৩ নম্বর amendment move করেছেন কি না। যদি তিনি তা move করে থাকেন, তাহলে আমি তাঁকে সমর্থন করছি। এই ৭ জন যে nominated member আছেন, three shall be registered Ayurvedic Practitioners.

তার সঙ্গে এটা একটা বক্তব্য আমার পেশ করা রইল যে ৩ জন pharmacists interested in making Ayurvedic medicines. অন্তভাবে incorporate করা যায় কিনা।

Shri Bimalananda Tarkatirtha :

মাননীয় সভাপাল মহাশয়—আমি প্রথমদিন অপরিহার্য কারণে উপস্থিত হতে পারি নাই। সেই অনুপস্থিতির সুযোগে আলোচনা হয়েছে, যদি আবশ্যক হয় আমাকে একটু সময় দেবেন আমি কিছু বলবো।

আমি পঞ্চম ধারা সম্বন্ধে বলবার জন্য উঠেছি। এই পঞ্চম ধারার বিষয়ে বহু কবিরাজ মহাশয় আমার কাছে এসেছিলেন তাঁরা অবশ্য এই বিলের জন্য মন্ত্রীসভা ও স্বাস্থ্যমন্ত্রী এবং বিশেষভাবে মুখ্যমন্ত্রীকে খুব ধন্যবাদ জানিয়ে গেছেন। কিন্তু তাঁরা এই পঞ্চম ধারার গঠন সম্বন্ধে আমাকে যেসব প্রশ্ন তাঁরা করেছিলেন, আমি সেদিন তার সন্তোষজনক উত্তর দিতে পারি নাই। সেইজন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর সামনে তাঁদের কথাগুলি রেখে দিচ্ছি। তাঁরা বলেছেন যে স্বাধীনতার পর যে গঠনতন্ত্র তৈরী হয়েছে বা হচ্ছে, তাতে আমরা অধিকতর স্বাধীনতা আশাকরি। ১৯৩৭ সালে যে কমিটী ছিল, সেই কমিটী General Council of State Faculty of Ayurvedic Medicine. কাজেই আজ যে পরিষদ তৈরী হচ্ছে একেবারে এটা যে কোন নূতন জিনিস তা নয়। ১৯৩৭ সালে General Council of State Faculty-র যে কমিটী ছিল, তার সদস্য সংখ্যার একটু ভুল করেছেন আমার পূর্ববর্তী বক্তা। ২৯ জনের মধ্যে ২ জন ছিলেন nominated, এবং ১৯৪৯ সালে যে কমিটী ছিল, তার ১৮ জন সদস্যের মধ্যে ৪ জন ছিল nominated ; আর এখন ১৭ জন যা দেওয়া হয়েছে, তারমধ্যে ৫ জন elected কিন্তু এ সম্বন্ধে আপার হাউসে যখন আলোচনা হয়, তখন কমিটীতে যে ৮ জন ছিল, তাকেও সংশোধন করে ৫ জন elected করা হয়েছে। অবশ্য আপার হাউসে আটজনের কথা হয়েছিল। এই ৫জন এখন আমরা লোয়ার হাউসে দেখতে পাচ্ছি। তাহলে এই lowest House আর কোথায় থাকবে, আরও উন্নতি হবে? এ সম্বন্ধে ভবিষ্যৎ রাস্তা যাতে একটা হয় তারজন্য আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে বিবেচনা করতে বলি। সংগঠন বহুবার হয়েছে, বহুবার বদলেছে, এবং ভবিষ্যতেও বদলাবে। আমি আশাকরি একান্তই তিনি এখন এখানে যদি এটা পরিবর্তন করতে না পারেন, তাহলে যাতে অবিলম্বে এ সম্বন্ধে ভাল একটা সংশোধন হয়, তারজন্য তিনি চেষ্টা করবেন।

আর একটা কথা এখানে উল্লেখ করতে চাই। তাঁরা এই কথা বলে গিয়েছেন আপনারা এই যে প্রচার করছেন, আপনাদের এই আয়ুর্বেদ বিল অভূতপূর্ব, এ রকম জিনিস আর হয় না। প্রকৃতপক্ষে আমি একটু পূর্বেই বলেছি—১৯৩৭ সালের General Council of State Faculty-র যে কাজ আর বর্তমান পরিষদের যে কাজ, তারমধ্যে বিশেষ পার্থক্য নেই। ষ্টেট-ফ্যাকালটির কাজ হচ্ছে রেজিষ্ট্রেশন, শিক্ষা, পরীক্ষা ইত্যাদি সম্বন্ধে ব্যবস্থা করা, এখানে পরিষদেরও ঠিক সেইসব কাজ আছে। অবশ্য এই বিলের মাধ্যমে অনেক অধিকার আমরা পেয়েছি এবং মর্যাদাও দেওয়া হয়েছে। এই বিলের মাধ্যমে এই সকল অধিকারগুলি অতিরিক্ত হয়েছে, তারজন্য তাঁরা আমার কাছে কৃতজ্ঞতা জানিয়ে গিয়েছেন। তাঁরা আশা করেন ষ্টেট কলেজ রিসার্চ কাউন্সিল, ভেষজ উদ্যান ইত্যাদি, এইগুলি যাতে শীঘ্র হয় তারজন্য গভর্ণমেণ্ট উদ্যোগী হবেন। ঔষধ প্রস্তুত একটা বিরাট সমস্যা। কাজেই এ সম্বন্ধে বিবেচনা করে গভর্ণমেণ্ট যদি একটা ঔষধ প্রস্তুত বিভাগ করেন তাহলে দেশবাসীর ধন্যবাদ ভাজন হবেন। এটা করার বিশেষ প্রয়োজন আছে।

[4-40—4-50 p.m.]

আর তার সমস্যা এতবেশী যে ঔষধ প্রস্তুতের উপকরণ সংগ্রহ করে বিশুদ্ধভাবে ঔষধ প্রস্তুত করা ভীষণ কঠিন ব্যাপার। কলকাতায় উপকরণ পাওয়া মুস্কিল এবং সুযোগ ও উপায় নাই। সেজন্য যাতে বিশুদ্ধ উপকরণ সংগ্রহ করা যায় এবং ঔষধ প্রস্তুতেরও একটা standard থাকে সেজন্য special license দিয়ে বিশুদ্ধ ঔষধের উপকরণ সংগ্রহ করার ব্যবস্থা করা উচিত যেখানে ঔষধ উপকরণ পরীক্ষার ব্যবস্থা থাকবে। এ যদি করা যায় তাহলে কবিরাজদের ভাল ঔষধ পাবার ব্যবস্থা হবে। কেননা মুখে বলা যত সহজ ঔষধ প্রস্তুত তত সহজ নয়। আর

একটা কথা অন্যান্য বন্ধুরা বলেছেন সেটা হচ্ছে এই যে পরিষদ গঠিত হচ্ছে তাতে সংস্কৃতজ্ঞদের একজন প্রতিনিধি থাকা উচিত ছিল। যখন এই বিল drafted হয় তখন Government-এর সদস্য হিসাবে আমি চেয়েছিলাম এবং বলেছিলাম যে সংস্কৃত পরিষদের সভাপতি কিংবা কলেজের Principal যেন থাকেন। তা এর মধ্যে নেই। এ যদি এখন পরিবর্তন না হয় তাহলে অন্ততঃ মনোনয়নের মধ্যদিয়ে যেন এরকম একজন লোক আসেন।

আর Pharmacistদের কথা বলছি এই যে ঔষধ প্রস্তুতকারকদের একজন প্রতিনিধি যদি না থাকে তাহলে অসুবিধা হয়। Medical ফ্যাকালটীতে Pharmacistদের কোন প্রতিনিধি নেই একথা বলা যেতে পারে কিন্তু তাদের কথা আলাদা, তাদের আলাদা ফার্মাসিষ্ট কাউন্সিলেরই ব্যবস্থা আছে। কিন্তু আমাদের পরিষদের মধ্যে স্বতন্ত্র ব্যবস্থা নাই। কাজেই এর মধ্যে ঔষধ প্রস্তুতকারকদের একজন প্রতিনিধি থাকা উচিত ছিল। এটা যদি গ্রহণ করা সম্ভব হয় তাহলে ঠিক হবে।

Shri Jatindra Chandra Chakravorty : Sir, I beg to move that in clause 5(1)(c), in line 2, after the words "University of Calcutta" the words "from the Faculty of Medicine" be inserted,

Sir, I also beg to move that in clause 5(1), for item (g), the following be substituted, namely :—

"(g) Nine members who are citizens of India, elected by registered Ayurvedic practitioners, three having registered address within the Presidency Division excluding Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951, three having registered address within the Burdwan Division and three having registered address within Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951".

Sir, I also beg to move that in clause 5(1)(g), line 1, for the word "five" the word "nine" be substituted.

Sir, I also beg to move that after clause 5(1)(g), the following be inserted, namely :

"(h) Principal, Sanskrit College, Calcutta, ex-officio".

মাননীয় স্পীকার মহাশয়, আমার অনেকগুলি amendment আছে এই clause-এর উপর, ১৪নং, ১৯নং, ২০নং এবং ২৩নং। আমি তার প্রথমে এটা বলতে চাই এ-ধারার মাধ্যমে পরিষদ গঠন করা হচ্ছে যে পরিষদের উপর—যে আইন হবে—আয়ুর্বেদ সংক্রান্ত সবকিছু পরিচালনার ভার রাখা হবে। এই পরিষদের গঠন এমনভাবে প্রস্তুত হচ্ছে যেকথা আমি সাধারণ আলোচনার সময় বলেছি—এর মধ্য দিয়ে একটা স্বেচ্ছাচারী মনোভাব, অগণতান্ত্রিক মনোভাব ফুটে উঠছে। সেজন্যই অনেকগুলো সংশোধনী প্রস্তাব এই clause-এর উপর দিয়েছি। আমি ১৪ নম্বরে যেটা বলেছি সেটা হচ্ছে University of Calcutta-র পরিবর্তে আমি বলেছি Vice-chancellor যেটা nomination-এ করবেন সেটা যেন Faculties of Medicine-এর কাউকে করা হয় nomination-এ। কারণ আয়ুর্বেদ এখন modern medical science-এর সঙ্গে বিশেষভাবে জড়িত এবং Faculties of Medicine যখন হয় সেখান থেকে মনোনয়ন যদি দিতে হয় যেন Vice-chancellor দেন।

এর পর বিমলানন্দবাবু এই মাত্র যা বললেন ২৩ নম্বরে তাই বলেছি Principal of the College-কে যেন ex-officio গ্রহণ করা হয়। আজকে এটা সকলেই জানেন যে আয়ুর্বেদ বিজ্ঞান সংস্কৃতে উপর ভিত্তি করেই হয়ে থাকে এবং যে সমস্ত বই আয়ুর্বেদের আছে এবং এবিষয়ের যে গবেষণা তা সবই সংস্কৃত ভাষায় লেখা। সেদিকে আমার মনে হয় সংস্কৃত কলেজের

প্রিন্সিপালকে যদি এর মধ্যে রাখা হয় তাহলে খুব সমীচীন হবে কিন্তু মুস্কিল হচ্ছে বিমলানন্দবাবু যেকথা বলেছেন—তিনিই একমাত্র কংগ্রেসপক্ষের বোধ হয় এখানে Practising কবিরাজ এবং লব্ধপ্রতিষ্ঠ—তিনিও জানেন না আমাদের মন্ত্রীমহাশয় অনাথবন্ধু রায় মহাশয় এটা গ্রহণ করবেন কিনা। কারণ যিনি এই বিল pilot করছেন তিনি শিখণ্ডি হিসাবে আছেন। আসলে যিনি এই বিল draft করেছেন, Director of Health Service Lt. General Chakravorty, তিনি যা লিখে দিয়েছেন, কোনটা গ্রহণ করবেন না করবেন, তিনি তার বাইরে যাবেন না। কারণ এর আগেও আমি বলেছিলাম, আবার বলছি, যে তিনি নামেও অনাথ এবং কাজেও অনাথ। Sir, এর পরিষদ গঠনবিধি যদি আমরা দেখি তাহলে দেখবো ১০ জন সভ্য nominated ২ জন ex-officio ; আর ৫ জন elected। অথচ, Sir, আপনি লক্ষ্য করেছিলেন কিনা জানিনা, Calcutta Gazette-এ যখন প্রথম এই বিল publish করা হয় তখন elected member-র সংখ্যা ছিল ৮ জন। সেই জায়গায় আমরা দেখছি, এই বিল যখন আমাদের সামনে এলো তখন হঠাৎ ৫ জন করা হলো। কেন করা হলো ?

Sir, nomination-র সংখ্যা বেশী করা হয়েছে যাতে চক্রবর্তী মহাশয়ের যাদের যাদের উপর আস্থা আছে তাদের নিতে পারেন এবং অনাথবন্ধুর শালাকে পুষতে পারেন। বর্তমানে যে nominated body আছে, ad hoc committee of the Ayurvedic Faculty nominated by the Government in 1957. Sir, সেই body-তে একই member বারবার nominated হচ্ছে যেহেতু সেখানে নির্বাচনের বালাই নেই। Sir, এর আগের দিন আমি কতকগুলি উদাহরণ দিয়েছিলাম তখন আপনি আমাকে বাধা দিয়েছিলেন। এখানে আমি অবশ্য নাম করছিনা কিন্তু কতকগুলি খবর আপনাকে দিচ্ছি। এই body-র আমরা দেখতে পাচ্ছি, যখন meeting হয় তখন সেই meeting-এ attend করলেই ১৬৲ টাকা করে প্রত্যেক member-কে দেওয়া হয়। কিন্তু এই meeting হবার পূর্বেই তাদের cheque তৈরী হয়ে থাকে। অথচ টাকার অভাব দেখা যায় Examiner, Paper Setter তাদের remuneration দেওয়া যায় না। যে সমস্ত staff ৪।৫ বৎসর হলো retire করেছে তাদের provident fund-র টাকা দেওয়া হয়না। Nominated হবার পর থেকে এই জিনিস চলে আসছে cheque meeting-এ attend করার আগেই তৈরী হয়ে থাকে। কারণ আসলে এই body-র যিনি কর্মকর্তা, Lt. General তিনি এর President, কিন্তু তাঁর এটা দেখার সময় হয় না। কাজেই যিনি সহসভাপতি, Vice-President তিনি nominated এবং আমি খবর পেয়েছি যে ঐ ভদ্রলোকের সঙ্গে ওঁর শালা ভগ্নিপতি সম্বন্ধ আছে, অর্থাৎ আমাদের অনাথবাবুর সঙ্গে ঐ কবিরাজ মহাশয়ের নাকি সেই সম্বন্ধ আছে, এটা সত্যি কি মিথ্যা তা তিনিই বলবেন। সেই জন্য এখানে যাতে elected reprcsentative-র সংখ্যা বেশী হয় সেইজন্য আমি আমার বক্তব্য রাখছি। শুধু তাই নয়, ১৯ নং সংশোধনী প্রস্তাবে দেখুন তাতে আমি বলছি ৯ জন সদস্য নির্বাচনের কথা। এবং সে কথা বলেছি তা আমাদের কংগ্রেস সদস্য নরেনবাবুও বলেছেন, যে এই রকমভাবে constituency পৃথক পৃথক ভাবে নাকরে—অর্থাৎ দলাদলি যাতে হয় সেই মতলবে করা হচ্ছে—নির্বাচনের ক্ষেত্র সমস্ত কবিরাজকে নিয়ে করা হোক। শুধু তাদের জন্য seat reserved থাকবে। Presidency Division-এ ৩ জন ; Burdwan Division-এ ৩ জন ; আর কলকাতার জন্য ৩ জন। কিন্তু ভোট দেবার সময় সমস্ত কবিরাজরা ভোট দেবে। যদি কোন local সমস্যা থাকে তাহলে তারজন্য seat reserved করা হোক যাতে তারা তাদের কথা বলতে পারে।

তাই আমার বক্তব্য হলো যে, নির্বাচিত ব্যক্তির সংখ্যা না বাড়ান হলে এই সব দুর্নীতি যা nominated body-র মধ্যে ছিল সেই দুর্নীতিগুলি আজ আবার nomination-এর মধ্যে দিয়ে

আসবে। সেজন্য নির্বাচিত ব্যক্তির সংখ্যা আরো বাড়ান দরকার। আমি আগেই বলেছি তিনি আমার সংশোধনী গ্রহণ করবেন না, কারণ তিনি শিখণ্ডী হয়ে বসে আছেন। তিনি সুবোধবাবুর অত্যন্ত সমীচীন amendment-টাও accept করলেন না। আমাদের যা বলার বল্লাম, জানিনা তিনি কি করবেন।

[4-50—5-15 p.m.]

Shri Sunil Das: Sir, I beg to move that in proviso to items (d), (e) and (f) of clause 5 (1), lines 4 and 5, for the words "other suitable persons may be nominated by the State Government" the words "other persons interested in the promotion of the theory and practice of Ayurvedic system of medicine" be substituted.

Clause 5 সম্বন্ধে বিভিন্ন সদস্য তীব্র সমালোচনা করেছেন। এই clause 5এ-র একটা প্রবণতা রয়েছে এই পরিষদকে সরকারের কুক্ষীগত করতে। 'd', 'e', 'f', provisoএর যে অংশটা আমি আমার সংশোধনী প্রস্তাবে উল্লেখ করেছি তার ভিতরও সেই রেশটা রয়ে গিয়েছে। এই বিলে suitable persons-এর কোন সংজ্ঞা নির্ধারণ করা হয়নি এবং suitable বলতে মন্ত্রী মহাশয় কি বুঝেন আমি জানিনা। সুতরাং suitable person-এর সংজ্ঞা নির্ধারণ করা দরকার। এটা না করা হলে অর্থাৎ suitable persons সংজ্ঞার অভাবে এর মধ্যে সরকারের পোষকতায় অনেক লোক আসবে। তাই আমি suitable person-এর সংজ্ঞা নির্দিষ্ট করার জন্য দিতে চাই those who are interested in this theory and practice of Ayurvedic medicine. এখানে যদি শুধু বলা হত যে, যাঁরা আয়ুর্বেদ medicine-এর education-এর সঙ্গে সম্পর্কিত তাতেও suitable person-এর পরিধি সঙ্কুচিত করা হয়, কারণ যাঁরা আয়ুর্বেদ practise করেন আয়ুর্বেদ treatment-এর সঙ্গে তাদের সম্পর্ক নাও থাকতে পারে কিন্তু তাদের উপযুক্ততা ও যোগ্যতা থাকতে পারে। তাই আমার বক্তব্য হচ্ছে যে, এই suitable person-এর সংজ্ঞা সুস্পষ্টভাবে define করা দরকার। এবং যাঁরা আয়ুর্বেদ theory ও practice-এর সঙ্গে যুক্ত রয়েছেন তাঁদের সুযোগ দেওয়া হোক।

এই সরকারী প্রতিষ্ঠানগুলি যতদিন পর্যন্ত সংগঠিত না হচ্ছে ততদিন পর্যন্ত যাঁদের আয়ুর্বেদের থিওরী এবং প্র্যাকটিসের সঙ্গে সম্পর্ক আছে যাঁরা চিকিৎসা করেন ওষুধ তৈরী করেন, শিক্ষার সঙ্গে সম্পর্ক আছে এই রকম suitable person-দের নেওয়া হোক।

Dr. Jnanendra Nath Majumdar: I move that in clause 5 (1) (a), in line 1, after the words "State Government" the words "for the first time. Thereafter the President shall be elected from amongst the members themselves" be inserted.

আমার বলবার উদ্দেশ্য হলো যে সরকার এটাকে কুক্ষিগত করে নেবার চেষ্টা করছেন এবং এই চেষ্টা একটা অপচেষ্টায় পরিণত হচ্ছে। এখানে দেখাই যে প্রেসিডেন্ট বরাবরই নমিনেটেড থাকবেন। সর্বভারতীয় ভিত্তিতে চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে যেসব বিল বা য়্যাক্ট আছে তাতে এইসব জিনিস দেখা যায় না। অর্থাৎ কোথাও কোন য়্যাক্টে দেখা যায় না যে বরাবরই প্রেসিডেন্ট নমিনেটেড থাকবেন। এখানে নমিনেটেড বরাবর হয়ে থাকা মানে ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস-এর অধীনে থাকা এবং তাঁর একটা ডিপার্টমেন্ট হয়ে থাকবে। সেজন্য আমি বলেছি যে অন্ততঃপক্ষে প্রথম পরিষদ হবার পর প্রেসিডেন্ট ইলেকটেড হবেন from among the members themselves এবং তাহলেই খানিকটা অগণতান্ত্রিক ভয় দূর হয়। আমাদের একটা কথা আছে যে, এক কাণ কাটা গ্রামের বাহির দিয়ে যায়, আর দুকাণ কাটা গ্রামের ভেতর দিয়ে যায়। অর্থাৎ এখানেও ঠিক সেইরকম অগণতান্ত্রিকতা এতদূর করেছেন যে প্রেসিডেন্ট বরাবরই নমিনেটেড হতে থাকবেন এবং সেইভাবে ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস বরাবরই

প্রেসিডেন্ট থাকবেন। ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস আয়ুর্বেদ সংক্রান্ত কিছু বুঝবেন না, কিন্তু তিনি এটা যে নিজের একটা ডিপার্টমেন্ট করে রাখবেন। একটা কারণ হয়তঃ ওঁরা দেখাবেন যে ২৮ বছর ধরে যে আয়ুর্বেদ ফ্যাকাল্টি চলছে সেটা ভালভাবে চলে না যে সেটাকে support করা যাবে এবং সেখানে রেজিষ্টার্ড প্র্যাক্টিসনার্স কমে চলে বলে এদের সংখ্যা কমানোর দরকার হয়েছিল। যতীনবাবু যে সংশোধনী এনেছেন সেটাও আমি এর মাধ্যমে সমর্থন করছি। অর্থাৎ সব কিছুর ভিত্তিতে যদি সিট ভাগ করা হয় এবং ৩টা করে যদি রিজার্ভড সিট করা হয় তাহলে এটা হতে পারে এবং তাহলেই প্রেসিডেন্ট প্রথমবার নমিনেটেড হয়ে আসুন এবং তারপরেই ইলেকটেড হওয়া উচিৎ। এছাড়া সত্যি সত্যি যদি এই বিলকে কার্যকরী করতে হয় তাহলে এই চিকিৎসাশাস্ত্র পড়াতে গেলে এর যদি অর্থকরী ক্ষমতা না থাকে এবং সরকারী চাকরী যতক্ষণ পর্যন্ত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কবিরাজী কেউ পড়তে আসবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। কিন্তু তা সত্ত্বেও এইসমস্ত পরিষদ থেকে যদি বেশী সংখ্যক লোক কবিরাজী পাস করেন তাহলে তাঁদের উপর যদি এই ডাইরেক্টর অব হেলথ সার্ভিসেস থাকেন তাহলে সেটা ঘুরে অগণতান্ত্রিক হবে। সেজন্য বলছি যে এতে কারুর আপত্তি নেই যদি প্রথমবার নমিনেটেড হয় এবং তাতে কাজ সুষ্ঠুভাবেই হবে এবং তারপরে ঐ কমিটি থেকে একজন ইলেকটেড হবে। ইণ্ডিয়ান মেডিক্যাল র‍্যাসোসিয়েসানে এই নিয়ম আছে। এখন যিনি আছেন তিনি সাধারণভাবে একজন বেসরকারী ডাক্তার—অর্থাৎ তিনি এখন ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েসনের প্রেসিডেন্ট। বিভিন্ন রাজ্যে চিকিৎসা সংক্রান্ত যে সমস্ত বিল আছে তাতে দেখবেন যে continued nominated President—অর্থাৎ ডাইরেক্টর অফ হেলথ সার্ভিসেস সুখেসচ্ছন্দে থাকবেন—কোথাও নেই এবং থাকা উচিত নয়।

(At this stage the House was adjourned for fifteen minutes)

(After adjournment)

[5-15—5-25 p.m.]

Dr. Pabitra Mohan Roy : Sir, I beg to move that after clause 5 (1) (g), the following be added, namely :—

"(h) three Members elected by registered Manufacturers of Ayurvedic System of Medicine, one being elected by registered Ayurvedic medicine manufacturers having registered address within Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951, from among themselves, one being elected by registered Ayurvedic medicine manufacturers having registered address within the Burdwan Division from among themselves, one being elected by registered Ayurvedic medicine manufacturers having registered address within Presidency Division excluding Calcutta as defined in clause (11) of section 5 of the Calcutta Municipal Act, 1951, from themselves.

মিঃ স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ আয়ুর্বেদ বিলের ৫নং ধারাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এর মাধ্যমে যে ভাবে পরিষদ গঠিত হচ্ছে তাতে বহু মাননীয় সদস্য অভিযোগ করেছেন এবং আমার বক্তব্যও সেটা। প্রথমতঃ, এই সমস্ত ধারাগুলোর মধ্যে বিশেষ করে ডি, ই এবং এফ্ এতে যেখানে রয়েছে যে যখন এগুলো গঠিত হবে তখন সেখান থেকে স্যুটেবেল পার্শন-দের গভর্ণমেণ্ট খুশীমত নমিনেসন দেবেন তাতে বিভিন্ন সদস্য বলেছেন যে ওখানে সংস্কৃত কলেজের প্রিন্সিপালকে বা অন্য কোন সংস্কৃতের অধ্যাপককে নিয়ে বিভিন্ন আয়ুর্বেদিক কলেজ বা ইনষ্টিটিউসনকে ইগনোর করা হবে। তারপর বিমলানন্দ তর্কতীর্থ মহাশয় এ সম্বন্ধে বলেছেন যে ঔষধ মাত্রুক্যাকৃচারারদের ভিতর থেকে কোন রিপ্রেজেনটেটিভ রাখার ব্যবস্থা হয়নি। যাহোক্,

এই পরিষদ যেভাবে গঠন করা হচ্ছে তাতে দেখছি সমস্ত জেলাগুলো কভার করছে না বা সেই সব জেলার কোন প্রতিনিধিও থাকছেনা এবং সেইজন্যই মনে হচ্ছে যে জিনিস আপনারা গড়তে চলেছেন তা হবেনা। তাই আমি অন্যান্যগুলো সমর্থন করে এই ২৪ নং অ্যামেণ্ডমেণ্টে বলেছি ম্যাথুফ্যকৃচারারদের ভেতর থেকে ৩ জন সদস্য নেওয়া হোক এবং তার মধ্যে একজন বর্ধমান ডিভিসন থেকে, একজন কোলকাতা থেকে এবং আর একজন কোলকাতা বাদে প্রেসিডেন্সী ডিভিসন থেকে এবং এটা যদি করা হয় তাহলে মনে করব যে, সমস্ত ত্রুটি আছে অন্তত তার কিছুটা সংশোধন করা হলো।

The Hon'bl Dr. Anath Bandhu Roy: Sir, this clause is an important clause. Sir, various amendments have been moved and many points have been raised hy the hononrable members and some of the members, viz., Shri Jatin Chakravorty and Shri Subodh Banerjee. I should point out, that they have not confined themselves to the amendments. They have not given sufficient thought to the clause but have gone only to cast reflection on others and doubted their academical merit and career. Sir, it reminds me of our boyhood. When I was a school student, I. F. A football rules were not made. We used to say—you take the ball, I take the man. Here in this case the ball is going round but the man is being taken. I do not like to go beyond that. I only confine myself to the points which have been raised. And for that purpose I take up in clause 5 the different sub-clauses in a serial way so that the honourable members may be satisfied by my elucidation and by my clear statement.

Now, Sir, there has been a considerable commotion regarding the constitution of the Parishad. It has been said by many members that by giving nomination Government wants to have absolute control over the whole institution. That is far from the intention of Government. The number of members belonging to the General Council in the State Faculty of Ayurvedic Medicine which was then existing were according to undivided Bengal and in that context the number of registered practitioners sometimes rose to eight thousand. The present posit'on is that the number is nearabout 3,200 and the proportion is that in the Calcutta constituency there are 1,4000, in Burdwan Division constituency there are 1,100 and in the Presidency Division there are 700 only. That is the strength of the registered practitioners at present in our truncated State of West Bengal. So all these points could have been argued and I could establish that the elected members should not be more than five at present. But still respecting the wishes of the members and as a gesture on the part of the Government that they really with their sincere intention wants to establish the Parishad in a democratic way, I accept the amendment which has been put forward by Shri Bimalananda Tarkatirtha and also supported by Shri Narendra Nath Sen and also by members opposite. So I accept that eight members should be elected and of these 4 should belong to the Calcutta and Howrah Municipalities, 2 to the Presidency Division and 2 to the Burdwan Division. That will make altogether 8 elected members and I think this satisfy the honourable members.

Our friend Shri Jatin Chakravorty has oftentimes said that I have got some relation like *Shala-Bhognipati*. Sir, I can say that he belongs to my caste, that is an accepted fact and he is also Das Gupta though he is known as Ray. I am also Das Gupta and so the question of *Shala-Bhognipati* is rather fantastic. I should pity him in this respect instead of going any farther.

He may have some relations like that. I do not know. Nowadays the marriage rules have all been altered. Previously, Sir, during the discussion on the Address of Her Excellency the Governor he also mentioned 'Anath Nath' and 'Anath Bandhu'. What a queer proposition. I do not know if he is suffering from the sclerosis of the brain. He has been taken in on consideration of his merit. He is one of the leading practitioners. There is no question of কিছু আশা কিছু ভালবাসা —এর মধ্যে নেই। সন্দেহ করার কিছু নেই।

[5-25—5-35 p.m.]

Sir, this is very important clause and should confine ourselves to the merit and importance of the Bill. Besides these eight elected members—just agreed—there will be one member nominated by the Vice-Chancellor. His position may be taken as equivalent to an elected member. Then there are ex-officio members—Principal or Head of the Ayurvedic College, Head of the Ayurvedic Tols, etc. By dint of merit they will be there, though they will be nominated members. Government have got the best intention to see that Ayurved gets the place befitting the present condition of the country. We have been able to shake off the foreign domination and do away with the shackles of British rule. Now we ought to establish Ayurved in its glory as it was in the previous days.

Sir, there have been criticisms about the construction of the sentences. We have repeatedly gone through it and the construction of the sentences is all right. Shri Subodh Banerjee has moved an amendment on the first constitution. It will be found that it consists of nominated members when it is first constituted. He has misunderstood it. This is quite all right.

I oppose all the amendments except the amendment which I have just now accepted. I would only add that Howrah should also be included.

Mr. Speaker: There must be proper drafting. Let him draft and place it in my hand. I am passing over voting on clause 5 till the amendment is tabled and disposed of. I am now taking up new clause 5A.

New clause 5A

Shri Chitto Basu: Sir, I beg to move that after clause 5, the following new clause be inserted, namely :—

"5A. The *Parishad* at its first meeting shall elect a President and a Vice-President from among its members."

এখানটাতে আমাদের ৫ম ধারায় আছে যে পরিষদ গঠিত হবে, সেই পরিষদের যে সভাপতি, তাঁকে মনোনয়ন করবেন—আমাদের সরকার এবং এর ফলেতে যে কথা পূর্বেই আশঙ্কা করেছি যে সমস্ত পরিষদের উপর সরকারের একটা নিয়ন্ত্রণ করবার ইচ্ছা আবার এখানে পুনর্বার দেখা গেল। যদি সরকারের যে কথা—আমাদের মন্ত্রীমহাশয় বললেন—যে এই পরিষদের উপর সরকারী নিয়ন্ত্রণ অথবা সরকার কোনরূপ প্রভাব বিস্তার করতে চান না, যাঁরা আয়ুর্বেদ শাস্ত্রের চিকিৎসাবিদ তাঁরা এবং এই শাস্ত্রের সঙ্গে যাঁদের সম্পর্ক আছে, অভিজ্ঞতা আছে এবং যাঁরা কোন না কোন উপায়ে পরিষদকে সাহায্য করতে পারবেন তাঁদের দ্বারা এই পরিষদের কার্য্য পরিচালিত হোক্—এটা যদি উদ্দেশ্য হয়, তাহলে আমার মনে হয় প্রেসিডেন্ট সরকার পক্ষ থেকে মনোনয়ন না করে আমাদের প্রথম যে পরিষদ হবে—যেভাবে করবার কথা স্থীকৃত হ'ল—বা তিনি গ্রহণ করলেন, সেই পরিষদের যে প্রথম বৈঠক হবে, সেই বৈঠকের সদস্যদের দ্বারা এই পরিষদের সভাপতি ও সহকারী সভাপতি নির্বাচিত হোক। এই কথা বলে আমার নূতন ক্লজ গ্রহণ করতে বলছি।

"5A. The Parished at its first meeting shall elect a President and a Vice-President from among its member."

The Hon'ble Dr. Anath Bandhu Roy: I oppose the amendment.

The motion of Shri Chitto Basu that after clause 5, the following new clause be inserted, namely :—

"5A. The Parishad at its first meeting shall elect a President and a Vice-President from among its members." was then put and lost.

Shri Jagannath Kolay: Sir, with your permission I am moving this amendment. I move that in clause 5, sub-clause (1), for item (g), the followins be substituted, namely :—

"(g) eight members who are citizens of India, elected by registered Ayurvedic practitioners, two being elected by registered Ayurvedic practitioners having registered address within the Presidency Division from among themselves, two being elected by registered Ayurvedic practitioners having registered address within the Burdwan Division from among themselves and four being elected by registered Ayurvedic practitioners having registered address within the Calcutta and Howrah municipal areas from among themselves.

Explanation: The expression "Calcutta and Howrah municipal areas" means Calcutta as defined in the Calcutta Municipal Act, 1951, together with the area included in the Howrah Municipality and the expressions "Presidency Division" and "Burdwan Division" shall not be deemed to include any part of the areas included within the Calcutta and Howrah municipal areas."

[5-35—5-45 p. m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay :

এখানে যে ইংরাজী ড্রাফট্, তাতে ভুল রয়েছে। ক্যালকাটা মানে হচ্ছে as defined in the Calcutta Municipal Act. সুতরাং এখানে Calcutta Municipal Act and Howrah বলায় ভুল হচ্ছে। ঐ Sentence-টা আলাদা ভাবে করুন। কারণ Calcutta Municipal Act-এর সঙ্গে Howrah কি করে আসে?

Shri Jagannath Kolay .

ওটা explanation-এ ঠিকভাবে বলে দেওয়া হয়েছে। সুতরাং 'Calcutta and Howrah Municipal areas' বললে ভুল হবেনা।

It means Calcutta as defined in the Calcutta Municipal Act, 1951 together with the areas.....

Dr. Hirendra Kumar Chattapadhyay:

'Together' বললে হবেনা। ইংরাজীটা ভুল হচ্ছে। ঐটা drop করতে হবে। এখানে কুলন্টপ দিয়ে 'and' বলতে হবে।

Shri Jagannath Kolay :

ওখানে একটা 'কমা' দেওয়া আছে।

Shri Subodh Banerjee :

স্পীকার মহাশয়, আমার original amendment-টা পড়া দরকার আছে। উনি এখানে কি করে শুধু Calcutta-র কথা বলছেন—Calcutta and Howrah Municipalities?

Mr. Speaker: They want to include Calcutta Municipal area and Howrah Municipal area.....

Shri Subodh Banerjee :

ঐটা কি original explanation-এর মধ্যে দিচ্ছেন? তাহলে 'together' হবেনা। Calcutta বলতে যা explanation-এ আছে, Calcutta as defined—তাতে গিয়ে দাঁড়াবে together with Howrah. Howrah কথাটা explanation-এ use করেছেন। কিন্তু Burdwan division-এর ক্ষেত্রে করতে হবে less the area comprised in Howrah municipality.

Mr. Speaker : Let the draft be finalised. I shall now take up clause 6.

Clause 6

The question that Clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Jatindra Chandra Chakravorty :

Sir, I beg to move that proviso to clause 7 be omitted.

স্যার, আমি প্রস্তাব করছি যে ক্লজ ৭-এর proviso-টা তুলে দিতে। স্যার, আপনি আমার Amendment No. 30টা দেখুন। Clause 7-এ যে proviso-টা আছে, সেই proviso-টা আমি drop করতে বলেছি। তার কারণ হল এই, আপনি দেখুন বিলেতে বলা আছে—a person shall be disqualified for being nominated or elected a Member of the Parishad if he has been convicted of any offence declared by rules to involve moral turpitude.

আবার proviso-তে বলা হচ্ছে—Provided that the State Government may condone the disqualifiction referred to in clause (1) if a period of not less than two years has elapsed after the date of conviction.

এবং দিয়েছি—He has been convicted of any offence declared by rules to involve moral turpitude.

Proviso-তে দিয়েছি—Provided that the State Government may condone the disqualification referred to in clause (1) if a period of not less than two years has elapsed after the date of conviction or after the convicted person has served out the sentence of imprisonment of any imposed on him, whichever is later.

স্যার, moral turpitude-এর জন্য যে লোকটা condemned হয়েছে সে লোকটা দু বছর পরে কি সাধু সেজে যাচ্ছে, তার কি disqualification দূর হয়ে যাচ্ছে? তিনি আবার বলছেন—Government-এর সততার কোন অভাব নেই, কোন খারাপ ইচ্ছা নেই। তা যদি না থাকে এই Proviso-র মধ্য দিয়ে যে কথা বলেছি সেটা নিন। কেননা যে লোক forgery-তে ধরা পড়ল Court-এ যদিও তার বিচার না হয়, তাহলেও Justice Mukherjee, Justice Biswas-এর মত লোক Enquiry করে যে report দিয়েছেন তাকে আপনারা সাধু বলে ধরে নিচ্ছেন। তিনি বলেছেন কিছু আশা-ভালবাসা নেই। আমি কিন্তু তা বিশ্বাস করব না কেননা—"কত যে করে গোপনে যাওয়া আসা" সেজন্য এই Proviso-টা বাদ দিতে বলছি. এই Proviso-টা সম্পূর্ণ বাদ দেওয়া দরকার। Disqualification যেটা থাকবে সেই disqualification উঠবেনা, "আশা ভালবাসার" কিছু নাই তাই এই Proviso-টা delete করার জন্য বলছি।

Shri Subodh Banerjee : Sir, I beg to move that after sub-clause (4) of clause 7, the following be added, namely—

"(5) he is not a citizen of India :"

I move that in the proviso to clause 7, line 3, the words "not less than" be omitted.

I also move that clause 7 be numbered as sub-clause (1) of that clause and after the clause so numbered, the following sub-clause be inserted, namely,

"(2) In case of any dispute or doubt as to the eligibility of any person for being elected or nominated a Member of the Parishad, it shall be referred to a Tribunal consisting of a judicial officer not inferior in rank to a District Judge appointed in this behalf by the State Government and its decision shall be final."

স্পীকার মহাশয়, ৭ নম্বরে disqualification for nomination or election রয়েছে। এ সম্বন্ধে আগেও একবার point out করেছি, আর একবার বলছি। যারা nominated বা elected হবে তারা must be citizen of India. আপনি স্যার জানেন সব জায়গায় disqualification থাকলে he must be a citizen of India. তা না হলে nominated হতে পারেনা। সেজন্য আমি বলেছি Provided that the State Government condone the disqualification referred to in clause (1) if a period of not less than two years has elapsed.

এ কথাটা থাকা দরকার। দ্বিতীয়তঃ আমরা দেখতে পাচ্ছি—Not less than etc....

এটার কি দরকার আছে? If a period of not less than two years etc....

দু বছর পার হয়ে গেল may condone. সুতরাং if a period বলে যেটা আছে সেটার দরকার নাই। ৩নং ধরুন একটা dispute হলো, who is eligible for nomination or election and who is not. যদি এই eligibility নিয়ে কোন dispute থাকে তাহলে সেই dispute কে মিটাবে? সেখানে একথা কিছু নেই। এবং যা অন্যান্য আইনে আছে সেটা এখানে নেই। এটা থাকা দরকার।

'In case of any dispute or doubt as to the eligibility of any person for being elected or nominated a Member of the Parishad, it shall be referred to a Tribunal consisting of a judicial officer not inferior in rank to a District Judge appointed in this behalf by the State Government and its decision shall be final.'

এটা Board-র ক্ষেত্রে আছে, University-র ক্ষেত্রে আছে যে যদি কোন dispute বা doubt হয় তাহলে তা কে decide করবে। এখানেও সেটা থাকা দরকার আছে। এই হল আমার মোটামুটি সংশোধনী প্রস্তাবের উপর বক্তব্য। ২৮ নং সংশোধনীটা I am not moving, আর বাকি তিনটি আমি move করলাম।

[5-45—5-55 p.m.]

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that in clause 7, in the proviso, line 3, for the word "two" the word 'five" be substituted.

There is another peculiar thing or rather a peculiar feature in West Bengal. You have got all the offices near about the same place, I mean the Secretariat, the New Secretariat, the Lal Bazar Police office, merchantile offices, many other business firms, warehouses, the Port Commissioners' Office, the railway line—all huddled together.

The point that I am making out is that if everybody has to go to the same area for the purpose of working, difficulties would arise. If mercantile firms are located in one part of the town, the courts are located in some other part and the Secretariat in a third part, the buses could have plied on different routes and the over-crowding which we come across every day would not be there. Take for instance Delhi itself. I think I need not tell you about Delhi and waste the time of the House.

Then mention has been made about the Circular Railway. A few years ago, we all heard about that. It was the intention of the Government to introduce the Circular Railway, if possible, and the under-ground railway also was thought of.

Engineers were brought from abroad who had ideas of these things. But many factors came in the way, the question of sub-soil, the question, of money and so on. There is another factor which we do not take into account. If anything is to be done, so far as railways are concerned, we are completely in the hands of the Railway Board. I do not think any unilateral decision by this House will enable the State Government to introduce the Circular Railway in this city. So, all these different factors are there. Therefore, I think it is very difficult for the State Government to come to a rough and ready decision to ameliorate the difficulties that are there. I agree with Hemanta Babu that this matter really needs a good deal of thinking. Something will have to be done because people are really inconvenienced, but the suggestions which have been given to the State Government for acceptance, I do not think, are feasible or can be accepted by the State Government. But there is one thing which Dr. Ghani has suggested in his resolution and I think Dr. Ghani, being a medical man himself, can find a remedy instead of appealing to the Chief Minister of the State. He starts off by saying "Whereas the population of West Bengal is growing at a rapid rate". I think the solution lies in the hands of the doctors, including Dr. Ghani, to stop the growth of the population at least beyond a particular point. This is meant for all. You do not need any foreign exchange for the purpose of diminishing the rate of population. I would request Dr. Ghani to take all possible steps in that direction.

[4-10—4-20 p.m.]

Dr. Jnanenda Nath Majumdar :

মাননীয় স্পীকার মহাশয়, সরকার পক্ষের ডাঃ রায় এবং শঙ্করদাস ব্যানার্জী আজকের আলোচনা প্রসঙ্গে যে কথা বললেন তাতে দেখছি যে জন্মনিয়ন্ত্রণ করে যদি ভীড় কমাতে হয় তাহলে বোধ হয় আরও ১৫ বছর পরে এটা কমবে। যা হোক, যাঁরা গাড়ী চড়েন তাঁদের যদিও ভীড়ের জন্য কোন অসুবিধা হয় না কিন্তু যদি কখনও বাসে বা ট্রামে চড়ি তখন মনে হয় যে কেন এই বাংলাদেশে জন্মগ্রহণ করেছিলাম। তবে ডাঃ রায়ের কথায় মনে হলো যে এই অবস্থা চলতেই থাকবে এর কোন উপায় নেই এবং শঙ্করদাস ব্যানার্জীর কথায় মনে হলো যে ম্যালথাসের জন্মনিয়ন্ত্রণের থিওরি ছাড়া আর কোন উপায় নেই। যা হোক, ডাঃ রায় যে কারণ দেখালেন অর্থাৎ ফরেন এক্সচেঞ্জ ছাড়া বাস পাওয়া যাবে না এটা সত্য নয়। যদি তাঁদের ইচ্ছা থাকত এবং কেবল মুনাফার কথা না ভেবে জনসাধারণের ইউটিলিটির কথা ভাবতেন তাহলে যে সব সাটেল সার্ভিসগুলো আজকাল চলে না সেখানে ছোট ছোট বাস দিয়ে সাটেল সার্ভিস করে বাইরে চালান যেত এবং তারপর সেই বাসগুলো কোলকাতায় নিয়ে আসা যেত। তারপর, যেমন কথায় বলে যে, "ছেলে ধরতে পারে না বেড়ে ধরে" এঁদেরও হয়েছে ঠিক সেই রকম—অর্থাৎ পুলিশ রাস্তায় গরীব গরুরগাড়ীওয়ালা এবং রিক্সাওয়ালাদের ধরছে, কিন্তু আমরা জানি যেভাবে পুলিশের সঙ্গে বন্দোবস্ত রয়েছে তাতে একমাত্র বড়বাজার ছাড়া ঐ রিক্সা বা গরুরগাড়ীওয়ালারা ট্রাম, বাস বা ট্রাকের কোন রকম অবষ্ট্রাক্সন করে না।

পুলিশের যে বন্দোবস্ত আছে তাতে চৌরঙ্গীতে রিক্সা, গরুরগাড়ী চলে না, রেড রোড দিয়ে গরুরগাড়ী চলে না। রিক্সা, গরুরগাড়ী এক বড়বাজার ছাড়া চলে না এবং সেই বড় বাজারে বাস সার্ভিস খুব কম। প্রধান অবষ্ট্রাক্সন যা তাহল কোন এক অজ্ঞাত কারণে এই ডাঃ রায় দুটো বিদেশী কোম্পানীকে কলকাতার রাস্তায় যে ট্রাম চলে সেই ট্রামের জন্য ২০ বছরের মনোপলি দিয়ে দিলেন। শঙ্করদাস ব্যানার্জীকে জিজ্ঞাসা করছি তিনি এসে বলে যান কোন সভ্য দেশের কোন যায়গায় কলকাতার মত এই রকম fixed traffic-এর জন্য এই রকম মনোপলি দেওয়া হয়েছে? কাজেই সেখান থেকে তাদের নড়াতে পারেন নি। আপনারা যতই রিক্সা কমিয়ে দেন

যতক্ষণ না কলকাতা থেকে ট্রামকে সরান যায় এবং ট্রামের যায়গায় ট্রলি ট্রাফিক, ট্রলি বাস করা না যায় ততক্ষণ পর্যন্ত কলকাতার রাস্তায় ট্রাফিক কণ্ট্রোল করা যেতে পারে না।

তারপর তিনটা গাড়ী দেওয়ার কথা হচ্ছে। যে ট্রাফিক কনজেসসান তাতে যখন ঘুরবে তখন ঘুরবে এবং এর কারণ কি তা জানি না—সেটা এড়িয়ে গেলেন। দ্বিতীয় কথা যেটা ওঁরা বলছেন না সেটা হল সরকারী ভাবে ষ্টেট ট্রান্সপোর্ট কিছু করা যাবে। ষ্টেট ট্রান্সপোর্টের গাড়ী চালাবার ভারটা আমাদের পুলিশ মন্ত্রীর হাতে। Regional transport authority বলে একটা জিনিস আছে, সেই Regional transport authority-র নিয়ম হল ষ্টেট ট্রান্সপোর্টের উপর তাদের কণ্ট্রোল থাকবে। ষ্টেট ট্রান্সপোর্ট রাস্তায় যা তা করে চালাবে তা হতে পারে না। ডাঃ রায়ের গুড গভর্ণমেণ্ট যা করেন তা ট্যাক্সি ড্রাইভারকে দেখলে এবং অন্যান্য ড্রাইভারকে দেখলে বোঝা যাবে। নোটিশ দিলে এই সমস্ত ট্যাক্সি ড্রাইভার আসে না। Regional transport authority কোনদিন দেখে না ষ্টেট ট্রান্সপোর্ট যেগুলি রাস্তায় বেরোয় সেগুলি রোড-ওয়ার্দি কি না। কত পার্সেণ্ট রোড ওয়ার্দি কত পার্সেণ্ট কারখানায় পড়ে থাকে তা তুলনা করলে বোঝা যাবে যে এঁরা লোকের কথা ভাবেন না, শুধু লাভের কথা ভাবেন। আমি বিশ্বাস করি না এই যে ভীড় হয়েছে এই ভীড় কমান যায় না। এই ভীড় কমান যেত যদি এঁদের ইচ্ছা থাকত। সার্কুলার রেলওয়ের কথা যখন আমরা বলি যে এ ব্যাপারে ষ্টেট গভর্ণমেণ্ট থেকে কিছু করছেন না তখন এঁরা বলেন সার্কুলার রেলওয়ে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের হাতে। সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে বললে বলে দরকার নেই। ইলেকট্রিফিকেসান হচ্ছে—যোগলসরাই থেকে গয়া পর্যন্ত আগে ইলেকট্রিফিকেসান হচ্ছে। কাজে কাজেই আমাদের কথা হচ্ছে এ সম্বন্ধে ওঁরা কিছু বলবেন না, ভাববেন না, যেমন চলছে তেমনি চলতে দিন। অথচ লোকে কি অবস্থায় চলে সেটা দেখবেন না। লোকে যে অবস্থায় চলছে তাতে রুট বোর্ডে ঝুলে ঝুলে লোক মারা যাচ্ছে।

আর একটা জিনিষ—কন্‌জিউমার ইউনিয়ন যদি হত তাহলে তাদের কথা শুনতেন। আমরাই তো কন্‌জিউমার ইউনিয়ন, আমাদের কথা শুনেন? আর একজন বলে দিলেন জন্ম নিয়ন্ত্রণ করতে হবে। শ্রমিক যদি সন্তুষ্ট না থাকে, শ্রমিকদের উপর যদি অত্যাচার হয় তাহলে সুরাহা হতে পারে না। ধনতান্ত্রিক দেশের প্রথম কথা হচ্ছে শ্রমিকদের অন্ততঃপক্ষে সন্তুষ্ট রেখে তারপর তাদের এক্সপ্লয়েট করা হবে। এঁরা তাও করেন না। এঁরা সামন্ততান্ত্রিক ধারায় চলেন, হাতে ক্ষমতা আছে অতএব মাথা কাটব। আমাদের দেশের লোকের চেতনা কম, আমাদের হাতে পাওয়ার আছে, হাতে মাথা কাটব। এঁরা আবার বলেন ইউনিয়নগুলি পলিটিক্স করে। ইউনিয়নগুলি পলিটিক্স করত তাহলে ইউনিয়নগুলি চলতে পারত না। শ্রমিকের সঙ্গে কোন কথাবার্তা এঁরা বলেন না। ষ্টেট বাস রাস্তার উপর দিয়ে চলবার সময় কোন লোককে এড়াবার জন্য যদি বাঁকে তাহলে 9 out of 10 cases টাই রড ছিঁড়ে যায়। আমি নিজে একটা এন্‌কোয়ারীতে উপস্থিত ছিলাম। শ্রমিক বললে এ বাস রোড-ওয়ার্দি নয়—মেকানিক যথা সময়ে সার্টিফিকেট দিয়েছে, ড্রাইভার রিফিউজ করেছে তবু সেটা চালান হয়েছে। 60 per cent of the buses-এর হ্যাণ্ড ব্রেক নেই। আমাদের হ্যাণ্ড ব্রেক না থাকলে ট্রাফিক আইন অনুসারে ধরে। Regional transport authority কি সেগুলি দেখতে পারেন না? আমি এখানে বলতে পারি উপযুক্ত ব্যবস্থা না করলে এই সব কেস বাড়বে এবং জন্ম নিয়ন্ত্রণের কথা শুনতে পাব।

Shri Rabindra Nath Mukhopadhyay :

স্পীকার মহোদয়, যে বক্তব্য এখানে উপস্থাপিত হয়েছে আমি পুনরায় জোরের সঙ্গে সে কয়েকটা কথা বলছি। সরকারের পক্ষ থেকে যে বক্তব্য উপস্থিত করা হল তা থেকে তাহলে

এটা ধরে নিতে হবে যে কোলকাতা শহরে আর বিশেষ কিছু করার নেই। নিয়তির উপর ছেড়ে দেয়া ছাড়া তার হাত থেকে পরিত্রাণ পাওয়ার উপায় নেই। কবে কতদিনে পরিকল্পনা হবে সেকথা আমাদের সামনে রাখা হয় নি। এই প্রস্তাবের উদ্দেশ্য হচ্ছে, যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা থেকে কোন রকমে রিলিফ দেওয়া যায় কি না এবং কি করে এই অবস্থার পরিবর্তন করা যায়। সেদিকে নজর রেখে এই প্রস্তাবটা উত্থাপন করা হয়েছে। বহু জায়গায় আমরা দেখলাম বাস দাড়িয়ে আছে বহু সময় ধরে। সেখানে বাসগুলি অনেক ক্রত সেখান থেকে ছাড়া যায়। মাননীয় সদস্যরা উল্লেখ করেছেন যে আধঘণ্টা, তিন কোয়ার্টার করে অনেক জায়গায় সার্ভিস আছে সেই সার্ভিসগুলি পরিবর্তন করে একটু ক্রত করা যায় কি না। আমি আরও কয়েকটা সাধারণ জিনিস আপনার মাধ্যমে উপস্থিত করছি—কোলকাতার সমস্ত রাস্তার পক্ষে হয়ত সেটা করা সম্ভব নাও হোতে পারে কিন্তু অনেক জায়গায় করা যেতে পারে। যেমন ৭ নং, ১২ নং প্রভৃতি যে সমস্ত বাস রুট বেহালা প্রভৃতি অঞ্চলে চলে সেসব কথা উল্লিখিত হয়েছে। তার পাশে নাকি স্যাটেলাইট টাউন করা হবে। সন্ধ্যার সময় কিম্বা অফিস আওয়ার্সে সেই রাস্তা দিয়ে যাবার কোন উপায় আছে কি না, কোন কোন রাস্তা প্রস্তুত করা যায় কি না সঙ্গে সঙ্গে একথাও উত্থাপিত করা হয়েছিল। ওঁরা খালি স্যাটেলাইট টাউন করার কথা ভাবছেন। তার বহু পূর্বে একথা বলা হয়েছিল যে অনেক রাস্তা আছে সেগুলি জ্ঞাপন করা যায় সেখানে অন্যান্য ট্রাক প্রভৃতির পরিবহন ব্যবস্থা করা যেতে পারে। কালীঘাট ফলতা রেলওয়ে উঠে গেছে কিন্তু সেই রাস্তা রয়ে গেছে। আমি ডাঃ রায়ের কাছে চিঠি লিখেছিলাম সেই রাস্তাগুলি অপরে দখল করে নিচ্ছে। সেই রাস্তাগুলিতে যদি অন্যান্য ডাইভারসিফায়েড পরিবহণের ব্যবস্থা করা যায়, এ ব্যাপারে একটা পরিকল্পনা নেওয়া হয়—যা ঐ সব অঞ্চলে নেয়া সম্ভব, তাহলে সেই জিনিষগুলি অনায়াসে করা সম্ভব। লরী বা এই ধরণের কতকগুলি জিনিস যেগুলি অফিস আওয়ার্স প্রভৃতি সময়ে প্রাই করে সেগুলি সম্বন্ধে যদি একটু আলাপ আলোচনা করা যায় তাহলে অনেক জায়গায় সেইসব জিনিসগুলি বন্ধ করা যেতে পারে। ঠিক ঠিক আওয়ার্স-এর মুখে এগুলি দেখছি—কয়েক জায়গায় আমরা যখন পুলিশের সাহায্য নিয়ে করেছি সেগুলি অনেক পরিমাণে সহজে চলেছে। আশে পাশে যে সমস্ত দোকান আছে সেখানে এই র‍্যারেঞ্জমেণ্ট করা যেতে পারে—সেখানে ১১টা থেকে ৩ টার মধ্যে মাল লরী করে সাপ্লাই দেবে। লরী ইত্যাদি রেখে ঐ সমস্ত রাস্তা যদি ব্লক না করা হয় তাহলে বাস চালানোটা অনেক সহজ হতে পারে। অন্ততঃ ২।৪ টা ওয়ার্ডে চেষ্টা করে দেখা যেতে পারে। এমন অনেক রুট আছে যার কথা উল্লিখিত হয়েছে। যদি সেখানে বাসগুলি ডাইভার্ট করা যায় তাহলে এই সমস্ত রাস্তায় প্রচণ্ড ভীড় সৃষ্টি হয় না। কোলকাতা সহরের আশে পাশে কয়েকটা রাস্তার এরকমভাবে পরিবর্তন করতে হবে। বেশী খরচের মধ্যে না গিয়ে কিছু কিছু জায়গা চওড়া করে সেই সমস্ত বিধি ব্যবস্থা করতে হবে যার ফলে বাস যাওয়া বা অন্যান্য পরিবহণ ব্যবস্থা অনেক পরিমাণে সহজ হয়ে উঠবে। এটা কোন বিতর্কের ব্যাপার নয় যে ভীড়েতে মানুষের কি অবস্থা হয়েছে এবং এটা বলা যেতে পারে যে ছেঁট বাসে একটা করে বলি যাওয়া এটা প্রায় প্রাত্যহিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সুতরাং এই প্রস্তাবটাকে সেই দৃষ্টিভঙ্গীতে নেওয়া উচিৎ। বিরাট একটা কোন পরিকল্পনার কথা এতে বলা হচ্ছে না। এটায় বলা হচ্ছে বর্তমান সার্ভিসে সামান্য কিছু পরিবর্তন করে, কোন কোন জায়গায় লরী প্রভৃতি যাতে না দাঁড়ায় তার ব্যবস্থা করে এবং কোন জায়গায় টাইমের কিছুটা পরিবর্তন করে এটার কিছু পরিমাণে সুরাহা করা সম্ভবপর এবং শেষ দিকে এমপ্লয়ীজদের কথা বলা হয়েছে।

[4-20—4-30 p. m.]

তারপর employees-দের কথা বলা হয়েছে এবং তাদের মনোভাবের জন্য শুধু এক্ষেত্রে নয় সর্বক্ষেত্রে বিপদের সৃষ্টি হয়েছে আমি একথা বলছি। আর্থিক সুযোগ সুবিধার জন্য নয়, তারা

জানে কেন দেশবাসীর এত বেশী পরিমাণ accident হয়। তাদের এ বিষয়ে suggestion নিলে ও অন্যান্য ব্যক্তিদের মতামতও সেই সাথে যুক্ত করলে মহাভারত অশুদ্ধ হয়ে যায়। এটা পার্টি বাজির ব্যাপার নয়। আমাদের থেকে এমন কি ডাঃ রায় অনেক ভালভাবে বুঝতে পারেন ভীড় কি করে কমানোর ব্যবস্থা করা যায়।

Shri Bijoy Singh Nahar :

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাব গণি সাহেব নিয়ে এসেছেন, আমি মনে করি তা কার্য্যকরী হতে পারে না। এখানে লোক সংখ্যা যেমন বেড়েছে, তেমনি যানবাহনের সংখ্যাও বেড়েছে। গণি সাহেব নিশ্চয়ই দেখেছেন রাস্তায় পুলিশ হাত দেখালে লাইন করে কি রকম করে গাড়ী সব দাঁড়িয়ে যায় রাস্তায়। এর পর আবার যদি 25% বাস বাড়ে তাহলে রাস্তায় যারপর নাই অসুবিধা হবে। কাজেই এটা Solution নয়। এই কথাগুলি বলে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই—বড় পরিকল্পনা যদি না করেন তাহলে সম্ভব হবেনা, আর ট্রাম নিশ্চয়ই তুলে দেওয়া উচিত। আগেও সেকথা বলেছি, এখনো বলছি। ট্রামের দ্বারা Congestion বেশী হয়। ট্রাম লাইন তুলে দিয়ে ইলেকট্রিক বাসেস্ করতে পারেন তাহলে Congestion অনেক কমে যাবে; অসুবিধাও দূর হবে।

আর একটা কথা বলতে চাই—আপনারা নূতন যে ক্যালকাটা টাউনশিপের পরিকল্পনা করছেন, সেখানে যদি সরকারী দপ্তর নিয়ে যাওয়া যায়, তাহলে এখানের Congestion কমে যেতে পারে। আর ঐ যে ষ্টেট্ বাস অথরিটী রয়েছে, তাঁরা বাসের সম্বন্ধে বিশেষ কিছু দেখা-শোনা করেন না। রাস্তায় চললে দেখা যাবে যে বাসগুলি ডিজেল ইঞ্জিনে চলছে, তা এত ধোঁয়া বের করে যে তার পাশ দিয়ে চলতে গেলে জামা কাপড়ে দাগ লেগে যায়। গাড়ীর অবস্থা খুবই খারাপ। এটা পরীক্ষা করলে দেখা যাবে যে সত্যিই গাড়ীর অবস্থা খুবই খারাপ হয়ে আছে। সরকারী ব্যবস্থার জন্য অবশ্য এই রকম অবস্থা হয়েছে। যদিও আগের তুলনায় বাস ট্রান্সপোর্ট-এর অনেক improvement হয়েছে। তা সত্ত্বেও তারা দেখাশোনা কিছু করেন না, তাঁরা এত স্পীডে গাড়ী চালান যে নিয়মকানুন কিছু তাঁরা মানেন না, ফলে accident হয়। যাঁরা খুলে যান, তাঁরা উঠতে বসতে অসুবিধাটা বুঝতে পারেন। এই স্পীড্ চেক্ করা immediately দরকার। পুলিশ যাঁরা রাস্তায় রয়েছেন তাঁরাও দেখেন কিনা সন্দেহ। বাস ষ্টপেজে গাড়ী দাঁড়ায় না, রাস্তার মাঝখানে গাড়ীকে দাঁড় করান হয়, তার ফলে যাত্রীদের নানারকম অসুবিধা হয়।

তারপর চুরির কথা যেটা বলা হলো, টিকিটের ব্যাপারেও তা হয়। আবার অনেক জায়গায় দেখা যায় অনেক রুট আছে—যেখানে ড্রাইভার ও কণ্ডাক্টর হঠাৎ গাড়ীথেকে রাস্তায় নেমে যায় এমন কি চৌরঙ্গীতেও তেমন হয়, সেখানে দোকানের সঙ্গে বন্দোবস্ত আছে। চেক্ করলে তাদের কাছে excess পয়সা পাওয়া যায় না। Excess পয়সাগুলি তারা ঐসব দোকানে দিয়ে ফেলে দিয়ে আসে। সরকার যদি এ সম্বন্ধে একটা ব্যবস্থা করেন, তাহলে অনেক চুরি কমে যাবে এবং income-ও অনেক বাড়তে পারে। এই সঙ্গে আর একটা কথা বলবো—বাস বাড়ানোর যে প্রস্তাব করা হয়েছে, তাতে কার্য্যকরী কোন ব্যবস্থা হবে না। তবে অন্যদিক দিয়ে ট্রান্সপোর্টের সংখ্যা বাড়ানো যেতে পারে। ট্যাক্সীর সংখ্যা বেশী করলে যাতায়াতের খানিকটা সুবিধা হতে পারে। কিন্তু নূতন ট্যাক্সী দেওয়া হচ্ছে না। এখানে দিল্লীর মত টেলিফোন করলে, ট্যাক্সী পাওয়া যায় না। ষ্টেট্ ট্রান্সপোর্ট অথরিটী এটা ভেবে দেখতে পারেন। যদি টেলিফোন করলে দিল্লীর মত ট্যাক্সী পাওয়া যায়, তাহলে অনেক অসুবিধা দূর হতে পারে। আমি মনে করিনা গণি সাহেবের প্রস্তাব কার্য্যকরী করলে কোন সুবিধা হবে।

Dr. Abu Asad Md. Obaidul Ghani: Mr. Speaker, Sir, I accept the amendment moved by Shri Subodh Banerjee.

Sir, I do not see any question of foreign exchange involved in it at all, nor do I see any joke, as has been said by Dr. Roy, in my proposal. I think it is a matter of grave risk to the human life in Calcutta for which we want some amelioration. They have opposed it but they have not given one single alternative proposal.

The motion of Shri Subodh Banerjee (1) that in item (3), of para 5, line 1, after the words, "bus-service", the words, "and to reduce the fares" be inserted; (2) that at the end of the resolution the following be added, namely :—

"This Assembly further requests the State Government to take steps immediatly :—

(i) to diversify the office hours so as to reduce congestion in traffic during the peak hours of the day : and

(ii) to build circular railways round the area comprised in greater Calcutta.", was then put and lost.

The motion of Dr. Abu Asad Md. Obaidul Ghani that—

Whereas the population of West Bengal is growing at a rapid rate ;

Whereas the influx of growing population is more marked in the city of Calcutta and its industrial suburbs ;

Whereas the bus routes carrying passengers in this greater Calcutta area are being taken over completely by the West Bengal State Transport Corporation ;

Whereas the number of buses run by the said Corporation is inadequate to meet the growing requirement of the area, causing enormous hardship to the travelling public ;

This Assembly is of opinion that the State Government should direct the Transport Corporation to take forthwith, the following steps, viz. :—

(1) to increase the number of buses plying in and around Calcutta by at least 25 per cent and distribute the same to the already existing routes ;

(2) to extend the time for plying the buses during night time ; and

(3) to ensure the regularity of the bus service in consultation with the registered Employees Union,

was then put and a division taken with the following result :—

NOES—109

Abdus Sattar, The Hon'ble
Abul Hashem, Shri
Banerji, Shri Sankardas
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Shri Debendra Nath
Chakravarty, Shri Bhabataran
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Dr. Kanailal
Das, Shri Mahatab Chand
Das, Shri Sankar
Das Adhikary, Shri Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanailal
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Shrimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Bejoy Kumar
Ghosh, Shri Parimal

Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand
Haldar, Shri Mahananda
Hasda, Shri Lakshan Chandra
Hoare, Shrimati Anima
Ishaque, Shri A. K. M.
Jana, Shri Mrityunjoy
Jehangir Kabir, Shri
Khan, Shrimati Anjali
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Maiti, Subodh Chandra
Majhi, Shri Budhan
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Shri Byomkes
Majumder, Shri Jagannath
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Sudhir
Mardi, Shri Hakai
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Sowrindra Mohan
Modak, Shri Niranjan
Mohammad Giasuddin, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Baidyanath
Mondal, Shri Sishuram
Muhammad Ishaque, Shri
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Ram Lochan
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Jadu Nath
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabaniranjan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Prodhan, Shri Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray Shri Arabinda
Ray, Shri Jajneswar
Roy, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, Shri Atul Krishna
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Singha Deo, Shri Shankarnarayan
Talukdar, Shri Bhawani Prasanna
Tarkatirtha, Shri Bimalananda
Trivedi, Shri Goalbadan
Tudu, Shrimati Tusar
Wangdi, Shri Tenzing
Yeakub Hossain, Shri Mohammad
Zai-Ul-Huque, Shri Md.

AYES—63

Abdulla Farooquie, Shri Shaikh
Badrudduja, Shri Syed
Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Chitto
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhaduri, Shri Panchugopal
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Panchanan
Bhattacharjee, Shri Shyama Prasanna
Bose, Shri Jagat
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Shri Mihirlal
Chattoraj, Dr. Radhanath
Chobey, Shri Narayan
Das, Shri Gobardhan
Das, Shri Natendra Nath
Das, Shri Sisir Kumar
Das, Shri Sunil
Dey, Shri Tarapada
Dhibar, Shri Pramatha Nath
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shri Ganesh

Ghosh, Shrimati Labanya Prova
Halder, Shri Ramanuj
Halder, Shri Renupada
Hamal Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Hazra, Shri Monoranjan
Jha, Shri Benarashi Prosad
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Konar, Shri Hare Krishna
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Majumdar, Dr. Jnanendra Nath
Mazumdar, Shri Satyendra Narayan
Mitra, Shri Haridas
Modak, Shri Bijoy Krishna
Mondal, Shri Haran Chandra
Mukherji, Shri Bankim
Mukhopadhyay, Shri Rabindra Nath
Naskar, Shri Gangadhar
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Panda, Shri Basanta Kumar
Panda, Shri Bhupal Chandra
Pandey, Shri Sudhir Kumar
Ray, Dr. Narayan Chandra
Ray Choudhuri, Shri Sudhir Chandra
Roy, Dr. Pabitra Mohan
Roy, Shri Provash Chandra
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj
Roy Choudhury, Shri Khagendra Kumar
Sen, Shri Deben
Sen, Shrimati Manikuntala

The Ayes being 63 and the Noes 109, the motion was lost.

[4-30—4-40 p.m.]

Shri Hemanta Kumar Ghosal: I move that this Assembly is of opinion that the State Government should forthwith undertake the following programme for the development of the Sundarban area :—

(1) to take steps to give land to the actual tillers of the soil which will be an incentive for increasing the productivity ;

(2) to impove drainage and irrigation of the area so that the crop area may be extended and multiple crops may be raised ;

(3) to form Mouza Committees with poor and middle-class peasants to advise on the distribution of agricultural loan, fertilizers and on the adoption of other measures for permanent improvement in land ;

(4) to encourage and assist in the formation of marketing co-operatives by agricultural producers and give financial assistance to these co-operatives, so that poor and middle-class peasants may get fair price for their produce ;

(5) to undertake the improvement of poultry and dairy farming and to assist the producers to obtain fair price through food marketing arrangements ;

(6) to take steps for the protection of the collectors of honey against attacks from wild animals and to set up a marketing machinery to enable the poor collectors of honey to obtain fair price ;

(7) to take steps for setting up of small scale and cottage industries which can provide full-time or subsidiary employment to the idle labour force in the area ;

(8) to take steps for the protection of the embankment and keep a close watch on it all round the year ;

(9) to encourage the people to participate in all programmes of development and to take initiative in such developmental work.

আমি ৮ নম্বর যে প্রস্তাব সেটা শ্রীগীতারাম ভগতের নামে আছে সেটা move করছি। আমি প্রথমে এই প্রস্তাব move করে এটাই বলতে চাই যে সমস্ত সুন্দরবনের উন্নয়নের পরিপ্রেক্ষিতে আমি এই প্রস্তাব দিয়েছি। এই প্রস্তাবের মধ্যে মূল যে আবার বক্তব্য সেটা হচ্ছে সুন্দরবন

অঞ্চল প্রধানতঃ কৃষিপ্রধান অঞ্চল। শুধু সুন্দরবন বলে নয় আমার প্রস্তাব এজন্য যে এই সুন্দরবনের স্বার্থের সঙ্গে সারা পশ্চিমবাংলার স্বার্থ ওতপ্রোতভাবে জড়িত। সুতরাং শুধু সুন্দরবনের স্বার্থে এই প্রস্তাব রাখিনি। সমগ্র বাঙলার উন্নতির দৃষ্টিভঙ্গী নিয়ে আমি এই প্রস্তাব রেখেছি। যদি পশ্চিমবাংলার খাদ্যসমস্যার সমাধান করতে হয় তাহলে সুন্দরবনের উৎপাদনের দিকে প্রথমে নজর দিতে হবে এবং সেদিকে নজর দিতে গেলে যারা চাষ করে তাদের হাতে জমি যাতে যায় এবং তারা প্রকৃত জমির মালিক হয় সেদিকে প্রথম নজর দিতে হবে।

দ্বিতীয়তঃ সুন্দরবনের Drainage এবং irrigation-এর উপর নজর দিতে হবে। সুন্দরবনে প্রধানতঃ একটি মাত্র ফসল হয়, সেই জায়গা যাতে দু-তিন ফসলী অঞ্চলে পরিণত করা যায় তার জন্য কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করতে হবে। তৃতীয়তঃ শুধু সরকার যে করছেন সে ব্যবস্থা অনুযায়ী এই অঞ্চলের উন্নয়ন হতে পারেনা সেজন্য আমার প্রস্তাবের মধ্যে আছে বিভিন্ন মৌজাতে যে গরীব, মধ্যবিত্ত কৃষক আছে যারা চাষে পারদর্শী সেই সব চাষীদের অভিজ্ঞতা নিয়ে Loan, Fertilizer ইত্যাদির সুব্যবস্থা করে যাতে স্থায়ী permanent improvement হতে পারে তার জন্য সেই মানুষের সঙ্গে পরামর্শ করে পাকাপোক্ত ব্যবস্থা করতে হবে এবং যারা ফসল উৎপাদন করে—যারা আজ সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত সেই ফসল উৎপাদনকারীরা যাতে ন্যায্য মূল্য পায় তার ব্যবস্থা করতে হবে। অর্থাৎ এই অঞ্চলের ফসল উৎপাদনকারী যে গরীব, মাঝারী কৃষক ও ভাগচাষী রয়েছে তারা তাদের উৎপন্ন ফসল ধরে রেখে বাজারে যখন ফসলের মূল্য বাড়ে সেই উচ্চ মূল্য পাবার জন্য অপেক্ষা করার মত আর্থিক অবস্থা তাদের নাই। সেইজন্য এই ফসল বিভিন্ন মহাজন, যাদের কাছে তারা ধার করে, তাদের কাছে অতি অল্পমূল্যে ফসল উঠার সঙ্গে সঙ্গে বিক্রয় করতে হয়। এবং আবার ২।৩ মাস পরে যখন তাদের বাঁচার প্রশ্ন আসে তখন আবার তাদের কাছ থেকে বেশী দর দিয়ে তা কিনতে হয় এবং তাদের কাছেই আবার ধার কর্জ করতে হয়। তার ফলে যেটুকু জমি তাদের হাতে আছে, প্রতিবৎসর, সেই জমিটুকুও ঐ একচেটিয়া মালিক মহাজনদের হাতে চলে যাচ্ছে এবং প্রতিবৎসর বহু কৃষক জমি হারা হয়ে যাচ্ছে। সেইজন্য সরকার থেকে এমন একটা কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করা দরকার যাতে যারা উৎপাদন করবে তারা যেন তাদের ফসলের ন্যায্য মূল্য পেতে পারে এবং সাধারণ মানুষও যাতে সেই রকম মূল্যে তা পেতে পারে। এবং সেইরকম কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করতে হলে Government-কে হস্তক্ষেপ করতে হবে। তারপর শুধু কৃষি উৎপাদনই নয়, কৃষি উৎপাদনের সঙ্গে জড়িত, যেমন Poultry, যেমন হচ্ছে Cattle, ইত্যাদির প্রশ্ন। এই সমস্ত জিনিসগুলি, সে জায়গায় Poultry যাতে ঠিকমত গড়ে উঠে এবং কৃষির সঙ্গে Poultry-র যাতে একটা প্রত্যক্ষ যোগাযোগ থাকে, সেটা পরিচালনা করার জন্য একটা বিরাট অর্থকরী ব্যবস্থা গ্রহণ করা উচিত। তারপর সুন্দরবন অঞ্চলের যদি improvement করতে হয় তাহলে আমাদের পশ্চিমবঙ্গে যে জঙ্গল আছে, যা অত্যন্ত কম, তা রক্ষা করতে হবে। আমরা দেখেছি বহু লোক যে-আইনীভাবে, সরকারের যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থার সঙ্গে যোগসাজস করে বিনা licence-এ সরকারের নজরের বাইরে জঙ্গল কেটে ফেলে দিচ্ছে। যার ফলে জঙ্গল বাড়তে পারছেনা। এতে State-রও ক্ষতি ও দেশেরও ক্ষতি হচ্ছে। এইগুলি রক্ষা করার ব্যবস্থা করা দরকার। আমি এর সঙ্গে সঙ্গে আর একটি কথা বলবো। পশ্চিমবঙ্গের মধু উৎপাদনের দিক থেকে এই জঙ্গলই হচ্ছে প্রধান কেন্দ্র। কাজেই এর জন্য কার্য্যকরী ব্যবস্থা অবলম্বন করতে হলে পর বৈজ্ঞানিক পদ্ধতিতে মধু যাতে বাড়ে তার ব্যবস্থা করতে হবে। এবং এই মধুর যাতে সঠিকমূল্য তারা পায় তার ব্যবস্থা করাও দরকার। কেননা আমরা দেখেছি যারা মধু ভাঙে তাদের অনেক বিপদের সম্মুখীন হতে হয়। এবং সরকার তাদের কাছ থেকে control দরে সেই মধু কিনে নেয়। কিন্তু প্রকৃতপক্ষে বাজারে সেই মধুর দাম অনেক বেশী। এর ফলে যারা মধু

সংগ্রহ করে তারা ঠিকমত দাম পায় না। তারা যাতে ঠিকমত দাম পায় তার জন্য যদি দরকার হয় তাহলে co-operative করে এই দামের একটা সামঞ্জস্য রক্ষা করা প্রয়োজন। তারপর এর সঙ্গে আর একটা কথা রাখতে চাই। কৃষির সঙ্গে কুটির শিল্পের যোগাযোগ না থাকার কারণেই এই সমস্ত অঞ্চলে প্রতি বৎসর বহু কৃষক জমিহারা হয়ে বেকার হয়ে পড়ছে। এবং দিন দিন এই বেকারের সংখ্যা বাড়ছে। এই কুটির শিল্পকে ব্যাপকভাবে গঠন করবার যদি পরিকল্পনা না নেওয়া হয় তাহলে শুধু চাষের উপর নির্ভর করে এই অঞ্চলের লোকের সমাজজীবনকে রক্ষা করা অসম্ভব। সেই জন্য কুটিরশিল্পের প্রশ্ন এর সঙ্গে রেখেছি। সমস্ত সুন্দরবনের ফসল নির্ভর করে embankment-র উপর—যার পরিকল্পনার উপর সারা সুন্দরবন অঞ্চলের জীবনধারণ নির্ভর করে। সেইজন্য এই ২২ শত মাইল বাঁধ যদি ঠিকভাবে রক্ষা করা যায় তাহলে ফসল ভাল হতে পারবে। সেইজন্য এই বাঁধ রক্ষা করা এবং বাঁধ ভাঙ্গার দিকে নজর রাখার জন্য পরিকল্পনা গ্রহণ করার প্রয়োজন রয়েছে।

[4-40—4-50 p. m.]

সুন্দরবন অঞ্চলের উন্নয়ন সাধন করতে গেলে এমনভাবে পরিকল্পনা গ্রহণ করা দরকার যাতে করে সেখানকার জনসাধারণের উৎসাহ উদ্দীপনা বাড়ে এবং তাদের সক্রিয় সহযোগিতা পাওয়া যায়। এরকম বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে কাজ করা দরকার। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে ঐ অঞ্চলের কৃষির উন্নতির উপরই এখানকার সামাজিক এবং অর্থনৈতিক পরিবেশ নির্ভর করে, অর্থাৎ ওখানকার উন্নয়নের প্রধান প্রশ্নটাই হল কৃষি উৎপাদন বৃদ্ধি। সেজন্য সুন্দরবনে জমির বাঁধ, সার এবং সেচ এই তিনটি পরিকল্পনাকে যদি না একটা মূল পরিকল্পনার অন্তর্ভুক্ত করে কাজ করা যায় তাহলে কোন পরিকল্পনাই কার্যকরী হবে না। বর্তমানে পাট বিভাগ এক মন্ত্রী দপ্তরে, কৃষি বিভাগ আর এক মন্ত্রী দপ্তরে, development-এর কাজ আর এক মন্ত্রী দপ্তরে—এই তিনটি দপ্তর তিন ভাবে কাজ করে যাচ্ছে। এই তিনটি বিভাগের কাজ প্রায়ই পরস্পর বিরোধী হয়ে পড়ে, এদের মধ্যে সমন্বয় করে এক চিন্তাধারার মধ্য দিয়ে উন্নয়নের কাজ করার পরিকল্পনা নাই। তেমনি আবার কৃষিঋণ, সেচ ও small industry-এর প্রশ্ন। আমরা বাস্তবে প্রায়ই দেখতে পাই যে, যেখানে সেচের প্রশ্ন priority পাওয়া দরকার সেখানে সার গিয়ে আগে পৌঁছায়—আবার যখন সারের প্রশ্ন দেখা গেল সে ক্ষেত্রে দেখা যায় ফসল উঠার পর সার গিয়ে হাজির হয়। তেমনি যে ক্ষেত্রে কৃষিঋণ priority পাওয়া দরকার সে ক্ষেত্রে ফসল উঠার পর ২।১০ টাকা কৃষিঋণ দেওয়া হয়। সুতরাং কোন পরিকল্পনা নাই। তারপর, এও দেখতে পাওয়া যে, কোন department বেশী কাজ দেখবে তা নিয়ে department-গুলির পরস্পরের মধ্যে পাল্লাপাল্লি চলে—তাতে করে ফল হয় এই যে কোন জিনিসই priority পায় না এবং যে অর্থ ব্যয় হয় তদনুরূপ কাজ হয় না। আমি এখানে বাঁধ দেওয়ার উদাহরণ রাখতে চাই—বাঁধের কাজ কখন সুরু হয়? বর্ষা season আসার আগে এই কাজ শেষ করা দরকার, কিন্তু কাজ হয় April থেকে জুন মাসের প্রথম বা middle-এর দিকে। এর ফলে আমাদের অভিজ্ঞতায় আমরা দেখছি যে, যে অর্থ ব্যয় হয় তার হিসাবনিকাশ করার সম্ভাবনাও থাকে না—কি অর্থ ব্যয় হল, তাতে কি লাভ হল, এ সবের হিসাবনিকাশ করার সুযোগও নাই। যে মাটি দিয়ে বাঁধ রক্ষা করার ব্যবস্থা হয় বর্ষা season-এ এমন অবস্থা দাঁড়ায় যে সেই মাটি দিয়ে বাঁধ রক্ষা করা যায় না।

এর জন্য যে অর্থ ব্যয় হয় তাতে চাষীর এবং চাষের কোন উন্নতি হয় না এবং তাদের মধ্যে কোন সম্পর্কও থাকে না। তারপর কৃষিঋণের প্রশ্ন। এক একটা ইউনিয়নে কৃষিঋণ দেবে কম না সেখানে ২০ হাজার লোকের বাস সেখানে ৫ হাজার টাকার বেশী দেওয়া হয় না। এই ঋণ

বন্টন করতে গেলে দেখা যায় যে ১০০।১৫০ পরিবার এ সাহায্য পায় এবং তার পরিমাণ ২০ থেকে ২৫ টাকা। চাষ যখন শেষ হয়ে যায় তখন এই ঋণ গিয়ে পৌঁছায়। কাজেই উৎপাদনের সঙ্গে ঋণের, সারের, সেচের, বাঁধবাঁধার পরিকল্পনা আজ পর্যন্ত যা হয়েছে তা সমস্তই বিরোধী হয়েছে। এরপর আসে জমি প্রশ্ন। সুন্দরবন অঞ্চল এক ফসলের দেশ। এখানে সরকারের হাতে যে জমি এল সেই জমি বিতরণের কি বন্দোবস্ত হল তা কেউ জানি না। সেখানে লক্ষ লক্ষ বিঘা জমি কয়েকজন মুষ্টিমেয় লোকের হাতেই সীমাবদ্ধ আছে। সরকারের আইনের ফাঁক দিয়ে তাঁরা রেখে দিচ্ছেন। অথচ এই সব জমি যদি কৃষকের হাতে না দেওয়া যায় তাহলে কৃষির উন্নতি সম্ভব নয়। কিন্তু তার কোন পরিকল্পনা আজ পর্য্যন্ত দেখতে পেলাম না। এ ছাড়াও বৈদ্যুতিক আলোর প্রশ্ন আছে। এখানে শিক্ষার প্রশ্নও আছে। এই অঞ্চলের যদি প্রকৃতপক্ষে উন্নতি করতে হয় তাহলে মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষার সঙ্গে কৃষির সম্পর্ক রাখতে হবে। কিন্তু তার কি পরিকল্পনা আছে? এই সব অঞ্চলের মানুষরা এই সব কলেজ বা স্কুলে পড়ে এক একটা জায়গায় গিয়ে আটকে যাচ্ছে। অর্থাৎ গ্রামে শিক্ষালাভ করে ফিরে গিয়ে তাঁরা বাস্তব অভিজ্ঞতা দিয়ে উৎপাদনে সাহায্য করতে পারেন তা তাঁরা পাচ্ছেন না। কারণ দুটোর সঙ্গে কোন কার্যকরী সম্পর্ক নেই। কিন্তু আমরা জানি যে, যে সমস্ত যুবকরা গ্রামে ফিরে যান তাদের নূতন করে চাষকে গড়ার আকুল ইচ্ছা থাকলেও তাঁরা তা পারেন না। কৃষিশিক্ষা বিদ্যালয়ে তাঁরা গবেষণা করলে বাস্তবে তাকে কোন কার্যকরী রূপ দিতে পারেন না। অথচ এর জন্য সরকারের কোন বিশেষ পরিকল্পনাও নেই। সর্বশেষে, আমি বলতে চাই এই সমস্ত অবস্থাকে বিচার করে সুন্দরবনকে উন্নয়ন করার জন্য—সীমাবদ্ধভাবে হলেও—সরকার একটা সুন্দরবন উন্নয়ন কমিটি গঠন করেন। ১৯৫৭ সালের ১৮ই আগষ্ট সুন্দরবন উন্নয়ন কমিটি গঠন হল এবং একটিবার মাত্র এক ঘন্টার জন্য সেই কমিটির বৈঠক হয়। তারপর তার আর কোন সাড়া শব্দ নেই। অতএব কোয়াপারেশনের জন্য যে প্রশ্ন, গঠনমূলক প্রস্তাব দিয়ে উৎপাদন করবার যে প্রশ্ন সেই প্রশ্নকে নিজেরাই গড়ছেন এবং নিজেরাই ভাঙছেন এবং যাই করছেন তাই দলীয় স্বার্থের জন্য করছেন। সে জন্য আমি মনে করি যে সুন্দরবনের উন্নয়ন করতে গেলে বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে অগ্রসর হওয়া উচিৎ।

[4-50—5 p.m.]

Shri Subodh Banerjee : Sir, I beg to move—

(1) that the item (1), in line 1, after the words, "give land", the words, "free of cost", be inserted ;

(2) that in item (3), in line 1, after the words, "poor and middle class peasants", the words, "and agricultural labourers representing different peasants and agricultural labours' organisations working in the State of West Bengal", be inserted ;

(3) that in item (3), in line 2, after the words, "agricultural loan" the words, "cattle purchase loan and other types of loan", be inserted ;

(4) that in item (5), in line 1, for the words, "to undertake" the words, "to supply to the peasants and agricultural labourers free of cost poultry and dairy, live-stocks and undertake", be substituted ;

(5) that in item (-), in line 1, after the word, "embankment" the words, "and make it Pucca as far as practicable", be inserted ;

(6) that at the end of the resolution the following be added, namely :—

"(10) to acquire the fisheries, organise them in such a way as to prevent damage to cultivation in adjoining fields and run them on co-operative basis with poor and middle class peasants and agricultural labourers ;

(11) to set up a Statutory Sundarban Development Board to do these and other works for the development of Sundarban area."

মাননীয় স্পীকার মহাশয়, সুন্দরবনের উন্নয়নের জন্য মাননীয় সদস্য হেমন্তবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর আমি একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি এবং তার উদ্দেশ্য হলো মূল প্রস্তাবকে আরও সর্বাঙ্গীন এবং ত্রুটিশূন্য করা। প্রথমে কথা হলো হেমন্তবাবু তার প্রস্তাবের মধ্যে চাষীর হাতে জমি দেওয়ার কথা যদিও বলেছেন কিন্তু সেই জমি যে বিনামূল্যে দেওয়া প্রয়োজন তা নীতিগতভাবে স্বীকার করলেও তার প্রস্তাবের মধ্যে সেকথা নেই এবং সেই জন্যই আমি মনে করি যে এটা থাকা দরকার—অর্থাৎ চাষীর হাতে বিনামূল্যে জমি দিতে হবে। দ্বিতীয়তঃ তিনি বলেছেন যে মৌজায় মৌজায় কমিটি গঠন করে তার মারফৎ দিয়ে কৃষিঋণ এবং ফার্টিলাইজার বিতরণ করা দরকার। কিন্তু এখানে আমার বক্তব্য হলো তিনি যে মৌজা কমিটি গঠন করবার কথা বলেছেন সেই মৌজা কমিটিতে গরীব মধ্য চাষী এবং ক্ষেত মজুরদের থাকা দরকার এবং এই কথাটা বলে আমি এই প্রসঙ্গে যেটুকু ফাঁক ছিল তা বন্ধ করে দিতে চাই। তবে একথা ছেড়ে দিলেও আর একটা জিনিস আছে এবং সেটা হলো যে, হয়ত কংগ্রেস ক্ষেত মজুরদের মধ্য থেকে নিজেদের লোক নিয়ে এটা করে দিতে পারে সেই জন্যই আমি বলেছি যে এই কমিটিতে ক্ষেতমজুর এবং গরীব চাষীরা থাকবে এবং They should be representative of peasants and agricultural labourers' organisations working in the State. অর্থাৎ এই যুক্তিতে আমি বলতে চাই যে, যে সমস্ত কৃষক এবং ক্ষেত মজুরদের সংগঠনগুলো কাজ করে যাচ্ছে তাদের প্রতিনিধি এই মৌজা কমিটিতে থাকা দরকার এবং সেই ভাবেই এটা গ্রহণ করা দরকার। কারণ আমরা জানি দেশে বহু রাজনৈতিক দল থাকলেও কৃষক আন্দোলনে সেই সব দল যায় না এবং অনেকে আবার এই সব কৃষক এবং ক্ষেত মজুরদের দাবী-দাওয়ার বিরোধিতা করেন। সুতরাং যাঁরা চাষী ও ক্ষেত মজুরের দাবী নিয়ে আন্দোলন করেন সেই সমস্ত সংগঠনের প্রতিনিধিদের এই কমিটিতে যাওয়া দরকার বলে মনে করি। তৃতীয়তঃ হেমন্তবাবু কেবল কৃষিঋণ এবং ফার্টিলাইজার-এর কথা বলেছেন, কিন্তু আমি মনে করি এ ছাড়া ক্যাটেল পার্চেস লোন এবং অন্যান্য যে সব ঋণ আছে তার কথাও এর মধ্যে থাকা দরকার এবং সেই কারণেই এগুলো আমি দিয়েছি। তারপর হেমন্তবাবুর প্রস্তাবে আছে—To undertake the improvement of poultry and dairy. তাহলে থাকত তো। কাজেই তাদের ডেভেলপমেণ্ট করা উচিত এবং আজ যখন ইচ্ছা থাকা সত্ত্বেও চাষীর হাতে পয়সা নেই বলে হাঁস, মুরগী, ছাগল, ভেড়া প্রভৃতি কিনতে পারে না তখন তাদের হাতে এগুলো দিয়ে তারপর তা কো-অপারেটিভ বেসিস-এ রান করাবার প্রয়োজন আছে বলে মনে করি। তারপর মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি যে এই ধরণের পল্‌ট্রি ফার্মিং করবার জন্য উদ্বাস্তুদের মধ্যে বিনামূল্যে হাঁস, মুরগী প্রভৃতি দেবার জন্য যে পরিকল্পনা সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়েছিল তা সফল হয়নি, কিন্তু যে রকম পরিকল্পনা উদ্বাস্তুদের জন্য গ্রহণ করা হয়েছিল সেই রকম পরিকল্পনা ক্ষেতমজুর, মধ্যচাষী এবং গরীব চাষীদের জন্য কেন গ্রহণ করা হবে না সেটাই আমি দাবী করেছি। তারপর হেমন্তবাবু সুন্দরবন অঞ্চলের বাঁধ তৈরী এবং সেগুলো মেরামত করার কথা বলেছেন, কিন্তু আমি এর প্রত্যেকটির কথা বলেছি যে, যেখানে যেখানে সম্ভব এবং যতদূর সম্ভব এই বাঁধগুলো পাকা করা দরকার। স্যার, আপনি শুনলে অবাক হবেন যে, বছরে ১ কোটি টাকা বাঁধের পেছনে খরচ করা সত্ত্বেও বাঁধে মাটি পড়ে না এবং এটা হচ্ছে যারা চুরি করে তাদের কাছে একটা প্যারাডাইস—অর্থাৎ ১ হাত মাটি কেটে বলে ৩ ফুট কেটেছি এবং এ জিনিস ধরবার উপায় নেই কারণ বালি পড়ে বুজে যায়। তারপর বিমলবাবু এবং অজয়বাবু নিশ্চয়ই আমার সাথে একমত হবেন যে টেষ্ট রিলিফ এবং বাঁধ মেরামতের কাজে সরকার যে অর্থ ব্যয় করেন তার ২৫ ভাগ প্রকৃত কাজে ব্যয় হয়।

এই টেষ্ট রিলিফে বাঁধ মেরামতের কাজে সরকার যে অর্থ ব্যয় করেন তার শতকরা ২৫ ভাগ প্রকৃত কাজে ব্যয়িত হয় বাকিটা নয়-বয়-ছয়-চুরি। এই অবস্থা দূর হতে পারে যদি ঐ টাকা দিয়ে আপনারা পাকা বাঁধের ব্যবস্থা করেন। কোথাও কোথাও করেছেন যেমন দক্ষিণ মথুরাপুরেতে। সুন্দরবনের মুখে ইন্দ্রপুর প্রভৃতি জায়গায় আমরা দেখি সেই জায়গায় আপনারা ঠিকমত করছেন না। যে জায়গায় করলে জলটা অনেক সামলান যেতে পারে সেই জায়গায় না করে ছুটো পাশে করছেন। উদাহরণ স্বরূপ বলতে পারি আপনাদের প্রবীর জানা মহাশয় যিনি এম. এল. এ. ছিলেন তাঁর লাটে একটা জায়গা প্রত্যেক বছর ভেসে যাচ্ছে—ইন্দ্রপুরের বাজার সেখানে ৫ হাজার একরের মত জমি ভেসে যাচ্ছে। সেই জায়গায় বাঁধলেন না, তার দু'পাশে বাঁধ দিলেন। ফলে ওপাশে মাঠে জল ঢুকে সমস্ত সুন্দরবনের বাঁধগুলি ভেঙে নিয়ে যাবে। সেইজন্য আমি বলছিলাম বাঁধ হওয়ার ক্ষেত্রে যতদূর সম্ভব পাকা করে ব্যবস্থা করা দরকার। হেমন্তবাবুর প্রস্তাবে সেই দুটো জিনিস নেই সে জিনিস দু'টো থাকা গুরুত্বপূর্ণ বলে মনে করি। এই মৎসরাজরা, এই জোতদাররা সুন্দরবনে হাজার হাজার বিঘা চাষের জমি লোনা জলে ভাসিয়ে দিয়ে চাষীদের সর্বস্বান্ত করে ফিসারী করে মাছ তুলছে। ক্যানিং, জয়নগর, মথুরাপুরে হাজার হাজার বিঘা জমি ভাসিয়ে দিয়ে চাষীকে সর্বস্বান্ত করছে। ফিসারী এ্যাকোয়ার আইন আছে কিন্তু তা প্রয়োগ করছেন না। কার স্বার্থে করছেন না এ জবাব দিতে হবে। আমি একথা বলছি না যে ফিসারী তুলে দিন, এমনভাবে অর্গানাইজ করুন যে ভেড়ীর জন্য নোনা জল ঢুকিয়ে যেন চাষের জমি নষ্ট না করে এবং গরীব, ক্ষেতমজুর চাষীদের নিয়ে কো-অপারেটিভ বেসিসে রান করান। সর্বশেষে সমস্ত কাজ করতে গেলে একটা বোর্ড করা দরকার। সুন্দরবন ডেভেলপমেণ্ট বোর্ড, স্ট্যাটুটরী বোর্ড আও হন না। সুন্দরবন ডেভেলপমেণ্ট কমিটি হয়েছিল, একটা মিটিং-এর পর হাওয়া—৩ বছরের মধ্যে লিকুইডেশানে চলে গেল। স্ট্যাটুটরী বোর্ড করতে হবে। আপনারা মেট্রোপলিটন বোর্ড করতে চাচ্ছেন, করুন আমাদের আপত্তি নেই। কিন্তু বাংলাদেশের ৩॥ হাজার বর্গমাইলের মত most neglected জায়গার ডেভেলপমেণ্ট করছেন না। কি অন্তরায় আছে? সুন্দরবনকে স্পেশালী ট্রিট করা দরকার। বিশেষ বিশেষ সমস্যা আছে, বিশেষ বিশেষ ভাবে সমাধান করতে হবে। তা করতে গেলে স্ট্যাটুটরী বোর্ড গঠন করে সমস্ত কাজের দায়িত্ব তাদের হাতে তুলে দিতে হবে।

The Hon'ble Ajoy Kumar Mukherjee :

মাননীয় স্পীকার মহাশয়, এই প্রস্তাবের সব পয়েণ্টের জবাব দেবনা, আমি শুধু আমার বিভাগের কথা বলব। ড্রেনেজের কথা বলা হয়েছে। আগে বেশীরভাগ ক্ষেত্রে বাঁধ কেটে জল বের করা হ'ত, সেটা আমরা যতদূর পারি কমাবার চেষ্টা করছি। আমরা সেখানে স্লুইস দেবার ব্যবস্থা করছি। আগে যেখানে কাঠের স্লুইস দেওয়া হ'ত সেখানে সেগুলি বদলে হিউম পাইপ দেওয়ার চেষ্টা হচ্ছে।

সেচের কথা বললেন—এটা বোধ হয় কৃষিমন্ত্রী আরও ভাল করে বলবেন। সুন্দরবনে সেচ দেওয়া খুব কঠিন, কেননা কোন মিঠে জল কোথাও নেই, টিউবওয়েলের দ্বারা সব সেচ দেওয়া সম্ভব হয় না। কারণ, ওখানে পানীয় জলের টিউবওয়েলের জন্য হাজার ফিট দিতে হয়, যেখানে ৩।৪ শো ফিট টিউবওয়েল করতে ৭০,৭৫ হাজার টাকা খরচ পড়ে যায়। কাজেই অন্ততঃ এক হাজার ফিট যেতে হলে অনেক বেশী পড়বে ওর যে রেকারিং কস্ট ট্যাক্স বয়ে তুলতে চেষ্টা করা হয় তাহলে ট্যাক্স হেভি হয়ে যাবে।

তারপর বাঁধ রক্ষার কথা। এটা বড় কথা যে বাঁধ রক্ষা না হলে কিছু হয় না।

[5—5-10 p.m.]

এই বাঁধ রক্ষার দায়িত্ব জমিদারী হস্তান্তরিত হবার পর থেকে গভর্ণমেণ্টের হাতে এসেছে। প্রথমে সেচের হাতে ছিল, তারপর চলে যায় রাজস্ব বিভাগের হাতে, আবার গত ১লা এপ্রিল থেকে সেচ বিভাগের হাতে এসেছে। আমরা ২।৩ টা জিনিস করেছি—একটা হচ্ছে যে ওখানে স্থানীয় কণ্ট্রাক্টর নিয়োগ করেছে এবং অনেকগুলি বেলদার নিযুক্ত করেছে দেখবার জন্ত, দ্বিতীয়টা হল সুন্দরবনকে দুভাগ করে দিয়ে দুজন একজিকিউটিভ ইঞ্জিনিয়ার করা হয়েছে এবং তাঁদের অধীনে যতগুলি দরকার সাবডিভিসন্তাল ইরিগেসন অফিসার নিযুক্ত করা হয়েছে। তৃতীয় হল আমাদের সমস্ত সুন্দরবন অঞ্চলে কোথাও সেচ বিভাগীয় কোন কর্মচারী রাখার কোন ব্যবস্থা ছিল না। আমরা তাঁদের অনেকগুলি বাড়ীঘর কোয়ার্টার্স করে দিচ্ছি তার কাছাকাছি থাকবার জন্ত যাতে শীঘ্র লোকে গিয়ে খরচ দিতে পারবে এবং তাঁরাও তাড়াতাড়ি গিয়ে দেখতে পারবেন—তাছাড়া আমরা অনেকগুলি স্পীড্ বোটের ব্যবস্থা করছি। এটা সুখের কথা, দেখা যাচ্ছে ক্রমশঃ বাঁধ ভাঙ্গনের সংখ্যা কমে যাচ্ছে এবং কোথাও ভাঙ্গনে তাড়াতাড়ি মেরামত করা হচ্ছে, ২।১ টা ক্ষেত্রে খুব কঠিন ব্যাপার থাকলে সেখানে হয়ত দেরী হচ্ছে। তারপরে পাকা বাঁধের কথা বলা হয়েছে—যদি হিসাব করে দেখেন তাহলে দেখবেন যে পাকা বাঁধ করতে কাঁচা বাঁধের অন্ততঃ ১৫।২০ গুণ বেশী খরচ হয়। এমনিই এক কোটী টাকা খরচ হচ্ছে কাঁচা বাঁধ রক্ষা করতে। কাজেই সুন্দরবনের সমস্ত বাঁধ পাকা করা সম্ভব নয়। এনিয়ে আমরা বিদেশী বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে ছিলাম। নেদারল্যাণ্ডে এ বিষয়ে কিছু কাজ হয়েছে। নেদারল্যাণ্ডের একসপার্টেরা এসেছিলেন—তাঁদের সংগে কথা হয়েছে যে সুন্দরবনে ২২ শো মাইল যে বাঁধ আছে তাকে কমিয়ে ছোট করা যায় কিনা অর্থাৎ ছোটছোট নদীনালার জলকে বন্ধ করে দিয়ে একটানা একটা বাঁধ চালিয়ে দেয়া যায় কিনা যাতে বুড়ীগঙ্গা থেকে ঠাকুরানী নদী পর্যন্ত একটা বাঁধ আগাগোড়া টেনে নিয়ে যাওয়া যায়। মাঝে মাঝে স্লুইস গেট থাকবে জল বের করে দেবার জন্ত এবং মাঝে মাঝে কয়েকটা লক গেট থাকবে, নৌকা, জাহাজ বের করা ও ঢোকানোর জন্ত। বিশেষজ্ঞ যাঁরা এসেছিলেন তাঁরা এদের পরামর্শ দিয়েছেন। একজন স্থায়ীভাবে এখানে থাকবেন। আমাদের এ নিয়ে হাইড্রোলজিক্যাল অবজারভেসন চলছে। আমরা ভালো করে এ জিনিসটা করতে পারি কি না। এতে যদি ১০।১৫ কোটী টাকা লাগেও তাহলেও ভবিষ্যতে রেকারিং কস্ট কমে যাবে। এই বাঁধগুলি অনেক উঁচু হবে, শক্ত হবে, চওড়া হবে এবং যেখানে যেখানে দরকার ব্রীক পিচিং করে তাকে রক্ষা করা হবে। আমার আর কিছু বলার নেই।

Shri Ramanuj Halder :

মাননীয় অধ্যক্ষমহাশয়, যে প্রস্তাব হেমন্তবাবু এনেছেন এবং যার সংশোধন মাননীয় সুবোধবাবু দিলেন তার সমর্থনে কয়েক কথা আমি আপনার মাধ্যমে সভার সামনে রাখতে চাই। প্রশ্ন হচ্ছে যে সুন্দরবনের যে সমস্যা তাকে তন্ন তন্ন করে না জেনে সে বিষয়ে কোন কিছু ব্যবস্থা করা খুব কঠিন এবং সুন্দরবন সংক্রান্ত আলোচনায় এত অল্পসময়ের মধ্যে বিস্তারিত কোন অভিমত দেয়া সম্ভবপর নয়, তবুও প্রসংগক্রমে মাননীয় সুবোধবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই সংশোধনীর দ্বারা কিছু সংশোধন হওয়া দরকার—যেখানে শুধু টিলারের কথা রয়েছে সেখানে ল্যাণ্ডলেস্ টিলার ও বর্গাদার অথবা পুয়োর কালটিভেটার হওয়া উচিত।

এই সুন্দরবন এলাকার সাড়ে তিন হাজার বর্গমাইল জায়গার উন্নতি হলে, সারা পশ্চিম বাংলার উন্নতি হতে পারে, ফসলের দিক দিয়ে বাংলার খাদ্যসম্পদ বৃদ্ধি পেতে পারতো। কিন্তু দুঃখের কথা সুন্দরবনের অগণিত গরীব চাষী, খেত মজুর ও বর্গাদারদের অভুক্ত রাখলে কি করে

দেশের উৎপাদন বাড়বে। তারা চরম অবস্থায় ও দুঃখের মধ্যে দিন যেমন কাটাচ্ছিল, আজও তেমনি কাটাচ্ছে, কোন রূপান্তর তাদের হয়নি। অবশ্য একথা স্বীকার্য্য—বাঁধ পূর্বের থেকে কি উন্নত ধরণের হয়েছে। এই ২,২০০ মাইল বাঁধের সংস্কার করা আজ একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। নদীর লবণাক্ত জল যাতে ক্ষেতে প্রবেশ করতে না পারে তার জন্য সুন্দরবন এলাকায় এই বাঁধ দরকার। কিন্তু ক্ষেতের মধ্যে বৃষ্টির জল জমলে পর তা বের করে দেবার কোন উপযুক্ত ব্যবস্থা করা হয় নাই। জমিদারদের খালগুলি পূর্বের মত অবস্থায়ই রয়েছে। কোথাও দু-একটা জায়গায় স্লুইস গেট করা হয়েছে। ইউনিয়নবোর্ডে ৫০ টাকা জমা দিয়ে কাটাবার যে ব্যবস্থা আছে তাও সম্ভবপর হচ্ছে না। গত মাঘ মাসে যে বৃষ্টি হয়ে গেল, তাতে সুন্দরবন এলাকায় প্রভূত পরিমাণ ক্ষতি হয়ে গেছে। শস্য আঝাড়া অবস্থায় জল জমে নষ্ট হয়ে গেছে। যদি ঐ সব জায়গায় স্লুইস গেট থাকতো তাহলে আর ঐ গাদা মারা ফসলের এই রকম ক্ষতি হ'ত না। সেচমন্ত্রী মহাশয় বলেছেন সুন্দরবনের জমিতে সেচের ব্যবস্থা করা যায় না; নলকূপেও তা হয় না। এই প্রসঙ্গে আমি বলতে পারি পুষ্করিণী মাঝে মাঝে কাটিয়ে বৃষ্টির জল ধরে সেচের ব্যবস্থা করা যেতে পারে। নদীর খুব সন্নিকটে বাঁধ নির্মাণ করা হচ্ছে। নদী থেকে যথেষ্ট দূরত্ব রেখে বাঁধ বাধা দরকার। তা ওখানে হয় নাই বলে বার বার বাঁধ ভেঙ্গে যায়। আর যারা বাঁধ সংস্কার করে, তারা এত দূরে থাকে যে ত্বরিত গতিতে দ্রুত বাঁধ সংস্কার করতে পারে না। বাঁধকে রক্ষা করতে হলে ধারে ধারে বৃক্ষ উৎপন্ন করা দরকার। নদীর বাহির দিকে আরো বৃক্ষ লাগান প্রয়োজন। তাতে করে নদী বা সমুদ্রের জলোচ্ছ্বাস থেকে বাঁধ রক্ষা পেতে পারবে একথা ঠিক। ঠাকরুন নদী থেকে বুড়িগঙ্গা পর্যন্ত বাঁধ দেবার কথা হয়েছে। তাতে আপাততঃ খরচ বাঁচবে। সুন্দরবন এলাকার খালগুলি না বাঁধার জন্য হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। আর একটানা সমুদ্রের জোয়ার বয়ে আসার ফলে সেখানকার নদী ও খালগুলি মজে যাচ্ছে। এটা দেখার প্রায়োজন আছে।

তারপর কন্ট্রাক্টরদের মধ্যে ও যথেষ্ট দুর্নীতি আছে—যার ফলে উপযুক্তভাবে বাঁধ সংস্কার সম্ভবপর হয় না। সুন্দরবন অঞ্চলের দরিদ্র চাষীদের জন্য কোন বিকল্প শিল্পের ব্যবস্থা করা হয় নাই—যদিও বলা হয়ে থাকে কৃষি উৎপাদনের সাথে সাথে শিল্পের উৎপাদনও দরকার। বন সংরক্ষণের ব্যাপারেও কোন ব্যবস্থা কার্য্যকরীভাবে করা হয় নাই। বিকল্পশিল্প শিক্ষার জন্য, তার development-এর জন্য কোন ব্যবস্থা নাই। দরিদ্র চাষীদের যে নর্মদ অবস্থায় জীবন যাপন করতে হয় সেই দুঃখ দুর্দশা তাদের দূর করতে হলে নিশ্চয়ই এ সম্বন্ধে একটা কমিটি করা দরকার—যাঁরা তাদের জন্য উন্নত ধরণের কৃষি ব্যবস্থা সম্পর্কে শিক্ষা দেবার ব্যবস্থা করবেন। এর জন্য কৃষিবিদ্যালয় স্থাপন করে কৃষকদের বাস্তব কাজের মধ্যে আনার প্রয়োজন আছে।

[5-10—5-20 p.m.]

Shri Haran Chandra Mondal :

সভাপাল মহাশয়, মাননীয় সদস্য শ্রদ্ধেয় হেমন্তবাবুর প্রস্তাব এবং তার উপর মাননীয় সদস্য সুবোধ ব্যানার্জি মহাশয়ের সংশোধনী প্রস্তাব আমি সমর্থন করে, এ সম্বন্ধে সংক্ষেপে কয়েকটি কথা বলবো।

আজকে সরকারী প্রচারপত্র এবং সরকারী দপ্তরের প্রচারপত্র থেকে আমরা দেখতে পাই কৃষকের এবং কৃষির উন্নতির জন্য সরকার অনেক কিছু ব্যবস্থা অবলম্বন করেছেন। কিন্তু কাগজ-পত্রে ছাপিয়ে তাঁরা যতখানি প্রচার করছেন, সেটা বাস্তবক্ষেত্রে দেখা যাচ্ছে না। কৃষির উৎপাদন বাড়াতে গেলে কৃষকের হাতে জমি থাকা দরকার—প্রথম কথা। আজকে দীর্ঘ কয়েক বৎসর

অতীত হয়ে যাচ্ছে, কিন্তু জমি বণ্টন এবং কৃষকের হাতে জমি দেওয়ার কোন বিকল্প ব্যবস্থা নেই। এর ফলে কৃষক জমির উপর থেকে আস্থা হারাচ্ছে, এবং তারা কৃষি উৎপাদন বাড়াতে পারছে না। দ্বিতীয়ত, ফসল বাড়াতে গেলে সময়মত চাষ করা দরকার, এবং তার জন্য ঋণের আবশ্যক, সেই ঋণের টাকা ঠিকভাবে, সময়মত, কৃষকের হাতে পৌঁছানর ব্যবস্থা সরকার থেকে করা হয় না ; কেবলমাত্র কাগজে পত্রে লেখা থাকে ; খুব সামান্য মাত্রঃঋণ দেওয়া হয়। কাজেই কৃষকদের অত্যন্ত চড়া সুদে বেসরকারীভাবে ঋণ গ্রহণ করতে হয়, এবং তাকে সুদসহ আসল দেনা শোধ করতে গিয়ে নিঃশেষ হয়ে যায়। যার জন্য সে সময়মত চাষ করতে পারে না। তারপর বলদ ক্রয়ের জন্য ঋণ দেওয়া দরকার। কিন্তু বাস্তবক্ষেত্রে দেখা যায় একটা ইউনিয়নে হয়ত ছয়, সাত জন লোককে বলদ ক্রয়ের জন্য টাকা দেওয়া হল, কিন্তু সেখানে ৬০।৭০ জন লোকের আংশিক বা সম্পূর্ণ অভাব রয়েছে। সুতরাং যাদের বলদ ক্রয় করতে টাকা দেওয়া হল না, তারা বলদ ক্রয় করতে পারে না এবং তার ফলে চাষও সময় মত হয় না।

আমি আর একটা বিষয় সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—সেটা হল সুন্দরবন অঞ্চলে জল নিকাশের ব্যবস্থা। সুন্দরবন অঞ্চলের বহু যায়গায় স্লুইস গেট নির্মাণ করা হয়নি, এবং আরও দেখা যায় ড্রেনেজ স্কীম বা ড্রেন সংস্কার বহু জায়গায় এমন ভাবে হচ্ছে, যার ফলে জল প্রবেশ ও নিকাশ ঠিকভাবে হতে পারছে না, ফলে ফসল উৎপন্ন হচ্ছে না।

আষাঢ় মাসের দিকে যখন টেষ্ট রিলিফের প্রয়োজন সেই সময় কৃষকদের টেষ্ট রিলিফের টাকা দেওয়া হয় না। টেষ্ট রিলিফের স্কীম পাশ করছেন, কিন্তু যখন বর্ষার জলে নদী, নালা ভরে যায়, যে সময় কৃষকদের অর্থের প্রয়োজন, সেই সময় তাদের কাছে ঐ টেষ্ট রিলিফের টাকা গিয়ে পৌঁছায় না। এবং সেই টাকা অপব্যবহার হয়, তার বহু অংশ রিলিফ বিতরণ কর্মচারীদের পকেটস্থ হয় এবং উপর তলায়ও তার কিছু কিছু যায়। এই হল ড্রেনেজ সংস্কারের অবস্থা। আজকে বুড়িগঙ্গা থেকে ঠাকুরানী নদী পর্যন্ত একটা বাঁধ তৈরীর চেষ্টা হচ্ছে, অজয়বাবু বলেছেন। আমি এ কথা শুনে অত্যন্ত সুখী হলাম। বসন্ত ইউনিয়নে নারায়ণহরি খাল এবং গোসবা ইউনিয়নে বনতলা খাল, এই দুটি খাল বাঁধা যেতে পারে। অজয়বাবু ৫০ হাজার টাকা খরচ করে একটা বাঁধ করছেন। কিন্তু এখানে যদি এই দুটা খালের জল ঠিকভাবে বেঁধে দেওয়া যায়, তাহলে ঐ অঞ্চলে বহু পরিমাণ জমি চাষোপযোগী হতে পারে। কিন্তু সে দিকে সরকারের বাস্তব দৃষ্টিভঙ্গী নেই। তাঁর ডিপার্টমেণ্টের যে সমস্ত লোক আছেন, তারা যে সমস্ত রিপোর্ট দেন, সরকারের গুণগান করেন সেইটাই সরকার ছাপিয়ে লোকের কাছে দেন। অর্থাৎ তাদের শুধু রিপোর্ট দেওয়া এবং একটা স্তোকবাক্য ছাড়া আর কিছু হয় না। আজকে এসেম্বলী হাউসে বক্তৃতা করতে উঠে কেবল প্রতিদ্বন্দ্বিতামূলক বক্তৃতা করলে কোন ফল হবে না। যদি সুন্দরবনের বাস্তব অবস্থার উন্নতি করতে হয়, তাহলে যাঁরা এখানে আছেন, তাঁরা একবার স্বচক্ষে গিয়ে এই সমস্ত জিনিস দেখে আসুন, এবং তা দেখে ঠিক করুন কিভাবে সুন্দরবনের উন্নতি করা যায়, এবং যে ভাবে কাজ করলে কৃষকদের বাঁচান যায় তার ব্যবস্থা করুন।

The Hon'ble Tarun Kanti Ghosh :

আজকে এখানে সুন্দরবন সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সে সম্বন্ধে আমি এটুকুই বলতে চাই—প্রস্তাবে যে সমস্ত কাজকর্ম সম্বন্ধে বলা হয়েছে সরকার সে সম্বন্ধে অবহিত রয়েছেন। আমি এই বেসরকারী প্রস্তাব নীতিগতভাবে সমর্থন করে থাকি। সুন্দরবন অঞ্চল সম্পর্কে যে সমস্ত suggestion করেছেন সে সম্পর্কে বলবার আগে আমি এটুকু বলতে চাই সুন্দরবন সম্বন্ধে কিছুই করিনি বা করবোনা এটা ঠিক নয়। সুন্দরবনে আমরা ৪টা Development Block করেছি already, সামনের দুই আড়াই বছরে আরও ৯টি সুন্দরবন এলাকায় Community

Development Project করতে যাচ্ছি। এ পর্যন্ত প্রথম জমি পরিকল্পনায় ৫ লক্ষ টাকা ব্যয় করে ৭০ মাইল রাস্তা করেছি, ২০ লক্ষ টাকা ব্যয় করে ৫৩১টি পানীয় জলের tube-well করেছি, তার মধ্যে provision for plant protection-এ ৬½ লক্ষ টাকা, Canning-এ seed firm-এর জন্য ৯ লক্ষ টাকা, mobile veterinary dispensary-র জন্য ১ লক্ষ ৩৩ হাজার টাকা, health and sanitation-এর জন্য ১২ লক্ষ ২৫ হাজার টাকা, mobile health unit-এর জন্য ১ লক্ষ ৭৫ হাজার টাকা, tube-well-এর জন্য ৩১ লক্ষ টাকা, primary education-এর improvement-এর জন্য ৩ লক্ষ টাকা, রাস্তার জন্য ১ লক্ষ ৫০ হাজার টাকা, timber bridge ছোটখাট রাস্তা করার জন্য ৩ লক্ষ টাকা; সব মিলিয়ে ১ কোটি ৩ লক্ষ টাকা ব্যয় করেছি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সমস্ত স্কীম ধরে রেখেছি, তাতে land development, fishery, forest, irrigation ইত্যাদিতে—তাড়াতাড়ির মধ্যে খোঁজ করে যা পেয়েছি তাতে ৫১ লক্ষ টাকার মত খরচ করা হবে এবং আরও ৭৬ লক্ষ টাকা ধরা হয়েছে যা দ্বারা in part land development, fishery, forest, irrigation, drinking water, roads, education, ইত্যাদির ব্যবস্থা করবে। আমি আরও বলতে চাই ১৯৫৯ সালে যে বন্যা হয়েছিল তখন সুন্দরবনের কয়েকটি জায়গায় আসার সৌভাগ্য আমার হয়েছিল. কারণ তখন half of 24 Parganas-এর ভার আমার উপর ছিল। আমি যখন সেখানে যাই তখন বন্ধু হেমন্তবাবু এবং কংগ্রেসের দীনবন্ধুবাবু ছিলেন—কয়েকটি জায়গা দেখে যা বুঝলাম তাতে পরিষ্কার প্রমাণ হয় যে সুন্দরবনে আমাদের অনেক কিছু করার আছে সে বিষয়ে সন্দেহ নাই। অজয়বাবু বলে গিয়েছেন, সেখানে irrigation করতে হলে সামান্য পানীয় জলের tube-well-এর ব্যবস্থা করতে হাজার ফুট নীচে যেতে হয় এবং ৩০০।৪০০ ফুট tube-well করতে যে খরচ পড়ে সেটা হল ৭৫ হাজার থেকে ১ লক্ষ টাকা। আর হাজার ফুট বসালে ৩।৪ লক্ষ টাকা একটা টিউবওয়েল করতেই খরচা পড়ে যাবে। এই যে rate এটা কৃষকদের পক্ষে দেওয়া সম্ভব হবে কিনা বিচার করে দেখবেন। সুন্দরবন এলাকায় প্রকৃত বন্দোবস্ত করতে পারলে ভাল চাষ হতে পারে সে বিষয়ে সন্দেহ নাই। এখানে যে সমস্ত প্রস্তাব করা হয়েছে তার মধ্যে লেখা রয়েছে মৌজা কমিটি মারফৎ যেন distribution of agricultural loan fertilizer করে থাকি। আমাদের যে নীতি তাতে বিভিন্ন জায়গায় কৃষকদের co-operative করে নিয়ে service co-operative মারফৎ cattle purchase loan ইত্যাদি সমস্ত কিছু chanalise করার চেষ্টা করবো।

[5-20—5-45 p.m.]

যাতে করে কৃষকরা নিজেরা নিজেদের জিনিস করতে পারে। এবং এই যে Service co-operative হবে, তার through দিয়েই marketing করতে হবে। এবং আমাদের কৃষি-বিভাগেও একটা organisation রয়েছে তারাও এদের সাহায্য করতে পারে। শুধু Service co-operative নয়, যেখানে যেখানে পঞ্চায়েৎ হয়ে যাবে, আমরা সেখানে এই পঞ্চায়েতের সাহায্য এই রকম ভাবে গ্রহণ করতে পারবো। আর একটা জিনিস এখানে লেখা আছে যে honey সম্বন্ধে protection দেওয়া, অবশ্য আমি ৪ঠা থেকে ৮ই তারিখ পর্য্যন্ত, যখন এখানে Governor's debate হচ্ছিল, voting ছিলনা, তখন সুন্দরবনে ঘুরতে গিয়েছিলাম তখন একটা জিনিস জেনেছিলাম, সেখানে cottage industry-র ব্যাপারে। আমি cottage industry-র Secretary-কে phone করেছিলাম এবং জেনেছিলাম যে সেখানে ছোট খাট industry ধানকল, চালকল, fishery co-operative করা যেতে পারে, সে বিষয়ে সন্দেহ নেই, কিন্তু honey সম্বন্ধে protection-এর কথা যা লিখেছেন সে সম্বন্ধে কতটা কি করা যাবে তা বলা যায় না। কারণ

The motion of Shri Subodh Banerjee that in clause 35(2), line 1, for the words "Notwithstanding anything contained in" the words "In particular and without prejudice to the generality of the privileges conferred by" be substituted, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Anath Bandhu Ray that in clause 35,—

(1) sub-clause (1) be omitted ;

(2) in sub-clause (2), for the words "Notwithstanding anything contained in sub-section (1), a registered" the words "A registered" be substituted, was then put and agreed to.

The question that clause 35, as amended, do stand part or the Bill was then put and agreed to.

Clauses 36, 37, 38, 39, 40, 41, 42, & 43

The question that clauses 36, 37, 38, 39, 40, 41, 42 and 43 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

Enacting formula

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, I move that in the enacting formula, for the words "Eleventh Year" the words "Twelfth Year" be substituted.

The motion was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, I beg to move that the Paschim Banga Ayurvedic System of Medicine Bill, 1961, as settled in the Assembly, be passed.

Shri Bankim Mukherjee :

স্পীকার মহাশয়, আপনি বোধহয় অনুভব করেছেন বিজিনেস কমিটি খুব বাস্তব পথ নেননি; সেটা আজকের অভিজ্ঞতা থেকে বোঝা গেছে। ঐ রকম চার ঘণ্টায় হয় না। এখনো বহু amendment move করতে বাকী আছে। অথচ ইতিমধ্যে চার ঘণ্টা পেরিয়ে গেছে।

Mr. Speaker : I will just draw your attention to the fact that some honourable members took a little more time.

Shri Bankim Mukherjee :

সেটাই স্বাভাবিক। কাজেই আমার বক্তব্য হাউসের বিজিনেস্ কমিটী—এটা প্রথমবার দেখা গেল—নিয়মমত করতে পারেননি। আপনি যদি আর একটু লিবারেল হতেন বা amendment-এর সংখ্যা দেখে চার ঘণ্টা পেরুবার আগে ওয়ার্নিং দিতেন তাহলে ভাল হতো।

Mr. Speaker : I have extended time for 15 minutes.

Shri Bankim Mukerjee :

আমিও তাই বলছি রুল অবজার্ভ কেউ করতে পারেননি। আর যদি থ্রি-কোয়ার্টার এক্সটেণ্ড করতেন তাহলে কোন অসন্তোষ থাকতো না। আপনি এখন আমাদের যে অনুরোধ করছেন, আপনাকে ওবলাইজ করতে পারছি না। আর একটুও বেশী বসতে পারবো না আমরা।

Mr. Speaker : I was not serious when I said—
"একটু বেশী সময় বসুন।"

Adjournment

The House was then adjourned at 6-58 p.m. till 3 p.m. on Friday, the 24th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday the 24th February, 1961 at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 13 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 190 Members.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid)

[3—3-10. p.m.]

Health Centres in Rangli-Rangliwat police-station of Darjeeling district

9. (Admitted question No. 44.) **Shri BHADRA BAHADUR HAMAL:** Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) দার্জিলিং জেলায় রংলী-রংলীঃট থানার অন্তর্গত তকলিং বস্তীতে স্বাস্থ্যকেন্দ্র আছে কিনা ; এবং

(খ) যদি (ক)-এর উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রীমহাশয় জানাইবেন কি এই স্বাস্থ্যকেন্দ্রে—

(১) কতজন ডাক্তার, নার্স ও ধাত্রী আছেন,

(২) কয়টি বেড আছে,

(৩) কতগুলি মাতৃমঙ্গল বেড আছে, এবং

(৪) রুগীদের ডায়েটের জন্য দৈনিক কত ব্যয় করা হয় ?

The Minister for Health (The Hon'ble Dr. ANATH BANDHU ROY):

(ক) হ্যাঁ।

(খ) (১) একজন ডাক্তার এবং একজন ধাত্রী আছেন।

(২) এবং (৩) জরুরী প্রয়োজনের জন্য দুইটি ডায়েটবিহীন মাতৃমঙ্গল বেড আছে।

(৪) প্রশ্ন উঠে না।

Agricultural loan on Individual Bond in Moina police-station, Midnapore

10. (Admitted question No. 47.) **Shri ANANGA MOHAN DAS:** Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state—

(ক) বিগত ১৯৫৮ সালে মেদিনীপুর জেলায় ময়না থানাতে বন্যা হওয়ায় উক্ত বৎসরে ও ১৯৫৯ সালে Individual Bond-এর উপর কত টাকার Agricultural loan দেওয়া হয় ;

(খ) তন্মধ্যে কত টাকা আদায় হইয়াছে ; এবং

(গ) কত জমির বন্যাধিকারীকে উক্ত প্রকার লোন দেওয়া হয় ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble PRAFULLA CHANDRA SEN):

(ক) ১৯৫৮ সালে কিছু দেওয়া হয় নাই তবে ১৯৫৯ সালে ১,৩৪,৫০০ টাকা দেওয়া হইয়াছে।

(খ) আসলের ৩৩,২৪৬ টাকা ও সুদ বাবদ ২,৯১৭ টাকা।

(গ) যে পরিমাণ জমি দেয় ঋণ আদায়ের পক্ষে উপযুক্ত জামীন বলিয়া ঋণমঞ্জুরকারী কর্তৃ কর্তৃক বিবেচিত হয়, সেই পরিমাণ জমির স্বত্বাধিকারীকে উক্ত প্রকারের ঋণ দেওয়া হয়।

Rehabilitation of Refugees at Garbeta police-station

11. (Admitted question No. 60.) **Shri SAROJ ROY**: Will the Hon'b Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleas to state—

মেদিনীপুর জেলায় গড়বেতা থানা এলাকার মধ্যে কেশিয়া, ঢেঙ্গাদহ, ঝলঝলী, আমশো প্রভৃতি স্থানে বাস্তুহারাদের পুনর্বসতির যে ব্যবস্থা করা হইয়াছে, সেই অনুযায়ী বর্তমা সময় পর্যন্ত কতগুলি উদ্বাস্তু পরিবারকে পুনর্বসতি দেওয়া হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'bl PRAFULLA CHANDRA SEN):

এখন পর্যন্ত ৪৭৪-টি পরিবারকে পুনর্বসতি দেওয়া হইয়াছে।

Spraying of D. D. T. as anti-mosquito measures

12. (Admitted question No. 74.) **Shri ANANGA MOHAN DAS**: Wil the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ম্যালেরিয়া প্রতিষেধ ব্যবস্থা হিসাবে যে পরিমাণ ডি ডি টি ছিটান হয়, তাহাতে মশা প্রকোপ কি পরিমাণে কমিয়াছে, সরকার কি তাহার কোন হিসাব রাখেন; এবং

(খ) অধিক পরিমাণে ডি ডি টি এবং অধিকতর দ্রুতক্রমে ডি ডি টি ছিটানোর কথা সরকা বিবেচনা করেন কিনা?

The Minister for Health (The Hon'ble Dr. ANATH BANDHU ROY):

(ক) হ্যাঁ।

(খ) না।

State recognition of Homoeopathy

13. (Admitted question No. 75.) **Shri ANANGA MOHAN DAS**: Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

সরকারের তরফ হইতে হোমিওপ্যাথী চিকিৎসা পদ্ধতিকে State recognition দেওয়ার সঙ্কল্প ঘোষণা সত্ত্বেও এখনও পর্যন্ত এতৎসম্পর্কে কোন Bill আনা হইতেছে না কেন?

The Minister for Health (The Hon'ble Dr. ANATH BANDHU ROY):

এতদ্ সম্পর্কে একটি Bill প্রণয়নের বিষয় সরকারের বিবেচনাধীন আছে।

Police firing at Sonadanga, police-station Manteshwar

14. (Admitted question No. 83.) **Shri BENOY KRISHNA CHOWDHURY**: Will the Hon'ble Minister in charge of the Home (Police) Department be pleased to state whether the Government are aware that police opened fire on the villagers of Sonadanga, police-station Manteshwar, district Burdwan, on the 19th January, 1961, causing death to four persons on the spot and wounding two?

The Minister for Home (Police) (The Hon'ble KALI PADA MOOKERJEE): Yes. Four persons were killed and three others received minor injuries.

General Discussion of the Budget for 1961-62.

Mr. Speaker : Sri Jyoti Basu will initiate the discussion. Yes, Mr. Basu.

Sri Jyoti Basu :

মাননীয় স্পীকার মহাশয়, বাজেটের উপর বলতে গিয়ে আমার একথা মনে হচ্ছিল যে, দুর্ভাগ্য-বশতঃ কয়েক বছর ধরে লক্ষ্য করছি যে, যেধরণে বাজেট এখানে পেশ করা হয় এবং তার উপর যে ধরণের বক্তৃতা মন্ত্রীদের তরফ থেকে ওরা দেন, আমাদের পক্ষেও প্রায় বরাবর একই ধরণের কথা বলে যেতে হয়। কারণ এটা লক্ষ্য করছি যে সব কথা আমরা বলি তার যে বিশেষ কোন মূল্য ওরা দেন তা মনে হয় না। ওরা যেটা বলেন সেটা হল গঠনমূলক কথা 'আপনারা বলুন।' অনেক গঠনমূলক কথা তো আমরা বলি, দেখেছি, পরবর্তীকালে যখন বাজেট পেশ হয়, ওরা পুরানো মনোভাব নিয়েই চলেছেন, কোন যে একটা অদল বদল করেছেন তা মনে হয় না। এখন বহু পরিসংখ্যান দিয়ে আমার বক্তব্যকে ভারাক্রান্ত করে আপনার ধৈর্যচ্যুতি ঘটাতে চাই না। এখন আমি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বাজেট সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে এটাই দেখছি এবারকার বাজেটে—আর একবার কয়েক বছর আগে এরকম করা হয়েছিল—কয়েক পাতা ধরে ৭।৮ পাতা ধরে অর্থমন্ত্রী মহাশয় বিভিন্ন রকম আলোচনার অবতারণা করেছেন যাতে বলেছেন কি করে কেন্দ্র থেকে আমরা বেশী টাকা পেতে পারি এবং কি করে আরও বেশী টাকা আমরা তুলতে পারি। এ বিষয়ে কিছুটা উনি বলবার চেষ্টা করেছেন এবং finance commission সম্বন্ধে আলোচনা করতে গিয়ে এসব উনি বলেছেন এবং finance commission-এর কাছে তিনি কতকগুলো সুপারিশও করেছেন। এই ব্যাপারে আমার নিজের যে অভিমত সেটা আমি আপনার কাছে রাখছি। আমার মনে হচ্ছে কতকগুলো ভাল কথা যা সমর্থনযোগ্য এখানে আছে যেমন ধরুন সাধারণভাবে বলতে গেলে বাংলাদেশের প্রতি অবিচার করা হচ্ছে, এর আগেও এটা বলেছি। কিন্তু মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী যেভাবে এটা বলেন আমি তার সঙ্গে একমত হতে পারিনি এবং তিনি আলোচনা করতে গিয়ে এটা বলেছেন যে এইযে মাথা পিছু বরাদ্দ বা বণ্টন করা রাজস্ব এটা তিনি পছন্দ করেন না। তিনি বলেছেন যে আমরা যে tax এখানে তুলি, যে কর আদায় করি সেটার দিকে লক্ষ্য রাখতে হবে যখন এই tax ধরা হবে কেন্দ্র এবং রাজ্যগুলিতে।

এইরকমভাবে কতকগুলি কথা তিনি বলেছেন এখানে সেটা আংশিকভাবে সত্য বলে আমি মনে করি। কিন্তু তিনি একটা গুরুত্বপূর্ণ নীতির কথা বলেছেন সেটার সঙ্গে আমি একমত হতে পারি না। সেটা হচ্ছে এই, একটা নীতির কথা আলোচনা করতে গিয়ে তিনি বলেছেন, অনগ্রসর আর অগ্রসর রাজ্যের মধ্যে এই যে একটা তফাত করা হয়, অর্থাৎ planning commission এবং কেন্দ্রীয় সরকার যে কথা বলেছেন যে, আমরা যখন টাকা বণ্টন করবো তখন এটা মনে রাখতে হবে অনগ্রসর এলাকা যেটা সেটা অগ্রসর এলাকা থেকে তাদের প্রাপ্য টাকা বেশী হবে, কিন্তু এটা আমাদের অর্থমন্ত্রীমহাশয় মানেন না। তিনি মন্তব্য করেছেন, এটা ঠিক নয়। তিনি কারণ দেখাবার চেষ্টা করেছেন industrially advanced যেসব এলাকা, যেমন পশ্চিম বঙ্গ, industrially advanced হবার দরুণ এখানে অনেকগুলি কর্তব্য তার সঙ্গে জড়িত হয় এবং সেই কাজগুলি রাজ্যসরকারের হাতে এসে পড়ে সেটাও বিবেচনা করতে হবে। এইভাবে তিনি দেখাবার চেষ্টা করেছেন যে সমস্ত ভারতবর্ষ এতে লাভবান হবে যদি অগ্রসর দেশগুলিকে এইভাবে বেশী সাহায্য দেওয়া হয়। এটা আমি মানতে

পারি না। আমার মনে হয় নীতি যা আছে সেটা ঠিক। এটা ভেবে দেখতে হবে যদি এটা হয় অনগ্রসর দেশ অগ্রসর দেশের তুলনায় এইরকমভাবে বেড়ে যায় তাহলে ভারতবর্ষ একটা দেশ, তার একটা অংশ যদি অনগ্রসর হয়ে পড়ে তাহলে তার চাপে আমাদের উপরেও পড়বে, আমরা এগিয়ে যাবো, তারা পিছিয়ে থাকবে, তাহলে ভারতের সংহতি এবং অগ্রগতি কিভাবে ঘটাতে পারবেন। সেইজন্য আমি মনে করি এটা ঠিক নয়। এবং তাহলে এটাও হবে অন্য রাজ্যে যারা আছে তারা হয়ত বলবে যে, যেখানে জনসংখ্যা বেশী সেই জনসংখ্যা অনুযায়ী আমাদের টাকা দিতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী, যেহেতু পশ্চিমবঙ্গ অগ্রসর অন্য জায়গাগুলি থেকে, এক যদে ছাড়া, এরা একরকম কথা বলবে তারা আর এক রকম কথা বলবে এইরকমভাবে যদি টানা হ্যাচড়া চলতে থাকে তাহলে আমাদের দেশ কোথায় গিয়ে দাঁড়াবে। ভারতবর্ষের সংহতি, জাতির অগ্রগতি ব্যাহত হবে যদি আমরা এই দৃষ্টিভঙ্গী নিই। আর একটা কথা বলেছেন, আমাদের এখানে অনেক শিল্প আছে সেখানে আমাদের রাজ্য সরকারের অধিকার নেই তাদের উপর কর বসানর বা সেই সমস্ত থেকে টাকা সংগ্রহ করার। সেগুলি কেন্দ্রের হাতে আছে। সেগুলি আমাদের দেওয়া যায় কিনা সেটা নিশ্চয়ই দেখবার প্রয়োজন আছে এবং এবিষয়ে তাঁর সঙ্গে আমি একমত। আমি মনে করি কেন্দ্রের কতকগুলি কাজ আছে সেগুলি কেন্দ্রই করবে যেমন দেশরক্ষা ইত্যাদি, এইগুলি বাদে তারা অনগ্রসর রাজ্যগুলিকে সাহায্য করছেন। কিন্তু এই কাজগুলি বাদ দিয়ে বাকী টাকা তারা রাজ্যের মধ্যে বণ্টন করছেন কৃষি ব্যাপারে, শিক্ষার ক্ষেত্রে—এইরকম কতকগুলি ব্যাপারে। কিন্তু তারা কেন এই কাজগুলি কেন্দ্র থেকে বিভিন্ন রাজ্যে পরিচালনা করবেন? কেন্দ্রের অর্থমন্ত্রী বিভিন্ন রাজ্যের মধ্যে টাকাটা বণ্টন করে দেবেন। তাদের কি কাজ শিক্ষা ক্ষেত্রে, কৃষি ক্ষেত্রে, অন্যান্য ক্ষেত্রে, social services-এ সেটা রাজ্য সরকার ঠিক করবেন যাতে এগুলিকে কার্যকরী করতে পারেন এ বিষয়ে আমি তাঁর সঙ্গে একমত। কিন্তু তিনি একটা খুব dangerous কথা বলছেন, সেটা হচ্ছে, normal economic forces should be allowed free play to determine growth of industries, এটা পুরানো কালের ছিল যে normal economic forces অর্থাৎ যেখানে কয়লা আছে সেখানেই শিল্প হবে, তার কাছাকাছি ইস্পাত শিল্প হবে এইসব এর মধ্যে আছে এটা ঠিক কিন্তু planned economy যেখানে হবে সেখানে এইভাবে হয় না। তাহলে বাংলাদেশের বেলায় এই কথা বলবো যেটা normal economic forces এলাকা নয় সেখানে শিল্প গড়ে উঠবে কি করে? তাহলে উত্তর বাংলার কি হবে? আমরা সব জায়গাকে যদি অগ্রসর করতে না পারি, ছোট ছোট শিল্প গড়ে তুলতে না পারি তাহলে আমরা সামগ্রিকভাবে বাংলাদেশকে অগ্রসর করে নিয়ে যেতে পারবো না।

[3-10—3-20 p.m.]

তেমনি ভারতবর্ষের ক্ষেত্রেও এই কথা প্রযোজ্য। আমাদের সমস্ত জায়গায়ই কিছুটা artificial দেখা যায়, কিন্তু আজকালকার যুগে এই artificial কোন জিনিস আছে কিনা জানিনা। সোবিয়েৎ য়ুনিয়নের কথা আমরা জানি তাঁরা স্বাধীনতা পাবার পর, তাঁদের বিপ্লব হবার পর এটা তাঁদের লক্ষ্য ছিল যাতে অনগ্রসর Central Asian Republic এবং বহু জায়গা অগ্রসর জায়গাগুলির সাথে ধরে ফেলতে পারে, সেখানে যাতে বেকার সমস্যা না থাকে, সেখানে যাতে শিল্পোন্নতি হয়—এভাবেই তাঁরা প্রচেষ্টা করেছিলেন। আমাদের এখানেও সেটা প্রয়োজন বলে মনে করি। দ্বিতীয় কথা, তিনি এসব কথা বলছেন কেন? আরেকবার তিনি বলেছিলেন একথা বাংলা দেশের লোককে, নির্বাচন এগিয়ে আসছে বলেই বলুন আর তাঁদের মধ্যে প্রভাব রাখবার জন্যই বলুন, তিনি এসব কথা বলেছেন—তিনি বলেছেন এই বক্তৃতার মধ্যে যেখানে

আপনারা দেখতে পাবেন Planning Commission রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে যদি বুঝাপড়া না থাকে তাহলে পরিকল্পনা সার্থক হতে পারে না—একথা তিনি বলেছেন। খুব সঠিক কথা। কিন্তু এত বড় একটা অভিযোগ কেন্দ্রের বিরুদ্ধে, Planning Commission-এর বিরুদ্ধে তিনি করছেন—এবং এই অভিযোগ serious এবং এই অভিযোগ সম্বন্ধে যদি তিনি সত্যই serious হতেন তাহলে এই Assembly প্রায় বন্ধ হতে চলেছে—আজকেও এসব কথা না বলে বাংলাদেশের জনসাধারণকে তিনি তাঁর দিকে টেনে নিতেন, আমাদেরও confidence নিতেন—mutual trust and confidence-এর প্রয়োজন ছিল—এবং তাহলে শুধু একটা চিঠি লিখে বসে থাকতেন না এবং একথা বলতেন না তার উত্তর পাচ্ছেন না। একথা তিনি আমাদের বলেন নি আসুন, আমরা এই অধিবেশনে একটা প্রস্তাব গ্রহণ করি এবং শুধু প্রস্তাব গ্রহণ করলেই হবে না আমরা বাইরে যদি না যাই। তা থেকেই মনে হয় এগুলি খুব serious নয়। শুধুমাত্র লোকে বলবে বাংলাদেশে একজন মুখ্যমন্ত্রী আছেন। কিন্তু এভাবে আমরা অগ্রসর হতে পারি না। তারপর আমার দ্বিতীয় কথা,—এই বক্তৃতা পড়তে গিয়ে এবং এই আলোচনায় যোগদান করতে গিয়ে, আমার মনে হল, যে টাকাটা আছে, যে রাজস্ব এখন আদায় হয়ে কেন্দ্রের কাছে জমা হয় শুধু তার উপর ভিত্তি করে এসব বণ্টনের কথা কেন তিনি বলছেন—একথা তিনি একবারও বলছেন না—অন্য কোন মুখ্যমন্ত্রীও একথা বলছেন না কি করে রাজস্ব বাড়ান যায়—যেমন ধরুন, Prof. Kaldor যা বলেছিলেন ২০০।৩০০ কোটি টাকা প্রতিবৎসর ট্যাক্স ফাঁকি দিচ্ছে বিশেষ করে বড়লোকের দল। মুখ্যমন্ত্রী একথা বলছেন না সেই টাকা, ফাঁকি-দেওয়া টাকা, চুরি করা টাকা কি করে আদায় করা যায়—তিনি একথা বলছেন না। এই ব্যবস্থা হলে পর পশ্চিম বাংলার অনেক সাহায্য হতে পারে। তিনি একথা বলছেন না দুর্নীতি বন্ধ করে, টাকা নষ্ট হওয়া বন্ধ করে, বিভিন্ন বড় মাঝারী ছোট কাজ যা contract দেওয়া হচ্ছে সেই সমস্ত কাজের contract-এর মারফৎ জনসাধারণকে যদি আমরা আমাদের দিকে টেনে নিতাম এবং তাদের বিশ্বাস আমরা অর্জন করতে পারতাম তাহলে এখান থেকেও প্রচুর টাকা বাঁচাতে পারতাম। Contractorরা যে টাকা খরচ করে তার অনেক কম খরচে, অর্ধেক খরচে এই পরিকল্পনা সার্থক হত গ্রামে এবং সহরে। তিনি একথা বলছেন না যে আরো শিল্পকে জাতীয়করণ করা হোক, বিশেষ করে যাঁরা বিদেশী ব্যবসায়ী আছেন, যেমন ধরুন, ইংরাজ, এখনো চায়ের ব্যবসার কথা যদি বলেন, শতকরা ৯৫ ভাগ তাঁদেরই—এগুলি যদি আমরা জাতীয়করণ করি তাহলে আমাদের দেশেই টাকা থাকে। বিদেশে বেরিয়ে যায় না—তাহলে আমরা অর্থও সংগ্রহ করতে পারি। একথা তিনি বলছেন না state sector-এ রাষ্ট্রায়ত্ত শিল্পকে শক্তিশালী করার জন্য বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়া হোক, commanding position-এ রাষ্ট্রায়ত্ত শিল্প হতে পারে। তাতে যে লাভ আসবে সেই লাভ দিয়ে আমরা গঠনমূলক কাজ করতে পারি। তিনি একথাও বলছেন না—যেটা তাঁর বলা উচিত যে, শুধু বিভিন্ন রকম কাজ করার উপর নির্ভর না করে রাষ্ট্রায়ত্ত শিল্প থেকে আমাদের যা লাভ হবে, যেমন railway প্রভৃতি, এগুলি যদি আরো রাষ্ট্রের হাতে থাকত—সেই লাভ নিয়ে আমরা আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক করতে পারতাম। এবং বিহার, উত্তর প্রদেশ, কেরল প্রভৃতি দেশে ছড়িয়ে দিতে পারতাম—তিনি বলছেন না এগুলি করা হোক। গঠনমূলক কাজের কথা বলতে গিয়ে আমরা ৫।৬।৭ দফার কথা বলেছিলাম কি করে পশ্চিম বাংলায় শতকরা ২৫ টাকা বাঁচান যায় যে টাকা নষ্ট হয়—বিশেষ করে শিল্প-ব্যবসা-বাণিজ্য contract ইত্যাদি সমস্ত কিছু থেকেই শতকরা ২৫ ভাগ বাঁচতে পারে গঠনমূলক কাজের জন্য। কিন্তু সেই কথা তিনি একবারও কেন্দ্রকে বলেন নি। মুখ্যমন্ত্রী যেন মনে রাখেন, তিনি যেন ভুলে না যান যে বড় বড় বুর্জি দিতে পারেন এমন আরো influential লোক অন্য রাজ্যে আছেন। কাজেই এভাবে টাকা আদায় করা যায় না। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, তিনি অনেক পাতা ধরে আলোচনা করেছেন বলেই এবিষয়ে আমরা আমাদের মতটা বললাম। যে

কোন বাজেট তৈরী করার আগে, যে কোন পরিকল্পনা তৈরী করার আগে আমাদের বুঝতে হবে জনসাধারণের অবস্থা এবং আমাদের অর্থনৈতিক অবস্থাটা কি। এটা যদি আমরা না বুঝি তাহলে মুস্কিল হবে—ফলে কোথায় কত টাকা খরচ করব, আমাদের লক্ষ্য কি সমস্তই গুলিয়ে যাবে এবং অস্পষ্ট হয়ে যাবে। এই বিষয়ে আমরা সরকারপক্ষের সঙ্গে একমত হতে পারছি না। সরকারপক্ষে কিছু কিছু লোক আছেন, কোন কোন minister আছেন যাঁরা মাঝে মাঝে বাস্তব দেখবার চেষ্টা করেন, কিন্তু তারপরেই তাঁরা মনে করেন election-এর কথা, আমরা যদি এসব কথা বলতে আরম্ভ করি তাহলে আমাদের মুস্কিল হয়ে যাবে—election তাঁদের কাছে মানুষ থেকে, সব থেকে বড়, সুতরাং বাস্তবকে ঢেকে দিতে হবে। আমাদের অর্থমন্ত্রী বলছেন all that we can claim is that we have made a good beginning and in doing so we have tried our best to look to the interests of the less privileged section of the commun ty.

এই হচ্ছে তাঁর সিদ্ধান্ত। তিনি সমস্ত লোকের অর্থনৈতিক অবস্থা বিচার করে একথা বলছেন। তারপর তিনি নিজেই পরিসংখ্যান দিচ্ছেন নিজেদের অবস্থা সম্বন্ধে। শ্রমিকদের কথা বলতে গিয়ে তিনি বলছেন ১৯৫১-৫৮ সালের মধ্যে increase in earnings of factory workers practically covers the increase in the cost of living.

তাহলে কিছুই হল না, তাদের ক্রয় ক্ষমতা বাড়ল না। জিনিসপত্রের দাম বাড়ছে, যেটুকু মাইনে বাড়ল সব ধুয়ে মুছে গেল। তাহলে কোথায় নিয়ে গেলেন শ্রমিকদের? কিছুই হল না। আমি এর সঙ্গে যোগ করতে চাই কৃষকদের কথা—ধরুন, ধনী কৃষকদের একটা অংশ, মুষ্টিমেয় একটা অংশ কোথাও কোথাও লাভবান হয়েছে ভারতবর্ষব্যাপী ধরতে গেলে, কিন্তু বাকী কৃষক ক্ষেত মজুর অবধি—তাদের ক্রয় ক্ষমতা বাড়ে নি, তাদের কোন লাভ হয় নি। আপনি জানেন, স্পীকার মহাশয়, Agricultural Labour Report—নতুন যেটা, তাতে তাঁরা বলেছেন তাদের অবস্থা খারাপ হয়েছে, তাদের ঋণ হয়ে গিয়েছে—এসমস্ত তাঁরা অঙ্ক কষে দেখিয়েছেন।

[3-20—3-30. p.m.]

এই এগ্রিকালচারাল লেবারের সংখ্যাতো কম নয়—প্রায় শতকরা ৩০ ভাগ হচ্ছে এই শ্রেণী। এদের যদি এই অবস্থা হয় তাহলে দেশের উন্নতি কোথায় বল? এরা লেস প্রিভিলেজড্ ক্লাস। মুখ্যমন্ত্রী কনক্লুসান করে গেলেন যে এই লেস প্রিভিলেজড্ ক্লাসের দিকে আমরা দৃষ্টি রাখছি। কিন্তু শ্রমিক, কৃষক, খেতমজুরদের, মধ্যবিত্তদের কিছুই হল না এবং যা কিছু হল তা ঐ আপার মিডল ক্লাস-এর। অর্থাৎ যারা কণ্ট্রাকটারী করে, বড় বড় চাকুরী করে তাদেরই সব হচ্ছে, আর মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর ক্রয় ক্ষমতা দিন দিন কমে যাচ্ছে। দেশী বিদেশী মানুষ তাঁরা কনট্রাকটারী করে লাভবান হচ্ছে এটা পরিসংখ্যান থেকেই দেখা যাচ্ছে। কিন্তু অর্থনীতি গড়ে তোলার কাজে যখন ত্যাগ স্বীকার করিতে বলা হয় তখনই সে সব কথা গরীব, মধ্যবিত্তদের বলা হয়—উপরের দিকে বলা হয় না। এটা আমার কথা নয়, পণ্ডিত নেহেরু এতদিন পরে বলেছেন যে জাতীয় আয় এত হচ্ছে, উৎপাদন এত হচ্ছে, কিন্তু টাকা কোথায় গেল? এই প্রশ্ন তাঁর মনে এসেছে বলে তিনি বৃটিশরা যে রকম করে সেই ভাবে একটা কমিশন বসিয়ে তার হাতে ভার দিলেন টাকা কোথায় গেছে তা বিচার করার জন্য। কিন্তু আমরা দেখছি এবং মন্ত্রীরাও দেখছেন যে তাঁরা যাদের কাছ থেকে চাঁদা নেন তাদের কাছে এই সব টাকা আছে—অর্থাৎ দেশী বিদেশী কনট্রাকটারদের কাছেই সব আছে। মুখ্যমন্ত্রী আর একবার বলেছেন জাতীয় আয় ১০ বছরের মধ্যে শতকরা ৪০ ভাগ বেড়েছে এবং মাথাপিছু শতকরা ২০ ভাগ আয় বেড়েছে।

এই কথা বলে তিনি বলেছেন This is a picture of an economy growing in all Sectors, the indications are that the Indian economy is advancing towards rapid progress and sustained growth. এই যে পার ক্যাপিটা ইনকামের কথা আমাদের কাছে বলা হল সেটা সম্বন্ধে মনে রাখবেন যে এটা ইজিপ্টের চেয়ে অর্দ্ধেক, মেক্সিকোর ½ এবং সিংহলের চেয়ে কম। ভারতবর্ষের জাতীয় আয় যেখানে শতকরা ৪০ ভাগ বেড়েছে সেখানে বাংলাদেশে তার তুলনায় শতকরা ২৫ ভাগ বেড়েছে, আর মাথা পিছু আয় বেড়েছে শতকরা ১২ ভাগ যেখানে ভারতবর্ষের পরিসংখ্যান হচ্ছে ২০ ভাগ। এজন্য উনি বলেছেন rapid progress and sustained growth. এবার অবশ্য বাস্তব অবস্থাকে ঢেকে রাখার বেকার-সমস্যার কথা বলেননি। কারণ ৭৫ লক্ষ বেকার যদি তৃতীয় পরিকল্পনার সুরুতে হয় এবং বাংলাদেশে যদি শিক্ষিত বেকারের সংখ্যা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী হয় তাহলে সে সব নিয়ে আলোচনা করতে একটু অসুসিধা হয়। অর্থাৎ সামনে ইলেকসন বলে সে সব কথা উনি বললেননা। কিন্তু এই অবস্থা কি দূর করা যাবে না এটাই প্রশ্ন ?

স্যার, আমি কয়েকদিনের জন্য দিল্লী গিয়েছিলাম এবং সেখান থেকে এসে শুনলাম যে, শ্রমমন্ত্রী সাত্তার সাহেব রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা দিতে গিয়ে আমাকে একটু করেকট করেছেন এবং পশ্চিম বাংলার শ্রমিকের সংখ্যা দিতে গিয়ে তিনি যে অঙ্ক এখানে দিয়েছেন তাতে দেখলাম আমি যা দিয়েছিলাম তা' ঠিক নয়, বরং সেখানে এরকম হবে যে, আগে যা ছিল তা' থেকে ১৮ হাজারের বেশী লোক এখানে ১০ বছরে কাজ পেয়েছে। তবে তিনি বোধ হয় ১৯৬০ সালের পরিসংখ্যান দিয়েছেন, কিন্তু আমি ১৯৫৯ সালের দিয়েছিলাম। যা' হোক্, তিনি যে অঙ্ক দিয়েছেন তা'তে উনি বোধ হয় ভুলে গেছেন যে ১৯৬০ সালের পর চটকলে প্রায় ১০ হাজার লোক ছাঁটাই হয়েছে বা হবে, কারণ লুমস্‌গুলো সিল্ড হয়ে যাচ্ছে। কাজেই আমি যা' বলেছি তা' যে প্রায় সত্য সে কথাটা মনে রাখবেন। তারপর আমরা কিছু বললেই যখন মুশকিল হয়ে যায় তখন আর কিছু বলবনা। তবে আমি এ. আই. সি. সি.-র ইকোনমিক রিভিউতে "Nation income—Its pattern of growth and distribution" এই নামে একটা আর্টিকেল পড়েছিলাম এবং এটার তারিখ হলো ৬ই জানুয়ারী, ১৯৬১ সাল। এটা কংগ্রেস রিভিউ এবং এই আর্টিকেলটি লিখেছেন Shri Hardayal Sekhan—তবে মনে রাখবেন ইনি কিন্তু কম্যুনিষ্ট নন। যা হোক্, তিনি লিখেছেন "No real improvement has taken place in the standard of living of the people", এবং এ ছাড়া তিনি এই আর্টিকেলে আরও বলেছেন যে, Dr. V. K .R. V. Rao হিসেব নিয়ে বলেছেন যে ভারতবর্ষে মাথা পিছু যে আয় ছিল এই পরিকল্পনা করার পর এখনও তাই আছে। শুধু তাই নয়, জিনিসপত্রের দাম ৫ গুণ বেড়েছে এবং সেদিক থেকে রিয়াল ইনকাম-এর কথায় তিনি বলেছেন যে, ১৯৩১।৩২ সাল অর্থাৎ যেটা ক্রাইসিস্-এর বছর ছিল এবং আমেরিকা থেকে আরম্ভ করে সমস্ত পৃথিবীময় যখন একটা সঙ্কটের ভাব ছিল তখন যে অবস্থা ছিল এখনও তাই রয়েছে। কাজেই এবারে চিন্তা করে দেখুন যে কি চমৎকার পরিকল্পনা এবং ইকোনমি আমাদের তৈরী হচ্ছে। তারপর মুখ্যমন্ত্রী মহাশয় জানেন কিনা জানি না তবে আমি আর একটা জায়গা পড়ে দিচ্ছি এবং সেখানে তিনি লিখেছেন "We have concluded earlier that the growth of national income as also the per capita income may mean little to large groups of individuals if it is not properly distributed." কাজেই ঐ ৪০ ভাগ জাতীয় আয় এবং ২০ ভাগ মাথাপিছু আয় বেড়েছে বলে যদি একটা সিদ্ধান্তে পৌঁছে যান তাহলে সেটা ব্যর্থ এবং মূল্যহীন হবে। তারপর তিনি আরও বলেছেন "It is curious that how at times we make use of the simple indices as 'per capita income', to prove to a bewildered public that their fortunes must improve if these indices register a rise." কিন্তু

আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় সেই bewildered public-কে বোঝাতে চাচ্ছেন যে, ৪০ ভাগ এবং ২০ ভাগ যখন বেড়েছে তখন তোমাদের অবস্থা ভাল হয়েছে। কিন্তু তার প্রমাণ কোথায়? তাহলে কি ঐ কথাই খাটে যে, "হ্যাঁ, হ্যাঁ, ভাল হয়েছে তবে তোমরা জানতে পার না।" যা হোক্, তারপর তিনি বলছেন "A rise in the per capita income can come about by increasing the concentration of incomes among the upper income brackets and is compatible with the actual deterioration in the economic conditions of the poorer classes". তাই হয়েছে এবং রিজার্ভ ব্যাঙ্কের চেয়ারম্যান শ্রীআয়েঙ্গারও দেখলাম ঠিক একই কথা বলেছেন। সুতরাং এরপর নিশ্চয়ই আর ঐ সিদ্ধান্তে পৌঁছাবেন না যে সিদ্ধান্তে আপনারা পৌঁছেছেন। তারপর এই এ. আই. সি. সি.-র রিভিউতে আরও বলেছে যে, যেভাবে দেখছি তাতে আর একটা পরিকল্পনার পর যেখানে আমাদের মাথা-পিছু আয় দ্বিগুণ হবার কথা ছিল তা' ৫৫ বছরের মধ্যেও হবে না। তবে এ প্রসঙ্গে আর একবার মনে করিয়ে দিচ্ছি যে, ইনি কম্যুনিষ্ট নন এবং এই আর্টিকেলে তিনি ইণ্ডিয়া গভর্ণমেণ্টকে মনে রাখতে বলেছেন যে, "Our rate of national income increase is definitely half, if not less, compared to that in China."

[3-30—3-40 p.m.]

এটা বলেছেন, বলে তিনি বলেছেন and if we are serious, which, I think, we are, to defend our borders, then there is urgent need to step up our national production.

তিনি বলেছেন যে চীনের বিরুদ্ধে যদি লড়াই করতে হয় তাহলে এটা একটু বিচার করা দরকার—লড়াই শুধু বক্তৃতা দিলে গলাবাজী করলে হয় না—একথা তিনি বলেছেন। যাহোক, মুখ্যমন্ত্রী একেবারে যা জানেন না তা আমাদের বলবেন না—এমনকি শ্রমিকদের কথা তিনি বলেছেন। তারপর বাস্তবকে ঢেকে রাখবার জন্য তিনি বলেছেন যে এই আমার অগ্রগতি, এই কাজ আমরা করেছি—মনে রাখতে হবে আমরা ব্যক্তিগত স্বাধীনতা হরণ না করে সংসদীয় গণতন্ত্র পার্লামেণ্টারী ডেমোক্রাসির মধ্যে থেকে করেছি অর্থাৎ তিনি বলতে চাইছেন অন্যান্য জায়গা রেজিমেণ্টেসান করে এগিয়ে যাচ্ছে। কিন্তু রেজিমেণ্টেসানের মানে কি? মুখ্যমন্ত্রী কি বলতে চান যে তিনি যদি জোর করে কৃষকদিগকে কাজ করাতে পারতেন, রেজিমেণ্টেসান করে কাজ করাতে পারতেন তাহলে আমাদের উৎপাদন বাড়ত? রেজিমেণ্টেসানের অভাবে কি কৃষকরা কাজ করছে না? শ্রমিক সারা চটকলে ছাঁটাই হচ্ছে, রেজিমেণ্টেসানের অভাবে তারা ছাঁটাই হচ্ছে? যারা বেকার মধ্যবিত্ত চাকরি পাচ্ছে না ডালহৌসি স্কোয়ারে চাকরি যাচ্ছে রেজিমেণ্টেসানের অভাবে তারা বসে আছে তাই তাদের চাকরি যাচ্ছে? রেলে রেলে ঘুরে বেড়ায় বলে ১৯৫৯ সালে ভারতবর্ষ ব্যাপী যে ৯ লক্ষ ভিখারী গ্রেপ্তার হয়েছিল সেই ভিখারীর দলকে আপনি যদি রেজিমেণ্ট করতেন কোথায় চাকরি দিতেন? ভিখারী যদি চাকরী পেত যদি সেই রকম ব্যবস্থা করতে পারতেন, তাকে যদি রেজিমেণ্টেসান বলি তাহলে আমি বলব রেজিমেণ্টেসানের পক্ষে। দিন প্রত্যেকটি লোককে খেতে দিন, পরতে দিন, চিকিৎসার ব্যবস্থা করে দিন। কিন্তু কোথায় সেসব, কিছু নেই। লোককে ভাঁওতা দেবার জন্য এখানে বলা হচ্ছে রেজিমেণ্টেসান করছেন। এখানকার মত রেজিমেণ্টেসান কোথাও আছে বলে জানিনা। উল্টে ভাবেন বাধ্য করে রেজিমেণ্ট করে লোককে যাতে চাকরি না হয়ে পথে পথে ঘুরে বেড়াতে হয়—এই অবস্থা করেছেন। মেয়েদের দেহ পর্যন্ত বিক্রি করতে হচ্ছে এই অবস্থায় দেশকে রেখেছেন—বলছেন রেজিমেণ্টেসানের অভাব, ইণ্ডিভিজুয়াল ফ্রিডাম আমাদের এখানে রেখে আমরা এত এগিয়ে

যাচ্ছি। বলা হয়েছে আমাদের স্টেডি প্রগ্রেস হয়েছে। কি করে হল? কেন্দ্রীয় সরকার, প্ল্যানিং কমিশান বলছেন যে কৃষির ব্যাপারে আমাদের প্রোডাকসান যদিও কিছু বেড়েছে কিন্তু মানুষের তুলনায় সেটা কিছুই নয় এবং তারও প্রমাণ দেবার প্রয়োজন নাই কারণ তাহলে ভারত সরকার বাইরে থেকে খাদ্য আমদানী করে ৩।৪ শো কোটি টাকা নিশ্চয়ই নষ্ট করতেন না। যদি সত্যই আমাদের এই অবস্থা হত যে আমাদের এগ্রিকালচারের স্টেডি প্রগ্রেস হচ্ছে তাহলে এই টাকা দিয়ে বড় মেসিনারী কিনতাম, আমাদের দেশকে ইণ্ডাস্ট্রির ব্যাপারে স্বয়ংসম্পূর্ণ করতে পারতাম। এগ্রিকালচার ব্যাপারে হিসাব নিলে দেখা যাবে যে ইংরাজ আমলে যা ছিল তা থেকে কতকটা ছিটেফোঁটা বেড়েছে। সুতরাং এই যে হিসাব একে স্ট্যাগন্যাণ্ট ইকনমি ছাড়া আর কিছু বলা যায় না।

তারপর শিল্প ক্ষেত্রে একথা ঠিক যে সেখানে কিছু বেড়েছে। কারণ, তিনটা ইস্পাত কারখানা হয়েছে, আরও কতকগুলি কারখানা হয়েছে, এগুলি ভাল লক্ষণ। ঐগুলি আরও দ্রুত গতিতে গড়ে উঠুক এটা আমরা চাই। কিছু উৎপাদন বাড়ল তাতে দেশের উন্নতি হয়ে গেল মানুষের উন্নতি হয়ে গেল এটা আমরা বলব না। তবে এটা ঠিক যে এই রকম কারখানা হলে অন্য দেশের উপর নির্ভরশীলতা আমাদের কমে, সাম্রাজ্যবাদীদের উপর নির্ভরশীলতা কমে, সেইজন্য আমরা কমিউনিষ্ট পার্টি সেগুলি সমর্থন করি। কিন্তু আমরা এ ব্যাপারে দেখি যে সেখানে নতুন করে যা কিছু করা হচ্ছে তা এমনভাবে করা হচ্ছে যে ব্যর্থ হচ্ছে। পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করবার সময় কংগ্রেস সরকার একটা প্রিন্সিপল গ্রহণ করেছিলেন, তা'থেকে তাঁরা সরে এসেছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা খানিকটা ব্যর্থ হবার পর তাঁরা সাম্রাজ্যবাদীদের কাছে আত্মসমর্পণ করেছেন, এমন কি পশ্চিমবাংলার দুর্গাপুরে স্টেট সেক্টরে ৫১ পার্সেণ্ট শেয়ার দিয়ে বিদেশীদের ডেকে আনা হচ্ছে। কেন্দ্রীয় সরকার খুব আনন্দিত। মোরারজী দেশাই জোর গলায় বলেছেন এখন আর কোন ভাবনা নেই কারণ, ৫ বছরের জন্য প্রতিশ্রুতি দেওয়া হয়েছে জাতীয়করণ করব না। বিদেশীরা এ্যাপ্লিকেশান করছে ভারতবর্ষে ঢোকবার জন্য। এখানে এসে তারা যাতে আমাদের কতকটা শোষণ করতে পারে সেই ব্যবস্থা করছেন। এইটা হচ্ছে আত্মসমর্পণ। পশ্চিমীদের উপর এইভাবে যদি নির্ভরশীল হন তাহলে আজ না হোক কাল দেশে বিপদ ডেকে আনবেন। সেই বিপদ ডেকে আনা শুরু হয়ে গেছে। শুধু তাই নয়, ১ শো, ৫ শো কোটী টাকা আমাদের দিতে হবে—কোথা থেকে দেবেন? চতুর্থ পরিকল্পনার পর হাজার কোটী টাকা সুদ দিতে হবে—কোথা থেকে দেবেন? অর্থাৎ তারা বলবে তোমাদের সুদ ছেড়ে দিচ্ছি, আমরা যা বলি সে কথা তোমাদের শুনতে হবে—পররাষ্ট্রনীতি, আভ্যন্তরীণ নীতিতে এইভাবে তারা চাপ সৃষ্টি করবে। কারণ, সাম্রাজ্যবাদীরা নিজেদের স্বার্থ ছাড়া অন্য কোন জিনিস বোঝে না। আমাদের পশ্চিম বাংলায় এ ব্যাপারে আমরা কিছু বুঝতে পারছি না একথা আমি আর একবার বলেছিলাম। ৪ শো কোটী টাকা শুনছি কোলকাতা এবং উপনগরীর জন্য অন্যান্য সংস্থা আমেরিকান, ওয়ার্লড ব্যাঙ্ক, ফোর্ড ফাউণ্ডেসন ইত্যাদি নাকি দেবে। আমি দিল্লীতে যখন ছিলাম তখন আমাদের দিককার একজন সদস্য মোরারজী দেশাইকে জিজ্ঞাসা করেন এগুলির ব্যাপারে কিরকম কথাবার্তা কি হয়েছে, কতদূর এগিয়েছে—তিনি বলেছিলেন আমরা কিছু জানিনা। এসব বিষয়ে কি হচ্ছে, আমরা সমস্ত টার্মস অ্যাণ্ড কণ্ডিসনস জানতে চাচ্ছি কিন্তু আমাদের তা জানানো হচ্ছে না। এই অবস্থার মধ্যে ছিটেফোঁটা কিছু বরাদ্দ এই বাজেটের মধ্যে এসব ভালর জন্য করা হয়েছে। আইন আসবে শুনছি কোলকাতায় স্যুয়েজ, জল, ড্রেনেজ ইত্যাদি নানাব্যাপারে নানাপরিবর্তন করবার জন্য। সেজন্য পশ্চিম বাংলায় জানিনা আবার আলাদা করে কি বিপদ আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী ডেকে আনবেন। আমরা কিছুই বুঝতে পারছি না কারণ আমাদের বলা হচ্ছে না যে কোন টার্মস য়্যাণ্ড কণ্ডিসনসে কিভাবে কে পরিচালনা

করবে, এই পরিকল্পনায় কি হবে কিছুই আমরা জানিনা। যাহোক, এখন এটা বুঝতে পারছি যে আমাদের অর্থমন্ত্রী বাস্তবকে দেখবেন না বলে ঠিক করেছেন। কাজেই তৃতীয় পরিকল্পনাকালে এই যে প্রথম বাজেট পেশ করা হচ্ছে এতে যে সমস্ত লক্ষ্য তাঁরা ঘোষণা করেছেন, যে সমস্ত কথা তাঁরা বলেছেন সেগুলি ভ্রান্তিপূর্ণ বলে আমরা মনে করি। কারণ, টার্গেটগুলি পর্যন্ত ঠিক নেই, কি তার উদ্দেশ্য তাঁরা কিছুই বলছেন না। কত লোক চাকরী পাবে পশ্চিমবাংলায় ৫ বছর পর। কত বেকার সমস্যা ঘুচাবেন তাঁরা তা কিছুই বলছেন না। সমস্ত জিনিষ চেপে রাখছেন এই জিনিস আমরা দেখছি। সেজন্য আমার মনে হচ্ছিল যে এগুলি অত্যন্ত ভ্রান্ত এবং আর কিছুই তাঁদের বলার নেই, খালি কতকগুলি টাকা খরচ করা ছাড়া। কাজেই এ বিষয়ে আমি আর কিছু বলবো না, শুধু এটুকু মনে করিয়ে দিতে চাই যেটা কিছুদিন আগে পঞ্চবার্ষিকী পরিকল্পনা আলোচনার সময় এখানে বলেছিলাম যে তৃতীয় পরিকল্পনায় আমাদের এটা মনে হচ্ছে যে ট্যাক্সের বোঝা বেড়ে যাবে, কারণ দ্বিতীয় পরিকল্পনায় ট্যাক্স ধার্য হয়েছিল ৫ শো কোটী টাকা, ৯ শো কোটী টাকা তুলেছিলেন কেন্দ্রীয় সরকার, আর তৃতীয় পরিকল্পনায় ১৭ শো কোটী টাকা করা হয়েছে, জানিনা কত তুলবেন। কাজেই ট্যাক্সের বোঝা বাড়বে। বেকার সমস্যাও বাড়বে, কারণ এটা ৫০ লক্ষ ছিল, ৭৫ লক্ষের উপরে দাঁড়িয়েছে তৃতীয় পরিকল্পনা আরম্ভ করতে গিয়ে এবং শেষ হোলে যে কত দাঁড়াবে তা জানি না, তবে এর থেকে নিশ্চয়ই বেশী হবে, আমাদের হিসাবে এক কোটীর উপর হয়ে যাবে—এই হচ্ছে হিসাব। জিনিসের দাম বাড়বে যদিও মুদ্রাস্ফীতি কিছু কমাবার কথা তাঁরা বলেছিলেন তৃতীয় পরিকল্পনায়। তার কারণ, আমাদের যখন কোন প্রাইস পলিসি কিছু নেই, নির্ধারিত পলিসি কিছু নেই তখন জিনিসের দাম বাড়বে। জিনিসের দাম কিভাবে কণ্ট্রোল করা হবে সে সব জিনিস কিছুই নেই। কাজেই আমাদের মনে হচ্ছে জিনিসের দাম বেড়ে যাবে। এরই মধ্যে লক্ষ্য করে থাকবেন বিভিন্নরকম জিনিসের দাম তৃতীয় পরিকল্পনা আরম্ভ হওয়ার আগেই বাড়তে আরম্ভ করেছে। কাজেই ৫ বছর পর কি হবে তা আমরা বুঝতে পারছি। তার মানে হচ্ছে শ্রমিক, কৃষক, মধ্যবিত্ত সাধারণ মানুষ, খেটে খাওয়া মানুষ—তাদের ক্রয় ক্ষমতা কমে যাবে তৃতীয় পরিকল্পনা যখন শেষ হয়ে যাবে। অবশ্য আমরা এও মনে করেছি যে এখানে যে কটা কোটীপতি আছে তার উপর আরো কিছু কোটীপতি হবে। কিছু কণ্ট্রাক্টর আছে, আরো কিছু কণ্ট্রাক্টর হবে—এ বিষয়ে সন্দেহ নেই এবং সঙ্গে সঙ্গে অনেক বেশী ইংরেজ বিদেশী মালিক যাঁদের নানারকমভাবে আমাদের দেশে ব্যবসা-বাণিজ্য করবার জন্য ডাকা হচ্ছে তাঁরা আরো ভাল করে আসর জমাবেন—এটাই মনে করছি যার জন্য আমি বলেছিলাম একজন ইংরাজ শিল্পপতি লাঞ্চ খেতে খেতে বলেছিলেন যে এরকম স্বাধীনতা হবে জানলে আমরা কনজারভেটিভ পার্টি থেকে অনেক আগেই ভারতবর্ষকে স্বাধীনতা দিয়ে দিতাম।

[3-40—3-50 p. m.]

তারপর এই পরিপ্রেক্ষিতে এখন আমাদের বাজেটের কয়েকটা বিষয় আলোচনা করতে চাই। এখানেও ঐ ব্যাপার আমরা দেখছি। টাকা সংগ্রহের ব্যাপারে আমাদের রাজ্যে দেখছি—ঐ সেই একই অবস্থা। ঐ একসাইজ ট্যাক্স কিছু ধার করে, কিছু লোন ফ্লোট করে, আর মুদ্রাস্ফীতি থেকে টাকা জোগাড় করে প্ল্যান হচ্ছে। এছাড়া অন্য কোন ব্যবস্থা নেই। শিল্পকে রাষ্ট্রায়ত্ত করে, ইলেকট্রিসিটিকে জাতীয়করণ করে যে দুই কোটী টাকা উদ্বৃত্ত থাকতে পারত, এই রকম কোন পরিকল্পনা তাঁদের নেই। কাজেই এখানে সেই রিসোর্সেস্ বিষয় আমাদের আলোচনা করে লাভ নেই। কারণ আগে যা ছিল, হুবহু তাই হচ্ছে। শুধু যে আমাদের টাকার অভাব হচ্ছে, তা নয়। সেখানে কিভাবে টাকা খরচ হচ্ছে দেখুন। আমি

কয়েকটা উদাহরণ দেবো। যেগুলি সরকার পরিচালনা করছেন ব্যবসা, বাণিজ্য ইত্যাদি, সেখানে ১৯৬০-৬১ সালে ২০টা প্রতিষ্ঠানের আণ্ডার-টেকিং সরকারের হাতে ছিল, সেই ২০টা প্রতিষ্ঠানের মধ্যে ১১টাতে তাঁদের লোকসান হয়েছে ৭৬ লক্ষ ৪৬ হাজার টাকা, আর ৯টাতে তাঁদের লাভ হয়েছে ২২ লক্ষ ৪৬ হাজার টাকা। অর্থাৎ রাফ্‌লি ৭৬ লক্ষ টাকা ক্ষতি এবং ২২ লক্ষ লক্ষ টাকা লাভ হয়েছে এই ১১টা ও ৯টা প্রতিষ্ঠানে। তারপর দেখুন—যেমন গভীর জলে মাছ ধরা, অর্থাৎ ডিপ্‌ সি ফিসিং, এই পরিকল্পনায় ১১ লক্ষ ৬৮ হাজার টাকা নষ্ট হয়েছে। ইলেকট্রিক বোর্ডকে দিয়ে ইলেকট্রিসিটি করান হচ্ছে—সেখানে ৩ কোটী ৮০ লক্ষ টাকা খরচ করে তাদের পুষে রাখবার ব্যবস্থা করা হচ্ছে। তারপর ১৯৬১-৬২ সালের যদি বাজেট ধরি, তাহলে দেখা যাবে সমস্ত টোটাল টাকা, যা লাগান হচ্ছে দেশের শিল্প প্রতিষ্ঠানে, অর্থাৎ যে মোট টাকা নিয়ে রাষ্ট্রীয় সরকার প্রতিষ্ঠানগুলি পরিচালনা করছেন তা হল ২৮ কোটী ৩২ লক্ষ ৫৪ হাজার টাকা; এর মধ্যে লোকসান হবে ৬৯ লক্ষ ৯৮ হাজার টাকা। অর্থাৎ তাঁরা এত টাকা লাগিয়ে প্রায় ৭০ লক্ষ টাকা ক্ষতি করবেন। এইভাবে তাঁরা ব্যবস্থা করছেন। দুর্গাপুরে ২২ কোটী ৩৮ লক্ষ ৩১ হাজার টাকা খরচ হবে ১৯৬১-৬২ সালের বাজেটে। আমরা সেখানে লাভের অংশ দেখতে পাই না। ১৯৫৯-৬০ সালে ৯৮ লক্ষ টাকা লোকসান দেখছি। ১৯৬০-৬১ সালে ৫৪ লক্ষ টাকা লোকসান দেখছি। তারপর ১৯৬১-৬২ সালে দেখছি ২৭ লক্ষ টাকা দুর্গাপুরে লোকসান হবে। লাভের অঙ্কে পৌঁছায়নি। তারপর গ্রেটার ক্যালকাটার স্কীম ধরুন। তাতে ৫ কোটী টাকা লাগাচ্ছেন। কিন্তু তাতে লোকসান হবে ২৬ লক্ষ ৫ হাজার টাকা। এই ব্যবস্থা তাঁরা করেছেন।

তারপর Small-scale Engineering Industries-এর উন্নতির জন্য যে সব ব্যবস্থা করেছেন হাওড়াটাওড়াতে তাতে অনেক টাকা বরাদ্দ করা হয়েছে সাহায্য করার জন্য। তাতে ক্ষতিই হচ্ছে লাভ হচ্ছেনা। Industrial Estate বলে তিনি যা করবেন বলেছেন সেটা একেবারে failure। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন জি. ডি. বিড়লাকে chairman করেছেন আর ভাবতে হবে না। জি. ডি. বিড়লাতো কেটে পড়েছে, সুকুমার সেনকে দিয়ে। শুধু যা হয়েছে তাতে কিছু নিজেদের পেটোয়া লোককে ধরে দেওয়া হয়েছে Industrial Scheme-এ। কল্যাণীতে Spinning Mill করেছিলেন, এটা ভাল হয়েছে, কল্যাণীতে ১ কোটি ৪০ লক্ষ্য টাকা খরচ করে এ মিল হয়েছে, এটা একটা কোম্পানীর হাতে দিয়ে দেওয়া হয়েছে কি করে দেখি। আমার মনে হয়, এটাই হওয়া উচিৎ। আমার হাতে যেসব শিল্প আছে, ব্যবসা বাণিজ্য যা কিছু আছে তাতে যদি আমরা লাভ না দেখাতে পারি তাহলে আমরা চালাবো কি করে?

তারপর আর একটা শুনলাম—এটা ঠিক বাজেটে খুঁজে পাওয়া যায় না, ডাঃ আমেদ জানতে পারেন—ডেন্টাল কলেজে নাকি দাঁত তৈরী হয়, Export বিলাতে পাঠিয়ে না জাপানে পাঠিয়ে তাদের আনা হয়েছে। শুনেছি সে দাঁত বিক্রী হচ্ছেনা কেননা খারাপ দাঁত। কাজেই লোকসানই হচ্ছে। অথচ artificial দাঁতের কত প্রয়োজন এটা আমরা জানি। আমি এটা ডাঃ আমেদকে বলছি তিনি যে কোন Ministry-তেই থাকুননা কেন এতে আপনার Interested হওয়া উচিত। যাই হোক, এই যদি হয় তাহলে আমাদের বাজেটে টাকা আসবে কোথা থেকে! বড় বড় বক্তৃতা Planning Commission-এর মধ্যে গিয়ে লাভ নাই, মুখ্যমন্ত্রী মহাশয় Planning Commissionকে বুঝিয়ে দিতে পারেন এবং আমাদের কাছে এসে বলতে পারেন। যাই হোক্ আমি আর একটা বিষয়ে বলছি। দুর্গাপুরে যা হচ্ছে, ভালই হচ্ছে, সমস্তই সমর্থনযোগ্য মনে করি। কিন্তু এটা কেন হল, আমরা শুনেছিলাম যে সারের কারখানা State Sector-এ হবে, তারপর দেখছি American-দের ৫১% share দিয়ে দেওয়া হয়েছে। কিন্তু এটা কি হল, কংগ্রেসের নীতি তো এটা ছিলনা, এ জিনিস তো তারা করে না। কিন্তু করা হয়েছে। তেমনি আমি

বলছি—মুখ্যমন্ত্রী বলতে পারেন আমি করবো কি করে। সারের কারখানা করতে হয়। আমি বলি আমেরিকানদের কাছে না গিয়ে অন্য কোন terms-এ হতে পারে যেখানে সাম্রাজ্যবাদী ব্যবস্থা নাই; সোভিয়েট ইউনিয়ন সোসালিষ্ট রাষ্ট্রের কাছে যেতে ক্ষতি কি? আর এটা আমাদের নয়, আপনারা তো তাদের সঙ্গে অনেক ব্যাপারে কথাবার্তা বলছেন, দেখতে পারতেন অন্য কোন সুবিধাজনক terms তারা দিতে পারে কিনা। এটা দেখা উচিত ছিল, Chemical Plant Project, রাশিয়ান proposal-এ হওয়ার কথা ছিল, কি হল, terms-এর কি হল? তারা কি কোন সুবিধাজনক terms দিয়েছিল! সেগুলি কোথায় গেল আমি জানিনা। এখন একটা Kribbs Co. হচ্ছে……[noise]—স্যার, একটু চুপ করতে বলুন বিশেষ করে যারা illiterate আছে। [Shri Nepal Ray : তিনি তো Briefless Barister.] লেখাপড়া করে ব্যারিষ্টার না হয়েও literate হওয়া যায়, গুণ্ডামি করলে চলে না। যাই হোক French কোম্পানীকে দিয়ে দেওয়া হল—কি তার terms কিছু জানিনা, Foundation lay করা ছাড়া কাজ বিশেষ কিছু এগুবে বলে মনে হয় না।

[3-50—4. p.m.]

তারপর, আমি আগেও বলেছিলাম, এখানে আমি জানি না এইগুলি কেন consider করা হয় নি। Industrial states-র কথা আছে কিন্তু চামড়া, লাক্ষা শিল্প, নানারকম minerals যা পুরুলিয়ায় হতে পারে, আমাদের ছোট ছোট শিল্প handloom, গেঞ্জির কারখানা ready-made garments এই সমস্ত ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গী কি তা আমরা জানি না। বাজেটেও একথা নেই। আগে মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন, এখানেই বলেছিলেন, কাগজের কারখানা হতে পারে কিনা সেটা বিচারাধীন আছে, এটা তাঁরা দেখবেন হিসাব করে। কিন্তু আজ অবধি আমরা জানতে পারলাম না এটা হতে পারে কিনা। তিনি বলেছেন ছোট ছোট small engineering কারখানা তাদের কিছু সাহায্য করা হয়েছে, হাওড়ায় করা হয়েছে—ক্ষতি হলেও করা হয়েছে—কিন্তু আমরা দেখছি raw materials পাবার ব্যাপারে এবং এই জিনিসগুলি কিনবে কে, এর মধ্যে co-ordination থাকছে না। এই বিষয় সরকার থেকে কোন সাহায্য করা হয় নি। এবং সাহায্য না করা হলে এই industries কখনই বাঁচতে পারে না। এবং এখানে যে সব মধ্যবিত্ত পরিবারের লোক কাজ করে তাদের তাহলে কি হবে তাও ভাববার বিষয় বলে আমি মনে করি। এ সব কথা বাজেটের মধ্যে নেই। আমি আর দুইটি কথা বলতে চাই, একটি হল, বাজেটে যা দেখছি এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আলোচনা করতে গিয়েও দেখেছি, কৃষিতে অনেক টাকা খরচ করা হচ্ছে অর্থাৎ আগে যা খরচ করা হোত তার চেয়ে বেশী টাকা বরাদ্দ করা হয়েছে। এটা ভাল জিনিস, আমার মনে হয় অনেক দিন আগেই এটা করা উচিত ছিল, যাইহোক্ এখন তাঁরা করছেন, এটা সমর্থনযোগ্য। কিন্তু মুশকিল হচ্ছে, আমরা বুঝতে পারছি না, আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার বইতেও পরিষ্কার ভাবে পাইনি যে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হবো। আমরা দেখেছি deep tubewell-র কথা আছে এবং তার জন্য বরাদ্দও আছে, কিন্তু আমরা দেখছি, আমাদের ভয় আছে, কৃষকদের কোনরকম জমি দেবার ব্যবস্থা এর মধ্যে নেই, আগে যা ছিল তাই আছে এবং জমি আর দেওয়া হবেনা এটা বোধ হয় ঠিক হয়েই গিয়েছে। তার উপর Foodgrains Enquiry Committee যেটা Government of India appoint করেছিল, তাঁরা বলেছেন যে, দামোদর এলাকায়, ময়ূরাক্ষী এলাকায় যদি কৃষকদের উৎসাহিত করতে হয় তাহলে প্রথম প্রথম জলকর ধার্য্য করবেন না, আর করলেও সেটা খুব কম হওয়া দরকার। কিন্তু এই সুপারিশ মানা হয়নি। ঠিক সেইভাবে আমরা দেখেছি যে বন্যা নিয়ন্ত্রণের কোনরকম ব্যবস্থা নেই। জল নিকাশের জন্যও কোন ব্যবস্থা নেই।

আমাদের বাংলাদেশে ১৫টি জেলার মধ্যে ১১টি জেলা একটু বন্যা হলেই ডুবে যায়। এমন কি কলকাতাতেও একটু জল হলেই তাই হয়। কিন্তু এ ব্যাপারে আমাদের বলা হল যে, কমিটি report দেবে তারপর এর ব্যবস্থা হবে। সেই report আপনারা পেয়েছেন কিনা জানি না, তাতে কি সুপারিশ করা হয়েছে তাও জানি না, এর জন্য কি বরাদ্দ থাকবে, কবে হবে তাও জানি না। অথচ প্রতি বৎসর লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। একদিকে যেমন ময়ূরাক্ষীর জল দিয়ে কিছু ফসল হল, তেমনি মুর্শিদাবাদ প্রভৃতি অঞ্চলে লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু এর জন্য কোন বরাদ্দ দেখি না। তেমনি rural credit-এ কৃষকদের সাহায্য করার জন্য কিছু টাকা দেওয়া হয়, সেটা হিসাব করলে দেখা যাবে ১৯৫৯-৬০ সালে ৫ কোটি টাকা দেওয়া হয়েছে। অর্থাৎ কৃষকদের যা প্রয়োজন তার তুলনায় শতকরা ১০ ভাগ। এবার সেটা কমিয়ে দেওয়া হয়েছে, অন্ততঃ হিসাব দেখে তাই মনে হল। তাহলে কি করে ফসল উৎপাদন হবে, কি করে এক ফসলী জমিতে দুই ফসল হবে, যেখানে এক একর জমিতে ৪ মণ ধান হয় সেখানে এক একর জমিতে ৮ মণ, ১০ মণ ধান করবেন কি করে? কাজেই খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া অসম্ভব। অনেক টাকা খরচ হবে, কত হবে জানি না কিন্তু এই অবস্থার পরিবর্তন হবে না। এটা না করতে পারেন কিন্তু যে খাদ্য ফসল হচ্ছে তাও যাতে লোক কম দামে পেতে পারে সে ব্যবস্থাও নেই। মাঝখানে আবার hoarders, profiteers, merchants, এসব আছেন, তাঁরা ধানচাল ধরে রাখেন—যাই হোক, সেই আলোচনায় আমি যেতে চাই না। কিন্তু আমি এটা বলব এখন এসব কি হচ্ছে, তাঁরা কিছু বলছেন না, উত্তর দিচ্ছেন না তখনো এঁরা বলছেন ঠিক আছে। এসব হচ্ছে। এখানে শুনলাম মুখ্যমন্ত্রী বলছেন, কালকেই আলোচনায়—বাসে ভীড়ের প্রসঙ্গে যে, জন্মনিয়ন্ত্রণ করতে হবে, তাছাড়া উপায় নাই। লোকের সংখ্যা কমাতে হবে। তাহলে আপনাদের প্রয়োজন কি? আমি বলি বারেবারে এটা কেন বলা হয়? নিজের ঘরে আপনারা আরম্ভ করুন—কংগ্রেস পার্টি দিয়েই আমি বলি, আপনারা একটা লিষ্ট করুন কার কত ছেলেপুলে হচ্ছে—আগে আপনাদেরই লিষ্ট রাখতে হবে, কারণ রাজত্ব আপনারাই চালাচ্ছেন। সেজন্য আমি বলছি এটা আপনারা সুরু করে দিন। দেশবাসীকে আপনারা বলছেন জন্ম নিয়ন্ত্রণের কথা, দেশবাসী যদি আপনাদের বলে ৪ মণের জায়গায় ১০ মণও আপনারা করতে পারছেন না—অপদার্থ মন্ত্রী এতগুলি বসে আছে, দেশের টাকা নষ্ট করছে, এ প্রশ্ন যদি করেন তাঁরা তাহলে তার জবাব কি? ৪ মণের জায়গায় ৮ মণ করলেও বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে যেত। কাজেই এসব বাচালতার প্রয়োজন ছিল না নানারকম অর্থনৈতিক ব্যাপার দেখিয়ে। কাজকর্ম তো কিছু নাই। এসবের মূল্যও নাই। আর আপনাদের সব ব্যাপারই ব্যর্থ হয়েছে। Family planning-এর চেষ্টা করাও আপনাদের দ্বারা হবেনা, কোন scientist আপনাদের দিয়ে করাতে পারবেন না। নিজের ঘরেও আপনারা পারবেন না। [The Hon'ble Ajoy Kumar Mukharjee: আমরা কেউ কেউ বিয়ে করিনি।] বিয়ে করেননি ভালই করেছেন, কারণ তাহলে দেশের সর্বনাশ করতেন।

এখন আমি আরেকটা বিষয়ে বলব সেটা হচ্ছে, উনি দেখালেন যে, taxation আমাদের নতুন বাড়েনি, নতুন করধার্য্য করছেন না এ কথার কোন মূল্য নাই, কারণ মুখ্যমন্ত্রীই বলেছেন এটা নতুন পদ্ধতি দিয়ে করব, নতুন বিল নিয়ে এসে করব। ১৯৫৮-৫৯ সালে ৫ লক্ষ ৭৪ হাজার টাকা জলকর থেকে আদায় করেছেন, ১৯৬১-৬২ সালে আদায় করবেন ঠিক করেছেন ৪৫ লক্ষ টাকা, ৫ লক্ষ টাকার জায়গায় ৪৫ লক্ষ। এর উপর এসমস্ত ট্যাক্স বাদ দিলে, Sales tax ১৯৫৫ সালে যা আদায় করতেন তা থেকে দ্বিগুণ, অর্থাৎ ১৩ কোটি থেকে ২৭ কোটি। আর কোথায় ট্যাক্স বসাবেন? এর উপর পঞ্চায়েতী ট্যাক্স থেকে আরম্ভ করে মিউনিসিপ্যালিটি—সমস্ত জায়গায় নতুন নতুন ট্যাক্স বসান হচ্ছে।

তারপর বাস্তুহারাদের সম্বন্ধে, মুখ্যমন্ত্রী এক কথায় সেটা সেরে দিয়েছেন—যেমন যেমন পরিকল্পনা হবে কেন্দ্র থেকে তাঁরা সাহায্য করবেন বলেছেন—আমাদের এই প্ল্যানের বাইরে। একবার শ্রীপ্রফুল্লচন্দ্র সেন বলেছিলেন যাঁরা আংশিকভাবে পুনর্বাসন পাবেন, partially rehabilitated হবেন তাঁদের পুনর্বসতির জন্যই ৬০ কোটি টাকা প্রয়োজন। কই তার তো একটা কথাও নাই। Refugee Department আপনারা উঠিয়ে দিচ্ছেন, তাঁদের আপনারা রাস্তায় বের করে দেবেন। বাংলাদেশে আরো লক্ষ লক্ষ ভিখারী করে ছেড়ে দেবেন। কাজেই তাঁদের আপনারা আরেকবার আন্দোলনের মুখে ঠেলে দিচ্ছেন। জানি না এরপরেও আরো কিছু আদায় আপনারা করবেন কিনা—বাজেটে তার কোন লক্ষণ দেখতে পাচ্ছিনা।

তারপর, আরেকটা কথা বলব। আমি এখানে ছিলাম না। এই কলকাতায় ইংলণ্ডেশ্বরী রাণী এলিজাবেথ এসেছিলেন। এজন্য আমাদের কত টাকা খরচ হয়েছে সে সম্পর্কে একটা প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেছেন এক লক্ষ টাকা খরচ হয়েছে। আমি বিশ্বাস করি না—এত রাস্তাঘাট সাজান হল।

The Hon'ble Khagendra Nath Dasgupta :

রাস্তাঘাটের ব্যবস্থা আগেই হয়েছিল—

[4—4-40 p.m.]

Shri Jyoti Basu :

অসত্য কথা। স্পীকার মহাশয়, যখন announced হল যে রাণী আসবেন তখনই আমরা দেখলাম দমদম রোডে কাজ সুরু হয়ে গেল। কাজেই সবটা যদি আপনারা ধরেন, আমার মনে হয় একলক্ষ টাকার অনেক বেশী খরচ হয়েছে। [না, না, না, from the Congress benches] এত উত্তেজিত হবেন না, যে ব্যবহার আপনারা করেছেন, উত্তেজিত হওয়া শোভা পায় না। তারপর বাংলাদেশে এখানে বসে রাণী এলিজাবেথ O.B.E. M.B.E. এসব উপাধি দিলেন পাঁচজনকে—তাহলে অন্ততঃ রাণীর মনে কি এটা ছিল আপনাদের কোন ব্যবহারের জন্য ভারতবর্ষকে তাঁরা serve করছেন বলে কোন Order of the British Empire দিতে পারেন? Commonwealth-এর Order এটা নয়। এই জিনিস তিনি করলেন। এর থেকে লজ্জার বিষয় আর কি হতে পারে? কেন্দ্রীয় সরকারের কাছে কৈফিয়ৎ তলব করা উচিৎ—অন্ততঃ চারজন পাঁচজনের মধ্যে ভারতবর্ষে serve করছেন সারা জীবন ধরে—তা'হলে ভারতবর্ষ Empire-এর মধ্যে পড়ে? এপ্রসঙ্গে দ্বিতীয় কথা হচ্ছে, এখানে I.C.I. Co. এবং আরো দু-একটা ইংরাজ কোম্পানী Union Jack উড়িয়েছে, আমাদের রাষ্ট্রীয় পতাকাও উড়িয়েছে, কিন্তু crownটা এত বড় করে দিলেন, এবং তার নীচে অশোকস্তম্ভ দিয়েছেন। আমি জিজ্ঞাসা করি আপনারা ইংলণ্ডে গিয়ে এজিনিস করতে পারবেন? কোন occasion-এ পণ্ডিত নেহরু এ জিনিস করতে পারবেন না। তাঁদের আত্মমর্য্যদা আছে, আপনাদের তা নাই। ঠিক সেইভাবেই—আমি দিল্লী থেকে পরশু ফিরে এসেছি—এখনো দেখছি Union Jack উড়ছে। রোজ ওখান দিয়ে যাবার সময় কুর্নিশ করতে ইচ্ছা করে নাকি? তারপর, তিনি ভিক্টোরিয়া মেমোরিয়্যালে গেলেন, রেস কোর্সে গেলেন। George V ভিক্টোরিয়া মেমোরিয়্যাল হলের foundation stone lay করেছিলেন; ভিক্টোরিয়া মেমোরিয়্যালে গিয়ে যা দেখান হল ঘরে গিয়ে—একদিকে রবীন্দ্রনাথ আর গান্ধীজী, আরসমস্ত জিনিসটাই dominate করছে Rudyard Kippling—এই জিনিসটা আমরা দেখছি। আমাদের যা ঐতিহ্য, ইংলণ্ডেশ্বরীকে, অন্যদেশের রাষ্ট্রনায়ককে আমরা সম্মান দেখাব, নিশ্চয়ই দেখাব; কিন্তু এখানে যা করা হল তা আমাদের

দাসসুলভ মনোভাবেরই পরিচায়ক। এবং এটা হয়েছে তাদের খুশী করার জন্য যাতে British business এখানে আসে, যাতে সেইভাবেই এখনো আমরা চলি। এই মনোভাব নিয়ে দেশের মেরুদণ্ডকে শক্তিশালী করা যায় না। দেশের মানুষকে নিজের পায়ে দাঁড়াতে হবে, আমাদের দেশে সেই শক্তি ও সে রকম মানুষ আছে। কিন্তু সেদিকে আপনাদের লক্ষ্য নাই। এই জিনিস—এই ১ লক্ষ টাকা যা খরচ করা হল, তাতে আমরা আপত্তি করিনা, কিন্তু কংগ্রেস-নেতাদের এই যে মনোভাব দেখছি, পদলেহনের মনোভাব, এটা দেশের প্রতি বিরাট অসম্মান।

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী অর্থ-বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে যে বাজেট বিবৃতি আমাদের সামনে দিয়েছেন তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। আমি একথা বলতে চাই যে এই বাজেট তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রথম বছরের জন্য রচিত বলে এর বিশেষ একটা গুরুত্ব আছে। ডাঃ রায় বাজেটের মধ্যে বলেছেন আমরা দৃঢ় প্রত্যয়ের সঙ্গে ভবিষ্যতের দিকে চেয়ে আছি, আর এই জিনিসই তাঁর বাজেটের প্রতি ছত্রে ছত্রে ফুটে উঠেছে। এই প্রত্যয় কেবল ভিত্তিহীন আশা, কিম্বা বাস্তববর্জিত কল্পনার উপর প্রতিষ্ঠিত হয়নি। বিরোধীপক্ষের নেতা বারবার একথা বলেছেন যে ইলেকসানের কথা ভেবে আমরা এই কথা বলি এবং ইলেকসানের দিকে লক্ষ্য রেখে এই বাজেট বিবৃতি রচিত হয়েছে—এর চেয়ে অসত্য কথা হতে পারে না। বাজেট বিবৃতি যদি ভালভাবে দেখা যায় তাহলে আমরা এটুকুন নিঃসংশয়ে উপসংহারে আসতে পারি যে বাজেটে দেশের বাস্তব অবস্থা ও অর্থনৈতিক পটভূমিকাকে অবহেলা করা হয়নি, বরং সমস্ত জিনিসগুলিকে পর্য্যালোচনা করে ডাঃ রায় আমাদের সামনে বাজেট পেশ করেছেন। এই যে দৃঢ় প্রত্যয়ের কথা বলা হয়েছে এটা আলোচনা করতে গিয়ে আমরা দেখতে পাই যে সমগ্র অর্থনৈতিক পটভূমিকার উপর ভারতবর্ষের ভবিষ্যৎ অর্থনীতির পরিকল্পনার বুনিয়াদ সৃষ্টি করা হয়েছে। এছাড়া আর একটা জিনিস লক্ষ্য করবেন যে দ্বিতীয় পরিকল্পনায় প্রথমে যে হিসাব করা হয়েছিল তার চেয়ে বেশী অর্থ রাজ্য সরকার সংগ্রহ করতে সক্ষম হয়েছেন। তৃতীয় পরিকল্পনার জন্য সরকার তাই আরও বড় ও অধিকতর ব্যাপক একটা পরিকল্পনা রচনা করেছেন। এইসব কারণেই ডাঃ রায় এই দৃঢ় প্রত্যয়ের কথা বলতে সক্ষম হয়েছেন। এজন্য শিল্পোৎপাদন, কৃষি উৎপাদন ইত্যাদি বিবিধ দিকেই অগ্রগতির চিহ্ন সুস্পষ্ট হয়ে আছে। শিল্পোৎপাদনের সূচক মানের কথা বাজেট বিবৃতিতে বলা হয়েছে। ১৯৫১ সালকে ভিত্তি করে আমরা দেখছি যে প্রতি বছরই বৃদ্ধির হার বেড়ে চলেছে। ১৯৫১ সালকে ভিত্তি করে ১৯৬০ সালের আগষ্ট মাস পর্য্যন্ত দেখতে পারি সাধারণ সূচক মান ছিল ১৭২-এ—১ বছর আগে সেই সূচক মান ছিল ১৫২·৯, ২ বছর আগে ছিল ১৩৬·৯। ম্যানুফ্যাকচারিং ইণ্ডাষ্ট্রির হিসাব যদি দেখি তাহলে দেখব যে ঠিক এইভাবেই ১৯৬০ সালে সূচক মান হল ১৬৮·৪, এক বছর আগে ছিল ১৫০-এ, ২ বছর আগে ছিল ১৩৪·২। Cotton Textile-এ দেখি যে ঠিক এভাবেই দ্রুত হারে বেড়ে যাচ্ছে—অর্থাৎ ১৯৫০ সালে আগষ্টে ১১৮·৬ সূচক মান হল, এক বছর আগে ১১৪·৬ ছিল এবং ২ বছর আগে ১১০·২ ছিল। এইগুলিই আমাদের শিল্পক্ষেত্রে অগ্রসরের সুস্পষ্ট ইঙ্গিত। শিল্পক্ষেত্রে যারা বহুদিন থেকেই অগ্রসর এরূপ সুপ্রতিষ্ঠিত সেসব বিদেশী রাষ্ট্রের কথা যদি আলোচনা করি তাহলে বোধহয় কিছুটা দৃঢ় প্রত্যয়ের সঞ্চার নিজেদের মনের মধ্যে করতে পারব, ১৯৫৩ সালকে ভিত্তি করে যদি ইউ. কে.-এর শিল্পের হিসাব করি তাহলে দেখব যে ১৯৫৮ সালের হিসাব হচ্ছে ১১৪, ১৯৫৯-৬০ সালের হিসাবে ১২১ এবং ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসের হিসাব হচ্ছে ১২৮।

[4-10—4-20 p.m.]

শিল্প উৎপাদন ক্ষেত্রে আমেরিকার হিসেব হচ্ছে ১৯৫৮-৫৯ সালে ১০৫, ১৯৫৯-৬০সালে ১১৮ এবং ১৯৬০ সালেও প্রায় সেই রকম, অর্থাৎ ১১৭। তারপর পশ্চিম জার্মানির মত শিল্প-সমৃদ্ধ দেশ আর নেই এবং তাদের শিল্পক্ষেত্রে অগ্রগতির হার আমাদের তুলনায় অনেক বেশী—অর্থাৎ তাঁদের ১৯৫৮-৫৯ সালে যেটা ছিল ১৫২, ১৯৫৯-৬০ সালে সেটা হয়েছে ১৬৭ এবং তারপর ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে সেটা হয়েছে ১৮৩। তবে শিল্পক্ষেত্রে অন্যান্য অগ্রসরশীল দেশের অগ্রগতির হার যদিও আমাদের তুলনায় অনেক বেশী কিন্তু তা সত্ত্বেও আমাদের হতাশ হবার কোন কারণ নেই। তারপর ক্যানাডার সূচক মান ১৯৫৮-৫৯ সালে ছিল ১২০, ১৯৫৯-৬০ সালে ছিল ১৩০ এবং ১৯৬০ সালের আগস্টে হয়েছে ১১৮। জাপান এই সময়ের মধ্যে শিল্পক্ষেত্রে আমাদের চেয়ে আরও দ্রুতহারে অগ্রগতি করেছে এবং ১৯৫৩ সালকে সূচক ধরলে সেখানকার শিল্প উৎপাদনের সূচক হচ্ছে ১৯৫৮-৫৯ সালে ১৭৩, ১৯৫৯-৬০ সালে ২২২ এবং ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে ২৬৮। যা হোক্, শিল্পের উৎপাদন ক্ষেত্রে আমি মনে করি ইস্পাত, লোহা, সিমেণ্ট এবং কয়লাই হলো প্রধান এবং ভিত্তিক জিনিস এবং সেগুলোর হিসেব যদি দেখি তাহলে আমরা নিশ্চয়ই আশায় উদ্দীপিত হতে পারব। যেমন, পিগ্ আয়রণ এ্যাণ্ড ফেরো অ্যালয়-এর মাসিক গড় উৎপাদন যেখানে ১৯৫১ সালে ছিল ১ লক্ষ ৫২ হাজার টন সেটা ১৯৫৮ সালে হয়েছে ১ লক্ষ ৭৫ হাজার টন এবং তারপর ১৯৬০ সালে হয়েছে ৩ লক্ষ ৪৮ হাজার টন। তারপর ফিনিস্ড্ ষ্টীল ১৯৫১ সালে ৯০ হাজার টন, ১৯৫৮ সালে ১ লক্ষ ৮০ হাজার টন এবং ৬০ সালের আগষ্ট পর্য্যন্ত এই ১ লক্ষ ৮০ হাজার টন। মাননীয় স্পীকার মহাশয়, শিল্পের অগ্রগতির ক্ষেত্রে এবং জাতীয় নিরাপত্তার খাতিরে ইস্পাত উৎপাদনের উপর যে বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে সে বিষয়ে যদিও কিছু বলার নেই কিন্তু তবুও আমরা দেখছি যে অন্যান্য দেশের তুলনায় ইস্পাত উৎপাদনের ব্যাপারে আমরা অনেক পিছিয়ে আছি। সেদিন জ্যোতিবাবু বলেছিলেন যে ইজিপ্ট-এর মত একটা দেশ তারাও আমাদের চেয়ে মাথাপিছু বেশী আয় করে। কথাটা যদিও তিনি ঠিকই বলেছেন কিন্তু একটা জিনিস যদি লক্ষ্য করি তাহলে দেখব যে মাথাপিছু যে ইস্পাত খরচ হয় এবং যেটা আয় হয় তার মধ্যে একটা সামঞ্জস্য আছে। অবশ্য এটা ঠিক যে লোহা এবং ইস্পাত উৎপাদনের ক্ষেত্রে ইজিপ্ট-এর উৎপাদন আমাদের চেয়ে অনেক বেশী এবং আইল্যাণ্ড, ফিলিপাইন প্রভৃতির মত দেশ ইস্পাত উৎপাদনের ব্যাপারে অনেকদিন থেকেই আমাদের চেয়ে এগিয়ে রয়েছে। তবে সিমেণ্টের উৎপাদন ১৯৫১ সাল থেকে গড়পড়তা ৩ গুণ বেড়েছে, অর্থাৎ ১৯৫১ সালে যেখানে গড়পড়তা মাসিক উৎপাদন ছিল ২ লক্ষ ৬৬ হাজার টন ১৯৫৮ সালে সেটা হয়েছে ৫ লক্ষ ৬৯ হাজার টন এবং ১৯৬০ সালের আগষ্টের হিসেব হচ্ছে ৬ লক্ষ ১৯ হাজার টন। কিন্তু এত উৎপাদন হওয়া সত্ত্বেও যদি আমাদের মাথাপিছু সিমেণ্ট খরচের হিসেব দেখি তাহলে আমরা হতাশ হব, অর্থাৎ যেখানে আমাদের মাথাপিছু সিমেণ্ট খরচা হয় ৪০ পাউণ্ড সেখানে মার্কিণ যুক্তরাষ্ট্রে ৬০০ পাউণ্ড, জার্মাণী ৬৫০ পাউণ্ড, ইউ. কে. ৪৫০ পাউণ্ড, ফ্রান্স ৪৫০ পাউণ্ড এবং অন্যান্য দেশে আরও বেশী খরচ হয়। সুতরাং এদিকে যে আমাদের আরও বেশী করে নজর দিতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তারপর কয়লার হিসেব যদি দেখি তাহলে দেখব যে, ১৯৫১ সালে যেখানে আমাদের গড়পড়তা মাসিক উৎপাদন ছিল ২৮ লক্ষ টন সেটা ১৯৬০ সালে বেড়ে হয়েছে ৪২ লক্ষ টন এবং এ থেকেই দেখা যায় যে আমাদের শিল্পের বনিয়াদ খুব দৃঢ়ভাবে রচিত হয়েছে। তারপর ভোগ্যপণ্যের হিসেব দেখলে দেখব যে অনেকগুলো ভোগ্যপণ্যের উৎপাদন বেড়েছে এবং তার হিসেব বাজেট বিবৃতির মধ্যে রয়েছে। তবে এছাড়া আরও কতগুলোর হিসেব যদি দেখি তাহলে দেখা যাবে যে ভোগ্যপণ্যের উৎপাদন দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে এবং এ থেকেই বোঝা যায় যে আমাদের দেশের লোক আগের চেয়ে এখন অনেক বেশী পরিমাণে সেগুলো ব্যবহার করছে এবং তাদের জীবনযাত্রার মানোন্নয়ন হয়েছে।

ফুটওয়ারের কথা যদি ধরা হয় তাহলে চামড়ার জুতায় ১৯৫১ সালে যেখানে মাসিক গড় উৎপাদন ছিল ৪ লক্ষ ৭৬ হাজার সেখানে ১৯৬০ সালের হিসাব হচ্ছে ৭ লক্ষ ৫৪ হাজার। রবারের জুতার উৎপাদন ১৯৫১ সালে যেখানে হয়েছে ১৯ লক্ষ সেখানে ১৯৬০ সালে দ্বিগুণের বেশী প্রায় ৪০ লক্ষ গড়পড়তা মাসিক উৎপাদন হয়েছে। সাবানের ব্যবহার আমাদের দেশে যে কত বেড়েছে সেটা লক্ষ্য করবার বিষয়। ১৯৫১ সালে যেখানে ৬ হাজার ৯ শো ৫৩ টন সাবান মাসে উৎপন্ন হয়েছে সেখানে ১৯৫৯ সালে দেখতে পাচ্ছি ১০ হাজার ৮ শো ৩৩ টন মাসে উৎপন্ন হয়েছে। এই উৎপাদন হিসাবের মধ্যে শুধু অর্গানাইজড্ ইণ্ডাস্ট্রির হিসাব ধরা হয়েছে, ছোটখাট ইণ্ডাস্ট্রিতে যে কত উৎপাদন হয় তা এর মধ্যে ধরা হয় নি।

বাই-সাইকেলের কথা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন। আমাদের দেশে বাই-সাইকেলের উৎপাদন এইরকম দ্রুত হারে বেড়ে চলেছে যে ১৯৫৯ সালে যেখানে ১০ লক্ষ বাইসাইকেল উৎপন্ন হয়েছে সেখানে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আমার মনে হচ্ছে এবং পরিকল্পনা হয়েছে নাকি ২॥ মিলিয়ান অর্থাৎ ২৫ লক্ষ বাই-সাইকেল প্রতি মাসে উৎপন্ন হতে পারবে। আমরা বাই-সাইকেলের যুগে প্রবেশ করেছি, এবারে আরও উন্নততর যানবাহনের যুগে সামগ্রিকভাবে প্রবেশ করতে পারব।

সার উৎপাদন সম্পর্কে কিছু বলতে চাই। সার উৎপাদনের প্রয়োজনীয়তা কেউ অস্বীকার করে না, আরও দ্রুতহারে বেশী পরিমাণে সার উৎপাদন হোক এ আমরা চাই। তাই আমরা দেখছি দুর্গাপুরে ফার্টিলাইজার প্ল্যান্ট স্থাপন করবার জন্য ১ কোটি ১৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বাংলাদেশে একর পিছু বা বিঘা পিছু অনেক বেশী উৎপাদন বৃদ্ধি করার প্রয়োজন হয়েছে সে সম্পর্কে কোন সন্দেহ নেই। তবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টার্গেট ছিল সেই টার্গেটে উৎপাদন করলে ভারতবর্ষে সারের যতখানি প্রয়োজন ততখানি প্রয়োজন মিটতে পারে না। সেজন্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমগ্র উৎপাদন সত্ত্বেও তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সারের উৎপাদনের উপর অধিক গুরুত্ব দেওয়া হোক এ আমরা চাই। সেইজন্য দুর্গাপুরে এই সার উৎপাদনের কারখানাটি স্থাপনের জন্য আমরা বিশেষ আনন্দ প্রকাশ করছি। আমরা কেউ অস্বীকার করতে পারব না যে পাইকারী মূল্যের সূচক সংখ্যা বেড়ে গেছে—সেটা আমাদের মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন। আমরা যদি পাইকারী মূল্যের সূচক সংখ্যা দেখি তাহলে দেখব ১৯৫২-৫৩ সালকে ভিত্তি ধরে নিলে ১৯৫৯-৬০ সালে সেটা হয়েছে ১১৮'৬ এবং ১৯৬০ ৬১ সালে এই পাইকারী মূল্যের সূচক সংখ্যা আরও বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে এই রকম হিসাব আমরা দেখতে পাচ্ছি। ফুড আর্টিকেলস-এর বেলায় ১৯৫২-৫৩ সালকে ভিত্তি করলে ১৯৫৯-৬০ সালে সূচক হয়েছে ১১৬'৯। কিন্তু এই খাদ্যদ্রব্যের মূল্য মান ১৯৫৯ সালের ডিসেম্বর মাসে কমে হয়েছে ১১৫ ৫—নভেম্বর, অক্টোবরে যে সূচক ছিল তার তুলনায় ডিসেম্বরে হ্রাস হয়েছে প্রায় শতকরা ০৫। খাদ্যদ্রব্যের ভিতর সিরিয়ালস যদি ধরি তাহলে দেখতে পাব ১৯৫২-৫৩ সালকে ভিত্তি হিসাবে ধরে ১৯৬০ সালের ডিসেম্বর মাসে সূচক হয়েছিল ৯৮।

[4-20—4-30 p.m.]

১৯৫৯-৬০ সালে সূচক ছিল ১০৩—দামটা কমের দিকে গিয়েছিল। আমার কথা হচ্ছে দাম যদি খুব বেশী বাড়ে তাহলে আমাদের পক্ষে খুব কঠিন অবস্থা হয়—আমাদের তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টার্গেট আছে সে ভাল করে আমরা কিছুতেই পূর্ণ করতে পারবো না। এর মধ্যে শ্রমিক শ্রেণীর জন্য মূল্যের যে সূচক সংখ্যা আছে সেটা আপনার কাছে বলতে চাই। ১৯৫৯-৬০ সালকে যদি আমরা ভিত্তি করি তাহলে দেখতে পাচ্ছি ১৯৫৯-৬০ সালে সেই সূচক সংখ্যা দাঁড়িয়েছে ১২৩, ১৯৬০

সালে সেই সূচক সংখ্যা নভেম্বর মাসে গিয়ে দাঁড়াচ্ছে ১২৫ অর্থাৎ বেড়েছে এটা আশঙ্কার কথা। আমরা যদি হোল্ডিং দি প্রাইস লাইন যথাসম্ভব রক্ষা করতে না পারি তাহলে আশঙ্কার কথা। অল ইণ্ডিয়া ফিগার কোলকাতায় ১৯৫৯ সালে শ্রমিক শ্রেণীর পণ্য মূল্যের সূচক সংখ্যা ছিল ১১২, নভেম্বর ১৯৬০ সালে ১১২। বোম্বে, মাদ্রাজ, নাগপুরে এই সংখ্যা আরো বেশী ছিল। বোম্বেতে ছিল ১৩৮, মাদ্রাজ ১৫০, নাগপুর ১৩৫। এটা আমাদের পক্ষে বিশেষ আনন্দের কথা। এই সঙ্গে আমার অন্যান্য অগ্রসর দেশগুলির সঙ্গে তুলনা করতে ইচ্ছা হয়। ইউনাইটেড কিংডম ১৯৬০ সালের হিসাবে দেখতে পাচ্ছি ভোগ্য দ্রব্যমূল্যের সূচক মান ছিল ১২০ ১৯৫৩ সালকে ভিত্তি করে ইউ. এস. এ. ১৯৬০ সালের সেপ্টেম্বরে ছিল ১১১, ওয়েষ্ট জার্মানী ১৯৬০ সালের সেপ্টেম্বর মাসে ছিল ১১৪, কানাডা ১৯৬০ সালের সেপ্টেম্বরে ছিল ১১১, জাপানে ঐ সময়ে ছিল ১১৭ অর্থাৎ ভোগ্য পণ্যমূল্যের সূচক সংখ্যা সব জায়গায় বেড়েছে কিন্তু তাই বলে এটা সমর্থনযোগ্য নয়। আমাদের দেশের অর্থনীতি যে দুর্বল নয় এটা দেখানোর জন্য আমি এই কথার অবতারণা করলাম। এই সঙ্গে বাজেটে যে সমস্ত বরাদ্দ হয়েছে সে সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। দুর্ভিক্ষ খাতে ত্রাণ ব্যয় বাবদ্ শিল্পব্যবস্থার প্রয়োজন হতে পারে মনে করে ৫ কোটি ৪৫ লক্ষ টাকা কম বরাদ্দ করা হয়েছে। এটা হয়ত ঠিকই যে এখন আমাদের দেশে দুর্ভিক্ষের অবস্থা নেই এবং এবছর খুব ভাল ফসল উৎপাদন হয়েছে, খাদ্যশস্যের দাম নিম্নাভিমুখী সব কথা ঠিকই। তা সত্ত্বেও একথা কেউ অস্বীকার করতে পারবেন না যে আমাদের গ্রামাঞ্চলে বহু কর্মপ্রার্থী আছেন অথচ তাঁরা কর্মহীন এবং তারা অত্যন্ত দরিদ্র নিরন্ন অবস্থায় বছরের মধ্যে কিছুকাল কাটাতে বাধ্য হন। সেজন্য এই সমস্ত কর্মপ্রার্থী কর্মহীন লোকদের কর্ম এবং খাদ্য সরবরাহ করবার জন্য একটা বিশেষ ব্যবস্থা করা দরকার। সেই ব্যবস্থা টেষ্টরিলিফ কার্যের ভেতর দিয়ে হোত। টেষ্ট রিলিফ কার্যের যে ডেফিনিসনই দেয়া হোক্ না কেন টেষ্টরিলিফ কার্যের স্বরূপ বদলে গেছে। কাজেই আজকে এই সব নিরন্ন লোকগুলিকে দিয়ে সেচ নিকাশ রাস্তাঘাট প্রভৃতি উন্নয়নমূলক কাজ, বিশেষ করে কৃষি উন্নয়নমূলক কাজ করা যেতে পারে এবং তাতে করে এঁদের কাজ দেয়া যেতে পারে। আমাদের দেশের সম্পদ উৎপাদনের কাজে তাঁদের সাহায্য পেতে হবে। আর একটা কথা বলবো—ল্যাণ্ড রেভিনিউ খাতে অনেক টাকা বরাদ্দ করা হয়েছে, এটা নিশ্চয়ই দরকার—কিন্তু ল্যাণ্ড রেভিনিউ খাতে সেটেলমেণ্ট অপারেসনে, বিশেষ করে রিভিসনাল সেটেলমেণ্ট অপারেসনের জন্য যে সমস্ত ব্যয় করা হয় সেগুলিকে প্ল্যানিং এক্সপেণ্ডিচার হিসাবে গণ্য করা উচিত। পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ভূমিসংস্কারের জন্য কতকগুলি নির্দেশ আছে—কতকগুলি লক্ষ্য এবং আদর্শ স্থির করে দেয়া হয়েছে। সেদিকে লক্ষ্য রেখে আমাদের রিভিসনাল সেটেলমেণ্ট অপারেসনের ব্যয়ভার বহন করতে হচ্ছে। এই ব্যয়ভার নর্ম্যাল এক্সপেণ্ডিচার হিসাবে গণ্য না করে প্ল্যানিং এক্সপেণ্ডিচার হিসাবে গণ্য করা উচিত এবং সেইভাবে প্ল্যানিং কমিশনের কাছ থেকে নির্দেশ নেয়া উচিত। আমার নিজের ধারণা প্ল্যানিং কমিশন এবিষয়ে আলোচনা করছেন এবং আমরা চেষ্টা করলে এটাকে প্ল্যানিং এক্সপেণ্ডিচারের মধ্যে নিযুক্ত করতে পারবো। এই কথা বলে আমি পুনরায় আমাদের অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি।

Dr. Prafulla Chandra Ghose :

মাননীয় ডেপুটি-স্পীকার মহোদয়, এটা বোধহয় বর্তমান বিধানসভার শেষ বাজেট আলোচনা। পুরাপুরিভাবে বাজেট এরপরে আমরা আর আলোচনা করতে পারবো না। কিন্তু আমি একথা স্পষ্ট বলছি যে কংগ্রেস পক্ষের মনোভাব দেখে অনেক সময় বলতেও ইচ্ছা হয় না। শ্রীশঙ্করদাস ব্যানার্জী মহাশয়কে আমি একজন তীক্ষ্ণধী লোক বলে মনে করি,

একজন বুদ্ধিমান লোক বলে মনে করি। কিন্তু তিনিও, তাঁর মত লোকও এই রকম যুক্তি দেন যে বিরোধীপক্ষ এই কথা বলছেন, কেননা এটা একটা যেন stunt। কিন্তু তাঁর এটা যুক্তি নয়, এটা গালাগালি। তারপর তিনি বলেছেন জহরলালজী দেশের জন্য অনেক ত্যাগ স্বীকার করেছেন। এটাও কোন যুক্তি নয়। কিন্তু আজ মনে হচ্ছে এর পরে কংগ্রেস পক্ষ থেকে হয়ত কেউ দাঁড়িয়ে উঠে বলবেন "প্রফুল্লবাবু, আপনি বোধহয় ন্যায় শাস্ত্র পড়েননি। ন্যায়শাস্ত্রে আছে 'আপ্তবাক্য প্রমাণম্'। জহরলালজী এবং ডাঃ বিধান রায়ের কথা আপ্তবাক্য, অতএব প্রমাণ—একেই মেনে নিতে হবে। এই ন্যায় শাস্ত্র। এই কথা হয়ত আর দু-দিন বাদে শুনতে হবে। তারপর আরও দেখা যায়—এখানে কোন যুক্তির কথা হলেই, মন্ত্রীদের বিষয়ে কোন কথা উঠলেই ওঁরা বলেন "আমাদের পিছনে জনগণ আছে—কারণ, আমরা ভোট পাচ্ছি।" আমি বলছি এটাও কোন যুক্তির কথা নয়। ভোট পেলেও, সেটা যুক্তিহিসাবে নিতান্ত অসার। তা যদি না হয়, এবং এই মনোবৃত্তি থাকে তাহলে গণতন্ত্রের সমাধি রচনা হবে। কংগ্রেস পক্ষ বলতে পারে তোমরা, বিরোধী পক্ষও এই রকম করো। তাহলে আমি বলবো 'সোনায় সোহাগা হয়েছে', গণতন্ত্রের সমাধিও শীঘ্রই হবে। এটা কোন যুক্তি নয়। সরকার ও বিরোধীপক্ষের ছাত্য জ্ঞান যদি গণতন্ত্রে না থাকে, তাহলে তাতে দেশের দুর্দিন এই কথা বলবো। আমি আশাকরি যুক্তি, তর্ক দিয়ে আমাদের দেশের কাজ পর্য্যালোচনা করবো। আমাদের অর্থমন্ত্রী সারা ভারতের অর্থনীতি এবং আর্থিক উন্নতির সম্ভাবনার কথা বলে, ঠিকই করেছেন। কারণ সারা ভারতের পরিপ্রেক্ষিতে বাংলার অর্থনীতিকে বিচার করতে হবে। অর্থমন্ত্রী মহাশয় একটা চিত্র তুলে ধরেছেন। কি সে চিত্র? সে চিত্র হচ্ছে আমাদের জাতীয় আয় বেড়েছে, খাদ্যশস্য উৎপন্নের পরিমাণ বেড়েছে, শিল্পের উন্নতি হয়েছে, স্কুল কলেজে ছাত্রসংখ্যা বেড়েছে, ইলেকট্রিক লাইটের সংখ্যা বেড়েছে, অতএব সরকারী ব্যবস্থা উত্তম। যদি হ'ত তাহলে আমি সবচেয়ে খুসী হতাম।

কিন্তু একটা কথা বলতে অর্থমন্ত্রী মহাশয় ভুলে গিয়েছেন, কিম্বা ইচ্ছা করেই বলেননি, কিনা, জানিনা, যে ভারত গভর্ণমেণ্ট কোটী কোটী টাকা, শয়ে শয়ে, হাজারে, হাজারে নিয়ে আসছেন। এবং তারপর যে সমস্ত চুক্তিতে ধার শোধ করবেন বলেছিলেন, এখন বলছেন সেই ধার শোধ দিতে পারছি না; এটা ডেফর্ডে পেমেণ্ট করবো, আমাদের ঋণ শোধ করবার ক্ষমতা নেই।

পরশুদিন ভারত গভর্ণমেণ্টের এক ভূতপূর্ব ডেপুটি সেক্রেটারীর সঙ্গে আমার কথা হচ্ছিল, তিনি বলেন 'আন্তর্জাতিক ঋণ' আর কে কবে শোধ দেয়। অতএব ঋণ আর শোধ দিতে হবে না, এঁরা এইটাই ভেবে ঠিক করেছেন। এই রকম অবস্থা মনে হচ্ছে ঋণ শোধ করবার ক্ষমতা এঁদের নেই। শুধু নেই নয়। এই যে বড় বড় ইস্পাতের কারখানায় যা উৎপাদন হবে বলেছিলেন, সেই উৎপাদনও হবে না। এবং সেই আয়ও হবে না। অতএব ঋণ শোধ করবার ক্ষমতাও হবে না। আমাদের সহকর্মী শ্রীশ্যামাদাস ভট্টাচার্য্য মহাশয় পশ্চিম জার্মানীর কথা বলেছেন। আরে বাবা, পশ্চিম জার্মানীর কাছ থেকে ৮০ কোটী টাকা ধার করেছো, আর ঋণ পরিশোধ করবার সময় ডেফর্ড পেমেণ্টের কথা বলা হচ্ছে। এই হচ্ছে পশ্চিম জার্মানী আর ভারতবর্ষের অবস্থা। তারপর আরও তিনি বলেছেন, জাতীয় আয় বেড়েছে। জাতীয় আয়ও নিশ্চয়ই বেড়েছে। ১৯৫৮-৫৯ সালে আয় বেড়ে হয়েছে—১১ হাজার ৬৯০ কোটী টাকা। এবং এর পরের বছর ১১ হাজার ৭৫০ কোটী টাকা। অর্থাৎ ৬০ কোটী টাকা আয় বেড়েছে।

[4-30—4-40 p.m.]

অর্থাৎ আয় ৬০ কোটী টাকা বেড়েছে, মানে প্রায় ½% বেড়েছে। আর জনসংখ্যা বেড়েছে অন্ততঃ ১½% অর্থাৎ মাথা পিছু আয় বছরে কমে গিয়েছে। নমুনা দেখুন steady increase না কি! প্রথম কথা কিছু increase হতে পারে, ফলে জাতীয় আয় বাড়তে পারে কিন্তু এতদিন

পণ্ডিত নেহেরু কমিশন বসাচ্ছেন টাকা গেল কোথায় তার জন্য। বাংলাদেশেও এরকম একটি কমিশন বসান দরকার। আমি বলছি কমিশন বসালেই হবেনা যদিও অনেক বন্ধু সে কথা বলেছেন। কমিশন বসালে শিল্পপতিরা দেখিয়ে দেবে উকীল ব্যারিস্টার রেখে যে আমাদের কাছে টাকা নাই, সব টাকা জমেছে কৃষকদের কাছে হয়ত শ্যামাদাসবাবুর ওখানকার লোক পেয়েছে। [a voice : যা, উনি বলেছেন পায়নি।] যাই হউক্ এটা যেন তিনি দেখিয়ে দেন। সেজন্য আমি একটা উপায় বাতলাচ্ছি, জানিনা কংগ্রেসের লোকদের সাহস হবে কিনা সেটা করতে। ভারতের পুরানো মুদ্রাকে নূতন মুদ্রায় পরিণত করুন demonetise the whole currency তাহলে দেখবেন কার কাছে কত টাকা আছে, দেশের যে জমা সম্পত্তি তা বেরিয়ে পড়বে। দেশের লুকান সম্পদ বার করবার ক্ষমতা বা প্রবৃত্তি হয়ত এদের নাই, যদি থাকে তো সাহস করে এটা করবেন। কালোবাজারী টাকা কোথায় যাচ্ছে? কালোবাজারে জমির দাম এত বেড়েছে, কলিকাতায় ১০।১১ হাজার হয়ে গেছে এক এক কাঠার দাম। সেদিন একজন বলছিলেন কলকাতার জমির দাম নিউ ইয়র্কের মত সুতরাং ভারতবর্ষ আমেরিকার সমান ধরুন। আজকে কালোবাজারী টাকায়ই দেশের এই দুরবস্থা হয়েছে। তারপর আয়ের কথা এ উৎপাদনের পরিমাণের কথা বলা হয়েছে। শ্রীশ্যামদাসবাবু এবং খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন মহাশয় দেখছি নাই। সংখ্যাতত্ত্ব বিশারদ প্রফুল্ল সেন মশায় বলেছেন ভারতীয় কৃষিবিভাগে এটা হয়েছে Eastern Economist-এ বেরিয়েছে এই বলে গত বছরের বাজেট সংখ্যা দিয়েছেন, শ্যামাদাসবাবুও অনেক figure দিয়েছেন। তাঁরা যদি graph plan, agricultural production দেখেন ১৯৪৬-'৪৭-'৪৮ সালের এবং ১৯৫৮-৫৯ সালের তাহলে দেখবেন ৭৩০ পাউণ্ড per acre উৎপন্ন হয়েছে, গত ১০ বছরে উৎপন্নের পরিমাণ গড়ে ৭২০ পাউণ্ড চাল উৎপাদনের পরিমাণ কমে গিয়েছে; আর গম উৎপাদনের পরিমাণ ৪% বেড়েছে। এই হচ্ছে Eastern Economist-এর হিসাব। আর কৃষির যা উন্নতি হয়েছে সেটা হয়েছে শুধু প্রচারপত্রে। আমরা দেখছি ভারত গভর্ণমেণ্টের প্রচারপত্র ডাঃ গোয়েবলসকেও ছাড়িয়ে গেছে। আমি মনে করিনা অনবরত অসত্য প্রচার করলেই সত্য হবে। Truth is nothing but persistent propaganda অনবরতঃ প্রচার করিলেই তা সত্য হবে—এটাই দেখছি ভারত গভর্ণমেণ্টের নীতি।

তারপর কাপড়ের consumption নাকি দ্রুত বেড়ে যাচ্ছে; ১৯৪৭-৪৮ সালে ১৫ গজ ছিল মাথাপিছু—১৯৫৮-৫৯ সালে হয়েছে ১৬ গজ। বাড়তে পারে কিন্তু আমার মত বুর্জোয়া শ্রেণীর অংশের পরিমাণ বাড়েনি। তার চেয়ে বড় বুর্জোয়াদের বাড়তে পারে—তারা অনেক বেশী কাপড় পরে। কিন্তু দরিদ্রদের কাপড়ের পরিমাণ বাড়েনি। চিনি এবং গুড় মিলিয়ে ১৯৪৮ সালে খেতো ২৯'৭ পাউণ্ড তা কমে হয়েছে ২৯'৩ পাউণ্ড। অনেক কমে গেছে চিনি এবং গুড় খাওয়া। চাল বা ভাত খাবার পরিমাণ যা হয়েছে তাতে দেওয়া ছিল। এখন কত consumption তার কোন হিসাব নেই, শুধু হিসাব আছে net availability। অর্থাৎ তারাই পেতে পারে যাদের পয়সা দিয়ে কিনবার ক্ষমতা আছে। ১৯৪৮ সালে ছিল ৩০৮ আর এই ১০ বৎসরে গড় করলে হয় ৩৩০, অর্থাৎ ১০ ভাগের ১ ভাগ বেড়েছে। এই হচ্ছে net availability। আর দুনিয়ার মধ্যে Food and Agricultural Commission, যার সভাপতি ভারতবর্ষের বি. আর. সেন, সেখান থেকে বলেছেন পৃথিবীর মধ্যে সবচেয়ে কম খাওয়ার দেশ হচ্ছে ভারতবর্ষ। এই আমাদের উন্নতি হয়েছে। এটাকে উন্নতি বলে কিনা আমি জানিনা, শ্যামাদাস বাবু জানতে পারেন। কিন্তু এর প্রতিকার কি? একমাত্র প্রতিকারের কথা তাঁরা বলেন, লোক বৃদ্ধি হচ্ছে লোক বৃদ্ধি কমান। ইংরাজরা যখন ছিল তখন এঁরা বলতেন ইংরাজদের জন্য আমাদের এই দুরবস্থা, আর ইংরাজের পর যারা শাসন-দণ্ড হাতে নিলেন তখন কিসের জন্য

দুরবস্থা? না লোক বাড়ছে। ইংরাজ রাজ্য যখন ছিল তখন কি আমাদের লোক বাড়েনি? তখনও আমাদের রাজ্যে লোক বেড়েছে। তবে কি এঁরা ভেবেছিলেন যে এঁরা মন্ত্রী হলে দেশে সন্তান জন্মাবে না? Family Planning যদি করা হয় তাহলে প্রফুল্লবাবু family planning-র জন্য সর্বত্রই বক্তৃতা দিয়ে বেড়াচ্ছেন, তাঁর চেষ্টার ফলে কি হয়েছে তা বলুন। এখানে এই অভিযোগ যখন করা হয় যে সকলকে খাদ্য দিতে পারেন কিনা তাতে তিনি বলেন বাংলা দেশে একজনও না খেয়ে মরে নি। কিন্তু এতেও তাঁর কোন কৃতিত্ব নেই। দয়া করে আমেরিকা, ক্যানাডা তাদের খাদ্য দিয়েছে। এই কয়েক বৎসরে ১৫ শত কোটি টাকার খাদ্য বিদেশ থেকে আমাদের আনতে হয়েছে। পৃথিবীর অন্য কোন দেশ হলে লজ্জায় অধোবদন হয়ে যেতো। কিন্তু আমরা এ জিনিষের ধার ধারি না। বেড়েছে কি? যা আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন, অর্থমন্ত্রীও বলেছেন Excise Revenue। অর্থাৎ মদ খাওয়া বেড়েছে। অর্থাৎ নৈতিক অধঃপতন হয়েছে। আমাকে একজন S. D. O. বলেছিলেন—What am I to do—every third house is a distillery here। অর্থাৎ একমাত্র কুটির শিল্পের প্রসার হচ্ছে তা এই মদ চোলাই। অর্থাৎ এই যদি হয়, অধিকাংশ লোককেই অনুসরণ করতে হবে তাহলে শ্যামাপদবাবুকেও ঐ পন্থা অবলম্বন করতে হবে। কাজেই মদ খাওয়া বেড়েছে। আর জেলে লোক সংখ্যা বেড়েছে। আমি যখন ছিলাম, ১৯৪৭ সালে যখন আমরা শাসনভার নিই, তখন আমরা জেনেছিলাম পশ্চিমবঙ্গের Central Jail-এ বিশেষ করে Presidency Jail ও Alipore Central Jail-এ অধিকাংশ দীর্ঘ মেয়াদী কয়েদী ছিল এবং তারা অধিকাংশই পূর্ব বাংলার। এইজন্য আমি Sir Nazimuddin-কে বারবার চাপ দিয়েছিলাম এদের নিয়ে যাবার জন্য। এবং আমার ইচ্ছা ছিল যে Presidency জেলকে বিক্রী করে আমাদের নিজেদের টাকা দিয়ে একটা বৈজ্ঞানিক বিশ্ববিদ্যালয় করবো। কিন্তু বর্তমানে কি অবস্থা হয়েছে? সব জেলই কয়েদীতে ভর্তি। পশ্চিমবঙ্গে কয়েদীর সংখ্যা বেড়েছে, তার অর্থ crime position খারাপ, আর মদ খাওয়া বেড়েছে। এই হচ্ছে এখানকার অবস্থা। এবং এই যদি ভাল অবস্থা হয় তাহলে জানিনা খারাপ অবস্থা কাকে বলে।

[4-40—4-50 p.m.]

দুর্নীতিতে ভরে গিয়েছে, অথচ মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সকল মন্ত্রীই বলেন না, না, না, কোথাও দুর্নীতি নাই, যা আছে তা অতি সামান্য, তার জন্য চিন্তা করার কিছু নাই। কাক যেমন চক্ষু বুজে চালের ভিতর খাবার লুকিয়ে রেখে পরে নিজেই খুঁজে পায় না, এঁদেরও সেই অবস্থা, ওঁরা কোথাও দুর্নীতি দেখতে পান না। কিন্তু তা বলে দুর্নীতি নাই একথা বলা ভুল হবে। আমি বলছি এই দুর্নীতি অত্যন্ত বেড়ে গিয়েছে। অবশ্য কোন কোন কংগ্রেসের লোক স্বীকার করে—সেদিন একজন কংগ্রেস M. P. train-এ যেতে যেতে বলছিলেন, প্রফুল্লবাবু দুর্নীতি অনেক বেড়ে গিয়েছে। আমি তাঁকে বলেছিলাম, আপনারা তো কংগ্রেসের লোক, ডাঃ রায়কে আপনারা বলুন না। তারপর, দুর্নীতির কথা বলতে গিয়ে আমি বলি দুর্নীতি বন্ধ করার প্রধান উপায় কি?—প্রধান উপায় হচ্ছে যদি লোকের মনে আস্থা থাকে যে বিচার হবে, সুবিচার হবে, আর যদি Public Service Commission যদি ঠিক থাকে তাহলে দুর্নীতি বন্ধ হবে, কারণ এই দুটোই হচ্ছে democratic country-তে দুর্নীতি বন্ধ করার উপায়। আমি বলিনা অমুকে খারাপ—আমি কোনদিন ব্যক্তিবিশেষের কথা বলতে চাইনা, এটা ভদ্রতাবিরুদ্ধ বলে মনে করি। অবশ্য নিতান্ত প্রয়োজন থাকলে আলাদা কথা। হাইকোর্টের জজেরা জজিয়তী ছাড়ার পর এই যে নতুন চাকরী নেন তাতে একপ্রকার দুর্নীতি হয়, কারণ তাঁরা তখন সকল সময় নিজেদের Government-এর ভৃত্য বলে চিন্তা করেন এবং কিভাবে চাকরী রাখবেন। তাঁদের

বয়ঃসীমা ৬০-৬৫ করুন, আমার কোন আপত্তি নাই। কিন্তু বর্তমান ব্যবস্থা চালু থাকলে লোকের মনে ধারণা হবে High Courtও বুঝি বিধানবাবুর অনুগত। একথা Public Service Commission-এর বেলায়ও খাটে, ভূতপূর্ব সরকারী চাকুরে যাঁরা Secretariat-এর সংগে যুক্ত ছিলেন তাঁরা নিতান্ত বশংবদ হয়ে কাজ করছেন, তাঁদের দিয়ে Public Service Commission গঠন করাও দুর্নীতির প্রশ্রয় দেওয়া। ইংরাজীতে যাকে বলে You must not merely be just, others also should feel that you are just.

এই যদি করতে পারতেন তাহলে ঠিক হত। আমি জানি রাশিয়া আমেরিকা প্রভৃতি দেশ আমাদের যথেষ্ট সাহায্য করেছে, সেজন্য তাদের ধন্যবাদ। কিন্তু আমি জ্যোতিবাবুর মত কথা বলব না। সর্বাগ্রে আমাদের নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করা উচিৎ। যার থেকেই ঋণ নিন না কেন, তাদের কাছে বাঁধা থাকতে হবে একথা অস্বীকার করে লাভ নাই, অস্বীকার করলে আমি মনে করব আপনারা ঠিক বুঝেন না। রাশিয়া থেকেই সাহায্য নিন, আর আমেরিকা থেকেই সাহায্য নিন, সবচেয়ে ভাল হচ্ছে নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা। বর্তমানে আমেরিকা, রাশিয়া বা ব্যক্তিবিশেষের কাছে ধার নেওয়াই আমাদের Government of India-র অর্থমন্ত্রীর কাজ হয়েছে, সারা দুনিয়ায় ভিক্ষার ঝুলি নিয়ে যাওয়াই যেন কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাজ। টাকা পেলে খুব ভাল, ১১০০ কোটি টাকার Sterling Balance ১৪০ কোটিতে এসে দাঁড়িয়েছে। আর কেবল foreign exchange নাই, foreign exchange নাই, এই রব। বৈদেশিক মুদ্রার ভিক্ষা বাড়ানই হচ্ছে অর্থমন্ত্রীর কাজ। কাজেই ঋণের বোঝা বাড়িয়ে লাভ নেই, বিশেষ করে বৈদেশিক ঋণ। ভারত সরকার ও বাংলাদেশের সরকারের উভয়েরই খরচ কমাবার চেষ্টা করা উচিৎ। খরচ যদি না কমাতে পারেন তাহলে অনেক দুর্গতি হবে। কিভাবে খরচ কমাতে পারেন সেকথা আমি বলব। বিধান সভার একটা কমিটি থাকা দরকার, পার্লামেন্টে যেমন বিভিন্ন কমিটি আছে এখানেও সেই রকম বিধানসভার কমিটি থাকা দরকার। একটা plan এসে আমাদের কাছে হাজির হয় আর অর্থমন্ত্রী মুখ্যমন্ত্রী বলেন আপনাদের সহযোগিতা চাই—অর্থাৎ আমরা কিছু জানিনা, details জানিনা, কিছুই জানিনা, অথচ সাহায্য চান। অর্থাৎ, সাদা কাগজে নাম দস্তখত করা। এই সাদা কাগজে দস্তখত কোন আত্মমর্য্যাদাসম্পন্ন লোক করতে পারে না। কাজেই এই যদি plan হয় তাতে ভারতবর্ষের কোন কল্যাণ হবেনা। তারপর, কুটীরশিল্প, কুটীরশিল্পের সর্বনাশ হয়ে গিয়েছে, এবং কুটীরশিল্পের পুনরুদ্ধার হবেনা যেভাবে সরকারী নীতি চলছে। তারপর দেখুন কৃষিবিভাগ, কৃষিবিভাগে উৎপন্নের পরিমাণ বাড়ছে না, তাহলে এত হাজার হাজার টাকা কেন কৃষিবিভাগে দেওয়া হবে? আমি জানি যদি শিক্ষার উন্নতি না হয়, কৃষির উন্নতি না হয়, কুটীরশিল্পের উন্নতি না হয়, জনকল্যাণ হবেনা, এবং আপনাদের বর্তমান নীতিতে কুটীরশিল্পের উন্নতি হবেনা। যদি কুটীরশিল্পের উন্নতি করতে হয় তাহলে বৃহৎ শিল্পের ও কুটীরশিল্পের ক্ষেত্র বিভাগ করতে হবে অথবা price equalisation করতে হবে, দামের সমতা রক্ষা করতে হবে—তবে যদি কুটীরশিল্প বাঁচতে পারে। তারপর সরকার থেকে ভাল ও উন্নত ধরণের বীজ সরবরাহ করার ব্যবস্থা করতে হবে। বর্তমানে যে বীজ সরকার থেকে দেওয়া হয় তা অধিকাংশ ক্ষেত্রে জন্মায় না, আর জন্মাবার পরে পাট চারা এতটা হতেই ফুল হয়ে যায়। এই হচ্ছে অবস্থা। এই অবস্থার উন্নতি করতে হলে সরকারকে বীজের germination percentage সম্পর্কে guarantee দিতে হবে, এবং quality যদি ঠিক না হয় তাহলে ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। তারপর, সারের মধ্যেও চোরাকারবার। সারের চোরাকারবার বন্ধ করার ব্যবস্থা করতে হবে। আমাদের কৃষিমন্ত্রী ও তাঁর সুযোগ্য সেক্রেটারী বা ডাইরেক্টার এঁরা যদি পশ্চিম বাংলায় ৪।৫টা কার্ম করতে পারেন—৪।৫টা কৃষি কার্ম করুন বিভিন্ন রকম জমিতে, কারণ নদীয়া, মুর্শিদাবাদ, বর্ধমান প্রভৃতি

জেলার জমির গুণের মধ্যে পার্থক্য আছে—যদি দেখাতে পারেন যে, Superintendent-কে ৩০০ টাকা মাইনে আর নীচের দিকের কর্মচারীদের ১০০ টাকা মাইনে দিয়েও লাভ হচ্ছে—এবং কৃষকেরাও সেসব ফার্ম থেকে বীজ নিতে যাবে। আরেকটা কথা বলব, বর্তমানে কৃষিঋণের ব্যবস্থা নাই—যে কথা জ্যোতিবাবু বলেছেন, ঋণের ব্যবস্থা নাই। কৃষকদের জন্য অগ্রিম ঋণের ব্যবস্থা করতে হবে। তারপর, কৃষি উৎপন্ন জিনিসের দাম আগে থেকে নির্ধারিত করতে হবে। শ্যামাদাস ভট্টাচার্য্য মহাশয় য়ুরোপ আমেরিকার কথা বলেছেন। য়ুরোপ আমেরিকায় ১। বৎসর আগে কৃষি-উৎপন্ন জিনিসের দাম নির্ধারিত হয়। হরেকৃষ্ণবাবু থেকে আরম্ভ করে সকলেই বলছেন কৃষি-উৎপন্ন জিনিসের দাম কমে যাওয়ায় কৃষকদের দুরবস্থা হয়েছে। আগে থেকে দাম নির্ধারিত হলে কৃষক জানতে পারে কত টাকা খরচ করতে হবে। এ না করলে কোন কৃষির উন্নতির জন্য অনবরত বক্তৃতা দিলে কোন লাভ হবে না—বৃথা বক্তৃতা হবে। আমি মনে করি কৃষিবিভাগে যে সব কৃষি assistants আছেন তাঁদের গ্রাম থেকে উঠিয়ে এনে unemployment dole দিলে আপনারা দেশের অনেক উন্নতি করবেন।

[4-50—5 p. m.]

আমি মনে করি দীর্ঘকাল ধরে অন্ততঃ ৫ একর পর্যন্ত জমির খাজনা রেহাই দিতে হবে এবং তাতে মনে হয় যে রেভিন্যু ডিপার্টমেন্টের খুব বেশী লোকসান হবে না। অর্থাৎ রেভিন্যু ডিপার্টমেন্ট থেকে যদি ৫ একরের উপর রেভিন্যু সার্টিফিকেট জারী করা খাজনা আদায় করেন এবং বাকী ৫ একর পর্যন্ত মাপ দেন তাহলে কৃষকরা বাঁচবে। তারপর শিল্পোন্নতি সম্বন্ধে কিছু বলব। কলকাতার আশেপাশে শিল্পস্থান বহু আছে কিন্তু যখন দেখি যে প্রেসিডেন্সি পুলিশের খরচা ২ কোটি ৭১ লক্ষ টাকা আর সারা পশ্চিমবাংলা পুলিশের খরচা ৮ কোটি ৪৬ লক্ষ টাকা—অর্থাৎ ১২ ভাগের ১ ভাগ—কলকাতার প্রেসিডেন্সি পুলিশে ১২ ভাগের ১ ভাগ লোকের জন্য ৩ ভাগের ১ ভাগ খরচা হয়—তখন আমি বলব যে ওরা শুধু শিক্ষায় উন্নত নয়, শুণ্ডামিতেও উন্নত। অতএব এই কারণের জন্য পুলিশের খরচা এখানে বেশী হয়। আসানসোল, আনন্দবাবুর দুর্গাপুর শিল্পোন্নত হয়না, কিন্তু এসব জায়গা শুণ্ডামিতে উন্নত হয়ে উঠেছে। এই যদি অবস্থা হয় তাহলে আমি বলব If civilisation means this, if industrialisation means this, I will say, good-bye to civilisation, good-bye to industrialisation.

আমরা এখনও বলতে পারিনা যে মদ খাওয়া কমাতে হবে। রাশিয়ার ক্রুশ্চেভ বলেন যে মদ খাওয়া কমাও ; কিন্তু আমাদের এখানে সব ঠিক আছে। আমাদের Congress has got a static mind এই অবস্থাই হচ্ছে দুরবস্থার কারণ। এরপর শিক্ষাকেন্দ্র সম্বন্ধে কিছু বলব। কারণ কৃষি, কুটীরশিল্প ও শিক্ষার মারফতেই দেশের সর্বাঙ্গীন কল্যাণ সম্ভবপর। এখানে হরেনবাবু তো নেই, সৌরেনবাবুকেই বলি। শিক্ষার ক্ষেত্রে একটা জিনিস দেখছি যে প্রতি বৎসরেই ডি পি. আই.-এর একটা কথা আইনে লেখা থাকে। এত বছরের কংগ্রেস রাজত্বে হরেনবাবু ও সৌরেনবাবু একজন ডি পি. আই. সংগ্রহ করতে পারলেন না—সেক্রেটারীই ঐ কাজ করবেন। এইখানেই বোঝা যায় বাংলাদেশে শিক্ষা ব্যবস্থা কি রকম? মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম করা হোক একথা আমরা বারবার বলেছি এবং বলছি যে উপর স্তর পর্য্যন্ত করা হোক। এই বিষয়ে আমরা সর্বসম্মত প্রস্তাব পাশ করেছিলাম। শিক্ষামন্ত্রী বলেছিলেন যে এটা বিশ্ববিদ্যালয়ের হাত—তবে পাশ করলেন কেন? পশ্চিমবাংলায় আর একটা নূতন যে ব্যাধির সৃষ্টি করা হচ্ছে এবং সেটার দিকে দৃষ্টি দিতে আমি হরেনবাবুকে অনুরোধ করি। ইংরাজের কৌলীন্যের কথা বলব। অর্থাৎ যতটা ইংরাজ আমলে আমরা না ছিলাম তার চেয়ে বেশী এখন ইংরাজ হবার প্রতিযোগিতা আমাদের মধ্যে দেখা দিচ্ছে এবং তাথেকে আমার মনে বিভীষিকা সৃষ্টি হচ্ছে।

আমি একটা মেয়েদের স্কুলের পাশ দিয়ে আসি—মনে হয় Cheltenham Ladies College—দেখি সব ইংরাজীয়ানা কেবলমাত্র রঙটা কালো। এই কালো ইংরাজদের অবস্থা দেখে আমি ভীত হয়ে উঠেছি। সেখানে মাহিনা মাসিক ৩০।৪০।৫০ টাকা। এর দ্বারা একটা নূতন শ্রেণীর সৃষ্টির ব্যবস্থা হচ্ছে। এই সমস্ত Hemenwell school State আইন করে বন্ধ করে দেওয়া উচিৎ। এরা নূতন একটা শিক্ষিত জাতি সৃষ্টি করবে এবং এর দ্বারা ভারতবর্ষের অকল্যাণ হবে। এখানে শুধু টাকাওয়ালা লোকের ছেলেরাই পড়বে। কেউ কেউ হয়ত এই ডুন স্কুলের প্রশংসা করতে পারেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি যে কজন মেঘনাথ সাহা, শরৎচন্দ্র চ্যাটার্জি, রবীন্দ্রনাথ ঠাকুর, সি. ভি. রমন, কৃষ্ণান এই ডুন স্কুল থেকে এসেছেন?

জহরলাল ডুন স্কুলে মানুষ হয়নি, তিনি মানুষ হয়েছেন ইংলণ্ডে। তবে এ কথা বলব যে, তিনি মহাত্মা গান্ধী, বালগঙ্গাধর তিলক বা দাদাভাই নৌরজীর মত রাজনীতিজ্ঞ নন এবং যদিও তিনি বিজ্ঞান কমিটির প্রেসিডেণ্ট হয়েছিলেন কিন্তু তবুও তিনি বৈজ্ঞানিক নন। তারপর আমাদের শিক্ষা বিভাগে আজকাল একটা অপ্রীতিকর বিশৃঙ্খলা দেখছি এবং হায়ার সেকেণ্ডারী, সেকেণ্ডারী, বেসিক্, জুনিয়র বেসিক্ প্রভৃতি এমন কতকগুলো নাম দেওয়া হয়েছে যার মধ্যে কোনটার সঙ্গে কোনটার সামঞ্জস্য নেই। তারপর স্কুলের মাষ্টারদের মাহিনা বাড়াতে হবে এবং গভর্ণমেণ্ট সেক্রেটারিয়েটে যে যোগ্যতা থাকলে যে মাহিয়ানা দেওয়া হয় স্কুলের মাষ্টারদেরও সেই মাহিয়ানা দিতে হবে এবং এটা শুধু সরকারী স্কুলের ক্ষেত্রেই প্রযোজ্য নয়, সমস্ত স্কুলেই এই জিনিস করতে হবে। অবশ্য উপর এবং নীচের মধ্যে যে একটা সামঞ্জস্য রাখতে হবে সেটা আমি জানি, স্যার, আর একটা কথা বলব যে, আমাদের সেক্রেটারিয়েটে এমন বহু লোক আছে যাদের মধ্যে অর্ধেককেও যদি ছাঁটাই করা হয়, তাহলে পশ্চিম বাংলার কোন অমঙ্গল হবেনা, কেননা অযোগ্য লোকের কোন প্রয়োজন আছে বলে মনে করিনা। তারপর আমাদের অর্থমন্ত্রী পশ্চিম বাংলার প্রতি অবিচার করা হয়েছে, অবিচার করা হয়েছে বলে যে চিৎকার করছেন সেই চিৎকারের মধ্যে কোন সারপদার্থ নেই। তারপর বেরুবাড়ী সম্বন্ধে শ্রীশঙ্করদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় যে বক্তৃতা দিয়েছেন তা আমি পড়েছি এবং তাতে বুঝেছি যে তিনি একজন অতি বুদ্ধিমান লোক এবং যখনই এই মন্ত্রীমণ্ডলী কোন ব্যাপারে ঠেকেন তখন তাঁরা তাঁর কাছে উপস্থিত হন এবং তিনিও তখন তাঁদের পক্ষে ব্যারিষ্টার হয়ে দাঁড়ান। শঙ্করদাস বাবু বেরুবাড়ী প্রসঙ্গে বলেছেন Although I am a Bengalee I feel nevertheless that the Prime Minister is a person who is in a much better position to know the position of India to come to an agreement.

এবং শেষকালে এক্ষেত্রেও সেই জিনিষ হবে, অর্থাৎ আমরা যদি একত্র হয়ে কোন প্রস্তাব পাশ করে পাঠাই এবং তারপর সেটা প্ল্যানিং কমিশনের চেয়ারম্যান পণ্ডিত নেহেরুর ওখান থেকে যে রকম ভাবে হয়ে আসবে তখনও আবার Prime-Minister of India পণ্ডিত জহরলাল নেহেরু একথা বলে in the best position to know ইত্যাদি ইত্যাদি অনেক কথাই বলবেন। কাজেই এসব কথার মধ্যে আমি যেতে চাইনা কেননা এর মধ্যে কোন বাস্তবতা নেই। তাছাড়া আমরা একযোগে প্রস্তাব পাশ করা সত্ত্বেও যখন এই জিনিস হয়েছে এবং বেরুবাড়ী সম্বন্ধে এই মনোবৃত্তি নিয়ে তিনি বক্তৃতা করেছেন তখন আর এর মধ্যে আমার যাওয়া উচিত নয়। [এ ভয়েস: শঙ্করদাস বাবু যে ডেপুটি চিফ মিনিষ্টার হবেন] ডেপুটি চিফ্ মিনিষ্টার হবেন কি সুপার চিফ মিনিষ্টার হবেন তার মধ্যে আমি যেতে চাইনা, তবে আমি একথা বলব যে ভাবে প্ল্যান রচিত হয়েছে তাকে যদি কোন লেজিস্লেচার কমিটি বলা হয় এবং সমস্ত জিনিস পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করে পরিবর্তনের ব্যবস্থা না থাকে তাহলে এই প্ল্যানারদের সাথে অসহযোগিতা করেই আমরা পশ্চিম বাংলার কল্যাণ করব একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5—5-10 p. m.]

Dr. Maitreyee Bose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী যে বাজেট উপস্থাপিত করেছেন তা আমি সমর্থন করছি। আমাদের সামনে যাঁরা বসে আছেন অনেক কথা তাঁরা বলেছেন—বাজেটকে না হোক সরকারকে এবং সরকারের কার্যকলাপকে নানা রকমভাবে তাঁরা সমালোচনা করেছেন। শ্রদ্ধেয় ডাঃ ঘোষ একটা কথা বলেছেন যে তাঁর সময়ে জেলগুলি নাকি সব খালি ছিল। [ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ : আমি তা বলিনি]। যাহোক, সঙ্গে সঙ্গে তাঁর দলের লোক প্রমাণ করে দিলেন জেলে ঢুকে যে সেখানে ভাল খাওয়া দাওয়া হয়। ভাল খাওয়া দাওয়া হয় বলে দেবেনবাবু, যতীনবাবু বারবার সেখানে গিয়ে বসে থাকেন। ডাঃ ঘোষের কাঁচকলার ঝোল, সিদ্ধি মাছ, মাগুর মাছ খাওয়ার অভ্যাস তাই তিনি বোধ হয় জেলে যেতে চাননা। কিন্তু দেবেনবাবু, যতীনবাবু জেলে যান, সেখানে ভাল খাওয়া-দাওয়া হয় এ কথা তাঁরা নিজেরাই স্বীকার করেছেন।

এবারে কমিউনিষ্ট পার্টির কথা বলছি। কমিউনিষ্ট পার্টি আমাদের রাতদিন গালাগালি দেন, নানা রকম কথা বলেন। আমাকে আজকে বলতে হবে, তাই সকাল থেকে ভাবছি কমিউনিষ্ট পার্টির বিষয়ে কি বলব। তারপর ভাবতে ভাবতে মনে হ'ল যে রবার্ট ব্রাউনিং একবার বলেছিলেন—

Oh, did you once see
Shelley plain,
And did he stop and speak to you !
And did you speak to him again
How strange it seems and how vain !

আমি ভাবলাম যে তাহলে কমিউনিষ্ট পার্টির সম্বন্ধে এই কথাটা খুব ভাল করে বলা যায়। আমি এটুকু লিখলাম, দেখুন আপনাদের পছন্দ হয় কিনা ; খুব ভাল জিনিস—

Oh, did you once see socialism plain,
And did socialism stare you in the face,
And did you see your land being sold,
To a neighbour in an attempt vain,
by your socialist friends,
How strange it seems and how bold !

এটা শুনে রাগ করবার কিছু নেই, কারণ, আমরা কাগজে দেখেছি, আপনারাও সকলে দেখেছেন যে তাঁদের নিজেদের পার্টির ভেতর এমন অনেক লোক আছেন যাঁরা বাংলাদেশের কমিউনিষ্টদের যে পলিসি তা সমর্থন করছেন না। দেখে লজ্জা বোধ হতে লাগল যে বাঙালীরা, পাঞ্জাবীরা মিলে দেশটাকে বিক্রি করে দেওয়ার ঠিক করেছিলেন, সেটা বাঁচালেন যাঁরা নাকি সীমান্ত প্রদেশের লোক নন তাঁরা। সীমান্ত প্রদেশের লোক ভারতবর্ষকে বিক্রি করে দেবার চেষ্টা করছিলেন সেটা বন্ধ করলেন মহারাষ্ট্রের লোকেরা এবং অন্যান্য প্রদেশের লোকেরা যাঁরা সীমান্তের লোক নন। অজয় ঘোষের নামটা বাঙালী কিন্তু বাঙালী তিনি নন—সবাই আপনারা জানেন, বলে লাভ নেই।

আমি আপনাদের সামনে আর একটা কথা বলতে চাই, এটা একেবারে ভিন্ন পয়েন্ট, সেটা হচ্ছে কমিউনিষ্টদের যে সমস্ত নানা রকমের কার্যকলাপ দেখতে পাচ্ছি সেটা ওঁদের teething

trouble-এর জন্য, দাঁত উঠেছে বলে। যেসব লোকের দাঁত ক্ষয়ে গেছে তাঁদেরও আবার দাঁতের যন্ত্রনা, ঠিক একই জিনিস। ওঁদের মধ্যে যাঁরা আছেন তাঁরা হয় একেবারে extreme left or excreme right করতে বসেছেন। যাঁরা ইণ্ডাষ্ট্রিয়ালিস্ট আমাদের দেশে তাঁরা এমন ধরণের ব্যবহার করছেন যে কমিউনিষ্টদের তাঁরা সাহচর্য করেছেন বলে মনে হয়।

সমস্ত জায়গাতে তাদের যা পলিসি তা এক একটা এজেন্সী হাউস দেখলে বুঝা যাবে। একটা এজেন্সী হাউস দেখলে দেখা যাবে, আমি নাম করবোনা—আমি নাম এবং নানারকম সংখ্যা দিতে পারতাম কিন্তু দরকার নেই। একটা এজেন্সী হাউস বিশ্লেষণ করে দেখুন যে তার ভেতর এক ভাই পাটের কাটকাবাজী করছেন, এক ভাই কাঁচামাল কিনছেন, এক ভাই জুটমিল চালাচ্ছেন, এক ভাই এক্সপোর্টার, আর একটা ভাই গোটাকতক জাহাজ কিনে ফেলেছেন। একটা নূতন কোম্পানী—তাঁরা আবার অন্য ব্যবসাও করেন। ৭টা জাহাজ কিনে ফেলেছেন এবং সেই ৭টা জাহাজ যদিও কোলকাতায় তাদের বেজ কিন্তু তারা জাহাজে যে রিক্রুট করছেন, সি. ডি. সি. বের করছেন সেগুলি বোম্বে থেকে করছেন। এই সমস্ত কাণ্ডকারখানা পুঁজিপতিরা করছেন। আমি অবশ্য বাঙ্গালী বাঙ্গালী বলে পাগল নই—আমি নিজে বিহারে জন্মগ্রহণ করেছি। কাজেই বাঙ্গালী-বিহারীকে আমি এক চোখেই দেখি এবং অন্যান্য প্রভিন্সের লোককেও একচোখে দেখি কিন্তু তবুও বলবো যে কোলকাতা বন্দরকে বেজ করে যে জাহাজ চলছে সেই জাহাজের রিক্রুটমেণ্ট হবে বোম্বে থেকে এটা অত্যন্ত অন্যায় কথা। এইভাবে এই সমস্ত লোককে বঞ্চিত করা হচ্ছে এবং পাটের ব্যবসার কাঁচামালগুলি থেকে আরম্ভ করে এক্সপোর্ট জিনিষ পর্যন্ত একই এজেন্সী হাউসে নানা ভাই, নানা কাজিন, নানা লোক মিলে করছেন। এর থেকে একটা অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে। কিছুদিন আগে মনে আছে একথা বলা হলো চা শিল্পে ভয়ংকর ক্রাইসিস, সাংঘাতিক সংকটের অবস্থা উপস্থিত হয়েছে। দেখা গেল যে একই এজেন্সী হাউসের লোকেরা যাঁদের এখানে প্ল্যানটেসন আছে, তাঁরাই আবার লণ্ডন মার্ট কণ্ট্রোল করছেন। সেখানে তাঁরা সিলিং বেঁধে দিয়েছেন, আর এখানে বলছেন লোকসান হয়েছে এই বলে তাঁরা আর এক দিকে লাভ করে নিচ্ছেন। একই এজেন্সী হাউসের আবার কোন লাইন রয়েছে, চা বাগান আছে, আবার জয়েণ্ট স্টীমার কোম্পানী রয়েছে। তাঁরা ট্রান্সপোর্টের ব্যবস্থা করছেন, কয়লা খাত থেকে কয়লা তুলে ট্রান্সপোর্ট করছেন, চা বাগানে বিক্রী করছেন। সেখানে হয়ত দেখছেন ফ্রেট ভয়ংকর বেশী হয়ে গেছে, পাকিস্তানের মধ্য দিয়ে আসার অসুবিধা আছে। কাজেই কয়লার দাম ভয়ংকর বেড়ে গেছে। এইভাবে একই এজেন্সী হাউস নানাভাবে প্রত্যেক জায়গায় শ্রমিকদের ঠকাচ্ছে। এই যে অবস্থা এই অবস্থা আমরা বারম্বার গভর্ণমেণ্টের চোখের সামনে ধরতে চেষ্টা করেছি এবং এবার তিনদিন ধরে পদযাত্রা করে ৪০ মাইল পায়ে হেঁটে আমরা লোকের কাছে চলেছি যে এগুলি যদি বন্ধ করা না যায় তাহলে যতই বাজেট করা যাক না কেন, যা কিছু বলা যাক না কেন তাতে কমিউনিষ্টদের সুবিধা হবে, আমাদের কিছু সুবিধা হবে না। কারণ দেশের লোক দিন দিন দরিদ্র হয়ে গেলে তাতে কমিউনিষ্টদেরই সুবিধা হবে। আমার খুব বেশী সময় নেই। আমি আর একটা কথা বলি, রুরাল ইকনমির দিকটা আমাদের দেখা নিতান্ত দরকার হয়ে পড়েছে। আমি একটা সামান্য দৃষ্টান্ত দেবো। একটা ছোট নদী বসিরহাট সাবডিভিসনে, তার নাম ছিল কেলেসোনা। সেই নদীটা সমস্ত পলিমাটি পড়ে বন্ধ হয়ে গেছে। যেখানে বন্ধ হয়েছে সেই জায়গাটা খুব উর্বর জমি হয়েছে এবং সেখানে বসিরহাটের এক বড়লোক ভাল করে চাষ করছেন। ইতিমধ্যে হয়েছে কি—জলের ধারা বদলে জল নামবার চেষ্টা করছে, অর্থাৎ তাঁর জমিটা ধুয়ে যাচ্ছে। উনি সেই জায়গায় ছোট একটা কালভার্ট তৈরী করে জলটা বন্ধ করে দিয়েছেন কিন্তু এত ছোট কালভার্ট তিনি দাঁড়িয়ে থেকে তৈরী করিয়েছেন যে জল আর নামতে পারছে না। রাস্তার উল্টো দিক জল

জমে কয়েকশো বিঘা জমি সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। বারম্বার এখানে দাঁড়িয়ে আমি বলেছি, প্রাইভেটলী বলেছি, নানারকমভাবে বলেছি যে নোনাজল তুলে এইভাবে যে কৃষকের সর্বনাশ করা হচ্ছে তা থেকে তাদের বাঁচানো হোক।

[5-10—5-20 p.m.]

আমি সেই জন্য প্রস্তাব করছি—এই ধরণের জিনিসগুলি মন্ত্রী মহাশয়েরা দেখুন। কৃষিমন্ত্রী, খাদ্যমন্ত্রী, ইরিগেসন মন্ত্রী, অর্থাৎ ডাঃ আমেদ, প্রফুল্ল বাবু, অজয় বাবু ও তরুণ বাবু, এই চারজনে মিলে একটা কাউন্সিল করুন এবং তাঁরা চারজনে মিলে তাঁদের সঙ্গে অর্থমন্ত্রীকে নিয়ে কাউন্সিল গঠন করে, তাঁরা সারা দেশটা একটু ভাল করে ঘুরে দেখুন কোথায় কার কি অসুবিধা আছে। গ্রামের ভিতর ছোট, ছোট জায়গায় মানুষের যে কষ্ট আছে সেগুলি দূর করতে কোটী, কোটী টাকার প্রয়োজন আছে। যাতে সকল প্রকার সাহায্য দিয়ে মানুষের উপকার করা যায়, সেদিকে সরকারের বিশেষ দৃষ্টি দিতে হবে। দেখতে হবে গ্রামের কৃষকরা সমস্ত রকম, সব দিক থেকে যেন এক সঙ্গে সাহায্য পায়। দপ্তরে, দপ্তরে রেশারেশী এবং এক দপ্তর থেকে আর এক দপ্তরে চিঠি যেতে বিলম্ব হওয়ার ফলে, কৃষকের হাতে সাহায্য সময়মত গিয়ে পৌঁছায় না। সরকারী কর্মচারীরা নিজেরাই সব সময় বলে থাকেন একটা চিঠি তাঁদের কাছে যেতে অনেক সময় লেগে যায়। এই যে এ্যাণ্ডমিনিষ্ট্রেসনের বর্তমান অবস্থা, এই অবস্থার জন্য সাধারণ লোককে অত্যন্ত কষ্ট পেতে হচ্ছে। সেগুলি যদি দূর করা যায় তাহলে বিরোধী পক্ষের বক্তৃতাও অনেক কমে যায়। আমি এই প্রসঙ্গে প্রফুল্ল ঘোষ মহাশয়কে বলি তিনি প্রায়ই পশ্চিম জার্মানীর কথা উল্লেখ করে থাকেন এবং বলেছেন সেখানকার লোকেরা নাকি খুব ভাল অবস্থায় আছে। আমি তাঁকে জিজ্ঞাসা করি পশ্চিম জার্মানীর লোকেরা কাদের টাকায় নিজেদের অর্থনৈতিক অবস্থা পরিবর্তন করেছেন? তাদের ঋণ-টিন বোধ নেই? এ্যামেরিকার কাছ থেকে টাকা ধার করে তাঁদের অর্থনৈতিক অবস্থার উন্নতি তাঁরা করেছেন। [Dr. Prafulla Chandra Ghosh—তারা ঋণ নিয়ে, তা পরিশোধ করতে পারে ; কিন্তু আপনারা তা পারেন না]। ঋণ তারা শোধ করতে পারে, কি পারেনা, সে প্রশ্নে আমি যাচ্ছি না। আমার বক্তব্য হল—তাদের ঋণ করতে হয়েছে। আমি অনেকদিন জার্মানীতে, মিউনিকে ছিলাম তখন তাদের যে রকম দুরবস্থা ছিল হিটলারের সময়, তা দেখেছি। তাদের খুবই দুরবস্থা ছিল। তারপর ১৯৫৭ সালের পর আমি আর একবার সেখানে যাই এবং গিয়ে দেখলাম সেখানকার লোকের অবস্থার খুব উন্নতি হয়েছে, তারা খুব ভাল অবস্থায় আছে, কিন্তু সঙ্গে সঙ্গে এ কথা বলতে হবে তাদের রেডিওতে এ্যামেরিকানের কথা ছাড়া আর কিছু শোনা যায় না। এক দেশের উন্নতি যখন হয়, তখন সেটা হঠাৎ হয় না তার জন্য অর্থের প্রয়োজন আছে। সুতরাং সেখানে যে, এই রকম ভাবে উন্নতি হল,—তার জন্য তারা টাকা কোথা থেকে পেল? এটা আমি তাঁকে একটু চিন্তা করে দেখতে বলি।

আমি এখন আমাদের গভর্ণমেণ্টের কতকগুলি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে যে social welfare-এর কাজ হচ্ছে, সেই social welfare-এর একটা Directorate আছে এবং সেই Directorate থেকে সমস্ত ব্যবস্থা হচ্ছে সন্দেহ নাই। যা কিছু কাজ, সব Directorate থেকে হয়। আমি সরকারকে অনুরোধ করবো এখানে যাতে voluntary agency-র দ্বারা কাজ হতে পারে তার জন্য চেষ্টা করা উচিত। দেশ বিদেশে সব জায়গায়, বড় বড় প্রতিষ্ঠানে শ্রমিকদের মানুষ করার কথা নেই। ওয়েলফেয়ার হোমের চেয়ে কটেজ হোম অনেক ভাল। এই সমস্ত হোমে সাধারণত ৩০ জনের বেশী থাকেনা। বালিগঞ্জের একটি হোমে ২৫০টি ছেলেকে রাখবার ব্যবস্থা হয়েছে, এতে কি তারা মানুষ হবে? তারচেয়ে আমি বলবো voluntary agency-গুলিকে ভাল করে যাতে রাখা যায় তার ব্যবস্থা করুন।

সেখানকার ছেলেদের শিক্ষার, স্বাস্থ্যের, ভাল পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা করুন। এবং সঙ্গে সঙ্গে তাদের audit করুন, তাদের accounts check করুন ; তাদের চুরি হলে তা ধরবার ব্যবস্থা করুন। কিন্তু অপর দিক দিয়ে তারা যাতে সকল প্রকার সাহায্য ও সরকারের সহযোগিতা পায় তার ব্যবস্থা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes].

[After adjournment]

[5-30—5-40 p.m.]

Mr. Speaker : I do not think there is quorum.

Shri Niranjan Sen Gupta : There is no quorum.

[At this stage the bell was rung and the other members entered the Chamber].

Mr. Speaker : There is quorum now. Shri Hemanta Kumar Basu.

Shri Hemanta Kumar Basu :

স্যার, যে পরিস্থিতিতে বাজেট এসেছে এবং বাংলাদেশ আজ যে অর্থনৈতিক অবস্থার মধ্যে রয়েছে তাতে ঠিক চিত্র এই বাজেটে আঁকা হয়নি। বাস্তব অবস্থার সঙ্গে এর কোন যোগাযোগ নাই। ডিপার্টমেণ্টের কর্মচারীরা statistician-রা যে ফিগার তৈরী করে দেন, তারা যে খবর দেন সেই অনুসারে বাজেট তৈরী হয়, কাজেই বাজেটের সঙ্গে বাস্তব অবস্থার কোন সম্পর্ক কোন যোগাযোগ নাই। আমি দেখতে পাই এবং শুনছি ও বাজেটে দেখছি বলা হচ্ছে শিল্পের উন্নতি হয়েছে, কৃষির উন্নতি হয়েছে, আমাদের শিক্ষার উন্নতি হয়েছে আমাদের স্বাস্থ্যের উন্নতি হয়েছে। কিন্তু যদি গ্রামে গ্রামে ঘুরি তাহলে সম্পূর্ণ পৃথক চিত্র সেখানে ফুটে উঠছে কাজেই বাজেটের সঙ্গে বাস্তব অবস্থার কোন সম্পর্ক কোন যোগাযোগ নাই। দেশে ভয়াবহ বেকার সমস্যা বেড়ে চলেছে যে পরিকল্পনা করা হচ্ছে সেই পরিকল্পনার সঙ্গে বেকার সমস্যার দিক থেকে—আরও জনসংখ্যা বৃদ্ধি হবে দৃষ্টি রেখে পরিকল্পনা করা হচ্ছেনা। অন্যান্য দেশে যে সমস্ত পরিকল্পনা করা হচ্ছে সেই সমস্ত পরিকল্পনা ক্রমবর্ধমান জনতা এবং তদানীন্তন অর্থনৈতিক দুরবস্থার দিকে দৃষ্টি রেখে সেই সব পরিকল্পনা করা হয়েছে এবং তার ফলে সে দেশের উন্নতি হয়েছে কৃষির উন্নতি হয়েছে, শিল্পের উন্নতি হয়েছে, বেকার সমস্যা কমেছে। কিন্তু আমাদের আয় কমছে ব্যয় বাড়ছে তাই আমরা দেখছি বাজেটে ঘাটতি ৮ কোটি ৯১ লক্ষ টাকা। ঘাটতির ব্যাপারে ভয় পাবার কিছু নাই যদি যে সমস্ত সমস্যা আমাদের সামনে রয়েছে সেগুলির সমাধানের পথে আমরা যাই, তাহলে আমাদের ভয়ের কোন কারণ নাই। কিন্তু অনবরত ঋণ করা হচ্ছে। নানা রকম শিল্প প্রচেষ্টা হচ্ছে এবং জিনিস-পত্রের উৎপাদন কিছু বেড়েছে, কিন্তু দুঃখ, দারিদ্র, বেদনা, অভাব এটা কমেনি, বেকার সমস্যা কমেনি। সেইজন্য দেশের আর্থিক উন্নয়ন যা বাজেটে দেখানো হয়েছে তার সঙ্গে এই দেশের প্রকৃত চিত্রের সঙ্গে যোগাযোগ নেই। কাজেই সে দিক থেকে যে সমস্ত চিত্র দেখান হয়েছে যে আমাদের ১৯৬০-৬১ কোন সালে রাজস্ব আয়ের সংগৃহীত হিসাব ৪০০,৫০,০০,০০০, টাকা ছিল। ১৯৬১-৬২ সালে আনুমানিক প্রায় ৩,৫৯,২৭,০০,০০০ টাকা রাজস্ব আয় হচ্ছে, এতে এই ভাবে কেন কমছে ? এই বিষয় একটা অনুসন্ধান হওয়া নিশ্চয়ই দরকার। এই আলোচনার মধ্যে বৈচিত্র আরো ফুটে উঠেছে। রেল ছাড়া থেকে রাজ্য সরকার যে কর আদায় করেন তার পরিমাণ ১৯৬০-৬১ সালের সংগৃহীত হিসাবে ৮৭ লক্ষ টাকা। আর ১৯৬১-৬২ সালে আনুমানিক আয় হল ৫ লক্ষ ৮৫ হাজার টাকা। এই আয় কেন কমলো এটা নিশ্চয়ই অনুসন্ধান হওয়া দরকার। ঠিক এই ভাবে রাজস্ব কমেছে আবগারী শুল্ক বাবদ আয়ে। চারিদিকে ঢোলাই মদের কারখানা বেড়েই চলেছে। অথচ আয় কেন কমছে ?

শুল্ক বিভাগের কর্মচারী তারা নিশ্চয়ই দুর্নীতির আশ্রয় নিয়েছে, পুলিশ দুর্নীতির আশ্রয় নিয়েছে যারজন্য তারা এই চোলাই মদ ধরছেনা। কাজেই চোলাই মদের উৎপাদন দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। সে দিক থেকে ১৯৬০-৬১ সালে সংগৃহীত আয় ছিল ৫ কোটি ৯৭ লক্ষ ৪৯ হাজার টাকা, আর ১৯৬১-৬২ সালে আনুমানিক আয় হচ্ছে ৬ কোটি ৯৬ হাজার টাকা। রাজকোষে আয় বাড়ছে না কিন্তু বিক্রয় ঠিকই হচ্ছে। দিনের পর দিন গলিতে গলিতে এই সব ব্যবসা ছড়িয়ে পড়েছে। যানবাহনের উপরও আদায়কৃত করের পরিমাণ কমেছে। কেন এই রাজস্ব কমে যাচ্ছে, যাত্রীর সংখ্যা কি কমে যাচ্ছে? ১৯৬০-৬১ সালে আয় ছিল ২ কোটি ৩ লক্ষ ৩৩ হাজার টাকা; আর ১৯৬০-৬১ সালে সংগৃহীত হিসাবে আমরা দেখতে পাচ্ছি ২ কোটি ৬ লক্ষ ৩০ হাজার টাকা; এবং ১৯৬১-৬২ সালের আনুমানিক আয় হচ্ছে ২ কোটি ৩ লক্ষ ৮০ হাজার টাকা। Sales tax বাবদ, আমরা দেখতে পাচ্ছি সরকারের আয় বেড়েছে। এটা সত্য কথা। কিন্তু এর গতি অত্যন্ত মন্থর। যেভাবে sales tax আদায় হওয়া উচিত ছিল সেইভাবে sales tax আদায় হয়নি। এবং যেভাবে sales tax ফাঁকি যাচ্ছে সেইগুলি ধরবার বিশেষ কোন চেষ্টা আমরা দেখতে পাচ্ছি না। রাজ্যের আর্থিক উন্নতি না হলে বড় লোক বা গরীবলোক কারুরি কোন উপকার হবেনা। সরকারের অযোগ্যতা প্রতিফলিত হয় তার রাজকোষে। আমরা যদি এই রাজকোষের প্রতি দৃষ্টি দিই তাহলেই এই সরকারের চরিত্র বুঝতে পারবো। এই রকম অবস্থা দেখতে পাচ্ছি চিকিৎসা ও জনস্বাস্থ্য খাতে। চিকিৎসা ও জনস্বাস্থ্যবাবদ আয়ের বরাদ্দ কমেছে। চিকিৎসা খাতে ১৯৬০-৬১ সালে ব্যয়ের সংগৃহীত হিসাব হচ্ছে ৬ কোটি ৪৭ লক্ষ ৫৯ হাজার টাকা।

[5-40—5-50 p.m.]

১৯৬১-৬২ সালে এই খাতে বরাদ্দ কমে দাঁড়িয়েছে ৬ কোটি ৩৭ লক্ষ ৪৮ হাজার টাকা। জনস্বাস্থ্য খাতে ১৯৬০-৬১ সালে সাধারণ হিসাব থেকে দেখতে পাই ৩ কোটি ৪৪ লক্ষ টাকা, ১৯৬১-৬২ সালে তার পরিমাণ কমে গিয়ে দাঁড়িয়েছে ২ কোটি ৪১ লক্ষ ৪৫ হাজার টাকা, অথচ পুলিসের খরচের বেলায় বেড়ে গিয়েছে। ১৯৫৯-৬০ সালে প্রকৃত হিসাব ৮ কোটি ৩ লক্ষ ৪৫ হাজার, সাধারণ হিসাব ৮ কোটি ৪১ লক্ষ ২৪ হাজার টাকা, এবং ১৯৬১-৬২ সালের বরাদ্দ হচ্ছে ৮ কোটি ৪৬ লক্ষ ২২ হাজার টাকা। কাজেই এই জনকল্যাণ সরকারের আসল রূপ এর থেকেই বোঝা যাচ্ছে। তারপর শিক্ষা বিভাগে দেখছি, Secret service-এর জন্য ২৫০ টাকা ধরা হয়েছে যদি এরকম করে secret service-এর জন্য টাকা দেওয়া হয় তাহলে আমাদের নৈতিক চরিত্র কত যে নীচে নেমে যাচ্ছে তা থেকেই বোঝা যাচ্ছে। তারপর Satellite town করে বহু লোকের বসবাসের ব্যবস্থা হবে—কলকাতা অত্যধিক জনবহুল হয়ে পড়েছে, আর লোকের জায়গা হয়না। কাজেই কলকাতার আশেপাশে জমি সংগ্রহ করে সেই জমিতে নতুন শহর গড়ে তোলা হবে। তার মোট এলেকার পরিমাণ ১৬০ স্কোয়ার মাইল, মোট জমি হল ৪৮ হাজার ৫০০ একর, বাস্তুজমি ৮ হাজার ৪৮০ একর, ধান জমি ১ লক্ষ ৮০ হাজার বিঘা। প্রতি বৎসর ধান নষ্ট হবে ১০ লক্ষ ৮ হাজার মণ। বাস্তুচ্যুত হবে ২ লক্ষ ৩৭ হাজার লোক। নতুন উপনগরী গড়ে তোলা সম্পর্কে আমাদের কোন আপত্তি নাই। কিন্তু আমরা দেখি সরকার যা কিছু plan আনেন এবং সেই planning অনুসারে যে কার্য করেন তাতে লোকে বিপর্যস্ত হয়ে পড়ে। বলা হয়েছে তাদের ঋণ দেওয়া হবে, ঘরবাড়ী দেওয়া হবে, তাদের জীবিকার্জনের ব্যবস্থা করা হবে—কিন্তু দেখা যাচ্ছে প্রকৃতপক্ষে তা করা হয়নি। যে সমস্ত লোক বাস্তুচ্যুত ও জীবিকাচ্যুত হয়েছে তাদের জন্য কোন সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা হয়নি। এদিকে আমি বিশেষভাবে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এঁদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা না করে যেন তাদের জমি থেকে উচ্ছেদ না করা হয়। আমার মনে হয় যে planning

করা হয়েছে তার কিছু অদলবদল করে যদি কলকাতায় তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় তাতে একদিকে যেমন বাস্তুভূমির ব্যবস্থা হবে, অন্যদিকে তেমনি তাদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব হবে। তারপর এই পরিকল্পনার অর্থবরাদ্দ নিয়ে মুখ্যমন্ত্রী এবং Planning Commission-এর মধ্যে মতভেদ এই বাজেটে পরিস্ফুট হয়ে উঠেছে। একথা ঠিক যে, সারা ভারতের উন্নয়নের পরিকল্পনাই আমাদের গ্রহণ করতে হবে এবং পরিকল্পনা কমিশন এদিকে লক্ষ্য রেখেই কার্য্যে অগ্রসর হচ্ছেন। তা সত্ত্বেও আমি বলব পশ্চিমবাংলার প্রতি ন্যায় বিচার করা হয়নি। জুটের অর্থাৎ পাটের ব্যাপারে Central Government Income Tax-এ যে টাকা আদায় করেন, তার যে যোগ্য অংশ আমাদের পাওনা ছিল তা আমরা পাইনি। এই ব্যাপারে আমি আমার প্রতিবাদ জানিয়ে রাখছি।

Shri Nikunja Behari Gupta :

মাননীয় স্পীকার মহাশয়, এই বছর আমাদের সামনে মাননীয় মুখ্যমন্ত্রী বা অর্থমন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন সেটা ঘাটতি বাজেট সে বিষয়ে সন্দেহ নাই। এই বাজেটে ৮ কোটি ৭১ লক্ষ টাকার কিছু বেশী ঘাটতি আমরা দেখতে পাচ্ছি। এবার-এর আগের বছরও আমাদের ঘাটতি বাজেটে ছিল। কিন্তু সুখের বিষয় ঘাটতি বাজেট হওয়া সত্ত্বেও কোন রকম নতুন Tax ধার্য্য করে ঘাটতি পূরণের চেষ্টা করা হয়নি। অথচ ঘাটতির মধ্যে থেকেও যে সমস্ত গঠনমূলক কাজ আরম্ভ হয়েছিল প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাকে চালু রাখবার জন্য অর্থ বিনিয়োগ করতে কোন রকম কার্পণ্য করা হয়নি। আমাদের সমস্ত প্রগতিমূলক কাজ এবং গঠনমূলক পরিকল্পনা সব বিষয়ে অর্থ বিনিয়োগ করছেন। আমার মনে হয় Land Revenue আদায় সম্বন্ধে যদি কিছুটা সতর্কতা অবলম্বন করা যায় এবং মিতব্যয়িতা অবলম্বন করা যায় তাহলে বাজেটের ঘাটতি কিছুটা পূরণ হতে পারে। আমি লক্ষ্য করে দেখেছি Land Revenue আদায়ের যে পরিমাণ তার প্রায় অর্দ্ধেকই চলে যায় খরচা খাতে। এই দিকে বিশেষভাবে নজর দেওয়া উচিত। এই দিকে মিতব্যয়িতা করতে পারলে গঠনমূলক কাজে আরও বেশী করে আমরা অর্থ বিনিয়োগ করতে পারি।

[5-50—6 p.m.]

এখন জমিদারী এষ্টেট থেকে আদায় হয় ৬ কোটি ৩৮ লক্ষ ৪১ হাজার টাকা এবং খরচ হয় ৩ কোটি ১৪ লক্ষ ৮৪ হাজার টাকা। আমার মনে হয় এটা খুব বেশী, সুতরাং এখানে economy observe করার প্রয়োজন আছে। বাজেটের মধ্যে যে সমস্ত অত্যন্ত প্রয়োজনীয় খাত আছে তার মধ্যে স্বাস্থ্য, এগ্রিকালচার এবং এডুকেশান ইত্যাদি মিলিয়ে যে অর্থ বিনিয়োগ হয়েছে তা গত বছর অপেক্ষা কম। তবে এটা সুখের বিষয় যে এবছর এডুকেশান খাতে ১৮ কোটি ৪৫ লক্ষ ৮২ হাজার টাকা এবং পুলিশ খাতে ৮ কোটি ৪৩ লক্ষ ৯২ হাজার টাকা আছে। বর্ত্তমানে শিক্ষায় যে ব্যয় তা মধ্যবিত্ত লোকের সন্তানদের শিক্ষা এবং স্বাস্থ্য ব্যাপারে অত্যন্ত বেশী। সে দিকে যদি রিলিফ দেওয়া হয় তাহলে মনে হয় যে সাধারণ লোকের কিছু উপকার হতে পারে। এগ্রিকালচারে যে টাকা বিনিয়োগ করা হয়েছে সে টাকা যদি যথাযথভাবে খরচ করা হয়, ঠিকমত সার, উন্নত ধরণের বীজ এবং জল সরবরাহ করা হয় তাহলে আমার মনে হয় দেশে খাদ্যের যে ঘাটতি হবে তার কিছুটা পূরণ হবে। বর্ত্তমান বৎসরে খাদ্যের উৎপন্ন কিছু বেশী হয়েছে বটে, কিন্তু বাংলার সর্বত্র তা হয়নি। অর্থাৎ আমাদের উত্তরবঙ্গে ধানের ফলন খুব ভাল হয়নি। এই জায়গায় সেচ ও জলের সেরকম কোন পরিকল্পনা নেই যাতে করে কৃষির উন্নতি হতে পারে। আমি তাই আপনার মাধ্যমে সরকারের কাছে নিবেদন করব যে

উত্তরবঙ্গে সেচ পরিকল্পনা এবং জল সরবরাহের দিকে যেন তাঁরা দৃষ্টি দেন। আর একটা জিনিস হচ্ছে যে পাবলিক হেল্‌থ ডিপার্টমেণ্টের মধ্যে জল সরবরাহের খাতে এবছর মিউনিসিপ্যাল এরিয়ায় কোন আইটেম ধরা দেখতে পাচ্ছি না। কোলকাতা কর্পোরেশন এবং বৃহত্তর কোলকাতার জন্য যে সংস্থা স্থাপিত হয়েছে তাতে কিছু অর্থ-বিনিয়োগ হওয়াতে আমাদের আপত্তি নেই কারণ কোলকাতা বাংলার সম্পদ, কোলকাতার স্বাস্থ্য বাংলার স্বাস্থ্য, কোলকাতার পয়ঃপ্রণালী বাংলার পক্ষে ভাল। কিন্তু সঙ্গে সঙ্গে কোলকাতার বাহিরে যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সে সমস্ত মিউনিসিপ্যালিটির অবস্থা অত্যন্ত শোচনীয়। এইসব জায়গায় জলনিকাশ বা ড্রেনেজের ভাল ব্যবস্থা নেই—সব পুরাণো ব্যবস্থাই আছে। এখানে লোকসংখ্যা বেড়েছে, কিন্তু রেট-পেয়ারদের রেট বা কর দেবার ক্ষমতা নেই। এইসব জায়গায় যদি সরকার থেকে ড্রেনেজ এবং sewerage নূতন করে সৃষ্টি করার দিকে সাহায্য না দেন তাহলে সেসব মিউনিসিপ্যালিটির অবস্থা আরও খারাপ হয়ে যাবে।

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিমবাংলায় যে ওয়েষ্ট সিল্ক ফ্যাক্টরী স্থাপিত হচ্ছে তার জন্য আমি খুব আনন্দিত হয়েছি সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, মালদহ জেলা সিল্ক-এর জন্য বিখ্যাত এবং এখানকার বহুলোক এ থেকে জীবনধারণ করে। কিন্তু একটা অসুবিধা দেখা যাচ্ছে যে এখানে যে রেশম বা ওয়েষ্ট সিল্ক হয় সেগুলো কাঁচামাল-স্বরূপ বিদেশে রপ্তানী হয়ে যায় এবং তার ফলে লোকেরা তা থেকে পয়সা পায়না। তবে যখন এই ১০ লক্ষ টাকা ব্যয় করে একটা প্লান সিল্ক ফ্যাক্টরী স্থাপন করবার পরিকল্পনা নেওয়া হয়েছে তখন আমার মনে হয় যে এটা করলে একটা ইণ্ডাষ্ট্রি গড়ে উঠে রেশম শিল্পের উন্নতিসাধন হবে, লোকেরাও তা' থেকে পয়সা পাবে এবং তা' ছাড়া এখান থেকে যে শিল্প হবে তা থেকে মটকার কোটিং, শার্টিং প্রভৃতি তৈরী হবে। স্যার, এর পূর্বে শ্রদ্ধেয় হেমন্তবাবু গ্রেটার ক্যালকাটার কথায় বলেছেন যে কোলকাতাকে আরও বাড়াবার জন্য স্কীম নেওয়া হয়েছে। কিন্তু আমার বক্তব্য এবং আশা হলো যে, সেই স্কীম কেবল পরিকল্পনার মধ্যে না থেকে তা সুসিদ্ধ হবে এবং এর সঙ্গে সঙ্গে আর একটা কথা বলব যে কোলকাতার শ্রীবৃদ্ধিসাধন করেই যেন আমরা ক্ষান্ত না থাকি, কোলকাতার বাইরে যে বিরাট বাংলাদেশ রয়েছে তাকে শ্রীমণ্ডিত করবার জন্য যে অর্থের প্রয়োজন তা যেন বিনিয়োগ করা হয়। তবে এ প্রসঙ্গে একটা কথা যে বড় বড় ইণ্ডাষ্ট্রি শহরে করতে হলে একদিকে যেমন প্রচুর অর্থের প্রয়োজন হয় ঠিক তেমনি অন্যদিকে প্রচুর পরিমাণে ভূমিরও প্রয়োজন হয়। কাজেই সে দিক থেকে জনসংখ্যার হিসেবে যখন আমাদের ভূমির এমনিতেই অভাব রয়েছে তখন যদি তার উপরে আমরা শহরে বড় বড় ইণ্ডাষ্ট্রি গড়ে তুলি তাহলে ভূমির পরিমাণ আরও কমে যাবে এবং তার ফলে আমাদের কৃষি অর্থাৎ যেটা আদি জিনিস সেটার হানি হবে। সুতরাং এদিকে দৃষ্টি রেখে এবং যতদূর সম্ভব ভূমি এবং কৃষিকে নষ্ট না করে যাতে করে এই পরিকল্পনা সাফল্যমণ্ডিত করা যায় তার প্রতি লক্ষ্য রাখবার জন্য অর্থমন্ত্রীকে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Bhikari Mondal :

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমাদের সামনে বাজেট উত্থাপন করে যে পরিসংখ্যান এবং দেশের বর্তমান অগ্রগতির কথা রেখেছেন তাতে যথেষ্ট বাস্তবতা রয়েছে এবং তা ছাড়া বিগত ২ টি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে সর্বভারতীয় ক্ষেত্রে এবং বাংলাদেশের কি রকম উন্নতি হয়েছে তাও দেখাতে চেষ্টা করেছেন। তবে একথা শুধু যে এই বিধানসভায় বসে আমরা চিন্তা করছি তা' নয়, এই হাউসের বাইরে যে কোন জায়গায় গেলেই দেখবেন যে সকলেই এই কথা উপলব্ধি করছে। তারপর তিনি আপনাদের সামনে আগামী আর্থিক বৎসরের ব্যয়বরাদ্দ মঞ্জুরী করাবার জন্য যে দাবী রেখেছেন সেই দাবী অত্যন্ত সুচিন্তিত বলে মনে করি।

[6—6-10 p.m.]

তিনি শিক্ষা, কৃষি, সমবায়, শিল্প এবং কুটির শিল্পের উন্নতির জন্য যথেষ্ট টাকা বরাদ্দ করেছেন। তাছাড়া মূলধন বিনিয়োগ খাতেও তিনি অনেক টাকা বরাদ্দ করেছেন। আমাদের বিরোধী পক্ষের নেতা জ্যোতি বাবু এতে অনেকখানি সন্তোষ লাভ করেছেন এবং শিল্পের ক্ষেত্রে আমাদের মুখ্যমন্ত্রী যেটা করেছেন তাকে তিনি সমর্থন করেছেন। কৃষির ক্ষেত্রে যে বেশী ব্যয় বরাদ্দ করা হয়েছে সেটাও তিনি সমর্থন করেছেন। কাজেই এ দিক দিয়ে বিতর্কের কিছু নেই, আমাদের দেশের জনসাধারণও এটা সমর্থন করবে। তিনি যে বাজেট রেখেছেন তার ভেতর দেশের সামগ্রিক উন্নতির প্রয়োগ দেখতে পাওয়া যাচ্ছে। বিরোধী পক্ষের হয়ত এটা ভাল না লাগতে পারে কিন্তু দেশের লোক একে পূর্ণ সমর্থন জানাবে। স্যার, বিরোধী পক্ষরা অনেক সময় বলেন যে বাজেটের পরিসংখ্যানের ভেতর কোন বাস্তবতা নেই। একথা আগেও শুনেছি আজকেও শুনছি। কিন্তু আমার মনে হয় এটা সম্পূর্ণ ভিত্তিহীন। কৃষি প্রদর্শনীতে একটা পরিসংখ্যান দেখেছিলাম, ধানের উৎপাদন সেখানে লেখা আছে গড়ে প্রায় ১৫॥ মন কি তার কিছু বেশী হবে। এটা যাঁরা চাষী তাঁরা বুঝবেন যে এর ভেতর যথেষ্ট বাস্তবতা রয়েছে। বিরোধীপক্ষ থেকে যখন বলা হয়েছে যে চীন দেশ অতি অল্প সময়ের মধ্যে কৃষির ব্যাপারে যথেষ্ট অগ্রসর হয়েছে তখন আমাদের দেশের লোক আশ্চর্য হয়ে শুনেছে। কিন্তু সেই আশ্চর্য আজ আর নেই। আমরা যদি পরিসংখ্যান হিসাব করে দেখি তাহলে দেখতে পাব যে চীনে মাথা পিছু চাষের জমি প্রায় ১'৫৩ একর, আর আমাদের ভারতবর্ষের মাথা পিছু চাষের জমি হ'ল '৭৭ একর এবং বাংলাদেশে হ'ল '৪ একর। আমাদের মাথা পিছু এত কম জমি সত্বেও আমাদের দেশে উৎপাদনের হার এবং খাদ্যের যে অবস্থা দেখতে পাচ্ছি চীন দেশে মাথা পিছু ১'৫৩ একর চাষের জমি এবং উৎপাদনের হার বেশী সত্বেও দেখা যাচ্ছে ভয়ংকর দুর্ভিক্ষ। সেই দেশের পরিসংখ্যানকে যদি এঁরা বাস্তব বলে মনে করেন তাহলে আমাদের দেশের পরিসংখ্যানকে অবাস্তব বলে মনে করার কোন যুক্তি নেই।

দেশের লোক আজ অবাক হয়ে এটা দেখছে যে চীনের খাদ্যের ব্যাপারে এত যে উন্নতি করছে বলছেন তাহলে সেখানে এত দুর্ভিক্ষ কেন? আজকে দেশের লোকের পূর্ণ বিশ্বাস ফিরে এসেছে আমাদের সরকারের প্রতি। তারপরে আরো ২।১টা কথা আমি আপনার সামনে রাখবো সেটা হল মেদিনীপুর এবং হাওড়া জেলার কোথাও কোথাও জমির উপর একটা ট্যাক্স আছে যাকে বলা হয় টাকাভী। মেদিনীপুরে প্রায় ৩ লক্ষ ৪৯ হাজার ২৭৬ একর জমি এবং হাওড়া জেলায় প্রায় ১১ শো একর জমির উপর টাকাভী এমব্যাংকমেণ্ট রয়েছে। এটা যখন দেশে জমিদার ছিল সেই সময় হয়েছে। তখন বন্যায় যেসব অঞ্চল ডুবে যেত সেই বন্যার হাত থেকে রক্ষা করবার জন্য বাঁধ দিতে হত এবং সেই বাঁধ দেবার যে খরচ সেটা তখন জমিদার এবং সরকারের মধ্যে ভাগাভাগি ব্যাপারে নিয়ে একটা মোটামুটি চুক্তির মত ধার্য্য হয়ে গিয়ে কিছু লোককে টাকাভী দিতে হত। সেই চুক্তি এখনও বলবৎ রয়েছে এবং যারা জমিদারের প্রজা ছিল তারা আজও টাকাভী দিচ্ছে এবং টাকাভী তারা দিয়েছে। কিন্তু চুক্তির ক্ষেত্রে এটা বাধ্য হলেও বাস্তবতার দিক থেকে এতে অসুবিধা রয়েছে কেননা আমরা দেখতে পাচ্ছি—একই ইউনিয়ন কি একই গ্রামের অধিবাসী যারা খাসমহলের প্রজা ছিল তাদের টাকাভী দিতে হচ্ছে না কিন্তু যারা জমিদারের প্রজা ছিল তাদের টাকাভী দিতে হচ্ছে। এটাকে তাড়াতাড়ি বন্ধ করে দেয়া দরকার। অবশ্য টাকাভী আদায় সম্পর্কে খুব শিথিলতা রয়েছে। আমি অনুরোধ করি তাঁরা যেন এবিষয়ে বিবেচনা করে টাকাভী বন্ধ করে দেন। তারপর আমি বলবো গ্রাম-পঞ্চায়েৎ দ্বারা দেশের সত্যকারের উপকার হতে পারে একথা গ্রামপঞ্চায়েৎ আজ মনে করছে। আমার এলাকার ভেতর প্রায় ২৮টা গ্রামপঞ্চায়েৎ রয়েছে এবং এর বেশীর ভাগ গ্রামপঞ্চায়েৎ

কার্য্যভার পেয়েছে কিন্তু দেখা যাচ্ছে সেখানে যে ভাবে গ্রামপঞ্চায়েৎ পরিচালিত হচ্ছে তাতে কিছু কিছু—অসুবিধা রয়েছে এবং সেই অসুবিধাগুলি দূর না করলে গ্রামের উন্নতি অসম্ভব হয়ে পড়বে। দেখা যাচ্ছে গ্রামপঞ্চায়েতের নিয়মানুযায়ী তারা যেরকম খরচের ট্যাক্স ধার্য্য করে সেই রকম খরচের ট্যাক্স ধার্য্য হচ্ছে না। আমাদের ২৮টা পঞ্চায়েতের ভেতর আমরা দেখতে পাচ্ছি ৩টা পঞ্চায়েৎ এই রকম অসুবিধায় ফেলেছেন। রুলসের ১১০ ধারায় যে রকম ট্যাক্স করবার নিয়ম রয়েছে সেটা তারা সম্পূর্ণরূপে অমান্য করছেন। গরীব চাষী যারা তাদের উপর কেবলমাত্র ট্যাক্স বসেছে, আর যাদের হাস্কিং মেসিন রয়েছে, যারা ব্যবসা করে মোটা রোজগার করে বা চাকরী করে মোটা রোজগার করে তাদের উপর ট্যাক্স বসেনি। সরকারের স্থানীয় কর্মচারীরা সেখানে পঞ্চায়েতের প্রধানকে চেপে ধরেছেন, তারা কিছুতেই ছাড়বে না। এইভাবে তিনটি পঞ্চায়েতে করেছেন। স্যার, আমাদের এই হাউসে পঞ্চায়েৎ বিল পাসের সময় যখন ট্যাক্স নীতি সম্পর্কে আলোচনা হয় সেই সময় বিরোধিপক্ষের কোন সদস্য এই ট্যাক্স কি রকম হবে, না হবে সে সম্পর্কে কিছুই বলেন নি কিন্তু এখন তাঁরা বলছেন যে ঐ ট্যাক্স ঠিক হয়নি। অথচ সেই সময়েই তাঁদের এ সম্পর্কে প্রতিবাদ করা উচিত ছিল এই হাউসের সদস্য হিসাবে। আজকে তাঁরা এই হাউসে বসে এবং সেদিন গভর্ণরের স্পীচের উপর আলোচনা করতে পেরেও দেখলাম যে তাঁরা বলছেন এই ট্যাক্স বেশী হয়ে যাচ্ছে কিন্তু সেই সময় তাঁদের এসম্পর্কে এই হাউসে বসে আলোচনা করা উচিত ছিল।

[6-10—6-20 p.m.]

বর্ত্তমান অবস্থায় অঞ্চল পঞ্চায়েতের কাজ যে ভাবে চলেছে, তাতে দেশের লোকের প্রকৃত উপকার হতে পারে না। সেখানে প্রধানদের বিরুদ্ধে বহু অভিযোগ আছে। সেখানে স্বজন-পোষণ চলেছে, এবং তারা অত্যন্ত দুর্নীতিপরায়ণ, যার ফলে দেশবাসী তাদের উপর আস্থা হারাচ্ছে, তাদের উপর লোকের অনাস্থা রয়েছে। তারা বেশীর ভাগই বিরোধী দলের প্রধান, কমিউনিষ্ট দলের প্রধান, তাই এই রকম হচ্ছে। যদি এই ভাবে অঞ্চল পঞ্চায়েতের কাজ চলতে থাকে, তাহলে গ্রামবাসীর পক্ষে অত্যন্ত ক্ষতিকর হবে। এবং সরকার যে উদ্দেশ্য নিয়ে পঞ্চায়েৎ-রাজ গঠন করতে চাহেন, তা সফল হবে না। আমি আশা করি সরকার এদিকে বিশেষ দৃষ্টি দেবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mahendra Nath Mahata :

মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের কাছে উপস্থাপিত করেছেন, সেই বাজেটকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে হাউসের কাছে বলতে চাই।

আমরা বহুদিন থেকে লক্ষ্য করে আসছি গভর্ণমেণ্টের যে সমস্ত বাজেট হয়েছে, সেগুলি বিরোধী পক্ষ সমালোচনা করেন। অবশ্য সমালোচনা একান্ত দরকার। কিন্তু তাঁদের সমালোচনার রীতি অনবরত যা দেখছি, তাতে স্বভাবতই আমাদের মনে সন্দেহ উপস্থিত হয়। কারণ অন্যান্য যে সমস্ত স্বাধীন দেশ আছে, সেখানে এ রকম হয় না। পৃথিবীর বহু দেশে আজ গণতান্ত্রিক শাসন রয়েছে। বিশেষ করে এ্যামেরিকায়, ইংলণ্ডে, সেখানে যে ভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে শাসন চলেছে, সেই নীতি আমরা গ্রহণ করেছি। সেই সমস্ত জায়গায় বিরোধী পক্ষ, অপজিসন্ যে ভাবে তাঁদের সরকারের কার্য্যকলাপ সমালোচনা করেন, তার তুলনা আমরা এখানে দেখতে পাইনা। এ্যামেরিকায় যে সময় আইসেন্‌ওয়ার বিরোধী পক্ষকে হারিয়ে, সেখানকার গভর্ণমেণ্টের শাসনকার্য্য দখল করেন তখন বিরোধীপক্ষ তাঁকে সম্বোধন করে বলেন I appeal to each

American to lend their support to Eisenhower. I pledge mine…তাতে বিরোধী পক্ষ সত্যই সায় দেন। এই যে স্পিরিট্ নিয়ে বিরোধী পক্ষ কাজ করে এই সমস্ত দেশে সেই স্পিরিট্ আমাদের এখানকার বিরোধী পক্ষদের ভিতর দেখতে পাইনা। তারপর আমরা দেখতে পাই 'কোরীয়া' সম্বন্ধে পত্রিকায় একটা মন্তব্য বেরোয় Churchill and Attlee-র মধ্যে মতভেদ সম্বন্ধে, তাতে Churchill-এই বলে ষ্টেট্‌মেণ্ট দেন—I differ with Attlee in many matters but so far as Korea is concerned, I am one with him…এই ভাবে আমরা দেখতে পাই গণতান্ত্রিক পদ্ধতিতে, ঐ সমস্ত দেশে, তাঁরা শাসনকার্য্য পরিচালনা করছেন। কিন্তু 'চায়নার' ব্যাপারে আমরা যা দেখছি তা অত্যন্ত দুঃখের এবং লজ্জাকর। যে সমস্ত সমালোচনা এখানে হয় বিরোধী পক্ষের তরফ থেকে, তাতে মনে হয়, খালি কতকগুলি দোষ দেখানই যেন তাঁদের এক মাত্র পেশা। অনেক সময় দেখতে পাই মাঝি নদীতে নৌকা চালাচ্ছে—বহু দিন ধরে—প্রথমে তার নৌকায় লোক আসত না; কিছুদিন বাদে, যখন নৌকা খুব চলাচল করছে, তখন লোকের মনে একটা বিশ্বাস জন্মায়, এবং বহু লোক ঘাটে পারাপার হতে থাকে। এই যে সুদক্ষ মাঝি, তার নৌকায় বহু লোককে নিয়ে পারাপার করছে,—তাতে অন্য লোক মনে করছে—নৌকা চালান খুব ভাল কাজ, লাভের কাজ, সে নৌকা চালান জানুক বা না জানুক সে ঘাটে একটী নৌকা বেঁধে সে নৌকায় যাত্রী ডাকতে আরম্ভ করেছে। এই বুড়ো মাঝি কত লোককে পারাপার করছে—সে কাউকে কিছু বলছে না, আর বুড়োমাঝি যতই ভাল মাঝি হোক, নদীতে নৌকা চালাতে গেলে, একদিন না একদিন তার নৌকা ডুবি হবেই। সেই নৌকাডুবির হিসাব লিখে তারই লিষ্টি দিয়ে নূতন মাঝি বুড়ো মাঝির নিন্দা করছে।

নদীর কিনারা থেকে যে লোক নৌকা চালায় তাকে এভাবে চালাও ওভাবে চালাও বলা সহজ। উপর থেকে ঢেউ দেখে নৌকা চালাবার পদ্ধতি বলে দেওয়া যায় কিন্তু নৌকা যে চালায় তার তো শুধু ঢেউ নয়, নদীর নীচে পাথর আছে, চরা বালি আছে সে সবও তাকে সামলাতে হয় বুঝতে হয়। কাজেই দূর থেকে ঠিক কিভাবে চালাতে হবে না হবে সে বুঝে উঠা কঠিন। তারপর কয়েকটি জিনিষ আছে যেমন প্রজ্ঞা—wisdom, knowledge, information and gossip, এটাই মানুষের জীবনে প্রধান। এই চারটী জিনিস প্রত্যেকটিই ভাল এবং তাদের differenceও আছে অর্থাৎ wisdom হল এক জিনিস—Information আর একটা জিনিস এবং Gossip গল্প আর এক জিনিস। এখানে wisdom জ্ঞানের ভিতর পাওয়া যায়। এবং আমাদের যে জ্ঞান সেটা খবরের ভিতর পাওয়া যায় কেননা খবর জেনে জ্ঞান আমাদের হয়। এই চারটি জিনিস নিয়ে সাধারণতঃ তর্ক করি। তর্ক করে ঠিক সিদ্ধান্তে আসবার পদ্ধতিতে আসতে হবে। কেননা তর্ক করে রায় দেবেন সেটা যাতে ঠিক হয় তা করতে হবে। সুতরাং wisdom, knowledge, information, gossip এই চারটির কোনটী নিয়ে তর্ক করবেন তা ঠিক করা দরকার। gossip কি? মুখের কথা বললাম সেটা হল গল্প। খবরের কাগজে যেসব পড়ি সবগুলি Information যে সব I. A., B. A. পড়ে জানি সেটা হল knowledge, তাছাড়া কেউ হয়ত আয়ারলাণ্ডে আছে, কিংবা অন্য কোথাও আছে সেখান থেকে direction দিচ্ছে radio-তে direction দিয়ে সৈন্য চালনা করে যুদ্ধ জিতান—[Shri Jatindra Chandra Chakravarty : কি বলছেন এতক্ষণ বুঝা যাচ্ছেনা, রিপোর্টারদের লিখতে যে অসুবিধা হচ্ছে :] সেটা হল wisdom—আজকে তাহলে আমরা দেখতে পাচ্ছি এই কটী জিনিসের কোনটিকে দাম দিব তা আমাদের জীবনে সবচেয়ে বড় কথা। এখানে বহু সমালোচনা হয়েছে। একবার Abraham Lincoln-কে একজন বলেছিল, আচ্ছা আপনিতো ভাল কাজ করছেন আমরা দেখছি কিন্তু এত যে নানা লোকে নানারকম বলে তার প্রত্যুত্তর দেননা কেন? আর যদি না দেন তো আমাকে বলে দেন—আমি বর্ণনা দেব। লিঙ্কন তখন বললেন আমিও ত মানুষ আমারও তো

ভুল হতে পারে, মানুষ যে সব সময় ন্যায় করে তা নয়, কাজেই যদি criticism হয় তাহলে ভালই হয়। আমি যে কাজ করছি তার ফল যদি ঠিক হয় তবে লোকে যতই criticise করুক তার দাম নাই।

[6-20—6-30 p.m.]

আর আমি যে কাজ করছি তার যদি ফল না হয় তাহলে আমি যতই তার explanation দিই না কেন তার কোন দাম নেই। কাজেই আমি লোককে explanation দিয়ে বা লোকে কি বলছে তারজন্য মন খারাপ করে বসে থাকার চাইতে, সেই সময় নষ্ট করার চাইতে, আমি সেই কাজ কি করে সফল করতে পারি সেইজন্য সময় devote করি। লোকে কি আলোচনা করছে তা নিয়ে মন খারাপ করা বা সময় নষ্ট করা বাঞ্ছনীয় মনে করিনা। কাজেই আমাদের দেখতে হবে যে criticism আসে সেগুলি উপেক্ষা করাই আমাদের কাজ The duty of the Opposition is to oppose ar d of the Government is to rule এই সনাতন নীতি নিয়েই চলতে হবে। আমরা এক একজন M. L. A. এখানে প্রায় ১ লক্ষ লোকের প্রতিনিধি হিসাবে আসি। এদের আশা আকাঙ্খাকে কি করে পূরণ করতে পারা যায়, সে কাজ কার্য্যকরী করতে পারা যায় তার চেষ্টা করা উচিত। তা না করে যদি রাম কি করলো বা রহিম কি করলো তা নিয়ে তর্ক করে সময় নষ্ট করি তাহলে তার চেয়ে দুঃখের কথা আর কি হতে পারে। Generally আমরা দেখতে পাচ্ছি, কি কাজ করতে হবে সে বিষয় আমরা একমত। কিন্তু কাজগুলি কি ভাবে করতে হবে সে বিষয় controversy বা দ্বিমত আছে, আর কে কাজ করবে সে বিষয় যখন আমরা তর্ক করি তখন একেবারে যুদ্ধ। আমি ছাড়া আর কেউ এ কাজ করতে পারে না। এবং আমাদের এই অহংকারের জন্য আমরা শুধু নিজেদের ক্ষতি করছি না বহু লোকের ক্ষতি করছি। এর ফল যে কি হয় সে সম্বন্ধে একটা গল্প বলছি। একজন ডাক্তার একটা লোককে চিকিৎসা করছে। ঔষধ দিয়ে রোগ ভাল করছে। কিন্তু যদি তার পড়শী এসে রোগীকে বলে যে ডাক্তার তোমাকে দেখলো বটে কিন্তু বেশী সময়ত দেখলো না, ভাল করে diagnosis করলো না। আর একজন এসে বললো যে ঔষধ যা দিয়েছে তা সব সাবেকী আমলের ঔষধ, ওতে কি আর এখন কাজ হয়। আর একজন বললো যে ডাক্তার বলছে যে রোগী বোধ হয় আর বাঁচবেনা। এর ফলে ডাক্তার প্রকৃত diagnosis করা সত্বেও এবং রোগীকে ভাল ঔষধ দেওয়া সত্বেও তার mental reaction create করায় psychological reaction sometimes counteracts the medical reaction। আর একটু আগে ডাঃ মৈত্রেয়ী বসু বলেছেন যে এই রকম criticism-র মাধ্যমে কাজগুলিতে বাধাদান করা হয় যার ফলে পুলিশ বাড়াতে হয় এবং যার ফলে Lumanitarian budget আমাদের কমাতে হয়। কাজেই opposition for opposition's sake এটা ধরে না নিয়ে কাজটা ভাল করছি কি খারাপ করছি সে বিষয় চিন্তা করা উচিত। আর একটা কথা আমি এখানে বলতে চাই, যে সব কাজের আমরা পরিকল্পনা করি সেই কাজ করবার সময় তার ফল কি হবে তাও আমরা পরিকল্পনায় ধরি। কিন্তু অনেক সময় সেই ফল আমরা পাইনা। সেইজন্য সবসময় administrative expert opinion and report-র উপর বিশ্বাস না করে, এখানে একটা mathematical formula দিচ্ছি সেইভাবে কাজ করা উচিত। সেই mathematical formula হচ্ছে, যে কাজ আমরা করি তার efficiency-র Mathematical expression হচ্ছে E is equal to U × P × Q divided by C × T.

এই পাঁচটা factor-এর মধ্যে 'E' means efficiency of any plan or any work or any scheme……'U' means utility to how many persons ; 'P' means period during which the utility lasts ; 'Q' means quantity of utility ; 'C' means

cost for the scheme and 'I' means the time required for working out the scheme. এইভাবে পরিকল্পনা করলে কত লোকের কি পরিমাণ হবে দেখতে হবে এবং এই পরিকল্পনার utility কতদিন থাকবে তাও বিচার করতে হবে। Each one is a determinate quantity and can be found out.

তারপর এই কাজে কত cost লাগবে তাও বিচার্য্য। এগুলি কারুর whim-এর উপর নির্ভর করে না। Efficiency vary করে, অর্থাৎ, এই পাঁচটা factor combined together অর্থাৎ, কম টাকায়, কম টাইমে, বেশিদিন, বেশি পরিমাণে লোকের উপকার হবে তাই হল efficiency। তারপর, plan efficiency and implementation efficiency এই দুটোর ratio-এর উপর আমাদের কাজের সাফল্য নির্ভর করে। এই পাঁচটা factor দিয়ে, প্রথম পরিকল্পনা দ্বিতীয় পরিকল্পনার বিচার করে evaluation of the Parikalpana করে নিতে পারি, তাতে আমরা দেখতে পাব আমাদের সরকার সাফল্যের পথে এগিয়ে যাচ্ছেন। তাই আমি এই বাজেট সমর্থন করি।

Shrimati Labanya Prova Ghosh :

জাতীয় শাসন-ব্যবস্থার সুষ্ঠু সর্বাঙ্গীন যোগান ও মহান পরিকল্পনার আর্থিক রূপায়ণই হল বাজেট। কিন্তু আমাদের দেশের জীবনে আজ এই বাজেটের বার্ষিকী অভ্যুদয়ে জন-চিত্তে কোনো সাড়াই জাগায় না। কারণ বছরের পর বছর জনগণ উপলব্ধি করেছে—এই শাসন-যন্ত্রের বাজেট—বাজেটের ভান মাত্র। একে আশ্রয় ক'রে প্রতি বৎসর কী অপরিমেয় জাতীয় অপচয়, কী দ্রুত অবনতি, এবং কী ব্যাপক অনাচার অবাধে এগিয়ে চলেছে, তা দেশের অভুক্ত উপেক্ষিত জনসাধারণ জানে। এই খসড়া বাজেটকে সামনে রেখে এর সুষ্ঠু রূপায়ণের উদ্দেশ্যে জন প্রতিনিধিরূপে আমাদের এখানে সমবেত হওয়াও নিরর্থক। কারণ সামনে ছক তৈরী করা আছে—আলোচনা প্রয়োজনীয় হোক—গ্রহণযোগ্য হোক তাকে সরিয়ে দিয়ে সংখ্যাগরিষ্ঠতার সংখ্যার জোরে এ ছক তার উদ্দেশ্য সাধনে অগ্রসর হবে এই আজকের ধারা। এটা মূলে ব্রিটিশের ধারা। সেদিন আমাদের বলার মূল্য ছিলনা; ভাবার মূল্য ছিল না; বাজেট বোঝবার জন্যে উপযুক্ত সময় পাবারও অধিকার ছিল না। কারণ ইংরেজ যা করবে তাই মানতে হবে। আজও সেই ধারা চলেছে। আজ সংখ্যাগরিষ্ঠদল যা বলবে তাই মানতে হবে। এখানে চিন্তা, বিচার বা উপযুক্ত পরিকল্পনা দেবার স্থান কোথাও নেই। বাজেট বিষয়ে চিন্তা করবার, অধ্যয়ন করবার জন্য যে উপযুক্ত দীর্ঘ সময় দরকার তারও আদৌ ক্ষেত্র কোথাও নেই। আগাগোড়া সবটাই যখন খেলা তখন তার জন্য মিথ্যে বিলম্ব করার ব্যাপারটুকুই আর কি করা। তাই প্রাথমিক একটা অভিনয় তাড়াতাড়ি সেরে আসল উদ্দেশ্য সাধনে দ্রুত অগ্রসর হবার জন্যেই বাজেট এখন প্রস্তুত। এই বাজেট জনমত বা ব্যাপক ক্ষেত্রে জনগণের আশা আকাঙ্খার দাবী সংগ্রহের কোনো চেষ্টাই করেনি। জেলা, ব্লক, পঞ্চায়েত প্রভৃতি স্তরের যোজনা সংগ্রহের কথা আমাদের জানানো হয়েছে। কিন্তু তা যেমন আংশিক অকিঞ্চিৎকর তেমনি তা মূল্যহীন অভিনয় মাত্রই। আমরা এসবের ব্যাপার জানি। এসব গুটিকতক গোষ্ঠীগত ক্ষেত্রের শুধু সাজানো জিনিস। জনক্ষেত্রের সঙ্গে এর আদৌ যোগ নেই। বাজেট পরিকল্পনার অন্যতম মহান উপাদান হলো তথ্য—যার ভিত্তি না হলে পরিকল্পনা মিথ্যে এবং বিকৃত হয়। বর্তমান সরকারের হাতে কোনো নির্ভরযোগ্য তথ্যই নেই। তথ্যের বিভাগগুলি কেন্দ্রীয় সরকার থেকে আরম্ভ ক'রে নিম্নতম স্তর পর্য্যন্ত তথ্য চুরির আড্ডাখানা মাত্র। অসাবধানতা বা অযোগ্যতাবশতঃই যে সব হচ্ছে তা নয়—সকল ক্ষেত্রেই কেন্দ্রীয় তথা রাজ্য সরকারের সম্পূর্ণ সজাগ পরিকল্পনা সহকারেই এই সব প্রকাণ্ড গ্লানিজনক চুরি ঘটছে। এসবের জলন্ত দৃষ্টান্ত আমরা বহু উদ্‌ঘাটন করেছি।

কোনো পক্ষই আজও পর্য্যন্ত তার বিন্দুমাত্র সংশোধনের আগ্রহ প্রকাশ করেন নি। উপরন্তু সেই সব মিথ্যা তথ্যের ভিত্তিতেই ওঁরা কাজ করে চলেছেন, তার জন্ত অন্তরে কোনো গ্লানি বোধও নেই। অর্থের বরাদ্দ বিষয়ে পরিকল্পনার মধ্যে বুদ্ধি এবং চিন্তাও আজ বিভ্রান্ত। জাতীয় অগ্রাধিকারের বিষয়গুলি উপলব্ধি করে বলিষ্ঠ পদক্ষেপে তার সংগঠনে এগিয়ে যাবারও কোনো দৃষ্টি নেই। হাজার রকম বিষয়ের পরিকল্পনার জাল বিস্তার করে আজ সবই পণ্ড হতে চলেছে। দেশের জনগণের স্পষ্ট উপলব্ধি হয়েছে যে, বহুভাবে অবাধে অর্থের অপচয় করার লক্ষ্যেই এই সব বহুবিধ উপলক্ষের সৃষ্টি হয়েছে। কাজের দৃষ্টি বা সততা কিছু নেই। এই সব পরিকল্পনা ভালই হোক আর মন্দই হোক এর পেছনে যদি সততা থাকতো তাহলে এর দ্বারাও কাজ অগ্রসর হোতই। কিন্তু আজ এই দীর্ঘ কংগ্রেসী শাসন ও অজস্র অর্থের অপব্যয়ের ফলাফল কি ঘটল? জনগণের জীবনযাত্রার মান নিত্য আরো অবনতই হয়ে চলল। কারণ যে শাসনযন্ত্র সম্পূর্ণ অসাধুতার লক্ষ্যে পরিচালিত,—তার ভাল বাজেটই বা কি, আর মন্দ বাজেটই বা কি। বাজেট তার জনশোষণের উপলক্ষ্য মাত্র। সমগ্র এই বাজেটের মধ্যে একটি জিনিস আমরা অত্যন্ত তিক্ত কটুরূপে দেখতে পাচ্ছি। তা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকারের ভাগ এবং দাবী নিয়ে বিরোধ। মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণকে প্রায় এই কলহের কাহিনীরূপেই অভিহিত করা চলে। এই তথ্যই প্রায় তার সমগ্র ভাষণই জুড়ে আছে। অর্থমন্ত্রীর এই ভাষণে কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণ ও পক্ষপাতিত্বের কাহিনী সুস্পষ্টরূপেই আলোচিত হয়েছে। এতে আশ্চর্য্যান্বিত হবার কথা নেই কারণ উর্দ্ধ এবং অধঃ সমগ্র কংগ্রেসী শাসনের নিত্যকার স্বরূপই আজ হলো এই। এ শুধু অপচয়ের লক্ষ্যে ভাগাভাগী নিয়ে কোন্দল। কেন্দ্রীয় সরকারের যে আচরণে মুখ্যমন্ত্রী অর্থমন্ত্রী ক্ষুব্ধ ও বিব্রত হয়েছেন, তিনি নিজেও নিজের শাসনতান্ত্রিক জীবনে এই একই নীতি অনুসরণ করে চলেছেন। যে সমদৃষ্টি, আন্তরিকতা, সহানুভূতি ও সচেতনতার বিষয়ে মুখ্যমন্ত্রী কেন্দ্রকে উপদেশ দিয়েছেন দুঃখের বিষয় তার নিজের শাসনজীবনেই তার কোনো পরিচয় নেই। রাজ্যের জেলাগুলির শাসনে তার কাছ থেকেও আজ আমরা নগ্ন বৈষম্যমূলক আচরণ ও পক্ষপাতিত্বের অবিচার লাভ করছি। আমি অন্ততঃ আমার জেলা বিষয়ে এ সম্পর্কে দৃঢ়তা সহকারেই বলতে পারি। দীর্ঘ কালকার বিহার আমল থেকে অনাদৃত উপেক্ষিত এই জেলার প্রতি আজও সমভাবেই উপেক্ষা এবং বৈষম্যমূলক আচরণ চলেছে। ভাষার আন্দোলনে যে মহান ক্ষতি বহন করেছে এই পুরুলিয়া জেলা, তার প্রতি বিশেষ সহানুভূতির প্রয়োজন নেই। তার প্রতি সম-আচরণটুকুই আজ দাবী। তাও নেই। সুতরাং যে মাৎস্য ন্যায় চলেছে তার জন্ত মাননীয় মুখ্যমন্ত্রীর আপশোষ করার কিছু নেই। বঙ্গ বিভাগের জন্ত বাংলার সংকট ও তার জন্ত কেন্দ্রের দায়িত্ব মুখ্যমন্ত্রী স্মরণ করিয়েছেন। কিন্তু চাওিল, ইছাগড়, পটমদার মত খনিজ সম্পদে পূর্ণ বিরাট অঞ্চলগুলি বেচ্ছায় ত্যাগ করে তিনি যে বাংলার অপূরণীয় ক্ষতি করেছেন তার জন্ত কার কাছে আমরা আজ ক্ষতিপূরণ চাইবো?

[6-30—6-40 p.m.]

সম-আচরণ ও ন্যায় বিচার চাইবার মতো মুখ্যমন্ত্রীর আজ মনের বল কোথায়? একথা সবাই জানে যে মুখ্যমন্ত্রী কেন্দ্রকে ভালমতোই চেনেন। শাসনতান্ত্রিক বহু বিষয়ে বহু কেন্দ্রীয় প্রতিষ্ঠান যা বাংলায় ছিল তার বিষয়ে, রাজ্য পুনর্গঠন বিষয়ে, ভাষা বিষয়ে—ভারতের সংখ্যালঘু বিষয়ে—উদ্বাস্তু বিষয়ে এবং সর্বোপরি, আসাম ও বেরুবাড়ী বিষয়ে কেন্দ্রের কদর্য্য বৈষম্যমূলক ব্যবহার ও নগ্ন ষড়যন্ত্রমূলক ব্যবহার মুখ্যমন্ত্রী দেখেছেন। কিন্তু অপরিমেয় দুঃখের কথা যে তা দেখেও তিনি ব্যক্তি ও গোষ্ঠীস্বার্থের আবর্তনে পড়ে, উর্দ্ধতন কর্তাদের বিরাগভাজন হবার ভয়ে, নিজেই পর্য্যায়ে পর্য্যায়ে এ সকল ষড়যন্ত্রের সঙ্গে নিজেদের যুক্ত এবং নিজেদের অবনমিত

করেছেন। সুতরাং আজ আর বাজেটের পাতায় কেন্দ্রীয় অবিচারের জন্যে ক্রন্দন ক'রেইবা কি হবে? তাঁর মত সম্মান ও প্রভাবের আসনে অধিষ্ঠিত ব্যক্তির যদি সে নির্ভীকতা, সে আত্মবল, সে মর্য্যাদাবোধ থাকতো তাহলে কেন্দ্রের সাহস হোত না এইভাবে বাংলার প্রতি এই সব অবিচার অত্যাচার করার। তাহলে বাংলার ইতিহাসও আজ অন্য ধারায় বইত। কেন্দ্র জানে তাদের মতলবকে হাসিল করার মত পশ্চিমবঙ্গের কংগ্রেসে ও আইনসভায় এক দুর্বল নেতৃত্ব এবং সংখ্যাগরিষ্ঠ দুর্বল প্রতিনিধিগোষ্ঠী আছে। এবং তারা এও জানে কেন্দ্রের বিরুদ্ধে বক্তব্যের মধ্যে এদের আন্তরিকতা বা দৃঢ়তা কিছু নেই। সেজন্য বাজেটের এই নামের তর্কজালও কোনোভাবেই আমাদের অন্তরকে স্পর্শ করতে পারেনি। আমরা আজ ভালভাবেই জানি, বাজেটের বরাদ্দে আজ যাই দেওয়া হোক—তার অধিকাংশই এক কদর্য্য কাড়াকাড়ি, হানাহানি, রাহাজানী, লুঠপাট—লক্ষ্যহীন অপচয় ও জাতীয় কর্মকে পণ্ড করার দক্ষযজ্ঞ রূপেই দেখা দেবে। সুতরাং বাজেটের এই বিরাট অঙ্ক সমষ্টি ও পরিকল্পনার অভিনয় আমাদের কাছে আজ কোনো সম্ভ্রম, কোন আশা, কোনো বিশ্বাস, কোনো ভরসা বহন করে আনতে পারে নি।

Shri Kanai Lal Dey :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অর্থমন্ত্রী রূপে ১৯৬১।১৯৬২ সালের যে বাজেট পেশ করেছেন তাহা আমি সম্পূর্ণ সমর্থন করি। এই বাজেটের মধ্যে সব থেকে উল্লেখ-যোগ্য বিষয় এই যে বাজেটটি ঘাটতি বাজেট হলেও ইহাতে নূতন কোন কর ধার্য্যের প্রস্তাব নাই।

দিনের পর দিন আমাদের দেশ অগ্রগতির দিকে এগিয়ে যাচ্ছে। গত ১০ বৎসরে দেশের অধিকাংশ উৎপন্নদ্রব্য অনেকাংশে বেড়েছে। ১৯৫২ সালে শিল্প উৎপাদনের সূচক-মান ছিল যেখানে ১০৩৬—১৯৬০ সালে তা বেড়ে ১৬৬'৩ হয়েছে এই রকম ভাবে পাটজাত দ্রব্য, এঞ্জিনীয়ারীং, ইস্পাত, উৎপাদন কাগজ, সেলাই কল, বাই সাইকেল, চিনি, বিদ্যুৎ প্রভৃতি জিনিসের উৎপাদনের মান অনেক বেড়েছে। ১৯৫০।৫১ সালে মাত্র ২৭ হাজার ৫ শত মাইল পাকা রাস্তা ছিল, তা বেড়ে ১৯৬০।৬১ সালের শেষে ১ লক্ষ ৪৪ হাজার মাইল হবে। প্রাথমিক ও বুনিয়াদি বিদ্যালয়ের সংখ্যা অনেক বেড়েছে। উচ্চ এবং মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা গত ১০ বৎসরে প্রায় দ্বিগুণ হয়েছে। স্বাস্থ্যের, চিকিৎসার উন্নতি হিসেবে বহু নূতন প্রাথমিক এবং ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হয়েছে এবং মহকুমা ও জেলা হাসপাতালগুলির বহু সম্প্রসারণ হয়েছে।

চাষের উন্নতির জন্য কৃষি ঋণ দেওয়া এবং সার বণ্টনের ব্যবস্থা যদিও চাষের উন্নতির এবং ফলন বাড়ানর সহায়ক হয়েছে, তবুও এই বিভাগের কর্মপদ্ধতিতে আরও উন্নতি ও তৎপরতার আবশ্যক। যে কৃষিঋণের টাকা এবং সার সরকার হইতে চাষীদিগকে দেওয়া হয়ে থাকে তাহা অধিকাংশ ক্ষেত্রেই যথা সময়ে পাওয়া যায় না। এ বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ডি. ভি. সি.-এর ব্যবস্থাপনায় চাষের জন্য সেচের জল দেওয়ার ব্যবস্থা পূর্বাপেক্ষা উন্নত হলেও এখনও এবিষয়ে যথেষ্ট অব্যবস্থা রয়েছে। বহু ক্ষেত্রে দেখা যায় উপযুক্ত জল নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় চাষের অনেক ক্ষতি হয়েছে এবং তৈয়ারী ধান নষ্ট হয়েছে। সেচ বিভাগের স্থানীয় সরকারী কর্মচারীগণ যাহাতে জনসাধারণের সহিত সহযোগিতাপূর্ণ ব্যবহার করেন সে বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে দৃষ্টি দিতে অনুরোধ করি। গ্রামের শাসন এবং পরিচালনার ব্যবস্থা জনসাধারণের হাতে ন্যস্ত করবার জন্য আমাদের কংগ্রেস সরকার গ্রাম এবং অঞ্চল পঞ্চায়েত ব্যবস্থার প্রবর্তন করিতেছেন।

[6-40—6-46 p. m.]

ইহাতে গ্রামের জনসাধারণ পঞ্চায়েতের মাধ্যমে তাঁহাদের নির্বাচিত প্রতিনিধির দ্বারা গ্রামের পরিচালন ব্যবস্থা করবেন। গ্রামের ছোট খাট দণ্ডের বিচার, রাস্তাঘাট মেরামত, সাঁকো প্রভৃতি তৈয়ারী, ছোট সেচের ব্যবস্থা ইত্যাদি উন্নয়নমূলক কাজ এই সংস্থার মাধ্যমে তাঁরা নিজেরাই করতে পারবেন। যে সমস্ত স্থানে ইউনিয়ন বোর্ডের পরিবর্তে পঞ্চায়েতের প্রতিষ্ঠা হয়েছে সেই সমস্ত স্থানে পঞ্চায়েতের সভ্যদের মধ্যে এবং স্থানীয় জনসাধারণের মধ্যে বিশেষ উৎসাহ এবং আনন্দ দেখা যায়। তবে একথা ঠিক, এই নূতন ব্যবস্থার মধ্যে কাজ চালাতে তাঁদের এখনও কিছু কিছু অসুবিধা ভোগ করতে হচ্ছে। উদাহরণস্বরূপ বলা যায়—পূর্বে ইউনিয়ন বোর্ডের গরুর গাড়ী প্রভৃতির উপর পৃথকভাবে ইউ: রেট ধার্য্য করার অধিকার ছিল না। এখন পঞ্চায়েতকে গাড়ার জন্ত ট্যাক্স ধার্য্য করে লাইসেন্স দেবার অধিকার দেওয়া হয়েছে। পঞ্চায়েত এলাকার মধ্যের কোন গাড়ী পঞ্চায়েত কর্তৃপক্ষকে ট্যাক্স দিয়া লাইসেন্স লইলেও সেই গাড়ী যখন মিউনিসিপ্যাল এলাকার মধ্যে আসে তখন মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ তাঁহার এলাকায় এ' গাড়ী আসার জন্ত আপত্তি জানান এবং মিউনিসিপ্যাল এলাকার জন্ত গাড়ীকে পুনরায় ট্যাক্স দিয়া লাইসেন্স গ্রহণ করিতে বাধ্য করেন। বহু স্থানে পঞ্চায়েত এলাকা ও মিউনিসিপ্যাল এলাকা খুবই কাছাকাছি অবস্থিত। সেইরূপ স্থানে এই সব গাড়ীর মালিকগণকে অসুবিধা ভোগ করিতে হয়। এ বিষয়ে সুব্যবস্থা করার জন্ত আপনার মাধ্যমে স্বায়ত্বশাসন বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পূর্বে লোক্যাল ডেভালাপমেণ্ট স্কীমে কাজ করার জন্ত জেলাকে বেশী টাকার বরাদ্দ করা হ'তো কিন্তু জেলার মধ্যে বিভিন্ন স্থানে সি. ডি. পি. ব্লক প্রতিষ্ঠিত হওয়ার জন্ত এ' টাকার পরিমাণ কমাইয়া দেওয়া হয়েছে। লোক্যাল ডেভালাপমেণ্ট স্কীমে গ্রামবাসীগণ স্থানীয় চাঁদা হিসাবে অর্ধেক টাকা দিয়াও বহু বিদ্যালয়গৃহ, পাঠাগারগৃহ, ছোট ছোট রাস্তা ইত্যাদি প্রস্তুত করাইয়াছেন। কিন্তু এই টাকার অঙ্ক ক্রমশ: কম হওয়ার জন্ত গ্রামবাসীগণের অর্ধেক টাকা দিয়া এ' সমস্ত কাজ করার ইচ্ছা থাকলেও করা সম্ভব হচ্ছে না। কয়েক বৎসর পূর্বের এই কাজের বিবরণ দেখলে আমার এই উক্তির যথার্থ অর্থ উপলব্ধি করা যেতে পারবে। এ বিষয়ে সন্তনমত ব্যবস্থা অবলম্বন করার জন্ত আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই। যদিও বিদ্যালয়গৃহ মেরামত এবং তৈয়ারীর জন্ত সি. ডি. পি. ব্লক-এর মাধ্যমে কিছু কিছু টাকা দেওয়া হয়ে থাকে কিন্তু চাহিদার তুলনায় খুবই অল্প। প্রায় অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েই ছাত্র সংখ্যা বৃদ্ধি পাওয়ার জন্ত বিশ্ববিদ্যালয়ের আরও অতিরিক্ত গৃহের প্রয়োজন হচ্ছে। গ্রামের আর্থিক অবস্থার স্বচ্ছলতা না থাকায় সম্পূর্ণ টাকা নিজেদের পক্ষ হইতে খরচ করে নূতন বিদ্যালয় গৃহ তৈয়ারী করা তাঁদের পক্ষে সম্ভব হচ্ছে না। এরূপ ক্ষেত্রে সি ডি. সি. ব্লকের নিয়মানুযায়ী স্থানীয় চাঁদা দিয়া গ্রামবাসীগণ তাঁদের গ্রামের বিদ্যালয়ের অতিরিক্ত ঘর তৈয়ারী করাতে প্রস্তুত আছেন বলে মনে হয়। এই বাবদে এ বিষয় শিক্ষা বিভাগ হ'তে সি. ডি পি. ব্লককে আরও বেশী টাকা মঞ্জুর করা আবশ্যক। এর পরে আমি রাস্তার সম্বন্ধে আপনার নিকট কিছু বলতে চাই। পূর্বের তুলনায় অনেক নূতন পাকা রাস্তা তৈয়ারী হয়েছে তাহা আমি পূর্বেই বলেছি। ইহাতে জনসাধারণের খুবই সুবিধা হয়েছে কিন্তু এখনও আরও অনেক নূতন পাকা রাস্তা তৈয়ারী হওয়া দরকার। অনেক কারণের মধ্যে আমি কিছু উল্লেখ করছি। পূর্বে যখন খুব অল্পই পাকা রাস্তা ছিল তখন গ্রামবাসীগণের সহযোগিতায় কোন সরকারী প্রতিষ্ঠান গ্রামে প্রতিষ্ঠিত হইতে হইলে তাহা পাকা রাস্তার উপর বা কাছাকাছি কিনা সে বিষয়ে সরকার বিচার করতেন না। কিন্তু এখন কোন স্বাস্থ্যকেন্দ্র, উচ্চ বিদ্যালয়, আঞ্চলিক পাঠাগার, সি. ডি. পি. ব্লকের দপ্তরখানা ইত্যাদি স্থাপন করতে হলে অন্তান্ত বিচার্য্য বিষয়ের মধ্যে পাকা রাস্তার সম্বন্ধে একটি অন্যতম কারণ বলা যাইতে পারে, যে গ্রাম পাকা রাস্তার নিকটবর্তী নয় সেই গ্রামে এই সব প্রতিষ্ঠান স্থাপিত হওয়া বা সেই গ্রামের উন্নতি হওয়ার পক্ষে ইহা একটি অন্তরায়ের কারণ সুতরাং অন্তান্ত উন্নয়ন-

মূলক কাজের মধ্যে গ্রামের রাস্তার উন্নয়ন অগ্রাধিকার পাওয়া আবশ্যক। রাস্তার ব্যাপারে আমি যে এলাকার প্রতিনিধি সেই এলাকার সম্বন্ধে কিছু উল্লেখ করছি—রাস্তা না থাকার জন্য গত বৎসর বন্যার সময় নবাবপুর-কুমীরমোড়া ইউনিয়নে এবং ইলাহিপুর ইউনিয়নে সরকারী সাহায্যের জিনিসপত্র পাঠাতে বেশ দেরী হয়েছিল। এমনকি যদিও নবাবপুর কুমীরমোড়া ইউনিয়ন হুগলী জেলার মধ্যে অবস্থিত কিন্তু জেলার এবং মহকুমার সরকারী কর্মচারীরা ও হাওড়া জেলার মধ্য দিয়া সেই ইউনিয়নে পৌঁছেছিল। ঠিক সেইরূপভাবে ইলাহিপুর ইউনিয়নেও সাহায্যের জিনিসপত্র পৌঁছাতে সরকারী কর্মচারীরা বেশ অসুবিধার সম্মুখীন হয়েছিলেন। এখনকার দিনে সুষ্ঠু শাসনব্যবস্থা পরিচালনার জন্য এরূপ ব্যবস্থা থাকা উচিত নয়। অনুরূপভাবে আকুনী-ইছাপসর ইউনিয়নের বাঁধপুর-ইছাপসর রাস্তা সম্বন্ধেও এই একই কথা বলা যায়।

এই রাস্তাগুলি ৩য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে তালিকাভুক্ত করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাই। সরকারের বিভিন্ন বিভাগের যেরূপ কাজ বেড়েছে তাতে কোন বিভাগে আরও সরকারী কর্মচারী বাড়ান দরকার। উদাহরণস্বরূপ বলা যেতে পারে হুগলী জেলায় কয়েক বৎসর পূর্বে যতগুলি প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয় ছিল তাহা অপেক্ষা এখন অনেক বেশী হয়েছে কিন্তু পূর্বের মত সেই একজনই জেলা বিদ্যালয় পরিদর্শক আছেন। যাঁহাকে মাধ্যমিক বিদ্যালয়গুলির কাজের সহিত জেলা বিদ্যালয় পর্ষতের সম্পাদকের কাজ সম্পাদন করতে হয়। ইহার ফলে উভয় কাজই সুষ্ঠুভাবে পরিচালনা করার অসুবিধা হচ্ছে। আমার মনে হয় এর জন্য একজন অতিরিক্ত পরিদর্শক নিযুক্ত করে মাধ্যমিক বিদ্যালয়ের দেখাশুনার কাজ এবং বিদ্যালয় পর্ষতের সম্পাদকের কাজ ভাগ করে দিলে ভাল হয়। স্ত্রী শিক্ষার প্রসার হইতেছে বটে কিন্তু জেলা পরিদর্শিকা এবং তাহার সহকর্মীদের সংখ্যা বৃদ্ধি পায় নাই। এখনও হুগলী, বর্ধমান ও বীরভূম তিনটি জেলার একজনই পরিদর্শিকা রয়েছেন। এ বিষয়ে গত বৎসরও আমি আমার বক্তব্যে উল্লেখ করেছিলাম। প্রতি বছরই পাঠাগার, নৈশ-বিদ্যালয়, সমাজ শিক্ষা কেন্দ্রের সংখ্যা বাড়ছে, কিন্তু জেলায় সরকারী দপ্তরে কর্মচারীর সংখ্যার কোন উল্লেখযোগ্য পরিবর্তন হয় নাই। ইহার ফলে সরকারের পরিকল্পনা অনুযায়ী কাজের অগ্রগতি বাধা পাচ্ছে; জেলা বোর্ড সম্বন্ধে একটা কথা বলব। সরকার জেলা বোর্ডের নতুনরূপ দেওয়ার চেষ্টা করছেন বটে কিন্তু এখনও তা সম্পূর্ণ হয়নি এবং সরকারের স্বায়ত্বশাসন বিভাগ থেকে জেলা বোর্ডে নতুন কোন লোকের নিয়োগে আপত্তি জানিয়েছেন কিন্তু যতদিন জেলাবোর্ড সরকার গ্রহণ না করেন সেই নতুন রূপ দেওয়া না হয় সেই সময় পর্যন্ত যাঁরা কাজ থেকে অবসর গ্রহণ করছেন, যাঁরা কাজ ছেড়ে অন্য জায়গায় চলে যাচ্ছেন সেই সব জায়গায় নতুন লোক নিয়োগ না করলে কিভাবে অল্প লোকে কাজ চালান যাবে সে বিষয়ে বিবেচনা করে দেখার জন্য আমি সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।

Adjournment

The House was then adjourned at 6. 46 p. m. till 9 a. m. on Saturday, the 25th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Saturday, the 25th February 1961, at 9 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 6 Deputy Ministers and 169 Members.

[9—9-10 a.m.]

Calling attention to matter of urgent public importance

Shri Deben Sen :

মাননীয় স্পীকার মহোদয়, আমার একটা calling attention ছিল, সেটার fate কি হল, জানতে চাই। আমার calling attention হচ্ছে—কালকে একটা মটোর accident হবার পর, সেখান থেকে একটি শিশুকে খুঁজে পাওয়া যাচ্ছে না। এটাইত আমাদের ভাগ্য—এ্যাকসিডেণ্টে অনবরত লোক মারা যাচ্ছে। কিন্তু এই এ্যাকসিডেণ্টের পর একটি শিশুকে খুঁজে পাওয়া যাচ্ছে না —এই খবর পত্রিকায় বেরিয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen :

খুঁজে বার করতে সময় লাগবে।

Shri Deben Sen :

উনি বলছেন টাইম চাই। কিন্তু ২৪ ঘণ্টা হয়ে গেল, এখনও তার কোন খোঁজ পাওয়া গেল না। চিৎপুর থানা থেকে কোন খবর কি আসেনি যে, ছেলেটিকে পাওয়া গেল, কি গেল না? এইটুকু যদি আপনারা না করতে পারেন তাহলে কিভাবে আপনারা administration চালাচ্ছেন? চিৎপুর থানায় ফোন করে এক্ষুনি খবর নিতে পারেন। একটি শিশুকে পাওয়া যাচ্ছে না ; তার খবর পাওয়ার জন্য এত সময় লাগবে?

Mr. Speaker : I am trying to give information through the Minister.

The Hon'ble Prafulla Chandra Sen :

স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় এলে খবর পাবেন।

Shri Deben Sen :

তিনি কোথায়? এখনও এলেন না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen :

তিনি আসছেন।

Shri Deben Sen :

এই শিশুকে খুঁজে পাওয়া যাচ্ছে না। অথচ ওঁরা এ সম্বন্ধে মোটেই সিরিয়াস্ নন। শিশুটি ডোবায় বা ড্রেনে পড়ে মরে আছে, এ খবর কি তাঁরা পেয়েছেন? সে কোথায় গেল? এ সম্বন্ধে আমরা জানতে চাই।

Mr. Speaker : I would ask the Minister-in-charge to make a statement today.

Shri Subodh Banerjee :

স্পীকার মহাশয়, আপনি সঙ্গে সঙ্গে এটাও তাঁকে বলে দিন এটা কিরকম callous indifference ? সেখানে একটা আলোর পর্য্যন্ত ব্যবস্থা করা হয়নি। পুলিশ আজ পর্য্যন্ত তার খোঁজ পেল না। সেখানে পুলিশ একটা hurricane-এর আলো নিয়ে খুঁজে বেড়াচ্ছে। এটা কি ? What is the position ? এটা কি একটা callous indifference নয় ?

Mr. Speaker : My attention has been drawn to a calling attention notice given by Shri Narayan Chobey regarding epidemic jaundice at Kharagpur and the neighbouring area. I request the Health Minister to make a statement on next Monday. It is a very serious matter. Regarding Mr. Sen's notice I request the Hon'ble Minister to make a statement today.

Shri Samar Mukhopadhyay :

মিঃ স্পীকার স্যার, আমার একটা adjournment motion ছিল, সেটা আমি পড়ে দিতে চাই।

Mr. Speaker : I have refused consent :

General Discussion of the Budget for 1961-62

Shri Subodh Banerjee :

মাননীয় স্পীকার মহাশয়, ডাঃ রায় তার বাজেট বক্তৃতার প্রারম্ভে দেশের আর্থিক অবস্থা কি, তার একটা বর্ণনা দিয়েছেন। সেই বর্ণনায় দেখছি যে তিনি বলেছেন দেশের বিভিন্ন শিল্পে উৎপাদন বেড়েছে, জাতীয় আয় বেড়েছে এবং মাথা পিছু গড় আয় বেড়েছে। এই বৃদ্ধিগুলি সরকার স্বীকার করে নিলেও প্রশ্ন থেকে যায়—এই যে সম্পদ বৃদ্ধি হল, তার ফল কারা পেলো ? জনসাধারণ কি এই সম্পদ বৃদ্ধির ফল পেয়েছে ? জনসাধারণের উপর যারা খবরদারী করে সেই পুঁজিপতি শ্রেণীরা, যোতদার শ্রেণীরা এই উৎপাদন বৃদ্ধি, এই জাতীয় আয় বৃদ্ধি, তথা জাতীয় সম্পদ বৃদ্ধির ফলটা পুরাপুরি ভোগ করছেন। স্পীকার মহাশয়, আমি এ সম্বন্ধে এক একটা করে উদাহরণ দেবো। ধরুন, বাংলাদেশের সবচেয়ে বড় শিল্প হচ্ছে পাট-শিল্প। সেই পাট শিল্পের কথা যখন আমরা বলি ধরুন আমি বাংলাদেশের সবচেয়ে যে বড় শিল্প সেই পাটশিল্পের কথাই বলি। ডাঃ রায় পাটশিল্পের কথা তার প্রারম্ভিক ভাষণে দিয়েছেন। এখানে আমরা দেখছি কি ? ১৯৫২ সালে যেখানে উৎপাদন সূচক ছিল ১০৭'৬, ১৯৬০ সালে সেই উৎপাদন সূচক হল ১২৮'৭ অর্থাৎ ১৯৫২ সালের তুলনায় ১৯ • সালে উৎপাদন বেড়েছে ১৯'৬% আর এই সময়ের মধ্যে আমরা দেখছি অন্য দিকে যে চিত্র সেই চিত্র ডাঃ রায় তার Economic situation-এর মধ্যে দেননি। তিনি suppress করেছেন। আমি মনে করি এই suppression of facts—অসত্যের চেয়ে, অর্ধ সত্যের চেয়ে আরও খারাপ। এই সময়ের মধ্যে পাটকলে ২৫% ভাগ শ্রমিক ছাঁটাই হয়েছে, কিন্তু তা সত্ত্বেও উৎপাদন বেড়েছে ১৯'৬% অর্থাৎ পাটকলে খরচ workload কাজের চাপ বেড়ে গেল ৪৫% কিন্তু এর জন্য কি তাদের বেতন বেড়েছে ? বেতন কিন্তু এই পরিমাণে বাড়েনি। সুতরাং আমরা দেখছি এই যে বৃদ্ধি এর result হচ্ছে more exploitation of the working class, more exploitation of the employees and workers.

শুধু তাই নয় যে জাতীয় আয় বৃদ্ধির কথা বলেছেন সেই জাতীয় আয়ের হিসাব দেখা যাক। ১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল এই ১০ বছরের মধ্যে দেখলাম ডাঃ রায়ের কথা মত ৪২% জাতীয় আয় বৃদ্ধি হয়েছে। জিজ্ঞাসা করি এর কতটা উন্নতি সাধারণ মানুষ পেয়েছে তা একবার হিসাব

করে দেখা যাক। ডাঃ রায়ের হিসাব হচ্ছে এই সময়ের মধ্যে শ্রমিক মজুরী বেড়েছে ২৪%, ডাঃ রায় নিজেও এটা স্বীকার করেছেন যে মুদ্রাগত মজুরী বৃদ্ধি হয়েছে, প্রকৃত বৃদ্ধি নয়। কারণ জিনিস পত্রের দামের যে rate বেড়েছে তাতে মুদ্রাগত মজুরী বৃদ্ধির সমগ্র অংশ গ্রাস করে নিয়েছে। জিনিসপত্রের দাম বৃদ্ধিতে দেখছি National Income ৪২ ভাগ বাড়ল কিন্তু তার কোন উপস্বত্ব সাধারণ মানুষ পেলনা। এবং এরই নাম করে বলছেন—উন্নতি হয়েছে। তারপর মাথাপিছু গড় আয়ের কথা বলি, এঁরা কি হিসাব দেন বুঝতে পারি না। যদি একটা জিনিস, ধরুন cake ৪ জনকে ভাগ করে দেন, একজন খেল আর ৪ জনই উপবাসী রইল তাহলে তার হিসাব কি হল। ধরুন ১০ জন লোক এবং ১০টা cake থাকে তাহলে মাথাপিছু দাঁড়ায় ১ খানা করে কিন্তু যদি একজনই ১০টা খেয়ে ফেলে আর বাদ বাকী উপোস করে থাকে তাহলে যে অবস্থা হচ্ছে আমাদেরও গড় আয়ের অবস্থা তাই হচ্ছে। National Income এর greater proportion ধনিকশ্রেণী, পুঁজিপতি, জোতদার শ্রেণীই গ্রাস করছে। এই গড় হিসাব দেখিয়ে দেওয়া হচ্ছে যে সাধারণ মানুষ চাষী মজুর পেয়ে যাচ্ছে। এই যে জাতীয় আয় বৃদ্ধি এটা কি জনসাধারণের উন্নতির পরিমাপক—এটা তো অধিকতর শোষণের পরিমাপকের চিহ্ন। সেই চিহ্ন বাজেটের প্রতি ছত্রে ছত্রে ফুটে রয়েছে তা আমরা দেখবো। ধরুন আমাদের রাজ্যে গড় হিসাবে রাজস্ব আদায় কি? দুরকম tax আদায় হয়, কর রাজস্ব আর অকর রাজস্ব,—tax revenue পশ্চিমবাংলায় যে রাজস্ব আদায় হয় তার দিকে তাকিয়ে দেখুন। ১৯৫৮ সালে ৪৮,৭০,৭৪০০০ actual figure ১৯৬০ সালে ৬১,৩৪,৫৩,০০০ actual figure—বাজেট estimate-এর কথা বলছি Revised Budget-এর কথা বলিনি। সর্বশেষে সাম্প্রতিক actual figure যা আছে তা তুলে ধরি। ১৯৫৭-৫৮ সালের তুলনায় ১৯৬১ সালে মোট বেড়ে গিয়েছে প্রায় ২৩ কোটি টাকা।

[9-10—9-20 a. m.]

এই tax কে দেয়? people দেয়। কি tax? State tax ছাড়াও সেই লোককে Union Board-র জন্য Uni n Board tax দিতে হয়, Municipality-র জন্য municipal tax দিতে হয়। অর্থাৎ স্থানীয় tax দিচ্ছে, আবার তার উপর central tax দিচ্ছে। আমি একটা ব্যক্তি, আমাকে রাজ্য tax দিতে হচ্ছে, স্থানীয় tax দিতে হচ্ছে, এবং কেন্দ্রীয় tax দিতে হচ্ছে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে এই tax-র চাপ সর্বোচ্চ। মাথা পিছু ২২ টাকার মত পড়ে। যদি যুদ্ধ-পূর্ব অবস্থার সঙ্গে তুলনা করি তাহলে দেখবো ২০ গুণ tax বেড়েছে। মাথা পিছু একজন মধ্যবিত্ত—Taxation Enquiry Committee-র মতে—তার শিক্ষা, তার যাতায়াত, তার আমোদ-প্রমোদ, তার চিকিৎসার জন্য এই চার বৎসরে যে পরিমাণ অর্থ ব্যয় করে সেই পরিমাণ অর্থের কিছু বেশী তাকে দিতে হয় direct and indirect tax হিসাবে। শুধু তাই নয়, স্পীকার মহোদয়, আপনি জানেন, পুঁজিবাদী সমাজ ব্যবস্থার নিয়ম কি। সেখানে নিয়ম হচ্ছে অর্থ উপার্জনের যাকে summum bonum বলা হয়, জীবনের মূল লক্ষ্য হচ্ছে অর্থ উপার্জন, তার জন্য পুঁজিপতিরা করেন কি, এই দেশের লোককে মদ্যপ করে তুলে দিতে হয়, ঔষধের মধ্যে ভেজাল মিশিয়ে যদি করতে হয়, তাহলে তাও করতে হবে এবং এই পুঁজিপতির ধারক ও বাহক হচ্ছে এই কংগ্রেস সরকার। তারা চায় অর্থ তাই দেশের লোককে মদ্যপ করে ছেড়ে দেওয়া হচ্ছে। তাই দেখতে পাচ্ছি এঁরা মুখে বলেন মাদকদ্রব্য বর্জন করতে হবে, আর কাজে দেখছি মাদক দ্রব্য যাতে আরো বেশী consumed হয় তার ব্যবস্থা করছেন। তাই দেখছি State Excise Duty ১৯৫৭-৫৮ সালে যেখানে ছিল ৫ কোটি ২৫ লক্ষর মত, আর এই ৬০ সালে দেখছি ৬ কোটি ২ লক্ষর মত। এর কারণ কি? বৃদ্ধির কারণ তাঁরা নিজেরাই স্বীকার করেছেন due to larger c nsumption

of liquor, অধিক মাত্রায় মদ্য পান করার জন্য আয় বেড়েছে। আর মুখে বলছেন prohibition করতে হবে। শুধু তাই নয়, Sir, আর একটা জিনিস সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করছি betting and gambling tax। আমিও জানি, আপনিও জানেন কলকাতায় ঘোড়দৌড়ের মাঠে অসংখ্য মধ্যবিত্ত গরীব মানুষ শেষ হয়ে যাচ্ছে। আমি নিজে জানি কয়েকটি মধ্যবিত্ত পরিবার তার মাইনে নিয়ে Race course গিয়ে সব হেরে গিয়েছে এবং সারা মাস উপোস করছে। সরকারের উচিত ছিল এটা তুলে দেওয়া কিন্তু সরকার তা দেননি। কেন দেন নি? কারণ এই ৬৪ লক্ষ টাকা। এই রোজগারের জন্য ঘোড়দৌড় জিইয়ে রাখা হচ্ছে। শুধু তাই নয়—এটাকে patronage করতে হবে। কেন? আয় যাতে বাড়ে। তাই দেখি মন্ত্রীরা সেখানে রাণীকে নিয়ে যান অন্যান্য লোককে নিয়ে যান এবং লোককে মজা করে তোলবার জন্য Turf club-র প্রশংসা করেন। চীনদেশ ক্ষমতা যেদিন পেয়েছিল, তারপর দিনই এটা ban করে তুলে দিয়েছিল। স্পীকার মহোদয়, আপনি জানেন, মানুষের আর্থিক দুর্গতি যত বাড়বে ততই তারা এই দিকে যাবে। কোন দিকে কূল না দেখে এই easy money রোজগারের দিকে বেশী করে দৌড়াবে। এবং এই easy money রোজগার করতে গিয়ে বহু লোকে সর্বস্বান্ত হয়ে গিয়েছে। ঘোড়ার লেজ ধরে বহু মধ্যবিত্ত পরিবার ছারখার হয়ে গিয়েছে। কিন্তু মন্ত্রীমহোদয়দের এদিকে দৃষ্টি নেই কারণ তাদের লক্ষ্য ঐ ৬৪ লক্ষ টাকার উপর। এর নাম কি Welfare State, এর নাম কি রাম রাজত্ব? এই যদি রাম রাজত্ব হয় তাহলে হনুমান রাজত্ব কাকে বলে?

সুতরাং ঐ সব বড় বড় কথা বলার কোন প্রয়োজন নাই। মন্ত্রীরা কথায় কথায় বলে থাকেন আমাদের mixed economy অর্থাৎ মিশ্র অর্থনীতি। তাদের ignorance দেখে হাসি লাগে। Mixed economy-র অর্থ কি? Socialist state হয়। Socialist economy-র পাশাপাশি যখন Capitalist economy চলে—শুধু State enterprise হলেই mixed economy হয় না। State যদি Socialist state হয় হবে mixed economy হয়। আর State যদি Capitalist state তাহলে mixed economy হয় না। State ownership সেখানে State monopoly capitalist-দের জন্ম দেয়—আমাদের দেশে তাই দিচ্ছে। এটা mixed economy নয়। কোথায় এখানে Socialist economy। Socialist economy হলে উৎপাদন লাভের জন্য হত না। মালিক মজুর সম্পর্ক থাকত না। সমাজ হত সমস্ত সম্পত্তির মালিক। আমাদের দেশে কি তাই হয়েছে? সুতরাং এটা mixed economy নয়। Monopoly capitalist economyর দিকে চলেছে। আপনারা State enterprise-এর গর্ব করছেন। আমাদের পশ্চিম বাংলায় কেমন State enterprise হচ্ছে তার একটা উদাহরণ দিচ্ছি। গত বছর গভীর সমুদ্রের জলে ১ কোটী টাকা আপনারা ডুবিয়ে এসেছেন। প্রমাণ চান ২ লক্ষ ৮২ হাজার টাকা বছরে খরচ করে ৮৮ হাজার ৪৪৬ মণ মাছ পেলেন। আপনাদের establishment cost-ই উঠল না অন্য জিনিস ছেড়ে দিলাম। তার পরে Port Commissioners-কে কমিশন দিতে হয় ১ কোটী ২৫ লক্ষ টাকা সেটাও উঠেনা। কতদিন আর এই ভাবে ভাঁড়িয়ে রাখতে পারবেন। এই একটা উদাহরণ দিলাম মাত্র। তারপর বাজেটের structure-টা দেখুন। আপনারা কথায় কথায় welfare state-এর কথা বলেন। welfare state-এর tax revenue এরূপ non-tax revenue proportion-টা কি? welfare state-এ tax revenue proportion কম পরিমাণ থাকে আর non-tax revenue থাকে বেশী। সোভিয়েট দেশ হচ্ছে real welfare state সেখানে tax উঠে গেল। আর আমাদের এখানে ঠিক উল্টোটা হচ্ছে অথচ আমরা welfare state বলছি। আমাদের এখানে income আসছে ২৫% tax থেকে non-tax revenue-থেকে যায়। তবুও তারা বলবেন welfare state এবং যা করা দরকার state enterprise করে income বাড়ানোর কথা বলেন, কিন্তু সেটা করতে পেরেছেন কি? সেটা না করে ওঁরা কি করেছেন? দুর্গাপুরেই যা কিছু state enterprise দেখালেন, আর deep sea

fishing। স্যার, কি রকম লুটের রাজত্ব দেখুন। আমি দুর্গাপুরের কথা বলছিলাম—এখানে কি রকম socialism, কি রকম state enterprise, না, রাষ্ট্র টাকা দেবে, ক্ষতি বহন করবে, কিন্তু মুনাফা লুট করবেন ওঁরা মন্ত্রীরা এবং তাঁদের দলবল। কিন্তু এখানে কথা হচ্ছে, এজন্য জনসাধারণ কেন টাকা দেবে। এতে মন্ত্রীদের সুখসুবিধা হতে পারে, জনতার কিছু হচ্ছেনা। যদি ঘুণ্যতাম জনতার উপকার হচ্ছে তাহলে আমরা বলতে পারতাম, হ্যাঁ, কাজ হচ্ছে। অন্যদিকে তাকিয়ে দেখুন—socialism-এর কথা ছেড়ে দিচ্ছি—welfare state-এ যে কাজগুলি করা দরকার, তাতো হচ্ছেনা, সামান্য মাত্র টাকা বরাদ্দ হচ্ছে, হয়ে থাকে। দেখুন, Greater Calcutta Scheme, ৫৫ হাজার একর জমি নিয়ে। ১ লক্ষ ২০ হাজার নিম্নমধ্যবিত্ত লোক সরকারের Development department-এর কাছে দরখাস্ত করেছিল বাড়ীর জন্য। আমরা দেখছি ১৯৫৭।৫৮।৫৯ সালে পশ্চিমবংগ সরকার কেন্দ্রীয় সরকার থেকে ৪ কোটি ২০ লক্ষ ১০ হাজার টাকা এনেছিলেন, কিন্তু খরচ করেছেন 6·7%। কি capacity আপনাদের! ১ লক্ষ ২০ হাজার পড়েছে বাড়ীর জন্য, কিন্তু সেই টাকাও আপনারা লোন দিতে পারেন না—আপনাদের এতবড় capacity। এই পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৪ কোটি ৭৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল—এই কয় বৎসরে কত খরচ করতে পেরেছেন?—মোটা শতকরা ৫৮ ভাগ—আর মোট এক বছর বাকী রয়েছে—শতকরা ৬২ ভাগ খরচ করতে পারবেন? Industrial housing scheme-এ হলনা তাহলে। তারপর, Slum clearance—১৪ বৎসর বাদে আমরা দেখছি এটা পড়ে আছে—এবং শতকরা 57 unspent, এতেও এঁরা বলেন কেন্দ্র টাকা দিচ্ছে না। কেন্দ্রীয়সরকারের প্রতি আমাদেরও দরদ নাই, কিন্তু আপনারাও বেরিয়ে যেতে পারবেন না, আপনারাও equally guilty—যে টাকা পান তা খরচ করতে পারেননা আপনারা। তাই আমরা দেখছি পশ্চিমবাংলার চাষী যখন জলের জন্য কেঁদে কেঁদে মরে তখনও আপনারা টাকা খরচ করতে পারেন না। Small Irrigation scheme-এ যে টাকা বরাদ্দ হয়েছিল তার সামান্য অংশ মাত্র খরচ করেছেন আপনারা। আপনাদের welfare State-এর industry-তে মোট রাজস্ব আয়ের শতকরা ১ ভাগ টাকা খরচ করছেন। এইসব social service-এর জন্য খরচ করছেন না, কিন্তু পুলিশের জন্য খরচ বেড়েই যাচ্ছে। ১৯৫৭।৫৮ সালের তুলনায় ১৯৬১।৬২ সালে পুলিশের জন্য ব্যয় বেড়েছে ৭০ লক্ষ ২৫ হাজার টাকা। এই হচ্ছে জলন্ত প্রমাণ democratic state-এর। এরপরে আবার বড়-গলায় বলছেন আমরা যা করছি তা চমৎকার।

[9-20—9-30 a. m.]

এই যে অবস্থা এটা দূর করতে গেলে, Writers' Buildings-এর Aegean stable সাফ করা দরকার। তা যতদিন থাকবে ততদিন দেশের মানুষ সামান্য টাকাই পাবে। আবার আমরা দেখছি আজ পশ্চিমবঙ্গের দেনা দাঁড়িয়েছে প্রায় ২৭০ কোটিরও বেশী—তার মধ্যে ৪৮ লক্ষ ৯২ হাজার টাকা খোলা বাজার থেকে নেওয়া হয়েছে, বাকী টাকা নেওয়া হয়েছে কেন্দ্র থেকে ঋণ হিসাবে। বছরে আমাদের রাজ্যের ৯৪ কোটি টাকা করে সুদ হিসাবে দিতে হচ্ছে—আরো যত বছর যাবে কেন্দ্রীয় সরকারের কাছে ঋণের পরিমাণ ততই বাড়বে এবং খোলা বাজারেও ঋণ যতদূর, সুদের পরিমাণের বৃদ্ধি ততদূর হবে। কোথা থেকে শোধ করবেন। তারপর appendix budget-এ দেখছি assets যা আছে তা দিয়ে আমরা শোধ করব। Assets-এর মধ্যে, আপনি শুনলে অবাক হবেন, স্যার, যে, সেখানে দেখছি loans to displaced persons—আমি জিজ্ঞাসা করি rehabilitation-এর জন্য যে টাকা নিচ্ছেন সেটা কি করে asset হিসাবে আদায় হবে। শোধ করবেন কোথা থেকে? Intensive grow more food cultivation-এর জন্য বছরের পর বছর যে ব্যয় হচ্ছে তাও asset হিসাবে ধরা

হচ্ছে। রাস্তাঘাটও asset ধরেছেন, কিন্তু তার যে depreciation, মেরামতী খরচ ত আপনারা দিতে পারছেন? কয়েকটা জিনিস ছাড়া অধিকাংশ ক্ষেত্রেই আমরা দেখছি maintain করার জন্য যে টাকার অংক, সেটাই একটা সমস্যা হবে। রাস্তাঘাটের কথাই বা আর অন্যান্য community development project-এর কথাই বলুন,—এটাও নাকি asset যে community development project-এ শতকরা ৭৫ ভাগ টাকা মাইনে দিতেই বেরি যায়। সরকারী কর্মচারীদের মাইনে, সেটা কি asset ধরবেন? তারপর, capital loan ও তার interests কি করে শোধ হবে? Really যদি শোধ করতে হয় তাহলে সম্পদ সৃষ্টি কর হবে, সম্পদ সৃষ্টি করা দূরের কথা, কেবলমাত্র interests-ই দিতে পারেন না, capital শোধকর কথা নাই বল্লাম। তারপর Industrial development of the country—কোথায় সেখা টাকা দেওয়া হচ্ছে? সুতরাং যেদিক থেকেই বাজেট আমরা দেখিনা কেন কোন দিক থেকে আশার আলো দেখতে পাইনা—চারিদিকেই অন্ধকার। ডাঃ রায়কে বাজেট উইজার্ড বলা হ কিন্তু আমরা দেখছি যে এই যাদুকরের যাদুদণ্ডে কোটি কোটি টাকা ছারখার হচ্ছে এবং এবিষ যে তাঁর ক্ষমতা অতুলনীয় সে বিষয়ে সন্দেহ নেই।

Shri Abani Kumar Basu : Mr Speaker, Sir, the budget for the ye 1961-62 that has been presented before us is a very frank, sound and realist budget for which the Hon'ble the Finance Minister deserves congratulation. S this budget is particularly important in view of the fact that this budget relat to the first year of the Third Five Year Plan period during which gigantic schem have been envisaged which are calculated to bring about far-reaching changes the countryside thereby about a silent revolution. But, Sir, we find that in tl analysis of the budget as has been presented before us in the budget speech the is a negative balance of about 8 crores 72 lakhs. The Finance Minister h not explained as to how this negative balance has to be filled up. He ha however, suggested that in future he may be coming up with a legislation f plugging up the loopholes in the sales tax, but even then the anticipated revenu receipt on this side is uncertain. We will expect that the Finance Minister wi explain this. Sir, on the whole the budget is a sound budget as I have just no said.

Sir, we find that increased provision has been made under the head of Educatio Agriculture and Cottage Industries. Sir, the increased provision under the head Education is 2 crores 66 lakhs. On Agriculture it is 1.92 lakhs and Cotta Industries 74 lakhs. But, Sir, it is not enough to say that we have made larg provision for a particular department ; we should at the same time fix up a physic target and endeavour to see how far we can fulfil that physical target.

Sir, let us look back in retrospect to our performance in the Second Five Ye Plan. If we look to the head of Agriculture about which we talk much now-a-day we find that in many instances, we have not been able to fulfil the target th was fixed. Take for instance the case of jute which is a principal cash crop, w find that we are lagging behind by 3.60 lakh tons. Taking 1960-61 as the base, th production was 14.96 lakh bales and the increase was intended to the extent 8.51 lakh bales. The total actual production is 19. 87 lakh bales.

Sir, on the subject of manure also, the performance is not creditable. Th department could not spend 9.33 lakh out of the total allotment of 11.64 being th planned provision for distribution of superphosphate.

[9-30—9-40 p.m.]

Sir, unless we can create enthusiasm in the minds of the farmers, I am sur that the condition of agriculture in our country will not improve. But, Sir, o this score also we have found that the Agriculture Department could not spen

anything for the establishment of seven schools for the training of the farmers' sons. Sir, the progress of agricultural education is also astoundingly low. As against the planned provision of Rs. 53.22 thousand, we have been able to spend only Rs. 17.6. thousand. But, in spite of this, it is patent that our agriculture has improved, We have been able to improve our food production. This will be reflected if we study some figures. In 1947-48 the average production of aman rice was 10.28 maunds per acre, but it has increased to 13.63 maunds per acre in the year 1960-61. Sir, the condition of agriculture has not improved to the extent that we desired it to be. This is due to the fact submarginal lands have been brought under cultivation. This has not happened in other countries. Sir, I will give the land utilisation figures to prove my contention. In India the total land utlilisation figure is 51.5% whereas in the Soviet Socialist Republic of Russia it is only 26.4% and in China the percentage is even less it is 11%. Sir, that to some extent explains the lack of growth in the agricultural progress.

Sir, yesterday Dr. Ghosh, while taking part in the debate, has said that the national income has increased by only ½%.

Dr. Prafulla Chandra Ghose: You are incorrect in reporting me. I never said that the national income has increased by ½%. I did not say that. You are trying to put into my mouth something which I never said.

Shri Abani Kumar Basu: All right, I stand corrected.

Sir, it has been suggested that the national income has not increased. But we find that the national income in India has increased and this growth of national income is reflected by the growth of agricultural production and industrial production. Sir, you have heard from the statement of the Hon'ble Finance Minister that the national income in the past five years has gone up by 20%. If we compare the proportion of growth of per capita income with that of national income of other foreign countries, we find that India does not lag behind disproportionately. The growth of national income for one year in India is 3.17 per cent and the per capita income is 1.92 per cent ; in West Germany it is 7.58 per cent and the per capita income is 6.50 per cent ; in France it is 4'75 per cent and the per captia income is 3.94 per cent. From this we realise that the per capita income increase is not absolutely disproportionate. If we look at the increase in growth of industrial production in India between the year 1951 to 1959, we arrive at the same conclusion. I have selected only a few items which are used by the common man. I find that the production of salt, matches, cloth, sugar, rubber, fotwear, bicycle and sewing machine has increased by leaps and bounds if you want me to quote figure I am prepared to do it. It is undoubtedly true that the common man is experiencing great hardship ; nobody can deny this patent truth. But then let us examine how far this rise in prices has taken place of the commodities used by the common man. Taking 1952-53 of the base year, in 1960 we find that the prices of all commodities have gone up to 111.3 per cent ; price of rice is 106 ; wheat 89 ; fruits and vegetables 106 ; and milk 112 per cent. Of course, there has been a phenomenal rise in the price of edible oils which has gone up from 100 to 154. There has been a similar increase in the price of fish and eggs ; it has gone up from 100 to 125. If we compare this with the rise in the wages of the working class in the year—taking 1949 as the base year—we find that the wage increase has been of the order of 123. Of course, in order to achieve better results a definite price policy should be fixed. Without the price fixation the benefits of these development projects—whatever we may be establishing in the State—will not be shared by the common man. Therefore, I firmly believe that the Government should fix up a price stabilisation policy. The price line should be held by the production of more consumer goods and the policy must centre round the production of food and cloth.

[9-40—9-50 a.m.]

Dr. Ghose will possibly not correct me this time when I say about the points of corruption that he has raised. Sir, I will say that this is a blanket criticism that has been made. It may be that, with a particular design, instances of corruption were pointed. I am sure that the Government did not hesitate in adopting strong measures in cases of corruption.

Sir, about inefficiency and corruption I will quote the words of Paul Appleby, an expert, appointed by the Government of India for suggesting admintstrative reform. He said, I venture to say the general opinion is that more honesty and disinterested devotion is found in the administrative square inch in the Government of India than in any other large private organisation. He further said, how the Government of India would rank among the dozen or so of most advanced Governments in the world.

Then, Sir, I will refer to the objection made by the Leader of the opposition, Shri Jyoti Basu, yesterday. He said that Dr. Roy had no business to point out the injustice done to West Bengal by the Centre in the matter of allocation of Central assistance. Sir, I do not find what wrong did he commit? He said that here in West Bengal we are not having the proportionate allotment as has been done in the case of many other States like Madras and Madhya Pradesh. Sir, for each rupee raised the case of assistance in West Bengal is 1'78, in the case of Madhya Pradesh it is 2'2 and in the case of U. P. it is 2'4. Sir, I ask the Leader of Opposition to say whether Madhya Pradesh or U. P. is a backward State. That is a point. It is no good trying to purvey something which is not correct. I will request the honourable members to confine themselves to the realities contained in the budget.

Dr. Narayan Chandra Roy :

মাননীয় সভাপাল মহাশয়, আমার বক্তব্য আমি স্বভাবতঃ চিকিৎসা এবং জনস্বাস্থ্য খাতের উপর রাখবো। জনস্বাস্থ্যের উপর বলতে গিয়ে আমি প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষণ করছি আমাদের দেশের পানীয় জলের সমস্যার উপর। পানীয় জল সম্বন্ধে যা যা করা হয়েছে সেটা সরকারের স্বীকৃতি থেকেই বুঝা যায়। সে যা দরকার তার চেয়ে অনেক কম হয়েছে কিন্তু সেই কমটা কত কম এবং সেটা দেশের মানুষের চোখে এবং বাস্তব দৃষ্টিতে কতটা অপ্রতুল সেটা ফুটিয়ে তোলা দরকার। আমি এখানে স্মরণ করিয়ে দিতে চাচ্ছি যে গত কয়েক বৎসরে ধীরে ধীরে নদী নালার জলের লাইন বদলে গেছে, নদীর বেড্ বদলে গেছে—আজ সেখানে মরুভূমি হয়ে গেছে। দামোদর, দক্ষিণ দামোদর এই সমস্ত এলাকায় যাঁদের বাড়ি ছিল তাঁরা জানেন টিউবওয়েলে জল নেই, খালে জল নেই, ক্ষেতে ফসল ফলে না, দেশ মরুভূমি হয়ে গেছে। সেই পটভূমিকায় আপনি কল্পনা করুন আমাদের ব্যারেজ স্কীমগুলির কথা। যেখানে যতটুকু জল যায় সেটুকু বাঁধা হয়েছে। যেখানে প্রয়োজন সেখানে যায় না, যেখানে প্রয়োজন নেই সেখানে যায়।

আজ আপনারা কল্পনা করুন। দেশে যে জলের অভাব রয়েছে, সেখানে আপনারা দু-চারটা টিউবওয়েল এখানে-ওখানে করে তার হিসাবে দেশবাসীর জল তৃষ্ণা কেমন করে মেটাবেন? আপনারা ওয়াটার সাপ্লাই স্কীম করেছেন। আপনারা চার পাঁচটা স্কীম স্যালানালাইজ করেছেন। রুরাল সাপ্লাই অব আরবান স্কীম করেছেন। জল সাপ্লাই এর জন্য সি. ডি. পি. স্কীমে বহু জায়গা কভার্ড করে ব্যবস্থা করেছেন। কত রকম ভাবে জল চারদিকে ছড়িয়ে দেবেন বলেছেন। কিন্তু আপনি চতুর্থটা লেখেননি, সেটা আমি যোগ করতে বলছি। এর সঙ্গে যোগ করুন রাজনৈতিক উদ্দেশ্যে জল বণ্টন। কিন্তু এই করেকটা করলেই কি আপনারা দেশের মানুষের যে জলের

প্রয়োজন তা মেটাতে পারবেন? আজ দেশের মানুষের যে পরিমাণ জলের প্রয়োজন, সেই অনুসারে কি আপনারা জল বিতরণ করতে পেরেছেন? আপনারা জল বিতরণ কতটা করতে পেরেছেন—একবার কল্পনা করুন, চিন্তা করুন। আপনারা আজ মানুষকে কি দিয়েছেন? আজ মানুষ গ্রাম ছেড়ে সহরে এসে জড় হচ্ছে। তাদের জলাভাব, কর্মাভাব, অর্থাভাব ক্রমশঃ দিন দিন বেড়ে চলেছে। সহরে লোকের সংখ্যা অত্যন্ত বেড়েছে—পাঁচের জায়গায় দশ হয়েছে, দশের জায়গায় কুড়ি হয়েছে। আপনারা কি সেখানে জলের সমস্যা মেটাতে পেরেছেন? আপনারা বলেছেন জল দিচ্ছেন। কিন্তু আমরা দেখছি, যেখানে অন্নহীন মানুষ, বেকার মানুষ, অর্থাৎ যাদের কাজ নেই, টাকা নেই, পয়সা নেই : তাদের উপর ট্যাক্স করে ওয়াটার সাপ্লাই করা হচ্ছে। এক একটা মিউনিসিপ্যালিটিকে বলা হচ্ছে—তোমরা ওয়াটার সাপ্লাই করো। আমি জানতে চাই—বিভিন্ন জায়গায়, সহরে, বিভিন্ন কেন্দ্রে জলের অত্যন্ত প্রয়োজন। আমাদের দেশে, মানুষ সাধারণত খুব কম কথা বলে। তবে ভোটের সময় তারা কথা বলে থাকে। হয়ত আগামী বারে ভোটের সময় তারা কি কথা বলবে জানিনা। এই ভোটের সময় ছাড়া, আর তারা তাদের কথা বলতে পারে না। সহরের লোক যখন কথা বলেন, তখন তাদের মুখের কথা কি কেউ শোনেন, সে কংগ্রেসের হোক বা বিরোধী পক্ষের লোক হোক? জলের যা প্রয়োজন, তার জন্য শুধু মিউনিসিপ্যালিটিকে বললে হবে না, বা কাগজে কলমে দু-এক লাইন লিখে রাখলে হবে না; প্রত্যেকটি মানুষকে জিজ্ঞাসা করুন, সে তার প্রয়োজনীয়তার তুলনায় কি পায়। তারপর আমি prevently diseases সম্বন্ধে বলতে চাই। যে সমস্ত diseases কে আপনারা control করবার কথা বলেন; সেগুলির নাম যদি কেবল খাতার কয়েকটা পাতায় লেখা থাকে, তাহলেই কি সমস্যা মিটে গেল? সবরকম সমস্যার কথা এক, দুই, তিন করে লিষ্ট করে লিখে রাখা হয়েছে এবং তার সমাধান ঐ লেখার মধ্যেই আছে। কিন্তু আসলে কোন সমস্যাই সমাধান হচ্ছে না। আমি জিজ্ঞাসা করি preventible diseases-এর জন্য লড়তে মানুষ তৈরী আছে, জনবল বেশী হয়েছে, এবং বিভিন্ন জায়গায় মানুষ সহায়তা করতে প্রস্তুত আছে, তবু এর সমাধান কেন হয় না? যদি দেশে জনস্বাস্থ্য গড়ে তুলতে চান তাহলে preventible diseases-কে control করা দরকার, তাকে tackle করা দরকার। এই সকল preventible diseases কারা tackle করে? শুধু ত Health Department করে না, মিউনিসিপ্যালিটি, তারাও preventible diseases কে কণ্ট্রোল করার জন্য vaccination ও অন্যান্য আবশ্যকীয় কাজ করে। কিন্তু তাদের শক্তিটা আমাকে হিসাব করতে হবে। এ সম্বন্ধে দু-তিনটা জিনিষ দেখতে হবে। সেটা হচ্ছে এই preventible diseases-এর জন্য ঔষধ দরকার, যন্ত্রের দরকার, আরও বিশেষ দরকার হচ্ছে বিভিন্ন জায়গায় spray ইত্যাদি করা। আমি এখানে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই—আপনারা যে Third Five Year Plan-এর বই দিয়েছেন, সেই বইতে লেখা আছে the scheme contemplates surveillance, eradication by gradual with drawal of spraying, etc. অর্থাৎ spray করে ঔষধ ছড়ান, গাছগাছড়া, জঙ্গল সাফ করা, নদী, নালা, খাল, বিল সাফ করা—এইগুলি preventible diseases-এর একটা মস্ত বড় কাজের অংশ। আমি এই preventible diseases বলতে, বলছি যে, এগুলি অন্য দেশে হয় না। মানুষ তাকে গোড়া থেকে বাধা দিতে পারে, প্রতিকার করতে পারে। এর মধ্যে নীতির কোথায় ভুল আছে, সেটা জানতে চাচ্ছি। এই সমস্ত জায়গায় কাজ ত temporary. এই সমস্ত কাজ ত সময় সময় করতে হয়, বছরে ৯টা মাসও হয় না। আপনি যখন preventible diseases squad তৈরী করেন, তেমন squad, স্থানীয় লোকদের কেন নেন্ না? তখন কোন decentralise করেন না? আমি আপনাদের হেলথ্ ডিপার্টমেন্ট সম্বন্ধে, আমার শেষের দিকের কথা বলবো যে, সেখানে সবচেয়ে মূলিভূত দোষ হচ্ছে, মূলিভূত অসুবিধা হচ্ছে centralisation of command এবং centralisation of every thing.

[9-50—10 a.m.]

আমি জিজ্ঞাসা করেছি, যে সমস্ত কাজগুলি বিভিন্ন জায়গায় temporarily সাময়িকভাবে করা হয় সেগুলি স্থানীয় লোকদের কাছে District Board-ই বলুন, Union Board-ই বলুন, আর আগেকার Municipality-ই বলুন তাদের হাতে দেননা কেন, তাদের জিনিষ কেনবার, মাল কেনবার অধিকার দেননা কেন? আমি জানতে চাই কেন সরকারী দপ্তরে জিনিষ কেনার, মাল কেনার কেন্দ্র থাকবে। মশা যখন আসে, সেদিন মশা মারবার জিনিষ যায় না, লেখা হলে file-এই পড়ে থাকবে এবং সেই file হয়ত আসছে বছর লেখা হবে। এ নীতির মধ্যে সফলতার কোন নীতি আছে কিনা! আপনাদের মূল cancer হচ্ছে decentralisation, আপনারা স্থানীয় লোককে বিশ্বাস করেন না, স্থানীয় লোকদের হাতে অধিকার দেন না, তাদের কাজে লাগে না। আর একটা জায়গায় দেখছি অন্য কাজে বলেছেন এখনও লোক নাকি পাওয়া যায় না। এখানে তো অনেক লোক পাওয়া যায়। পানওয়ালা, বিড়িওয়ালা থেকে আরম্ভ করে উমেদার পর্যন্ত লোক পাওয়া যায়। অন্য জায়গায় পাওয়া যায় কিনা খোঁজেননি কোন দিন। এখানে বলবার সময় বলেছেন, Nursing and Hospital Service Units বলবার সময় বলেছেন lack of trained personel, non-availability of equipment and materials, delay of execution of programmes, etc. এসব কথাগুলি বলেছেন। কোথায় খুঁজেছেন মানুষ যেদিকে থাকে সেদিকে যাননি, হাতে পড়েনি। এজন্য Cabinet সামনে উপস্থিত করছি Health Department-এর কতকগুলি Policy আছে যা আপনারা নিজেরা সামনে দাঁড়িয়ে করুন। ২।১ জন লোকের খেয়ালখুশী বা পদ্ধতির উপর ছেড়ে দেবেন না। Preventable diseases সম্বন্ধে—ব্যামো চুকছে, এ সম্বন্ধে কি নীতি? একটা টাকা দিয়ে হাসপাতাল কিম্বা চিকিৎসা-কেন্দ্র করা হয়; সে জায়গায় মনে হয় কাজ করবে মানুষ সেখানে আটচালা বেঁধে সেবার কাজ আরম্ভ করতে পারে। অন্যান্য জিনিষ আস্তে আস্তে গড়ে উঠবে। কিন্তু Planning টাকা যদি Building করতে ফুরিয়ে গেল তো চিকিৎসা হবে কি করে? Building-এর যখন দেয়াল উঠল দেখা গেল চিকিৎসা করার ঔষধপত্রের জন্য পয়সা নাই; এটা কোন নীতি? Building না হলে Contractor-দের না খাওয়ালে সেবা হয়না একথা তো সত্য নয়! আজকে নীতি বদলান উচিত। মানুষের সেবাই যদি উদ্দেশ্য হয় তাহলে আটচালা করে কি টিনের shed করে Military হিসাবে deal করে হতে পারে এবং আস্তে আস্তে বিল্ডিং পরে গড়ে উঠতে পারে, তাহলে Building Contractor-দের পকেটে টাকা যাবেনা মানুষও সেবা থেকে দূরে যাবে না। এবার আমি ডাক্তারদের কথা বলি। আজকে দেখলাম তোপালে হাসপাতাল রয়েছে ডাক্তার নাই। আপনাদের এত গর্ব কিসের! নিজ হাতে গড়ে চাকুরি না দিলে ডাক্তার পাওয়া যায়না। আপনাদের যখন Health Department-এর উপর নখদংষ্ট্রা পড়েনি তখন কোন গ্রামে কি ডাক্তার ছিল না, হোমিওপ্যাথিক ডাক্তার বা কবিরাজ কি ছিল না? যখন আপনারা গদীতে বসেননি, ইংরাজ বসেনি তখন কি বাংলাদেশের বিভিন্ন জায়গায় চিকিৎসার অভাবে লোক মরে যেত? তাত সত্য নয়! আপনাদের Recruited লোক ছাড়া যদি কাউকে বসাতে না চান তাহলে নিশ্চয়ই খুঁজে পাবেন না। সব মানুষ তো আর আপনাদের কাছে মাথা নত করতে রাজী নয়। আর আপনাদের ঐ Health Department-এই তো License প্রাপ্ত কয়েক হাজার ডাক্তার রয়েছে, এক একজন ২০।২২ বছর কাজ করছে তাদের নেননি কেন? হাসপাতাল নাই, রোগী রাখবার মত Hospital নাই; মাইনে করা ডাক্তার যারা আপনাদের বাইরে পড়ে আছে তাদের utelise করেননি কেন? বাংলাদেশের গ্রামে কি dispensary নাই সেগুলি auxiliary service হিসাবে Link up করেননি কেন? একটা Health Scheme গড়ার কথা বলে মানুষকে এই প্রবঞ্চনা করছেন, অন্য ডাক্তারদেও অপমান করেছেন, যদি তাদের সঙ্গে নিতেন

তাহলে আপনাদের শক্তি বাড়ত তাদেরও অন্ন সমস্যার সমাধান হত—মানুষেরও উপকার হত একথা ভুলে গেলে তো চলবে না। আমি আপনার সামনে আর একটা কথা জিজ্ঞাসা করি ডাক্তার সম্বন্ধে। কলকাতা সহরে ভীড় কমাবার জন্য আপনারা পরিকল্পনা করেছিলেন বিভিন্ন জায়গায় Specialist রাখা হবে। আপনারা ভাল ভাল Scheme করেন এবং আমি স্বীকার করি কতকগুলি ভাল Scheme যা একটু অদলবদল করলে বাংলাদেশের লোকের উপকার হোত কিন্তু আপনারা তা দেখেন নি যে কারা মস্তিস্ক চালনা করে, নিজেদের মধ্যে দ্বন্দ্ব বাধিয়ে এটাকে paralyse করে দিয়েছে। Sabotaged from inside department, against department, পরস্পরের হানাহানি, দলাদলির মধ্যে দিয়ে এই department-টা emasculated হয়ে আছে। যে department-টা বাংলাদেশের একটা শ্রেষ্ঠ department হতে পারতো, আজ সেটা একটা emasculated নোংরা department হয়ে আছে। এখানে Specialist হয় না। কেন হয় না? এখানে এত ভাল ছেলে সারা বিভিন্ন জায়গায় লেখাপড়া শিখছে তাদের কি আজকে Stipend দিয়ে, Contract Service দিয়ে বসান যায় না? আপনাদের existing specialist যারা আছে তাদের কি একটু বেশী মাইনে দিয়ে রাখা যায় না? আপনারা ৩½—৪ হাজার টাকা মাইনে নিয়ে বসে আছেন আর একজন Specialists-কে ৩০০ টাকা, একটা কেরাণীর কত মাইনে দিয়ে বলছেন ওরা দেশসেবা করতে চায় না। আপনারা ৩½—৪ হাজার টাকা মাইনে নিয়ে দেশসেবা করেন আর এইসব মানুষকে ৩০০ টাকা মাইনে দেন দেশসেবা করার জন্য, আর ঠাট্টা করে বলে বেড়ান যে আমরা সেবক পাইনা। আপনারা কি জানেন না চেনা চেনা লোক যাদের মাইনে বেশী আছে তাদের বাদে আর সব লোক যারা আছে তাদের কাছে সর্ত লিখিয়ে নেওয়া হয় যে private practice করতে পারবে না। যদি একথা সত্য হয়, একথা যদি কার্যকরী করতে হয় তাহলে সকলের জন্যই করুন। এবং যদি জানেন যে, কোন কোন জায়গায় injustice আছে তাহলে সেই injustice correct করুন। আমি এরপর একটা বড় কথা বলবো এবং একথা আমি Cabinet-র সামনেই বলছি, আপনার nursing service। আপনি কি মনে করেন যে আমাদের দেশের মেয়েরা আজ মেমসাহেব হয়েছে, না Europeon হয়ে গিয়েছে? কোন মেয়ে যদি বিবাহ করে তাহলে সে nursing service-এ থাকতে পারবে না। তারা কি ঘর ছেড়ে, বাপ-মা ছেড়ে এই সমস্ত অফিসারদের সঙ্গে যেতে পারে যাদের কোন মানুষ বিশ্বাস করে না? আমার যদি মেয়ে থাকতো তাহলে আমি এদের হাতে বিশ্বাস করে ছেড়ে দিতে পারতাম না; আর তাদের পিতামাতা এদের কাছে তাদের কিকরে ছেড়ে দিয়ে যাবে। আপনারা তার যোগ্য নন এবং আপনারা সে যোগ্যতা আমাদের সামনে দেখাননি। একটা মেয়ে যে হয়ত সারা জীবন লেখাপড়া করে গেল এবং সে ২২—২৩ বৎসরের মেয়ে হলে তার বিবাহ হয় আর সেই মেয়ে যদি nursing শেখে তাহলে সে বিবাহ করতে পারবে না? Officer হলে বিবাহ করতে পারে আর যেহেতু nursing শিখেছে সেজন্য বিবাহ করতে পারবে না। যে বিয়ে করলো তার চাকুরী চলে গেল। কেন? এটা আমি সমস্ত মন্ত্রীসভার সামনে দাবী করছি, শুধু অনাথবন্ধু রায়ের কাছে নয়, বা Director-র কাছে নয়। আপনারা চেয়েছেন বাংলাদেশে এমন মানুষ, এমন মেয়ে সৃষ্টি হবে যারা ঘর ছেড়ে স্রোতের তৃণের মত ঘুরিয়ে ঘুরিয়ে, আপনাদের ইচ্ছামত এখান থেকে দার্জিলিং আর সেখান থেকে জলপাইগুড়ী place করবেন এবং যাদের ঘর নেই, বাড়ী নেই, আশ্রয় নেই, ভরসা পর্যন্ত নেই আপনাদের কাছে। এখানে কি আপনি ইচ্ছা করলেই যত খুশী Nurse পাবেন? এখানে আপনারা এই মূলগত নীতির কথা ভাবেন না কেন। আপনারা ভাবেন না eificiency-র কথা। আপনারা ভাবেন না যখন এখান থেকে একটা Nurse-কে পাঠান family planning-র জন্য, কচি কচি মেয়ে যাদের ১৮।১৯ বৎসর বয়স, তারা কেমন করে ছেলে হবে তা জানে না, নিজেদের দেহ সম্বন্ধেই জানে না, তাদের পাঠাচ্ছেন, আর বলছেন

বিয়ে করলে নাকি সে কাজ করতে পারবে না। বিয়ে না করলে ভাল করে birth control করা যায়, আর বিয়ে করে যার ৩।৪টি ছেলেমেয়ে হয়েছে তার nursing, maternity, child welfare, এইসব কাজে তার স্থান নেই। এটা কার উর্বর মস্তিষ্ক থেকে উঠেছে? আপনারা মূল নীতির বদল করবেন না অথচ বলে বেড়াচ্ছেন Nurse পাওয়া যায় না, ডাক্তার পাওয়া যায় না। আপনারা আপনাদের মনের মত খুঁজছেন। আপনাদেব crooked mind সেটাই এখানে reflected হচ্ছে। আপনারা চান এমন মানুষ যাকে নিয়ে আপনারা যা খুশী তাই করবেন। আপনাদের হুকুমে উঠবে আর বসবে ঐ রকম চরিত্রের মানুষ, নর ও নারী, খুঁজছেন। আপনারা কি চান না বাংলাদেশের গৌরব? তাই আমি আপনাদের নীতি বদলানর কথা বলছি। আমার বক্তব্য আমি দীর্ঘ করবো না তাই আমি আমার শেষ বক্তব্যটা রাখছি। আপনারা যদি কোন কাজ করতে চান তাহলে আপনাদের মূলগত কতকগুলি নীতি বদলাতে হবে। যেমন clerks employ। একদিন ইংরেজরা যখন ছিল, তারা আমাদের বন্ধু নয়, বরং যথেষ্ট ক্ষতিই করে গিয়েছে তারাও নীতি হিসাবে এটা রেখেছিল। Class III ও Class IV employers, যাদের মাইনে আমরা এত কম দিই, যারা খুব জোর বাপের বাড়ী থাকে বা নিজেদের ভাইদের সঙ্গে থেকে তার সংসারে একটা contribution করে বেঁচে থাকে, তাকে যদি আমরা জলপাইগুড়িতে পাঠাই কাজ করার জন্য তাহলে তার পক্ষে একটা আলাদা establishment করে থাকার সম্ভব নয় এবং সে অর্থ তাকে দেয় না সরকার।

[10—10-10 a. m.]

অর্থাৎ এই বিভাগ আজকে কর্মচারীদের শাস্তি দেবার apparatus হয়ে দাঁড়িয়েছে, আজ Health Department হয়েছে একটা punitive department, worse than a punitive department। সুতরাং কি করে আশা করেন এই মানুষদের কাছ থেকে ভালবাসা, বিশ্বাস ও সহযোগিতা? পূর্বে একটা নিয়ম ছিল Class III employees-দের transfer করা হবে না, এটা সর্বজনস্বীকৃত কথা যে, তাদের কম মাইনে দেওয়া হয়, তারা ঘরবাড়ী ছেড়ে গেলে তাদের অসুবিধার সম্মুখীন হতে হয়। কিন্তু এটা বর্তমানে এই department-এ নতুন করে আপনারা চালু করেছেন যদিও ডাঃ রায় বলেছিলেন এটা করা ঠিক নয়। কিন্তু হলো এটা। হাসপাতালে খোঁজ করলে দেখতে পাবেন জমাদার মেথর এদের এখন শাস্তি দেওয়া যায় না, তাই অন্যভাবে ঘুরিয়ে তাদের শাস্তি দিচ্ছেন, তাদের জলপাইগুড়ি পাঠিয়ে দিচ্ছেন যেখানে তাদের মাইনে মাসের ৩ দিন পেরিয়ে ৪ দিনের মাথায় গিয়ে পৌঁছাবে। সুতরাং আপনারা কি করে আশা করেন এসব মানুষ আপনাদের সেবা দেবে? আপনারা মনে করেন তারা দেশকে ভালবাসতে পারেনা, কিন্তু তারাই হচ্ছে দেশের প্রকৃত প্রতিমূর্তি। তারা দেশকে ভালবাসে, শাসকদের ভালবাসে না। কেমন করে আপনারা মানুষের সামনে দাঁড়াবেন? হাসপাতালে হাসপাতালে রুগী মারা যাচ্ছে, Central drug stores থেকে রীতিমত ঔষধ যায় না। আপনারা যদি চান একটা Central Policy ঠিক করুন, do it by all means, who is going to say "no" to this। এরকম একটা নীতি ও কর্মসূচী ঠিক না করেন তাহলে একটা হাসপাতালে ৫ জনের জায়গায় ৫০ জন রুগী আসবে, কেমন করে তাঁরা Writers Buildings-এ বসে সেটা জানবেন যে ৫০০ জন রুগী এসেছে —ফলে এই দাঁড়ায় যে, ২ জনকে injection দেওয়া হল, বাকী পড়ে রইল। তারপর, এই inefficient নীতির সঙ্গে যোগ করুন ব্যক্তিগত ঝগড়া। আপনারা এক জায়গা থেকে অমুক জায়গা পর্যন্ত একটা region করুন তা যদি করে দেন তাহলে দুর্নীতি কম হবে, মানুষও উপকৃত হবে। তারপর, nursing সম্পর্কে আমার একটা প্রস্তাব ছিল, সেটা মন্ত্রীমহাশয়কে আপনার মাধ্যমে জানাচ্ছি—nursing সম্বন্ধে একটা জিনিষ করলে—প্রত্যেক District-এ প্রত্যেক সহরে

আজকাল বালিকা বিদ্যালয় হয়েছে—অনেক মেয়ে আজকাল লেখাপড়া শিখছে। Class X-এ পড়ে এমন মেয়েদের lower middle nursing-এর জন্য স্থানীয়ভাবে সংগ্রহ করুন—তাদের আপনারা employ করতে পারেন এবং mobile force হিসাবে রাখতে পারেন। কিন্তু এখন আপনারা দিল্লী থেকে লাহোর, লাহোর থেকে দিল্লীতে throw করে ছেড়ে দিচ্ছেন। স্থানীয় মেয়েরা যদি centrally trained হয়ে localiy placed হয় তাহলে তাদের পক্ষে স্থায়ীভাবে চাকরী করা সম্ভব হয় আর দ্বিতীয়তঃ সংসারকেও কিছু supplementary income দেওয়া সম্ভব হয়। মানুষকে এভাবে আপনারা চালাবেন না। আমি আমার বক্তব্যের শেষকালে আর কোন কটুকথা বলতে চাইনা। কিন্তু একটা প্রশ্নের সম্মুখীন আপনাদের হতে হবে। আজকে পথেঘাটে মানুষ জিজ্ঞাসা করে—চালে কাঁকর কেন, তেল নাই কেন, তেল পাচ্ছিনা কেন? খাওয়া-পরার সঙ্গে ঔষধের প্রশ্নও একটা বড় প্রশ্ন —ঔষধের জন্য টাকা আপনারা দিচ্ছেন, কিন্তু ঔষধ পাওয়া যায়না। আপনারা পরের মুখে ঝাল খেয়ে এখন সবকিছু ছেড়ে দিচ্ছেন। এটা ছাড়ুন, নিজেদের যন্ত্র tight করুন, এবং আপনাদের কাজ করার যদি ইচ্ছা থাকে এই যন্ত্র ঠিক করলেই সব ভাল ভাবে চলবে—এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Gurupada Khan :

মাঃ স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী ডাঃ রায় আগামী বছরের বাজেট আমাদের সামনে উপস্থিত করেছেন—এই বাজেট আমি সমর্থন করি। এখানে বিগত দিনের, অতীত বর্ষের কথা আমাদের মনে আসে স্বাভাবিক ভাবে। যদি অতীতের পরিপ্রেক্ষিতে ভারতের কথা না চিন্তা করি তাহলে নিশ্চয়ই ভুল করব সন্দেহ নাই। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা অনেক কথাই শুনিয়েছেন। তাঁরা আমাদের দেশের যে চিত্র তুলে ধরেছেন তা যে সম্পূর্ণ ভুল তা বলছি না, অবশ্য তা বলতে পারলে খুশীই হতাম। তাদের বক্তব্য যদি সবই ভুল হত, তাহলে পরিকল্পনার কোন প্রয়োজন ছিলনা। এখন আমাদের যা পরিকল্পনা রয়েছে, তাতে নানা ত্রুটি থাকা সত্ত্বেও আমরা বাধাবিপত্তির সঙ্গে সংগ্রাম করে নানারকম জাতিগঠনমূলক কাজে এগিয়ে যাচ্ছি। নিশ্চয়ই আমাদের দুঃখ-দুর্দশা আছে তা অস্বীকার করি না, কিন্তু আমাদের অগ্রগমনও দৃঢ়পদক্ষেপে এগিয়ে যাচ্ছে তাও অস্বীকার করা যায় না। এখন আমাদের জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়েছে। যদি ধীরস্থিরভাবে পর্যালোচনা করা যায় তাহলে দেখতে পাওয়া যাবে যে, আমাদের অগ্রগতি দ্রুতগতিতেই হচ্ছে। যে দেশের সমাজদেহ রক্তহীন হয়ে পড়েছিল, যার উপর একদিন বিষাক্ত ক্ষত হয়েছিল, তার উপর আজকে আমরা আঘাতের পর আঘাত ও বেদনা দিয়ে তাকে জর্জরিত করতে চাই না। আমরা চাই আমাদের দেশে আবার নতুন করে রক্তসঞ্চার হোক। বিরোধী পক্ষীয় বন্ধুরা বলেছেন যে, আমাদের দেশে বর্তমানে সম্পদ সৃষ্টি হলেও মাত্র কয়েকজন পুঁজিপতির হাতে গিয়েই সেই সম্পদ পড়ছে এবং বাস্তবে সাধারণ লোক সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। আমি তাদের একটা কথা স্মরণ করতে বলি, আজকে যে দেশের গরীব জনসাধারণকে সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে তাতে কি তাদের খরচ কমানোর উদ্দেশ্য নাই? যারা গরীব ও বঞ্চিতের দলে, তাদের উপকারের জন্যই কি এই সমস্ত অর্থ ব্যয়িত হচ্ছে না নানারকম পরিকল্পনা করে? আমি একটা example দিচ্ছি —education tax কি ভাবে এবং কার থেকে আদায় করা হয়ে থাকে। প্রাইমারী স্কুলে যারা পড়ে তাদের ঘাড়ে এটা পড়ে? গতকাল কোন এক শ্রদ্ধেয় নেতা বলেছেন, শিক্ষার কর বেড়ে গিয়েছে। এটা ঠিক নয়। যাদের দেবার ক্ষমতা আছে তাদের কাছ থেকেই বেশী করে আদায় করা হচ্ছে। এছাড়াও আমাদের দেশে আজ আরো অন্যান্য যে সমস্ত সুযোগ সুবিধা করে দেওয়া হচ্ছে, তাতে কি জনসাধারণের মাথাপিছু আয় বাড়েনি? আজ পল্লীতে পল্লীতে চিকিৎসাকেন্দ্র স্থাপিত হয়েছে। প্রত্যক্ষভাবে আয় না বাড়লেও খরচ নানাভাবে কমে গিয়েছে। খরচ কমে

যাওয়ার ফলে আয় বেড়েছে। শিক্ষা, পরিবহণ, জনস্বাস্থ্য এসবদিক দেখলে দেখতে পাওয়া যাবে যে, প্রত্যক্ষভাবে যদি জনসাধারণের আয় নাও বেড়ে থাকে, পরোক্ষভাবে তাদের খরচ কমানোর ব্যবস্থা হচ্ছে নানাবিধ উপায়ে।

[10-10—10-20 a. m.]

আর একটা কথা আমাদের বিরোধীপক্ষের নেতারা বলেছেন যে কেন্দ্রীয় রাজস্ব বণ্টনের ব্যাপারে পশ্চিমবঙ্গের প্রতি অবিচার হচ্ছে, একথা তাঁরা সাধারণভাবে সমর্থন করলেও মুখ্যমন্ত্রী যে-ভাবে যে উদ্দেশ্যে বলেন তাঁর সহিত তারা একমত হতে পারেন না। অর্থাৎ সাধারণভাবে সমর্থন করলেও অসাধারণভাবে অসমর্থন করছেন—এটা কিছু বোঝা যাচ্ছে না। আমাদের যে সমস্ত অঞ্চলে শিল্পায়িত হচ্ছে সে সমস্ত অঞ্চলে আমরা সাধারণভাবে লক্ষ্য করলে দেখব যে ভারতের বিভিন্ন প্রদেশ থেকে লোক চলে এসেছে। কাজেই বিভিন্ন প্রদেশের লোকের বিভিন্ন প্রকারের সুযোগ সুবিধা দেবার জন্য তাদের মধ্যে শান্তি স্থাপনের জন্য, জনস্বাস্থ্যের জন্য যে সমস্ত ব্যবস্থাগুলি করতে হয় তা কি শুধু পশ্চিমবঙ্গের দায়িত্ব? সর্বাঙ্গীনভাবে যদি ভারতের দিকে দৃষ্টি দিই তাহলে সেখানে কি কোন কর্তব্য নেই। কাজেই তাঁরা যেকথা বলেছেন যেটা সাধারণভাবে সমর্থন করেছেন, কিন্তু কেন অসাধারণভাবে অসমর্থন করছেন সেটা ভালভাবে বুঝতে পারছি না। আমার মনে হয় ভারতবর্ষের নিশ্চয় সেখানে একটা দায়িত্ব আছে। আজকে আমাদের সামনে উপস্থাপিত ১৯৬১-৬২ সালের যে বাজেট রয়েছে তার দিকে যদি দৃষ্টি দিই তাহলে দেখব যে জনকল্যাণমূলক যে সমস্ত কাজ—তার মধ্যে ২।৩ টি উদাহরণ দেব সেদিকে অধিক টাকা ধার্য করা হয়েছে। আমরা যদি সংখ্যাতত্ত্বের দিকে দৃষ্টি দিই তাহলে দেখব যে শিক্ষার ক্ষেত্রে সরকার গত বছর ধরেছিলেন ১৫ কোটি ৭৯ লক্ষ ৯৬ হাজার টাকা, এ বছর ১৮ কোটি ৪৫ লক্ষ ৮২ হাজার টাকা ধার্য হয়েছে। এটা আমাদের উন্নয়নমূলক কাজ বলে এতে বেশী ধরা হয়েছে। ডাঃ ঘোষ বললেন যে দেশের মধ্যে শিক্ষার বিশৃঙ্খলা হচ্ছে নানারকম শিক্ষার প্রচলন রয়েছে—যেমন মাল্টিপারপাস স্কুলস, Existing System of High Schools বেসিক স্কুল ইত্যাদি নানারকমের স্কুল রয়েছে। আমাদের দেশে প্রাচীন যে শিক্ষাব্যবস্থা ছিল তাকে ভারতীয় করণ এই যুগোপযোগী করার জন্য নানারকমভাবে পরীক্ষা নিরীক্ষা চলছে এর এই সমস্ত পরিবর্তনের মাধ্যমে আমাদের দেশে শিক্ষানীতি ঠিক করতে হবে। এই পরিবর্তনের জন্য কোনটা ভারতীয় ছেলেদের খাপ খাবে, কোনটা খাপ খাবে না সেই মত শিক্ষাব্যবস্থা ঠিক করতে হবে। ভারতের ছেলেরা যারা উচ্চ বিদ্যালয়ে পড়ছে তাদের মধ্যে নানারকর যে aptitude রয়েছে তাকে যথার্থ দিকে রূপায়িত করার জন্য এবং ভারতের উত্তম নাগরিকরূপে গড়ে তোলার জন্য আমাদের নানারকম ভাবে পরীক্ষা নিরীক্ষা চালছে। তাই দেখি যে মাল্টিপারপাস স্কুল করতে গিয়ে আমাদের বর্তমানে যে শিক্ষাব্যবস্থা রয়েছে তাকে সরকার অবহেলা করছেন না, সেখানেও যথেষ্ট সাহায্য দেওয়া হয়। মাল্টিপারপাস স্কুল সম্বন্ধে যে সমালোচনা করা হয়ে থাকে সেখানে আমরা দেখি বিভিন্ন বিদ্যালয়কে যাতে মাল্টিপারপাস স্কুলে পরিণত করা যায় তার জন্য দেশে চাহিদা রয়েছে এবং অভিভাবকগণও তাঁদের ছেলেদের এই স্কুলে ভর্তি করাতে চাচ্ছেন। কারণ যার মনে আজ কৃষিশিক্ষা পাবার আগ্রহ রয়েছে তার সেই আগ্রহকে যদি তৃপ্ত করতে হয় তাহলে তাকে এই রকম স্কুলে আসতেই হবে। কাজেই এই শিক্ষাব্যবস্থাকে নিশ্চয় সকলে স্বীকার করবেন।

১৯৬০-৬১ সালে যেখানে কৃষিখাতে ৪ কোটি ৮৮ লক্ষ ১৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল আগামী বছর সেখানে ৬ কোটি ৮০ লক্ষ ৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে. অবশ্য কৃষির উন্নতি হয়েছে না অবনতি হয়েছে সে সম্বন্ধে নানা জনে নানা কথা বলেন, কিন্তু তাঁরা যদি এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে যে বই দেওয়া হয়েছে তার কয়েকটি পাতা উল্টে দেখেন তাহলে দেখবেন যে

কৃষি সম্বন্ধে সেখানে কি সংখ্যাতত্ত্ব দেওয়া হয়েছে। অর্থাৎ সেখানে দেখছি খাদ্যশস্যের মধ্যে অন্যান্য সকল পণ্যের ব্যাপারে যেখানে ১৯৪৯।৫০ সালে ১০০' ধরা হয়েছিল সেখানে ১৯৫০।৫১ সালে ৯৫'৬, ১৯৫৫।৫৬ সালে ১১৬'৯, ১৯৫৮।৫৯ সালে ১৩২'০ এবং ১৯৬০।৬১ সালে ১৩৫'০ হয়েছে। তারপর খাদ্যশস্যের ব্যাপারে দেখছি ১৯৫০।৫১ সালে যেখানে ছিল ৯০'৫, ১৯৫৮।৫৯ সালে সেটা হয়েছে ১৩১'০ এবং ১৯৬০।৬১ সালে হয়েছে ১৩১'০, অন্যান্য শস্য যেখানে ১৯৫০।৫১ সালে ছিল ১০৫'৯, ১৯৫৮।৫৯ সালে সেটা হয়েছে ১৩৬'০ এবং ১৯৬০।৬১ সালে হয়েছে ১৪৩০। কাজেই এই সব সংখ্যাতত্ত্বগুলো যদি আমরা দেখি তাহলে দেখব যে উৎপাদনের দিক দিয়ে বছরের পর বছর নিশ্চয়ই আমরা এগিয়ে যাচ্ছি। তবে উৎপাদনের দিক দিয়ে আমরা পিছিয়ে যাচ্ছি এই কথা বলে যাঁরা সমালোচনা করেন তাঁদের আমি বলব যে, আমি নিজে দেখে এসেছি এবং আপনারা গেলেও দেখবেন যে দামোদর এবং ময়ূরাক্ষী এলাকায় যেভাবে জল দেওয়ার ব্যবস্থা হয়েছে তাতে সেখানকার লোকেরা জল পাচ্ছে এবং তার ফলে আগে এক বিঘা জমির যে দাম ছিল সেটা এখন ৫।৬ গুণ বেড়ে গেছে। অবশ্য এসব সত্ত্বেও একথা ঠিক যে পশ্চিম-বাংলার সর্বত্র আমরা এজিনিষ ছড়িয়ে দিতে পারিনি।

তারপর কৃষি সম্বন্ধে বলতে গিয়ে আমি সরকারকে বলব যে কৃষির জন্য সর্বাগ্রে প্রয়োজন জল এবং তারপর সার ও বীজ। কাজেই এগুলোর জন্য আরও বেশী টাকা খরচ করে যাতে কৃষি-ব্যবস্থা এবং চাষের উন্নতি করা যায় সে বিষয়ে সরকার যেন চিন্তা করেন। তবে জলের জন্য আরও ছোট বড় সেচ পরিকল্পনা এবং যে সমস্ত প্রাকৃতিক সম্পদ অব্যবহৃত হয়ে রয়েছে—অর্থাৎ নদী-নালা সেগুলোকে পরিষ্কার করে তাতে জল আটকে সেই জল সমস্ত জমিতে ছড়িয়ে দিতে হবে। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে যদি বাস্তবিকই পরিকল্পনা করতে হয় তাহলে আমাদের মূলনীতি সম্পর্কে যদি একটা সুনির্দিষ্ট নীতি না থাকে তাহলে আমাদের সেই পরিকল্পনা অনেক দূর পিছিয়ে যাবে। অবশ্য প্ল্যানিং কমিশন এ ব্যাপারে বসে না থেকে যে ভালভাবে চিন্তা করছেন তা' আমাদের এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে খসড়ারূপ লেখা দেওয়া হয়েছে তার ২১ পাতার উপর দৃষ্টি দিলেই বোঝা যাবে। অর্থাৎ মূল্যনীতি সম্পর্কে তাঁরা বলেছেন যে, "মূল্য সম্পর্কিত নীতির কিন্তু কয়েকটি বিস্তৃততর দিকও আছে। উন্নয়নশীল অর্থনীতির পক্ষে মূল্যবৃদ্ধির বিরুদ্ধে আভ্যন্তরীণ প্রতিরোধ ব্যবস্থা গড়িয়া তোলার প্রয়োজন আছে, আমদানির দ্বারা যখন আভ্যন্তরীণ গম সরবরাহের ঘাটতি পূরণ করা হইবে, তখন চাউলের ক্ষেত্রে ঘাটতি দেখা দিতে পারে। যে কোন বৎসর শস্য উৎপাদনের আংশিক ক্ষতি হইতে পারে; মজুতদাররা অধিক লাভের আশায় শস্য মজুত করিতে পারে। সাম্প্রতিক কালে যে অন্য একটি সমস্যা দেখা দিয়াছে তাহা হইল মূল্যমানের বড় ধরনের আঞ্চলিক বৈষম্য। যথাযোগ্যভাবে এই সব পরিস্থিতির সম্মুখীন হইতে হইলে যথোপযুক্ত সরকারী বিধানের মাধ্যমে মূল্যমানের নিয়ন্ত্রণ, রাষ্ট্রীয় ব্যবসায়, সমবায়ের মাধ্যমে বিপণন ও বণ্টন ব্যবস্থা করা অবশ্যম্ভাবী। তাহা ছাড়া, অর্থনীতির অবশিষ্টাংশে মূল্যমানের প্রবণতার সঙ্গে সম্বন্ধযুক্ত করিয়া খাদ্যবিষয়ক মূল্যনীতিকে দেখিতে হইবে। মূল্যনিয়ন্ত্রণ, আঞ্চলিক ব্যবস্থা, সর্বনিম্ন ও সর্বোচ্চ মূল্য নির্ধারণ, রাষ্ট্রীয় ব্যবসায় প্রভৃতি কোন্ ধরনের নিয়ন্ত্রণমূলক ব্যবস্থায় সর্বাধিক ফল পাওয়া যাইবে তাহা সযত্নে পরীক্ষা করিয়া দেখিতে হইবে, বর্তমানে এইসব সমস্যা জাতীয় উন্নয়ন পর্ষদের একটি কমিটির পরীক্ষাধীন।"

কাজেই এখন আমরা সকলেই বুঝতে পারছি যে এটা খুব সহজ কাজ নয় এবং এই মূল্যনীতি যদি খুব তাড়াতাড়ি নামাতে যাই তাহলে আমরা অনেক পিছিয়ে যাব। সুতরাং আজ যদি আমরা এই মূল্যনীতি সম্পর্কে খুব সতর্কতার সঙ্গে আলোচনা না করি তা'হলে আমাদের দেশে বিশৃঙ্খলা দেখা দেবে। যাহোক, এই ভাবে যদি দেখি তাহলে দেখব যে আমাদের পরিকল্পনা কমিশনকে এই বিরাট সমস্যাসঙ্কুল দেশের ৪০ কোটি নরনারী যারা বহুদিন থেকে বঞ্চিত হয়ে

রয়েছে এবং এখনও যাদের সমস্ত সমস্যার সমাধান হয়নি তাদের প্রত্যেকটি সমস্যার দিকে দৃষ্টি রেখে ধীরে ধীরে অগ্রসর হতে হবে। তবে একদিনেই সব কাজ শেষ করে দেব তা' কি কখনও সম্ভব ?

[10-20—10-30 a. m.]

আমরা জানি যে গণতান্ত্রিক দেশে আমাদের কতিপয় বন্ধুদের অবস্থা এমন হয়েছে, জল থেকে টেনে তোলা মাছের অবস্থার মত—নিজেরা আছাড়-কাছাড় খাচ্ছেন, জলের দিকে যাবার তাঁদের মন রয়েছে। বিশেষ একটা উদ্দেশ্য, নীতির দিকে তাঁদের রোগ রয়েছে। ডাক্তার মানুষ, বাস্তবটাকে জেনে শুনে ভুলতে পারিনা। সর্বাঙ্গীন দৃষ্টি রেখে আমাদের দেশের ক্রমশঃ উন্নয়নের জন্য যে পরিকল্পনার ব্যবস্থা, তাকে সার্থকভাবে রূপায়ন করবার জন্য যে বাজেট উপস্থাপিত হয়েছে তাকে আমি সত্যই সমর্থন করছি।

Shri Panchanan Bhattacharjee :

মাননীয় স্পীকার মহাশয়, জনৈক রাজনৈতিক ধুরন্ধরের বক্তব্য পশ্চিম বাংলার পরিপ্রেক্ষিতে উদ্ধৃত করে আমি আজকে সূচনা করতে চাই। সেটা হচ্ছে ইংরাজীতে "The way matters stand with the peasantry in this respect is as follows :—

It not only pays the State usual taxes, direct and indirect; it also overpays in the relatively high prices for manufactured goods; it is more or less under-paid in the prices for agricultural produce. This is an additional tax levied on the peasantry for the sake of promoting industry which caters to the whole country" বক্তব্যটা পণ্ডিত জহরলাল নেহরু বলেননি বা অপর কোন বিরোধীদলের নেতা বলেননি, এটা তালিন ১৯২৮ সালে বলেছিলেন; Foreign Languages Publishing House, Moscow থেকে তার ওয়ার্ক বেরিয়েছে, তার একাদশতম খণ্ডের ১৬৭ পৃষ্ঠায় এটা আছে। আমাদের দেশে আসলে ঠিক এই অবস্থা চলেছে—অন্যান্য দুনিয়ায় অন্যান্য জায়গায় অনেক ক্ষেত্রে এই রকম হয়েছে। কিন্তু সব থেকে শোচনীয় কথা হলো এই যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার কতকগুলি ভুল ধারণার ভিত্তিতে অগ্রসর হন—সর্বভারতীয় ক্ষেত্রে সেই ভুল ধারণা অবশ্য আমাদের নজরে পড়ে, আসলে তাঁরা ভুল দিয়ে শুরু করেন কাজেই ভুলই তার পরিসমাপ্তি। পশ্চিমবাংলায় জনসংখ্যা নাকি অত্যন্ত বেশী এবং এখানকার মার্জিন্যাল ল্যাণ্ড, সাব মার্জিন্যাল ল্যাণ্ডে নাকি চাস-টাস করা হচ্ছে। দুনিয়ায় অনেক বেশী দেশ উদাহরণ দিয়ে বলতে পারি যেমন যবদ্বীপ আমাদের থেকে অনেক বেশী এক্সপ্লয়টেড্ হয়েছিল; কিন্তু যবদ্বীপে যেখানে মানুষ বাস করে এবং চাস-বাস হয় সেখানে প্রত্যেক স্কয়ার মাইলে জনসংখ্যা হচ্ছে ৩ হাজার। যবদ্বীপে চাষ হয় ৯৩ লক্ষ একর জমিতে, ফলন হয় ৬০ লক্ষ টন ধান। পশ্চিমবাংলায় চাষ হয় ১ কোটি ১০ লক্ষ একর জমিতে, ফলন যা হয় তা আপনারা জানেন। যবদ্বীপের ফলন আমাদের এখানকার তুলনায় অনেক বেশী। যবদ্বীপের যেসব জায়গা শহর নয় গ্রামাঞ্চল সেখানে মাইলে ৩ হাজার লোক বাস করে। যবদ্বীপ ছাড়া যদি অন্যান্য দেশের দিকে নজর দেন তাহলে ঐ একই জিনিস দেখতে পাবেন। যেমন ধরা যাক হল্যাণ্ডের কথা। হল্যাণ্ডে ঠিক সমান পরিস্থিতি। হল্যাণ্ডের দিকে চাইলে আমরা দেখি সেখানে জনসংখ্যা হচ্ছে প্রতি বর্গমাইলে ৭৭২। এবারে আসা যাক সাব-মার্জিন্যাল, মার্জিন্যাল ল্যাণ্ডের প্রশ্নে। পশ্চিমবঙ্গ সরকার নিজেদের বইতে নিজেরা ভুল স্বীকার করেছেন। একখানা বই আছে Statistical hand book তার ৩১ পৃষ্ঠা যদি দেখেন তাহলে দেখবেন সেখানে বলা হচ্ছে net area sown

১ কোটি ৩১ লক্ষ একর আর ৩৮ পৃষ্ঠা যদি দেখেন সেখানে তাঁরা বলছেন cultivated area ১৯৫৫-৫৬ সালে একই বছরে ১ কোটি ২৩ লক্ষ একর অর্থাৎ যে এরিয়ায় বীজ বপন করা হলো cultivated area তার থেকে ৮ লক্ষ একর কমে গেল। এর মধ্যে ছাপার ভুল নেই, সংখ্যা ঠিক আছে। এই ধরনের বোগাস পরিসংখ্যানের ভিত্তিতে এখানকার হিসাব হয়।

ইউটিলাইজেসানের যদি প্রশ্ন তোলেন তাহলে দেখবেন যবদ্বীপে শতকরা ৬০ ভাগ জমিতে ধানের চাষ হয়, গ্রেটবৃটেনে শতকরা ৮০ ভাগ জমিতে চাষ হয়, পশ্চিম জার্মানীতে শতকরা ৮৪ ভাগ জমিতে চাষ বা বস্তু সম্পদে বৃদ্ধি করা হচ্ছে। যাহোক, শতকরা ৬০ ভাগ জমিতে চাষ করে পশ্চিমবংগ সরকার যদি মনে করেন যে ল্যাণ্ড ইউটিলাইজেসান চরম মাত্রায় এসে গেছে তাহলে সেই ধারণা ভুল এবং ভুল ধারণার জন্ত মাসুল যোগাতে তাঁরা বাধ্য।

আমরা মনে করি ছোট ছোট খামার করার জন্ত বুঝি ভয়ংকর অসুবিধা কিন্তু পশ্চিম জার্মানীর শতকরা ৩০ জন চাষীর জমির পরিমাণ হচ্ছে ৫ একরের কম—একবিঘা দেড়বিঘা থেকে আরম্ভ করে ১৫ বিঘা জমির মালিক এবং তাদের সংখ্যা সমগ্র পশ্চিম জার্মানীর চাষীর শতকরা ৩ ভাগের ১ ভাগ কিন্তু সেখানে যান্ত্রিক ব্যবহার অত্যন্ত বেশী এবং সাধারণতঃ একই যন্ত্রে তারা নানা কাজ করে। ট্রাকটার দিয়ে তারা চাষ করে, আবার রাস্তা তৈরী করে। এখানে যে একজিবিশন হচ্ছে আমি জানিনা তার থেকে আমাদের শাসক সম্প্রদায়ের কতজন লোক কতটুকু শিক্ষা গ্রহণ করেছেন। আমাদের বিপদ হলো এই যে আসল জিনিস নিয়ে আমরা মাথা ঘামানোর প্রয়োজন বোধ করি না। কৃষির প্রধানতম অভাব পুঁজির। কৃষি যে মস্তবড় একটা শিল্প সেকথা আমাদের দেশে স্বীকার করা হয় না। তাই কৃষির যে পুঁজির প্রব্লেম প্রব্লেম অফ্ ক্যাপিটাল ফর্মেসন—এদেশের বৃহত্তম যে শিল্প তার পুঁজির কথা আমরা চিন্তা করি না যা অন্তান্ত দেশ করেছে এবং অন্তান্ত দেশ করে তার জন্ত টাকার ব্যবস্থা করেছে। হল্যাণ্ডে করেছে, বৃটেনে এখনও পর্যন্ত দেয়া হয়। এক একর জমির মালিক হাজার টাকার পর্যন্ত নানাভাবে সাহায্য পেতে পারে। পশ্চিম জার্মানীতে যুদ্ধের পর ইনভেস্টমেণ্টের পরিমাণ হচ্ছে গড় প্রতি একরে ৫ হাজার টাকা, অন্ত দেশের কথা বাদ দিলাম, যেমন জাপানের কথা বলেছি, ইসরাইলের ব্যাপার জানি। সেখানে নেক্রে ইউনিভার্সিটির ভাইস প্রেসিডেণ্ট বলছেন যে আমরা পুরানো মেথোডে চাষ করে কি করে ডেজার্ট এলাকা থেকে কৃষির উৎপাদন বাড়ানো যায় তার জন্ত সচেষ্ট এবং সেখানে ইনভেস্টমেণ্টের পরিমাণ অত্যন্ত বেশী। জাপানের রাষ্ট্রদূত মিঃ সিরোসেনালু ভারতে একটা বক্তৃতা দিয়েছিলেন তাতে ১৯৪৬ সালের যে আইন, অর্থাৎ জেনারেল ম্যাক আর্থার যে আইনের জোরে জমিদারী লোপ করেন তার খানিকটা বিবরণ দিয়েছিলেন এবং সেই বিবরণ থেকে জানা যায় যে সেখানে বিঘা প্রতি ৫।৭ টাকা দাম দিয়ে জমি বেহাতী করে জাপানীরা সেই জমি অত্যন্ত কম মূল্যে অর্থাৎ ৩৪ টাকা দামে চাষীদের হাতে দিয়ে দেয় এবং চাষীদের ক্যাপিটাল সরবরাহ করে যার ফলে জাপানে অনেক উৎপাদন বৃদ্ধি হয়েছে। মেক্সিকোর যদি উদাহরণ দেখি তাহলে দেখবো যে সেখানে একজন বিশেষজ্ঞ মেক্সিকো সম্বন্ধে বলছেন—তিনি হচ্ছেন রুটগারণ ইউনিভার্সিটির প্রফেসার অব্ ইকনমিকস, রবার্ট জে, অ্যালেকজাণ্ডার—তিনি বলছেন মেক্সিকোতে কোঅপারেটীভ প্রথায় বিপুলভাবে চাষের রূপায়ণ ঘটেছে। সেখানে বলা হয়েছে—"The monopoly of power of the old landowners has been broken up and wealth and income have been much more distributed though there are wide divergences between the co-operatives themselves and between many of the co-operatives and private firms. The Mexican agrarian reforms and the Mexican revolution in general have had a tremendous impact on the rest of Latin America and perhaps have not

been without influence outside of the hemisphere as well." ভারতবর্ষের মেক্সিকো সম্বন্ধে চিন্তার কোন কারণ নেই কারণ আমাদের শাসক সম্প্রদায় উষ্ট্রপক্ষী ধর্মে বিশ্বাসী; ক্যাপিটাল ফর্মেসন সম্বন্ধে কোন চিন্তা করা হয় না। ওঁরা বলবেন, রাস্তাঘাট তৈরী হচ্ছে, সেচের ব্যবস্থা হচ্ছে, সারের ব্যবস্থা হচ্ছে, এসব হচ্ছে। কৃষির জন্য প্রয়োজন যে ক্যাপিটাল তার কথা চিন্তা করা হয় না। অধ্যাপক ডাব্লউ ডাব্লউ রোষ্টো, তিনি খানিকটা এ নিয়ে আলোচনা করেছেন এবং সেই আলোচনার ভিত্তিতে যদি খানিকটা চিন্তা করি তাহলে বুঝবো আমাদের জাতীয় আয়ের যে পরিমাণ টাকা লগ্নী হচ্ছে সেটা অস্বাভাবিকভাবে লগ্না হচ্ছে এবং সেই লগ্নীর ক্ষেত্র অত্যন্ত সীমাবদ্ধ।

[10-30—10-40 a. m.]

১৯৫৫ সালে কংগ্রেস আমাদের শাসক সম্প্রদায়ের Indian National Congress একটা Constructive Works Committee appoint করেছিলেন, সেখানকার সিদ্ধান্ত হয়েছে সার্ভিস সমবায়ের মাধ্যমে কৃষির উন্নয়ন করতে হবে। এই Service co-operative-এর নামে যে একটা অদ্ভুত জগাখিচুড়ী করা হয়েছে, তা নয়, তার সব রিপোর্ট আর এখানে বলতে চাই না। আমার সন্দেহ আছে—আমাদের কংগ্রেসকর্মীরা তার সম্বন্ধে বিশেষ কিছু শোনেন না। The Committee discussed at length the desirability of concentrating on co-operative activities. It was felt that main emphasis should be laid on the development of the co-operative movement in determining the priority of constructive work. ইত্যাদি বলে কি ভাবে তা চাষের ক্ষেত্রে কাজে লাগবে এনিয়ে আলোচনা হয়েছিল। কিন্তু কাজের বেলায় দেখা গেল এই Service co-operative না ঘাটকা, না ঘরকা। যখন তাতে দেশের কোন উপকার হচ্ছে না, Service co-operative-এর প্রয়োজনীয় capital সরবরাহ করতে পারবেন না, কৃষির ক্ষেত্রে বলা হয় আমাদের দেশে বর্তমানে যে লগ্নী আছে, তার পরিমাণ ৫০০ কোটি টাকা, আর ৫০০ কোটি টাকা প্রয়োজন কৃষির উন্নয়নের জন্য। আমাদের বাজেটে তার কোন পরিকল্পনা নাই। নগদ টাকা না দিয়ে বীজ সরবরাহের অন্য পন্থা আছে। Rural credit survey যা আছে, তাতে দেখলে দেখা যাবে—আমাদের ভারতবর্ষে বিশেষ করে পশ্চিমবাংলায় শতকরা ৩৩ ভাগের উপর কৃষকের, বছরে ক্ষেতের ফসলের দাম, খড়ের দাম জুড়ে দুশো টাকাও আয় নাই। আর ভারত সরকার যে হিসেব দেন তাতে দেখা যায় যে food grains manufacture-দের সুবিধার জন্য price parity নাই—যেখানে ৮, ১০, ১৫ ভাগের বেশী, অর্থাৎ চাষীরা যে দামে জিনিস বেচে, তার চেয়ে ১৫ ভাগ বেশী দাম দিয়ে জিনিস কেনে। তারজন্যই চাষীর হাতে পুঁজি জমছে না।

তারপর তারা আবার পা থেকে মাথা অবধি ঋণগ্রস্ত। Ford Foundation-এর তরফ থেকে যে কৃষি বিশেষজ্ঞরা এ দেশে এসেছিলেন—তাঁরা এ সম্বন্ধে একটা কথা বলে গেছেন—এদের শতকরা ৮৫ ভাগ পুঁজির প্রয়োজন মেটাতে হয় ঋণ মারফৎ। এই ফোর্ড ফাউণ্ডেশানের টাকা নানাভাবে ব্যয় হচ্ছে, তার দ্বারা অফিসার পোষণ হচ্ছে; কিন্তু তাঁদের সুপারিশ কাজে লাগান হচ্ছে না। ডাঃ রাধাকুমুদ মুখার্জীর—The Food Problem and its suggested solutions —নামে একখানা ছোট্ট বই সম্প্রতি তিনি লিখেছেন, তাতে কয়েকটি মূল্যবান কথা তিনি বলেছেন আমাদের চাষীদের সম্বন্ধে। সেটার অন্যতম প্রধান বক্তব্য হলো—এই চাষীদের ন্যায্য মূল্য দিতে হবে। এই চাষীদের ন্যায্য মূল্য দেওয়ার ব্যাপারে বৃটেনে একটি পদ্ধতি কার্যকরী করা হয়েছে। গত ১৯৫৭ সালে একটি আইন করে সেই নীতি সেখানে চালু করা হয়। তার অর্থ কন্ট্রোল বা সরকার সব কিনে নিয়ে প্রথমে ধার দেয় তাদের যারা রাষী কারবারী বা মজুতদারী করে

থাকে, producer himself-ও করতে পারে। তার জন্য বীজ সরবরাহ করা হয়। তৎসত্ত্বেও বাজার দরে মাল বিক্রী করে যদি লোকসানও হয়, তবুযে দাম হওয়া উচিত, সেই দাম সে পাচ্ছে। দুটোর difference-টা সরকার থেকে দিয়ে দেওয়া হয়। আমরা সব ব্যাপারেই বৃটেনের নকল করে থাকি—করবার চেষ্টা করি, হ্যাট, কোট্-প্যাণ্ট পরি, রানীকে huldigung করি। সেখানে যতরকম সাহায্য দেওয়ার ব্যবস্থা আছে। সেখানে সরকার কৃষিকে মনে করেন ইণ্ডাষ্ট্রী। কৃষিকে ইংল্যাণ্ডের সরকার ইণ্ডাষ্ট্রী মনে করেন বলে কৃষির শিক্ষার ব্যবস্থা আছে। পশ্চিম-জার্মানীতে কৃষির উন্নতির জন্য কৃষি বিদ্যালয় আছে, কৃষি কলেজ আছে। সেখানে প্রতিটি চাষীকে কৃষি বিষয়ে শিক্ষাগ্রহণ করতে হবে। ইংল্যাণ্ডেও সেই পদ্ধতি গ্রহণ করা হয়েছে। সেখানকার সরকার চাষীকে কতরকম উপায়ে সহায়তা দিয়ে থাকে—তার নাম পড়ে শোনাচ্ছি। এটা বৃটিশ সরকারের সরকারী দলিল থেকে বলছি। Assistanci for smaller farmer হলে পরে সাহায্য দেওয়া হয়। Livestock কিনবার জন্য, drainage তৈরী করবার জন্য চাষীকে টাকা দেওয়া হয়। তাছাড়া assistance scheme for smaller farmers হয়েছে। যাদের পাঁচ-ছয় বিঘা জমি আছে, তাদের জন্য ব্যবস্থা আছে টাকা দেবার। এই রকম ভাবে এক একটি চাষী তিন থেকে পাঁচ হাজার টাকা সাহায্য পেতে পারে। আর আমাদের দেশে কি ব্যবস্থা আছে? চাষীকে পাঁচ টাকা ধার দিলে, এক বছরের মধ্যে, তার গলায় গামছা দিয়ে, সেই টাকা আদায় করা হয়।

তারপর চাষীকে সাহায্য কি ভাবে দেওয়া হচ্ছে দেখুন। সবটা cash-এ না দিয়ে, in kind-এ তাঁরা দিচ্ছেন। In kind মানে হচ্ছে সার, বীজ ইত্যাদি। আমাদের এখানে চাষীদের এই সমস্ত জিনিসগুলি দিতে গেলে, আমাদের সরকার বলেন বীজ, সারও দেওয়া হচ্ছে। কিন্তু যা দেওয়া হচ্ছে, তা অতি সামান্য; শতকরা এক ভাগের বেশী সরবরাহ করা সম্ভব হয় না। তার চেয়ে চাষীদের টাকা দিন, তারা নিজেরাই বীজ, সার সংগ্রহ করে নিতে পারবে। চাষীকে যদি কিছু টাকা দেন এবং চাষ সম্বন্ধে কিছুটা শিক্ষা দেন, তাহলে তারা নিজেরাই fertiliser-এর ব্যবস্থা করতে পারবেন। Fertiliser সম্বন্ধে যাঁরা খ্যাতনামা বৈজ্ঞানিক, এই সমস্ত বিভিন্ন লেখকদের লেখা আমি পড়ে দেখেছি। আমাদের দেশের চাষীদের যদি উপযুক্ত সুযোগ দেওয়া যায়, তাহলে তারা নানা ভাবে প্রাকৃতিক জিনিস থেকে এই fertiliser প্রস্তুত করে, তাদের সারের যে অভাব, তা তারা নিজেরা মোচন করতে পারে। আমি এখানে একটিমাত্র উদ্ধৃত করছি। L. T. Lowe বৃটেনের বিখ্যাত Soil Chemist, তাঁর একখানা বই আছে। সেই বই-এর নাম হচ্ছে Soil Fertility and the use of fertilisers, edited by G. H. Purvis এবং তার publisher হচ্ছে Littlebury & Co. তাতে তিনি deep ploughing সম্বন্ধে বলেছেন—"For success of deep ploughing, good drainage is essential. If the sub-soil is inadequately drained, deep ploughing will convert the land into a morass. Moreover, deep ploughing must be undertaken when the soil is fairly dry." আমাদের দেশে যদি বা tractor চালান হল, সেখানে জলের ব্যবস্থা নেই। আর যখন জল থাকে, সব কাদা হয়ে যায়। তারপর আমাদের সরকার দু-ফসল, তিন-ফসল করা সম্বন্ধে সব ফ্যান্সী কথা বলে থাকেন। কিন্তু এই সমস্ত বৈজ্ঞানিকরা বলেন—"When land is continually cropped the proportions of organic matter and of humus decline. This is partly because of better aeration of the soil brought about by caltivation and favours oxidation of these materials and partly since smaller amount of plant residues is left behind in cropped land than in grass land." সুতরাং প্রয়োজন হচ্ছে—কাটিলাইজারের ব্যবস্থা করা এবং এই কাটিলাইজারের ব্যবস্থা কি করে হবে, তাও তাঁরা বলেছেন। তাঁরা বলেছেন,

green matter অর্থাৎ ঘাস, ধঞ্চা প্রভৃতি, ঐ ধরনের কতকগুলি জিনিস আছে, যা দিয়ে অতি সহজেই এই সার প্রস্তুত করা যেতে পারে। তাছাড়া farmyard manure আছে যেমন আমাদের দেশে গোবরের ঘুঁটে করে পোড়ান হয়। সেখানে তাঁরা এই farmyard manure সম্বন্ধে বলেছেন—"Samples of farmyard manure vary very considerably in composition. Most samples contain 0·4 to 0·6 per cent of nitrogen; 0·2 to 0·3 per cent of phosphate and 0·5 to 0·7 per cent of potash. Urine from cow-sheds and stables and drainings from the dung heap should be conserved in a liquid manure tank. If undiluted, one thousand gallons of liquid manure will be equivalent in its content of plant nutrants to a dressing of 1 cwt of sulphate of ammonia, ½ cwt of super-phosphate and ¾ cwt of muriate potash." Phosperic contents সম্বন্ধে তিনি বলেছেন। তারপর আর একটা উদাহরণ দিচ্ছেন—100 fowls will produce about 4 tons of manure in 12 months. Poultry manure is much richer than farmyard manure. It contains about 2½ times as much nitrogen and phosphate but only about the same amount of potash. দুঃখের বিষয় আমরা এই সব দিক থেকে চিন্তা করি না। সুতরাং আমরা ১৯২০-৪১ সালের census রিপোর্ট থেকে দেখতে পাই—আমাদের পশ্চিম বাংলায় যে দু-কোটি কৃষির উপর নির্ভরশীল লোক আছে, তার মধ্যে ৭৬ লক্ষ লোকের এদেশের কৃষির সঙ্গে কোন সম্পর্ক নেই।

[10-40—10-50 a. m.]

বর্তমানে বলা যায় ২ কোটি লোক কৃষির সঙ্গে সম্পর্কচ্যুত, ১ কোটি লোক কৃষির সঙ্গে সম্পর্কহীন। সুতরাং শতকরা ৬৬ ভাগের মধ্যে পশ্চিমবঙ্গে ১ কোটির মত লোক ১০০ দিনের মত বছরে বেকার থাকে। Agricultural Labour Enquiry Committee Report থেকে বুঝা যাবে যে চাষীর বলদ বছরে ৪ মাস বেকার থাকে। এই Human Labour এবং চাষীর Capital Labour-কে কাজে লাগাতে হলে পুঁজি থাকা দরকার। সেই পুঁজির ব্যবস্থা বাজেটে নাই। সুতরাং এটা সমর্থন যোগ্য নয়।

Shri Shib Das Ghatak :

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় অর্থমন্ত্রীরূপে যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেটে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি তাঁকে অভিনন্দন জানাই নূতন কোন কর ধার্য না করার জন্য। স্যার, এই অধিবেশন সুরু হওয়ার পর রাজ্যপালের ভাষণের উপর এবং কাল থেকে বাজেটের উপর যে আলোচনা হচ্ছে তাতে বিরোধীপক্ষের বন্ধুদের আলোচনা ও সমালোচনা কয়েকদিন ধরে শুনছি। আমার সবচেয়ে অবাক লাগে যে, কোন পরিকল্পনার কোন চিত্র তাদের মনে রেখাপাত করতে পারে না—কারণ তারা সেই মনোভাব নিয়ে এখানে আসেনি—অর্থাৎ ভিতরে থাকলেও সেই মনোভাব প্রকাশ করবে না। কবি রবীন্দ্রনাথের ভাষায় আমার একটা কথা মনে হয়:

"কেমন করে গান গাওহে গুণী
আমি অবাক হয়ে শুনি।"

বিধানবাবু যে পরিকল্পনাই করুন না কেন সেই পরিকল্পনা ওদের মাথায় ঢুকবে না তার। প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বহু কলকারখানা হয়েছে এবং দেশে ভারত সরকার ও

রাজ্য সরকার বিভিন্ন রকম উন্নয়ন পরিকল্পনা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় করতে যাচ্ছেন—তাতে দেশবাসীর প্রভূত উপকার হয়েছে তা তো অস্বীকার করা যায় না। আজ শুধু দেশের নেতারাই নন, বিদেশ থেকেও বহু নেতা একথা এক বাক্যে স্বীকার করেছেন আমাদের বিরোধী দলের নেতা জ্যোতিবাবু কাল বলেছেন যে দুর্গাপুরের সারের কারখানা হয়েছে ভাল হয়েছে তার জন্য অভিনন্দন জানিয়েছেন কিন্তু টাকা আমেরিকার কাছ থেকে কেন নেওয়া হচ্ছে? এদের আমেরিকা এবং বৃটিশের উপর allergy হয়েছে। রাশিয়া এবং চীনের কাছ থেকেও আমরা নিই—এবং এদেশ থেকে জ্যোতিবাবুদের কাছে কিছু কিছু অর্থ থাকে আমি শুনেছি। এটা থাকাও স্বাভাবিক। কিন্তু আজকে তো ভারতবর্ষ কোন দেশের নীতি গ্রহণ করে না। তাই আজ রাশিয়ার কাছ থেকেও সাহায্য নেওয়া হয়, জার্মানীর কাছ থেকেও সাহায্য নেওয়া হয় এবং আমেরিকার কাছ থেকেও সাহায্য নেওয়া হয় এবং বৃটিশের কাছ থেকেও সাহায্য নেওয়া হয়। অনভিজ্ঞ অনগ্রসর দেশে, বিদেশ থেকে যন্ত্রপাতি ও আর্থিক সাহায্য নেওয়া প্রয়োজন, নইলে দেশকে গড়ে তোলা যায় না। অতএব সমস্যা-জর্জরিত, বন্যা প্রপীড়িত বাংলাকে গড়তে হলে বলিষ্ঠ নেতৃত্বের প্রয়োজন একথা অস্বীকার করা যায় না কিন্তু তা বলে কোন বিদেশের নীতি বাংলা দেশ তথা ভারতবর্ষ সহ্য করবে না, বাংলার জনগণ সহ্য করবে না। এদেশ রামকৃষ্ণের দেশ, বিবেকানন্দের দেশ, চিত্তরঞ্জনের দেশ, সুভাষচন্দ্রের দেশ, মহাত্মা গান্ধীর দেশ, এদেশে শিখানো বুলি, বিদেশী আওড়ান বুলি চলবে না। আজ একথা আমি জোর করে বলতে পারি, পরিকল্পনা যেভাবে অগ্রসর হচ্ছে তাতে আমরা জনগণের সমর্থন পাব। কাল শ্রদ্ধেয় নেতা ডাঃ ঘোষ বলে গেলেন শিক্ষা বিভাগে কোন কাজ হচ্ছে বলে মনে হয় না।

আমি জানি, ডাঃ ঘোষ মেদিনীপুরের যে এলাকা থেকে নির্বাচিত হয়েছেন সেখানে নিশ্চয়ই তিনি দেখেছেন যে গ্রামে গ্রামে আজ গান্ধীজীর বনিয়াদি শিক্ষার মত, Multipurpose School চালু হয়েছে। গ্রামে গ্রামে আজ Technical School চালু হয়েছে। বিভিন্ন রকম শিক্ষা দেবার ব্যবস্থা হয়েছে। বিদ্যালয়, মহা-বিদ্যালয়, বিশ্ব-বিদ্যালয় গড়ে উঠেছে। বর্ধমানে কোন দিন বিশ্ব-বিদ্যালয় হবে তা সেখানকার লোকে কোন দিন স্বপ্নেও ভাবতে পারেনি। আগে আমাদের দেশে engine তৈরী হোত না, ক্যানাডা থেকে আমাদের engine নিয়ে আসতে হোত, আজকে চিত্তরঞ্জনে সেই engine তৈরী হচ্ছে। আজ দুর্গাপুরে কারখানা গড়ে উঠেছে যার ফলে আমাদের দেশের অগ্রগতি হচ্ছে বোঝা যায় কিন্তু ওরা তা স্বীকার করবে না। কিন্তু আমিও বলবো যে দুর্গাপুরে আজো বেকারসমস্যা রয়েছে। যদিও স্থানীয় লোকেরা কিছু চাকরী করছে কিন্তু সেখানে এখনও বহু বাঙালী সন্তান বেকার হয়ে আছে তাদের ব্যবস্থা করতে হবে। আমরা বহুবার এই কংগ্রেসের তরফ থেকে বলেছি যে বহু বাঙালী ছেলেরা আজকে ঘুরে ঘুরে বেড়াচ্ছে তাদের যদি চাকরীর ব্যবস্থা না হয় তাহলে দেশের কোন পরিকল্পনা সার্থক হবে বলে আমি মনে করি না। শ্রমমন্ত্রী মহাশয়ও ঐ এলাকা থেকে নির্বাচিত হয়েছেন। এখানে প্রাদেশিকতার প্রশ্ন নয়, বা সংকীর্ণতার কথা উঠে না, আমাদের এখানে কলকারখানায় আমাদের সন্তানরা চাকরী পাবে না তা হতে পারে না। এবং এই বেকার সমস্যা সমাধানের জন্য স্থায়ী ব্যবস্থা করতে হলে যদি তার জন্য কোন আইন প্রণয়ন করার দরকার হয় তাহলে তা করে এটার সুষ্ঠু সমাধান করতে হবে। আজকে শিক্ষিত বাঙালী সন্তানরা ঘুরে বেড়াচ্ছে, চাকরী পাচ্ছে না। তারপর জ্যোতিবাবু বলেছেন যে দুর্গাপুরেও লোকসান হবে, কারণ সরকার যে industries করে তাতে লোকসান হয়, আমি তাঁকে জিজ্ঞাসা করি লোকসান যদি হয়ে থাকে তাহলে তিনি কি তার কারণ তদন্ত করেছেন? রাজ্য সরকারের mal-administration-র জন্য যদি কোন অন্যায় হয়ে থাকে তাহলে সেই administration change করুন। আজকে যে সমস্ত বিভিন্ন প্রতিষ্ঠানে লোকসান হচ্ছে তার কারণ অনুসন্ধান করুন। আমরা জানি অনগ্রসর দেশে নূতন

কোন পরিকল্পনা গ্রহণ করলে প্রথম প্রথম তাতে লোকসান হয়। যেমন, আজকে State Bus-এ লাভ হচ্ছে কিন্তু প্রথমে এতেও লোকসান হয়েছিল। কিন্তু আমরা জানি, আজকে যে সমস্ত পরিকল্পনা দেশে গ্রহণ করা হচ্ছে—তা কার্যকরী করতে পারলে দেশের প্রভূত উপকার হবে। আমাদের মনে হয় আমাদের সরকারের plan and proposal খুব ভাল, কিন্তু dilatory tactics-র ফলে অনেক সময় অনেক কাজ সময় মত হয়ে উঠে না। দীর্ঘসূত্রতার ফলে অনেক পরিকল্পনা পড়ে থাকে এবং দেশবাসী অসন্তুষ্ট হয়ে পড়ে। এইজন্য আমি সরকারকে বলবো execution and implementation should be expedited। এবং আর একটা জিনিস হচ্ছে বহু জিনিস Finance department-এ bottleneck হয়ে পড়ে থাকে। আমাদের বিভিন্ন-বিভাগের বিভিন্ন পরিকল্পনা পড়ে থাকে Finance department-র approval না আসার জন্য। আমি এই bottleneck দূর করবার জন্য সরকারকে বলবো যে এর ভার জেলা কর্তৃপক্ষকে দেওয়া হোক যাতে তাঁরা স্বাধীনভাবে কাজ করতে পারেন। অবশ্য আমরা জানি যে, কাজ করতে গেলে দোষ-ত্রুটি হবে এবং সেই দোষত্রুটির সমালোচনা করতে আমরা রাজী আছি। কাজ করতে গেলে দোষত্রুটি হয় কিন্তু যারা কাজ করে না তাদের সে বালাই নেই। আর বিরোধী পক্ষ থেকে জলের কথা বলা হয়েছে। আমরা জানি বাংলাদেশে জলের সমস্যা একটা বড় সমস্যা। এর জন্য বিভিন্ন পৌরসভায়, বিভিন্ন এলাকায় বহু জলের পরিকল্পনা গ্রহণ করেছে সরকার। আসানসোল পৌরসভার জন্যও একটা জলের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু এ ব্যাপারে Government-র গতি অত্যন্ত মন্থর, তবুও আমি অনুরোধ করবো যাতে এটা expedite করা হয়। এখানে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, গত বৎসর ১৯৬০ সালে ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার কতকগুলি বড় বড় scheme করেছিলেন। এবং Water Supply Board-র অফিসাররা গিয়ে দেখে এসে আমাদের ওখানে coal field area-র জন্য চার কোটি টাকার একটা scheme করে আসেন। এই scheme কার্যকরী করলে সেখানকার লোকের প্রভূত উপকার হবে এবং এই plan খুবই অভিনন্দন যোগ্য। কিন্তু আমরা জানিনা সেই scheme আজ কোন্ cold storage-এ পড়ে আছে।

[10-50—11 a. m.]

আমরা জানি কলকাতা বাংলাদেশের মেরুদণ্ড—কলকাতার জনসাধারণের যেসব সমস্যা আছে, যেমন গৃহ সমস্যা, যানবাহন সমস্যা ইত্যাদি বিভিন্নরকম সমস্যা আছে—আমরা মনে করি এই পরিকল্পনা কার্যকরী করলে তাতে দেশের প্রভূত উপকার হবে কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি একথাও মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব যে, শুধু কলকাতার কথা ভাবলেই হবে না, মফঃস্বলের কথাও চিন্তা করতে হবে। আমরা ইতিপূর্বে মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম আসানসোলে এবং তৎসংলগ্ন যে industrial এলাকা আছে তাদের বহু রকম সমস্যা সমাধানের একটা Development Board গঠন করার জন্য—আমি মনে করি এই Development Board যদি গঠিত হয় তাহলে সেই সব অঞ্চলের বহুবিধ সমস্যার সমাধান করা যাবে। স্যার, ডাঃ ঘোষ কালকে এখানে দুর্নীতির কথা বলছিলেন। আজকে আমাদের দেশের সরকারী কর্মচারীদের দুর্নীতি থাকতে পারে। এই প্রসংগে আমি কয়েকটা কথা সরকারের দৃষ্টিগোচর করতে চাই—এদের মধ্যেও বাস গৃহের সমস্যা আছে—এসম্পর্কে তারা সরকারের কাছে আবেদনও জানিয়েছিল, সরকার তাদের আশ্বাস দিয়েছিলেন যে এই ব্যাপারে একটা ব্যবস্থা করা হবে। অল্পবেতনের কর্মচারীদের যদি এক জায়গা থেকে অন্য জায়গায় বদলী করা হয় তাহলে তাঁরা অনেক সময় প্রবল সমস্যার সম্মুখীন হয়ে পড়েন। আমি এখানে আরেকটা কথা বলব, retired officer-দের আজকাল extension দেওয়া হয়,—আমি বলি, এভাবে যদি superannuated লোকদের extension

দেওয়া হয় তাহলে যুবক কর্মচারীদের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হয়, কারণ তাদের উন্নতির পথ অবরুদ্ধ হয়। এই বিষয়টা চিন্তা করার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি।

'Let us be helpful to the Government,
Let us be helpful to the nation,
Let us be useful to the nation,
Let us co-operate with the Government,
Let us hope for the best, but
Let us be prepared for the worst.

এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Kanailal Bhattacharjee :

মাঃ স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় বাজেট পেশ করার সময় যে বক্তৃতা দিয়েছেন তার ভিতর প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ভারতবর্ষে তথা বাংলাদেশে কিরকম অগ্রগতি হয়েছে তা দেখাবার চেষ্টা করেছেন। অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করতে হল যে, তিনি যে ছবি এঁকেছেন তার দ্বারা প্রমাণ করার চেষ্টা করেছেন যে আমাদের দেশের অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে। তিনি বলেছেন, this is the picture of an economy growing in all sectors.

কত রাস্তাঘাট, Health Centre, কত কল কারখানা প্রভৃতি প্রতিষ্ঠিত হচ্ছে এই দেখিয়ে তিনি বলতে চাচ্ছেন—এই বিরাট দেশের বিরাট জনসমষ্টির অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে। আজকে যারা সাধারণ মানুষ, এটা তারা তাদের জীবন দিয়ে বুঝতে পারছে সত্যিই দেশের অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে, না তারা পিছিয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রীর বক্তৃতা যদি একটু ভাল করে অনুধাবন করতে পারা যায় তাতে দেখা যাবে আমাদের দেশের অর্থনৈতিক অগ্রগতি তো হয় নিই বরং অর্থনৈতিক দিক দিয়ে আমরা পিছিয়ে যাচ্ছি। তিনি স্বীকার করেছেন গত ৫ বৎসরের মধ্যে জিনিসপত্রের দাম শতকরা ২০ ভাগ বেড়ে গিয়েছে। কিন্তু তিনি একথা অস্বীকার করেছেন যে, যারা কলকারখানায়, অফিস আদালতে কাজ করে অর্থাৎ মেহনতী মানুষ, বেতনবৃদ্ধির কোন effect পায়নি অত্যধিক দ্রব্যমূল্য বৃদ্ধিরই দরুণ। বরং আজকে সামগ্রিকভাবে বিচার করলে দেখতে পাওয়া যাবে যে, আজকে জীবনধারণের মানের উন্নতি না হয়ে যথেষ্ট অবনতিই প্রকট হয়েছে। এটাই হচ্ছে সত্যিকারের চিত্র, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে দেখছি অর্থমন্ত্রী মহাশয় আমাদের দেশের অর্থনৈতিক অগ্রগতি হচ্ছে বলে দাবি করেছেন। তারপর, প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বেকার সমস্যার কোন সমাধান তিনি দিতে পারেননি যা তাঁর করা উচিত ছিল। এখানে তিনি পরিসংখ্যান দিয়ে দেখান যে, দেশের মধ্যে কত বেকার ছিল, কত নতুন বেকার সৃষ্টি হয়েছে—এবং এই দুটো পরিকল্পনায় কত বেকারকে চাকরী দিয়েছেন, তাহলেই আজকে আমাদের দেশের অর্থনৈতিক অবস্থার একটা প্রকৃত চিত্র পাওয়া যাবে। তিনি আমাদের সামনে বাজেট পেশ করতে গিয়ে বলেছেন, যদিও ঘাটতি বাজেট তাহলেও নতুন কোন কর চাপান হয়নি। আমাদের কংগ্রেসপক্ষীয় বন্ধুরা এতে আনন্দিত হয়ে তাঁকে অভিনন্দন জানিয়েছেন। কিন্তু তাঁরা যদি একটু তলিয়ে দেখতেন তাহলে দেখতে পেতেন যে, এটা একটা মস্তবড় ভাঁওতা ভিন্ন আর কিছুই নয়। সামনে নির্বাচন আসছে, সেই নির্বাচনে কংগ্রেসদলের যে কি অবস্থা হবে তা এই কংগ্রেসী মন্ত্রীবর্গ বেশ ভালো ভাবেই জানেন। একথা তাঁরা বেশ ভালো করেই বোঝেন যে, দেশবাসীর এই শোচনীয় অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে তাঁরা একথা দেশবাসীর সম্মুখে রাখতে পারবেন না যে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সফল ও সার্থক রূপায়ণের জন্য ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকারকে নতুন নতুন additional tax করতে হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কি পেয়েছি আমরা? আমাদের দেশের মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত,

সাধারণ মানুষ, এদের প্রত্যেকের জীবনধারণের মান দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত কারণে নীচে নেমে গিয়েছে। কিন্তু মুখ্যমন্ত্রী একেবারে ভুলে গেলেন যে, দু-দুটো পরিকল্পনা চলে গেল এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সম্মুখে আজ আমরা এসে পৌঁছেছি। মুখ্যমন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আমলে ১৪ কোটি টাকার উপর নতুন কর বসেছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় State Sector-এ প্রায় ৫৫০ কোটি টাকার মত নতুন কর বাড়ানোর কথা আছে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রায় ১২০০ কোটি টাকার নতুন কর ধার্য করার প্রস্তাব আছে। Election-এর প্রথম বছরে হয়তো তাঁরা ঘাটতি বাজেট সত্ত্বেও নতুন ট্যাক্স ধার্য না করে একটা ভাঁওতা দিতে পারেন। কিন্তু আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, এটা কি সত্য নয়, যে এবছরে তাঁরা নতুন ট্যাক্স না ধার্য করলেও এর পরের বছরে ধার্য করতে বাধ্য হবেন। তার পরিমাণ কত আজকে তা বলা প্রয়োজন। মুখ্যমন্ত্রী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে খসড়া চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন তার দ্বারা তিনি বলেছেন, আমাদের স্টেটের দেয় প্রায় ১৮১ কোটি টাকা। এই টাকা কোথা থেকে আসবে তা তিনি এখনো জানাননি। কেন জানাননি—একথা সকলেই জানে যেহেতু সামনে নির্বাচন সেইজন্যেই তিনি এটা ধামাচাপা দিয়ে রাখতে চান।

[11—11-10 a. m.]

আমরা তাঁদের কাছ থেকে জানতে চাই যে, এই নূতন ১৮১ কোটি টাকা কোথা থেকে আসবে সেটা বলে দিন। তিনি একটা কথা তাঁর বক্তৃতার মধ্য দিয়ে বলেছেন যে প্রথম এবং দ্বিতীয় পরিকল্পনার মধ্যে আমরা যে সমস্ত উন্নয়নমূলক কাজে হাত দিয়েছি তার ফল আমরা এখন পাব না এবং তার ফল যখন পাব তখন বুঝতে পারব যে এর দ্বারা দেশের উন্নতি সত্যিকারের হয়েছে কি না? কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় একটা দিক আমাদের কাছে তুলে ধরেননি সেটা হচ্ছে যে, যেসমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা আমাদের এই রাজ্যে হয়েছে তার জন্য বিদেশ থেকে বা কেন্দ্র থেকে আমরা যে ঋণ নিয়েছি তার পরিমাণ কত? আমি মনে করি শুধু কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের ২৫০ কোটি টাকা ঋণ আছে এবং তা বাবদ আমাদের বছর বছর ৯.১০ কোটি টাকার মত শুধু সুদ গুণতে হচ্ছে। এছাড়া যখন আমাদের এই দেনা কিস্তিতে শোধ করার সময় আসবে তখন সেই অর্থ কোথা থেকে আসবে? এই সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনার ভেতর থেকে যদি অর্থ সরকার পান এবং সে অর্থ যদি উন্নয়নমূলক কাজে খরচ করবেন বলেন তাহলে আমি বলব যে এটা অসত্য কথা। কাজেই উন্নয়নমূলক যত কিছু কাজ হোক না কেন তার ফল আমরা ভোগ করতে পারব না, কারণ আমাদের দেনা শোধ করতে হবে এবং সেই দেনার পরিমাণ কয়েক কোটি টাকার। অর্থাৎ লাভের গুড় পিঁপড়ে খেয়ে যাবে। কাজেই বাজেটের মধ্য দিয়ে তাঁরা যতই বলুন না কেন যে তাঁরা দেশের উন্নতি করছেন, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে এই বাজেটের দ্বারা আমাদের দেশ ক্রমশঃ দেউলিয়া হয়ে যাচ্ছে। প্রত্যেকটা বছর আমাদের ঋণ বেড়ে যাচ্ছে। কিন্তু স্টেটের আয় সেইমত বাড়ছে না। নূতন কর ধার্য করা ভিন্ন আমাদের আয় কোন রাস্তা নেই যা থেকে এই স্টেটের আয় বাড়ান যেতে পারে। আমরা মনে করি, যে বাজেট আমাদের সামনে মুখ্যমন্ত্রী মহাশয় এনেছেন সেই বাজেট দেশকে দেউলিয়া করে দিচ্ছে বলে এই বাজেটকে আমরা সমর্থন করতে পারছি না।

Calling Attention to Matter of Urgent Public Importance

Shri Deben Sen : স্যার, আমার calling attention-এর Reply পাওয়া যাবে তো?

Mr. Speaker : The information will be given in time. It is not the Newspaper report. The news must be an authentic one.

General Discussion of the Budget for 1961-62.

Dr. Ranjit Kumar Ghosh Chowdhury :

মাননীয় স্পীকার মহাশয়, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম বর্ষে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে রেখেছেন তা'তে বাস্তবতার ছবি দেখে এবং ফাইনান্স কমিশন ও কেন্দ্রীয় সরকারের কাছে তিনি যে মনোভাব দেখিয়েছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই এবং সঙ্গে সঙ্গে অনুরোধ করছি যে, তিনি যেন তাঁর মত আরও দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করেন। তবে এটা আমি কিছুতেই বুঝতে পারছিনা যে, কেন্দ্রীয় সরকার আমাদের যুক্তি কেন মানবেন না, বরং আমার মনে হয় কেন্দ্রীয় সরকার এবং ফাইনান্স কমিশনের মনে রাখা উচিত যে দেশকে বৃটিশ গভর্ণমেণ্টের শাসনে রাখবার জন্য amputation করেছিল এর স্বাধীনতার বেদীমূলে যাদের decapitation হয়ে গেছে তাঁদের নিশ্চয়ই একটা স্পেশাল কন্‌সিডারেসন হওয়া উচিত। আমরা দেখছি যে, প্রথম বছরে আমাদের ৭ কোটি ধার করেও প্রায় ৯ কোটি টাকা ঘাটতি হয়েছে, কাজেই আমরা যদি আমাদের ন্যায্য পাওনা না পাই তাহলে এই পরিকল্পনা কিছুতেই কার্যকরী করা সম্ভব হবেনা। স্যার, বাজেটের সাধারণ আলোচনায় একটা কথা বারবার মনে পড়ে যে, আমাদের দেশের মত অনুন্নত দেশের বাজেট বরাদ্দের প্রতি নয়া পয়সার সাক্‌সেস্‌ফুল আউটপুট আমরা দেখতে চাই এবং যেখানে আউটপুট স্যাটিস্‌ফ্যাক্টরী হবে না সেখানে অবিলম্বে ইন্‌ভেষ্টিগেসন করে সে সম্পর্কে নেসেসারী অ্যাক্‌সন নেবার ব্যবস্থা করা উচিত। স্যার, আজকে পরিকল্পনার মাধ্যমে যে দেশকে উন্নত করবার চেষ্টা চলছে সেটা অনস্বীকার্য, কিন্তু এর সাথে সাথে যদি জনসাধারণের সঙ্গে সরকারের সুষ্ঠু যোগাযোগ না থাকে তাহলে এই পরিকল্পনা সফল হবে না। অবশ্য একথাও অনস্বীকার্য যে, সরকারী কর্মচারীদের ভুরু তোলা মনোভাব এবং বামপন্থীদের জনসাধারণকে ভুল পথে পরিচালিত করবার অপচেষ্টা প্রভৃতি বহু রকম প্রতিবন্ধকতা আছে যার জন্য জনসাধারণের মধ্যে ঠিকভাবে ইনসেন্‌টিভ গ্রো করতে পারছে না। কাজেই আমার বক্তব্য হলো যে, সরকারী কর্মচারীদের কর্তব্য হবে, যে ইন্‌সেনটিভ গ্রো করছেনা তাকে গ্রো করাতে হবে এবং সঙ্গে সঙ্গে এটা তাঁদের ভুললে চলবে না যে তাঁরা জনসাধারণের সেবক মাত্র এবং সেই হিসাবে দেশ সেবার যে প্রচুর সুযোগ তাঁরা পেয়েছেন তার যদি সদব্যবহার না করেন তাহলে উত্তরপুরুষ তাঁদের ক্ষমা করবেনা। তবে কয়েকটি ক্ষেত্রে অ্যাডমিনিষ্ট্রেসন ষ্ট্রিক্‌ট হওয়া দরকার, যেমন নদীতে একটা চর সৃষ্টি হওয়ার পর সেখানে কো-অপারেটিভ ফার্ম করবার জন্য একটা বডি রেজিষ্টার্ড হলো, কিন্তু পরে দেখা গেল যে জমি পাওয়া গেল তার অর্দ্ধেক জমি তাদের দেওয়া হলো এবং বাকী জমি সম্বন্ধে কোন ডিসিসন না হওয়ার ফলে সেখানে আন্‌অথরাইস্‌ড অকুপেশন চলল এবং শেষ পর্যন্ত ১৪৪ ধারা জারী করে সেখানে চাষ বন্ধ করতে হলো। কাজেই যখন আমরা গ্রো মোর ফুড-এর কথা আজকাল বলি তখন যদি এ্যাডমিনিষ্ট্রেসন ষ্ট্রিক্‌ট না হয় তাহলে এই সব কথা আমরা কার্য্যে পরিণত করতে পারবনা। অবশ্য এক্ষেত্রে একটা কথা বলা বাহুল্য যারা এই আন্‌অথরাইসড্‌ অকুপেশন করেছিল তাঁরা সকলেই বামপন্থী। যাহোক্‌, দুর্নীতির কথা আজকাল প্রায়ই শুনে থাকি এবং কথাটা ঠিকই কিন্তু এটাও আবার দেখছি যে, যখন আমরা শ্রীধারাকে কোণঠাসা করছি তখন ঐ যতীনবাবুর ভাষায় বলতে গেলে বলতে হয় যে, বামপন্থীরা গোপনে গোপনে যাওয়া আসা করে। তারপর আমাদের বামপন্থীরা বলেন যে পুলিশ বাজেটে এত টাকা কেন ধরা হয়েছে? কিন্তু তাঁরা কি বহিঃশত্রুর আক্রমণ এবং চীনের আক্রমণের কথা ভুলে গেলেন? অবশ্য তাঁরা বলেন যে চীন কখনও ভারতবর্ষ আক্রমণ করবে না, কিন্তু আমি তাঁদেরই কথা উল্লেখ করতে চাই—অর্থাৎ মহামান্য ক্রুশ্চেভ বলেছিলেন যে চীনের কমিউনিষ্টরা হচ্ছে ষ্টুপিড। স্যার, আমরা জানি যে, এ ম্যান ইজ নোন্‌ বাই দি কোম্পানী হি কিপস্‌ এবং আজ দেখছি যে বাংলার কমিউনিষ্টদের সঙ্গে চীনের

কমিউনিষ্টদের খুব আঁতাত রয়েছে। সুতরাং এরা কি যুক্তি নিয়ে বুঝে নিয়ে যায়। যা হোক এবারে গ্রামাঞ্চল সম্বন্ধে একটা কথা বলব যে, শিক্ষা, কৃষি এবং কুটিরশিল্পের দিক থেকেও গ্রামে যদিও উন্নতি হয়েছে কিন্তু তার গতি অত্যন্ত মন্থর। আমাদের ধারণা হলো গ্রামাঞ্চলের পথঘাট য হয়েছে তার যদি আরও উন্নতি করতে না পারি এবং সে জায়গা যদি আরও ভালভাবে এষ্টাব্‌লিস্‌ করতে না পারি তাহলে আমরা যতই গ্রেটার ক্যালকাটা স্কীম করি না কেন তাতে ডিসেণ্ট্রালাইজড্‌ হবে না।

[11-10—11-20. a.m.]

এবং যদি ডিসেণ্ট্রালাইজেসান না হয় তাহলে নিশ্চয়ই এ্যাড্‌মিনিষ্ট্রেসানে অসুবিধা থেকে যাবে। সে দিক থেকে বলছি যে যে টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছে সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অল্প। অবশ্য আমি বলব কৃষির খাতে খরচ হয় এবং এ কথা ঠিক যে আমাদের বাজেট আমাদের দেশের মানুষকে কোন্‌ দিকে নিয়ে যাবে সেটা নির্ভর করবে আমরা যত ভালভাবে কৃষির উন্নতি করতে পারব তার উপর। প্রথমেই বলব স্মল ইরিগেশানের কথা। আমরা দেখি এ বছর বাম্‌পার ক্রপ হয়েছে। আমার ধারণা এই even distribution of rainfall যদি না হত তা হলে এই বাম্‌পার ক্রপ হতনা। এ কথা প্রমাণিত হয়েছে নতুন করে স্মল ইরিগেশান না হলে কিছুতেই আমাদের দেশের উন্নতি হবে না। স্মল ইরিগেশানের যে প্রথা আছে তাতে ছোট ছোট খাল কাটতে হলে গভর্ণমেণ্টের দেয় হয় শতকরা ৪৫ ভাগ এবং জনসাধারণের দেয় শতকরা ৫৫ ভাগ। আমি সরকারকে অনুরোধ করব যে তাঁদের দেয় ভাগ যেন শতকরা ৫৫ ভাগ করেন এবং জনসাধারণের দেয় ভাগ হওয়া উচিত শতকরা ৪৫।

তৃতীয় কথা হল সার সম্পর্কে। একথা ঠিক যে প্রয়োজনের তুলনায় সার অত্যন্ত অল্প। দুর্গাপুরে সারের কারখানা হচ্ছে, এখনও কি হবে বুঝতে পারছিনা। কিন্তু একথা আমি বলব গ্রামাঞ্চলে এমন অনেক লোক আছেন যাঁরা লেখাপড়া খুব বেশী না শিখলেও প্র্যাকৃটিক্যাল নলেজের মাধ্যমে তাঁরা সার তৈরি করতে জানেন। গ্রামে কিছু কিছু অংশে পাতার সার দিয়ে সফলকাম হয়েছে—২৪ পরগণার একজন লোক এই ধরণের সার তৈরি করেছে। সেই খবর পেয়ে Development Commissioner investigation করার জন্য গেলেন কিন্তু আজ পর্যন্ত জানতে পারিনি তার কি হ'ল। Local manure resources head-এ কিছু টাকা দেওয়া হয় কিন্তু সেই টাকা কি ভাবে যে খরচ হয় সেটা আমরা বুঝতে পারছিনা। যদি আমরা এগুলি ইউটিলাইজ করি তাহলে আমার মনে হয় সারের যে অভাব আছে তা কিছু মেক আপ করতে পারব। লোন দেওয়া হয় ঠিক কথা—লোন বেশী দেওয়া হচ্ছে কি কম দেওয়া হচ্ছে এটা প্রশ্ন নয়, আমার প্রশ্ন হচ্ছে লোনের টাকা টাইমলি পৌঁছে দেবার ব্যবস্থা করুন। টাইমলি না দেওয়া হলে চাষীরা টাকা পেটে খেয়ে ফেলে, ফলে লোন ইউটিলাইজড্‌ হয়না; তারপর লোন শোধ করবার যখন সময় আসে তখন তারা শোধ করতে সক্ষম হয় না।

তারপর থানা সিড ফার্ম করার সরকারের পরিকল্পনা আছে। প্রতি থানাতে একটা সিড্‌ ফার্ম করা উচিত যাতে ১ নম্বর বীজ চাষীদের কাছে যেতে পারে। চাষীরা যদি ভাল বীজ, ভাল সার পায় এবং proper irrigation and drainage যদি হয় এবং সর্বোপরি টেকৃনিক যদি ঠিক হয় তাহলে নিশ্চয়ই চাষের উন্নতি হবে এবং আমাদের যে বাজেট তা দেশের মানুষকে উন্নতির পথে নিয়ে যাবে।

মাননীয় স্পীকার মহাশয়, বক্তব্য শেষ করবার আগে আমি এই আশা নিয়ে বলছি যে যে সকল ত্রুটি এবং গলদ আছে সেগুলি দূর করতে এই কংগ্রেস সরকারই সক্ষম হবেন এবং কংগ্রেস সরকার ছাড়া আর কোন সরকারের ক্ষমতা নেই দেশের অর্থনীতিকে উন্নতির পথে নিয়ে যায়।

Calling attention to matter of urgent public importance

The Hon'ble Kalipada Mookerjee: I would like to make a brief statement in connection with the calling attention notice given by my friend Shri Deben Sen regarding an accident that took place yesterday evening. The facts of the case are as follows :

At about 5-45 p. m. on 24. 2. 61. a State Bus No. WBS 1262 left Talla Stand for Dum Dum via Raja Monindra Road and B. T. Road. A young child attempted to cross the road and thus came on the way of the bus and was on the point of being run over. At this stage a young man named Rabindra Nath Das pulled away the child. The child was saved but the young man was run over by the bus which landed on to a nearby drain on the southern side. The identity of the young child is not yet known but he is reported to have run away to a nearby bustee. The young man died as a result of the accident. Two other persons, namely, Pratima Mandal and Sudhir Roy were also injured. They were attended to in hospital and discharged. Police have taken up the investigation.

Shri Deben Sen: There is a report that the child is missing as a result of the accident. What about the missing child ?

The Hon'ble Kalipada Mookerjee: No child is reported missing. Nobody lodged any complaint and no child is reported missing.

General Discussion on the Budget

Shri Benoy Krishna Chowdhury :

মাননীয় স্পীকার মহাশয়, আমি বাজেটের সাধারণ আলোচনায় গ্রামাঞ্চলে সামগ্রিক উন্নয়ন সম্পর্কে যে তিনটে সংস্থা আছে সেটা সরকারপক্ষ থেকে অত্যন্ত গুরুত্ব দিয়ে প্রচার করা হয় যথা, কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রোজেক্ট বা সমষ্টি উন্নয়ন সংস্থা, পঞ্চায়েৎ এবং কোঅপারেটীভ। এর ভেতর আমার বক্তব্য সীমাবদ্ধ রাখবো। কমিউনিটি প্রোজেক্ট সম্বন্ধে স্বয়ং শ্রীজওহরলাল নেহেরু বলেছিলেন—"I think nothing has happened in any country in the world during the last few years so big in content and so revolutionary in design as the Community Project in India. They are changing the face of rural India". তিনি আরো অনেক কিছু বলেছেন, তার কথা বাদ দিন। সরকারীপক্ষ বা বে-সরকারীপক্ষ থেকে গত কয়েক বছর যাবৎ দুটো পরিকল্পনার পটভূমিকায় দেশের গ্রামীন জীবনে কি পরিবর্তন হল এ সম্পর্কে যে সমস্ত বিশেষজ্ঞ কমিটি অনুসন্ধান করেছেন তাঁরা আজকে এ কথা স্বীকার করতে বাধ্য করেছেন যে এর দ্বারা শতকরা ৯৫ থেকে ৯৯ পার্সেণ্ট লোকের জীবনে উন্নতি হওয়া দূরের কথা, বরং নানাদিক থেকে তাদের জীবন আরো বেশী বিড়ম্বিত হয়েছে। এগ্রিকালচারাল ওয়ারকারদের অবস্থা সম্পর্কে যে রিপোর্ট প্রকাশিত হয়েছে কিছুকাল আগে তাতে অনেকেই লক্ষ্য করেছেন যে একথা বলা হয়েছে যে আনএম্প্লয়মেণ্ট আরো বেড়েছে, তাদের ঋণভার আরো বেড়েছে এই হচ্ছে নির্মম বাস্তব সত্য। যাঁরা ভূমিহীন এরা যাঁরা প্রধানতঃ বর্গাদারী করে খান তাঁদের জমি পাওয়া তো দূরের কথা এই ১০ বৎসরের নির্মম ঘটনা হচ্ছে তাঁরা আরো ব্যাপক সংখ্যায় উচ্ছেদ হয়েছেন। যাঁরা উচ্ছেদ হননি আইনের ৪৭ ধারায় যাই থাকে, অতীতের যে শতকরা ৫০ ভাগ তাও অধিকাংশ লোকে তাঁরা পায় না। আজ এটা সত্য যে জমি পাওয়ার গরীবের সুযোগ নিয়ে অনেক ক্ষেত্রে ৫।৬।৭ মণ এমন কি এমন সমস্ত এলাকা আছে যেখানে ৯ মণ ঠিকা ভাগে জমি দিতে কৃষকদের বাধ্য করা হচ্ছে। সাধারণ কৃষক, জমির মালিক যে কৃষক তাদের মোট বা খাজনা তা কমেনি। এখনও পর্য্যন্ত খাজনা সংক্রান্ত নূতন আইন চালু না হওয়ায় বর্তমানে সত্য ঘটনা হচ্ছে যে একজন কৃষক যে আগে যে পরিমাণ মোট খাজনা দিত

জমিদারী য়্যাবলিসনের পর তাকে মোট খাজনা পরিমিতভাবে আরো বেশী দিতে হয়। তার কারণ হচ্ছে অতীতে পুকুর ডাঙ্গা প্রভৃতি জায়গায় যে হারে খাজনা ছিল যেখানে লাখরাজের যে ছাড় ছিল তা এখন নেই, অথচ নূতন খাজনায় যে লাঘবের ব্যবস্থা ছিল তা এখনও পর্য্যন্ত চালু করা হয়নি এই হচ্ছে অবস্থা।

[11-20—11-30 a. m.]

এই হচ্ছে অবস্থা প্রত্যক্ষ ও পরোক্ষ করভার বাড়ছে; জিনিসপত্রের যা দর, তাও দিনের পর দিন বাড়ছে। এই সমস্ত দিক থেকে অধিকাংশ লোকের জীবন আজ দুর্বিসহ। এটা যাঁরা সরকারে আছেন এবং পরিকল্পনা যাঁরা উর্দ্ধে বসে করছেন, তাঁরও এটা অনুভব করছেন যে জনসাধারণের কাছ থেকে যে পরিমাণ উৎসাহ ও যে পরিমাণ সহযোগিতা পেলে এই পরিকল্পনাকে নিয়ে তাঁরা এগোতে পারেন, তা তাঁরা পাচ্ছেন না।

কিছুদিন আগে দীঘাতে সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী এসেছিলেন—সেখানে যে সেমিনার হয়, তার মূল আলোচ্য বিষয় ছিল এই দীর্ঘ পরিকল্পনা করা সত্ত্বেও এখনো পর্য্যন্ত জনসাধারণের কাছ থেকে যে উদ্দীপনা ও সহযোগিতা পাওয়া দরকার, তা পাওয়া যাচ্ছে না, সেই উদ্দীপনা ও সহযোগিতা কেমন করে পাওয়া যায়—এটাই ছিল প্রধান আলোচ্য বিষয়। এতেই প্রমাণিত হয় তাঁরা নিজেরাও অনুভব করছেন। এখানেই সবচেয়ে বেশী বাধা। কারণ পরিকল্পনার লক্ষ্য হচ্ছে মানুষ এবং কোন পরিকল্পনাকে কার্য্যকরী করতে হলে, তার প্রধান ভিত্তি যে মানুষ, সেই মানুষের সুখসমৃদ্ধির জন্যই পরিকল্পনা, মানুষই সেই পরিকল্পনাকে রূপায়িত করবে। সেই মানুষের সেখানে যদি তাদের উৎসাহ ও প্রেরণা আনতে হয়, তাহলে সেখানে প্রধান কথা সেই মানুষকে বিশ্বাস করে তাদেরই হাতে ছেড়ে দিতে হবে। এখানে আজ বিশেষ করে পঞ্চায়েৎ রাজ সম্পর্কে একটা জোর দেওয়া হচ্ছে। আগামী নির্বাচনকে লক্ষ্য করে নূতন ধরণের একটা stunt দেওয়ার চেষ্টা করা হচ্ছে এবং তার সঙ্গে গুরুত্ব দেওয়া হয়েছে সেটা ভবনগরে প্রস্তাব আকারে নিয়ে আসা হয়েছে। কার্য্যত কি হচ্ছে? Seminar-এ অনেক কথা হল, রাজস্থানের কথা, রাজস্থানে ও অন্ধ্রে পঞ্চায়েৎ রাজের যে নূতন প্রচার ও প্রতিযোগিতা চলেছে, সেখানে নাকি জনগণের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। জেলাস্তর পর্য্যন্ত তাদের হাতে ক্ষমতা ছেড়ে দেওয়া হয়েছে। কার্য্যতঃ অনুসন্ধান করে দেখলাম—পঞ্চায়েতের ভেতর দিয়ে সেখানকার জায়গীরদারদের রক্ষা, তাদের ক্ষমতা এখন পর্য্যন্ত অটুট্ রাখছেন। সেই আলোচনায় আমি এই কথা বলেছিলাম যে আপনার এই সমস্ত কথা শুনে মনে পড়ছে আলমগীর নাটকে আছে—যেখানে অনেক ধাক্কা খেয়ে আওরঙ্গজেব বলছেন "এসো উদিপুরী" তোমার কাছে দুটি মনের কথা বলি। আর তার উত্তরে উদিপুরী বলছেন—"জাহাপনা, আপনার এত দিনের অভ্যাস কি ত্যাগ করতে পারবেন?" এখানেও দেখছি যদি কোন কিছু বাধ্য হয়ে দিতে হয়, তাও নানারকম রক্ষা কবচের অজুহাতের যে প্রচেষ্টা ইংরেজ আমল থেকে চলে আসছে, সেই অজুহাতেই তা আবার নিজেদের হাতে আটকে রাখা হচ্ছে। Government of India Act 1935-এর আলোচনার সময় আমরা দেখেছি এই রক্ষা কবচের কথা। পশ্চিমবঙ্গে যে পঞ্চায়েৎ আইন করা হয়েছে, তা একটু ভাল করে পড়ে দেখুন। সেখানেও সেই জিনিস রয়েছে, সেই জনসাধারণের প্রতি অবিশ্বাস; সেই ক্ষমতা চলে যাবে এই ভয়ে কেমন করে সেটা নানাভাবে আটকে রাখতে হবে, তারই প্রয়াস আমরা তাতে দেখতে পাচ্ছি। Indirect election সেখানে আনতে হচ্ছে। কয়েক দিন আগে কয়মচা-নেহেরুর সঙ্গে ইণ্টারভিউ নিয়ে সেখানে কথা উঠেছে—গ্রামসভা ও লোকসভা। এটা মারাত্মক জিনিস। তবে জানা দরকার বহুদিন থেকে প্রচার হচ্ছে এই ধরণের গণতন্ত্র চলবে না। যেখানে নানারকম কৌশল অবলম্বন করা হচ্ছে, গণতন্ত্র বাইরে

দেখায়, কার্য্যতঃ তাঁরা নিজের হাতে ক্ষমতা রাখবেন। নানারকম কৌশল করে যাতে সেটা না কার্য্যকরী হতে পারে তার ব্যবস্থা করছেন। আমরা Indirect election-এর ব্যবস্থা রাখা বাস্তব অভিজ্ঞতায় দেখেছি, যেখানে প্রধান উদ্দেশ্য—যেহেতু বর্ত্তমান অবস্থায় অন্যান্য যে সমস্ত রাজনৈতিক দল যাদের সারা ভারতের সর্বত্র, সমস্ত জায়গায় সংগঠন নাই, তার সুযোগ নিয়ে এঁরা সরকার পক্ষে আছেন, ক্ষমতায় আসীন আছেন। তাঁরা ক্ষমতায় থাকার দরুন এবং সেখানে অন্যান্যের কোন organisation না থাকার সুযোগ নিয়ে, তাঁরা ক্ষমতায় যেতে পারেন। তার ফলে দেখছি গ্রাম সভার নির্বাচনের ক্ষেত্রে, কোন রকম রাজনীতির ক্ষেত্রে না গিয়ে, তাঁরা নানারকম appeal করেন, সেখানে কোনরকম রাজনীতি আনা হবে না। আরো বিভিন্ন ভাবে গ্রাম পঞ্চায়েতের নির্বাচন হয়। সেখানে যদি কোনরকমে অর্দ্ধেকের কিছু বেশী লোক হাত করতে পারেন নগদ টাকা দিয়ে ও অন্যান্য কৌশল অবলম্বন করে, তাহলে তার মাধ্যমে ক্ষমতা হাতে রাখবার চেষ্টা করেন। কেউ কেউ লোকসভায় সাচ্চা নির্বাচন দূর করে পরোক্ষে নির্বাচিত হয়। তাহলে আজ ১৯৬১ সালে দাঁড়িয়ে একথা স্বীকার করতে হবে যে পরোক্ষ নির্বাচন হচ্ছে আরো বেশী গণতান্ত্রিক। এই পরোক্ষ নির্বাচনের দ্বারা গণতন্ত্রকে নষ্ট করা, ধ্বংস করার এই যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টা চলেছে। শুধু তাই নয় সঙ্গে সঙ্গে প্রতিটা স্তরে ব্যুরোক্রেসীর এই ধারা —একটা নির্দিষ্ট লক্ষ্যে পরিচালিত করবার চেষ্টা চলেছে। এঁরা সেকথা জানেন। আন্তর্জাতিক ক্ষেত্রে guided ডেমোক্রেসীর কথা চলেছে। সেখানে কথা হচ্ছে সেখান গণতন্ত্র বলতে হবে? সেই গণতন্ত্রকে একেবারে নিজেরা নানা দিক থেকে আষ্টেপৃষ্ঠে বেঁধে নির্দিষ্ট দিকে নিয়ে যাবার জন্য তারা চেষ্টা করছেন প্রতিটা স্তরে এই ব্যুরোক্রেসী যন্ত্রের দ্বারা। সেখানে গ্রাম-সেবক থেকে আরম্ভ করে Block Development officer থেকে আরম্ভ করে উর্দ্ধতন অফিসার পর্য্যন্ত সব জায়গায় ব্যুরোক্রেসীর নীতি অনুসরণ করা হচ্ছে। এই সমস্ত অফিসাররা elected হবেন না। যখন ব্যুরোক্রেসী হয় লুই XIV-এর আমলে ফ্রান্সে, তখন উদ্দেশ্য ছিল কেন্দ্রীয় সরকারকে একটি নির্দিষ্ট নীতিতে পরিচালনা করবার জন্য। তাঁর আমলে নিশ্চয়ই গণতন্ত্রের মূল কথা ছিল জনসাধারণ তাদের নিজেদের দ্বারা সেখানে চলবে। তাহলে তাদের হাতে সম্পূর্ণভাবে ক্ষমতা ছেড়ে দিতে কোথায় বাধা আছে? এখানে প্রশ্ন হচ্ছে আজ সত্যি একটা ধারণা রয়েছে যাঁরা দিল্লীতে রয়েছেন, যাঁরা কলকাতায় বসে শাসন চালাচ্ছেন, তাঁরা মনে করেন দয়া করে জনসাধারণের হাতে কতটুকু ক্ষমতা তুলে দেবেন—তার বিচার করবেন। তারা ভুলে যান দিল্লী ও কলকাতায় যাঁরা বসে আছেন, তাঁরা জনসাধারণের হাতে ক্ষমতা তুলে দেবার মালিক নন, জনসাধারণই তাঁদের হাতে ক্ষমতা দিয়েছেন বলেই ওখানে তাঁরা বসে আছেন। সুতরাং অকুণ্ঠ ক্ষমতা তাদের হাতে ছেড়ে দিয়ে তাদের জীবনে পূর্ণ সুযোগ দেওয়ার কথা সেটা দেখাই হচ্ছে ডেমোক্রেসী। আপনারা গান্ধীজীর কটো আজকে সব জায়গায় টাঙ্গিয়ে রেখে লোকসভায়ই বলুন, গ্রামীন সভায়ই বলুন ascending order. গান্ধীজীর গণতন্ত্রের কথা নয়—Never ascending, but always winding adult franchise—এখানে বলা হচ্ছে। এখানে তার সম্পূর্ণ উল্টো পথ নিচ্ছেন। প্রশ্ন হচ্ছে—নিজেদের মনকে কোন রকম আত্মপ্রবঞ্চনা না করে আমাদের জানাতে হবে—আপনাদের মনে কি আছে। সেটা হচ্ছে ইংরেজ যেমন মনে করতো গ্রামাঞ্চলে জমিদারদের মারফৎ তাদের ক্ষমতা প্রতিষ্ঠিত রাখবে এবং সেইভাবে চলবে। তেমনি আপনারাও যদি মনে করে থাকেন তাদের বংশের কিছু জমিদার, এখন যারা খানিকটা অন্যরূপে রয়েছে, তার সঙ্গে কিছু ধনীর কৃষকদের হাতে রেখে তাদের মারফৎ দেশের অন্য লোককে হাতে রাখতে চান এবং তাদের দ্বারা গ্রাম শাসনের অক্টোপাসকে চালিয়ে দিতে চান। তার একটা পদ্ধতি, আর আপনারা যে পদ্ধতিতে করতে চান এই দুটোর মধ্যে পার্থক্য আছে। কেন না আজ গ্রামাঞ্চলে যে রাজনৈতিক ক্ষমতা—গ্রামে আজ adult franchise-এর ভিত্তিতে পঞ্চায়েৎ হচ্ছে বলে বড় বড় কথা বললেই হবে না। আমরা জানি যাঁরা পঞ্চায়েতে ভোট দেন, অ্যাসেম্বলীতে ভোট দেন, যাদের বিরুদ্ধে তাদের বাড়ীতেই শ্রাবণ মাসে আবার ঋণের জন্য যেতে

হয়, রুজি রোজগারের জন্য তাদের দ্বারস্থ হতে হবে। সে তখন বলবে যেহেতু তুমি অমুককে ভোট দিয়েছ, তুমি কিছুই পাবে না। সেখানে তাদের দরজা বন্ধ। সেইজন্য তাদের কোনরকম রাজনৈতিক স্বাধীনতা থাকবে না, তাদের স্বার্থ রক্ষা করবার জন্য নিজেদের জ্ঞান-বিবেক অনুযায়ী তাদের ভোট প্রয়োগ করবারও অধিকার থাকবে না—যতক্ষণ পর্য্যন্ত না তারা নিজেরা অর্থনৈতিক দিক দিয়ে স্বাধীন হতে পারবে।

[11-30—11-40 a. m.]

অন্ততঃ পক্ষে তাদের পদে পদে নিজেদের রুজিরোজগার করতে নিজেদের বাঁচার প্রয়োজনে যাতে অন্যের দ্বারস্থ না হতে হয় এর জন্য কোন ব্যবস্থা নাই। বরং বলা হয়েছে নানা ভাবে প্রচারিত হয়েছে three Basic Institutions হচ্ছে। পঞ্চায়েৎ যেমন Basic Political Institution হয়েছে ঠিক তেমনি Co-operative-কে দেখা যায় the Basic Economic Institution হিসাবে, এর প্রধান লক্ষ্য হওয়া উচিত যারা গ্রামাঞ্চলে অর্থে এবং প্রতিপত্তিতে বড়, যারা শোষক সম্প্রদায় তাদের হাত থেকে কি করে অগণিত ছোট ছোট পণ্য উৎপাদনকারী এবং মাঝারী উৎপাদনকারীর স্বার্থ রক্ষা করা যায়। পুঁজিপতি শোষকশ্রেণীর হাত থেকে বাঁচবার জন্য পরিকল্পনা নিয়ে যদি co-operative হয় তাহলেই সেটা co-operative হবে, উদ্দেশ্য সাধিত হবে। আজকে একথা লুকান নাই যে নাগপুরের প্রস্তাবের উপর নিজেরা বেরিয়ে এসে স্বতন্ত্রপার্টি তৈরী করেছে এবং ময়দানে নেমেছে এবং প্রচার চালিয়ে যাচ্ছে। কাজেই আজকে স্পষ্ট মন ঠিক করতে হবে কোন রকমে মনকে ঠাওড়ানোর কোন অবকাশ নাই। Co-operative যদি চালাতে হয় তাহলে একচেটিয়া পুঁজিপতিদের সমস্ত বাধা অতিক্রম করে সরকারকে এগিয়ে আসতে হবে, অসংখ্য ছোট মাঝারী উৎপাদক এবং এই সমস্ত জিনিসের Consumer-দের সংরক্ষণের জন্য প্রচুর অর্থ সাহায্য দিতে হবে, নইলে কিছুতেই কিছু হবে না। এখন আমি তথ্যের কথা বলি। আমরা দেখছি—co-operative সম্বন্ধে ২।৩ বছর পর পর Reserve Bank-এর Report বেরোয়। সম্প্রতি একটা Report বেরিয়েছে যেখানে দেখা যাবে Rural Credit Survey গড়ে উঠেছিল সেখানে কম করে সর্বভারতীয় ক্ষেত্রে ৯৫০ কোটি টাকার প্রয়োজন—এত বেশী টাকার প্রয়োজন, শেষ পর্যন্ত একটা—Target নিয়েছিলেন short term হিসাবে ১৫০ কোটি এবং medium term-এ ৫০ কোটি টাকা অথচ আজ সেটা ৯৬ কোটির জায়গায়ও পৌঁছায়নি—এই হচ্ছে অবস্থা। এবং পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেখানে target ছিল ৬ কোটি টাকা, দ্বিতীয় পঞ্চবার্ষিকীতে হবে short term loan ২ কোটি আর এক কোটি ২২০ long term হবে—সব মিলিয়ে ৯ কোটি টাকা—সেখানে মাঘমাসে মুখ্যমন্ত্রী মহাশয় এখানে দাঁড়িয়ে বললেন co-operative-এর বিতর্ককালে যে তিনি গতবার ২ কোটি ২৭ লক্ষ টাকা সর্ব্বসাকুল্যে ঋণ দিয়েছেন। এবং এটা কি? আমাদের পশ্চিম বাংলায় গ্রামাঞ্চলের লোক সংখ্যা দেখলে দেখা যাবে যে ১ কোটি ৮০ লক্ষ লোক তাতে ১৷৷০ টাকাও মাথাপিছু পড়ে না—এতেই যদি মনে করে থাকেন co-operative-এর বিশেষ কিছু উন্নতি হবে তাহলে আমি বলবো তিনি ভুল করছেন। শুধু তাই নয়, আর একটা দিক থেকে ভাবা দরকার যেখানে সবচেয়ে বেশী পুঁজিপতিদের প্রবল প্রভাব আছে শুধু বেশী নয় বিদেশী পুঁজিপতিদেরও প্রভাব আছে। ১৬ই ফেব্রুয়ারীর বৃটিশ পুঁজিপতিদের Capital পত্রিকা পড়ে তারা খুব খুশী হয়েছে কেননা Queen Elizabeth-কে অবলম্বন করে যা ঘটেছে কলকাতায় তাতে তারা এতো খুশী হয়েছে যে তারা ভাবছে কলকাতাকে তো আমরাই গড়ে তুলবো কেন এম্মেরিকার World Bank-এর টাকায় তারা গড়ে তুলবে? তার উপর তারা মারাত্মক পরিকল্পনা করছে, Model University গড়ে তোলা হবে এবং তাতে যারা পড়বে তারাই হবে Administrator এ রকম পরিকল্পনা করায় তারা স্পর্ধা রাখে। অথচ সেখানে বাংলা অবাক হয়ে যাবে, বোম্বেতে আছে, মহীশূরে আছে, মধ্যপ্রদেশ এবং মাদ্রাজে আছে এমন কি পাঞ্জাবে

আমরা সবাই দেখছি নূতন follow up Survey হয়েছে, report পড়ে অবাক হয়ে গেলাম, সেখানে দেখছি কতকগুলি তথ্য রয়েছে।

যেমন কতকগুলি তথ্য রয়েছে সেখানে মাথাপিছু এবং society পিছু working capital, বম্বেতে সেখানে society পিছু ২০৪৭৩, আর মাথাপিছু ২৫৪; মহীশূরে society পিছু ১৬০৮১ আর মাথাপিছু ২২৪; অন্ধ্রে society পিছু ১৫০৩৯ এবং মাথা পিছু ৪৪৫; মধ্য প্রদেশে society পিছু ৯৭১০, আর মাথাপিছু ১৯১; সেখানে বাংলায় হচ্ছে society পিছু ২২৮০ এবং মাথাপিছু ৬২। তারা নিজেরাই বলেছেন যে বোম্বেতে সবচেয়ে বেশী, highest এবং বাংলাতে যে কয়েকটি follow up survey করেছেন তাদের এই অবস্থা। নদীয়াতে দেখুন যে, co-operative আছে সেখানে শতকরা ৮১টি moribund। অন্য দিকে যদি দেখেন তাহলে দেখবেন Government contribution towards the share capital of the co-operative society, বম্বেতে ৪ কোটি ৮৯ লক্ষ ২৭ হাজার; পাঞ্জাবে ১ কোটি ৯৫ লক্ষ ৫ হাজার; মধ্যপ্রদেশে ১ কোটি ৪৮ লক্ষ ৩০ হাজার; অন্ধ্রে ১ কোটি ৪৮ লক্ষ ৮৪ হাজার; মহীশূরে ১ কোটি ৩ লক্ষ ৪৪ হাজার; আর West Bengal-এ মাত্র ১৯ লক্ষ ৬০ হাজার। সর্বভারতীয় ক্ষেত্রে co-operative-র এই অবস্থা। এবং সেখানে সর্বভারতীয় দিক দিয়ে অন্যান্য প্রদেশের সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে বম্বে, মহীশূর, মধ্যপ্রদেশ, মাদ্রাজ এবং পূর্ব্ব পাঞ্জাবের তুলনায় আমাদের co-operative-র অবস্থা আরো অনেক খারাপ। শুধু তাই নয়, এতে যে সব জিনিস নেওয়া হয় তা যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে এর ভিতর সেই সব জিনিস নেওয়া হয় যাতে পুঁজিপতিদের কোন রকম স্বার্থে আঘাত না পড়ে। Society করতে হলে বড় বড় পুঁজিপতিদের সঙ্গে competition হবে না, বড় বড় monopoly capitalist যেগুলি tolerate করতে পারে এই রকম দেখে শুনে কতকগুলি জিনিস করা হয়। সেইজন্য দেখতে পাচ্ছি খেজুরের গুড়, ঝাটা ইত্যাদি যত সব অসম্ভব পরিকল্পনা তাই করা হচ্ছে। এই হচ্ছে co-operative producer-র দিক থেকে। আর consumers-র দিক থেকে তারা আদৌ কোন জোর দেন না। সমস্ত report-এ দেখতে পাচ্ছি যে marketing-র উপর জোর দেওয়া হয়নি। সরকার যদি চাইতেন তাহলে নিশ্চয়ই এ জিনিস করতে পারতেন। এবং আরো কতকগুলি জিনিস co-operative-র মাধ্যমে করা যায় যার চেষ্টা এরা করেন না। যেমন কৃষি উৎপাদনের জন্য অত্যন্ত প্রয়োজনীয় যে সার সেই fertilizer কেন Shaw Wallace Company, যারা ১৯৪৩ সালে বাংলার মৃত্যুর জন্য দায়ী, জেনে শুনে কেন তাদের মারফৎ এই সার বিলি করা হচ্ছে। কেন অন্ততঃপক্ষে কৃষি উৎপাদনের একান্ত যা প্রয়োজনীয় fertilizer এবং agricultural implement, সেগুলি co-operative-র মাধ্যমে দেওয়া হবে না কেন। এই নিয়ে বহুবার কথা বলবার চেষ্টা করছি। এমন কি দীঘাতে সেবার পাঞ্জাবের প্রতিনিধিরা স্বীকার করে গিয়েছিল যে এই ভার co-operative-র হাতে ছেড়ে দেওয়া উচিত। এবং সেখানেও এই যুক্তি তুলবার চেষ্টা হয়েছিল যে, যেখানে এত co-operative নেই সেখানে এইগুলি distributed হবে না কিন্তু দেখা গেল যে জেলায় জেলায় পাঞ্জাবে দ্রুত co-operative গড়ে উঠলো। কিন্তু সরকার তা এখানে করছেন না। Producer society-র সবচেয়ে বড় যে সমস্যা marketing সেখানে অন্ততঃ পক্ষে সরকার কেন এই জিনিষ তাদের হাতে দেবেন না। তার কারণ হচ্ছে যে Government Dept. purchase যা হয় এবং যারা তা sanction করে তাদের সঙ্গে এদের একটা percentage-র ব্যবস্থা আছে। তাই co-operative হলে সেদিক দিয়ে তাদের অসুবিধা হবে। এবং বড় বড় পুঁজিপতি তারাও এটা পছন্দ করে না। এর জন্যই মেননের বিরুদ্ধে তারা যায় কারণ তিনি ভারত গভর্ণমেণ্টের Ordnance Factory-তে tractor তৈরী করছিলেন। তাদের idle time utilise করবার জন্য tractor তৈরী করছিল, তাতে তারা আপত্তি করেছিল। এবং সেই জন্য দেখতে পাই তাদের সেই একই নীতি এখন

অনেকদূর পর্য্যন্ত এগিয়েছে। যেমন দেখছি চিত্তরঞ্জন কারখানায় diesel oil engine এবং electric engine তৈরী হবার কথা ছিল কিন্তু শেষ পর্য্যন্ত দেখা গেল যে তা private company-কে দেবার ব্যবস্থা হচ্ছে। সেই একই নীতি সর্ব্বক্ষেত্রে চলছে।

[11-40—11-50 a.m.]

ঠিক এই ধরণের জিনিসই এখানে চলছে। তাই আজকে প্রশ্ন, ছোট ছোট জিনিসে পর্য্যন্ত যেখানে producer's co-operative আছে আমরা সেখানে দুটো জিনিস লক্ষ্য করে দেখলাম—সেখানে weaver's co-operative এটাই হচ্ছে প্রধান। আজকেও মাদ্রাসের দিকে yarn-এর জন্য তাকিয়ে থাকতে হয়। এখন পর্য্যন্ত এই ব্যবস্থা বাংলার জন্য কেন হবেনা। বাংলার weaver's co-operative প্রয়োজনীয় yarn কেন এখান থেকে তুলবেন না। এখানে Spinning Mill হলে কিছু বেকারের কর্মসংস্থান হয় এবং এর ভিতর দিয়ে co-operative তাদের জিনিস পায় এবং essential তাদের যে সমস্ত raw material দরকার হয় তা তাদের supply-এর ব্যবস্থা করতে পারেন। তাদের produce article বিক্রির ব্যবস্থা সরকার থেকে নিতে হবে। এবং তাদের সুযোগ সুবিধা করার দিক থেকে সম্পূর্ণ ব্যবস্থা করতে হবে। এখন পর্য্যন্ত যে সমস্ত Banking law and regulation রয়েছে সেগুলি অত্যন্ত পরিপন্থী। কেন তাদের বেশীর ভাগই long tern loan দেওয়া হবে? আমি জিজ্ঞাসা করতে চাই কেন তাদের medium term loan দেওয়া হবে না। তাদের turn over যাতে অল্প সময়ের মধ্যে হতে পারে তার উপর ভিত্তি করে কোন চেষ্টা করা হয়নি। এবং যার ফলে তাদের পক্ষে দাঁড়িয়ে থাকা সম্ভব নয়। এর জন্য অনেক ভাল ভাল co-operative শেষ পর্য্যন্ত নষ্ট হয়ে যাচ্ছে। এমন কি সরকারের দেয় rebate-এর টাকা সময় মত না পাবার জন্য অনেক co-operative নষ্ট হয়ে গেছে। আমি নিজে সোনামুখী প্রভৃতি জায়গায় গিয়ে এই জিনিস লক্ষ্য করেছি। অথচ সরকারের এই দিকে কোন নজর নেই। কিছুদিন আগে জাপান সম্বন্ধে একটা বই পড়েছিলাম সেই রকম আমাদের দেশে employment potentialities থাকার জন্য ছোট ছোট Industries সঙ্গে বড় বড় Industries integrate করে ব্যবস্থা করা যেতে পারে। আমাদের দেশকে নিজের পায়ে দাঁড় করাবার জন্য heavy industry গড়ে তোলার সাথে সাথে আমাদের বর্তমান অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে Producer goods এবং Consumer goods-এর components যা ব্যাপক ভাবে আছে আমরা সেগুলিকে ছড়িয়ে দিতে পারি। এই সমস্ত sector-এ এগুলি উৎপাদন হতে পারে। যদি এগুলি integrate করা যায় তাহলেই হতে পারে। কিন্তু সরকারের সে পলিসি কোথায়? সে মনোভাব কোথায়? একটা প্রশ্ন হল এখানে না জেনে mixed economy-র কথা বলা হচ্ছে। Mixed economy সম্বন্ধে একটা ভুল ধারণা আছে। Mixed economy-র দুটো দিক একটা হচ্ছে economy counterpart আরেকটা হচ্ছে political counterpart। এবং Kynes-এর Mixed economy theory জনসাধারণের মঙ্গলে জন্য নয়। যেমন ধনতন্ত্রের উদ্ভবের যুগে Germany প্রভৃতি দেশ ইংলণ্ডের সঙ্গে প্রতিযোগীতা করতে পারেনি। তাদের যেমন প্রথম অবস্থায় সরকারী সহায়তার দরকার ছিল, সরকারী সাহায্য নিয়ে তার দাঁড়ান দরকার ছিল তেমনি তার অন্তিম অবস্থায় জোরে potentiality-র ভিত্তিতে সে চলতে পাচ্ছে না। সেখানে মানুষের Purchasing Power এর ভিত্তিতে সে চলতে পাচ্ছে না। সেখানে আজকে এই capitalists, profit রক্ষা করবার জন্য সরকার প্রত্যক্ষভাবে এগিয়ে এসে তাকে public expenditure করে এবং এদের জন্য Market ঠিক রাখতে হবে এবং profit ঠিক রাখতে হবে। সেই উদ্দেশেই চলেছে। এটা welfare state নয়। এখানে পরিকল্পনার লক্ষ্য এ নয় যে সমগ্র মানুষের কল্যাণকে লক্ষ্য করে চলেছে। এবং পরিকল্পিতভাবে tight corner পড়ে এবংচেটিয়া পুঁজিপতিরা gradual climination

দিকে যাচ্ছে তা মোটেই নয় বরং সম্পূর্ণ অন্য রকম। আজকে এখানে এমন একটা অবস্থায় এসেছে যে একচেটিয়া পুঁজিপতিরা সরকারকে নিজেদের হাতে নিয়ে তারা প্রত্যেকটা পরিকল্পনাকে নিজেদের মুনাফা বাড়াবার কলে পরিণত করেছে। যার ফলে আজ পরিকল্পনা ব্যর্থ হচ্ছে। সেজন্য আজ আমাদের কোন রকম আত্মসন্তুষ্টির ব্যবস্থা নাই। আগামী 31st March দুটো পরিকল্পনা শেষ হয়ে যাবে এবং আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছি এই অবস্থায় আমাদের বাস্তব নির্মম সত্যকে চেপে দিয়ে আমাদের কোন রকম ফল ভাল হবে না। আমাদের এখানে নানারকম প্রচারযন্ত্র মারফত সাধারণ মানুষের tax-এর চাপের যে আর্তনাদ তাকে ঢেকে রাখা যাবে না। আপনারা যতই হাল্লা করুন গরীব মানুষের এই যে আর্তনাদ তাকে কোনদিনই চেপে রাখতে পারবেন না এবং দাবি প্রতিষ্ঠিত হবেই।

Shri Nepal Ray :

মাননীয় স্পীকার মহাশয়, আমি ডাঃ রায়ের এই বাজেট সমর্থন করে দুই একটি কথা বলতে চাই। আমি প্রথমে বলতে চাই যে আমরা যারা Trade Union করি সারা ভারতবর্ষে—এখানে আমি ভারতবর্ষের কথা না বলে বাংলাদেশের কথাই বিশেষ করে বলব যদিও বেকার সমস্যা সারা ভারতবর্ষে হয়েছে কিন্তু তার মধ্যে বাংলাদেশে সব চেয়ে তীব্র আকার ধারণ করেছে। বাংলাদেশের মানুষ যদি চাকরী না পায় তাহলে তারা যদি প্রসেসান করে, Assembly ঘেরাও করে, Writers' Building ঘেরাও করে তাহলে তাদের দোষ দেওয়া যায় না। আমি স্যার বিশেষ করে সাত্তার সাহেবের, Labour Minister-এর উদ্দেশ্যেই বলছি শুধু Labour Minister নয় আমার কথাগুলি যদি implementation করতে হয় তাহলে Dr. Roy-এর বলিষ্ঠ হস্তের প্রয়োজন হবে, শুধু একলা Labour Minister-এর দ্বারা সম্ভব হবে না। স্যার আপনি জানেন যে কিছু কাল আগে আমাদের শ্রদ্ধেয় মৈত্রীয় বসু মহাশয়ও তাঁর বক্তৃতায় বলেছিলেন যে বাংলাদেশে যারা বড় বড় capitalist তারা বাংলা সরকারকে তোয়াক্কা করে না এমন কি ভারত সরকারকেও খুব বেশী তোয়াক্কা করে না। তাদের যখন লোকের দরকার হয় তারা বাংলাদেশের লোককে নেয় না তারা ভারতের বাহিরে থেকে লোক নিয়ে আসে। সেটা স্যার প্রথমেই বন্ধ করতে হবে। এখানে আপনার সামনে দুই একটা উদাহরণ আমি রাখতে চাই। যে সমস্ত বিদেশী জাহাজী company আমাদের দেশে আছে তারা বেশীর ভাগ কলকাতা এবং বোম্বে Port দিয়ে আমাদের দেশে মাল নিয়ে আসে। তারা যখন লোক recruit করে তারা আমাদের দেশের নাবিক ভাইদের নেয় না তারা বলে তোমাদের দেশের নাবিকদের খরচ বেশী—তারা পাকিস্তানের নাবিকদের নেয়। তাদের একথা আজ সুস্পষ্ট ভাষায় বলতে হবে যদি ভারতবর্ষে তাদের ব্যবসা করতে হয় যদি তারা এখানে টাকা কামাতে চায় তাহলে আমাদের দেশের নাবিক ভাইদের চাকরী দিতে হবে। আর তা না হলে তাদের এখান থেকে ব্যবসা গুটিয়ে নিতে হবে। একথা সরকারকে তাদের স্পষ্ট ভাষায় বলে দিতে হবে। এবং এটাই সরকারের এদের সম্পর্কে নীতি হওয়া উচিত। স্যার, আরও কতকগুলি অন্যায় অবিচার আমাদের দেশের মধ্যবিত্ত মানুষ, যারা খেটে খায় তাদের ওপর চালিয়ে যাওয়া হচ্ছে সে বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি হয়ত নিশ্চয়ই ভুলে যাননি যে কিছুদিন আগে ভারতবর্ষের একটা জাহাজী Company India Steam Navigation Company যাদের দুটো জাহাজে বাঙালী অবাঙালী মিলিয়ে প্রায় ১৪ জন নাবিক মারা গিয়েছিল।

[11-50—12 noon.]

মারা যাবার যে করুণ কাহিনী সেই করুণ কাহিনী খবরের কাগজের মাধ্যমে সারা ভারতবর্ষের মানুষ জানতে পেরেছে। এই ইণ্ডিয়া ষ্টীম শিপ কোম্পানী ইউনিয়ানের সঙ্গে এগ্রিমেণ্ট

করেছিলেন যে যদি কোন এক্সপ্লোসিভ জিনিস জাহাজে নেওয়া হয় তাহলে সেই জাহাজে যদি কোনরকম বিপদ হয়, র‍্যাকসিডেন্ট হয় তাহলে তার জন্য ১৪ হাজার এবং ২ হাজার মিলিয়ে ১৬ হাজার টাকা প্রতিটা মানুষকে দিতে হবে। এইরকম একটা এগ্রিমেন্ট হয়েছিল। অথচ গতকাল ঐ ইণ্ডিয়া নেভিগেটার জাহাজে যে একজন মারা গিয়েছিল তার ভাই আমাকে বলেছে যে মোটে তারা নাকি ২।৩ হাজার টাকা দিতে চাচ্ছে। আমার বক্তব্য হচ্ছে যে যেখানে ১৬ হাজার টাকা দেবার কথা সেখানে এই কোম্পানী কি করে সাহস পায় সেই টাকা না দেবার ; সেটা আমাদের দেখা উচিত। বিরোধী দলের যাঁরা ট্রেড ইউনিয়ন করেন তাঁদের এটা দেখতে অনুরোধ করব, কারণ এটা শুধু আমাদের কর্ম নয়। এই জাহাজ sea fareers-দের অর্থাৎ যারা জাহাজে চড়ে—মানুষ বলে গণ্য করে না। আমি মনে করি যে এর জন্য আইন পালটান উচিত। আমি জানি যে আইন পালটাতে হলে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের সে দায়িত্ব। এই জাহাজ ডুবির কারণ এবং এর জন্য যে কিছু মানুষের জীবনহানি হলো এরজন্য আমি সম্পূর্ণ দায়ী করব Indian Success-কে কারণ Indian Success-এর ক্যাপ্টেন সম্পূর্ণভাবে জানত যে Indian Navigator-এর ক্যাপ্টেন সেটাকে abandoned বলে declare করেছিল। কিন্তু তারা একটা লোভ সামলাতে পারিনি। অর্থাৎ দেবেন বা অন্যান্য অনেকে জানেন যে জাহাজ যখন সমুদ্রে ডোবে তখন অন্য জাহাজ যদি তাকে উদ্ধার করতে পারে তাহলে ১০।১২ লক্ষ টাকা তাকে দেওয়া হবে। এই লোভেই India Success-এর captain ১৩ জন বীর সৈনিককে হত্যা করেছে। এই Indian Success মার্চ মাসের শেষের দিকে এসেছে। আমি হোম মিনিষ্টারকে বলব যে এই হত্যাকারীর উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হোক, তাকে জেলখানায় আটক রাখা হোক এবং যে কোম্পানীর ঐ জাহাজ তাদের বিরুদ্ধেও উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক।

স্যার, এবার আমি আমার দ্বিতীয় পয়েণ্ট বলব State Transport সম্বন্ধে। একটু আগে দেবেনবাবুর এক প্রশ্নোত্তরে হোম মিনিষ্টার অনেক কথা বলেছেন। কিন্তু আমি তাঁকে বলব যে State Transport-এর খতিয়ান যদি তিনি D. I. G. Traffic-এর কাছ থেকে নেন তাহলে দেখবেন যে এর চেয়ে মানুষ মারার কল আর দ্বিতীয় অরগ্যানিজেশান নেই। আমি বলব যে এর আগা নেই, গোড়াও নেই—অর্থাৎ কে যে চালাচ্ছেন, কে যে কি করছেন তার কোন ঠিক নেই। এর যারা ড্রাইভার তারা পাশ করে ঢুকেছে কিনা তা আমি জানিনা। ঘুষ দিয়ে নাকি ড্রাইভার পাশ হয়ে যায় বলে শুনছি, অথচ আজকাল ট্রেনিং-এর ব্যবস্থা আছে। কলকাতা শহরে যখন State Transport ছিল না, Private enterprise ছিল তখন কলকাতা শহরে কত মানুষ মরেছে আর এখন কত মরছে তার হিসাব নেওয়া প্রয়োজন। State Transport-এর ড্রাইভাররা পাগলের মত গাড়ী চালায়। State Transport যদি কোন গাড়ীর পাশে এসে দাঁড়ায় তবে সে গাড়ী রাস্তা ছেড়ে চলে যায়। আর এর জন্য State Transport-এর ড্রাইভারদের কোন পানিশমেণ্ট হয়না এবং তারা ঘুস দিয়ে তাদের চাকরী বজায় রাখছে। আমাদের suggestion to the Government হচ্ছে এই সব লক্ষ্য করে বন্ধ করা। একটা accident মানে একটা জীবন চলে যাওয়া। আমরা জানি State Transport-এর গাড়ীর তলায় পড়লে যে মানুষকে আর খুঁজে পাওয়া যায় না। ১০ বছরের বাস চালানোর experience না থাকলে কোন ড্রাইভার নেওয়া উচিত নয়। অর্বাচীন ড্রাইভার দিয়ে যদি State Transport চালান হয় তাহলে কলকাতার মানুষ পিটিয়ে তাকে তুলে দেবে—কেননা কলকাতার মানুষ এই রকম নরহত্যা আর বরদাস্ত করবে না।

স্যার, আপনি জানেন যে ইংরেজরা যেমন চিরকালই বলত কিং ক্যান্ ডু নো রং এবং আজকাল অবশ্য বলছে কুইন ক্যান ডু নো রং ঠিক তেমনি আমাদের বিরোধী দলের ঐ লাল বন্ধুরাও বলেন যে কমিউনিষ্টরাও কখনও কোন অন্যায় করতে পারে না। অবশ্য প্রভুভক্ত ইংরেজ জাতি তাদের সম্রাটকে পদমর্যাদা দিয়ে যদিও কথা বলে কিন্তু আমরা বলি যে পণ্ডিত জহরলাল নেহেরু ক্যান

ডুরং। যেমন ধরুন আজকে এই হাউসে অনেক সমালোচনা হয়েছে কিন্তু আমরা একথা বলিনি যে নেহেরু ক্যান ডু রং। তারপর আমাদের কমিউনিষ্ট বন্ধুরা ডেমোক্রেসী, পিপলস ডেমোক্রেসী প্রভৃতি যেসব কথা বলেন আমি তার কোন অর্থ বুঝতে পারি না। যাহোক্, ওধারের এক বন্ধু গতকাল আমাকে বলেছেন যে আমি লেখাপড়া জানিনা। তবে তার উত্তরে আমার বক্তব্য হোল যে, আমি লেখাপড়া জানিনা আর ওঁরা হলেন সব বিদ্যাসাগরের direct decendant—অবশ্য লেখাপড়া শিখে বিদ্যাসাগর হননি, শুধু তাঁর চটি পায়ে দিয়ে বিদ্যাসাগর হয়েছেন—তাই বলেন যে কমিউনিষ্ট চীন বা রুশ দেশের মানুষ কখনও অন্যায় করতে পারেনা। কিন্তু আমরা জানি পণ্ডিত নেহেরু পার্লামেণ্টে বলেছেন যে চীন ভারতবর্ষ আক্রমণ করেছে এবং সমস্ত পৃথিবীর মানুষও একথা জানে যে সাম্রাজ্যবাদী চীনের সৈন্যবাহিনী আমাদের সৈন্যদের হত্যা করেছে। অথচ এঁরা কিছুতেই সেকথা মানবেন না। অবশ্য সমস্ত কমিউনিষ্টরাই যে ট্রেটর সে কথা আমি বলবনা—এঁদের মধ্যেও বহু ভাল লোক আছে—কিন্তু যিনি সারা ভারতবর্ষে এই গোলমাল পাকালেন, অর্থাৎ বিরোধী দলের নেতা জ্যোতি বসু মহাশয় বললেন যে চীন এ্যাগ্রেসর নয়। অবশ্য তার ফলে দেখা গেল যে বাংলাদেশের হবু মুখ্যমন্ত্রী তাঁর দল থেকে পদচ্যুত হলেন। যাহোক্, গতকাল তিনি আমাকে বলেছেন যে, আমি লেখাপড়া জানিনা। তা বেশ আমি লেখাপড়া জানি না। তবে তিনি যে একজন ব্রিফ্‌লেস্ ব্যারিষ্টার এবং তাঁর অস্টেন্‌সিবল মিনস্ অব লাইভলীহুড কি আছে তা না জানলেও এটা জানি যে তিনি একজন বেকার। স্যার, আমি অক্ষম বেকার নই—আমি ইনকাম ট্যাক্স দিই, কিন্তু বেকার হয়ে কি করে গাড়ীতে চড়ে ঘুরে বেড়ায় তা আমি বুঝতে পারছিনা এবং পৃথিবীর ইতিহাসেও বোধহয় এই জিনিস নেই। বরং পৃথিবীর ইতিহাসে এই জিনিস রয়েছে যে অন্ততঃ কিছু কাজ করে তারপর কেউ রাজনীতি করে বা হয়ত এমনও হতে পারে যে পেট চালাবার জন্য হয়ত তাঁর অন্য কোন সোর্স অব্ ইনকাম আছে তাই সে রাজনীতি করে।

তারপর চীনা বন্ধুরা বলেন যে আমরা নাকি দেশের সর্বনাশ করছি। কিন্তু এঁদেরই গুরুদেব মিঃ ক্রুশ্চেভ এই কলকাতার বুকে দাঁড়িয়ে বলে গেছেন যে ভারতবর্ষের যেভাবে অগ্রগতি হচ্ছে সারা পৃথিবীতে কেউ কোনদিন তা করতে পারেনি। স্যার, আমরা কখনও সত্যকে অস্বীকার করিনা বা মিথ্যাকে সত্য বলে চালাবার চেষ্টা করি না, কাজেই আমরা বলি যে আমাদের দেশে এখনও লোক না খেতে পেয়ে মরছে এবং আমরা এখনও দেশের লোকের জন্য জামা-কাপড় জুতো, শিক্ষা, চিকিৎসা প্রভৃতির ব্যবস্থা ভালভাবে করতে পারিনি।

[12—12-10 p.m.]

আমরা হাসপাতাল, স্কুল করেছি এবং আরও করবার চেষ্টা করছি। কিন্তু চীন দেশে এতদিন পর এত লম্বা-চওড়া কথা শোনার পর দেখছি হাজার মার্চ হচ্ছে। পরশু দিনের কাগজে দেখলাম চীনে দুর্ভিক্ষ দেখা দিয়েছে। তাহলে কি চীন চালের উৎপাদন বন্ধ করে দিয়েছে? তবে কি তারা ভারতবর্ষের বিরুদ্ধে লড়বার জন্য গুলি বারুদ উৎপাদন করতে শুরু করে দিয়েছে? হাজার মার্চ যদি হয়ে থাকে তাহলে ঐ গণতান্ত্রিক দেশের এই যে খবর এতে ঐ চীন সাম্রাজ্যবাদের যিনি এখানে প্রতিনিধি আছেন তিনি ষ্টেটমেণ্ট করুন যে হ্যাঁ, আমাদের দেশে হাজার মার্চ হয়নি, আমাদের দেশে দুর্ভিক্ষ হয়নি। আমরা তো স্বীকার করি যে আমরা চেষ্টা করছি, চেষ্টায় আমাদের ত্রুটি থাকতে পারে। যে কাজ করে সে ভুল করে, যারা কাজ করেনা তাদের কোন দিন ভুল হয়না এটা জ্যোতি বাবুর কথা, ময়দানে দাঁড়িয়ে একথা তিনি বলেছিলেন—তাঁর কথা নিয়ে তাঁকে জবাব দিলাম। আমরা জানি আমরা কি করছি। আমাদের গভর্ণমেণ্টের মেসিনারির মধ্যে হয়ত ভুল-চুক থাকতে পারে, তাই বলে এই নয় যে আমরা চেষ্টা করছি

না। আমাদের পাশের দেশ চীন থেকে টাকা আসছে, পেনসান আসছে আর ওরা এখানে ঝাণ্ডা নিয়ে চীনের দালালী করছে। আমরা যা করছি তা স্বীকার করতে ভয় পাই না, দেশের লোককে বুঝিয়ে দিই যে এই আমরা করতে পেরেছি, এই করতে পারব বলে আশা রাখি; হয়ত ৫ বছর বলেছিলাম তার জায়গায় ১০ বছরের পরিকল্পনাতেও হয়নি কিন্তু ২০ বছরের পরিকল্পনাতে নিশ্চয়ই হবে। স্যার, আমাদের Leader of the Opposition তিনি কালকে একটা রিমার্ক করেছেন। যারা ভারতবর্ষে দিনের পর দিন গণ্ডায় গণ্ডায় মানুষ বেড়ে যাচ্ছে বলে এই নন সমুদ্রকে কণ্ট্রোল করার জন্য—আমি বলেছিলাম স্টেরিলাইজেসান দরকার, জ্যোতিবাবু কিন্তু তা স্বীকার করেননি—তাঁর হেড কোয়াটারের যিনি প্রতিনিধি এখানে আছেন—রুশ দেশের প্রতিনিধি, তিনি বললেন যে না, আমাদের দেশে যে বেশী সন্তান উৎপাদন করতে পারবে তাকে প্রাইজ দেওয়া হবে; তাকে নাকি পেনসান দেওয়া হবে। আমি জানিনা পৃথিবীর সভ্য মানুষ আজকেও এ কথা চিন্তা করে কিনা। ঐ আদিম যুগের আফ্রিকাবাসীদের কথা তারা চিন্তা করে কিনা। আজ তারা মনে করে যদি আমরা দিনের পরদিন এই ছারপোকার দল বাড়িয়ে চলি তাহলে তাদের এডুকেশান দেব কি করে? আমি রুশ দেশের কথা বলছিনা কারণ, সেখানে iron curtain আজও রয়েছে। আজ রুশ সরকারের সমালোচনা করলে গিলেটিন বক্সে চড়িয়ে গলা কেটে হত্যা করা হবে। কিন্তু ভারতবর্ষ গণতান্ত্রিক দেশ, তাই তাঁরা এখানে দাঁড়িয়ে পণ্ডিত নেহেরুর শ্রাদ্ধ করতে সাহস করেন। এটা মনে রাখবেন সেখানকার ডেমোক্রাসিতে মানুষ একটা কথা বলতে পারেনা যে আমাকে খেতে দাও। খাওয়া চাইবার পরিবর্তে তাদের গুলি দিয়ে হত্যা করা হয়। এই হচ্ছে সেখান সো-কল্ড ডেমোক্রাসি। আমাদের দেশের মানুষ খেতে পাক আর নাই পাক তাদের বলবার অধিকার আমাদের গণতন্ত্র দিয়েছে। আমাদের গণতন্ত্র সেই অধিকার দিয়েছে বলেই তাই তাঁরা এখানে লম্বা চওড়া কথা বলতে পারছেন। আমরা জানি যে ৪ ঘণ্টা যদি ডিবেট হয় তাহলে আমরা পাই ১½ ঘণ্টা অথচ আমরা ওদের দিয়ে থাকি। ডিমোক্রাসি আছে বলে আজকে ওরা বলবার বেশী সুযোগ পাচ্ছে। আজকে চীন, রুশ দেশে কোন মানুষ সরকার বিরোধী স্লোগান দিলে বুলেট দিয়ে তার জবাব দেওয়া হয়। আজকে সেখানে কোন সরকারী কর্মচারী এমনকি ২৫ টাকা মাইনের সরকারী দরওয়ানের বিরুদ্ধে কোন কথা বললে সঙ্গে সঙ্গে বুলেট দিয়ে তার জবাব দেওয়া হয়। এই হচ্ছে রাশিয়ার সো-কল্ড ডেমোক্রাসি, পিপলস ডেমোক্রাসি। আজ যাঁরা বিরোধী আছেন, যাঁরা চীন সাম্রাজ্যবাদের পদলেহনকারী কুকুর মন তাঁদের সম্বোধন করে বলছি যে নিশ্চয়ই আপনারা ক্রিটিসাইজ করবেন, ক্রিটিসাইজ না করলে সরকারের সংশোধন হয় না।

যারা কাজ করে তাদের একটু ভুলচুক হয় এবং সেই ভুল সংশোধন করবার জন্য আপনারা রয়েছেন, তাদের হুইপ করার জন্য যাতে করে ভাল কাজ হয়। আমরাও দেশভক্ত নাগরিক, আপনারাও দেশভক্ত নাগরিক কিন্তু আমি আপনাদের অনুরোধ করবো বিদেশী দালালদের সঙ্গে আপনারা নিজেদের জড়িয়ে ফেলবেন না। [বিরোধীপক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]

Shri Bankim Mukherjee : স্যার, উনি যে বললেন জ্যোতি বসু মহাশয় চীনের টাকা মেরে খান এটাই আমি ঘোরতর আপত্তি করছি।

Shri Nepal Ray : আমি তা বলিনি স্যার। আমি বলছি ওঁকে আমার *** বলতে ইচ্ছা করি।

Mr. Speaker : He says that he did not say.

Shri Bankim Mukherjee : কোন প্রয়োজন ছিল না ওঁর এরকম উক্তি করার। শুধু আজকেই নয়, আমরা বারবার দেখছি যে শ্রীনেপাল রায় মহাশয় এই এ্যাসেম্বলী কক্ষে এমন সমস্ত

*Expunged by order of Mr. Speaker.

উক্তি করে থাকেন যেটা আমাদের এ্যাসেম্বলীর ডিগনিটির পক্ষে হানিকর। আমি আশা করি আপনি এ বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

Shri Nepal Ray : স্যার, বঙ্কিম বাবু শ্রদ্ধাশয় লোক, আমি তাঁকে শ্রদ্ধা করি কমিউনিষ্ট পার্টির একজন নেতা হিসাবে। তিনি হয়ত জানেন না যে কালকে জ্যোতিবাবু আমাকে গুণ্ডার সর্দার বলেছিলেন। আমি আর তাঁকে গুণ্ডার সর্দার না বলে বলেছি তিনি আমার * * এটা তো ভাল কথাই বলছি।

Shri Hemanta Kumar Ghosal : স্যার, আমরা জানতে চাই উনি এ কথাটা উইথড্র্ করবেন কি না। যদি উইথড্র্ না করেন তাহলে এই হাউসের মধ্যেই আমরা ওঁকে উপযুক্ত জবাব দিয়ে দেবো।

Mr. Speaker : Mr Ray, you must withdraw your remarks.

Shri Nepal Ray : স্যার, আমায় কালকে তিনি যে গুণ্ডার সর্দার বলেছিলেন that portion should also be withdrawn.

তাহলে I will withdraw কারণ he called me an illiterate.

Mr. Speaker : Where were you yesterday ?

Shri Nepal Ray : I was present in the House and objected to that.

Mr. Speaker : That will also be expunged.

Shri Siddhartha Shankar Ray : Mr. Speaker, Sir, I could appreciate Shri Nepal Ray indulging in such frivolities but I was most amazed to see the Food Minister laughing with other Ministers while Shri Nepal Ray was using such language. I hope the Food Minister will behave himself properly in future.

The Honble Prafulla Chandra Sen : I did not laugh.

[12-10—12-20 p.m.]

Shri Benarasi Prasad Jha.

माननीय स्पीकर महोदय, आज दो दिनों से विधान सभा में डा० राय ने जो मुख्य मंत्री और अर्थ-मंत्री है व जद पेश किया है, उस पर काफी आलोचनायें हो रही हैं। विरोधी दल के सदस्यों की ओर से जो सुझाव पेश किए जाते हैं, ठीक उसका उल्टा कांग्रेसी सदस्यों की ओर से उपस्थित किया जाता है। दर असल वर्तमान शासक दल विरोधी दल के सहयोग की उपेक्षा करती है।

शिवदास घटक ने अभी सदन के सामने दुर्गापुर का उल्लेख किया है। दुर्गापुर होने से हम सभी खुश हैं। दुर्गापुर में और भी कारखाने स्थापित हों इसमें किसी को आपत्ति नहीं है। दुर्गापुर अभी पश्चिम बंगाल में एक ही है और भी दुर्गापुर बने इसकी हम सभी कामना करते हैं। किन्तु दर असल मेरे कहने का अर्थ यह है कि दुर्गापुर जहाँ से उत्पन्न हुआ, जहाँ से उसका संचालन होता है, वह हैं आसनसोल। आसनसोल सब-डिविजन की उन्नति के बगैर दुर्गापुर की उन्नति ठीक तरह से नहीं हो सकती है। इसलिए शिवदास बाबू ने अभी

* Expunged by order of Mr. Speaker.

ही बातों का ही उल्लेख किया है। आसनसोल में पीने के पानी का बहुत अभाव है। इससे वहाँ की समस्या बड़ी जटिल है। वहाँ के रहने वालों को पानी नहीं मिलता। सुबह और शाम केवल दो घण्टा ही पानी आता है। वह भी ठीक से नहीं आता और लोगों को बड़ी कठिनाइयों का सामना करना पड़ता है।

मैं आसनसोल सब-डिविजन का प्रतिनिधि हूँ। इसका सम्पूर्ण इलाका कोइलरी का इलाका है। वहाँ जाकर देखें तो मालुम होगा कि अभी से कुएँ और तालाब सुखने लगे है। और उसके आस पासके इलाके में बहुत तरह की बिमारियों का प्रकोप बढ़ रहा है। कालरा, पौक्स इत्यादि का प्रकोप हो रहा है। इससे बहुत से आदमियों की मृत्यु हो जाती है। लेकिन सरकार की ओर से कोई बन्दोबस्त नहीं किया जाता है। इसकी पंचवर्षीय योजन के खत्म होने में केवल एक मास ही बाकी रह गया है। इस योजना में कहा गया था कि कोयला खदान में पानी का पूरा प्रबंध किया जायगा। लेकिन दुख के साथ कहना पड़ता है कि कोई भी इन्तजाम नहीं किया गया है।

अभी थोड़े समय पहले शिवदास बाबू ने कहा कि वित्त मंत्री ने काल्याणमूलक बजट प्रस्तुत किया है। परन्तु दर असल में यह घटती बजट देश के कल्याण के लिए नहीं है। शिक्षा के सम्बन्ध में मैं निवेदन कएँ कि हिन्दी-भाषा-भाषी और उर्दू भाषा-भाषी जो हाम यहाँ हकर मैट्रिक परीक्षा पास करते है वे अपनी मातृ-भाषा में परीक्षा देने की सुविधा पाते है। किन्तु हाई स्कूल पास करके जब कालेजों में पदने जाति हैं तो उनको वह सुविधा नहीं मिलती जो मैट्रिक परीक्षा देने में मिलती है। हमारे कहने का मतलब यह है कि बंगाला भाषा-भाषी को जैसे अपनी भाषा के माध्यम से परीक्षा देने की सुविधा है उसी प्रकार अन्य भाषा-भाषी वालों को उनकी मातृ-भाषा के माध्यम से कालेजों में परीक्षा देने की सुविधा मिलनी चाहिए। ऐसा न होने से ऐसे विद्यार्थियों को बड़ी असुविधा होती है और कालेजों में अंग्रेजी माध्यम से परीक्षा देने से हो फेल हो जाया करते हैं। परिणाम यह होता है कि यहाँ से बाध्य हो कर दूसरी जगहों में पढ़ने के लिए चले जाते हैं। इसलिए मैं सरकार से निवेदन करता हूँ कि हिन्दी-उर्द भाषा-भाषियों को उनकी मातृ-भाषा में परीक्षा देने की सुविधा न प्रदान की जाय।

खाद्य-समस्या को लेकर हमारे बहुत से भाइयों ने कहा है। उसके लिए मैं ज्यादा नहीं कहना चाहता। फिरभी मैं कहूँगा। यद्यीप इस वर्ष अन्न की उपज अच्छी हुई है और इसलिए चावल के दाम में २, १ रुपये की कमी भी हुई है फिर भी इसे दाम में गिरावट नहीं कहा जा सकता है। यदि अन्य चीजों कोही लिया जाय जैसे सरसो तेल आदि को तो देखा जाता है कि इनमें मँहगाई दिन प्रतिदिन बढ़ती है जा रही है। इसकी चीजें साग-सब्जी आदि भी मँहगी ही हैं। इसलिए यह कहना कि खाद्य-समस्या का समाधान हो गया ठीक नहीं है। यह कहना कोई गौरव की बात नहीं है। खाद्य का अभाव दिन बदिन बढ़ता ही जा रहा है।

सरकार की और से इधर विशेष ध्यान नहीं दिया जाता है। ज्यादा तर गरीब मजूर जो इण्डस्ट्री इलाके में रहते है उनको पूरा राशन नहीं मिलता है। महँगा अनाज खरीदने में वे लोग असमर्थ हैं। उनके लिए सस्ते दामों में अनाज देने की व्यवस्था करनी चाहिए।

तेरह वर्ष की स्वतंत्रता के पश्चात् भी हमारे प्रान्त में शरणार्थी समस्या अब भी बनी हुई है। इस समस्या को अभी तक पश्चिम बंगाल की सरकार समाधान नहीं कर पायी। शरणार्थी समस्या का दल करना नितान्त आवश्यक है। दिन बदिन अव्यस्था बढ़ती ही जा रही है। अभी तक हमारे आसनसोल सब-डिविजन में शरणार्थी शिविर है। वहाँ देखने से मालुम होता है कि वहाँ के रहने वालों को न कहीं बसाने का प्रबंध होता है न उनके लिए पीने के पानी प्रबंध किया जाता है न एलाउन्स ही का प्रबंध किया जाता है। इस तरह से उनका गुजर कैसे हो सकता है? इनकी और सरकार को ध्यान देना चाहिए।

आसनसोल सब-डिविजन में खेती के लायक भी जमीनें हैं। यदि सिचाई की पूरी व्यवस्था की जाय तो वहाँ पर अच्छी खेती हो सकता है। लेकिन सिचाई का कोई बन्दोवस्त नहीं है। वहाँ पर धान की अच्छी खेती हो सकती है। लेकिन सिचाई का प्रबंध न होने से खेती नहीं हो पाती। यदि तालाबों की खोदाई का बन्दोवस्त किया जाय तो बहुत कुछ सिंचाई का प्रबंध हो सकता है। इससे हमारे प्रान्त की पैदावार काफी बढ़ सकती है। लोगों को अनाज सस्ते दर से मिल सकता है। परन्तु दुख है कि सरकार की और से इसके लिए कुछ नहीं किया जाता है।

सरकार की और से दिन पर दिन योजनाएँ ही प्रस्तुत की जाती हैं। किन्तु इन योजनाओं को कार्य रूप में परिणित नहीं किया जाता। मैं तो कहूँगा किये योजनाएँ चुनाव में सफलता प्राप्त करने के लिए जरूरी समझी जाती हैं। इसलिए इन योजनाओं पर धन्यवाद नहीं दिया जा सकता। न डाक्टर राय ने जो बजट सदन के सम्मुख उपस्थित किया है, उस पर ही धन्यवाद दिया जा सकता है। और अब मैं ज्यादा नहीं कहना चाहता।

Shri Satindra Nath Basu :

माननीय अध्यक्ष महाशय, आमादेर अर्थमन्त्री तथा मुख्यमन्त्री १९६१-६२ सालेर ये बाजेट एखाने उत्थापन करेछेन, आमि ता सर्वान्तःकरणे समर्थन करते उठे दु-चारटि कथा बलते चाई। आमरा बाजेटे देखछि गत दु-दुटो पञ्चवार्षिकी परिकल्पनार माध्यमे सर्वभारतीय संख्यानुपाते आमादेर पश्चिमबंगेर ये सामग्रिक अग्रगति ओ उन्नयन हयेछे, ताय जन्य आमरा वास्तविकई गर्व अनुभव करते पारि। आमादेर ३० कोटि लोकेर एই गणतान्त्रिक देशेर सीमाबद्ध आयेर मध्य दिये एवं अन्यान्य देशेर साहाय्य निये आमरा ये अग्रगतिर पथे चलेछि—सेटा वास्तविकई अन्यान्य देशेर जननेता यारा एखाने एसेछेन, ताँरा मुक्तकण्ठी प्रशंसा करेछेन। भारतवर्षेर मत एकटि अनग्रसर देश, स्वाधीनतार पर थेके एই रकम भावे अग्रसर हयेछे, अन्यान्य देशेर तुलनाय सेटा वास्तविकई गर्वेर विषय। किवा कृषिर दिके, किवा शिल्पेर दिके, शिक्षार दिके, स्वास्थ्येर दिके—सकल दिकेई उन्नति हयेछे। आमरा येभावे अग्रसर हते चेयेछिलाम, आमादेर धैर्येर सीमा एखनो अतिक्रम करेनि, यदि एই रकमभावे धैर्यशीलभावे आमरा चेष्टा करि, ताहले

নিশ্চয়ই অন্যান্য স্বাধীন দেশের মত অগ্রগতির পথে আমরা অগ্রসর হতে পারবো। এই বাজেটে যা এখানে উত্থাপিত হয়েছে তার মাধ্যমে আমরা দেখতে পাব—আমরা বাংলাদেশে এই Assembly থেকে আগাগোড়া চেষ্টা করে এসেছি, আমাদের মুখ্যমন্ত্রীর চেষ্টার কথাও সকলে জানেন; আমাদের সেই চেষ্টার ফলে ফরাক্কা ব্যারেজ সম্বন্ধে যে পরিকল্পনা ও দাবি ছিল, সেটা আজকে কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন। এই ফরাক্কা পরিকল্পনা সম্বন্ধে আমরা ১৯৫২ সাল থেকে চেষ্টা করছি। আমাদের সম্বেত চেষ্টায় ও মুখ্যমন্ত্রীর সহযোগিতার ফলে সেটা সফল হয়েছে। আমরা যদি এই ভাবে চলতে পারি—ফোর্ড ফাইন্যান্স কমিশনের কাছে আমাদের অর্থমন্ত্রী যে সমস্ত দাবি জানিয়েছেন, সেটা যদি কমিশন মেনে নেন এবং আমরা যদি অগ্রগতির পথে অগ্রসর হতে পারি পরিকল্পনার মাধ্যমে, তাহলে ১৯৬১-৬২ সালের বাজেটের লক্ষ্য আমরা কার্যে পরিণত করতে পারবো বলে নিশ্চয়ই আশা পোষণ করি। ফর্ড ফাইন্যান্স কমিশন আমাদের দাবি গ্রাহ্য করলে পর, আমাদের অগ্রগতির পথে অগ্রসর হতে যথেষ্ট সহায়তা করবেন, আমরা এগিয়ে যেতে পারবো উন্নতির দিকে।

আমাদের সামগ্রিক উন্নতির জন্য যে সমস্ত ব্যবস্থা হয়েছে, তাতে গ্রামের উন্নতি বাস্তবিক যে সব দেখছি সে ভাবে হয় নাই - সেটা খাদ্যের দিকে হোক, শিক্ষার দিক থেকে হোক, রাস্তাঘাটের দিক থেকে হোক, শিল্পের দিক থেকে হোক—বিশেষতঃ উত্তরবঙ্গের গ্রামের মধ্যে বিশেষ কিছু দেখতে পাচ্ছি না। অর্থমন্ত্রী আমাদের উত্তরবঙ্গের সর্বাঙ্গীন উন্নতিসাধনের জন্য যাতে কৃষির উন্নতি হয়, জলসেচের উন্নতি হয়, ফসল বৃদ্ধি হয়, তার জন্য যথাসাধ্য চেষ্টা করবেন বলে আমরা আশা করি। বাস্তবিক উত্তরবঙ্গের পশ্চিম দিনাজপুরে যে পরিমাণ খাদ্য-শস্য উৎপন্ন হতো, তার চেয়ে অনেক বেড়েছে। কিন্তু একটু চেষ্টা করলে আরো খাদ্যোৎপাদন বাড়তে পারে যদি সেচের ব্যবস্থা হয়—minor irrigation ও major irrigation-র ব্যবস্থা হয় প্রয়োজন মত। যেখানে নদী নাই, খাল নাই, সেখানে deep tubewell করে জল সেচের সুষ্ঠু ব্যবস্থা করা উচিত। সমস্ত রকম scientific agricultural implements-গুলি যদি প্রতি থানায় থানায় চাষীদের ব্যবহার করতে দেওয়া হয়, এবং চাষের উন্নতির জন্য co-operative society র মাধ্যমে যদি চাষীরা সময় ঋণ পায়, তাহলে কৃষি ও কৃষকের উন্নতি হতে পারে। এ ছাড়াও আরো অনেক কিছু করবার আছে। পুকুরের উন্নতি করলেও সেচের উন্নতি হতে পারে, কৃষির উন্নতি হতে পারে। উত্তরবঙ্গে কৃষি উৎপাদন বিষয়ে যে সব শিল্প আছে, তার উন্নয়ণের কোন ব্যবস্থা নাই। সেখানে পাট ও আখ শিল্পের উন্নতির অনেক সম্ভাবনা রয়েছে, চা শিল্পেরও উন্নতির ব্যবস্থা হতে পারে। সেখানে পাটকল ও চিনির কল স্থাপন করা যেতে পারে। তার কোন পরিকল্পনা এখানে নাই।

[12-20—12-30 p.m.]

বিশেষ অনুরোধ যাতে উত্তরবঙ্গে যে সমস্ত জিলা আছে তার সর্বাঙ্গীন উন্নতিসাধন হয় এবং সেদিকে দৃষ্টি রেখে সরকার অগ্রসর হন। আর অন্যান্য যা দেখছি, সর্বভারতীয় পরিসংখ্যান যা পরিবেশিত করেছেন তা থেকে দেখবেন বাস্তবিক শিল্পের অনেক উন্নতি হয়েছে শিক্ষার উন্নতি, স্বাস্থ্যের উন্নতি হয়েছে তা সত্ত্বেও আমাদের উত্তরবঙ্গে স্বাস্থ্য, শিক্ষা এবং রাস্তাঘাটের উন্নতি বিষয়ে কোন রকম সুযোগ সুবিধা আমরা পাচ্ছি না। আজকে এটা বলতে পারি ফরাক্কা ব্যারেজ হওয়ার পর পশ্চিমদিনাজপুর পর্যন্ত রেল যাতে সংযুক্ত হতে পারে সেদিকে অর্থমন্ত্রীকে বিশেষ অনুরোধ জানাচ্ছি।

আর একটি কথা অন্যান্য দেশের তুলনায় আমাদের শিক্ষালয় অনেক বেড়েছে বটে কিন্তু সমাজতান্ত্রিক ধাঁচে যাতে প্রত্যেক নাগরিককে গড়ে তোলা যায়; সমান উন্নতি করতে পারে, প্রত্যেকের যাতে আর্থিক উন্নতি হয় স্বচ্ছলতা বাড়ে সেদিকে দৃষ্টি সে রকম দিচ্ছেন না। শিক্ষা

কিছুটা বেড়েছে বটে কিন্তু সুনাগরিক হতে গেলে যেটুকু দরকার সেদিকে সমাজের প্রত্যেকের উন্নতিসাধন করতে গেলে যে ব্যবস্থা করা দরকার তা হচ্ছে না। অন্যান্য দেশে কুটিরশিল্প যে ভাবে গড়ে উঠেছে এবং তা করতে গেলে যে শিক্ষার প্রয়োজন উত্তরবঙ্গে তার অভাব আছে। আজকে উত্তরবঙ্গকে যাতে অন্যান্য দেশের মত উন্নত করতে পারি, যাতে প্রত্যেকটি নাগরিকের জীবনকে সুষ্ঠু করে তুলতে পারি সে চেষ্টা প্রয়োজন। আজকে গ্রামে যে সমস্ত কৃষকের জমি ভূমিসংস্কারের আইনের ফলে Government-এ vest করেছে, মধ্যবিত্ত যে সমস্ত rent receiving interest-এর ক্ষতিপূরণের জন্য কয়েক কোটি টাকা দেওয়ার ব্যবস্থা হয়েছে তারা যাতে ক্ষতিপূরণ পায় সে জন্য আমি Revenue মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর যাতে যে সমস্ত জমি Government-এ vest করেছে তারও যাতে সুষ্ঠু বণ্টন ব্যবস্থা হয় তার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা বিষয় বলছি, শিক্ষার কথা। Multipurpose এবং Higher Secondary School-এ যে সমস্ত উপযুক্ত শিক্ষকের প্রয়োজন তাদের শিক্ষার কোন সুবন্দোবস্ত হচ্ছে না। এদিকে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর শিক্ষার জন্য আরও অনেকগুলি Institution দরকার। মাধ্যমিক শিক্ষা, মাল্টিপারপাস্ শিক্ষা যাতে নানা শিক্ষা প্রতিষ্ঠানে পড়ে দেশের ছেলে মেয়েরা প্রকৃত জননাগরিক হয়ে সমাজতান্ত্রিক সমাজ গড়ে তুলতে পারে সে ব্যবস্থা করুন—এই বলে বাজেটকে আমি সমর্থন করছি।

Shri Haridas Dey :

মাননীয় সভাপতি মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় অর্থমন্ত্রী হিসাবে যে বাজেট উপস্থিত করেছেন সেটা আমি সমর্থন করছি। ১৯৬১-৬২ সালে রাজস্ব ৩ কোটি ২০ লক্ষ টাকা ঘাটতি দেখিয়েছেন কিন্তু তাতে কোন করভার চাপান হবে না—সেটাও বলেছেন, বাস্তবিকই এটা অভিনন্দন যোগ্য। এই ঘাটতি বাজেট দেখে ভয় পাবার বা অবাক হবার বোধ হয় কিছু নাই। কারণ সংসার চালাতে গেলে আয়ের দিকটায় তাকিয়ে করতে হয়, আয়ের দিক কখনো বেশী করে ধরা হয় না, তাতে অনেক অসুবিধা আছে এবং আয় যদি উদ্বৃত্ত দেখান যায় এবং তাতে মনে করা হয় যত খুশী খরচ কর, দিল দরিয়া হয়ে—এটা খারাপ হয়।

কিন্তু ঘাটতি খরচ সঙ্গত এবং ন্যায্য। সেই জন্য বাজেটে ঘাটতি হওয়া যুক্তিসঙ্গত এবং করা দরকার বলে মনে করি। আজকে একটা কথা মনে হচ্ছে, জ্যোতিবাবু বাজেট বক্তৃতার প্রথমেই বলেছেন যে এটা একটা মামুলি ব্যাপার। সরকার পক্ষ এবং মন্ত্রীরা বলেন অনেক কিছু হয়েছে, আর বিরোধী পক্ষের থেকে বলা হয় কিছুই হয়নি। বাস্তবিকই বার বার একই অবস্থা দেখতে পাচ্ছি, এদিক থেকে বলা হয় হ্যাঁ। আর ওদিক থেকে বলা হয় না। কিন্তু যাঁরা না বলেন তাঁরা একটু চোখ খুললেই দেখতে পেতেন এই কয়েক বৎসরে কি হয়েছে না হয়েছে। ওঁরা বলেছেন কৃষির ব্যাপারে যে কিছুই হয়নি। জ্যোতিবাবু কোথায় পেলেন জানিনা, তিনি কলকাতায় থাকেন, গ্রামের খোঁজ নিশ্চয়ই রাখেন না তাই বলেছেন একর প্রতি ৩½ মণ ধান হয়েছে। আমরা জানি বর্তমান বৎসরে ১২ লক্ষ টন চাল বেশী উৎপাদন হয়েছে। এই পশ্চিমবঙ্গে গড়ে ২০—২০½ মণ ধান হয়। আর তিনি বললেন যে একর প্রতি ৩½ মণ ধান হয়েছে। এটা তিনি কোথায় পেলেন? আমাদের শ্রদ্ধেয় প্রফুল্লবাবু বলে গিয়েছেন যে আমাদের শিল্প কিছুই হয়নি। আরো তিনি বলেছেন, আমাদের যে plan হয় তা Writers Building থেকে হয়। এটা আগে ছিল। কিন্তু বর্তমানে আমরা দেখছি, সরকার যে নীতি নিয়েছেন তা হচ্ছে, যা কিছু হবে তা তলার দিক থেকে হবে এবং গ্রাম সেবক ইত্যাদির দ্বারা scheme তৈরী করা হবে। আমাদের Block level-এ কিছু হয়নি তা নয়, আমরা দেখছি ১৯৫১ ৫২ সালে এই পশ্চিমবঙ্গে ৮ টি N. E. S. block হয়েছিল এবং তাতে ১৫৬'৯ square mile area covered করেছে, আর village cover

করেছিল ১৩২১ টি। আর আজকে ১৮৮ টি N. E. S. Block হয়েছে; ১৯ হাজার ৫০২ square mile area cover করেছে এবং ১৬ হাজার গ্রাম উপকৃত হয়েছে। আমাদের সামান্ত নদীয়া জেলায়, শান্তিপুরে কুলিয়া block-এ ইং ১৯৬০-৬১ সালে কৃষি বিভাগ থেকে ধানের বীজ ৩৪৬ মণ, সার ২৭০ মণ ammonium phosphate এবং compost ৮১০০ মণ দেওয়া হয়েছে। সেচ বিভাগ থেকে আরো ১৭ টি গভীর নলকূপ দেওয়া হয়। তার মধ্যে অনেকগুলি কার্য্যকরী ছিল না, গত বৎসর এইগুলি সম্পূর্ণ কার্য্যকরী হয়েছে এবং ৪২০০ একর জমিতে জল দেওয়া হচ্ছে। কুটীর শিল্পে সমবায় ঋণ দেওয়া হয় ১৮টি, কৃষি সমবায় ৪টি, শিল্প সমবায় ১৯টি, Service co-operative ৬০টি এবং অন্যান্য Co-operative ২৭টি। জনসাধারণ স্বেচ্ছায় নগদ টাকা ৩০৮২৭ টাকা দান করেছে। এবং Block-গুলির সঙ্গে জনসাধারণ পূর্ণ সহযোগিতা করছে। কুটীর শিল্পের মধ্যে তাঁত শিল্পই প্রধান। ১৯৩৭ সালে তাঁতবস্ত্র ৬ কোটি গজ হয়েছিল। আর এখন ১৯ কোটি গজ হচ্ছে। এই কয়েক বৎসরে এত বেড়েছে।

[12-30—12-34 p. m.]

অনেকে এখানে বলেছেন যে গ্রাম এলেকায় কিছুই হয়নি, যা কিছু উন্নতি কলকাতায় হয়েছে। কিন্তু আজ গ্রামাঞ্চলের দিকে তাকালে দেখতে পাওয়া যায় যে, গ্রামে গ্রামে সেচ ব্যবস্থা, রাস্তা-ঘাটের উন্নতি, নানা রকম কলকারখানা স্থাপন, কৃষিব্যবস্থা উন্নতিসাধনের জন্য সার ও বীজের সরবরাহের ব্যবস্থা বহুল পরিমাণে হয়েছে ও হচ্ছে। এর দ্বারা গ্রামের লোকের সুবিধা হবে, গ্রামীন অর্থনীতির উন্নতি হবে, গ্রামীন অর্থনীতি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে দিকে লক্ষ্য রেখেই এসব ব্যবস্থা করা হয়েছে। ডাঃ নারায়ণ রায় বলেছেন তিনি ডাক্তার মানুষ—গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব। কিন্তু আমরা জানি সরকার এই পানীয় জলের অভাব দূর করার জন্য চেষ্টা করছেন—২৫০-৩০০ লোকের পিছু আজ একটা tubewell আছে। মিউনিসিপ্যালিটিতে লোকের যেখানে যেখানে জলের কল নাই সেখানে Govt. থেকে ¾ grant এবং ¼ loan দেওয়া হয়—এবং local development থেকেও 5% basis-এ tubewell করার ব্যবস্থা করা হয়। আজ মিউনিসিপ্যালিটি এলাকায় মশার উপদ্রব অনেক কমে গিয়েছে—ম্যালেরিয়া নাই বলিলেও হয়। তারপর, আজকাল বিভিন্ন health centre, থানা health centre, union health centre-এর মাধ্যমে জনসাধারণের কাছে চিকিৎসার সুযোগ পৌঁছে দেওয়া হচ্ছে। তারপর কুটীর শিল্প, সমবায় কুটীর শিল্পের মধ্যে কোন রকম সুষ্ঠু যোগাযোগের ব্যবস্থা না করার ফলে আজকে অনেক রকম অসুবিধা হচ্ছে। একটু আগে বিনয়বাবু বল্লেন আমাদের এখনো বিদেশ থেকে সুতা আনতে হয় তাঁতিদের দেবার জন্য। এটা ঠিক কথা এবং তাঁতিদের সরাসরি সুতা সরবরাহ করবার জন্য সরকার সমিতিগুলিকে বিদেশী সুতা আনার পারমিট দেন। কিন্তু পারমিট যারা পান তাও তারা ধনী মাড়োয়ারিদের কাছে বেচে দেন। শান্তিপুর এইরূপ একটি সুতা আনার পারমিট পেয়েছিল, তারা সুতা না এনে পারমিট বিক্রয় করে দেন। এই সমিতিটি আবার বামপন্থী দলের হাতে; সেইজন্য কিছুই হলো না, এখনও সেখানে কিছু হচ্ছে না। কুটীর শিল্পের ব্যাপারে একটা high power committee হওয়া দরকার—তাঁরা সমিতির তত্ত্বাবধান করবেন এবং দেখবেন যাতে করে কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে।

Mr Speaker: The House stands adjourned till 3 p. m. on Monday, the 27th February, 1961.

Adjournment

The House was accordingly adjourned at 12-34 p. m. till 3 p.m. on Monday the 27th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 27th. February, 1961, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 7 Deputy Ministers and 171 Members.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid)

[3—3-10 p.m.]

Sub-Overseers of Public Works Department

15. (Admitted question No. 48.) **Shri Ananga Mohan Das** : Will the Hon'ble Minister in charge of the Public Works Department be pleased to state—

(ক) পশ্চিমবঙ্গে কতজন সাব-ওভারসিয়ার Public Works Department-এ কত বৎসর ধরিয়া কাজ করিতেছেন ;

(খ) তাঁহাদের বেতনের হার কি ;

(গ) সাব-ওভারসিয়ারগণের পদোন্নতির কোন সুযোগ আছে কিনা ; এবং

(ঘ) থাকিলে, তাহা কিরূপ ?

The Minister for Public Works (The Hon'ble Khagendra Nath Das Gupta) :

(ক) পঁচিশ জন। সংলগ্ন তালিকায় প্রত্যেকের চাকুরীর দৈর্ঘ্য নির্দেশ করা হইল।

(খ) Rs. 100—2—215—10—225.

(গ) (ঘ) না, বর্তমানে নাই। তবে অবগতির জন্য বলা যাইতে পারে যে, যে-সকল সাব-ওভারসিয়ার State Council for Engineering and Technical Education, West Bengal, দ্বারা ১৯৫৯ সাল পর্যন্ত পরিচালিত বিভাগীয় পরীক্ষায় পাশ করিয়াছিলেন তাঁহাদের Sub-Assistant Engineer-এর পদে নিযুক্ত করা হইয়াছে। ভবিষ্যতে ঐরূপ পরীক্ষা অনুষ্ঠান করিবার সম্ভাবনা সম্বন্ধে অনুসন্ধান করা হইতেছে।

Statement referred to in reply to clause (ক) *of unstarred question No. 15 showing particulars of Sub-Overseers under the Public Works Directorate and Development (Roads) Directorate.*

Serial No. (1)	Name. (2)	Length of service on 1st December 1960 (3) Y. M. D.
1	Shri Sachindra Lall Roy	16 6 0
2	Shri Himadri Bhusan Lahiri	13 9 0
3	Shri Dhirendra Nath Hui	12 3 29
4	Shri Bhabanipada Rai Sarma	11 6 10
5	Shri Ashutosh Chatterjee	11 5 14

Serial No. (1)	Name. (2)	Length of service on 1st December 1960 (3) Y. M. D.
6	Shri Satish Chandra Chatterjee	1 4 6
7	Shri Dhirendra Kumar Samanta	11 3 0
8	Shri Ramendra Krishna Sarkar	11 9 12
9	Shri Rakhal Chandra Dhar	11 8 23
10	Shri Probodh Chandra Banerjee	71 7 27
11	Shri Bhupesh Chandra Ganguly	11 7 13
12	Shri Santanu Kumar Das	10 1 22
13	Shri Sisir Kumar Majumdar	2 4 14
14	Shri Sanjit Kumar Sarkar	10 12 18
15	Shri Jitendralal Saha	12 4 10
16	Shri Bibhuti Bhusan Majumdar	10 10 13
17	Shri Nityananda Mandal	11 5 18
18	Shri Anil Kumar Ghosh	5 1 28
19	Shri Sisir Kumar Bose	12 4 16
20	Shri Sripati Sen Gupta	12 4 16
21	Shri Dhirendra Nath Kar	12 4 5
22	Shri Sailendra Kumar Ghosh	12 3 21
23	Shri Manindra Nath Das	10 10 11
24	Shri Hirendra Kishore Chakrabarty	10 10 11
25	Shri Bhupal Chandra Roy	10 10 11

Gratuitous relief for distressed persons in Jagatballavpur police-station

16. (Admitted question No. 86). **Dr. Brindaban Behari Basu :** Will the Hon'ble Minister in charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(ক) বর্তমানে কোন্ কোন্ শ্রেণীর দুঃস্থকে gratuitous relief দেওয়ার ব্যবস্থা আছে ,

(খ) ইহা কি সত্য যে, বর্তমানে জগৎবল্লভপুর থানার খঞ্জ, পঙ্গু, যক্ষ্মাগ্রস্ত, ও স্থায়ী শয্যাশায়ী রোগী দুঃস্থদিগকে gratuitous relief দেওয়া বন্ধ করা হইয়াছে ; এবং

(গ) সত্য হইলে, ইহার কারণ কি ?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen) :

(ক) সামাজিক রীতি অনুসারে প্রতিপালন করিতে বাধ্য এরূপ অক্ষম আত্মীয়বিহীন নিম্নলিখিত শ্রেণীর দুঃস্থ ব্যক্তিদিগকে gratuitous relief দেওয়ার ব্যবস্থা আছে :—

(১) হাবা ও বিকৃত মস্তিষ্ক ;

(২) পঙ্গু ;

(৩) অন্ধব্যক্তি ;

(৪) বার্ধক্য এবং দৈহিক অক্ষমতার দরুন জীবিকার্জনে অসমর্থ ব্যক্তি ;

(৫) স্বগৃহে রোগী বা শিশুর পরিচর্যার জন্য যে সমস্ত ব্যক্তিদের অবস্থান একান্ত প্রয়োজন ;

(৬) সন্ত্রান্তবংশীয় যে-সমস্ত মহিলা জাতীয় প্রথা অনুযায়ী সাধারণ্যে উপস্থিত হইতে পারেন না এবং অনাহারের সম্মুখীন ;

(৭) অন্যান্য যে-সমস্ত বেকার ব্যক্তি কাজ সংগ্রহ করিতে পারে না এবং যাহাদের জন্য কাজের ব্যবস্থা নানা কারণে করা যায় না।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Establishment of a hospital in Union No. 2 of Garbeta police-station

17. (Admitted question No. 94.) **Shri Saroj Roy** : Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, গড়বেতার ২নং ইউনিয়নে একটি ইউনিয়ন হাসপাতাল প্রতিষ্ঠা করার জন্য জনসাধারণ সরকারকে জমি দিয়াছে ;

(খ) সত্য হইলে, জমি কোন্ সালে দেওয়া হইয়াছে ; এবং

(গ) হাসপাতালটির নির্মাণকার্য কবে আরম্ভ হইবে ?

The Minister for Health (The Hon'ble Dr. Anath Bandhu Roy) :

(ক) হাঁ।

(খ) ইংরাজী ১৯৫১ সালে।

(গ) শীঘ্রই হইবে।

Point of personal explanation

Shri Jyoti Basu :

স্পীকার মহাশয়, অন্য কিছু নেবার আগে আমি Point of personal explanation কিছু বলতে চাই। গত শনিবার একটা ঘটনা এখানে ঘটে সে বিষয়ে আমি দুই একটা কথা বলতে চাই। আমি এখানে সেই সময় ছিলাম না। আমি কাগজে দেখলাম এবং পরেও শুনেছি যে জোড়াবাগানের সদস্য আমাকে অত্যন্ত কুৎসিত ভাষায় গালি গালাজ করেন—অবশ্য সে বিষয়ে আমি বিশেষ কিছু বলতে চাই না, কারণ আপনিই তাকে বলেছিলেন সেটা প্রত্যাহার করতে, এটাও আমি জানি যে তার যা শিক্ষা ও স্বভাব সেই অনুযায়ীই তিনি এসব কথা বলেছেন। কিন্তু এই কথাগুলির মধ্যে এবং যখন বাদানুবাদ হচ্ছিল সেই সময় একটা কথা যার জন্য আমি বিশেষ করে একটা কথা বলতে চাই। আমার মনে হ'ল আমি বোধ হয় জোড়াবাগান সদস্যকেই লক্ষ্য করে তাকেই * * বলেছি অন্য আরেক দিন যেদিন বাজেটের উপর বক্তৃতা দিচ্ছিলাম। আমি জানি না আপনার মনে আছে কি না আমি যখন বাজেটের উপর বক্তৃতা দিই সেই সময় হাউসে হট্টগোল সেদিক থেকে হচ্ছিল। আমি তখন সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করি যে তাদের চুপ করতে বলুন, তা না হলে আমি বক্তৃতা করতে পারছি না। বিশেষ করে যারা illiterate তারা যদি আমার বক্তৃতা না বুঝতে পারে তাহলে তাদের চুপ করে থাকতে বলুন। কারো নাম আমি বলিনি আপনি রেকর্ড দেখতে পারেন। একজন সদস্য, এখন বুঝছি জোড়াবাগানের সদস্যই আমাকে লক্ষ্য করে বলেন ব্যারিষ্টার হলেই লেখা পড়া জানা যায়, তা না হলে জানা যায় না এই ধরনের উক্তি করেন। আমি এখন আপনাকে একটা সাধারণ কথা বলি ব্যারিষ্টার হলেই শুধু লেখা পড়া জানা যাবে কেন, লেখা পড়া শুশুমি না করলেও জানা যায়, এই কথাই আমি বলি। আমি জানি না এই উক্তিটা কেন তিনি ধরে নিলেন যে তাকেই আমি বলেছি। সেজন্য পরের দিন এসে সেই কথা ধরে নিয়ে illiterate বলতে তিনি illiterate, শুশুমি করা বলতে তিনি শুশুমি করেন, এই সব ধরে নিয়ে তিনি একটা কুৎসিত ভাষায় আমাকে গালিগালাজ করেন। সেই জন্য আমি পরিষ্কার করে দিতে চাই আমি কোন সূত্রে কখনও ঐ ভদ্রলোকের নাম আমি করি না। আমার মনে পড়েনা এই হাউসে যতদিন আমি আছি এই ভদ্রলোকের নাম করেছি, কারণ এটা আমার আত্মমর্য্যাদায় লাগে।

* Expunged by Order of Mr. Speaker.

Calling attention to matter of urgent public importance

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I have to make a statement in connection with the calling attention notice given by Shri Narayan Chobey.

A report was received by me on the telephone from the Director of the Indian Institute of Technology on the 15th February, 1961—perhaps members are aware that I am the President of the Institute and that is all the more reason why he telephoned to inform me—about the incidence of some cases of infective hepatitis and enteric fever among the students and staff of the Indian Institute of Technology at Kharagpur. On hearing about this incidence I asked the Director, School of Tropical Medicine, Dr. Chowdhury, to go immediately to Kharagpur with other experts and the Chief Engineer, Public Health Engineering of our Government, was also asked to proceed to Kharagpur by the first available train on the 15th February.

They went to investigate the causes of the incidence and also to suggest remedies. It was suspected that infection may have been due to contamination of the water supply. Accordingly it was directed that detailed examination of the sources of water supply, disposal of sewage and distribution system should be undertaken without any further delay and recommendations for correction of the defects should be submitted. A report from the Epidomologist has been received which is under examination at present. Meanwhile, action has been taken to inoculate all inmates of the Institute and people of the surrounding area living within two miles of the Institute with anti-enteric vaccine. Action has also been taken to ensure adequate chlorination of the water supply system, but it has appeared that the total quantity of water supply for the Institute is ineffective and a scheme has been drawn up for putting extra water supply and drainage system to that Institute costing about Rs. 2 lakh 92 thousand. This Institute being under the Government of India we have to write to the Government of India to get this money from them. Action has been taken to ensure adequate chlorination of the water supply system, as I have already said. Strict vigilance is being maintained by frequent examination of samples. One Assistant Engineer, Public Health (Engineering), has been detailed there for drawing up a comprehensive plan for rectification of water supply and sewage disposal, if considered necessary. A medical specialist with post-graduate qualification has been detailed to visit the Institute and take necessary action for the treatment of such cases that may be suffering. A medical officer with Post graduate (Public Health) qualification has been detailed along with two domiciliary service teams for house to house visits with a view to identify and ensure adequate treatment of those suffering. Continuous watch is being maintained and it can be assured that no fresh cases have occurred since the teams, as suggested, took over the duties. Since then I have received a letter from the Director of the Institute yesterday in which he has asked for my approval for appointment of nurses and a pathologist, and I have forwarded it to the Government of India.

Dr. Chowdhury, Diretor of the Tropical School of Medicine, came to see me this morning. He said he has left the Research Officer there, who is both a doctor and a technician, to take up the necessary work of the Institute. Meanwhile we are going ahead with the inoculation, as I have already suggested.

Shri Pabitra Mohan Ray :

স্যার আমি শনিবার দমদম পাতি পুকুরের একটা ব্যাপারে আপনার calling attention করেছিলাম ; সেটা কবে হবে জানতে চাই।

Shri Hemanta Kumar Basu :

স্যার আমিও গত শনিবার জামুরিয়া থানায় রাণীগঞ্জের ছাত্রদের উপর অত্যাচারের বিষয়ে calling attention-এর নোটীশ দিয়েছিলাম।

Mr. Speaker: You know the difficulty. One calling attention statement may be made by an Hon'ble Minister. The dates are fixed according to the importance of the calling attention matters. I shall examine the other calling attention matters and fix the dates accordingly.

[3-10—3-20 p.m.]

General Discussion of the Budget for 1960-61

Shri Satyendra Narayan Mazumdar :

মাননীয় স্পীকার মহাশয়, এবার বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী ডাঃ রায় রিজিওন্যাল ডিসপ্যারিটি সম্বন্ধে একটা নীতির কথা বলেছেন। তিনি তাঁর যে বক্তব্য বলেছেন সেটা যদিও সর্বভারতীয় ক্ষেত্রে বলেছেন তবু তাঁর এই বাজেট বক্তৃতার এই কার্য্যকলাপের মধ্যে দিয়ে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলার ভেতরে যে সমস্ত অনগ্রসর ও উপেক্ষিত অঞ্চল রয়েছে সেগুলির ক্ষেত্রেও তিনি ঠিক সেই নীতি অনুসরণ করছেন। সর্বভারতীয় ক্ষেত্রের ব্যাপারে ডাঃ রায়ের বক্তব্যের জবাব জ্যোতিবাবু দিয়েছেন বলে সে সম্বন্ধে আমি পুনরাবৃত্তি করছি না। কিন্তু পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলগুলির—যেরকম উত্তরবঙ্গের ৫টি জেলা, এদিকে পুরুলিয়া, বাঁকুড়া রয়েছে—বিশেষ সমস্যার কথা এই সভায় বহুবার আলোচনা হয়েছে। আমি গতবার উত্তরবঙ্গের জেলাগুলির সমস্যার কথা বহু তথ্য ও পরিসংখ্যান সাহায্যে দিয়েছি এবং তথ্যমূলকভাবে পরিসংখ্যান দিয়ে দেখিয়েছি যে শিল্প, কর্ম-সংস্থান, কৃষি, সেচ, বন্যানিয়ন্ত্রণ, শিক্ষা, চিকিৎসা, জনস্বাস্থ্য ইত্যাদি সমস্ত দিক দিয়ে এই জেলাগুলি কিরকম ভাবে উপেক্ষিত হচ্ছে সে সম্বন্ধে সন্দেহের কোন অবকাশ নেই। কুচবিহার, পশ্চিম-দিনাজপুর, মালদহ জেলায় অর্থনৈতিক শিল্প বলতে কিছু নেই—ওখানকার জনসংখ্যার বৃহত্তম অংশ কৃষি এবং কুটির শিল্পের উপর নির্ভরশীল। কিন্তু তাদের অবস্থা কিরকম শোচনীয় সেটা পরিসংখ্যান দিয়ে দেখিয়েছিলাম। দার্জিলিং-এর জলপাইগুড়ি জেলার প্রধান শিল্প চা শিল্প—কৃষিমূলক শিল্প। সেই শিল্পে প্রচণ্ড আঘাত এসেছে। জলপাইগুড়ি জেলায় ১৩ লক্ষ অধিবাসীর ভেতর ২ লক্ষ মাত্র কুটিরশিল্পের দ্বারা তাদের কোন রকমে সংস্থান হয় বাকী জনসংখ্যার বৃহত্তম অংশ কৃষির উপর নির্ভরশীল। কৃষির অবস্থা কি রমক সেটাও আমরা জানি। পুরুলিয়ার লাক্ষা শিল্প আজ সম্পূর্ণ ভাবে ধ্বংসের পথে। আমি নিজে পুরুলিয়ায় যাই নি, কিন্তু বিহার থেকে হস্তান্তরিত হয়ে যে সমস্ত এলাকা পশ্চিম দিনাজপুর এবং দার্জিলিং জেলার সঙ্গে যুক্ত হয়েছে সেগুলি দেখে মনে হয়না যে সেখানে কোন অ্যাডমিনিষ্ট্রেশান ছিল বা সেখানে জনকল্যাণমূলক কোন কিছু কাজ করা হয়েছে। কাজেই এই অবস্থা থেকে বোঝা যায় পুরুলিয়ার অবস্থা কি রকম। পুরুলিয়া এবং পশ্চিম দিনাজপুর এই দুই জেলা খণ্ডিত। এই অবস্থার সমস্যাগুলির উপর দৃষ্টি রেখে পরিকল্পনা করতে হবে। তৃতীয় পরিকল্পনায় এটা প্রথম বাজেট। কিন্তু এই বাজেটে এই রকম কোন কিছু খুঁজে পেলাম না যে এই জিনিসের উপর দৃষ্টি দেওয়া হয়েছে। ডাঃ রায় রিজিওন্যাল ডিসপ্যারিটি সম্বন্ধে বক্তব্যে বলতে গিয়ে বলেছেন যে প্রত্যেক এলাকার প্রাকৃতিক সম্পদ, স্কিল্ড ম্যানপাওয়ার ইত্যাদিগুলো পুরোপুরি কাজে লাগান দরকার। কিন্তু তিনি কি করছেন উপেক্ষিত অঞ্চলগুলিকে আরও অনগ্রসর করে রেখে দিতে চান। যেসব অঞ্চলের কথা বললাম সেসব অঞ্চলের প্রাকৃতিক সম্পদকে কাজে লাগান দূরের কথা সেগুলি এখন ধ্বংস হতে বসেছে। পুরুলিয়ায় ২০০-র মত লাক্ষা ফ্যাক্টরী আছে এবং সেখানে ১০ হাজারের মতন লোক কাজ করে। কিন্তু আরও অনেক ফ্যাক্টরী গত কয়েক বছরের মধ্যে বন্ধ হয়ে গেছে। সেখানে এখন যে ফ্যাক্টরীগুলি আছে সেগুলি বছরে ১০০ দিনের কম কাজ করে ওরা আজকে সঙ্কটের মধ্যে দিয়ে চলেছে। এই শিল্পের অস্তিত্ব নির্ভর করছে কয়েকটা একচেটিয়া বিদেশী জাহাজী কোম্পানীর হাতে। মালদহ

জেলার একমাত্র সম্পদ আম—এর অবস্থাও অত্যন্ত সঙ্কটাপন্ন। অর্থাৎ স্বাভাবিক সময়ে যেখানে বছরে ২ কোটি টাকার মতন ব্যবসা হয় সেখানে গত বছরে ব্যবসার পরিমাণ নেমে ৫০ লক্ষে দাঁড়িয়েছে, এর অনেক জায়গায় গাছ কেটে ফেলতে আরম্ভ করেছে। কারণ ফসল হোক না হোক তার উপর বিঘাপ্রতি ৩০০ টাকা করে খাজনা দিতে হবে। সেই অবস্থা সেখানে রয়ে গেছে এবং তার ফলে তারা খাজনার হাত থেকে অব্যাহতি পাবার জন্য গাছ কেটে ফেলতে বাধ্য হচ্ছে। দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় যে চা শিল্প বৃটিশ ক্যাপিট্যাল রিপ্ল্যাণ্টেশান করে কি রকম অবস্থার মধ্যে এনেছে সেটা সম্বন্ধে অনেকবার বলেছি। তারপর বৃটিশ মালিকদের কাছ থেকে যে সমস্ত মাড়োয়ারী কোটিপতিরা বাগান কিনে নিয়েছে তারা চা বাগানের উন্নতির বদলে ফাটকা বাজারের উপর জোর দেন এবং এর ফলে রিপ্ল্যাণ্টেশনের অভাবে চা বাগান ও চা শিল্প নষ্ট হতে বসেছে।

শুধু তাই নয়, কোটিপতি মারোয়ারীরা একদিকে বাগান কিনে তা নিয়ে ফাটকাবাজি করছে এবং অন্যদিকে শ্রম আইন, ট্রাইবুন্যাল-এর রায়, কন্‌সিলিয়েসন, ত্রিপক্ষীয় চুক্তি বা বোনাস এগ্রিমেণ্ট কিছুই তাঁরা মানেন না। তবে এক্ষেত্রে একটা আশ্চর্য ব্যাপার যে শ্রম দপ্তরকে এসব কথা বললে তাঁরা ক্লীবনীতি গ্রহণ করেন। তারপর আর একটা কথা বলতে বাধ্য হচ্ছি যে শিক্ষিত মধ্যবিত্ত কর্মচারীদের সঙ্গে যে মধ্যযুগীয় ব্যবহার করা হচ্ছে তা একরকম বাড়ীর চাকরের মত। অবশ্য অনেকে চাকুরীর ভয়ে এসব কথা বলেন না, কিন্তু আমি এখানে সংক্ষেপে একটা ঘটনা রাখতে চাই এবং সেটা হলো কেশব টি কোম্পানী র ডি-ফ্যাক্টো সেক্রেটারী, শ্রমিকদের বোনাসের ব্যাপারে, অডিট ফাকির ব্যাপারে এবং অন্যান্য জালজুয়াচুরীর ব্যাপারে মালিকপক্ষের কথামত কাজ না করায় তাঁকে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছে এবং এ ব্যাপারে আইনের অজুহাত দেখান হয়েছে। তখন এই ভদ্রলোক সমস্ত ঘটনা দিয়ে রাজ্যপালের কাছে এক চিঠি লিখেছে এবং তারপর এই জিনিসটি তদন্তাধীন আছে বলে যদিও শ্রম মন্ত্রীমহাশয় জানিয়েছেন কিন্তু তবুও ঘটনাটি এখানে রাখলাম।

তারপর কুচবিহার, পশ্চিম দিনাজপুর এবং মালদহের কৃষিপ্রধান জমিগুলোর বন্যায় প্রভূত ক্ষতি হওয়া সত্ত্বেও বন্যানিয়ন্ত্রণের জন্য সুষ্ঠু পরিকল্পনা কাগজ-পত্রে গৃহিত হয়েছে তা' কার্যকরী করা হচ্ছে না এবং এ প্রসঙ্গে আমি দৃষ্টান্তস্বরূপ মালদহ জেলার কথা বলতে পারি যে সেখানকার জন্য যে পরিকল্পনা কাগজপত্রে রয়েছে তা কার্যকরী করা হয়নি। তারপর এ প্রসঙ্গে আমি শিলিগুড়ির কথা বলতে চাই, কারণ শিলিগুড়ির সমস্যা এখন সমগ্র উত্তর এবং পশ্চিম বাংলার সমস্যায় পরিণত হয়েছে এবং পার্টিসনের পর ওভারনাইট সেখানকার জনসংখ্যা আর একটি গ্রামের মত ৪।৫ হাজার না থেকে তার চেয়ে অনেক বেড়ে গেছে এবং সঙ্গে সঙ্গে সিকিম ও আসামের ব্যবসাকেন্দ্রগুলো যোগাযোগ কেন্দ্রে পরিণত হয়েছে। অথচ সমস্ত জিনিসগুলো পরিকল্পনাহীন ভাবে হয়েছে এবং এ সম্বন্ধে সরকারের কোন রকম দৃষ্টি না থাকার ফলে শহরের রাস্তাঘাট, যানবাহন, জনস্বাস্থ্য এবং চিকিৎসা প্রভৃতির উপর একটা বিরাট চাপ পড়েছে। তবে শুধু তাই নয়, যদিও সেখানে অনেক ব্যবসা স্থাপিত হয়েছে কিন্তু তাতে স্থানীয় লোকের কর্মসংস্থান হচ্ছে না বলে সেখানে এক বিরাট বেকার সমস্যা দেখা দিয়েছে এবং তা ছাড়া সম্প্রতি সিকিম, আসাম ও ভুটানে বাণিজ্যকেন্দ্র স্থাপিত হওয়ার পর সেগুলো চোরাকারবার এবং বিভিন্ন ধরনের সমাজবিরোধী কাজের কেন্দ্ররূপে পরিণত হয়েছে এবং যারা এসব কাজ করেন তারা অনেক সময় কংগ্রেসের নামাবলি গায় দেন বলে আইন-শৃঙ্খলা বিভাগকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখান। কাজেই যদি এই অবস্থা চলতে থাকে তাহলে সেখানে যে কিরকম একটা বিস্ফোরক অবস্থার সৃষ্টি হতে পারে তা অবশ্য গত বছর জুলাইমাসে শিলিগুড়িতে যে ঘটনা ঘটেছে তার মধ্য দিয়েই পাওয়া যায়। স্যার, এসব কথা যদিও আমি আমার কাট্‌মোসনের মাধ্যমে উত্থাপন করেছি,

কিন্তু এখন শুধু এটুকু বলতে চাই যে এটাকে আজ আর শিলিগুড়ির সমস্যা হিসাবে না দেখে সমগ্র পশ্চিম এবং উত্তরবঙ্গের সমস্যা হিসেবে গ্রহণ করতে হবে, কারণ এই যে বেকার সমস্যা এবং অন্যান্য নানা ধরণের সমস্যা রয়েছে সেগুলো যদিও কোলকাতার তুলনায় অনেক কম কিন্তু তা সত্ত্বেও এটাকে কোলকাতার রেপ্লিকা বলা যেতে পারে। কাজেই এখন যদি এগুলো না থামে তাহলে তা আমাদের সকলের পক্ষেই ক্ষতির কারণ হবে কেননা ঐ ধরনের কার্যকলাপ যদি চলতেই থাকে তাহলে তার প্রতিক্রিয়া সুদূরপ্রসারী হয়ে পড়ে। তারপর বিশেষকরে উত্তরবঙ্গে যে প্রাকৃতিক সম্পদ আছে তার উপযুক্ত সদ্ব্যবহার করার ব্যাপারে আমি কতগুলো গঠনমূলক প্রস্তাব দিয়ে বলেছিলাম যে, উত্তরবঙ্গের চা শিল্পকে কেন্দ্র করে এবং তাদের মেসিনারি সরবরাহ করবার জন্য সেখানে অনেক কলকারখানা গড়ে উঠতে পারে, বন সম্পদকে কাজে লাগিয়ে শিল্প গড়ে উঠতে পারে, কুচবিহারের তামাক এবং মালদহের রেশমকে কাজে লাগাতে পারা যায়, জলবিদ্যুৎ ব্যবস্থা এবং যোগাযোগের জন্য মোটর পার্টস ম্যানুফ্যাকচারিং ইণ্ডাষ্ট্রি করা যেতে পারে এবং তারপর মালিয়ার বিল পরিকল্পনার কথাও বলেছিলাম, তবে সেই পরিকল্পনা এখনও হয়নি।

[3-20—3-30 p. m.]

উত্তরবঙ্গের যাঁরা এখানে প্রতিনিধি আছেন তাঁরা এবং উত্তরবঙ্গের লোক সেখানে শিল্প ও শিক্ষা বিস্তারের জন্য বহুবার দাবি করেছেন। মেডিক্যাল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল ইনসটিটিউট, এগ্রিকালচারাল কলেজ এগুলি উত্তরবঙ্গে করার প্রয়োজনীয়তার কথা বারবার বলা হয়েছে কিন্তু সে সম্বন্ধে কিছু হয়নি। উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় করবেন বলে সরকার এখানে দাঁড়িয়ে ঘোষণা করেছেন কিন্তু এবারে রাজ্যপালের ভাষণে সে সম্বন্ধে উল্লেখ নেই। বিধানবাবুর বক্তৃতায় উল্লেখ নেই। তবে বাজেটে অবশ্য এক জায়গায় আছে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাদা বইটাতে, দুটো বিশ্ববিদ্যালয় হবে, তার জন্য টাকা মঞ্জুর করা হয়েছে। কিন্তু সমস্ত ঘটনা দেখে আমি সন্দিহান হয়ে যাচ্ছি কবে সেগুলি হবে?

শিল্পের দিক থেকে চিনির কল, কাগজের কল করার প্রস্তাব হয়েছিল। সে সম্বন্ধে কতদূর অগ্রসর হয়েছেন এখানে দাঁড়িয়ে মন্ত্রীরা বলে গেছেন, কিন্তু আজ পর্যন্ত তা কার্যে পরিণত হয়নি। সেগুলি কেবল সরকার মুখে মেনে নিয়েছেন। যেমন ধরা যাক বিশ্ববিদ্যালয়ের কথা—কাগজে বিভিন্ন সময় ঘোষণা করে একবার বলা হল দার্জিলিংএ করা হবে, আর একবার বলা হল জলপাইগুড়িতে করা হবে, তারপর আবার বলা হল শিলিগুড়িতে করা হবে। এতে জমির দাম বাড়ছে, জমির স্পেকুলেশান হচ্ছে, সাধারণ লোকের পরস্পরের ভিতর ঝগড়া বাধাবার ব্যবস্থা হচ্ছে। উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় হবে ঘোষণা করেছেন, বাজেটে টাকা রেখেছেন কিন্তু তার জন্য কোন বিল এল না এবং এইভাবে বিভিন্ন সময় ঘোষণা করে জনসাধারণের মনে কনফিউসান জাগিয়ে রাখার মত একটা অবস্থা করেছেন। এই জিনিসটার দরকার কি? পরিষ্কার ভাবে বলুন, এর জন্য বিল আনুন। শিলিগুড়িতে ইণ্ডাষ্ট্রিয়াল স্টেট করা হবে বলে ১৯৫৭ সাল থেকে শুনছি কিন্তু আজ পর্যন্ত তার কাজ শুরু হয়নি। শুধু তাই নয়, ইণ্ডাষ্ট্রিয়াল স্টেটের জন্য জমি খাস করার ব্যাপারে যে ভদ্রলোকের জমি কিনবেন তাঁর কাছে ভূপতিবাবুর অফিসার বহুবার যেয়ে তাগাদা দিয়ে জমি এ্যাকুইজিসানের ব্যবস্থাটা বোধ হয় ৪ বছরের পূর্বে সমাধা করলেন। আমি শুনলাম শিল্পবিভাগের লোকের কাছ থেকে যে এবছর থেকে তাঁরা কাজ শুরু করবেন কিন্তু কিছুই হয়নি। চিনির কল হবে বলে জলপাইগুড়ির চা মালিকরা বহু টাকা তুলে দিলেন, তারপর কোন খবর নেই। যাঁরা টেকনিক্যাল এক্সপার্ট তাঁরা কি কথা বলেছেন কাজেই জিনিসটা আটকে পড়ে আছে। শিলিগুড়িতে ৫ শো শয্যাযুক্ত হাসপাতাল হবে বললেন কিন্তু তা বন্ধ হয়ে

গেল, আজ পর্যন্ত কিছু দেখছি না। কাগজের কল হবে বলে এখানে ভূপতিবাবু বলেছিলেন কিন্তু আজপর্যন্ত কিছু দেখছি না। রাজ্যপালের ভাষণে বলা হচ্ছে মালদহে স্পান সিল্ক মিল করা হবে কিন্তু তার উপযুক্ত স্থান সম্বন্ধে কিছু বলা হয়নি। তারপর আমি বলে গিয়েছিলাম যে বড়শিলায় জলবিদ্যুৎ পরিকল্পনা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা উচিত কারণ, শুধু জলঢাকা দিয়ে উত্তরবঙ্গের যে বিদ্যুৎ চাহিদা তা মিটাব না। কিন্তু সেই বড়শিলা পরিকল্পনা তাঁরা গ্রহণ করেননি। দার্জিলিং এনকোয়ারী কমিটি বসিয়েছিলেন অনেকদিন আগে যার সভাপতি ছিলেন অতুল্য ঘোষ এবং কালিপদবাবু ছিলেন সদস্য, তার রিপোর্ট পাবার জন্য এই সভা বারবার দাবি করেছে কিন্তু সেই রিপোর্ট আজ পর্যন্ত পাওয়া যাচ্ছে না। মন্ত্রীরা এবং তাঁদের দপ্তর যখন শৈল বিহারে যান তখন তারা অজুহাত দেন যে পাহাড়ী জনগণের সাথে যোগাযোগ হবে, তাদের আর্থিক সাহায্য হবে, কিন্তু তাদের আর্থিক সাহায্য করবার জন্য যে জিনিসগুলি করার প্রয়োজন সেই জিনিসগুলির দিক থেকে কিছু দেখছি না। জ্যোতিবাবু যে কথা বলেছেন সে কথা খুবই ঠিক যে গঠনমূলক প্রস্তাব দেওয়াটা প্রহসনে পরিণত হয়েছে চাওয়াটা হয়েছে ভণ্ডামী। আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তৃতীয় পরিকল্পনা রূপায়ণের সময় নীচু থেকে পরামর্শ নেওয়া হয়েছিল ব্লক ডেভেলপমেণ্ট থেকে শুরু করে পরামর্শ তাঁরা চেয়েছেন ঠিকই কিন্তু কাজ কি হয়েছে? আমি জানি জলপাইগুড়ি দার্জিলিং-এর মহকুমা ডেভেলপমেণ্ট কাউন্সিল, ডিষ্ট্রিক্ট ডেভেলপমেণ্ট কাউন্সিল যেসব পরামর্শ দিয়েছেন তার প্রধান প্রধান গুলি একেবারে বাদ দেওয়া হয়েছে। কাজেই এইভাবে শুধু লোকের মনে আশার সৃষ্টি করা হয়, লোককে ধাপ্পা দেওয়া হয়, মোহ সৃষ্টি করা হয়। ডাঃ রায় বোধ হয় সম্প্রতি সদয় হয়ে আমাকে গোটাকয়েক উত্তরবঙ্গের উপদেষ্টা কমিটির সদস্য করেছেন। সরকারী নীতির সঙ্গে আমার বিরোধ থাকা সত্ত্বেও জনসাধারণের জন্য যদি কিছু করা যায় এই ভেবে কমিটিগুলিতে অংশ গ্রহণ করি।

বন্যা নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটিতে গিয়ে দেখলাম যে সেখানে সব টেকনিকাল এক্সপার্ট বসে রয়েছেন। কোথায় তাঁরা জনসাধারণের প্রতিনিধি নিয়ে পরামর্শ করে সামান্য ভাল বুঝার চেষ্টা করবেন তা না; তাঁরা আগে থেকেই বলেন এ ভাল হতে পারে না, এগুলি টেকনিকালী ফিজিব্‌ল নয় ইত্যাদি এবং কিছু জিজ্ঞাসা করলে তাঁরা চটে যান। মনে হয় তাঁরা যেন সব সময় সেখানে রেগে রয়েছেন। যেমন যেমন তাঁরা বলবেন বা করবেন সেগুলি ডিটো করাই যেন কমিটির কাজ। সে জন্য এই কমিটিতে কাজ করার উৎসাহ কারো হয় না। কংগ্রেসী সদস্য যাঁরা আছেন তাঁরাও হয়ত এ কথা বলবেন। এগুলি আমাদের নিজস্ব অভিজ্ঞতা। উত্তরবঙ্গে একটা কর্মসংস্থান উপদেষ্টা কমিটি আছে, তাদের মিটিং-এ আমি যোগ দিয়েছি। তাতে অবশ্য আপনারা খারাপ ব্যবহার করেন না, এবং সেবার ঘটনাচক্রে সাত্তারসাহেব অনুপস্থিত হওয়ায় সেই মিটিং-এ আমাকে সভাপতি করা হয়েছিল। সেই কমিটির কাজ কি? কাজ হচ্ছে কর্মসংস্থান সম্বন্ধে তারা কিছু কিছু ভাল কথা বলতে পারেন, কিছু উপদেশ দিতে পারেন, গবেষণা করতে পারেন, কিছু কাগজ-পত্র বের করতে পারেন, কিছু বই পুস্তিকা ছাপাতে পারেন কিন্তু কাজ করবার ক্ষমতা তাদের হাতে মোটেই দেয়া হয়নি। ডেভেলপমেণ্টে কমিশনারের যে মিটিং হয়, অনেক সময় সেখানে এমন হয় যে কোন এম. এল. এ. উপস্থিত হতে পারবেন কি পারবেন না সেটা খোঁজ নেয়া হয় না এবং সেখানে যে প্রস্তাব দেয়া হয় সেগুলি কার্য্যকরী করা হয় না—এই অবস্থা। তাহলে গঠনমূলক প্রস্তাব দেয়ার কথা বারে বারে বলার দরকার কি? তার চেয়ে সোজাসুজি বলুন না আমরা যা ভাববো তাই করবো, এই সত্য কথাটা বল্লে আমার মনে হয় যে অনেক জিনিস ভালভাবে হয়। আর একটা জিনিস আমি বলতে বাধ্য হচ্ছি যদিও সেটার সরাসরিভাবে আমি আজকে যে বিষয় নিয়ে বলছি সে বিষয়ের সঙ্গে সম্পর্ক নেই, অর্থাৎ রাণী এলিজাবেথ্ এখানে আসার সময় সরকার যে দাসসুলভ মনোভাবের পরিচয় দিয়েছেন সেকথা এখানে অনেকেই বলেছেন। আমি

বিশেষভাবে বলছি এই দাসসুলভ মনোভাবের ফলে এখানে যাঁরা বৃটিশ একচেটিয়া মালিক আছেন তাঁদের ঔদ্ধত্য কি রকম বেড়ে গেছে তা যদি দেখতে চান তাহলে ১৬ই ফেব্রুয়ারী তারিখের ক্যাপিটাল খুলে দেখুন। প্রথমেই বড় বড় হেড লাইনে লেখা The heart of ex-British India welcomes the Queen. সেটা আমাদের স্মরণ করিয়ে দিতে হয়। তাঁরা স্মরণ করিয়ে দেবেন যে কোলকাতা হল The heart of ex-British India এবং তারা বলতে চাচ্ছেন যে এটা সিট অব বৃটিশ বিজ্‌নেস। এ বিষয়ে বলে কোন লাভ নাই—মেনে নিলাম কংগ্রেস রাজত্বে এটা সিটি অব বৃটিশ বিজ্‌নেস রয়ে গেছে। তারা কোলকাতা সম্বন্ধে আলোচনা করে বেংগলের সভারিনিজ্‌ম সম্বন্ধে উপদেশ দিয়েছেন, মন্তব্য দিয়েছেন। তারপরে কোলকাতার মধ্যে যে বৃটিশ বিরোধী আন্দোলন চরমে উঠেছিল তার কথা বলে তারা বলেছেন which had been said need not be unsaid। এই ঔদ্ধত্য তাদের কোথা থেকে হয়? বাংলাদেশে দাঁড়িয়ে বৃটিশ বণিকেরা বাংলাদেশের বিপ্লবীদের গুণ্ডা, চোর, বদমায়েস বলে গেলেন। লাটসাহেব র‍্যাণ্ডারসন বলে গিয়েছিলেন যে এমন অবস্থান সৃষ্টি করতে হবে যাতে বিপ্লবীদের, সন্ত্রাসবাদীদের দরজা বন্ধ হয়ে যায়, প্রত্যেক লোক আঙ্গুল দেখিয়ে দেয় কিন্তু র‍্যাণ্ডারসন চলে গেছেন, আমাদের দেশ স্বাধীন হয়েছে। কাজেই এই যে সমস্ত কথাগুলি এখানে বৃটিশ বণিকেরা বল্লেন এগুলি বলবার ঔদ্ধত্য কোথা থেকে হচ্ছে? এটা বিশেষভাবে আমাকে বলতে হচ্ছে এজন্য যে সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের অর্থনীতির উপর এর প্রভাব পড়বে, বৃটিশ অফিসে যে সমস্ত কর্মচারীরা কাজ করেন তাঁদের উপর যে আচরণ, ব্যবহার তার উপর এর প্রভাব পড়বে, বিশেষ করে উত্তরবঙ্গের চা বাগান অঞ্চলে আমাদের একটা অবস্থার সম্মুখীন হতে হবে। জ্যোতিবাবু বলেছিলেন যে রাণী এলিজাবেথ এখানে এসে কয়েকজনকে ও. বি. ই. উপাধি দিয়ে গেলেন। আমি এখানে দেখাচ্ছি যে এই জিনিসটা আমাদের পক্ষে কতখানি অসম্মানজনক এবং ক্ষতিজনক। যাঁদের ও. বি. ই. টাইটল দেওয়া হয়েছিল তাঁদের ভেতর এক ভদ্রলোক আছেন ক্যাপ্টেন—তিনি ইংরাজ মালিকদের পরিচালনাধীনে ইণ্ডিয়ান টী য়্যাসোসিয়েশনের লেবার অফিসার হয়ে অনেকদিন থেকে এসেছেন।

[3-30—3-40 p.m.]

সেই সামরিক অফিসার ওখানে থাকেন ; সীমান্ত এলাকা বলে আপনারা চ্যাঁচান। সীমান্ত এলাকায় বহুদিন রয়েছে—ভূতপূর্ব সামরিক অফিসার। কাজেই সৈন্যবাহিনী যেখানে যায়, তাদের সঙ্গে খানাপিনা এক সঙ্গে হয়, যখন আমি ১৯৪৯ সালে আত্মগোপন অবস্থা থেকে ধরা পড়ে দার্জিলিং থানায় আমি কোর্টে যাবার আগে, তখন থানার ভারপ্রাপ্ত দারোগা—একটা অজুহাত দেখিয়ে তাঁর নিকটে ডাকেন। তখন এই ক্যাপ্টেন সাহেবকে দেখি তাঁর কাছে দাঁড়িয়ে আছেন। তখন তো তাঁকে জানি না পরে শুনলাম—তিনি একজন সামরিক সাহেব। তিনি Labour Welfare Officer-এর কাজ করছেন। তিনি এবার O. B. E. উপাধি পেলেন রাণীর কাছ থেকে। ইংল্যাণ্ডের অধিবাসিরা এখনো ভারতকে তাদের সাম্রাজ্য বলে মনে করেন। এই ধরনের কাজে আপনারা উৎসাহ দিয়ে যাচ্ছেন বৃটিশ মালিকদের ঔদ্ধত্যকে। স্বাধীনতার প্রথম দিকে তাঁরা ভয় পেয়েছিলেন, কিন্তু আজকাল দেখা যাচ্ছে চা বাগানের ম্যানেজার—তারাই অঞ্চলের চা বাগানের বৃটিশ ম্যানেজার বে-আইনী কাজ করে চলেছেন। সেখানকার শ্রমিকরা মিনিমাম্ ওয়েজ পাচ্ছে না। বার বার য়্যাসিষ্ট্যাণ্ট লেবার কমিশনার তাঁকে কন্‌সিলিয়াসনে ডাকছেন, অথচ তিনি আসছেন না। এই ম্যানেজারটী O. B. E. হয়েছেন। আমি সেই ম্যানেজারের সঙ্গে একবার দেখা করতে যাই—এম.এল.এ হিসেবে। তিনি বললেন—এম.এল.এ হিসেবে আপনার সঙ্গে আলাপ করতে পারি, কিন্তু আপনার ইউনিয়নের সঙ্গে সরাসরি আলাপ করবো

না। আমি বল্লাম বেশ, সেই এম.এল.এ হিসেবেই আলাপ করুন। তিনি বললেন—তবে আপনার সঙ্গে যাঁরা আছেন, তাঁরা চলে যেতে পারেন। তাঁরা ইউনিয়নের প্রতিনিধি নন—এটা মনে করবেন। তাতে তিনি বললেন—আমাদের হেড্ কোয়ার্টার থেকে আদেশ আছে। I.T.P. A.-র ভাইস্ প্রেসিডেন্টকে এ সম্বন্ধে চিঠি লিখলে তিনি ভদ্রতা করে জবাব দিলেন—আপনার সঙ্গে অভদ্রতা করে নিশ্চয়ই অন্যায় করেছে। আপনার চিঠিতে সেই অভিযোগ করেন নাই। আপনার সঙ্গী যাঁরা ছিলেন—তাঁরা যেভাবেই থাকুন তাঁদের উপস্থিতিতে আলাপ করলে তাদের ইউনিয়নের অস্তিত্ব স্বীকার করে নেওয়া হয় না, এ্যাসিষ্ট্যাণ্ট লেবার কমিশনারের মারফৎ আলাপ আলোচনা করাই আমাদের নীতি। এ থেকে বৃটিশ চা বাগানের মালিকদের কি ঔদ্ধত্য বেড়ে যাবে না? সাত্তার সাহেবকে এমনিই তাঁরা মানেন না, এর পরে আরো মানবেন না। এর পরে Meanglas —ডুয়ার্সের চা বাগানেও এ জিনিস এখনো বার করা হয়ে থাকে—সেখানে তাদের কোন মিটিং করতে দেয় না। I. T. P. A.-এর সঙ্গে উইনিয়নের যে standing order-এ এই অধিকার স্বীকৃত হয়েছে—কাজের সময় ছাড়া factory এলাকায় ছাড়া অন্য জায়গায় শ্রমিকরা মিটিং করতে পারবেন। এই সব সাহেবদের বাগানে মিটিং করবার জন্য শ্রমিকদের উপর বহু রকম হামলা তাঁরা করেছেন—ঝাণ্ডা ছিঁড়ে ফেলেছেন। সেখানে একজন মহিলা কর্মী—তিনি কিছুদিন আগে সেখান থেকে কর্মচ্যুত হয়েছেন। সেই মহিলা ইউনিয়নের মিটিং-এ গিয়েছেন বলে তাঁর স্বামী শ্রমিকের বিরুদ্ধে চার্জশীট্ দেওয়া হয়েছে—কেন তার স্ত্রী মিটিং-এ গিয়েছেন?

রাণী এখানে এসেছেন, তিনি বিদেশী রাষ্ট্রের প্রধানা হিসেবে সম্মান পেতে পারেন, সম্মান দেখাতে পারেন, সমস্ত রাষ্ট্রের সঙ্গে বন্ধুত্ব সম্পর্ক রাখা উচিত, ব্যবসা-বাণিজ্যের সম্পর্কও রাখা উচিত। সেই ভাবে যা প্রয়োজন হয়, তাই করুন। কিন্তু আপনারা তার সঙ্গে সঙ্গে যে সমস্ত জিনিস করেছেন, তা জাতীয় মর্য্যাদার পক্ষে চূড়ান্ত অবমাননাকর—শুধু নয়, তার ধাক্কা আমাদের দেশের উপরও পড়বে। এই জিনিস পরিষ্কার করে বলে দেওয়া উচিত সরকারকে—যে সরকার যে ভাবে, যে নীতি নিয়ে চলেছেন, সেটা আদৌ দেশের পক্ষে কল্যাণকর নয়। কাজেই আমাদের বাজেট বক্তৃতার শেষ দিক দিয়ে আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে অনেক কিছু দুঃখ কষ্টের কথা বলেছেন যে We have tried our best to look to the interest of the less privileged section of the community.

কিন্তু বাস্তব অভিজ্ঞতায় হচ্ছে তার উল্টো। তাঁরা যা করছেন সেই জিনিসগুলি সম্পূর্ণভাবে একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠীর জন্য, একচেটিয়া পুঁজিপতি গোষ্ঠী বললে ভুল হবে, বৃটিশ একচেটিয়া পুঁজিপতি প্রধানতঃ চা বাগানের মাড়োয়ারী গোষ্ঠী. যে ধরনের অবস্থা সৃষ্টি করছেন, তার ফলে এই দুর্বিষহ অবস্থার উদ্ভব হয়েছে, অবশ্য সরকারকে বলে কিছু হয় নাই, একটা কোম্পানী যা সাহেব কোম্পানী থেকে হাত বদল হয়ে গেছে—যাঁরা সেটা কিনে নিলেন, আগে শ্রমিকরা যে বেতন পেতেন, এখন তাঁদের অনেক নিম্নহারে বেতন দেওয়া হচ্ছে। এই নিয়ে বহুবার সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে; কিন্তু আজ পর্য্যন্ত শ্রমদপ্তর থেকে এ বিষয় কিছু করা হয় নাই। এইযে পরিস্থিতি এই জিনিসগুলির সম্পূর্ণভাবে তাদের মুখোস খুলে দেওয়া দরকার। বাজেটের মধ্যে টাকা খরচের যে পরিকল্পনা নেওয়া হয়েছে, তাতে এটা যে জনকল্যাণমূলক বাজেট নয়, জনস্বার্থ-বিরোধী বাজেট এটা বলতে আমি বাধ্য হচ্ছি।

Sri Tarapada Chaudhuri:

মিঃ স্পীকার স্যার, আজকে আমাদের অর্থমন্ত্রী যে সুচিন্তিত বাজেট পেশ করেছেন তারজন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি। আমি এই বাজেটকে খুব পুঙ্খানুপুঙ্খ রূপে বিশ্লেষণ করে অনেক কিছু দেখেছি যে অন্ততঃ এটা একটা welcome departure from

conventional presentation of the budget. কারণ এখানে আজকে তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার প্রথম বছরে অত্যন্ত গুরুত্বপূর্ণ অবস্থা সৃষ্টি হয়েছে। দুটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা পরিসমাপ্তির পরে এবং তার সেই পরিপ্রেক্ষিতে বাংলা দেশের যে সমস্যা এবং তার যে সমাধান তার জন্য dynamic programme দরকার। আজকে আমরা যে economic theory of western country, তার খানিকটা অনুসরণ করে চলেছি, এ কথা অস্বীকার করি না। তা যদি অনুসরণ করি তাহলে সেখানে দেখা যাবে ১৯৫২ সালে চায়না, ইণ্ডিয়া এবং কতিপয় দেশে, এটাকে তাঁরা অভিহিত করেন take off stage বলে। এই perspective এ Third Five Year Planকে যদি আমরা take off stageএ গণ্য করি তাহলে আমাদের প্রয়োজন কি আছে? তার জন্য প্রয়োজন আছে—self-sustained growth আনবার জন্য take off stage এবং যেখানে খুব বেশী রকম accelerated growth হওয়া দরকার। There must be bold and ambitious approach আজকে আমাদের এই Third Five Year plan—bold approach হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। অবশ্য বিধান সভায় বিতর্কের ভিতর নানা দিক থেকে, নানা সমালোচনা হয়েছে। কিন্তু একটা জিনিস আমাদের বিচার বিশ্লেষণ করবার, সেখানে লক্ষ্য করবার রয়েছে,—এই যে accelerated growth, এটা কেমন করে সম্ভবপর হবে? তাকে self-sustained growth-এ নিয়ে যাবার জন্য, Third Five Year Plan এর উপর একটা automatic growth হবে whether there is planning or not. আমরা অবশ্য স্বীকার করিনা যে প্ল্যানের প্রয়োজন হবে না। কিন্তু অনেক অর্থনীতিবিদ জানেন এই self-sustained growth, নিশ্চয়ই এমন একটা stage আসবে যখন Planning-এর প্রয়োজন অত্যন্ত কম হবে। এবং তারই জন্য আজকে আমাদের সারা ভারতবর্ষে প্ল্যানিং গ্রহণ করা হয়েছে এবং তাতে সবচেয়ে বেশী গুরুত্ব দেওয়া হয়েছে। আমাদের—এখানে থার্ড-ফাইভ-ইয়ার-প্ল্যানিং-তে দেখছি—সবচেয়ে বেশী গুরুত্ব দেওয়া হয়েছে agricultural production ও mining, irrigation-এর উপর। এবং সেখানে প্রায় ৬৮ কোটী টাকা খরচের ব্যবস্থা হয়েছে।

[3-40—3-50 p.m.]

তারপর Animal Husbandry-তে ১২ লক্ষ ১৫ হাজার টাকা এবং Village Smallscale Industry-তে দেওয়া হয়েছে ১০ কোটি ৬২ হাজার, Irrigation and power-এ ৭৯ কোটি ৮৫ লক্ষ টাকা, Education-এ দেওয়া হয়েছে ৩৬ কোটি ৭২ লক্ষ টাকা এবং special project-এ দেওয়া হয়েছে ৪০ কোটি টাকা—অর্থাৎ ৩৪১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই বাজেট speech-এ আমরা বুঝেছি এটা total resources in sight আমাদের সবশুদ্ধ ২৫০ কোটি টাকা এবং এই যে gap in resources কেমন করে filled হবে এটাই হল প্রশ্ন। আজকে এই যে gap in resources এটা fill up করবার জন্য কি কি প্রয়োজন আছে, কেন হবেনা এ সম্বন্ধে তাই আমাদের অর্থমন্ত্রী যে চিত্র উদ্ভাসিত করেছেন তাতে সারা বাংলায় কাজ হচ্ছে তাতে আজকে constitution-এ যে বিধান আছে সেই frame work, institutional work সম্বন্ধে প্রশ্ন আসছে, আজকে পূর্ববর্তী কয়েকটি বাজেট আলোচনা করে গত ৪ বছর আমরা আলোচনা করে এটাই বোধ হয় সর্ববাদীসম্মত ধারণা করেছি যে কোন রকমে একটা set up করে Financial Commission করে বাংলাদেশের প্রতি জঘন্য অবিচার করা হয়েছে তার জন্য আমরা বার বার প্রতিবাদ জানিয়েছি। কিন্তু একথা বলবো যা দেখতে পাচ্ছি centre function এবং allocation যা তাতে কি এটাই মনে হয় না যে centre এবং state এর মধ্যে functions এবং allocation-এর বিরাট পার্থক্য? centreএর function কম resources বেশী এবং state-এর

functions বেশী কিন্তু resources কম। আজকে Finance Commission যা বসানো হয়েছে তাতে আমরা যে allocation হয় তা দেখার দরকার আছে আজকে এই allocation সত্যকারের needs দেখে হচ্ছে কিনা-নাকি এলোমেলোভাবে per capita theory নিয়ে করা হয়েছে। আজকে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত যে বাংলাদেশ যে কাঠামোর মধ্যে কাজ করছে তার কোন দিন উন্নতি সম্ভবপর হবে না যদি না function and resources under the constitution revision না করা হয়, 3rd Finance Commission বাংলাদেশের উপর যে অবিচার করেছে তার যদি পরিসমাপ্তি না ঘটে। আজকে Partition, world war এবং 1943-র famine-এর জন্য সারা বাংলা এবং বাঙালী জাতি চরম পরিস্থিতির সম্মুখীন হয়েছে কাজেই আজকে আমাদের এখান থেকে সবচেয়ে বড় দাবি উপস্থাপিত হউক, এবং আমি বলবো আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী যে facts and figures আমাদের কাছে প্রমাণ করতে চাচ্ছেন তাতে বাংলাদেশের যে অবস্থা বাংলার যে সমস্যা তার সমাধান করা সম্ভবপর হবে না কেননা আমার মনে হয় আজকে কেউ disagree করবেনা in this House সত্যকার যে framework, যতক্ষণ এর মধ্যে কাজ করতে হয় তাতে বহু সমস্যা আছে—শুধু unemployment in labour নয়, middle class unemployment এরও বিরাট সমস্যা রয়েছে।

আজকে নানা দিক থেকে, চার দিক থেকে, আমাদের উদ্বাস্তু সমস্যা এবং অন্যান্য সমস্যা ঘিরে আমাদের এমন অবস্থার মধ্যে এনেছে, আপনারা কি বিশ্বাস করেন আজকে এই যে figure তুলে ধরেছেন যে 58'5 percent আমাদের Third Five Year Plan-এ increase হয়েছে compared to other States হয়েছে, যেমন Rajasthan-এ 174 ইত্যাদি এই যে figure-গুলি দিয়েছে, এগুলি কি বৃথাই দিয়েছে? সুতরাং Third Plan-এ outlay কেন বেশী provide করবেন না বাংলা দেশের জন্য। আমি জানিনা, কিন্তু আজকে এখানে আমাদের একযোগে, দলমত নির্বিশেষে আওয়াজ উঠানো দরকার যে বাংলা দেশকে বাঁচাতে হলে এই বাজেট speech-এ যে সমস্ত সমস্যার উদ্‌ঘাটন করা হয়েছে, যে আর্থিক কাঠামোর চরিত্র ফুটিয়ে তুলেছেন সেই আর্থিক কাঠামো যদি আজকে সংস্কার না হয় as between the Union and States তাহলে যতই Finance Commission করুন না কেন তা হওয়া সম্ভবপর নয়। কাজেই আজকে আমি বলছি, আমরা যে চিত্র দেখছি তাতে আমার নিজের ধারণা Third Five Year Plan-এ বা কোন planning period-এ minimum variant এবং maximum variant অর্থাৎ minimum variant, যার কমে চলে না এবং maximum variant অর্থাৎ আরো বেশী, further productivity বাড়াবার জন্য যে planning বা পরিকল্পনা এই দুই এর একটা ধারণা থাকা দরকার। আমার নিজের মনে হচ্ছে এই যে planning চলছে এই planning-এ আমি ঠিক একমত নই। একটা বিষয় এই minimum variant and maximum variant অর্থাৎ plan period-এ আমরা পরিকল্পনা করতে চলেছি কিন্তু right plan যদি করা যায় তাহলে সেটা defective হয় এবং অনেক অসুবিধা হয়। যদিও financial resources থেকে এই planning করা হয় কিন্তু যেভাবে planning হয় তাতে আমার নিজের মনে হয় planning হবে First Five Year Plan, Second Five Year Plan, Third Five Year Plan, Fourth Five Year Plan—let there be parts of a continuous plan। প্রথম বৎসরের পর next year-এ যে planning হবে সেটা আগের এই পরিপ্রেক্ষিতে planning হবে। আমাদের Five Years' resources এবং five years' planning একসঙ্গে হবে এবং তাতে এমন কতকগুলি uncertainties and factors আছে যে তার জন্য অনেক অসুবিধা হতে পারে। কাজেই আজকে planning five years করুন কিন্তু একটা approximate, মানে let there be enough room for

variation। এবং Second Five Year Plan and First Five Year Plan-র মধ্যে gap ছিল না। এবং Second plan-এর যে review in this State করেছেন তাতে convinced হবে যে আমরা একটা meet করছি। আমি এখানে একটা জিনিস তুলে ধরতে চাই। আমাদের Review of the Second Five Year Plan as a whole-এর প্রতি বিশেষভাবে আমি প্রত্যেক সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে Budget speech-এ দেওয়া হয়েছে যে 64·4 crores State-কে দিয়েছে। আমাদের প্রথম দেবার কথা ছিল 59 Central assistance অর্থাৎ 42 percent State আর 58 percent Centre। whereas যখন খরচ হল তখন দেখা গেল 79·8 crores, অর্থাৎ State 51 percent and 75·3 Centre অর্থাৎ Centre দিচ্ছে 49 percent। সুতরাং plan-এ দেখছি যেখানে 42 percent State and 58 percent Centre-র দেবার কথা ছিল সেখানে দেখছি State দিয়েছে 5¾ percent। আর এই 4¾ percent কি ভাবে Centre-কে দেবেন তাও বলেছেন by additional taxation 34 crores raise এবং net contribution to plan expenditure from Revenue as against 8·1 crores। কাজেই Second Five Year Plan-র যে চিত্র দিয়েছেন তাতে দেখছি যে State-র পক্ষে কোন কার্পণ্য হয়নি। বিরাট ভাবে Second Five Year Plan-কে successful করার জন্য সেখানকার resources ব্যবহার করার জন্য তাদের কোন রকম ত্রুটি হয়নি।

[3-50—4 p.m.]

Taxation-এ at the same time contribute করেছে Revenue Account-এ 34 crores। কাজেই Centre-এর বলবার অধিকার নাই যে তুমি কমার প্রচেষ্টা করোনি অর্থাৎ আমরা যেমন matching contribution চাই তেমনি আমরাও একটা certain percentage দেব। কাজেই Second Plan সম্পূর্ণরূপে প্রমাণ করে দিয়েছে—Working cost of the Second Five Year Plan.

Centre-এর কোন right নাই যে সত্যিকারে আমরা adequate reserves ধারণ you feel slow to tax. কাজেই Centre-এর বলবার কিছু নাই। আজকে আমি Centre সম্পর্কে এই কথা বলব যে, Centre-এর এই দৃষ্টিভঙ্গি আমাদের উৎকণ্ঠিত করে তুলেছে—তারা যে attitude নিয়েছেন, সেই attitude-এর বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। বাংলা-দেশের এ প্রচেষ্টা সত্ত্বেও Centre-এর দৃষ্টিভঙ্গি সত্যিকারে helpful নয়, rather most un-progressing.

আজ আমাদের পশ্চিম বাংলার বহুবিধ সমস্যা রয়েছে। আজ যদি এই সব সমস্যা solve করতে হয়, solution of all the problems of this Problem-State and the solution of the processions of the State of Procession.

আজকে যদি বাংলাদেশকে, বাঙ্গালী জাতিকে বাঁচতে হয়, ও বাঁচাতে হয় যদি তারা স্বীকার করেন যে, বাংলা ও বাঙ্গালী জাতির বাঁচবার অধিকার আছে—তাহলে আমি বলব Centre—এর এই দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা দরকার। তাহলে আমি বলব, They should make an approach to solve the problems of the economy of the State.

তারপর, কলিকাতা সহরের যে বিরাট সমস্যা আমাদের সামনে এসেছে, এবং এই সম্পর্কে World Bank Mission থেকে যে team এসেছেন তারা সকলেই বলছেন এবং তারা সকলেই এ সম্পর্কে একমত যে, this is the greatest drawback of the Third Five Year Plan। Third Five Year Plan-এ যে কলকাতার বিরাট problem তা neglect

করা হয়েছে। এই মহানগরীর যে problem-তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং শুধু তাই নয়, আজ কলকাতা সহর বাড়ছে because of the industries in and around.

আজকে আবার তার সংগে বাড়ছে আসানসোল এবং দুর্গাপুর এবং সেখানে দেখছি কিছুদিন পূর্বে President of the Bengal Chamber of Commerce, Mr. Willlams যে অভিভাষণ দিয়েছেন, তাতে আপনারা দেখতে পাবেন আজ বাংলাদেশে সত্যিকারের industrialisation-এর vast scope আছে, এবং তার সাথে সাথে subsidiary industry তৈরী করছে। এটা যদি করা যায় তাহলে অনেক সমস্যার সমাধান হতে পারে। At the same time আজকে যদি manufacturing industries তৈরী করা হয় এবং consumption goods যদি produce করা যায়, এবং quick yielding of consumption goods হয় তাহলে সেখানে employment potential বৃদ্ধি পেয়ে economic improvement আসবে এবং একটা flow আসবে যে, আজকে rural area-এর বুকে যে population-এর চাপ আছে সেটা কমবে যদি urban area-তে development of industries হয়। কাজেই আজকে কলকাতা এবং কলকাতার আশেপাশে যে hinterland, সেই hinterland-এ সত্যিকারের self-sustained economy এবং শুধু বাংলাদেশেই নয় সারা ভারতবর্ষে; এই self-sustained economy grow করতে help করবে যদি আমরা গড়ে তুলি এই শিল্পাঞ্চলকে। কাজেই আমি বলি, এই যে ১০ কোটি টাকা ডাঃ রায় বাজেটে allot করেছেন, সেই allotment প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রচুর। আজকে তিনি বৈদেশিক সাহায্যের আশ্রয় নিচ্ছেন—২০০/২৫০ কোটি টাকা পর্যন্ত—এবং আশা করছেন এবং আমরাও আশা করি যে, বৈদেশিক প্রতিষ্ঠান সমূহ থেকে এই সাহায্য আমরা নিশ্চয়ই পাব। কিন্তু প্রথমেই দরকার হচ্ছে এটা গড়ে তোলা, বাংলাদেশের economy-র এই peculiar condition অর্থাৎ কলকাতা এবং কলকাতার আশেপাশের শিল্পাঞ্চল ধীরে ধীরে বৃদ্ধিপ্রাপ্ত হয়ে এখানে একটা বিরাট আকর্ষণ সৃষ্টি হয়েছে এবং আজকে পূর্বাঞ্চলে ভারতবর্ষের সমস্ত economy-কে প্রভাবান্বিত করছে। কাজেই প্রসংগত আমি একটা জিনিষ বলব এখানে agricultural production-এর বিষয়ে—agricultural production-এ আমরা দেখছি যে, in 1957 আমাদের লক্ষ্য ছিল 80 million tons, কিন্তু আজকেও আমরা 75 million tons-এ পৌঁছাতে পারেনি এবং despite all our pronouncements import of foodgrains has not been ceased nor there has been reduction in the import of foodgrains.

এখনো বিদেশ থেকে foodgrains আসছে এবং তার জন্য আমাদের food production-এর যে চিত্র তা satisfactory নয়। কাজেই আজকে যদি এই programme-কে satisfactory করতে হয় তাহলে এই যে Community Development agency করেছেন এই agency-কে পুরোপুরি কার্যকরী করতে হবে। আমরা বহু extension farm করেছি, Community Block, seed farm—ইত্যাদি অনেক কিছুই আমরা করেছি, but in spite of this আমরা এখনো 75 million tons-এ পৌঁছাতে পারিনি। কাজেই এই supply and service to farmer যদি আমরা দিতে পারি—credit, and the organisation set up for this, community development agency-এর মাধ্যমে distribution of seeds and fertilizers যদি timely and in adequate quantity দিতে পারি তাহলে agricultural production বাড়তে পারে। Agricultural production অন্ধ্রপ্রদেশে 41% বেড়েছে, আমাদের বাংলাদেশে বাড়বেনা? কিন্তু আজকে community development agency যে শ্লথ গতিতে চলেছে, সেই রকম শ্লথ গতিতে চল্লে পর the whole plan will collapse। আমি আবেদন করি অত্যন্ত আন্তরিকতার সংগে food production

successful করুন, যে সমস্ত agencies concerned আছে যেমন C D. and Co-operative and other agencies, এদের মাধ্যমে dynamic programme নিয়ে কার্যে তৎপর হন।

Shri Sunil Das :

মাননীয় স্পীকার মহাশয়, আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সভ্য তারাপদ চৌধুরী মহাশয়ের সঙ্গে আমি একমত হতে পারলে অত্যন্ত খুসী হতাম, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে তাঁর মত একজন বিচক্ষণ, বুদ্ধিমান সদস্য এই বাজেটের ভিতর self sustaining growth-এর কোথায় স্বাক্ষর পেলেন তা বুঝতে পারলাম না। Self sustaining growth বাজেটের মধ্যে বিন্দুমাত্র দেখতে পেলাম না—এসম্পর্কে আমি পরে আলোচনা করছি। তার পূর্বে আমি বলতে চাই মাননীয় মুখ্যমন্ত্রী সারা ভারতবর্ষের কতকগুলি সূচক আমাদের সামনে তুলে ধরেছেন। ভারতবর্ষ এবং পশ্চিমবাংলার বৈষয়িক উন্নতির যে চিত্র দেবার চেষ্টা করেছেন তার সবটা তিনি আমাদের বলেননি।

[4—4-10 p. m.]

সূচক তিনি আমাদের সামনে তুলে ধরেছেন। কিন্তু সেই সূচকের পেছনে যে শূলগুলি সাধারণ মানুষের জীবনে উঁচিয়ে আছে সেগুলিকে তিনি অনুচ্চারিত রেখে গেছেন এবং তা করে তিনি সাধারণ মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। এমনকি তারাপদবাবুর মতন বুদ্ধিমান লোককেও বিভ্রান্ত করেছে। স্যার, এখানে পার ক্যাপিটা ইনকামের কথা বলা হয়েছে। এই পার ক্যাপিটা ইনকাম ১৯৩০-৩১ সালের মূল্যমানের তুলনায় আজ বেড়েছে কিনা সন্দেহ। এ বিষয়ে ডাঃ ভি. কে. ভি. আর. রাও-এর যে হিসাব সেই হিসাব থেকে দেখা যায় যে ১৯৩১ ৩২ সালে পার ক্যাপিটা ইনকাম যেখানে ছিল আজও সেখানে রয়ে গেছে। ডিষ্ট্রিবিউশানের ক্ষেত্রে সরকার পক্ষ থেকে আজ পর্যন্ত তদন্ত সুরু হয়নি—শুধুমাত্র প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। সেই ডিষ্ট্রিবিউশানের একটা হিসাব আমাদের কাছে এইচ. এফ. লাইডাল দিয়ে রেখেছেন। ১৯৫৫-৫৬ সালে যে আয় হয়েছে সেই আয়ের হিসাবে দেখা গেছে যে আমাদের জনসংখ্যার ৮৬% ৬০'৪% ইনকাম enjoy করছেন ; জনসংখ্যার ১৪ ভাগ ৪০% enjoy করছেন এবং উপরতলায় ৫% enjoy করছেন 24% of the total incomeএর বাকীটা অন্য লোকে enjoy করছেন। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয় কিছু এখানে বলেননি। ১৯৫১-৫২ থেকে ১৯৫৮-৫৯ সালের মধ্যে টাকার ক্রয় ক্ষমতা প্রতি বছরে মানুষ প্রতি শতকরা এক ভাগ কমে গেছে। গত অক্টোবর মাসে শিল্পপতি জে. আর. ডি. টাটা টাটা আয়রন এণ্ড ষ্টীল কোম্পানীর সাধারণ বার্ষিক সভায় বলেছেন যে ৫ বছরে টাকার মান ৩৫% কমে গেছে। কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় এর কোন প্রতিবাদ করেননি, বরং সে সংবাদ তিনি চেপে গেছেন যাতে একটা বিভ্রান্তিমূলক চিত্র তিনি এখানে দিতে পারেন। এর ফলে হচ্ছে যে একদিকে চটকদারী টেলিভিসন, বড় বড় গাড়ী, রেডিও ইত্যাদি আসছে, আর একদিকে বঞ্চনা। প্রফেসর নারকৃসে (Narkse) যিনি underdeveloped economy-র একজন বিশেষজ্ঞ তিনি বলেছেন যে underdeveloped দেশে তীব্র বৈষম্যের ফলে demonstrative effect দেখা দেবে অর্থাৎ বাহিরে খুব চটক, আর ভেতরে ফাঁপা। আজকে ভারতবর্ষে—বিশেষ করে বাংলাদেশে নারকৃসের সেই 'demonstrative effect' দেখে আমাদের চোখ যেন না ঝলসায় এবং আমরা যেন বাজেটের অন্তসারশূন্যতা বিশেষ করে বুঝতে পারি। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের যে বাজেট সেই বাজেটের gross expenditure এবং তার সঙ্গে recovery-র—recovery for reduction of expenditure-এর একটা রেসিও রয়েছে। সেই রেসিও-তে আমরা দেখতে পাচ্ছি যে ১৯৫৭-৫৮ সালে সেই রেসিও ১৩%

ছিল। Gross খরচের কত ভাগ recovered হয়ে সেই খরচ কমিয়ে দিচ্ছে। অর্থাৎ ১৯৫৭-৫৮ সালে ১৩% ১৯৫৮-৫৯ সালে ৫৮% ১৯৫৯-৬০ সালে ২৬% ১৯৬০-৬১ সালে ২০% এবং ১৯৬১-৬২ সালে ১৬% । এইভাবে যত আমরা অর্থ বিনিয়োগ করেছি তার চেয়ে অনুপাতে recovery খুব কম হচ্ছে। এবার ১৯৮ কোটি টাকা আমরা গ্রস খরচ করেছি, আর রিকোভার করেছি। এইভাবে দেখা যায় যে, ৫৭-৫৮ সাল থেকে ৬১-৬২ পর্যন্ত খরচের মাত্রা ১২৬ কোটি টাকা থেকে ১৯৮ কোটি টাকায় পৌঁছেছে অর্থাৎ ৫ % বেড়েছে। ১৯৫৭-৫৮ সাল থেকে ১৯৬০-৬১ সাল পর্যন্ত recoveries বেড়েছে মাত্র ৩০% এটা কি ভাবে হল মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের কাছে বিশ্লেষণ করবেন। এর ফলে আমরা দেখতে পাচ্ছি যে বাজেট মোটেই self-generating নয়। Self-generating যদি হোত তাহলে recoveries-এর পরিমাণ বাড়ত। কারণ ৫৮-৫৯ থেকে ৬১-৬২ এই ৪ বছরের এভারেজ Gross expenditure যদি ধরা যায় তাহলে সেই দেখা গেল এই চার বছরে average Gross expenditure বেড়েছে ৪৯% আর average recoveries দাঁড়িয়েছে ২৫%।

মিঃ স্পীকার স্যার, আমাদের বাজেটে দেখা যাচ্ছে যথারীতি ট্যাক্স রেভিনিউ, গ্রান্ট-ইন-এইড এবং শেয়ার অব সেন্ট্রালী-লেভিড ট্যাক্স-এর পরিমাণ বেড়ে যাচ্ছে এবং অপর পক্ষে রিসিপ্টস্ ফ্রম আদার সোর্সেস কমে যাচ্ছে। তারপর এবারের বাজেটে দেখছি স্টেট রুপি বইটা উঠিয়ে দেওয়া হয়েছে, তবে তার যেখানে পারসেন্টেজ কথা থাকে তার একটা পৃষ্ঠা থাকলে ভাল হয়। অবশ্য এখন যদিও আমরা ট্যাক্স রেভিনিউ এবং নন ট্যাক্স রেভিনিউ পরিশ্রম করে অঙ্ক কষে বার করে নিচ্ছি তবে আশা করি এটা বসিয়ে দেবেন। যা' হোক, এখন মুস্কিল হচ্ছে যে, রিডিষ্ট্রিবিউটিভ্ এক্সপেণ্ডিচারগুলো হয় কমে যাচ্ছে আর না হয় এই খাতের বরাদ্দগুলি সরকার খরচ করতে পারছে না। কেননা দেখা যাচ্ছে যে সোস্যাল সার্ভিস, এডুকেসন, এগ্রিকালচার, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, স্লাজ ক্লিয়ারেন্স, ইণ্ডাষ্ট্রিয়াল হাউসিং প্রভৃতির জন্য সমস্ত রিডিষ্ট্রিবিউটিভ এক্সপেণ্ডিচার অব্যয়িত অবস্থায় থেকে যাচ্ছে। অথচ ডেট সার্ভিসিং এবং ডেট বেড়ে যাচ্ছে। তারপর ইনভেস্টেড ক্যাপিটাল এর রিটার্ণ কমে আসছে, ষ্টেট এণ্টারপ্রাইজ-এর ২১টির মধ্যে ১৩টিতে লোকসান হচ্ছে এবং ২৮ কোটি টাকা বিনিয়োগ করে ৬১-৬২ পর্যন্ত ৭০ লক্ষ টাকা লোকসান দেবে এবং সবচেয়ে ভাববার বিষয় যে, যে দুর্গাপুর প্রোজেক্ট আমাদের সবচেয়ে বেশী আশার স্থল সেখানে প্রতি বছরই লোকসান হচ্ছে। তারপর সেকেণ্ড প্ল্যান এক্সপেণ্ডিচারের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে রিডিষ্ট্রিবিউটিভ খরচের সর্টফল হয়েছে এবং তার উদাহরণ স্বরূপ এগ্রিকালচার, মাইনর ইরিগেসন, ল্যাণ্ড ডেভেলপমেন্ট, এনিম্যাল হাস্‌বেণ্ডারী, ফরেষ্ট, সয়েল কন্‌জারভেসন, ন্যাসনাল এক্সটেন্‌সন্ সার্ভিস এ্যাণ্ড কমিউনিটি ডেভেলপমেন্ট, ভিলেজ এ্যাণ্ড স্মল ইণ্ডাষ্ট্রি, হেল্‌থ্, ওয়েলফেয়ার অব ব্যাকওয়ার্ড ক্লাসেস্, লেবার এ্যাণ্ড লেবার ওয়েল-ফেয়ার, হাউসিং প্রভৃতির কথা বলা যায় এবং হাউসিং-এ ৭ কোটি ৬০ লক্ষ টাকার মধ্যে মাত্র ৪ কোটি ৫৩ লক্ষ টাকা খরচ হয়েছে, মাইনর ইরিগেসন এবং ল্যাণ্ড ডেভেলপমেন্ট-এ ৮ কোটি ১৫ লক্ষ টাকার জায়গায় ৬ কোটি ৩৪ লক্ষ টাকা খরচ হয়েছে এবং ভিলেজ এ্যাণ্ড স্মল ইণ্ডাষ্ট্রি-তে ৭ কোটি ৭০ লক্ষ টাকার জায়গায় ৫ কোটি ৯২ লক্ষ টাকা খরচ হয়েছে। কাজেই আজ দেখছি যে, বাংলাদেশের গ্রামের মানুষ এবং যারা সমাজের নিম্নস্তরে রয়েছে তাঁরাই সরকারী কার্পণ্য এবং উদাসীনতার টার্গেট হয়ে নানারকম বঞ্চনা ভোগ করছে। স্যার, অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, এবারে ৫৩·৫১ লক্ষ টন চাল উৎপাদন হবে। কিন্তু মাইনর ইরিগেসন-এর ক্ষেত্রে যদি টাকা ব্যয় করা না হয় তাহলে কি নিশ্চয়তা আছে যে প্রকৃতি আমাদের প্রতি বছর বছরই সদয় হবে? তবে শুধু তাই নয়, ভূমি সম্পর্কে যখন অনিশ্চয়তা রয়েছে তখন ফলনের ব্যাপারেও অনিশ্চয়তা রয়েছে কেননা ভূমির সঙ্গে ফলনের সম্পর্ক রয়েছে। তারপর রুরাল ক্রেডিট-এর সম্পর্ক এর সঙ্গে জড়িত রয়েছে, কিন্তু সেই রুরাল ক্রেডিট-এর ক্ষেত্রে দেখছি যে

কৃষক মাত্র তার ১৪ ভাগ সরকারী সূত্র থেকে পায় আর বাকী ৮৬ ভাগের জন্য তাঁদের জোতদার, মহাজন এবং চাল কল মালিকদের উপর নির্ভর করতে হয় এবং এর ফলে দেখা যায় যে কৃষক এই ৮৬ ভাগ ঋণ নিয়ে আরও শোষিত হচ্ছে অথচ সরকার তার জন্য কোন ব্যবস্থা করেনি। স্যার, এই থেকে আপনি চিন্তা করে দেখুন যে, গ্রামীণ জীবনের সঙ্গে যাদের সম্পর্ক রয়েছে তারা কি অবস্থায় এসে দাঁড়িয়েছে। তারপর কমিউনিটি ডেভেলপমেণ্ট এবং এন. ই. এস্. ব্লক-এর দ্বারা গ্রামীণ জীবন উন্নত করার যে কথা ছিল তা' ব্যর্থ হয়েছে। কেননা সেকেণ্ড প্ল্যানে যেখানে এই খাতে ১৪ কোটি ৬৬ লক্ষ টাকা ব্যয় করার কথা ছিল সেখানে মাত্র ৯ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। তবে সর্বভারতীয় ভিত্তিতে দেখা যাচ্ছে যে ১৯৫৬-৫৭ সালে মাথাপিছু ১৮২৩ টাকা থেকে ১৯৫৮-৫৯ সালে মাথাপিছু ২৩৯৬ টাকা খরচ হলেও এই ব্লকের হেড কোয়ার্টার্স-এর জন্য যেখানে ব্যয় হয়েছে ২৬% সেখানে ইরিগেসন এ্যাণ্ড রিক্লামেসন-এর জন্য ২১%, এডুকেসন ১১%, কমিউনিকেসন ৮% এবং ভিলেজ ইণ্ডাষ্ট্রিস্ এ্যাণ্ড হাউসিং-এর জন্য বিন্দুমাত্র খরচ হয়নি।

[4-10—4-20 p. m.]

এবং Seventh Evaluation Report-এ দেখতে পাচ্ছি যেগুলি cultivable land তার 5 per cent থেকে 10·9 per cent জমি double-cropping-এর জন্য ব্যবহৃত হয়েছে। এই হল Community Development Evaluation report। V.L. Mehta কমিটি 'on credit structure in community development' তাদের report-এ বলছেন যারা গ্রামে থাকে, যাদের অর্থ সঙ্গতি আছে এই রকম influential section of the people co-operative-এর সমস্ত সুযোগ নিচ্ছে। কিন্তু যারা বাংলার ৬ লক্ষ ভাগচাষী, ৭॥ লক্ষ ভূমিহীন এবং ১২ লক্ষ পরিবার যারা সামান্য জোতের মালিক যাদের ৩ একরের কম জমি রয়েছে এই যে ২৬ লক্ষ পরিবার তাদের অবস্থা যেখানে ছিল তার চেয়ে আরও নিম্নগামী হয়েছে। এই হ'ল গ্রামের ছবি। শহরের কথা বেশী বলব না, সে সম্বন্ধে বারবার এখানে আলোচনা হয়েছে। স্যার, আপনি জানেন বেকার সংখ্যা বেড়েছে। ১৯৪৮ সালে যেখানে ফ্যাক্টরিতে দৈনিক ৬ লক্ষ ৭৮ হাজার ৭ শত ১ জন শ্রমিক কাজ করত সেখানে ১৯৫৯ সালে ৬ লক্ষ ৭৫ হাজার ২ শো ৯ জন কাজ করছে। কারখানা বেড়েছে, কোম্পানী বেড়েছে অথচ বেকার বেড়েছে এবং মেয়েদের ভিতর বেকারত্ব দেখতে পাচ্ছি বৃদ্ধি হয়েছে। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের হিসাবের ভিতর দিয়ে দেখতে পাওয়া যাচ্ছে যারা Exchange-এ নাম লিখিয়েছেন তাদের শতকরা ৯০ ভাগ মধ্যবিত্ত পরিবারের ভিতর থেকে আসছেন। ইণ্ডাষ্ট্রিয়াল স্টেটস শহরাঞ্চলের মধ্যবিত্তদের জীবিকার সুযোগ দেবার কথা ছিল। কিন্তু এখন দেখতে পাওয়া যাচ্ছে যারা বড় বড় ক্যাপিটালিস্ট তারা সেখানে প্রভাব বিস্তার করছে। যারা ancillary এ্যানসিলারি ইণ্ডাষ্ট্রি করছে, ছোট ছোট সামান্য শিল্প করতে চাইছে তাদের উন্নতিকল্পে যেখানে একটা স্টেট হওয়ার কথা সেখানে বড় বড় পুঁজিপতিরা প্রভাব বিস্তার করছে এবং এইভাবে ইণ্ডাষ্ট্রিয়াল স্টেটের উদ্দেশ্য সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। বড় বড় পুঁজিপতিরা provident fund rules, factory act এগুলিকে ফাঁকি দেবার জন্য ইণ্ডাষ্ট্রিয়াল স্টেটের আশ্রয় নিয়েছে এবং এতে পশ্চিমবাংলার যে সর্বাঙ্গীন দুর্গতি গ্রামে এবং শহরে তার পরিচয় পাওয়া যায়। ভারত সরকার একটা ডায়েট সার্ভে করেছিলেন। তার ফলাফল ১৯৬০ সালের মে মাসে প্রকাশিত হয়েছে। সেই ডায়েট সার্ভে হুগলী জিলার সিঙ্গুরে এবং কলকাতার চেতলায় তাঁরা করেছিলেন। সিঙ্গুরে ক্যালোরি কন্জাম্সান ১৯৪৭ সালে দেখতে পাচ্ছি ৩ হাজার ৮৬ আর ১৯৫৭ সালে ২ হাজার ২ শো ৩৯। চেতলায় ১৯৫৭ সালে ২৮ শো ক্যালোরির জায়গায় ২২ শো ক্যালোরি কন্জাম্সান করেছে। এ্যাডাল্ট যারা সামান্য পরিশ্রম করে তাদের দরকার হয় ২৮ শো ক্যালোরি, যারা কারখানায় কাজ করে তাদের

দরকার হয় ৩ হাজার ক্যালোরি। সার্ভে যাঁরা করেছেন তাঁরা বলেছেন cost of living বৃদ্ধি পেয়েছে অথচ এই ধরণের ক্যালোরির পরিমাণ কমে গেছে। ১৩ বছরের চেষ্টার ফলে তাঁরা এই সংখ্যা দাঁড় করিয়েছেন। কলকাতার যেমন উন্নতি হওয়া দরকার গ্রামাঞ্চলের সেইরকম উন্নতি হওয়া দরকার—ব্যালেন্স যদি না করা যায় তাহলে শুধু কলকাতার উন্নতি করে আর্বানাই-জেসান বন্ধ করতে পারবেন না এবং সেটা করা অলীকমাত্র। ১৯৪৭ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গ সরকার ডেভেলপমেন্টের জন্য ৩৮৩ কোটি টাকা ব্যয় করছেন। শুধু ডেভেলপমেন্টের জন্য নরম্যাল বাজেটে দেখতে পাই First Five Year Plan-এ ১৯৪৭ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত ৩০ কোটি, First Five Year Plan-এ ১৫২ কোটি, 2nd Five Year Plan-এ ১৫৫ কোটি, Committed expenditure of First Five Year Plan, Second Five Year Plan 32'5, Centrally sponsored schemes-এ ১৪ কোটি এই ৩৮৩ কোটি টাকা খরচ করে তাঁরা পশ্চিমবঙ্গের শহর এবং গ্রামের যারা সাধারণ মানুষ তাদের ভবিষ্যতের এই হাল করে ছেড়েছেন। তাঁরা খরচ করবেন বলেছেন Third Five Year Plan-এ ৩৪১ কোটি টাকা। Committed expenditure on schemes completed during first plan spent in Third plan ৩৩ কোটি টাকা, Committed expenditure on 2nd plan to be spent in 3rd plan ৬০ কোটি টাকা, Central Government থেকে ১৬০ কোটি টাকা পাবেন বলে বলেছেন, ৪০ কোটি টাকা এ্যাডিসনাল ট্যাক্স তুলতে হবে—আগামী ৪ বছরের প্রতি বছরে ১০ কোটি করে তুলতে হবে, নরম্যাল রেভেনিউ থেকে ২০ কোটি টাকা পাবেন এই ৬০ কোটি টাকার হিসাব হ'ল, আর বাকি টাকা কোথা থেকে আসবে? ডাঃ রায় বলেছিলেন যে ৩৪১ কোটি টাকা খরচ করবেন কিন্তু কোথা থেকে টাকা আসবে জানিনা। জনসাধারণের ঘাড়ে যে কি পরিমাণ ট্যাক্স চাপবে তা বোঝা যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি non-development expenditure-এ ট্যাক্স খরচ করা হচ্ছে। Non-development expenditure মানে হচ্ছে দপ্তরে পড়ে না—১০টা ডিরেক্টর, ৫টা ডেপুটি ডিরেক্টর, আসবাবপত্র এই সবে খরচ করছেন।

তারপর টাকা তাঁরা Central Government থেকে আনছেন। আমরা দেখতে পাচ্ছি সারা ভারতবর্ষের ভিত্তিতে রাজ্যগুলিতে ৭০ কোটি টাকা বছরে রেভেনিউ বাজেটে বৃদ্ধি হচ্ছে এবং তার প্রায় ২৯ কোটি টাকা non-development expenditure-এ খরচ হচ্ছে এবং non-development ব্যয়ের main head হলো 'debt levices' ২৯ কোটি টাকার ভিতর ১৫ কোটি টাকা State Governmentএর জমির revenue account থেকে। আমি সর্বভারতীয় ভিত্তিতে হিসাব দিচ্ছি—১৪ কোটি টাকা Central Government তাঁদের revenue account থেকে এই বাবদ দিচ্ছে। সুতরাং কেন্দ্রের টাকা থেকেই তাদের ঋণের সুদ ও আসল দেওয়া হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারের ক্ষেত্রেও একথা সত্য। অর্থাৎ মাছের তেলে মাছ ভাজা হচ্ছে। আমরা লক্ষ্য করছি সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে যে টাকা আসছে সেই লোনের ইন্টারেষ্ট দিতে পারছিনা। তাদের ইন্টারেষ্টের জন্য সেন্ট্রালের যে টাকা আসছে সেই টাকা থেকে আমরা ইন্টারেষ্ট শোধ দিচ্ছি, তাদের লোন ফেরৎ দেবার ব্যবস্থা করছি। সুতরাং এই অবস্থায় আমি বলতে পারি পাবলিক সেকটরে invested টাকার যদি আয় না বাড়ান যায় তাহলে সমূহ বিপদ হবে। ১৯৫৯-৬০ সালে ভারত সরকার public undertaking-এ মূলধনের মাত্র শতকরা ৩ ভাগ রিটার্ণ পেয়েছে। এই আয় বৃদ্ধি করতে হবে। পশ্চিমবঙ্গ সরকারকেও তাই করতে হবে তা নাহলে পশ্চিমবঙ্গ সরকারের এই বাজেটের যে পরিকল্পনা এটা বৃথা এবং হতাশা এবং বঞ্চনা ছাড়া সাধারণ মানুষের ভাগ্যে এই বাজেট কিছু দেবেনা। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Sen :

মিঃ স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী আগামী বছরের যে বাজেট আমাদের কাছে উপস্থিত করেছেন আমি সেই বাজেটকে সর্বান্তঃকরণে সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। স্যার, প্রথমে আমার গত কয়েক বৎসরের একটা দাবী গৃহীত হয়েছে দেখে আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই। বর্তমানে শাসন এবং অর্থনীতির ক্ষেত্রে লেবার যদিও একটা বিশেষ স্থান দখল করে আছে তথাপি এতদিন যাবৎ লেবার ডিমাণ্ড একটা মিসলেনিয়াস ডিমাণ্ডস্বরূপ গণ্য হয়ে আসছিল কিন্তু এবছর এটাকে একটা সেপারেট ডিমাণ্ড করে ডিমাণ্ড নং ৪৬ করে লেবার অ্যাণ্ড এমপ্লয়মেণ্ট হিসাবে আমাদের কাছে প্লেস করা হয়েছে। এটা যে যুক্তিযুক্ত হয়েছে এবিষয়ে সন্দেহ নেই। স্যার, একটা রাষ্ট্র যখন ডেভেলপমেণ্ট ষ্টেজে আসে এবং প্ল্যানিং-এর ভেতর দিয়ে যখন তাকে এগুতে হয় তখন সেখানে ডেফিসিট ফাইনানসিং এবং ডেফিসিট বাজেট অবশ্যম্ভাবী হয়ে পড়ে। এবছরও তার কোন ব্যতিক্রম হয়নি কিন্তু আনন্দের কথা আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই ডেফিসিট মেটাবার জন্য কোন নূতন ট্যাক্সের প্রস্তাব আমাদের কাছে আনেননি এবং আনবারও ইচ্ছা নেই বলে আমাদের কাছে প্রকাশ করেছেন। বস্তুতঃ পক্ষে পশ্চিম বাংলায় জনসাধারণের আর কোন নূতন ট্যাক্সের বোঝা বইবার শক্তি আছে বলে আমি মনে করি না। স্যার, আজ কয়েকদিন ধরে বাজেট আলোচনায় আমরা গভর্ণমেণ্টের বিরুদ্ধে অনেক সমালোচনা শুনে আসছি। এইসব আলোচনায় য়্যাডমিনিষ্ট্রেসনের একটা ডার্ক পিকচার আমাদের সামনে উপস্থিত করা হয়েছে কিন্তু অর্থমন্ত্রীর ফাইনান্সিয়াল ষ্টেটমেণ্ট থেকে আমরা দেখতে পাই যে অনেক দিক দিয়ে প্রোডাকসন অনেক বেড়েছে—ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকসন, এগ্রিকালচারাল প্রোডাকসন, ইঞ্জিনিয়ারিং প্রোডাকসন, ইলেকট্রিকাল গুডস প্রোডাকসন প্রভৃতি প্রায় সকল ক্ষেত্রে প্রোডাকসনের হার অনেক বেড়েছে, স্কুল, কলেজ, হাসপাতাল, ডিসপেনসারীর সংখ্যা অনেক বেড়েছে, রাস্তা-ঘাটের যথেষ্ট উন্নতি হয়েছে—এসব জিনিস অস্বীকার করার উপায় নেই কিন্তু বিরোধিপক্ষের আলোচনার মধ্যে আমরা এসব উন্নতির কোন য়্যাপ্রিসিয়েসন এমন কি উল্লেখও শুনতে পাইনি। স্যার, বিবিধ সমস্যাসংকুল পশ্চিমবঙ্গকে যদি বাঁচাতে হয়; যদি প্ল্যানিং-এর মধ্য দিয়ে পশ্চিমবাংলার সর্বাঙ্গীন উন্নতিসাধন করতে হয় তাহলে প্ল্যানিং কমিশন এবং কেন্দ্রীয় সরকারকে আরো উদার দৃষ্টিভঙ্গী নিয়ে আরো অর্থ সাহায্য করতে হবে পশ্চিমবঙ্গ সরকারকে।

[4-20—4-30 p.m.]

মাননীয় অর্থমন্ত্রীর বক্তৃতায় আমরা দেখতে পাই—তৃতীয় পঞ্চবার্ষিক যোজনায় অর্থ সাহায্যের ব্যাপারে পশ্চিমবঙ্গকে যে অর্থ বরাদ্দ করা হয়েছে, সেটা অন্যান্য ষ্টেটের তুলনায় অনেক কম করা হয়েছে। ইনকামট্যাক্স এবং অন্যান্য কেন্দ্রীয় সরকারের যথাযোগ্য শেয়ার যেটা পশ্চিমবঙ্গকে দিতে হয়, তাতে অনেক অবিচার করা হয়। West Bengal should not be condemned to stunted growth, particularly it had paid the price of Partition for achieving freedom.

মাননীয় অর্থমন্ত্রীর এই উক্তি আমি সর্বান্তঃকরণে সমর্থন করি। আমার দৃঢ় বিশ্বাস এই হাউসের প্রত্যেক সদস্য এই উক্তিকে সমর্থন করেন। এই ঘাটতি বাজেট যদি মেটাতে হয়, তাহলে একদিক দিয়ে augmentation of income অর্থাৎ আয় বাড়াবার জন্য চেষ্টা করার প্রয়োজন রয়েছে এবং তার সঙ্গে ব্যয় সংকোচ কি করে করা যায়—efficiency নষ্ট না করে, সেদিকেও লক্ষ্য রাখার প্রয়োজন আছে। ১৯৫২ সালে সেল্‌স্ ট্যাক্স্ আদায়ের পরিমাণ ছিল ৫ কোটী টাকার উপরে। আমরা প্রতিবৎসর সেল্‌স্ ট্যাক্স্ সম্বন্ধে আলোচনা করে আসছি এবং বর্তমানে

সেটা বেড়ে ১৭ কোটী টাকার উপর উঠেছে। যদি সেল্‌স্ ট্যাক্স্ ইভেশান্ বন্ধ করা যায়, সেল্‌স্ ট্যাক্স্ বাবদ কেন্দ্রীয় সরকার যেটা আদায় করে নেন, তা থেকে যদি আমরা ন্যায্য প্রাপ্য অংশ পাই, তাহলে, আমার বিশ্বাস—এই অঙ্ক ২৫ কোটী টাকায় পৌঁছান অসম্ভব নয়। অন্যান্য যে সমস্ত ট্যাক্স্-এর অংশ আমরা পাই—যেমন ইন্‌কাম ট্যাক্স্ প্রভৃতি যে সে সম্বন্ধেও আমাদের ন্যায্য প্রাপ্য থেকে আমরা বঞ্চিত হই। বিশেষতঃ industrial area তে যে আদায় হয়—income tax, corporation tax বলুন, excise tax-ই বলুন এগুলি কেন্দ্রীয় সরকারের হাতে চলে যায়। অথচ এর দায়িত্ব বহন করতে হয় ষ্টেট্ গভর্ণমেণ্টকে। এই শেয়ার যখন distribution হয়—যার মধ্যে বাংলাদেশ থেকে বোধহয় অধিক অংশ আদায় হয়, তখন সেই শেয়ারের অংশ per capita হিসেব করে পশ্চিমবঙ্গকে দেওয়া হয়। তার ফলে পশ্চিমবঙ্গের উপর খুব অবিচার করা হয়, financiallyও অনেক বাধার সৃষ্টি হয়। এই নিয়ে মুখ্যমন্ত্রী মহাশয় finance কমিশনের কাছে অনেকবার দরবারও করেছেন। আশাকরি কেন্দ্রীয় সরকার এ বিষয়ে তাদের কর্তব্য সম্পাদন করবেন।

Retired officer-দের re-employment বন্ধ করবার জন্য আগেও বলেছি, এখনও সেই দাবি করছি, দেখা যায় একজন অফিসারকে রিটায়ার করবার পরেও বার বার করে re-employment দেওয়া হয়। এমন কি বিশেষত্ব ঐ একই অফিসারের ক্ষেত্রে দেখতে পাই? আগে এক বছর করে দেওয়া হতো, তারপর ৩ মাস, ৬ মাস করে করে দেওয়া হয়। এতে efficiency নষ্ট হয়। কেননা নিচের অফিসাররা তাদের efficiency দেখাবার সুযোগ থেকে বঞ্চিত হয়। তাঁরা ভাল করে কাজ করবার জন্য কোন encouragement পায় না। সঙ্গে সঙ্গে অনর্থক অধিক খরচ হয়। একজন অফিসারকে বার বার re-employment দেওয়ার পদ্ধতি বন্ধ করতে হবে।

তারপর ষ্টেট্ ট্রেডিং—আমাদের গভর্ণমেণ্ট ২১টী ব্যাপারে ষ্টেট্ ট্রেডিং করছেন। এখানে দেখতে পাচ্ছি প্রত্যেকটি ব্যাপারে গভর্ণমেণ্টের loss হচ্ছে। কেন loss হয়? এটা অনুসন্ধান করে যদি সেই loss বন্ধ করে দেওয়া যায় তাহলে আমাদের আয় অনেক বাড়তে পারে বলে মনে হয়। যে সব বিষয়ে ষ্টেট্ ট্রেডিং সরকার করছেন, তাতে লোকসান হওয়া উচিত নয়। যে সব ব্যবসায়ে লোকসান হচ্ছে তার মধ্যে একটা হচ্ছে কলকাতায় হরিণঘাটার মিল্ক সাপ্লাই। তা এতদিন খুব জনপ্রিয় ছিল। এতদিন কলকাতায় হরিণঘাটা milk supplyটা profitable concern ছিল। এবার Greater Calcutta Supply-এর মধ্যে অন্তর্ভুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে ২৬ লক্ষ টাকা লোকসান দেখান হয়েছে। Deep sea fishing-এর ব্যাপারেও লোকসান হচ্ছে। কেন? তা আমাদের দেখা দরকার।

Deep sea fishing-এ যদি আমাদের লাভ না হয়, তাহলে প্রাইভেট পার্টিকে এ বিষয় শিক্ষা দিয়ে, তাদের হাতে এটা ছেড়ে দেওয়া ভাল। প্রত্যেক বছর অনর্থক এই ভাবে লোকসান দিয়ে লাভ নেই। কারণ এর ফলে আমাদের ঘাটতির পরিমাণ অত্যন্ত বেড়ে যাচ্ছে।

আমি এই প্রসঙ্গে বলতে চাই কলকাতায় রেস্ কোর্স, ঘোড়দৌড়ের কথা। কলকাতায় রেস্ কোর্স তুলে দেবার কথা আমি এই হাউসে কয়েক বছর আগে বলেছিলাম। কলকাতায় এবং টালিগঞ্জে রেস্ কোর্স একেবারে তুলে দেওয়া উচিত। যদিও বেটিং ট্যাক্স হিসাবে অনেক টাকা সরকার পান, কিন্তু, এখানে রেস্ কোর্স একেবারে বন্ধ করে দেওয়া উচিত। কারণ এই ঘোড়দৌড় জাতিকে ধ্বংসের মুখে নিয়ে যাচ্ছে। কলিকাতার অলিতে গলিতে, চায়ের দোকানে প্রাইভেট বুকি সৃষ্টি হচ্ছে। রাতারাতি কতকগুলি লোক বড় লোক হচ্ছে আর সাধারণ নাগরিক সর্বস্বান্ত হয়ে যাচ্ছে। গভর্ণমেণ্ট এই সমস্ত প্রাইভেট বুকি যে জিইয়ে উঠছে, তা চেক্ করতে পারছেন না। এদের বন্ধ করতে পারছেন না। এর একমাত্র প্রতিকার হচ্ছে রেস্ কোর্স বন্ধ

করে দেওয়া। কলকাতায় এবং টালিগঞ্জের রেসকোর্স উঠিয়ে দিয়ে, সেখানে যে জায়গা পাওয়া যাবে, তাতে লোকের থাকবার বাড়ী নির্মাণ করে, আমাদের হাউসিং-এর অভাব খানিকটা মোচন হতে পারে। অথবা নানা ভাবে সেই জায়গা ব্যবহৃত হতে পারে। আমাদের হাসপাতালের অভাব রয়েছে। We are badly in need of hospitals. কাজেই এই রেসিং বন্ধ করে দিয়ে, সেখানে হস্‌পিটাল করা যেতে পারে। এগুলি চিন্তা করবার জন্য আমি বিশেষ ভাবে গভর্ণমেণ্টকে অনুরোধ করছি।

স্যার, এই আলোচনা প্রসঙ্গে আমি ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে কিছু বলতে চাই। এই ফ্যামিলি প্ল্যানিং সম্বন্ধে আমি অনেক কিছু শুনেছি। কিন্তু আমি মনে করি—family planning is no remedy for food shortage. Family planning করে আমাদের দেশে খাদ্য সমস্যা মোচন করা যাবে বলে আমি মনে করি না। এর রাস্তা হচ্ছে to grow more food. একটা soil থেকে যাতে double cropping করা যায়, সে দিকে বিশেষ দৃষ্টি দিয়ে চেষ্টা করা উচিত। ফ্যামিলি প্লানিং সম্বন্ধে অনেকরকম মত আছে। কিছুদিন আগে আমি একটা article পড়ছিলাম, সেটা একজন পাশ্চাত্য চিকিৎসকের লেখা, তিনি স্ত্রী-লোককে ফ্যামিলি প্ল্যানিং-এর under-এ এনে sterilise করার বিরুদ্ধে মত দিয়েছেন। স্ত্রী-লোককে sterilise করলে, তার নানা প্রকার ব্যাধি হবার সম্ভাবনা থাকে, বিশেষ করে তার উন্মাদ হবার সম্ভাবনা থাকে। কাজেই কোন ক্ষেত্রে স্ত্রী-লোককে sterilise করা উচিত নয়। আজকাল দেখা যায় ফ্যামিলি প্ল্যানিং-এর মধ্যে sterilisation প্রথা বেশী চলে। কিন্তু কাউকে sterilise করবার আগে বিশেষ করে যে কোন দম্পতীকে sterilise করা উচিত কিনা, এ বিষয় চিন্তা করা উচিত। আমার মনে হয়—অন্ততঃ দু-তিনটি সন্তানের পিতা-মাতা ছাড়া, কাউকে sterilise করা উচিত নয়। কারণ, মনে করুন কোন পিতা-মাতা—তাঁদের একটি সন্তানের পর ভবিষ্যৎ সুখের আশায় এই sterilisation-এর মধ্যে গেলেন; কিন্তু দৈবদুর্বিপাকে তাঁদের ছেলেটি মারা গেল, তখন তাঁদের কি হবে সেটা বিবেচনা করা দরকার। সুতরাং আমার মতে sterilise না করে, contraceptive বা অন্যান্য ঔষধ দিয়ে ইচ্ছানুযায়ী জন্ম নিয়ন্ত্রণ করার যে রাস্তা রয়েছে, সে দিকে চিন্তা করা উচিত। তা ছাড়া কোন অবিবাহিত নর, নারীকে এই sterilisation ও ফ্যামিলি প্ল্যানিং-এর মধ্যে আনা উচিত নয়।

Sri Jatindra Chandra Chakravarty;

[4-30—4-40 p. m.]

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী ডাঃ রায় ৩৫ পৃষ্ঠা ব্যাপী যে বাজেট ভাষণ দিয়েছেন তার অর্ধেকটা পশ্চিম বাংলার প্রতি কেন্দ্রের যে বৈষম্যমূলক আচরণ ও অবিচার তার বিরুদ্ধে খোলাখুলি প্রতিবাদ জানিয়েছেন এবং খুব বীরত্ব দেখিয়েছেন। অনেকে সাধুবাদও দিয়েছেন, এমন কি তারাপদ বাবুর মত বিচক্ষণ এবং বুদ্ধিমান ব্যক্তিও তাতে অভিভূত হয়ে পড়েছেন, আমরাও যে তার আস্ফালন দেখে এবং অভিনয়ের চমৎকারিত্বে একটু বিস্মিত হইনি তা নয় কিন্তু এটা করার কারণ হল বেরুবাড়ী হস্তান্তরের ব্যাপারে তিনি যে বিশ্বাসঘাতকতা করেছেন এবং নির্লজ্জ ভাবে সমর্পণ করেছেন কেন্দ্রের কাছে—সেই ১৯৬২ সালের মার্চ মাসের শেষের দিন ভয়ঙ্কর তার প্রতি লক্ষ্য রেখে ১৯৬২ সালের doomsday-র প্রতি লক্ষ্য রেখে জনসাধারণের কাছে প্রতিষ্ঠা লাভের জন্য এই অভিনয় করেছেন। স্যার, তাই যদি না হবে, তাঁর অভিনয় না হবে যদি সত্যই পশ্চিম বাংলার বিন্দুমাত্র কল্যাণের দিকে তার লক্ষ্য থাকে তাহলে জনকল্যাণমূলক কাজে বাজেট বরাদ্দ করে তার প্রমাণ দিতে পারতেন। আজ আমি দেখতে পাচ্ছি এবারের বাজেটে ৯ কোটি

টাকা ঘাটতি হয়েছে। ডাঃ রায় বার বার আয়ের অঙ্ক কম দেখান এবং খরচের অঙ্ক কাঁপিয়ে তোলেন। খরচের অঙ্ক দুরকমে হয়ে থাকে (১) তার নিজস্ব পোষ্য পোষণের জন্য খরচের বরাদ্দ রাখেন এবং (২) শিক্ষা স্বাস্থ্য ইত্যাদি জনকল্যাণমূলক খাতে বরাদ্দ রাখেন। কার্যকালে প্রথম টাকাটা যথাস্থানে ঠিকই যাচ্ছে কিন্তু অধিকাংশ খাতেই উদ্বৃত্ত টাকা থাকে অর্থাৎ বাজেটের আয় থেকে যেটা বেশী হয়। গতবার ১৯৬০-৬১ সালে Revenue Receipts, রাজস্ব আদায় খাতে দেখছি Revised Budget-এ ১৪ কোটি টাকা বেশী আদায় হয়েছে, এটা এবারেও হবে। কিন্তু তা সত্বেও দেখছি কি! রাজ্যপালের ভাষণে তিনি বলেছেন agricultural food production 66·07 crores allotment-এর কথা এবং তৃতীয় পরিকল্পনায় ৬৭ কোটি টাকা এতে বরাদ্দ করা হবে। এর জন্য যে বিশেষজ্ঞ কমিটি বসানো হয়েছিল তারা তাতে কিন্তু আরও বেশী টাকা বরাদ্দের সুপারিশ করেছেন কেননা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হওয়া প্রত্যেকটি জনকল্যাণমূলক রাষ্ট্রের কর্তব্য কিন্তু কেন্দ্রের সাহায্য যদি প্রথমতঃ না পান তার জন্য ডাঃ রায়ের বাজেট বক্তৃতায় দেখি Housing পরিকল্পনা ৬ কোটি কেটে—৬১ কোটির কথা বলেছেন। রাজস্ব খাতে যে উদ্বৃত্ত টাকা সেটা কৃষি উৎপাদনের জন্য সবচেয়ে বেশী ব্যয় হওয়া উচিত কিন্তু সেটা করার চেষ্টা নাই। শুধু তাই নয় ১৯৬০-৬১ সালের Revised Budget যদি দেখি পুলিশ খাতে বরাদ্দ করা হয়েছিল ৮ কোটি ৯ লক্ষ টাকা—সে জায়গায় সংশোধিত বাজেটে হয়েছে ৮ কোটি ৪১ লক্ষ টাকা অর্থাৎ খরচ বাড়ল ৩১ লক্ষ ৩৪ হাজার টাকা অথচ Medical ৬ কোটি ৪৭ লক্ষ টাকা Budget amount ছিল সেটা কমিয়ে করা হল ৬ কোটি ৩৭ লক্ষ টাকা, খরচ কমল Medical খাতে ১০ লক্ষ টাকা। Public Health-এ ৩ কোটি ৭৬ লক্ষ টাকা ধরা হয়েছিল সেটা Revised Budget-এ কমে গেল ৩ কোটি ৫৪ লক্ষ টাকা—খরচ কমল ২২ লক্ষ টাকা। খরচ কমল Medical and Public Health খাতে আর খরচ বাড়ল পুলিশ খাতে। অথচ সেদিন মৈত্রেয়ী দেবী বললেন পুলিশের খরচ নাকি আমাদের জন্য বাড়ে। স্যার ১৯৫৯-৬০ সালে খাদ্য আন্দোলন হইয়াছিল সেই তুলনায় ১৯৬০-৬১ সালে আমরা ঠাণ্ডা ছিলাম, আন্দোলন বেশী ছিল না, নিশ্চয়ই সে জন্য টাকা বাড়া উচিত ছিল কিন্তু টাকা বাড়ল পুলিশ খাতে আর কমল চিকিৎসা খাতে। "ভাত দেবার মুরোদ নাই, কীল মারবার গোঁসাই"। আমরা বার বার বলেছি পুলিশী শাসন মাথাভারী শাসন। সে দিন কাগজে দেখলাম আমাদের পুলিশ মন্ত্রী উপদেশ বিতরণ করেছেন এই সংগঠন যেন Trade Union পর্যায়ে না যায়। এক দিকে এই উপদেশ বর্ষণ করেছেন, অন্য দিকে নিজের পেটোয়া পোষ্য বীরেন বাবুর কার্যকাল শেষ হয়ে গেলে তার জন্য নূতন পোষ্ট create করার জন্য আগামী Calcutta Meeting-এ প্রস্তাব আনছেন কিনা জানতে চাই। আমার খবর, আমি সতর্ক করে দিচ্ছি যে এ থেকে পুলিশ কর্মচারীদের মধ্যে বিক্ষোভ আছে এবং যে পুলিশ ধর্মঘটের সম্ভাবনা আছে এতে সেটা অনিবার্য হয়ে উঠবে।

Sir, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বীরত্ব দেখিয়ে কি হবে। এখানে ডাঃ রায় কেন্দ্রীয় সরকারকে তোয়াজ করবার ব্যবস্থা করছেন এবং করেছেন। পশ্চিমবঙ্গে হিন্দী ভাষা ভাল করে চালাবার জন্য বাজেটে ৪ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। তাছাড়া আন্তঃরাজ্য সম্প্রীতির নামে ভাষা প্রতিষ্ঠার উদ্দেশ্যে তৃতীয় পরিকল্পনায় ১০ লক্ষ টাকা এবং আগামী বৎসরের জন্য ৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, তার থেকে হিন্দীর জন্য খরচ করা হবে। অথচ ১৯৫৮ সালে ২৬শে মার্চ রবীন্দ্র শত-বার্ষিকীতে বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করার জন্য বিধান সভায় আমাদের সে প্রস্তাব যা সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়েছিল তাকে কার্যকরী করার জন্য এখনও কোন ব্যবস্থা হয়নি। আর একটা আয় বৃদ্ধির নমুনা দিয়েছেন ডাঃ রায় আবগারী খাতে, এতে তিনি খুশী হয়ে বলেছেন larger yield from country spirit and wines and spirits including medicated wine। ডাঃ ঘোষ, তিনি বলেছেন, এর মধ্যে দুর্নীতি বেড়েছে বলে মদ খাওয়া বেড়েছে। Sir, আমি তা বলে মনে করিনা। আমি বলি, তাড়ী, পঁচাই, মদ খাওয়া

বেড়েছে কারণ ডঃ রায়ের রাজত্বে গরীব শ্রমিক, মজদুর যারা নিজেদের অন্ন সংস্থান করতে পারে না, স্ত্রী-পুত্রের মুখের গ্রাস তুলে' যোগাতে পারেনা, যাদের জীবনে হতাশা ও নিরাশার জন্য জীবনে আশার আলো থাকে না, তারা এই সব খেয়ে নিজেদের দৈনন্দিন অভাব অভিযোগ ভুলে থাকতে চায়। Medicated wine, সেটা tonic-র মত, সেটার state-এ পান বেড়েছে। কারণ ডাঃ রায় ছাড়া, এই রাজ্যের জনসাধারণকে তাঁর রাজত্বে tonic খেয়ে নিজেদের কর্মক্ষম রাখতে হয়। এইজন্য বাজেটে আয় বেড়েছে। State trading-এ ব্যবসা চালাবার চেষ্টা করলেন, তাতে দেখতে পাচ্ছি ক্ষুদ্র কুটীর শিল্পে ১৯৬০—৬১ সালে ২১টিতে লোকসান হয়েছে। এবং তার আর একটিকে লাল বাতি জ্বালিয়েছে। ইট, টালি তৈরী বন্ধ করে দেওয়া হয়েছে। গভীর সমুদ্রে মৎস্য শিকার, Baruipur Industrial Scheme ইত্যাদিতে হাজার হাজার টাকা লোকসান হচ্ছে এবং এই বাজেটেও লোকসান ধরা হয়েছে। ব্যবসা চলুক বা না চলুক তাদের পোষ্যকে পোষা হচ্ছে। এই অপব্যয়ের বহু উদাহরণ আমার কাছে আছে cut motion-র সময় আমি সে গুলির উল্লেখ করবো। কিন্তু এখানে আমি কয়েকটির উল্লেখ করছি। ডাঃ রায়ের মানসী কন্যা সেটা পঙ্গু হয়ে গিয়েছে তবুও দেখছি এই কয়েক বৎসরে সরকার এর জন্য ব্যয় করেছেন ১ লক্ষ ১২ হাজার টাকা। লাট সাহেবের জন্য—যেখানে আমাদের দেশের দরিদ্র মানুষ খেতে পায় না, বাজেটে যেখানে ৯ কোটি টাকা ঘাটতি হয়েছে—সেখানে তাঁর পিছনে মোট খরচ ৭ লক্ষ ১০ হাজার টাকা ধরা হয়েছে। রাজ্যপাল এর আসবাবপত্রের জন্য ৯ হাজার টাকা, পর্দা ইত্যাদির জন্য ১০ হাজার টাকা, এবং অতিথি সৎকারের জন্য ৮২ হাজার ৫০০ টাকা। Sir, প্রতিদিন যদি ১০ জন করেও অতিথি ধরি তাহলে ৩৬৫ দিনে ৩৬৫০ জন অতিথি হয়। এবং তাদের মাথা পিছু হিসাব করলে দেখা যাবে যে বিরাট টাকা তাদের খানাপিনার জন্য খরচ করা হয়। অবশ্য এর মধ্যে খানার জন্য কত তা আমি জানিনা এবং পিনার জন্য কত তাও জানিনা, এখানে শংকর বাবু নাই থাকলে হয়ত তিনি বলতে পারতেন। তারপর Sir, ইংরাজ মহারাণীর কলকাতায় আসার কথা জ্যোতিবাবু বলেছেন। আমি একটা কথা উল্লেখ না করে পারছিনা। রাণীকে ঘোড় দৌড়ের মাঠ এবং Victoria Memorial Hall ছাড়া কি আর কিছু দেখাবার ছিল না? যে কলকাতায়, পশ্চিমবঙ্গকে কেন্দ্র করে এখানে এত বড় একটা ইতিহাস গড়ে উঠেছে সেখানে কি ঘোড়দৌড়ের মাঠ আর Victoria Memorial Hall ছাড়া আর কিছু দেখানো গেলনা।

[4-40—4-50 p. m.]

রবীন্দ্র শতবার্ষিকী অনুষ্ঠানের বৎসরে, যে কবির জন্য সমগ্র ভারত গর্ব বোধ করে, তাঁর প্রতিষ্ঠিত শান্তিনিকেতনে নিয়ে যাবার জন্য সৎসাহস বিধানবাবু দেখাতে পারলেন না এবং ব্রিটিশ প্রভুদের কাছে সেই প্রস্তাব পর্যন্ত করতে পারলেন না। তারপর, স্যার, তারাপদবাবু খুব অভিনন্দন জানিয়েছেন মুখ্যমন্ত্রীকে, এবং বলেছেন কেন্দ্র থেকে যে অবিচার হচ্ছে—মুখ্যমন্ত্রী তার প্রতিবাদ জানিয়েছেন। তিনি আরো বলেছেন, আজ দলমতনির্বিশেষে বাঙালী জাতির বেঁচে থাকার অধিকার ও দাবি প্রতিষ্ঠিত করতে হবে। স্যার, একথা আমরা এখানে বারবার বলেছি কেন্দ্রীয় সরকার বাঙালীজাতিকে বাঁচতে দিতে চায় না—এবং মুখ্যমন্ত্রী ডাঃ রায় যতদিন পর্যন্ত মন্ত্রীত্বের মসনদে আছেন ততদিন বাঙালী নিধন যজ্ঞ দিল্লী থেকে তাঁর মাধ্যমে ভালভাবেই চলতে থাকবে। Calcutta-র problem সম্পর্কে আজকে আমরা দেখছি, যতদিন না Bengal Chamber of Commerce থেকে তাঁদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, ততদিন কেন্দ্রের টনক নড়েনি। ইংরাজ প্রভুদের খুশী করার জন্য তাঁদের স্বার্থ বজায় রাখবার জন্য আজকে তাদের টনক নড়েছে। স্যার, township-এর কথা মুখ্যমন্ত্রী এখানে বারবার বলেছেন। যে township

করতে যাচ্ছেন তিনি, about whole of Bishnupur, half of বজবজ পুলিশ স্টেশন—total area 107 sqr. mile, total জমি হচ্ছে ৬৮ হাজার ৪৮০ একর, তার মধ্যে homestead land হচ্ছে ৮ হাজার ৮০ একর, agricultural land ৭ হাজার, total population displaced হতে যাচ্ছে ২ লক্ষ ৩৭ হাজার এবং সবশুদ্ধ ২১৬টি গ্রাম উৎখাত হতে যাচ্ছে। এর কি কোন alternative নাই? আমাদের বিরোধীপক্ষ থেকে alternative site বলে দেওয়া হয়েছে—Salt lake area-তে ৫০ sqr mile, কলকাতার আশেপাশে যে সব fishery রয়েছে তা যদি বুঁজিয়ে দেওয়া যায় তাহলে অনেক জায়গা পাওয়া যেতে পারে। বেহালায় অনেক undeveloped জমি রয়েছে, সেই জায়গা যদি develop করা যায় তাহলে township-এর নাম করে এতগুলি গ্রাম এবং লোককে উৎখাত করতে হয় না। সেইজন্য বলছিলাম এই বাজেটে যে ছবি পাই সেটা হচ্ছে বাঙ্গালীজাতির ধ্বংসের ছবি। কিন্তু তা সত্ত্বেও বাঙ্গালীজাতি বাঁচবে।

Shrimati Tusar Tudu :

মাননীয় স্পীকার মহাশয়, আজকে ১৯৬১-৬২ সালের যে বাজেট অর্থমন্ত্রী উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করতে দাঁড়িয়ে দুই একটি কথা বলতে চাই। এই বাজেটের ব্যাপারে এখানে যে সমালোচনা এবং আলোচনা হয়েছে তার অধিকাংশই রাজনৈতিক framework-এর মধ্যে সীমাবদ্ধ বলে আমার মনে হয়েছে। সবগুলি আলোচনাই যে রাজনৈতিক framework-এর মধ্যে সীমাবদ্ধ ছিল তা নয়, তবে অধিকাংশই রাজনৈতিক framework-এর মধ্যে সীমাবদ্ধ ছিল। সেইজন্যই আমি এই সমালোচনাগুলি দেখতে পাই। মৌলিকভাবে অনেকেই স্বীকার করেছেন যে আমাদের রাজ্যের উপর কেন্দ্র অবিচার করেছে তবুও অর্থমন্ত্রী যে বাজেট আমাদের এখানে রেখেছেন তাঁকে অনেকেই সম্পূর্ণরূপে সমর্থন করতে পারেন নি। তাদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমি একমত হতে পারি না। এবং সেজন্য এই বাজেটের সমালোচনার মধ্যে নিরাশা এবং আন্দোলনের হুমকি এবং তার সঙ্গে সঙ্গে রাণী এলিজাবেথের সম্বর্ধনা ইত্যাদি ব্যাপার নিয়ে তারা আলোচনা করেছেন। আমি বিশেষভাবে এই বাজেট সমর্থন জানাই তার কারণ হচ্ছে আমাদের অর্থমন্ত্রী আমাদের সামনে ঘাটতি বাজেট রাখলেও বাজেটের মধ্যে বিভিন্নখাতে যেভাবে টাকার বরাদ্দ করা হয়েছে তাতে আমাদের দেশের ভবিষ্যৎ উন্নতির একটা পরিষ্কার ছবি আমরা দেখতে পাচ্ছি। সঙ্গে সঙ্গে এই বাজেটকে আমি আরও সমর্থন জানাই এই জন্যই যে অর্থমন্ত্রী নতুন কোন কর ধার্য করেন নি। তবে আমি একটা কথা এখানে উল্লেখ না করে পারি না তা হচ্ছে সমালোচনা প্রসঙ্গে আমাদের দেশের যে সমস্ত চিত্র এই হাউসের সামনে রাখা হয়েছে তার সবগুলি যে অবাস্তব তা আমি বলতে চাই না। এর মধ্যে কিছু কিছু বাস্তব চিত্রও আছে। আমি দেখছি পরিকল্পনা যে উদ্দেশ্য নিয়ে হয়েছে পরিকল্পনা ও পরিসংখ্যান এবং তার বাস্তব প্রয়োগক্ষেত্রে সেই উদ্দেশ্য অনেকখানি সরে গিয়েছে। এবং অনেক জায়গায় আমরা নিরাশও হয়েছি। এর জন্য বিরোধীপক্ষ থেকে যে সব প্রয়োজনের কথা, অভাবের কথা, চাহিদার কথা বলা হয়েছে সেগুলিকেও অস্বীকার করবার উপায় নাই। কিন্তু আজ একথা ভুললে চলবেনা যে দেশ স্বাধীন হবার সঙ্গে সঙ্গে দেশের নিম্ন মধ্যবিত্ত থেকে আরম্ভ করে প্রত্যেক জনসাধারণের অভাবের প্রয়োজনবোধও বেড়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে প্রত্যেকের দায়িত্ববোধ ও কর্তব্যবোধ বেড়েছে বলে আমি মনে করি না। সেজন্য আজকের দিনে পরিকল্পনা রূপায়িত করবার জন্য যাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে এবং এগুলি যতটা দ্রুততার সঙ্গে করা উচিত ছিল তা তাঁরা করেননি। সেদিক থেকে আমাদের নিরাশ হতে হয়েছে। এই যে বাজেট আমাদের সামনে রাখা হয়েছে তাতে আমরা দেখতে পাই যে সব থেকে বেশী টাকা শিক্ষাখাতে ধরা হয়েছে। শিক্ষাখাতে যে অর্থ ব্যয় বরাদ্দের জন্য রাখা হয়েছে তা যদি উপযুক্তভাবে প্রয়োগ করা হয় তাহলে আমরা

যেসমস্ত পরিকল্পনা গ্রহণ করেছি তার সবগুলি সার্থকভাবে রূপায়িত করতে পারব। এই বাজেটে বাধ্যতামূলক শিক্ষাব্যবস্থার প্রবর্তন করার ব্যবস্থা রয়েছে। দেশের মধ্যে শিক্ষা চারিধারে ছড়িয়ে দেবার আগে শিক্ষাসংস্কার হওয়া প্রয়োজন আছে বলে মনে করি। শুধু শিক্ষাখাতে অর্থ বরাদ্দ করলেই এ জিনিস হবে বলে আমার মনে হয় না। বিশেষ সতর্কতার সহিত আমাদের চলতে হবে। সেজন্য স্যার আমি আপনার মাধ্যমে শিক্ষাবিভাগের প্রতি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার মধ্যে যে বিশৃঙ্খলা এসেছে এবং যাদের উপর শিক্ষাব্যবস্থার ভার রয়েছে তাদের মাহিনা এবং তাদের ভবিষ্যৎ এবং তাদের বসবাসের ব্যবস্থা সম্পর্কে আমাদের আরও সচেতন হতে হবে। এই সঙ্গে আমি শিক্ষাবিভাগের আরও দৃষ্টি আকর্ষণ করতে চাই সত্যিকারের কারিগরি শিক্ষার ব্যবস্থা আরও উন্নত করতে হবে। এবং বিশেষ করে গ্রামাঞ্চলে যারা অনুন্নত এবং যে সমস্ত ছেলে মেয়েরা বেশীদূর লেখাপড়ার সুযোগ পায় না তাদের মধ্যে বেশী করে কারিগরি শিক্ষার প্রসার হওয়া প্রয়োজন। মাননীয় স্পীকার মহাশয়, আমি উপজাতি এ্যাডভাইসরি কমিটির মধ্যে আছি এবং আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি যে অর্থ কারিগরি শিক্ষার জন্য বরাদ্দ করা হয় তার অধিকাংশ ফেরৎ চলে যায়। গ্রামের ছেলে মেয়েদের মধ্যে কারিগরি শিক্ষার জন্য আরও বেশী করে উৎসাহ দিতে হবে এবং গ্রামাঞ্চলে যাতে আরও বেশী কারিগরি শিক্ষার প্রসার লাভ করে তার জন্য দৃষ্টি দিতে হবে।

[4-50—5 p. m.]

কাজেই আমাদের মধ্যে যাতে কারিগরি শিক্ষা আরও বেশী প্রসারিত হয় সে বিষয়ে আমাদের বিশেষ উৎসাহী হতে হবে। এই সঙ্গে সঙ্গে দেখছি যে বেকার সমস্যার একটা বিরাট ছবি আমাদের সামনে রয়েছে। এই বেকার সমস্যা হতে বাধ্য। কারণ আমাদের দেশে শিল্প যেভাবে সম্প্রসারিত হচ্ছে, যে ভাবে স্ত্রীশিক্ষা বেড়ে চলেছে—যখন দেশ পরাধীন ছিল সেই সময় স্ত্রীজাতির মধ্যে বেকার সমস্যা ছিল না, কিন্তু আমাদের দেশ স্বাধীন হবার পরে এবং সকলকে সমান মর্যাদা দেবার পরে—তাতে দেশে বেকার সমস্যা যে বেড়ে চলেছে সে বিষয়ে সন্দেহ নেই। এই বেকার সমস্যার সমাধান যদি না করতে পারি তাহলে আমাদের আর্থিক উন্নতি এবং জীবন-ধারণের মান উন্নয়ন করতে পারব না। আমরা এখানে দেখছি যে সমালোচনা হচ্ছে যে পুলিশ খাতে কেন অর্থব্যয় করা হচ্ছে। আমরা শিক্ষা খাতের পর দেখতে পাই যে পুলিশ খাতে অর্থ বরাদ্দ হয়েছে। স্যার, আমাদের নিশ্চয় স্মরণ আছে এবং সচেতন যে যদি কোন শান্তি শৃঙ্খলা না থাকে তাহলে আমাদের যে কোন উন্নয়নমূলক কাজ নেওয়া হোক না কেন আমরা সে সমস্ত উন্নয়নমূলক কাজগুলিকে রূপায়িত করতে পারব না। আজ দেশে শান্তি শৃঙ্খলার প্রয়োজন হয়ে পড়েছে। গ্রামের প্রত্যেকটা জায়গাতে সমাজবিরোধী কাজ বেড়ে চলেছে যেভাবে তাতে আমার মনে হয় যে পুলিশ খাতে যে অর্থ বরাদ্দ হয়েছে সেটা শুধু পুলিশী শাসনের জন্য নয় দেশে সুশৃঙ্খল সমাজব্যবস্থার জন্য পুলিশ খাতে অর্থ বৃদ্ধি করা হয়েছে। আজ আমাদের দেশ দ্রুত ইণ্ডাষ্ট্রির পথে এগিয়ে চলেছে। সেজন্য ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়ায় যদি নানারকম বাধা বিপত্তি থাকে ও কারখানায় যদি সুস্বচ্ছলভাবে কাজ করাতে হয় তাহলে ওই পুলিশী ব্যবস্থার নিশ্চয় প্রয়োজন আছে। সেজন্য তারা এই ব্যয়বরাদ্দের মধ্যে দেখতে পান যে নির্বাচন রয়েছে বা পুলিশী রাষ্ট্রের দৃষ্টিভঙ্গী রয়েছে আমি তাঁদের এই মতের বিরোধিতা করি। আমার মনে হয় যে আমাদের দেশে সেই শৃঙ্খলা যতক্ষণ পর্যন্ত না আসবে, যতক্ষণ পর্যন্ত সমাজবিরোধী কাজ বন্ধ না হবে ততক্ষণ পর্যন্ত যে কোন উন্নয়নমূলক ব্যবস্থা গ্রহণ করিনা কেন আমাদের দেশে ব্যবসা বাণিজ্য থেকে প্রত্যেকটা জিনিষের উন্নতির পথে বিঘ্ন হবে। সেজন্য আজ এই যে সমালোচনা এই হাউসের সামনে রাখা হয়েছে আমার মনে হয় সেই সমালোচনার মধ্যে কোন বাস্তবতার ছবি

নেই। সেই সঙ্গে সঙ্গে স্বাস্থ্যবিভাগে, জলসরবরাহ বিভাগে যে সমস্ত অর্থ বরাদ্দ ধরা হয়েছে সেই অর্থ যেন আরও ভালভাবে খরচ হয়। এবিষয়ে আমি বিশেষভাবে সরকারের দৃষ্টি আকর্ষণ করি। গ্রামের যেসমস্ত জায়গাতে বিশেষ করে স্বাস্থ্যকেন্দ্র রয়েছে সেসমস্ত জায়গাগুলোতে যাতে সুষ্ঠুভাবে কার্য পরিচালিত হয় সেদিকে বিশেষ দৃষ্টি রাখা দরকার। কারণ এমন কতকগুলি স্বাস্থ্যকেন্দ্র রয়েছে যেখানে ডাক্তারে ডাক্তারে মনোমালিন্য এবং ঔষধ ইত্যাদি নিয়ে যে সমস্ত অব্যবস্থা চলছে সে সমস্ত যদি দূর না হয় তাহলে সমাজকল্যাণব্রতী যে রাষ্ট্র সেই রাষ্ট্রের কিছু উন্নতি হবে না এই যে উদ্দেশ্য সে উদ্দেশ্য সাধিত হবে না। সেজন্য আজ এইযে বাজেট উত্থাপিত হয়েছে সেই বাজেটকে আমি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে অর্থ-বরাদ্দ যাতে সুষ্ঠুভাবে খরচ হয় সেদিকে আমি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

Dr. Bindaban Behari Basu :

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রীমহাশয় আমাদের সামনে ১৯৬১/৬২ সালের যে বাজেট পেশ করেছেন সেটা বিশেষভাবে পর্য্যালোচনা করলে দেখা যায় যে, তার মধ্যে সমস্যা-সঙ্কুল পশ্চিমবাংলার সাধারণ মানুষের অবস্থার উন্নতির কোন সঙ্গতি তো নেইই বরং দেখা যাচ্ছে যে সাধারণ মানুষের জীবন যাত্রার মান আরও নিম্নগামী হচ্ছে। স্যার, ১৯৫৭ সাল থেকে যে ধারাবাহিক বাজেট আমাদের সামনে রাখা হচ্ছে তা আলোচনা করলে দেখা যায় যে ট্যাক্স এবং মূল্যবৃদ্ধি এমন ভাবে দ্রুত গতিতে বেড়ে চলেছে যার ফলে মানুষের পার ক্যাপিটা আয় এবং ব্যয়ের মধ্যে একটা বিরাট তারতম্য দেখা দিয়েছে এবং সেটা এই পরিকল্পনা হওয়া সত্ত্বেও বাড়তির দিকে যেয়ে যেয়ে সাধারণ মানুষের জীবনে একটা বিপর্যয় এনে দিয়েছে।

তারপর জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে বলে বলা হচ্ছে, কিন্তু তা সাধারণ মানুষের কোন কাজে লেগেছে কিনা সে বিষয়ে সন্দেহ আছে। যা হোক্, এখন আমি আপনার সামনে কয়েকটা ঘটনার কথা বলতে চাই যে, সাধারণ পল্লীগ্রামে যেখানে ৪০টি পরিবার বাস করে সেখানে ২৮টি পরিবার ভূমি সংস্কার আইনের মারফৎ যদিও জমি পেয়েছে কিন্তু তাঁরা বছরে মাত্র ৩ মাস কাজ পায় আর বাকী সময় বসে থাকে। তা'ছাড়া ৫টি শিক্ষিত টেক্‌নিসিয়ান ১৯৫৭ সাল থেকে আজ পর্য্যন্ত পরিকল্পনার মাধ্যমে কোন রকম কর্মসংস্থান করতে না পেরে তাঁদের মনে হতাশার সঞ্চার হয়েছে এবং যার ফলে তাঁরা বিভিন্ন ধরণের সমাজবিরোধী কাজে লিপ্ত হয়ে পড়েছে। এই হচ্ছে অধিকাংশ পল্লী গ্রামের মানুষের চিত্র।

তারপর বিভিন্ন পরিসংখ্যান এবং তথ্য দিয়ে মাননীয় অর্থমন্ত্রী আমাদের কাছে বলেছেন যে ভূরি ভূরি উন্নতি হয়েছে। কিন্তু আমরা দেখছি যে, কর্মসংস্থানের রেশিও অতি অল্প এবং তার প্রমাণস্বরূপ আমি দেখাতে চাই যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে মাত্র ১৮ হাজার ব্যক্তির কর্মসংস্থান হয়েছে। তবে এটা হলেও অন্যদিকে ইতিমধ্যেই দেখ'ছি যে ৪০/৫০ হাজার লোক চটশিল্প থেকে বরখাস্ত হয়ে বেকার হয়ে পড়েছে। সুতরাং ২টি পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং বাজেটের মধ্য থেকে যা দেখছি তাতে সাধারণ মানুষ তাঁদের কর্মসংস্থানের সুযোগ পেয়েছে বলে দেখছিনা। স্যার, ১৯৬০/৬১ সালের বাজেটে ক্ষুদ্র সেচ পরিকল্পনা এবং মেডিকেল এ্যাণ্ড পাবলিক হেল্‌থ বাজেটে যে অর্থ বরাদ্দ করা হয়েছিল তার একটা মোটা অংশ ব্যয়িত হয়নি। কিন্তু আপনি জানেন যে পশ্চিমবাংলার পাবলিক হেল্‌থ অত্যন্ত পশ্চাৎপদ এবং কোলকাতার হেল্‌থসেন্টারগুলোর সঙ্গে তুলনা করলেই তার প্রমাণ পাওয়া যায়। কাজেই এমতাবস্থায় যখন বরাদ্দকৃত অর্থ ব্যয় করা হয়নি তখন সেটা খুবই আশ্চর্যের বিষয়। তারপর গভর্ণর পশ্চিমবাংলার যে হিসেব দেখিয়েছেন তাতে দেখছি যে ৪০০ ব্যক্তির জন্য মাত্র ১টি বেড এবং তা ছাড়া টি. বি. রোগী পল্লীগ্রামে এত ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে যে, টি. বি. রোগীর পক্ষে সরকারী হাসপাতালে ভর্ত্তি হওয়া এখন একটা

কঠিন সমস্যা হয়ে দাঁড়িয়েছে। গত বছর বিভিন্ন মাননীয় সদস্য এবং সরকারের তরফ থেকে আলোচনা হয়েছিল যে ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্টের ব্যবস্থা করা যায় কিনা। তবে এটা আমি জানি যে টি. বি. রোগীদের এক্সরের ব্যবস্থা যথাসময়ে হয় না এবং তার ফলে দেখা যায় যদি কোন পরিবারে টি. বি. রোগের আক্রমণ হয় তাহলে তখন পরিবারের মধ্যে সকলেই ঐ রোগে আক্রান্ত হয়ে পড়ে। কাজেই এ সব সত্ত্বেও ঐ ডোমিসিলিয়ারী ট্রিটমেণ্ট-এর ব্যবস্থা হয়নি।

তারপর, ক্ষুদ্র সেচ পরিকল্পনার জন্য কোন স্থায়ীভাবে প্রচেষ্টা হয়নি এবং এবারের বাজেটে যদিও অতি অল্প বরাদ্দ করা হয়েছে কিন্তু ১৯৬০/৬১ সালের বাজেটে যা বরাদ্দ করা হয়েছিল তার একটা মোটা অংশ ব্যয়িত হয়নি।

তারপর পল্লীগ্রামের হেলথ্ সেণ্টারগুলোর কথা আপনার মাধ্যমে রাখতে চাই যে, সেই হেল্থসেণ্টারগুলোর মাধ্যমে প্রায় ১৫০/২০০ রোগী আউটডোরে আসে। কিন্তু তার মধ্যে যেগুলো সাবডিভিসনাল হাসপাতালে রেফার করা হয় তাঁদের যথাসময়ে ভর্তি করার ব্যবস্থা করা হয় না।

[5—5-20 p. m.]

স্যার, আমার নির্বাচন এলাকা জগৎবল্লভপুর থানার দুটো গুরুত্বপূর্ণ বিষয় একটা সেচ পরিকল্পনা, আর একটা জলনিকাশী পরিকল্পনার প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জগৎবল্লভপুর থানা এলাকায় সেচ পরিকল্পনার জন্য ব্যবহৃত হয় একমাত্র কানানদী। তারকেশ্বর থানা থেকে আরম্ভ করে জঙ্গিপাড়া, জগৎবল্লভপুর থানার মধ্য দিয়ে আমি ঘুরে দেখেছি যে এই নদীর মাঝখানে অসংখ্য ক্রস ব্যারেজ রাখা হয় যার ফলে নদী থেকে জল যথা সময়ে পাওয়া যায় না। এই ক্রস ব্যারেজ সরকারীভাবে বেআইনী ঘোষণা করা হয়েছে অথচ প্রতি বছর দেখা যায় ক্রস ব্যারেজ রাখা হয়। সরকার এ বিষয়ে দৃষ্টি দেন কিনা জানি না। আগামী বছর এই নদী সংস্কার করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর একমাত্র জলনিকাশী রাজাপুর ড্রেনেজ সেটার আমূল সংস্কার বিশেষ প্রয়োজন। এই খালটার হাওড়ায় ২/৩ অংশ এবং হুগলীর ১/৩ অংশ নিকাশের ব্যবস্থা করা প্রয়োজন। কিন্তু এই খালটার দীর্ঘ ১০ বছরের মধ্যে ভালভাবে সংস্কার হয়নি। এই বাজেট ঘাটতি দেখান হয়েছে কিন্তু এই ঘাটতি কি ভাবে পূরণ করা হবে সে সম্বন্ধে কোন উল্লেখ নেই। আমাদের আশংকা হয় কিছু দিনের মধ্যে যে সেল্স ট্যাক্স বিল আসছে তাতে হয়ত ট্যাক্সের কিছু ব্যবস্থা করা হবে। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অর্থমন্ত্রী তাঁর বক্তৃতার মধ্যে যে অভিযোগ করেছেন সেই অভিযোগ আমরাও করি। অতীতের বহু ঘটনার মধ্য দিয়ে বৈষম্যমূলক আচরণের জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আমরা অভিযোগ করেছি। কিন্তু সেই বৈষম্যমূলক আচরণের বিরুদ্ধে আমাদের মুখ্যমন্ত্রী সক্রিয় কি ব্যবস্থা করেছেন তার কোন উল্লেখ নেই। মুখ্যমন্ত্রী যদি এ বিষয়ে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করেন তাহলে তাঁর সেই সক্রিয় ব্যবস্থাকে সম্পূর্ণভাবে সমর্থন করব।

পাবলিক হেল্থ সম্বন্ধে এ বছর অর্থ বরাদ্দ অত্যন্ত কম করা হয়েছে। ১৯৬০ ৬১ সালের বরাদ্দে পাবলিক হেল্থের টাকা পড়ে রয়েছে—পল্লীঅঞ্চলে সোসাল হাইজিন শিক্ষা দেবার জন্য অতিরিক্ত নার্স ট্রেনিং দেবার জন্য সেই টাকা ব্যয় করা সম্ভব ছিল। ইতিপূর্বে প্রতিটি হেল্থ সেণ্টারে একটা করে মেটারনিটি সেণ্টার এবং শিশু কল্যাণকেন্দ্র করার ব্যবস্থা সম্বন্ধে এই বিধান সভায় বহুবার আলোচনা হয়েছে কিন্তু আজ পর্য্যন্ত সেরূপ কোন ব্যবস্থা হয়নি। আমার এলাকায় দায়িত্বসম্পন্ন এই বিভাগের কোন কর্মচারী চাইল্ড ওয়েলফেয়ার, মেটারনিটি সেণ্টার সম্বন্ধে বক্তৃতার সময় বললেন সরকারের এই রকম কোন পরিকল্পনা নেই টাকার অভাব আছে। অথচ আমরা দেখছি ১৯৬০-৬১ সালের বরাদ্দকৃত অর্থের একটা মোটা অংশ ব্যয়িত হয় নি। কাজেই এ বিষয়ে আমি

সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মোটামুটিভাবে এই বাজেট আলোচনা করে দেখতে পাওয়া যাচ্ছে যে এই বাজেট পশ্চিমবাংলার সাধারণ মানুষের কোন কল্যাণ করতে পারেনা উপরন্তু তাদের জীবনে একটা বিপর্যয় এনে দিচ্ছে। এই বাজেট জনসাধারণের কাছে একটা আতংকের কারণ হয়ে উঠেছে। সেইজন্য এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After adjournment]

[5-20—5-30 p.m.]

Shri Amarendra Nath Basu :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রীর ভাষণের উপর বিতর্ক আজকের দিনে প্রায় শেষ পর্য্যায়ে এসে পৌঁচেছে। তাঁর বক্তৃতা সমর্থন কংগ্রেসপক্ষ থেকে প্রত্যেকেই করেছেন এবং বিরোধিপক্ষ তার সমালোচনা করেছেন—এই ভাষণকে তাঁরা সমর্থন করতে পারেন না এটা জানিয়েছেন। এক কথায় বলতে গেলে মনে হয় এই আলোচনা শোনার পর এবং তাঁর ভাষণ শোনার পর—তুমি যে তিমিরে, তুমি সেই তিমিরে। স্বদেশীযুগে ৫৫ বছর আগে আমরা রাস্তায় গান গাইতাম—পড়ে দীপশিখা নগরে নগরে, তুমি যে তিমিরে, তুমি সেই তিমিরে। এ সত্যই স্বাধীনতা লাভ করবার পর দুটো পরিকল্পনা প্রায় শেষ হয়ে এলো, আন্দাজ ৪ শো কোটির কিছু বেশী টাকা আমরা খরচ করেছি এবং এই খরচ করবার পরও মনে হচ্ছে যে আমরা যেখানে ছিলাম প্রায়ই সেখানে আছি। তার কারণ হচ্ছে পরিকল্পনা গ্রহণ করবার সময় সর্বপ্রথমে আমাদের দৃষ্টি থাকবে প্রত্যেকটা মানুষের কল্যাণ, উপকার এর দ্বারা হচ্ছে কি না। দ্বিতীয় কথা হচ্ছে, যে অর্থ আমরা খরচ করেছি তার অপব্যবহারের দিকটা আমরা বন্ধ করবার কোন চেষ্টা করিনি। আমি বিশেষভাবে জানি যেখানে এক কোটী টাকায় একটা পরিকল্পনা গ্রহণ করা হয় সেখানে সত্যই ৬০ লক্ষ টাকার কাজ আমরা পাই, আর ৪০ লক্ষ টাকা অপচয় হয়, অপব্যবহার হয়। আমি বিশেষভাবে কোন কনট্রাক্টারের কাছে থেকে শুনেছি যে কোন একটা কাজ গ্রহণ করতে গেলে গ্রহণ করার সময় ১০% দিতে হয়, কাজ হয়ে গেলে, কাজের সাপসোফ করার সময় তাকে ১০% দিতে হয় এবং বিল আনার সময় তাকে ১০% দিতে হয় এবং সামান্য খুচরোখাচরা বিষয়ে ৫% টাকা দিতে হয়। এই হিসাবে স্পষ্ট দেখা যাচ্ছে, যে অর্থ আমরা ব্যয় করেছি, তার অধিকাংশই অপব্যয় হচ্ছে।

আমি একটুও হাসির কথা বলছি না। একজন বড় সরকারী কর্মচারীর সঙ্গে আলোচনা করছিলাম। তিনি একটু ঠাট্টা করে বললেন এতো পরিকল্পনা নয় মশায়, এ হচ্ছে উপরির জন্য পরিকল্পনা। আমি সেটা বললাম—তুমি মাইনে পাও কত? আর উপরি কত? তার কথার ইঙ্গিতে এইটুকু বুঝলাম যে আমাদের এই অর্থ এই উপরির খাতে চলে যায়—শতকরা ৪০ ভাগ। কাজেই তার দ্বারা যে কিছু ভাল কাজ হচ্ছে না, তা নয়; কিন্তু পুরোটা আমরা কাজে লাগাতে পারছি না। ধরে নিলাম যে এই সরকারের আগ্রহ আছে, সদিচ্ছা আছে; কিন্তু সবচেয়ে একটা মারাত্মক ব্যাপার এই ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি—, সেটা হচ্ছে—এই সরকারের অত্যন্ত আত্ম-সন্তুষ্টির মনোভাব। এই আত্মসন্তুষ্টির মনোভাব যদি তাঁদের দূর না হয়, যদি তাঁরা এটুকু অনুভব করতে না পারেন যে যেটা আমাদের করা অত্যন্ত উচিত ছিল, তা তাঁরা করতে পারছেন না এবং আমরা যে এগুতে পারছি না, আমাদের গতিবেগ যে কম, আমাদের পথ উল্টো হয়ে গেছে—এ সম্বন্ধে তাঁদের ধারণা না হলে কোনদিন তাঁরা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করে সর্বসাধারণের কল্যাণ করতে পারবেন না। এই পরিকল্পনার মধ্য দিয়ে যে সব সম্পদ সৃষ্টি হয়, আমরা দেখছি, সেই সব

সম্পদ—আবার সেই ব্যাপার—বড় বড় দেশী ধনিকদের নিজেদের অর্থ উপার্জনের পথ আরো সুগম করবার জন্ত, তাদের হাতে সেই সম্পদ বণ্টন ইত্যাদির কাজে লাগাবার ভার ছেড়ে দেওয়া হয়েছে। সত্যিকার কৃষক, শ্রমিক ও মেহনতী মানুষ, সেই সম্পদ থেকে আজ বঞ্চিত হচ্ছে। তাদের কল্যাণের জন্ত সেই সম্পদ ব্যবহার করবার নীতি নেই, দৃষ্টিভঙ্গী নেই, সেইজন্ত আজ তাঁরা যতই অর্থ খরচ করুন না কেন, যতই জোর গলায় বলুন, তাঁরা সাধারণ মানুষের কল্যাণ করতে পারছেন না। আজকে তাঁরা শিক্ষার খাতে খরচের কথা বলছেন। কিন্তু সেই শিক্ষা খাতে যদি আপনি একটু দেখেন, তাহলে দেখবেন, সেই টাকার অধিকাংশই contractor-দের হাতে চলে গেছে, বাড়ী তৈরী করার দিকে আর বেশী কিছু নাই।

ভারতবর্ষের প্রধান মন্ত্রী বলেন—আমাদের দেশে ছেলেদের শিক্ষা আগে গাছতলায় দেওয়া হতো। একটা বিদ্যালয় আরম্ভ করবার পূর্বে যে অর্থ এরা মঞ্জুর করেন, তার শতকরা ৬০ ভাগ ঐ ভাবে খরচ হয়ে যায়। শিক্ষকরা উপযুক্ত মাইনে পায় না। ছাত্রদের জন্ত এত বেশী খরচ করতে হয় যে তাদের বাপ মা তাদের পড়াতে পারে না। সেদিকে সরকারের নজর নাই। আজও আমরা নিরক্ষরতা দূর করতে পারিনি। আজও আমরা বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা দেশে প্রবর্তন করতে পারিনি। তাহলে কি করে বলবো--শিক্ষা খাতে খরচ বেশী হয়েছে বলে আমরা দেশের কল্যাণ করছি।

আমাদের খাদ্যোৎপাদন দেখান হয়েছে—বাড়ছে, আমি স্বীকার করি কিছু কিছু বাড়ছে এবং কোন কোন জিনিসের দরও আগের থেকে একটু কমে গেছে। কিন্তু আজও এই সহরে শিক্ষিত মানুষ ডাঃ অমূল্য রায়—না খেতে পেয়ে আত্মহত্যা করেছে, আর কলকাতা সহরেই দেখছি উচ্ছিষ্ট অন্ন লোকে চোখের সামনে কুড়িয়ে খাচ্ছে।

[5-30—5-40 p. m.]

আজ আমরা চোখের সামনে দেখছি বাপ ছেলেকে খেতে দিতে না পেরে, তাকে আছড়ে মারছে। খাদ্য উৎপাদনের সঙ্গে সঙ্গে যদি বেকারী ঘোচাবার দিকে আমাদের দৃষ্টি না যায়, যদি প্রত্যেককে আমরা কাজ দেবার মত ব্যবস্থা করতে না পারি, তাহলে জনসাধারণের এই অসহায় অবস্থা, দুঃখদৈন্ত কিছুতেই ঘুচবেনা। আমার সেইজন্ত মনে হয় খাদ্য সমস্যা সমাধানে আমরা ব্যর্থ হয়েছি। আরও যে ভাবে চেষ্টা করলে কৃষি উৎপাদন বাড়ে, বৎসরের পর বৎসর এই বিধান সভায় আমরা সে সম্বন্ধে আলোচনা করলেও সরকারের কাছ থেকে কোন সাড়া পাওয়া যায় না; সে দিকে দৃষ্টি দেবার জন্ত তাঁদের বললেও তাঁরা দৃষ্টি দেবেন না। কংগ্রেস সদস্যদের মধ্যে অনেকেই বললেন যে কৃষির অবস্থা অত্যন্ত খারাপ, কৃষককে উপযুক্ত ঋণ দেওয়া একান্ত প্রয়োজন, তাদের ভাল বীজ ধান সরবরাহ করতে হবে, তারা যাতে জল পায় তার ব্যবস্থা করতে হবে। কিন্তু তাঁরা মূল কথাটা এড়িয়ে গেলেন। অর্থাৎ চাষীর হাতে জমি দিতে হবে, সে কথা তাঁরা জোর দিয়ে বললেন না। কৃষকের হাতে জমি দেবার যে সমস্যা, তা আজও সমাধান হয়নি। আগে তাকে জমি দাও, তারপর তার কৃষিকার্য্যের জন্ত যে সমস্ত প্রয়োজনীয় জিনিস, সেগুলি তার কাছে এগিয়ে দাও। রাষ্ট্রীয় খামার এবং যৌথ খামার যাতে চালু হয় এবং যাতে রাষ্ট্রীয় খামার—আমরা দু-একটা বাংলাদেশে করতে পারি সেদিকে নজর দেওয়া উচিত। আমার সামান্ত সময়ের মধ্যে—আমি এ সম্বন্ধে এই কয়েকটি কথা বললাম। তারপর পুলিশ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে—পুলিশ খাতে অর্থ বেড়েছে, তারজন্ত আমি বিশেষ কিছু বলতে চাই না। কিন্তু অর্থ বাড়ালেও, পুলিশ জনসাধারণের সঙ্গে কি ভাবে ব্যবহার করে থাকে তার আমি দু-একটা দৃষ্টান্ত দিচ্ছি। যদি কোন সাধারণ ভদ্রলোক কোন অভিযোগ নিয়ে থানায় যান, সেখানে সহজে পাত্তা পান না। যদি কোন অভিযোগ থানার ডায়েরীতে লিখে দিয়ে আসেন, তার উপযুক্ত তদন্ত হয়

না। দেখা যায় আজও পুলিশ নির্দোষী মানুষকে থানায় ধরে নিয়ে গিয়ে, তার উপর নানা রকম জুলুম, অত্যাচার চালায়। আমি আর একটা কথা বলবো, সেটা হচ্ছে যে পথ ও মত সরকার গ্রহণ করে আমাদের দেশের শাসনকার্য্য পরিচালনা করছেন, তা পরিবর্তন করা দরকার। হয়ত আমরা যা বলি তা সরকারের কানে পৌঁছায় না। অর্থাৎ জনসাধারণের দারিদ্র্য দূর করবার চেষ্টা, মানুষকে তার জীবনে সুপ্রতিষ্ঠিত করা ও তার কল্যাণের জন্য আপ্রাণ চেষ্টা করা সরকারের কর্তব্য। এই ভারতবর্ষে বহুদিন আগে বিরাট বিরাট মনীষীরা বলে গিয়েছেন দরিদ্রের সেবা করতে হবে, দরিদ্রের উন্নতিকল্পে সকলকে চেষ্টা করতে হবে। ধনীর দিকে না চেয়ে, গরীব, দুঃখীর দিকে ফিরে চাও, এই কথা তাঁরা বলে গিয়েছেন। লোকের হিতের দিকে সদাসর্বদা লক্ষ্য রাখা উচিত। আজ পৃথিবীতে, আমরা যাকে সাম্যবাদ বলি, পৃথিবীর মানুষ যাকে কমিনিউজিম্ বলে, সেই যে পথ, তাকে বিদেশী বলে পরিত্যাগ করা উচিত নয়। কারণ আপনারা যদি মনে করেন পৃথিবীতে যে সকল ভাল জিনিস আছে, তা আমরা গ্রহণ করবো, তাহলে সেই পথ আপনাদের গ্রহণ করা উচিত। সেই মত এবং পথ গ্রহণ করে যদি আপনারা সাধারণ মানুষের কল্যাণের জন্য পরিকল্পনা গ্রহণ করেন তাহলে সত্যিই দশের ও দেশের কল্যাণ করা হবে। আমি সেইজন্য আর একবার বলি যে হে পথিক, তুমি পথ হারিয়েছ, চিন্তা কর নূতন পথে যাবার জন্য। এই কথা বলে, আমি তাঁর এই ভাষণে সন্তুষ্ট হতে পারিনি জানিয়ে, আমার বক্তব্য শেষ করছি।

Shri Samar Mukhopadhyay :

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা বিষয়ের উপর আমার আলোচনা সীমাবদ্ধ রাখবো। বাস্তুহারা সমস্যা আজকে খুব একটা জটিল অবস্থায় এসে উপস্থিত হয়েছে এবং পরিস্থিতি এত সাংঘাতিক যে এ সম্বন্ধে খুব গুরুতরভাবে চিন্তা করা দরকার। অথচ বাজেটের মধ্যে আমরা সেরকম অনুভূতি পেলাম না। বাজেটে আমরা দেখছি—বাজেটে টাকার পরিমাণ বাস্তুহারাদের জন্য কমে গিয়েছে এবং তৃতীয় পরিকল্পনায় বাস্তুহারা খাতে কোন টাকা বরাদ্দ নাই। পরিস্থিতির উপলব্ধির অভাবই এই সাংঘাতিক বিপর্যয়ের দিকে নিয়ে যাচ্ছে। কেননা ইতিমধ্যে তাঁরা ঘোষণা করেছেন যে ১৯৬১ সালে পুনর্বাসন দপ্তর বন্ধ হয়ে যাবে এবং তারা বলেছেন বাস্তুহারা সমস্যা Bulk of the problem-এর মধ্যে সমাধান হয়ে যাবে। ১৯৬০ সালের জুন মাসে ডাঃ রায় দিল্লীতে পণ্ডিত নেহেরুর সঙ্গে এ সম্বন্ধে আলোচনা করেন, তারপর পণ্ডিত নেহেরুর Secretariat থেকে যে একটা Press statement বেরিয়েছিল তাতে এটা স্পষ্টই ঘোষণা করা হয়েছে It is hoped that the majority of the work of the Ministry of Rehabilitation will be over within a period of 12 to 15 months—some part may still remain. This can be distributed to other Ministries of Govt. of India or to the West Bengal Govt. so that Ministry of Rehabilitation as such could be closed. এই Ministry of Rehabilitation-কে close করার সিদ্ধান্ত জুন মাসে বাংলার মুখ্যমন্ত্রী এবং ভারতবর্ষের প্রধানমন্ত্রী যুক্তভাবে গ্রহণ করেন এবং ঘোষণা করে দিয়েছেন। সুতরাং ব্যাপারটা মোটেই হাল্কা জিনিস নয়, গুরুতর জিনিস। লক্ষ লক্ষ বাস্তুহারার জীবনে চরম বিপর্যয় এসে উপস্থিত হয়েছে এবং সঙ্গে সঙ্গে এটাও বলবো এ বাস্তুহারা সমস্যা পশ্চিমবাংলার সামগ্রিক জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আমি সারা ভারতের বাস্তুহারা সংগঠনের পক্ষ থেকে পণ্ডিত নেহেরুর ঘোষণার ফলে সমস্যার গভীরতা সম্বন্ধে একটা স্মারকলিপি পাঠিয়ে তার সঙ্গে আলোচনা করতে চেয়েছিলাম, পণ্ডিত নেহেরু আলোচনা করতে রাজী হয়েছিলেন তার আগে তিনি জানতে চেয়েছিলেন কেন তারা এই সমস্যার জবাব দিয়েছেন তার আগে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী আমাদের কাছে তার একটা জবাব আমাদের কাছে পাঠিয়েছেন, সেই দীর্ঘ জবাবে লিখেছেন—The Ministry has been discharging these functions for the last 12 years and the bulk of the problem has already been resolved. It is therefore natural that the Ministry should gradually divest itself of

its various functions and transfer them to the other concerned Ministry and deptts. Accordingly the work relating to the grant of freeship and studentship to the displaced students has been transferred to the Ministry of Education.

[5-40—5-50 p.m.]

অথচ পুনর্বাসন দপ্তর থেকে জানিয়ে দেওয়া হয়েছে, আমার নামে address করে খান্না সাহেব লিখেছিলেন, তাতে তিনি লিখেছেন, That Ministry has also been requested to take over the management of homes, infirmaries and orphanages. তারপর তিনি বলছেন, Schemes of vocational and technical training. অর্থাৎ এই সমস্ত department পর পর তারা integrate করে State Government-র হাতে দিয়ে দেবেন। সুতরাং Rehabilitation Ministry থাকবে না। এবং এই লম্বা চিঠির মধ্যে খান্না সাহেব আর এক জায়গায় লিখেছেন, It would thus be observed that, except in 22,500 families in the camps of West Bengal, the problem of rehabilitation of displaced persons from East Pakistan has, by and large, been resolved. অর্থাৎ ২২½ হাজার camp people ছাড়াও বাকী বাস্তুহারাদের সমস্যা প্রায় সমাধান হয়ে গিয়েছে। Therefore, the time has come to wind up the activities of the Rehabilitation Ministry and to transfer the residual work to other permanent Ministries and departments. This process has already been started and is expected to be completed within about a year. অর্থাৎ এই চিঠি খান্না সাহেব লিখেছিলেন ২৯শে আগষ্ট ১৯৬০ সালে। এখন বুঝতে পারছেন within a year, the whole department বন্ধ হয়ে যাবে। তার মানে হচ্ছে আগামী জুলাই-আগষ্ট মাসে পুনর্বাসন দপ্তর entirely বন্ধ হয়ে যাবে। এবং ইতিমধ্যেই তা কার্যকরী করার ব্যবস্থা করা সুরু করেছেন এবং বিভিন্ন খাতে টাকা দেওয়া কমে গিয়েছে, যার ফলে অবস্থা ইতিমধ্যেই ভয়ংকর হয়েছে। পণ্ডিত নেহেরু, তিনিও খান্না সাহেবের বক্তব্যের সঙ্গে একমত। তাঁর Private Secretary আর একটা চিঠিতে আমাকে জানিয়ে দিয়েছেন। সেটা আর আমি পড়ছি না। আর এই যে ধারণা সৃষ্টি হয়েছে bulk of the problem has been solved। এই ধারণা সৃষ্টি করার পরিণতি হচ্ছে খুবই ভয়ংকর। কিন্তু বাস্তব চিত্র হচ্ছে সম্পূর্ণ অন্য রকম। বাস্তবে camp বাস্তুহারাদের সমস্যা আলাদাভাবে আলোচনা করছেন কিন্তু camp-র বাইরে যে কয়েক লক্ষ বাস্তুহারা যাদের সম্বন্ধে এই House-এ দাঁড়িয়ে, প্রফুল্ল সেন মহাশয়, তিনি ঘোষণা করেছিলেন যে, পশ্চিমবঙ্গে ৩২ লক্ষ বাস্তুহারাদের ভিতর পুনর্বাসন সাহায্য যাহাদের দেওয়া হয়েছে তাদের সংখ্যা ২১ লক্ষের মত এবং এই ২১ লক্ষের ভিতর তিনি নিজেই ঘোষণা করেছিলেন—যে ছাপান বইটা আমাদের দেওয়া হয়েছিল তার মধ্যেই স্বীকার করেছিলেন—শতকরা ৫০ জনের অবস্থা মোটেই ভাল না, এবং তাদের পুনর্বাসন মাত্র আংশিক হয়েছে। এই ঘোষণা করেছিলেন আমাদের Governmentর পুনর্বাসন মন্ত্রী এবং আমাদের রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে তিনি বলেছেন, The problem of the displaced persons from East Pakistan still remains unsolved to a very large extent though contiuued efforts are being made for their rehabilitation. একথা রাজ্যপাল পর্যন্ত স্বীকার করতে বাধ্য হয়েছেন। যদিও আমরা মনে করি এই স্বীকৃতি পূর্ণ স্বীকৃতি নয়। কারণ পরিস্থিতি আরো ভয়াবহ। সেখানে তিনি বলেছেন, The problem still remains unsolved to a very large extent; একথা রাজ্যপাল এবারের বক্তৃতায় স্বীকার করেছেন। বাংলার পুনর্বাসনের যে problem তা resolve হয়নি, to a very large extent unresolved

থেকে যাচ্ছে। অথচ এখানে আমরা দেখছি কেন্দ্রীয় সরকার তারা decide করে ফেলেছেন এ এক বৎসরের মধ্যে পুনর্বাসন দপ্তর বন্ধ হয়ে যাবে। পণ্ডিত নেহেরুর সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত ঘোষণা করে এসেছিলেন। এবং আরও সদস্যদের মনে আছে নিশ্চয়ই যে, এই হাউসে গত ১লা এপ্রিল একটা বেসরকারী প্রস্তাব পাস হয়েছিল—এবং সেই প্রস্তাব কংগ্রেসপক্ষী সদস্যরাই উত্থাপন করেছিলেন—সেই প্রস্তাবে একথা লেখা ছিল যে, That the Rehabilitation Ministry should not be closed down in 1961 as reported until the arrangements of complete rehabilitation of refugees to Dandakaranya and other places are made more effective. এই Assembly-তে এই স্পষ্ট প্রস্তাব গৃহীত হয়েছিল যাতে ১৯৬১ সালের মধ্যে এই dept বন্ধ না হয় এবং সেই প্রস্তাবে আরো বলা হয়েছিল Adequate fund should be allocated by the Government of India in the 3rd Five Year Plan for the general development of the State economy with the particular object of economic integration of displaced persons in the State এই হচ্ছে এই হাউসের প্রস্তাব। সেই প্রস্তাব ১লা এপ্রিল তারিখে গৃহীত হয়েছিল এবং মোটামুটি সকলেই একমত হয়েছিলেন। মুখ্যমন্ত্রী দিল্লীতে যেয়ে পণ্ডিত নেহেরু-এর উদ্ভ্রান্ত পুনর্বাসন দপ্তরের সঙ্গে যুক্তি করে ঘোষণা করলেন ১৯৬১ সালের মধ্যে পুনর্বাসন উঠিয়ে দেওয়া হবে—এবং তার জন্য এই পরিকল্পনার কোন টাকা allotment করা হল না। যে দাবী নাকি এই হাউস থেকে বিশেষভাবে করা হয়েছিল special টাকা মঞ্জুর করার জন্য দাবী করা হয়েছিল যাতে করে refugee rehabilitation-এর জন্য পশ্চিমবংগের উপর যে বাধা সৃষ্টি হয়েছে তার খানিকটা relief করা যেতে পারে। এই থেকেই ভাল করে বোঝা যায় এই হাউসের প্রস্তাবের প্রতি কতটা গুরুত্ব মুখ্যমন্ত্রী দেন এবং বাস্তুহারাদের পুনর্বাসনের জন্য তাঁর কতটা আন্তরিকতা আছে। এই প্রসংগে আমরা বারবার দাবি করেছিলাম যে, এই dept. বন্ধ করবার আগে আরও একটা তদন্ত হোক বর্তমান পরিস্থিতি জানবার জন্য, কারণ একটা dept. close করতে হলে, যেহেতু লক্ষ লক্ষ লোকের জীবন এই dept.-এর সঙ্গে জড়িত সেইজন্য আজ অবস্থা কি পর্যায়ে এসে পৌঁছেছে সেটা জানবার জন্য একটা তদন্ত করার দাবী আমরা করেছিলাম। কিন্তু আমাদের সেই প্রস্তাব এঁরা গ্রহণ করেননি। এদিকে দেখছি, খান্না সাহেব যে চিঠি আমাকে লিখেছিলেন, সেই চিঠিতে তিনি লিখছেন যে, আমাদের State-এ মোটামুটি residuary problems কি আছে না আছে তার হিসাব নিকাশ করবার জন্য পশ্চিমবংগ সরকারকে বলেছিলেন—এবং camp refugee-দের কথা জানলে তাঁরা প্রয়োজনমত টাকা sanction করবেন। ৮ই জানুয়ারী তারিখে Statesman কাগজে quick survey সম্পর্কে একটি সংক্ষিপ্ত রিপোর্ট বের হয়, তাতে দেখা যাচ্ছে বাংলাদেশের Government একটা quick survey করেছেন, this survey covered 42,000 farmer families, 39,000 non-farmer families in rural areas and 89,000 urban families. Of these as many as 1,21 000 families are stated to have been partially rehabilitated and requiring further assistance. এই survey থেকে কলকাতা বাদ ছিল এবং অন্যান্য অনেকগুলি অঞ্চলও বাদ ছিল। এই যে total family surveyed হল, তার total family-র সংখ্যা ১ লক্ষ ৭০ হাজার। কিন্তু তার মধ্যে এই survey-র ফলাফলে দেখা গেল ১ লক্ষ ৭০ হাজারের মধ্যে ১ লক্ষ ২১ হাজার family are stated to be partially rehabilitated—On this basis the percentage of the partially rehabilitated persons is much more than fifty and if their estimates are correct the Government may have to revise their estimate of the total number of partially rehabilitated families in the State.

[5-50—6 p. m.]

অর্থাৎ, এই survey-থেকে দেখা যাচ্ছে—প্রফুল্লবাবু বল্লেন শতকরা ৫০ ভাগ লোকের প্রকৃত পুনর্বাসন হয় নি—কিন্তু এই survey-থেকে দেখা যাচ্ছে শতকরা ৭০ ভাগের বেশী লোকের প্রকৃত পুনর্বাসন হয় নি। অর্থাৎ, পরিস্থিতি আগের থেকেও খারাপ হয়েছে—এই তথ্যটাই এর থেকে পরিষ্কার করে বোঝা যাচ্ছে। প্রফুল্লবাবু এখানে বলেছেন যে, একটা suggestion এখানে রাখলেন যে, যারা partially rehabilitated হয়েছে, সেই সমস্ত লোকের final rehabilitation-এর জন্য এঁরা একটা ৬০ কোটি টাকার পরিকল্পনা করছেন—এবং সেটা তাঁরা কেন্দ্রের কাছে পাঠাচ্ছেন। কিন্তু সম্প্রতি যে survey হল এই survey-র report থেকে দেখা যাচ্ছে অবস্থা ক্রমশঃ অবনতির দিকেই অগ্রসর হচ্ছে। তারপর, টাকার পরিমাণ যেভাবে কমে যাচ্ছে তাতে কোন রকম সুষ্ঠু পুনর্বাসন হবে একথা কল্পনাও করা যায় না। তারপর date closed হয়ে গেলে পর বলা হবে এখন আমাদের আর কিছু করার নাই। তারপর, এই survey-র মধ্যে যে সুপারিশ করা হয়েছে, তাতে ১২ কোটি টাকার খরচের একটা suggestion দেওয়া হয়েছে—তাতে তাঁরা ১ লক্ষ ২১ হাজার family-র employment-এর জন্য কোনরকম provision করতে পারেন নি। তাঁরা বলছেন গ্রামাঞ্চলে ২৪টি industrial estate করা হবে এবং প্রত্যেকটা estate-এ ২৫ জনের জীবিকার বন্দোবস্ত হবে। এরা বলছেন ৬ হাজার লোকের জীবিকার্জনের ব্যবস্থা করবেন। আজকে গ্রামাঞ্চলে শতকরা ৭০ ভাগের বেশী লোকের অবস্থা খারাপ হয়েছে। এই অবস্থায় এঁরা মাত্র ৬ হাজার family-র employment এবং provision-এর suggestion দিচ্ছেন, বাকী family-র জন্য কোনরকম provision ব্যবস্থা তাঁদের নাই। এঁরা বলছেন, general development-এর সঙ্গে সঙ্গে তারা absorbed হয়ে যাবে। সুতরাং এই যে partially rehabilitated যাদের সংখ্যা ১০।১১ লক্ষর মতো—প্রফুল্লবাবুর হিসাব হল 50% partially rehabilitated হয়েছে, আর এই survey থেকে দেখা যাচ্ছে 70%এর বেশী লোকের rehabilitation হয়নি—অর্থাৎ ২১ লক্ষ—এদের rehabilitation ভালভাবে হয়নি। তাদের অবস্থা খুবই সাংঘাতিক, এবং অধিকাংশই আছে Government colony অথবা private colony-তে। এই colony-গুলির অবস্থাও সাংঘাতিক। এই colony-গুলি দেখে এসেছি—আমি সম্প্রতি তাহেরপুর কলোনীতে গিয়েছিলাম। এই তাহেরপুর কলোনীতে আগে ছিল ৩,৭০০ family। আমি ৭।৮ দিন আগে সেখানে গিয়েছিলাম—তারা আমাকে বলছিল এখন মাত্র ২,৫০০ family আছে, বাকী family desert করে চলে গিয়েছে। যেহেতু তাদের জন্য কোনরকম provision বা তাদের জীবিকানির্বাহের কোনরকম ব্যবস্থা হয়নি তারা সেখান থেকে destitute হয়ে চলে যাচ্ছে। তারা আমাকে অনুরোধ করে বল্লেন, কিছু একটা ব্যবস্থা এখনো করা যায় কি না। প্রতি পরিবারে অন্ততঃ একজন করে লোক T. B. আক্রান্ত হয়েছে। এই তাহেরপুর colony township colony করার কথা ছিল—এবং প্রফুল্লবাবু এই হাউসে বলেছিলেন, আমরা একটা survey করেছি, সেই survey-তে দেখা গিয়েছে কলোনীলোকের আর্থিক অবস্থা—তিনি all India per capita monthly income basis-এ একটা হিসাব দিয়ে বলেছিলেন ২৫ টাকা—তাহেরপুর কলোনীর অধিবাসীদের per capita monthly income ৭ টাকা ১৪ নয়া পয়সা। সেই সময় তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন তাহেরপুরে সুতাকল হবে। আজ পর্যন্ত সেখানে কোন factory হয়নি, সুতাকল তো হয় নি।

তার পরিবর্তে কয়েকটা অখর চরকা সেখানে দেওয়া হয়েছে। অথচ নদীয়া জেলার একটা ভূগোল ছাপা হয়ে বা স্কুলে পড়ান হচ্ছে তাতে লেখা আছে যে তাহেরপুর শিল্পের জন্য বিখ্যাত। কিন্তু তাহেরপুরে কোন ফ্যাক্টরী হল না, লোকে সেখানে আত্মহত্যা করছে। এইরকমভাবে

সেখানে এই কলোনীর অবস্থা আজ সঙ্গীন। সেখানে গিয়ে শুনলাম সেখানে যে লোন দেওয়া হয়েছিল সেই লোন আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হয়েছে এবং কয়েকদিন আগে সেখানে সবচেয়ে বেশী গরীব একটা ফ্যামিলির অস্থাবর সম্পত্তি পুলিশ দিয়ে ক্রোক করা হয়েছে এইরকমভাবে ঋণ আদায় করার জন্য কি রকম জবরদস্তি চলছে সেটা সম্পর্কে একটা রিপোর্ট পেয়েছি। এই ঋণ আদায়ের জন্য প্রায় সব ফ্যামিলির উপরে সার্টিফিকেট জারী হয়েছে শুধু এই নয় সশস্ত্র পুলিশ দিয়ে ব্যবসা কৃষিঋণ আদায় হচ্ছে। সরকারী অফিসাররা পর্যন্ত এই ঋণ আদায়ের জন্য কলোনীর মধ্যে ভীতিপ্রদর্শন করছে। নদীয়া জেলার রানাঘাট থানার পালিতপাড়া তন্তুজীবী উদ্বাস্তুদের, মানসতলায় কৃষিজীবী উদ্বাস্তুদের, গয়েশপুর ও সাতনালা কৃষিজীবী উদ্বাস্তুদের, কোতয়ালী থানার পোড়াগাছা গ্রামের উদ্বাস্তুদের ঋণ পরিশোধের জন্য চাপ ও সশস্ত্র পুলিশী সন্ত্রাস দেখানোর কৌশল লওয়া হইয়াছে। শান্তিপুর থানার ঘোড়ালিয়া গ্রামের এক উদ্বাস্তুর বাড়ী গিয়া সরকারী কর্মচারীগণ ঋণ আদায়ের জন্য ঐ উদ্বাস্তুদের অস্থাবর সম্পত্তি ক্রোকের হুকুম দেন ও পরে জনতার চাপে ক্রোক না করিয়া ফিরিয়া আসেন। এই অবস্থা তাহেরপুর ইত্যাদি কলোনীতে হয়েছে—অর্থাৎ ক্রোকের পরোয়ানা যাচ্ছে। ঋণ আদায়ের জন্য বিভিন্ন জায়গায় একদম আর্থিক জীবন ভেঙ্গে গেছে। তার উপর নূতন করে সরকারী হামলা সুরু হয়েছে। ঋণের প্রশ্ন নিয়ে কেন্দ্রীয় পুনর্বাসনমন্ত্রী খান্না সাহেবের সঙ্গে আলোচনা হওয়ায় তিনি আমাকে যা লিখে জানিয়েছেন তা হল এই—While it is not possible to accept the suggestion that recovery of loans should be altogether suspended instructions have been issued to State Governments to enforce recovery of loan instalments only in cases where the displaced persons are in a position to pay অর্থাৎ যেখানে displaced person-দের দেবার ক্ষমতা আছে সেখানেই ঋণ আদায় করা হবে এবং ষ্টেট গভর্ণমেণ্টকে এই instructions-ও দেওয়া হয়েছিল। কিন্তু আমরা দেখছি যে ষ্টেট গভর্ণমেণ্ট কেন্দ্রের সেই instruction না মেনে উপরন্তু অমানুষিক পথ গ্রহণ করে তাঁরা তাদের উৎখাত করার জন্য সার্টিফিকেট জারী করছেন। আরও বিভিন্ন জায়গায় ঋণ আদায়ের নামে মাল ক্রোক ইত্যাদি আরম্ভ হয়েছে। এখন সরকারী কলোনীর লোকসংখ্যা সবচেয়ে বেশী। কিন্তু সেই কলোনীগুলোর চিত্র এত সাংঘাতিক যেখানে সেখানে bulk of the problem has been solved বলা মানে বাস্তুহারা পুনর্বাসনের যে দায়িত্ব সেটাকে এড়িয়ে যাওয়া। সরকারী কলোনী ছাড়া স্কোয়াটার্স কলোনীর কথা আমি সংক্ষেপে বলব। জবরদখল কলোনীর সংখ্যা হচ্ছে ১৪৭ এবং লোকসংখ্যা ১ লক্ষ ৬৮ হাজার। এই কলোনীগুলি নিজেদের উদ্যোগে জঙ্গল সাফ করে জমি দখল করে ১২ বৎসর ধরে ঘরবাড়ী তৈরী করে জীবনযাত্রা চালিয়ে আসছিল তাদের সঙ্গে আজ এই ব্যবহার করা হচ্ছে। Act XVI of 1951-এ একটা প্রোটেকশান ছিল যে বিকল্প পুনর্বাসনের যতক্ষণ পর্যন্ত ব্যবস্থা না হচ্ছে ততক্ষণ তাদের উৎখাত করা হবে না। কিন্তু বিভিন্ন জবরদখল কলোনীর যারা প্লট হোল্ডার তাদের জমি রেগুলারাইজ করে জমির মালিকানা আজ পর্যন্ত দেওয়া হল না। সেজন্য সেইসব প্লটের যারা অরিজিন্যাল মালিক তারা কোর্টের সাহায্য নিয়ে এই সমস্ত প্লট হোল্ডারদের উপর নোটিশ জারী করছেন এবং ৭০০।১০০০।২০০০।৩৬০০ টাকা পর্যন্ত সার্টিফিকেটের নোটিশ দিচ্ছেন।

[6-0—6-10 p. m.]

কাজেই বুঝতে পারছি যে এটাই চিরস্থায়ী করবে। তারপর জবরদখল প্লটে যিনি আছেন তিনি কম্পেনসেসন্ দেবেন আবার জমির দাম দেবেন এবং তারপর তিনি সেই জমির মালিক হবেন এ ক্ষমতা তাঁদের নেই। কাজেই এই কমপেন্সেসন-এর নোটিশ তাঁদের এই সমস্ত প্লট থেকে উৎখাত করে দেবে এবং ১২ বছরের এই সমস্ত স্কোয়াটার্স কলোনীর লোকেরা আবার দুঃস্থে পরিণত হবে। সুতরাং এমতাবস্থায় সরকার যখন কোন ব্যবস্থা করেনি তখন আমরা

পূর্বেও এর প্রতি দৃষ্টি আকর্ষণ করেছি এবং এখনও আবার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এমন একটা অবস্থা এসে দাঁড়িয়েছে যে গুরুতর একটা বিপর্যয় দেখা দিতে বাধ্য।

তারপর বিভিন্ন সংবাদপত্রে এ খবর বেরিয়েছে যে ক্যাম্প উদ্বাস্তুদের উপর দণ্ডকারণ্যে যাবার জন্য আবার নূতন করে নোটিশ বেরুতে আরম্ভ করেছে এবং সেই নোটিশে বলে দেওয়া হচ্ছে যে দণ্ডকারণ্যে না গেলে তাদের ৬ মাসের ডোল দিয়ে ক্যাম্প থেকে তাড়িয়ে দেওয়া হবে এবং বিভিন্ন ক্যাম্পে এই ধরণের নোটিশ বেরিয়ে সেখানে ডোল বন্ধ হতে সুরু হয়েছে। স্যার, গত বছর যখন গভর্ণমেণ্ট এই ব্যবস্থা অবলম্বন করেছিলেন তখন আমরা গভর্ণমেণ্টকে হুঁশিয়ারী দিয়ে বলেছিলাম যে, দণ্ডকারণ্যে যাতে মানুষ স্বেচ্ছায় যায় তার ব্যবস্থা করুন এবং সেখানে তাঁদের কি অসুবিধা বা পশ্চিমবাংলায়ই বা তাঁদের কি সুবিধা সেটা বুঝে তাঁদের আস্থা অর্জন করবার চেষ্টা করুন। কিন্তু গভর্ণমেণ্ট সেই পন্থা গ্রহণ না করে গত বছরের ব্যর্থনীতি আবার এ বছরে চালু করবার চেষ্টা করছেন। স্যার, গত বছর ১৪ হাজার পরিবারের উপর দণ্ডকারণ্যে যাওয়ার জন্য নোটিশ দেওয়া হয়েছিল এবং তখন এটা প্রমাণিত হয়েছে যে ডোল বন্ধ করে তাঁদের সেখানে নিতে পারে নি। কেননা এই ১৪ হাজার পরিবারের উপর নোটিশ দেওয়া সত্ত্বেও তাঁদের মধ্যে মাত্র ১৩ শত ফ্যামিলিকে তাঁরা সেখানে নিয়েছিলেন—অর্থাৎ শতকরা ১০ ভাগেরও কম লোককে তাঁরা সেখানে নিতে পেরেছিলেন। কাজেই আজ এঁরা আবার সেই পুরানো পন্থা অনুসরণ করেছেন এবং বুঝেছেন যে, দণ্ডকারণ্যে যারা যেতে চাইবে না তাঁদের উপর বলপ্রয়োগ করা হবে। কেননা আমরা দেখছি যে উদ্বাস্তুরা যেখানে সভা করছে সেখানে তাঁদের বিনা ওয়ারেণ্টে গ্রেপ্তার করা হচ্ছে এবং যে ঘটনা বিষ্ণুপুরে ঘটেছে যে, প্রাণকৃষ্ণ চক্রবর্তী এবং হেমন্ত রায়কে কনফারেন্স প্যানডেল থেকে গ্রেপ্তার করা হয়েছে। অথচ আমরা জানি যে সেখানে শান্তিভঙ্গের কোন কারণ ছিল না এবং ডি. এস. পি.-কে তাঁরা বলেছিলেন। কিন্তু মিথ্যা অজুহাত দেখিয়ে তাঁদের ধরে নিয়ে এসেছে এবং এই কাজ পুলিশমন্ত্রী কালীবাবুর কন্‌সেণ্ট নিয়ে করা হয়েছে। তবে শুধু এ ঘটনাই নয়, আমি কাগজে দেখলাম যে, কুপার্স থেকেও ৫।৬ জনকে ধরে নিয়ে গেছে। কাজেই তাঁদের আস্থা অর্জনের পরিবর্তে এই যে পুলিশী ব্যবস্থা দ্বারা তাঁদের দণ্ডকারণ্যে পাঠান হচ্ছে এর পরিণতি সাংঘাতিক হবে এবং গভর্ণমেণ্টের এই নীতির পরিণতি আবার মানুষকে সংগ্রামের ময়দানে ঠেলে দিচ্ছে। স্যার, হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ড কাগজে লিখেছে "Failure of Dandakaranya movement—only two families go to new homes"—অর্থাৎ গত ২৪শে ফেব্রুয়ারী হিন্দুস্থান ষ্ট্যাণ্ডার্ডের সম্পাদকীয়তে লিখেছে যে, ১॥ হাজারের ভিতর হুগলী জেলা থেকে মাত্র ২ টি পরিবার দণ্ডকারণ্যে যাওয়ার জন্য বলেছে এবং আগে যাদের নাম ছিল তাদের নাম আর নেই। এঘটনা খুবই ডিস্‌অ্যাপয়েন্টিং। তারপর বৈকুণ্ঠপুর ক্যাম্পের লোক বলেছে যে আমাদের ডোল বন্ধ করে দিয়েছে এবং গভর্ণমেণ্ট বলছেন যে ক্যাম্প তুলে দেব। কাজেই এইভাবে বিভিন্ন ক্যাম্পে যা সুরু হয়েছে এবং যেভাবে তাদের জবরদস্তি করে নিয়ে যেতে চাচ্ছে সেখানে আমার বক্তব্য হোল যে, যদি সরকার তাঁদের এই নীতি পরিবর্তন না করেন বা লোকের আস্থা অর্জন না করেন তাহলে তার পরিণতি অত্যন্ত সাংঘাতিক হবে।

Shri Krishna Kumar Shukla :

মিঃ স্পীকার, স্যার, ১৯৬১-৬২ সালের যে বাজেট অর্থমন্ত্রী উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করার জন্য আমি দাঁড়িয়েছি। সমস্যাসংকুল পশ্চিমবাংলায় ব্যালেন্সড্ বাজেট উপস্থাপিত করবার জন্য ৯ কোটি টাকার ঘাটতি থাকা সত্ত্বেও যে নতুন কোন কর ধার্য তিনি করেননি এর জন্য নিশ্চয়ই তাঁকে অভিনন্দন জানাই। বিভিন্ন পরিকল্পনা বিভিন্ন কাজের মধ্যে পশ্চিমবাংলার নতুন রূপায়ণের যে চিত্র এই বিধানসভার মাধ্যমে তিনি পশ্চিমবাংলার জনগণের কাছে উপস্থাপিত করেছেন এবং যে প্রতিজ্ঞা তিনি রেখেছেন এর জন্য এবং তাঁর সহৃদয়তা ও সাহসের জন্য তাঁকে

অভিনন্দন না জানিয়ে থাকা যায় না। গত বছরের পশ্চিমবাংলার অগ্রগতি পশ্চিমবাংলার উৎপাদন পশ্চিমবাংলার নানা দিকের সর্বাঙ্গীন উন্নতিকর যে কাজ করা হয়েছে তার চিত্র তিনি এখানে উপস্থাপিত করেছেন এবং আগামী বছরের জন্য যে পরিকল্পনা তিনি দেশের জনগণের কাছে এই বিধানসভার মাধ্যমে উপস্থাপিত করেছেন তা পুংখানুপুংখভাবে সমালোচিত হয়েছে, প্রত্যেকে মতামত জানিয়েছেন। গতানুগতিকভাবে বিরোধী দলের সদস্যরা বাজেটের বিরোধিতা করেছেন, কোন সময়ে কোন কনসট্রাকটিভ কথা বিধান সভার সম্মুখে তাঁরা উপস্থাপিত করতে পারেননি, ফেল করেছেন; একই জিনিস তাঁরা বোঝানর চেষ্টা করেছেন যে এই বাজেট জনকল্যাণরাষ্ট্র গঠনকারী বাজেট নয়। কিন্তু এ কথা বলার মত দৃষ্টিভঙ্গী তাঁদের আছে কিনা আমি জানিনা। কল্যাণরাষ্ট্র সৃষ্টি করতে গেলে কোন্ জাতীয় বাজেট উপস্থাপিত করলে আমাদের দেশের প্রগতি হার অগ্রগতি হবে সে সম্বন্ধে বরাবর তাদের কাছ থেকে শুনেছি, অদূর ভবিষ্যতে শুনতে হবে বলে আশা করা যায়। কারণ, তাঁরা প্রতিজ্ঞাবদ্ধ হয়ে এসেছেন আমাদের অগ্রগতি আমাদের প্রগতির বিরোধিতা করার জন্য। শপথ করে তাঁরা বিধান সভায় ঢুকেছেন কোন জিনিসকে দেখবনা, কোন জিনিসকে বিচার করবনা, কোন জিনিস সম্বন্ধে সৎ মতামত দেবনা। কাজেই এই ১৩ বছরে আমাদের পশ্চিমবাংলার অগ্রগতি হয়েছে কিনা সে সম্বন্ধে কোন মাপকাঠিতে বিচার করে বলা হয় যে আমাদের দেশের অগ্রগতি হয়নি? আমেরিকা, বৃটেন অন্যান্য যে কোন দেশের ১৩ বছরের অগ্রগতির সঙ্গে আমাদের অগ্রগতির তুলনামূলক বিচার করে যদি আমরা সেই মাপকাঠিতে খাট হয়ে যাই তাহলে নিশ্চয়ই আমরা জনসাধারণের আদালতে আসামী সাব্যস্ত হব এবং চরম শাস্তি নিয়ে সরে যাব। কাজেই আমাদের এই ১৩ বছরের অগ্রগতিকে অন্যান্য যে কোন রাষ্ট্রের অগ্রগতির পাশাপাশি রেখে যদি বিচার করি তাহলে নিশ্চয়ই আমাদের এ কথা স্বীকার করে নিতে হবে যে আমাদের দেশ অগ্রগতির দিকে চলেছে। এ কথা স্বীকার করতে হবে যে আমাদের বাজেট ও চিন্তাধারার মধ্যে আমরা এমন কোন কারচুপি রাখিনি বা আমরা এমন কোন ধাপ্পাবাজী দিইনি যা দিয়ে পৃথিবীর মানুষকে চমক লাগান যায়। আমরা একথা বলিনা যে এক একরে ৩ হাজার মণ ধান উৎপন্ন করে আমাদের দেশে দুর্ভিক্ষ দূর করে দিলাম বা একথা বলিনা যে এক একরে ৩ হাজার মণ ধান উৎপন্ন করেও দেশের লক্ষ লক্ষ লোক দুর্ভিক্ষে মারা যায় তার জন্য যদি জাপান খাদ্য পাঠায় তা প্রত্যাখ্যান করার স্পর্ধা রাখি। আমরা এ কথা বলিনা যে যদি কোন দেশ সাহায্য দেবার চেষ্টা করে সেই সাহায্য আমরা গ্রহণ করব না। কারণ, তাহলে তারা আমাদের সঙ্গে বৈরীভাব পোষণ করবে। আজকে নিশ্চয়ই আমি বলব যে আমাদের দেশের পরিকল্পনা, চিন্তাধারা এগুলি আমাদে নিজস্ব জিনিস। দেশের কাছে আমাদের পরিকল্পনাকে তুলে ধরার জন্য আমরা তাদের সাহায্য চাই কিন্তু তাদের কাছে কোন রকম উপদেশ নিতে রাজী নই। ওঁরা আমাদের বিরোধিতা করার জন্য এখানে এসেছেন। সেদিন শুনলাম রাণীর সম্বর্ধনার ব্যাপারে জ্যোতিবাবু বিরাট তোলপাড় করে দিলেন—আমরা নাকি পদলেহনকারী। আমরা তাদের কাছে পদলেহনকারীর আখ্যা নিতে রাজী নই। যাদের মুখে ইংরাজের জুতার স্বাদ রয়েছে —১৯৪২।৪৩ সালের কথা—যারা ইংরাজের পদলেহন করে এসেছে তারাই আবার আমাদের পদলেহনকারী বলার দুঃসাহস রাখে কোন্ মুখে। এ কথা নিশ্চয়ই তাদের জনসাধারণের আদালতে বুঝিয়ে দিতে হবে। আমাদের দেশে ক্রুশ্চেভ এসেছে, বুলগানিন এসেছে। যারা আমাদের দেশে এসেছে তীর্থযাত্রীর মনোভাব নিয়ে এসেছে, তীর্থযাত্রীকে ভারতবর্ষ কোনদিন অপমান করেনি, ভারতবর্ষ চিরকাল তার ঐতিহ্য বজায় রেখেছে। যদিও আমরা জানতাম ক্রুশ্চেভ এবং বুলগানিন আমাদের দেশের মধ্যে তাঁদের পঞ্চমবাহিনী রেখে দিয়ে আমাদের দেশের কাঠামোকে বানচাল করে দেওয়ার জন্য, আমাদের দেশকে তাদের পায়ে বশি দেওয়ার চেষ্টা করছে তবুও ক্রুশ্চেভ এবং বুলগানিনকে লক্ষ লক্ষ মানুষ দিয়ে অভিনন্দন জানিয়েছিলাম। আমরা অভিনন্দন জানিয়ে ছিলাম চৌ-এন-লাইকে।

[6-10—6-20 p.m.]

চৌ এন-লাইকে নিয়ে সমস্ত বাংলাদেশের লোক মাতামাতি করেছিলেন—হিন্দী-চিনি ভাই ভাই বলে অভিনন্দন করেছিলেন কিন্তু শেষে প্রমাণিত হয়ে গেছে যে এ চিনি চিনি নয়, এ চিনি লবণ—এ খেলে মুখ পুড়ে যায়। একজন বিশিষ্ট লোক তীর্থযাত্রী হিসাবে যদি ভারতের মাটীতে পদার্পণ করেন তাহলে তাঁকে আমরা নিশ্চয়ই অভিনন্দন জানাবো কিন্তু তা বলে আমরা আমাদের আত্মসম্মান বলি দিই না এবং দিইনা বলেই আজও আমরা মাথা তুলে দাঁড়িয়ে আছি। এই বাজেট আলোচনার মাধ্যমে রাণীর পদলেহনকারী, এই কথাটা বারে বারে উপস্থাপিত করে যে বাক্যজাল সৃষ্টি করার চেষ্টা করেছেন বিরোধীদলের নেতারা এবং সদস্যরা তাঁদের কাছে অনুরোধ তাঁরা আমাদের দেশের ঐতিহ্য আমাদের দেশের সংস্কৃতিপরম্পরা আর একবার জানার চেষ্টা করুন। মহম্মদঘোরী আমাদের দেশে আক্রমণকারী হিসাবে ১৬ বার এসেছিলেন এবং ভারতবর্ষের মাটী থেকে তিনি ফিরে গেছেন। সপ্তদশবার যখন আসেন তখন আমরা তাঁকে লাথি মেরে তাড়িয়ে দিই নি। আমরা সে দেশের মানুষ নই যে দেশের কোটী কোটী টাকা খরচ করে মহামতি মহামানবদের ব্রঞ্জের মূর্তি তৈরী হয় এবং তাঁদের মৃত্যুর পর তাঁদের নররাক্ষস বলে, জনতার শত্রু বলে কোটী কোটী টাকা খরচ করে যে ব্রঞ্জের মূর্তি তৈরী হয় তাকে দুমদাম করে ভেঙ্গে দিয়ে নূতন ইতিহাস তৈরী করে। সে দেশের সঙ্গে আমাদের দেশের কোন সামঞ্জস্য নেই। আমাদের দেশের বাজেট সম্বন্ধে আমাদের দেশের দৃষ্টিভংগী নিয়ে চিন্তা করতে হবে—জানতে হবে কি করে আমাদের দেশে রাস্তাঘাট তৈরী করা সম্ভব, জানতে হবে কি করে আমরা উন্নতির পথে এগিয়ে যেতে পারি। টিউবওয়েল করে আমরা যে সেচের ব্যবস্থা করছি তার দ্বারা আমাদের দেশের খাদ্যাভাব দূর করা যাবে কিনা তা আমাদের চিন্তা করতে হবে এবং তা যদি দূর করা না যায়—তাহলে নিশ্চয়ই তাকে নাকোচ করতে হবে এবং যদি সম্ভব হয়, তাকে সমর্থন জানাতে হবে, তার পাশে এসে দাঁড়াতে হবে। আজকে আমাদের অর্থমন্ত্রী অত্যন্ত সাহস করে যে ব্যালান্সড্ বাজেট এই বিধানসভার সামনে উপস্থিত করেছেন এই বাজেট শুধু পশ্চিমবাংলায় নয়, সমস্ত ভারতের প্রতিটি রাজ্যের প্রতিটি মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রীর কাছে একটা চ্যালেঞ্জস্বরূপ দেখা দেয়। আজকে এইভাবে দেশের সম্যক অবস্থার কথা চিন্তা করে স্বার্থ ও সাধনাকে একত্রিত করে কি করে জাতিকে এগিয়ে নিয়ে যাওয়া যাবে সেই প্রচেষ্টা আমাদের আছে। যতীনবাবুর সঙ্গে আমি একমত নই যে বাংলাকে ধ্বংস করে দেওয়া হচ্ছে, বাঙ্গালী জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেওয়া হচ্ছে। বারে বারে এই সমস্ত হতাশার কথা আমরা তাঁদের মুখ থেকে শুনতে পাই কিন্তু আমি বলবো তাঁরাই আজকে বাঙ্গালী জাতিকে সর্বনাশের পথে টেনে নিয়ে যাচ্ছেন এবং এই অপরাধে তাঁরা অপরাধী হবেন কিনা একদিন একথা তাঁদের চিন্তা করতে হবে। বিরোধীদলের উপদলপতি বংকিমবাবু বাংলার আকাশে বাতাসে দুর্ভিক্ষ দেখছেন। বাংলার আকাশে বাতাসে দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে এই বলে তিনি হোর্ডারস, ষ্টক হোল্ডারসদের জানালেন খাদ্যশস্য গুদামজাত কর, এ দেশে দুর্ভিক্ষ আসছে এবং তার ফলে আমাদের দেশে খাদ্যের মূল্য বেড়ে গেল। এই একই অপরাধে আজ জ্যোতিবাবু, যতীনবাবু অপরাধী। বারে বারে তাঁদের মুখে হতাশার কথা শুনছি, দুর্ভাগ্যের কথা শুনছি। একবার সাহস করে তাঁরা বলতে পারছেন না যে আমাদের পশ্চিমবাংলার যা সমস্যা আছে, যা দুঃখ কষ্ট আছে তার সঙ্গে আমাদের যুঝতে হবে, লড়তে হবে এবং তার মুখোমুখি দাঁড়াতে হবে। এর জন্য একটা সুষ্ঠু পরিকল্পনা আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার বিধানসভার সম্মুখে উপস্থিত করে পশ্চিমবাংলার জনগণের মতামত চেয়েছেন। কাজেই এই বাজেটকে আমাদের সমর্থন করা প্রয়োজন এবং একটা যে মহাযজ্ঞ আমরা আরম্ভ করেছি সেই মহাযজ্ঞের হোতা হিসাবে আমরা যেন এগিয়ে আসতে পারি এই কামনা করি।

আজকে একথা নিশ্চয়ই অস্বীকার করবো না যে স্বাধীনতার ১৩ বছরে আমরা অনেক এগিয়েছি —এবং আরো বহু এগোনোর আছে। কংগ্রেসপক্ষ থেকে—গভর্ণমেণ্ট পক্ষ থেকে একথা আমরা মনে করি না যে আমাদের কাজ সমাধা হয়েছে—আর করণীয় কিছু নাই, করণীয় যদি কিছু আমাদের না থাকতো, তাহলে এই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা, চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা, পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনা ইত্যাদি আমরা পর্য্যায়ক্রমে করে যাব কেন? আমরা মনে করি— এমন একটি প্রসেসের মধ্যদিয়ে আমরা চলেছি, যেখানে একটার পর একটা পরিকল্পনা আসবে, মানুষের জীবনেও চাহিদা বাড়বে; সেই চাহিদা পূরণের জন্য আরো জিনিস উৎপাদন করতে হবে, সেই ভাবে আমাদের এগিয়ে যেতে হবে—সকলের সঙ্গে হাতে হাত রেখে। এই ক্রমবর্ধমান চাহিদা পূরণ করবার জন্য আজ যে পরিকল্পনা বাঙ্গালীর কাছে তুলে ধরা হয়েছে, সে সম্পর্কে ওপক্ষের বন্ধুরা একটা মির্জাফরী বিশ্বাসঘাতকতার মনোবৃত্তি প্রকাশ করেছেন। এরই অত্যুৎসাহে তাঁরা মদ খাওয়াটা সমর্থন করলেন। সারাদিন পরিশ্রম করে যে দরিদ্র চাষী, সে দুঃখ গ্লানি লাঘব করবার জন্য মদ খায়। ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলেছেন, রাজনৈতিক চক্রান্তে পড়ে— তাঁদের মস্তিষ্কবিকৃতি ঘটে কি না, তাঁদের মস্তিষ্ক সুস্থ করবার জন্য তাঁদের মদ খাওয়ার আবশ্যকতা হয় কি না—তা নাহলে এত জোর গলায় বিধান সভায় দাঁড়িয়ে মদ খাওয়াটা সমর্থন করে যেতেন না। এ কথাই প্রমাণ করে তাদের মত অস্থিরমতি লোককে নির্বাচন করে যে এলাকা, এ দ্বারা তাদের দুর্ভাগ্যই প্রমাণ করছে, আমাদের পশ্চিমবাংলার পক্ষে এই পরিকল্পনার আরো বেশী আবশ্যকতা আছে। আজ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মুখোমুখি দাঁড়িয়ে ডাঃ রায় এ সম্পর্কে কেন্দ্রের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং অত্যন্ত স্পষ্ট ভাষায় তা জানিয়ে দিয়েছেন। আজ বিরোধী দলের সদস্যরা তাকে নির্বাচনী ভেল্কীবাজি বলে চালাবার চেষ্টা করেছেন। ডাঃ রায়ের বিধান সভায় নির্বাচনী বৈতরণী পার হবার জন্য কোন ভেল্কীর প্রয়োজন হয় না; তিনি এমনিই তরে যাবেন— এটা সুনিশ্চিত। ডাঃ রায় যখন প্রথমবার পশ্চিমবাংলার অর্থমন্ত্রী হলেন, সেই প্রথমবার বাংলার এই বিধান সভায় দাঁড়িয়ে কি কেন্দ্রের সমালোচনা করেন নাই? আসামের ব্যাপারে কেন্দ্রের সমালোচনা করেছেন, উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যাপারেও ডাঃ রায় কেন্দ্রের বিরুদ্ধে বিক্ষোভ জানিয়েছেন। নির্বাচনের উদ্দেশ্য তাঁর কাছে সেদিন বড় ছিল না। সেই দিন বিরোধীদলের বন্ধুদের আবশ্যকতা হয় নাই—নির্বাচনের দিকে দৃষ্টি রেখে ডাঃ রায়ের বাজেট বক্তৃতা আলোচনা করবে। আজকে নিশ্চয়ই এ কথা স্পষ্টভাবে বলা যেতে পারে—নির্বাচনী নীতি তাঁদের মনে ঢুকেছে। পশ্চিমবাংলার কয়েকটি উপনির্বাচন তা প্রমাণ করে দিয়েছে। এই যে সস্তা রাশিয়া ও চীনের বিপ্লব, এখন শ্রমিক মজুররা করেন তারা জানে আমাদের মাটিতে যদি তারা বিপ্লব না জাগাতে পারে, তাহলে অচিরে তাদের অপমৃত্যু ঘটবে, এখানে এই দেশী মার্কা বিপ্লব ও বিদেশী মার্কা বিপ্লব এক সঙ্গে চলতে পারে না।

ডাঃ রায় যে বাজেট উপস্থিত করেছেন নির্মীয়মান এই ভারতের বুকে এই রকম বাজেটের আবশ্যকতা ছিল। আমাদের চাহিদা আরো জিনিস চাই। কিন্তু সেই অনুপাতে অর্থসঙ্গতি আমাদের নাই। অন্য লোকের থেকে চেয়ে টাকা পয়সা ধার করে, জনসাধারণকে আরো বেশী ট্যাক্স্ না করে—আরো বেশী সুবিধা লোকের কাছে কি করে নেওয়া যেতে পারে, তারই প্রচেষ্টা এই বাজেটের মাধ্যমে এসেছে। এই প্রচেষ্টা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। তাদের একথা জানিয়ে দিচ্ছি—আজকের যুগের চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়াবার সৎসাহস—একমাত্র ডাঃ রায়েরই আছে। সুতরাং এই গড়ে ওঠা দেশের আমরা যাঁরা প্রতিনিধি, তাঁরা ডাঃ রায়ের পাশে দাঁড়িয়ে সাহস দিতে পারি—আশ্বাস দিতে পারি এই বাজেটের জন্য এবং তিনি যে বাজেট তৈরী করেছেন, তার রূপায়ণের জন্য আমাদের সহযোগিতা দিতে হবে। তাহলে আমরা অগ্রগতির পথে ধাপে ধাপে এগিয়ে যেতে পারবো। আমরা যখন এই অর্থ বাজেট আলোচনা করছি, আজ অত্যন্ত গভীর

ভাবে চিন্তা করবার প্রয়োজন আছে। আমাদের সমাজবিরোধী শক্তি, প্রতিক্রিয়াশীল শক্তি, এরা দুটী একত্রিত হয়েছে—বানচাল করে দেবার চেষ্টা করছে—আমাদের এই অগ্রগতিকে। এরা ঐ কমুনিষ্ট দল, পি-এস-পি, আর-এস-পি ও ফরওয়ার্ড ব্লকের সঙ্গে হাত মিলিয়েছে আমাদের দেশের প্লানিংকে সর্বনাশ করে দেশের অগ্রগতিকে বাধা দেবার জন্য। এই যে পুঁজিপতি শ্রেণী Capitalist class—এরা যেভাবে আমাদের বিরুদ্ধে দাঁড়িয়েছে, আর আমাদের বিরোধী শক্তিরা যে ভাবে দাঁড়িয়েছে, তাতে বলা যায়, এদের সম্মিলিত শক্তির মুখোমুখি আমাদের দাঁড়াতে হচ্ছে।

[6-20—6 30 p.m.]

আজ নিজেদের সঙ্গতির উপর নির্ভর করে পশ্চিম বাংলার জনগণকে এই আশ্বাস দিতে হয় যতই দুঃখকষ্ট বিপদ আসুক না কেন, আমরা এই চ্যালেঞ্জ স্বীকার করেছি, আমরা নূতন সমাজ গড়বার ব্রত গ্রহণ করেছি। আজ ডাঃ বিধানচন্দ্র রায় ভারত-রত্ন উপাধি পেয়েছেন বলে কমুনিষ্ট পার্টির গাত্রদাহ হয়েছে, পি-এস-পি'রও গাত্রদাহ হয়েছে। একটু ধীরভাবে লক্ষ্য করলে বোঝা যাবে তিনি ওদের পিতৃভূমির দালালী করে ষ্ট্যালিন পিস্ প্রাইজ বা লেলিন পিস্ প্রাইজ পেতেন, তাহলে তারা দমদম এরোড্রামে তাঁর গলায় নির্মাল্যের মালা পরিয়ে দিত। আজ ডাঃ রায়কে নেহরু পিস্ প্রাইজ দেননি, ডাঃ রাজেন্দ্রপ্রসাদ পিস্ প্রাইজ দেননি—ওঁরা তাঁকে দিয়েছেন ভারত-রত্ন। এটা অস্বীকার করার উপায় নাই যিনি আজীবন ভারতকে সেবা করে আসছেন বিভিন্ন ভাবে তিনি ভারত-রত্ন উপাধি পেয়েছেন, এটা আমাদের গৌরবের ব্যাপার। কয়েকজন লোক যাঁরা এই ভারত-রত্ন উপাধির বিরোধিতা করছেন, তাঁদের ঐ বিরোধিতার জন্য ভারত-রত্ন উপাধি ত্যাগ করবার আবশ্যকতা আছে বলে আমি মনে করি না। এক জাতীয় লোক যাঁরা বারে বারে দেশের প্রগতির মুখোমুখি দাঁড়িয়ে বিরোধিতা করছেন, অন্যায় করছেন এবং ভারতবর্ষের প্রধান মন্ত্রীর নীতির বিরোধিতা করে ভারতবর্ষের নীতিকে বানচাল করে দেবার প্রচেষ্টা করছেন, তাঁদের কাছ থেকে এর চেয়ে বেশী আর কিছুই প্রত্যাশা করতে পারি না।

সর্বশেষে আমি এই কথা বলতে চাই—যেভাবে বাজেটের মাধ্যমে দেশের উন্নতির জন্য যে প্রতিজ্ঞা নিচ্ছে, তার পূর্ণ করবার জন্য অধিকতর সক্রিয়ভাবে এই সরকারের পাশে আমরা দাঁড়িয়েছি। আর বিরোধীদলের বন্ধুদের কাছেও আমি অনুরোধ করবো—এই বিরাট কাজে তাদের সহযোগিতা চাই। তাঁরা যেন ঐ জাতীয় Sabotage না করেন; যে জাতীয় Sabotage তাঁরা Trade Union Movement-এ করে থাকেন। পি, এস, পি-ও কমুনিষ্টপার্টির রাজনৈতিক বিশ্বাসঘাতকতা আমরা চাইনা। আমার দেশকে আমি ভালবাসি। তাই এই দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেটকে আমি সমর্থন করছি।

Shri Ramanuj Halder:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, একটু পূর্বে মাননীয় সদস্য শ্রীসুকুলা যে কথা বলে গেছেন যে এই হিসাবের মধ্যে কারসাজি করা হয়নি, হিসাবের মধ্যে কোন কারসাজি নেই। যে ঘাটতি বাজেট ধরা হয়েছে—অর্থনৈতিক দৃষ্টিভঙ্গীতে সরকারী রাজকোষের সমস্ত টাকা বিনিয়োগ করবার উদ্দেশ্যে—তা বোঝা যেতে পারে। কিন্তু বাজেটের মধ্যে যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাজেট আনা হয়েছে—গ্রামীন সভ্যতার দিকে দৃষ্টি না রেখে, শিল্প উন্নয়নের নামে অগণিত অবাঞ্ছিত মানুষকে অসহায় অবস্থার মধ্যে রেখে দিয়ে যে হিসাবের কারসাজি করা হয়েছে, তা একটু ভালভাবে বাজেটটা দেখলেই বোঝা যাবে। মাননীয় অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় বলতে

চেয়েছেন, যে উৎপাদন বৃদ্ধি পেয়েছে, এবং তার সাথে সাথে পণ্য ব্যবহারও বৃদ্ধি পেয়েছে। কিন্তু, তারপরেই তিনি বলেছেন যে পণ্য মূল্য অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। প্রশ্ন হচ্ছে এই পণ্য উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে পণ্য মূল্যও অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। প্রশ্ন হচ্ছে পণ্য উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে পণ্যের ব্যবহার বাড়তে পারে কিন্তু পণ্য বাড়লে জনসাধারণের কোন উন্নতি হয়েছে বলে বুঝিনা। পণ্য উৎপাদন বাড়লে ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উৎপাদনের পরিমাণ বাড়লে জনসাধারণের জীবনের মানের উন্নতি হয়েছে কিনা সেটা দেখতে হবে। গ্রামে লক্ষ্য করলে কি দেখতে পাই। এখন যে অল্পসংখ্যক ধনী শিল্পপতি আছে তার আয় বৃদ্ধিতে জাতীয় আয় বৃদ্ধি পেলেও গ্রামের সাধারণ লোকের আয়ের পরিমাণ বৃদ্ধি পায়নি একথা অবশ্য স্বীকার্য। গত তের বছর যাবৎ বাজেটে যে অর্থ নিয়োগ করা হয়েছে তাদ্বারা গ্রামের জনসাধারণের আর্থিক অবস্থার কি পরিমাণ উন্নতি হয়েছে তা যদি যথার্থভাবে হিসাব করা যেত তাহলে বুঝতাম অগণিত জনসাধারণ তথা পল্লীবাসীর কি পরিমাণ উন্নতি করতে সমর্থ হয়েছেন সরকার। বাজেটকে আয়-ব্যয়ের দর্পণ বলা যেতে পারে। কিন্তু বাস্তব দিক বিবেচনা করতে হলে গ্রামের এবং দেশের সর্বাঙ্গীন উন্নতি হয়েছে কিনা সেদিকে বাস্তব দৃষ্টি দেওয়া'র দরকার আছে। কংগ্রেস পক্ষের সদস্যরা বলে থাকেন মাননীয় ডাঃ ঘোষের নাম উল্লেখ করে, তার আমলে ফলনের ভাগ কম ছিল কিন্তু তাঁরা অনেক ফলন বাড়িয়েছেন বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে। কিন্তু প্রারম্ভিক বাজেট বক্তৃতায় মাননীয় ডাঃ ঘোষ অতি সহজভাবে প্রমাণ করেছেন যে উৎপাদন আশামত বৃদ্ধি পায়নি। সুতরাং ধামাচাপা দিয়ে বক্তৃতার কারচুপি করে মুষ্টিমেয় লোকের আর্থিক উন্নতিকে জনসাধারণের উন্নতি বলে চালান যাবে না, কেননা পশ্চিমবাংলার বেকার সমস্যার উন্নতির কোন নিদর্শন নাই। কংগ্রেস পক্ষের বন্ধুরা সরকারের কার্য্যে দীর্ঘসূত্রতার কথা এবং এক বিভাগের সঙ্গে আর এক বিভাগের যে যোগাযোগ নাই তা স্বীকার করেছেন। তাদের এই স্বীকৃতিই যথেষ্ট। সরকারের দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর তফাৎ আছে। দেশের কল্যাণের উন্নতির মৌলিক নীতির পরিপ্রেক্ষিতে এই বাজেট সমর্থন করতে পারি না। আজকে গ্রামের ৭০% লোকের যে অবস্থা তা বিবেচনা করবার দরকার আছে তাই আমি বাজেটের বিরোধিতা করছি। শিক্ষা সংক্রান্ত ব্যাপারে ডাঃ ঘোষ যে কথা উল্লেখ করেছেন সেটা হল যোগ্যতা বিবেচনা করে শিক্ষকগণের বেতন দেওয়া সমীচীন। যোগ্যতা অনুসারে শিক্ষকগণের বেতন বৃদ্ধিতো দূরের কথা, যে সমস্ত শিক্ষক অল্প বেতনে নিয়োজিত রয়েছেন, বিশেষ করে প্রাথমিক বিদ্যালয়গুলিতে তারা দীর্ঘদিনযাবৎ বেতন পান না, তাদের অবস্থার কথা চিন্তা করা এবং সমস্যা সমাধান করার আন্তরিকতা সরকারের নাই।

[6-30—6-40 p.m.]

উপরন্তু deficit grant যা দেওয়া হয় অন্য উচ্চ বিদ্যালয়গুলিকে তার কথা উল্লেখ করতে চাই। যথাসময় এই grantগুলি দেওয়া হয় না, দিলেও তা যথা সময়ে cash করতে পারা যায় না। একাধিক বৎসরকাল টাকার অভাবে কষ্ট পেতে হয়, যার ফলে অধিকাংশ বিদ্যালয়গুলিকে অসুবিধার সম্মুখীন হতে হয়। তদুপরি এই যে জেলা শিক্ষাপর্ষৎগুলি রয়েছে, তাতে তাদের পক্ষপাতিত্বপূর্ণ নিয়োগ ব্যবস্থায় তাদের দলগত মনোভাব ফুটে উঠেছে। সমগ্র বাংলাদেশের কল্যাণের দিকে দৃষ্টি না রেখে শুধু মাত্র দলগত মনোভাব সৃষ্টি করার ফলে সমগ্র জাতির মান ও মর্যাদা দিনের পর দিন অধঃপতিত করছেন। শুধু কর্মচারীই নয়, কংগ্রেসের কর্ণধার এবং মন্ত্রী, উপমন্ত্রীদের বিরুদ্ধেও আমার প্রত্যক্ষ অভিযোগ আছে। তারা নিজেদের স্বার্থে তা ব্যবহার করেন। আমাদের জেলায় যখন গত বৎসর যে বন্যা হয় আমাদের সমগ্র ডায়মণ্ডহারবার মহকুমার বিভিন্ন অঞ্চল প্লাবিত হয়ে গিয়েছিল, তখন আমি জানি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় radiogram করে সাগর থানায়, কোন এক উপমন্ত্রীর পরামর্শক্রমে, সেখানে খাদ্য প্রেরণ করার

ব্যবস্থা করেছিলেন। কিন্তু আমি জানি তখন মগরাহাট থানা এবং ফলতা থানা সম্পূর্ণভাবে প্লাবিত হয়েছিল। মহকুমা খাদ্য ভাণ্ডারে তখন কিছু দিন আগেই কোন খাদ্য রাখা হয়নি। ইহা দলগত পক্ষপাতিত্বের নিদর্শন। সুতরাং যে চিত্র তাঁরা তুলে ধরেন তা ঠিক নয়। আমি জানি সরকারী অর্থে মন্ত্রীবর্গ গ্রামে কেন পুরস্কার বিতরণে যান,.fo. tball খেলার final-এ পুরস্কার বিতরণ করতে যান তখন তার চারিপাশে পুলিশ রাখার ব্যবস্থা হয়। পুরস্কার বিতরণী-সভার চারধারে অগণিত পুলিশ নিযুক্ত রেখে তাঁরা সেখানে কংগ্রেসী বক্তৃতা করেন, যেন কংগ্রেস কমিটির মিটিং করতে গিয়েছেন। সেখানে নৈতিক দিক থেকে তাদের দায়িত্ববোধের অভাব দেখা যায়। কি কংগ্রেস কি কংগ্রেস সরকার দেশের জনসাধারণের নৈতিক মান অধঃপতন করার সহায়তা করছেন। এঁদের দেখে শুনে আজ সমগ্র জাতি অধঃপতিত হয়ে যাচ্ছে। তাঁরা দেশের জনসাধারণের নৈতিক মান উন্নত করতে পারেন না। শুধু সরকারী কোষের অর্থ ব্যয়ের দ্বারাই বুঝায়না যে তাঁরা দেশের অনেক কল্যাণ করছেন। জাতির নৈতিক মানের উন্নয়ন করতে হলে সরকারের এমন ব্যবস্থা অবলম্বন করা উচিত, এমন একটা নীতি অবলম্বন করা উচিত, যার দ্বারা এই বেসরকারী অর্থের নিয়োগ উপযুক্ত ভাবে হতে পারে। এবং সঙ্গে সঙ্গে সরকারের চিন্তাধারাও বদলাবার দরকার। মহাত্মা গান্ধী বলেছিলেন, আমাদের দেশের জনশক্তি আমাদের একটা আশীর্বাদ। কিন্তু দুর্ভাগ্যের কথা সেই মহাত্মা গান্ধীর তথাকথিত অনুসরণকারী মন্ত্রীদের মুখ থেকেই এই যে birth control কথাটা এসেছে এতে তারা মানুষের শক্তিকে শক্তি বলে গ্রহণ করতে পারে না। ইহা নেতৃবৃন্দের অযোগ্যতা ঢাকবার আর এক ব্যবস্থা মাত্র। সেই শক্তিকে যথাযথভাবে নিয়োগ করার জন্য উপযুক্ত ব্যবস্থা তারা করতে পারেনা। এখানে তারা যে আর্থিক কাঠামো সৃষ্টি করছে তাতে মানুষ দিনের পর দিন বেকার হয়ে যাচ্ছে। আজ গ্রামাঞ্চলের মানুষ কর্মহীন হয়ে পড়ছে। পূর্বেকার দিনে যে সমস্ত কুটীর শিল্প গ্রামে প্রচলিত ছিল, সে বিকল্প শিল্পে বহু গ্রামীন সভ্যতা রক্ষা করতো এবং আর্থিক কাঠামো রক্ষা করতো, আজ স্বাধীনতার পর তা খর্ব করে দেওয়া হচ্ছে। অত্যন্ত দুঃখের কথা কুটীর শিল্প প্রবর্তনের জন্য সরকার যে ব্যবস্থা করেছেন তা অত্যন্ত নগণ্য, এবং তা অত্যন্ত নিরুৎসাহব্যঞ্জক। এখানে শুধু ভাঁওতা দিয়ে বাজেটের মধ্যে কিছু টাকা ধরা হয় সে টাকার অনেকাংশ শুধু অপচয়ই হয়। Test relief-র মাধ্যমে কাটা খালকে দেখি বুঁজিয়ে দেওয়া হয়, যার ফলে হাজার হাজার বিঘা জমি প্লাবিত হয়েছে আজও পর্যন্ত এবং এক লক্ষের অধিক বিঘাতে জমির ফসল ফলছেনা। সেদিকে সরকারের দৃষ্টি নাই। বড় বড় খালগুলিতে মৎস্য চাষের জন্য, অগণিত চাষীর স্বার্থকে বিঘ্নিত করে জেলা Collector-র মাধ্যমে বিলি করা হয় এবং আবেদন নিবেদন করে যে ব্যবস্থা অবলম্বিত হয়েছে তাহা একটা সম্পূর্ণ প্রহসনে পরিণত হয়েছে। কংগ্রেস সরকার সেখানে এর মাধ্যমে অল্প টাকায়, মাত্র ২-৩ শত টাকায় খালগুলি বিলি করে দিয়ে ২৫ হাজার বিঘা জমির ফসল নষ্ট করে দিয়েছেন। যে অর্থ বাজেটের মধ্যে দেখানো হয়েছে, সেই টাকা নিয়োগ করে তা অপচয় করার এবং কতিপয় লোকের আত্মসাৎ করার সুযোগ করে দেওয়া হচ্ছে। এই যে সমালোচনা করার সুযোগ বাজেটে দেওয়া হয়েছে সেই সমালোচনা কংগ্রেসের কর্তৃপক্ষেরও শুনবার দরকার আছে। কিন্তু কানে তুলা দিয়ে নিজেদের বক্তব্যের ঢক্কা নিনাদ করলে দেশের মঙ্গল হবেনা। বিরোধী পক্ষের বক্তব্যের মধ্যে যে নীতির কথা রয়েছে সেই নীতি তারা নিজেদের চোখে রঙ্গিন চশমা দিয়ে দেখতে পায়না। ক্ষমতা পাবার পর যে ধরণের মনোভাব কংগ্রেস সরকার গ্রহণ করেছেন, অগণিত জনসাধারণের দারিদ্রতার সুযোগ নিয়ে আজ অবর্ণিত-মূলক শাসন ব্যবস্থা তাঁরা চালিয়ে যাচ্ছেন।

ঘাটতি বাজেটের কোন অপরাধ নাই, কিন্তু ঘাটতি বাজেটের মাধ্যমে কি করে জনকল্যাণ হতে পারে যদি না একটা সর্বাঙ্গীন উন্নতির দৃষ্টিভঙ্গি থাকে শাসকবর্গের মধ্যে। উদাহরণস্বরূপ আমি এখানে কয়েকটী বিষয়ে অবতারণা করতে পারি। মানুষের সঙ্গে মানুষে বিশেষ করে

সরকারী কর্মচারীদের সঙ্গে জনসাধারণের যোগাযোগের বুলি এখানে প্রায়ই আওড়ান হয়। আপনি শুনলে আশ্চর্যান্বিত হবেন যে, সম্প্রতি একজন B.D.O. শ্রীসন্তোষ কুমার বিশ্বাস আরেকজন সমবয়সী officer-কে get out বলে অপমান করেছেন, এবং শুধু তাই নয়, তাকে ঘাড় ধরে বার করে দেওয়ার পূর্বে ভাল হুমকী দিল। এই হচ্ছে এদের সহযোগিতার মনোভাব। এই যদি সরকারী কর্মচারীদের মনোভাব হয় তাহলে জনসাধারণের মধ্যে বিক্ষোভের সৃষ্টি হয়। এই শুধু নয়, গ্রামের জনসাধারণ যদি কোন প্রকার কংগ্রেসবিরোধী মনোভাব দেখায় তাহলে তাদের আবেদন পত্র অফিস থেকে সরিয়ে ফেলা হয়, ছিঁড়ে ফেলা হয়। নিজেদের দলীয় লোককে একাধিকবার ঋণমঞ্জুর করা হয়। অথচ যাদের পাওয়া প্রয়োজন তারা এইসব সুযোগ সুবিধা থেকে এইরকম সরকারী কর্মচারীদের এই রকম আচরণের ফলে বঞ্চিত হয়। তারপর এখানে স্যার মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে মাঃ মন্ত্রী তরুণকান্তি ঘোষ সকলেই বলেছেন যে, এই বৎসর আমাদের দেশে ফসল উৎপাদন বৃদ্ধি পেয়েছে। এটা হয়েছে সম্পূর্ণ প্রকৃতির দাক্ষিণ্যে, এঁদের পরিকল্পনার মারফৎ এই উন্নতি হয়নি।

[6-40—6-50 p.m.]

Sri Niranjan Modak :

মাঃ স্পীকার মহাশয়, এই বাজেটের সমর্থন করে আমি কয়েকটা বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের নদীয়া জেলা উদ্বাস্তু পরিপূর্ণ জেলা—এই জেলায় নানাস্থানে উদ্বাস্তুরা বিক্ষিপ্ত ভাবে ছড়িয়ে আছে। এই বিষয়ের প্রতি দৃষ্টি দেবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি বলব, যারা এখানে ঋণ পায়নি তাদের ঋণ দেওয়ার জন্য যেন সত্বর ব্যবস্থা অবলম্বন করা হয়। আমাদের জেলায় কুটীর শিল্পগুলি বর্তমানে ধ্বংসের মুখে। এদিকেও অবিলম্বে দৃষ্টি দেওয়ার জন্য আমি শিল্পমন্ত্রীকে অনুরোধ জানাব। এই সব শিল্পগুলিকে নতুনভাবে গড়ে তুলতে হবে—প্রয়োজনবোধে আমাদের জেলায় মূল শিল্প বা অন্যান্য শিল্প প্রবর্তন করা দরকার সেজন্য আমাদের জেলায় ব্যাপকভাবে কার্যকরী শিক্ষা দেওয়া দরকার। তারপর আমাদের জেলায় সেচ ব্যবস্থারও প্রয়োজন। সেচমন্ত্রীর দৃষ্টি আমি এদিকে আকর্ষণ করছি। আমাদের জেলায় deep tubewell এবং জায়গায় জায়গায় সেচের ব্যবস্থা করা দরকার। তারপর আমাদের দেশে বেকার সংখ্যার বৃদ্ধি কমাতে হলে পর শিল্প প্রতিষ্ঠার ব্যবস্থা করতে হবে। আমাদের মাঃ মুখ্যমন্ত্রীর দৃষ্টি কলকাতার উপর বিশেষভাবে নিবদ্ধ, আমি তাকে অনুরোধ জানাচ্ছি তিনি যেন আমাদের নদীয়া জেলার প্রতি একটু দৃষ্টি দেন। আজকে কোন কোন শিল্প এলাকায় সমাজবিরোধী লোক দেখা যাচ্ছে এবং তারা বামপন্থীদের দ্বারা প্রভাবান্বিত হচ্ছে। সেজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করব যে, শিল্পপ্রধান অঞ্চলে যাতে শান্তি রক্ষিত হতে পারে তদ্বিষয়ে দৃষ্টি দিতে হবে। আজকে বিরোধী পক্ষ থেকে এই অভিযোগ করা হয় যে, পুলিশখাতে অত্যধিক বেশী খরচ করা হচ্ছে। আজকে বিরোধীপক্ষের থেকে উস্কানির ফলে শিল্প কলকারখানায় শান্তি বিঘ্নিত হবার উপক্রম হয়েছে এবং নিরাপত্তাবোধের অভাব দেখা যাচ্ছে। এবং এজন্য শিল্পের ক্ষতিসাধন হচ্ছে। আমি তাদের বলব, তারা যদি নিজেরা সংযত হন তাহলে পুলিশের খরচ বাড়ে না। আমি এই প্রসংগে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব, দেশে যাতে শান্তি রক্ষিত হয় সেই ভাবে যেন পুলিশ দপ্তর পরিচালনা করা হয়। তারপর salestax সম্বন্ধে একটা কথা বলব—আজকাল সাধারণ লোকের উপর salestax চাপছে, ছোট ছোট দোকানদার, তাদের উপর salestax চাপান হচ্ছে। তারপর, আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব—মফঃস্বলে যেসব হাসপাতাল আছে এবং হচ্ছে সেগুলি যেন উন্নততর প্রণালীতে পরিচালিত করা হয় যাতে করে লোকে তাদ্বারা প্রকৃতভাবে উপকৃত হতে পারে।

তারপর আর একটা কথা বলতে চাই যে, আমাদের দেশের কৃষি ভাল ভাবে বাড়াতে হলে যে সমস্ত কৃষি কর্মচারী আছেন তাঁদের দায়িত্ব সম্বন্ধে আরও সজাগ হওয়া দরকার, অবশ্য সব ক্ষেত্রেই যে তাঁদের দোষ তা নয়, তবে ঠিক সময় যদি তাঁরা লোন এবং অন্যান্য যে সব জিনিস কৃষির জন্য দরকার তা দেওয়ার ব্যাপারে তাঁরা সজাগ থাকেন তাহলে সেগুলি ভালভাবে বিলি-বন্দোবস্ত হয়ে আমাদের দেশের কৃষি আরও ভালভাবে হতে পারে। তারপর আমাদের দেশে যে সমস্ত কো-অপারেটিভ সোসাইটি আছে তাতে অন্ততঃ উইভার্স কো-অপারেটিভ এবং অন্যান্য যে সমস্ত ছোট ছোট ফ্যাক্টরী আছে তাতে আমি দেখেছি যে সেখানে কো-অপারেটিভ এর কোন মূল্য নেই, বরং যারা ইণ্ডিভজুয়াল তাঁতী তারা এই কো-অপারেটিভ-এর চাপে ধ্বংস হয়ে যাচ্ছে। কাজেই এ সম্বন্ধে কো-অপারেটিভ ডিপার্টমেণ্টের লক্ষ্য রাখা উচিত যাতে এই তাঁতীদের ভাল হয়। এ কথা বলে আমি এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Pravash Chandra Roy :

মাননীয় সভাপতি মহাশয়, ডাঃ রায় উপনগরী নির্মাণ সম্পর্কে বিধানসভায় যে আলোচনা করেছেন সে সম্পর্কে আমি আমার বক্তব্য আপনার মাধ্যমে এখানে উপস্থিত করতে চাই। প্রথমতঃ, এই উপনগরী নির্মাণ করা সম্পর্কে তিনি বলেছেন যে, যেহেতু কোলকাতার লোকসংখ্যা অত্যন্ত বেড়ে গিয়েছে এবং এখানকার পানীয়জল, ড্রেনেজ ব্যবস্থা প্রভৃতি অত্যন্ত খারাপ হয়ে পড়েছে সেই হেতু এই উপনগরী নির্মাণ করবার ব্যবস্থা তাঁরা করছেন। স্যার, এই উপনগরী তৈরী করবার জন্য তাঁরা বিষ্ণুপুর থানার সমগ্র এলাকা এবং বজবজ থানা, বেহালা থানা এবং মহেশতলা থানার কতিপয় অংশ দখল করে একটি পরিকল্পনা করছেন এবং এই পরিকল্পনা সম্বন্ধে যে পুস্তিকা আমাদের কাছে বিতরণ করা হয়েছে তাতে উল্লেখ করেছেন যে ৫৫ হাজার একর জমি নিয়ে এই উপনগরী করা হবে। তাতে শুধু তাই নয়, এই পুস্তিকায় আরও বলা হয়েছে যে, এই ৫৫ হাজার একরের মধ্যে ৫০ হাজার একর ধান জমি এবং ৫ হাজার একর বাস্তুভিটা আছে এবং সরকারী হিসেব মতে এই জমিতে যে ১ লক্ষ ৪৩ হাজার লোক বাস করছে তাঁদের অধিকাংশকেই ওখান থেকে উৎখাত করা হবে।

[6-50—7-3 p. m.]

কিন্তু পুস্তিকায় একথা বললেও সেপ্টেম্বরের গেজেটে ঘোষণা করা হয়েছে যে এই এলাকার পরিমাণ আরও অনেক বেশী হবে এবং সেই হিসেবে আমরা গেজেটে ঘোষিত এলাকার হিসেব করে দেখেছি যে, এতে ৬৮ হাজার ৪৮০ স্কোয়ার একর এলাকা পড়েছে এবং ২১৬টি গ্রামের প্রায় ২ লক্ষ ৩৭ হাজার মানুষ আজ এই পরিকল্পনার মাধ্যমে উদ্বাস্তু হতে চলেছে। তবে এই ৬৮ হাজার ৪৮০ স্কোয়ার একর এলাকা যা উপনগরীর মধ্যে পড়েছে তার মধ্যে বাস্তুভিটার পরিমাণ হলো ৮,৪৮০ একর এবং ধান জমির পরিমাণ হলো ৬০ হাজার একর বা ১ লক্ষ ৮০ হাজার বিঘা। স্যার, আমরা হিসেব করে দেখেছি যে এই ১ লক্ষ ৮০ হাজার বিঘা জমিতে প্রতি বছর ৪০ হাজার টন খাদ্য উৎপাদন হয়, কাজেই এই খাদ্যসঙ্কটের দিনে আজ আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং সকল দলের মাননীয় সদস্যদের কাছে আবেদন জানিয়ে তাঁদের চিন্তা করতে বলব যে, এই উপনগরী নির্মাণ করতে গিয়ে আমরা ঐ এলাকার প্রায় ২ লক্ষ বিঘা ধানের জমি নষ্ট করব কিনা এবং ২ লক্ষ ৩৭ হাজার মানুষকে উদ্বাস্তু করব কিনা? তবে এ জিনিস চিন্তা করার আরও কারণ আছে এবং তা হলো এই যে, আমরা সকলেই জানি পশ্চিমবাংলায় পাকিস্তান থেকে যে সকল লোক উদ্বাস্তু হয়ে এসেছে তাদের সকলের জন্য পুনর্বাসনের ব্যবস্থা আমরা এখনও করে উঠতে পারিনি। কাজেই এমতাবস্থায় ঐ উদ্বাস্তুদের উপর আমরা আবার নূতন করে ২ লক্ষ ৩৭ হাজার উদ্বাস্তু সৃষ্টি করে ঐ সমস্যাকে আরও ভারাক্রান্ত করে তুলব কিনা সেটা আমি আপনাদের চিন্তা করতে বলি।

যা হোক্, তারপর ক্ষতিপূরণ সম্বন্ধে সরকারের স্বীকৃতি হলো যে, ধানজমি বাবদ একরপ্রতি ৫ হাজার টাকা এবং বাস্তুভিটা বাবদ একর প্রতি ২০ হাজার টাকা তাঁদের বাড়ীঘর করবার জন্য তাঁরা দেবেন। কাজেই ঐ এলাকায় যে সব ক্ষেত মজুর আছে যাদের সংখ্যা ২০ থেকে ২৫ ভাগ তাদের ২ কাঠা বাস্তুভিটা ছাড়া আর কিছুই নেই এবং এই হিসেবমত তারা ঐ ২ কাঠা বাস্তুভিটার জন্য পাবে মাত্র ৬০০ টাকা এবং বাকী শতকরা ৭০/৭৫ জন যে গরীব চাষী এবং মধ্যবিত্ত আছে যাদের সাধারণতঃ ৫/৬ কাঠা বাস্তুভিটা এবং ৩ বিঘার বেশী জমি নেই তারা ক্ষতিপূরণ বাবদ পাবে ৬ থেকে ৬॥ হাজার টাকা। কিন্তু অপরপক্ষে সরকার বলছেন যে ঐ অঞ্চলের মানুষ যদি ওখানে বাস করতে চায় তাহলে প্রতি কাঠার জন্য ২ হাজার টাকা মূল্য দিয়ে তাঁদের কাছ থেকে কিনতে হবে এবং ৩ কাঠার কম তাঁরা বিক্রী করবেন না। কিন্তু ২ কাঠা বাস্তুভিটা বিক্রী করে যে সমস্ত ক্ষেতমজুররা ক্ষতিপূরণ হিসেবে মাত্র ৬০০ টাকা এবং গরীব কৃষক ও মধ্যবিত্তরা ৬ হাজার টাকা পাবে তারা কিকরে প্রতি কাঠা ২ হাজার টাকা এবং সেই হিসেবে ৩ কাঠার জন্য ৬০০০ টাকা দিয়ে ওখানে জমি কিনবে? কাজেই ক্ষেতমজুররা তো পারবেইনা এবং গরীব কৃষক এবং মধ্যবিত্তরা যদিও বা ৬০০০ টাকা দিয়ে জমি কিনতে সক্ষম হয় তাঁরা সরকারের নির্দিষ্ট পরিকল্পনা অনুযায়ী ওখানে বাড়ী করতে পারবে না, তবে শুধু তাই নয়, যদি তাঁরা ঐ ৬ হাজার টাকা পেয়ে তা দিয়ে জমি কেনে তাহলে তাঁরা খাবে কি বা তাঁদের সংসারই বা চলবে কি করে? অবশ্য ডাঃ রায় বলেছেন যে, যে টাকা তারা পাবে তা ব্যাঙ্কে ফেলে রেখে তা থেকে যে সুদ হবে সেই সুদ দিয়ে সংসার চালাবে। কিন্তু সুদের টাকা দিয়ে যদি তারা সংসার চালায় তাহলে জমি কিনে বাড়ী করবে কি করে? কাজেই এমতাবস্থায় যখন দেখা যাচ্ছে যে, এই অঞ্চলের ক্ষেতমজুর, গরীব চাষী এবং মধ্যবিত্তসহ শতকরা ৯০ ভাগ মানুষ ক্ষতিপূরণ বাবদ যে টাকা পাবে তা দিয়ে ওখানে জমি কিনে বাড়ী তৈরী করতে পারবে না তখন আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং সকল দলের মাননীয় সদস্যদের বিচার করতে বলছি যে, এই এলাকার মানুষদের উদ্বাস্তু করে এবং ধানের জমি নষ্ট করে যে উপনগরীর পরিকল্পনা হচ্ছে তাতে যখন ঐ অঞ্চলের শতকরা ৯০ ভাগ মানুষ বসবাস করবার সুযোগ পাবে না তখন তাঁদের রুজি-রোজগার, বাস্তুভিটা এবং জমি থেকে উচ্ছেদ করে ভিখারীতে পরিণত করা উচিত হবে কিনা।

এ কথা আমিও স্বীকার করি যে কলকাতায় যে ভাবে লোক সংখ্যা বেড়ে চলেছে এবং যে ভাবে স্বাস্থ্যহানি ঘটছে তাতে উপনগরী তৈরি করার প্রয়োজনীয়তা আছে। কিন্তু যে বিরাট এলাকা পড়ে আছে তা গ্রহণ করে সেখানে উপনগরী তৈরি করার একটা পাল্টা পরিকল্পনার কথা পুনরায় বিচার বিবেচনা করবার জন্য আমি মুখ্যমন্ত্রী এবং আপনাদের কাছে আবেদন করছি। ২৪ শে জানুয়ারী তারিখে যখন আমরা মাননীয় মন্ত্রীমহাশয়ের সঙ্গে দেখা করি তখন এই পাল্টা পরিকল্পনার জন্য যে জায়গা রয়েছে সেই জায়গায় উপনগরী করবার জন্য তাঁকে অনুরোধ করি। সেই জায়গা হচ্ছে কলকাতার পূর্ব পার্শ্ববর্তী যে বিরাট সল্ট লেক এলাকা, যে বিরাট মেছোঘেরি এলাকা রয়েছে সেই জায়গা এবং সেই সল্ট লেক এলাকায় উপনগরী তৈরি করার জন্য ১৯৫৮ সালে এই বিধানসভায় আমরা সর্বদল মিলে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম। কিন্তু তার মাত্র ৩'৭৫ স্কোয়ার মাইল এলাকা নিয়ে শহর তৈরি করার ব্যবস্থা করেছেন অথচ সেখানে ৪০ স্কোয়ার মাইল জায়গা রয়েছে। বাকি ৩৬২৫ স্কোয়ার মাইল জায়গা ফেলে রেখে দিয়েছেন। তার কারণ আজ পর্যন্ত আমরা জানতে পারলাম না। এই ৪০ স্কোয়ার মাইল এলাকা নোনা জমি পড়ে রয়েছে সেটা কেবল মেছোঘেরি এবং হোগলা বন হয়ে পড়ে আছে এবং সেখানে মানুষের বাস নেই, ধান উৎপন্ন হয় না। সেই এলাকা দখল করে সেখানে উপনগরী তৈরী করার জন্য আপনার মারফৎ মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় এবং মাননীয় সদস্যদের কাছে আমি আবেদন করছি। এই যে দীর্ঘ সল্ট লেক এলাকা যেখানে ২৫ হাজার একর জমি পড়ে আছে সেখানে উপনগরী না করে বিষ্ণুপুর, বজবজ, বেহালা, মহেশতলা প্রভৃতি অঞ্চলের ২ লক্ষ ৩৭ হাজার

লোককে উদ্বাস্তু করে, প্রচুর ধানী জমিকে খাদ্য সংকটের দিনে দখল করে সেই জায়গায় উপনগরী করতে হবে এটা কলকাতার মানুষ সমর্থন করবে না ; উপরন্তু আমরা বিশ্বাস করি যে কলকাতার মানুষ আমাদের এই পাল্টা পরিকল্পনাকে সমর্থন করবে যেহেতু এখান থেকে মানুষকে উদ্বাস্তু করতে হবে না, খাদ্য সংকটের দিনে ধানী জমিকে নষ্ট করতে হবে না। মাননীয় স্পীকার মহাশয়, শুধু ঐ এলাকা নয় বেহালা অঞ্চলে আমাদের সঙ্গে মাননীয় মন্ত্রীমহাশয়ের নির্দেশ মত উপনগরীর যিনি চীফ ইঞ্জিনীয়ার তিনি গিয়েছিলেন, তাঁকে আমরা দেখিয়েছি সেখানে ২।৩ মাইল দীর্ঘ এলাকা পড়ে আছে। তিনি স্বীকার করেছেন সেখানে বহু লোকের বসবাস করান যায়। শুধু তাই নয়, ২ মাস আগে সর্বদল একমত হয়ে আমাদের পার্টির পক্ষ থেকে জগৎ বোসের নামে একটা প্রস্তাব বিধানসভায় উপস্থিত করা হয়েছিল যে কলকাতায় ড্রেনেজ, পানীয় জল এবং পায়খানা প্রভৃতির অভাব থাকার জন্য হুগলী নদীর উভয় তীরস্থ শহরগুলিকে উন্নত করা হোক এবং তার জন্য ২ শো কোটি টাকা এই বিধানসভায় আমরা অনুমোদন করেছি।

যদি এই সল্ট লেক এবং বেহালা এলাকায় সমস্ত লোকের বসবাসের ব্যবস্থা না হয় তাহলে এই হুগলী নদীতীরস্থ এই যে মিউনিসিপ্যাল এলাকা রয়েছে সেটার উন্নয়ন করে কোলকাতা থেকে লোক সেখানে পাঠানো যেতে পারে। তাই আমি আপনার মারফৎ মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের এবং সমস্ত সদস্য মহাশয়দের কাছে আবেদন করছি যেন আজকে বিষ্ণুপুর বজবজ এবং বেহালার জোঁকা ইউনিয়ন প্রভৃতি দখল করে এই ভাবে উপনগরী তৈরী করার পরিকল্পনা গ্রহণ করা না হয়। এই পরিকল্পনাকে বানচাল করে যে বিকল্প পরিকল্পনার কথা বল্লাম সেই পরিকল্পনা গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি। তাঁরা ইতিমধ্যে জরীপ করবার জন্য লোক পাঠিয়েছেন এবং সেখানে লোকের মনে একটা দারুন আতংক এবং উত্তেজনার সৃষ্টি হয়েছে। সেখানে ক্যাম্প বসে গেছে। ইতিমধ্যে সেখানকার মানুষ আতংকগ্রস্ত হয়ে পড়েছে এবং এর বিরুদ্ধে সেখানকার মানুষ একটা প্রতিরোধ আন্দোলন গড়ে তুলেছে। সেখানকার মানুষ এভাবে উদ্বাস্তু হয়ে চলে যেতে রাজী নয়। তাই আমি আপনার মারফৎ মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করবো যে এই জরীপের কাজ বন্ধ করা হোক এবং সেখানে নোটিশ জারী করা বন্ধ করা হোক। সঙ্গে সঙ্গে আমি আমাদের বিধানসভার সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে একটা কমিটি তৈরী করার জন্য আবেদন করতে চাই যে কমিটি অন্য জায়গায় ধানী জমি নষ্ট না করে, মানুষকে উদ্বাস্তু না করে আমি যে সব এলাকার কথা বল্লাম সেই এলাকায় তদন্ত করে উপনগরী তৈরী করবার ব্যবস্থা করবেন। তাই আমি আপনার মারফৎ মন্ত্রীমণ্ডলীর কাছে এবং সমস্ত বিধানসভার সভ্যদের কাছে এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 7·3 p. m. till 3 p. m. on Tuesday, the 28th February, 1961, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 28th February, 1961, at 3 p. m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 16 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 182 Members.

UNSTARRED QUESTIONS

(To which written answers where laid)

Road from Takdah Cantonment to Teesta

[3—3-10 p.m.]

18. (Admitted question No. 45.) **Shri Bhadra Bahadur Hamal :** Will the Hon'ble Minister in charge of the Public Works Department be pleased to state—

(ক) দার্জিলিং জেলায় রংলী-রংলীয়ট থানার অন্তর্গত তাকৃদা ক্যাণ্টনমেণ্ট হইতে তীনচুলে হইয়া তাস্তা পর্যন্ত জীপ চলাচলের রাস্তা আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কত মাইল পাকা ও কত মাইল কাঁচা রাস্তা আছে ?

The Minister for Public Works (The Hon'ble Khagendra Nath Das Gupta) :

(ক) এবং (খ) তাকৃদা ক্যাণ্টনমেণ্ট হইতে তীস্তা পর্যন্ত একটি আট মাইল দীর্ঘ রাস্তা আছে। ইহার প্রথম ছয় মাইল (তাকৃদা ক্যাণ্টনমেণ্ট হইতে তাকৃলিং) জীপ চলাচলের উপযোগী। এই ছয় মাইলের ভিতর প্রথম দেড় মাইল পাকা (water-bound) ও পরবর্তী সাড়ে চার মাইল কাঁচা। তাকৃলিং হইতে তীস্তা পর্যন্ত শেষ দুই মাইল পথও কাঁচা এবং পায়ে হাঁটিবার উপযোগী।

Project Implementing Committee in Midnapore district

19. (Admitted question No. 70.) **Shri Ananga Mohan Das :** Will the Hon'ble Minister in charge of the Home (Social Welfare) Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার কয়টি ব্লকে Project Implementing Committee গঠিত হইয়াছে ও তাহাদের নাম কি ;

(খ) উক্ত কমিটিগুলির প্রতিটিতে একটি করিয়া জীপ গাড়ি সরবরাহ করা হইয়াছে কিনা ;

(গ) ময়না থানাতে উক্ত কমিটি কখন গঠিত হইয়াছে এবং উক্ত কমিটির অধীনে কয়টি কেন্দ্র রহিয়াছে ; এবং

(ঘ) এইরূপ কেন্দ্র কিভাবে নির্বাচিত হয় ?

The Chief Minister and Minister for Home (Social Welfare) (The Hon'ble Dr. Bidhan Chandra Roy):

(ক) চারিটি ব্লকে—দাঁতন, ময়না, খাটাল ও নারায়ণগড়।

(খ) হাঁ।

(গ) ২২এ ডিসেম্বর, ১৯৫৯—ইহার অধীনে তিনটি কেন্দ্র আছে।

(ঘ) কেন্দ্রগুলি Project Implementing Committee-র দ্বারা নির্বাচিত হয়।

Erection of a Sluice gate at the mouth of Amta Canal

20. (Admitted question No. 98.) **Shri Shyama Prasanna Bhattacharjee:** Will the Hon'ble Minister in charge of the Irrigation Department be pleased to state—

(*a*) Whether the Government have got any contemplation to erect a sluice gate at the mouth of the Amta Canal ; and

(*b*) if so, when ?

The Minister for Irrigation and Waterways (The Hon'ble Ajoy Kumar Mukherji): (*a*) No.

(*b*) Does not arise.

Crop loan in Moina Police-station, Midnapore

21. (Admitted question No. 136.) **Shri Ananga Mohan Das:** Will the Hon'ble Minister in charge of the Co-operation Department be pleased to state—

(ক) বিগত ১৯৫৮ সালে মেদিনীপুর জেলায় ময়না থানাতে বন্যা হওয়ায় উক্ত বৎসরে ও ১৯৫৯ সালে কত টাকা crop loan দেওয়া হয় ; এবং

(খ) তন্মধ্যে কত টাকা আদায় হইয়াছে ?

The Deputy Minister for Co-operation (Shri Chittaranjan Roy):

(ক) বিগত ১৯৫৮-৫৯ সালে মেদিনীপুর জেলায় ময়না থানাতে ৪১,১৫৫ টাকা এবং ১৯৫৯-৬০ সালে ৭৫,৩২৫ টাকা crop loan দেওয়া হয়।

(খ) ১৯৫৮-৫৯ সালে ২০,৩৪৫ টাকা এবং ১৯৫৯-৬০ সালে ৫১,৯০৩ টাকা আদায় হইয়াছে।

Calling attention to matter of urgent public importance.

The Hon'ble Dr. Anath Bandhu Ray: This is in reply to the calling attention motion of my honourable friend Shri Sunil Das, M. L. A. under rule 198 of the Assembly Procedure Rules relating to press comments on alleged wrong operation of the eye of Shri Paritosh Mukherjee in the Medical College Hospital. Shri Paritosh Mukherjee aged about 35 years of 30/2, Kuchil Sarkar Lane, Kadamtala, Howrah, was admitted by Dr. P.K. Guha, honorary senior visiting surgeon on the 29th November, 1960 for operation of cataract of the left eye. The history and comments of examination on admission of the patient in the Eye Infirmary show that he had painless gradual defective vision on left eye for three years and defective vision of right eye for 12 years following an injury. His right eye had practically no vision. Due to an old

injury to the right eye his vision had been lost along with subsequent degeneration of the left eye, a sympathetic phenomenon well-known in ophthalmology. The left eye is the only eye in this case which was amenable to treatment. The left eye finger counting at two and a half feet had no useful vision as he could not sign the consent form giving his consent for operation of the eye but thumb impressed it. At the age of 35 years cataract is unusual and the vitreous was found degenerated. On 2nd October, 1960, the patient's left eye was operated under local anaesthesia, but due to degenerated liquid vitreous it was not possible to improve his vision. He was treated in the hospital and discharged on the 3rd January, 1961, with an advice to attend the Out-patients Department for further treatment. His vision after operation remained practically in the same state as it was before. The allegation in the press is baseless.

As regards the alleged tampering of O. P. D. ticket, outpatients department ticket it is not possible to say anything in this regard as the same is not in the hospital and lies obviously with the patient.

Shri Narendra Nath Sen : Let there be a thorough enquiry in the matter whether there is any interpolation or not.

Shri Jatindra Chandra Chakrabarty : The Ananda Bazar Patrika has again published it and if it is baseless, sue the Patrika in the court.

Shri Deben Sen : Let there be an enquiry. We are interested in the matter.

The Hon'ble Dr. Anath Bandhu Ray : Sir, I may add that I personally paid a surprise visit there—without telling them beforehand that I was going and I investigated the case and I am perfectly satisfied that it is not a case of accident or mistake or oversight. The operation was done on a scientific basis. Both the eyes were examined, the records are there-he was an indoor patient-the register is there. I found it was clearly written 'left eye'. There was no effacement or tampering with the record. I also found that the examination was done in detail. Sir, in these days of scientific age there cannot be any mistake. There was bacteriological examination and the records are there. Therefore, I am perfectly satisfied in this case and the allegations are baseless.

General Discussion of the Budget for 1961-62.

Mr. Speaker : Mr. Somnath Lahiri will speak now.

Shri Somnath Lahiri :

স্পীকার মহাশয়, রাজ্যপালের ভাষণ এবং অর্থমন্ত্রীর বক্তৃতা থেকে জানলাম যে এবারের বাজেট থেকে সুরু করে কোলকাতার জন্য অনেক মন তেল পুড়বে। তাই আমি আপনার মারফৎ আমার উল্টোদিকের বন্ধুদের একটু কোলকাতা সহর ঘুরিয়ে আনতে চাই। অবশ্য মনশ্চক্ষে তাঁদের ঘুরতে হবে—ক্রটিটা মার্জনা করবেন।

কিন্তু কোলকাতা ঘুরতে হলে আরম্ভটা কোনখান থেকে করব? সেদিন দিল্লীতে ইউনেস্কোর টাউন প্রব্লেম সেমিনারে নেহেরুজী বলেছেন—"I would first like to know what the Poor squarters of the city are like, then look at the good and fine buildings, parks and all that. That will be the measure of the city." কাজেই আসুন আমরা সহরের গরীবাঞ্চল থেকে পরিদর্শন সুরু করি। মনে করুন আমরা টালীগঞ্জ থেকে কোলকাতায় ঢুকবার চেষ্টা করছি। কিন্তু যদি বর্ষাকাল হয় তাহলে ঢুকতে পারবেন না।

দেখবেন যে টালীগঞ্জ রেলওয়ে ব্রীজের নীচে এক মহাসমুদ্র তৈরী হয়ে গেছে। নৌকা, বাস, ট্যাক্সী সমস্ত বন্ধ। কোলকাতা থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে বাংলাদেশের ওদিকটা। আর নিয়তির মত প্রায় অবশ্যম্ভাবী যেমন এই বর্ষাকাল, তেমন নিয়তির মত অবশ্যম্ভাবী গভর্ণমেণ্টের প্রতিশ্রুতি যে এবার রেলপথ উঁচু করছি, রাস্তা উঁচু করছি, ভবিষ্যতে আর কোন চিন্তা করতে হবে না। কিন্তু বছরের পর বছর দেখা যাচ্ছে লোকেরা যে তিমিরে সেই তিমিরে।

যাই হোক এখন কোলকাতায় ঢুকবার জন্য আপনারা হয়ত জল দেখে ভয় পেয়ে উপরে রেলওয়ে এমব্যাংকমেণ্টের উপর চওড়া রেল লাইন ধরে পশ্চিমদিকে টালীগঞ্জ রোড আদিগঙ্গার দিকে আসবার চেষ্টা করবেন। কিন্তু বলবো যদি রাত্রিবেলা হয় তাহলে একটা টর্চ সঙ্গে নিয়ে যাবেন, কারণ সেই রেল লাইনের প্রায় ১ ফার্লং রাস্তায় ওখান থেকে টালীগঞ্জ রোড পর্যন্ত সমস্ত মানুষের বিষ্ঠায় ভর্তি। পা পিছলে যেতে পারে, বা দুর্গন্ধে অসুস্থ হতে পারেন। কারণটা কি জানেন? কারণটা হচ্ছে ঐ রেল লাইনের দু' পাশে গত পঞ্চাশ বছরে প্রকাণ্ড দুটো বস্তী গড়ে উঠেছে সেখানে ২।৩ হাজার মানুষের বাস। কিন্তু আপনি এবং আমার অপোজিট সাইডের বন্ধুরা শুনলে অবাক হবেন যে সেই ২।৩ হাজার লোকের বস্তীতে একখানা পায়খানা সরকার বা কর্পোরেশন করে দেয়া দরকার মনে করেন নি। সুতরাং প্রতিদিন তাঁদের পক্ষে রেল লাইনের জমিতে পায়খানা বসানো ছাড়া আর কোন উপায় থাকে না। জলের কল একটাও ছিল না। দু' বছর আগে কলেরা হবার পর রেল কোম্পানীর কাছ থেকে অতি কষ্টে অনুমতি যোগাড় করে আমরা দুটো টিউবওয়েলের ব্যবস্থা করতে পেরেছি কর্পোরেশনকে দিয়ে—২।৩ হাজার লোকের পক্ষে সেটা কি পরিমাণ অপর্যাপ্ত তা আমার বন্ধুরা আন্দাজ করতে পারবেন কিন্তু গভর্ণমেণ্ট নির্বিকার—কলেরায় মৃত্যুর জন্য তাদের কোন দুঃখ নেই। ১৯৫৬-৫৭ সালে কোলকাতায় কলেরায় মারা গিয়েছিল ৮৯৯ জন, আর ১৯৫৮-৫৯ সালে ১৫৭১ জন। ওয়ার্লড্ হেলথ অরগানাইজেসন তাদের মেট্রোপলিটান ওয়াটার বোর্ড সম্পর্কে রিপোর্টে যা কোট করেছেন সেটা বিধানবাবু জানেন বোধ হয়—Two-thirds of the Cholera attacks encountered occurred in the bustee huts even though these constituted only 5·6% of the houses in the city.

[3-10—3-20 p. m.]

কাজেই এই হলো কলেরার উৎপত্তি স্থল। কিন্তু সেটার সম্বন্ধে আমাদের সরকার নির্বিকার। ১৯৫৭ সালে এই হাউসে যখন প্রথম আসি—তখন বিধানবাবুকে জিজ্ঞাসা করেছিলাম, কলেরা নির্ধারনের জন্য বস্তী অঞ্চলে জল সরবরাহ বৃদ্ধির আপনি কি করছেন? তার উত্তরে তিনি বলেছিলেন—কর্পোরেশনের সঙ্গে মিলে তিনশোটি মোটর চালিত বড় ডায়মেটারের টিউবওয়েলের ব্যবস্থা করা হবে, স্থানীয় জলাধারেরও ব্যবস্থা হবে। ১৯৫৭ সাল কেটে গেল। তারপর ১৯৫৮ সালে তাঁকে বললাম কি—কি হলো তার? তিনি বললেন—পাইপ্ পেতে দেরী হচ্ছে। ১৯৫৯ সালে বললেন—মোটর পেতে দেরী হচ্ছে। তারপর ১৯৬০ সালে আর কিছুই বললেন না, বললেন মেট্রোপলিটন ওয়াটার বোর্ড হবে—তাঁর বড় বড় বিজ্ঞাপন ও গালভরা কথাই সার হলো—বস্তিবাসীরা যে তিমিরে সেই তিমিরেই থেকে গেল। চার বছরে তিনশো টিউবওয়েলের জন্য তিনি মোটর যোগাড় করে উঠতে পারেননি। আর তিন বছরে তিনি মেট্রোপলিটান ওয়াটার বোর্ডের সব সাজসরঞ্জাম যোগাড় করে ফেলবেন এটা আমার পক্ষে বিশ্বাস করা কঠিন।

আমেরিকান প্রস্তাবিত World Bank, World Health Organisation, আর বিলাতী বণিকদের Bengal Chamber of Commerce তাঁরা বলেছেন কলকাতার গণতান্ত্রিক

আন্দোলনকে দমন করে সরকার তাঁদের মুনাফা বৃদ্ধির প্রতিশ্রুতি দিলে পর তাঁরা দু'শো কোটি টাকা ঐ মেট্রোপলিটন ওয়াটার বোর্ডের জন্য বিধানবাবুকে সাহায্য করতে পারেন। বিধানবাবু যদি তাঁদের সেই কথা মেনে নেন, তাহলে সেই দু'শো কোটি তাঁদের কাছ থেকে তিনি হয়তো পেতে পারেন, কিন্তু সাজসরঞ্জাম কোথায় পাবেন ?

তা ছাড়া গোটা প্ল্যানটাই এখনো অনিশ্চয়তার উপর প্রতিষ্ঠিত। তাঁরা রিপোর্টে বলেছেন, ফরাক্কা বাঁধ হলে পর যদি গঙ্গার জলে স্যালাইনিটী কমে, তাহলে ঐ প্লানের প্রধান বক্তব্য কার্যে পরিণত হতে পারে। কিন্তু রিপোর্টের ২৫ পৃষ্ঠায় তাঁরা নিজেরাই বলেছেন, ফরাক্কা বাঁধ হলে প্রয়োজনমত জল গঙ্গায় পৌঁছতে পারবে কিনা—তা তাঁরা বলতে পারেন না। তাঁদের সে দায়িত্ব নয়। সেইজন্য তাঁরা বলেছেন alternative source হিসেবে দামোদর ও অজয় ভ্যালীর জল পাবার ব্যবস্থা করতে হবে। অথচ তার পরের লাইনে নিজেরাই মন্তব্য করেছেন—সেই জল পাওয়া খুবই শক্ত, কারণ "Most of the available water in the Damodar Valley is already committed."

কাজেই ফরাক্কা বাঁধ তৈরী হলে গঙ্গায় প্রয়োজনমত জল পাওয়া যাবে কি না তা তাঁরা জানেন না। দামোদর ও অজয় ভ্যালীর জলও খুব সম্ভব পাওয়া যাবে না। কারণ তা already committed। সুতরাং তাঁদের মাষ্টার প্লানের মাষ্টারী কোথায় থাকবে? বিধানবাবুকে শুধু দু'শো কোটি টাকার দেনায় জড়িয়ে Political Satellite-এ পরিণত করাই এর প্রধান উদ্দেশ্য বলে মনে হচ্ছে।

বিধানবাবুও জলের পেছনে ছুটছেন না। তিনি ছুটছেন টাকার পেছনে, যা হচ্ছে এই সরকারের চরিত্র। নইলে তিনি দেখতে পেতেন—গঙ্গাজল ছাড়া underground water হচ্ছে প্রধান সোর্স। সে সম্বন্ধে অনুসন্ধান করতেন, অনেক খরচ কম। World Health Organisation এমন বিস্তারিত সুপারিশও করলেন যে Water Board অফিসের জন্য আবার মস্ত বড় বাড়ী বানিয়ে অফিস করতে হবে। এই ধরনের খুঁটিনাটি পরামর্শও তাঁরা দিলেন। অথচ আপনি শুনলে অবাক্ হবেন কলকাতার মাটির নীচে দু-হাজার তিন হাজার ফুট—experimental boring, জলের অনুসন্ধানের জন্য আজপর্যন্ত কোন ব্যবস্থা করলেন না, foreign expert দিয়ে একটা geological surveyও করলেন না। শুনছি আধুনিক কালে সে সম্বন্ধে একটা কন্ট্রাক্টের আলাপ আলোচনা চলছে মাত্র। বিধানবাবুর তো Contract-এর ব্যাপারে permit-এর ব্যাপারে খুব নাম আছে, সুতরাং এটা স্বাভাবিক।

কর্পোরেশনের আন্দাজ মতে দৈনিক ১২০ মিলিয়ন গ্যালন জল underground থেকে পাওয়া যেতে পারে। যদি ১০০ মিলিয়ন গ্যালনও ধরি, তাও বর্তমান দৈনিক সাপ্লাইয়ের চেয়ে বেশী। ওখান থেকেই শুরু করুন না কেন? বড় বড় টিউবওয়েল বসিয়ে সেই জল সাপ্লাই-এর ব্যবস্থা করুন। পরে ফরাক্কা বাঁধ হলে দেখা যাবে। ওয়াটার বোর্ডের প্লানের ব্যবস্থা পরে করবেন। আপাততঃ মানুষগুলিকে এই জল থেকে বঞ্চিত করেন কেন? কারণ তাঁদের কাছে বিজ্ঞাপনই আসল। সুতরাং যা হবার তাই হয়েছে—সেই টিউবওয়েল বসানোর পরিকল্পনা এখন পরিত্যক্ত হয়েছে।

যাইহোক, এই প্রসঙ্গ থেকে অন্য প্রসঙ্গে যাই। টালিগঞ্জ রোডের উপর, রেলওয়ে লাইনের উপর বিষ্ঠা মাড়াতে হয়, তারজন্য আপনাকে সাবধান করছিলাম কিছুক্ষণ আগে। এখন চলুন সেই টালিগঞ্জ রোডে নামি, সেখানে যখন বর্ষাকাল নামে, তখন শুধু জল জমছে তা নয়, দস্তুরমত আদি গঙ্গা নদীর জলের স্রোত, কূল ছাপিয়ে টালিগঞ্জ রোড দিয়ে বইতে আরম্ভ করে। বর্ষাকালে ওখানকার একতলা বাড়ীগুলি সব জলে ডুবে যায়। সরকার জানেন, দেখেন,

শোনেন। কিন্তু সরকার maximum কি করেন? সেখানকার লোকদের দু, তিন দিনের জন্য কিছু চিড়া, গুড় বিতরণের ব্যবস্থা করে তাঁদের দায়িত্ব পালনের কাজ শেষ করেন। ১৯৫৭ সালে আমি সেচ মন্ত্রী অজয়বাবুকে জিজ্ঞাসা করেছিলাম, আদিগঙ্গায় যে পলিমাটি পড়ে বুজে যাচ্ছে, সে সম্বন্ধে কোন প্ল্যান করেছেন কিনা? তিনি বলেন, হ্যাঁ, একটা প্ল্যান ঠিক করা হচ্ছে। নেদারল্যাণ্ড নেড্‌কো কোম্পানীকে এসম্বন্ধে একটা প্ল্যান তৈরী করবার জন্য ভার দেওয়া হয়েছে, তাদের রিপোর্ট বছর খানেকের মধ্যেই পাওয়া যাবে। আমি জানি ১২ মাসে বছর হয়। কিন্তু এখন দেখছি ৩৬ মাসেও বছর শেষ হলো না। নেদারল্যাণ্ড নেড্‌কো কোম্পানীর রিপোর্ট ৩৬ মাসেও কম্‌প্লিট হল না, আমাদের জীবনে হবে বলেও আশা করা যায় না।

আবার গ্রীষ্মকালে আদিগঙ্গা শুকিয়ে খট্‌খটে হয়ে যায়। বর্ষাকালে আধপোড়া মানুষের যে কঙ্কালগুলো জলের নীচে লুকিয়েছিল গ্রীষ্মকালে দেখবেন সেগুলি সার বেঁধে নদীগর্ভে শুয়ে আছে, আপনি ফটো তুলে আনতে পারেন। বিধানবাবু চিকিৎসক মানুষ, কঙ্কাল নিয়ে নাড়াচাড়া করতে তিনি অভ্যস্ত, তাঁর ভীত হবার কারণ নেই, কিন্তু অন্য সদস্যদের, আমাদের আছে।

তারপর—রাসবিহারী এ্যাভিনিউ-এর মোড় পর্যন্ত এগিয়ে আসুন,—এখানে, আদিগঙ্গা পার হয়ে চেৎলায় যাবার জন্য একটা ছোট সরু কাঠের পুল আছে। এই কাঠের পুলের উপর দিয়ে গাড়ী চলতে পারে না, লোকে হেঁটে যেতে পারে। বিধানবাবু বলেছেন, ১০ লক্ষ টাকার একটা পরিকল্পনা তৈরী করা হয়েছে ঐ কাঠের পুলটা পাকা করবার জন্য। সত্যিই যদি ঐ কাঠের পুলটা, একটু চওড়া করে, পাকা করে বানান যায়, তাহলে দক্ষিণ কলিকাতার রাস্তার traffic problem-এর আট আনা সুরাহা হতে পারে। কিন্তু তা করা হচ্ছে না। তার কারণ, এখানে বাস্তুহারাদের একটা বাজার বসে, সেখানে তারা দু' পয়সা করে খায়। কিন্তু ওখানে কাছাকাছি তাদের আর একটা জমি দিয়ে বাজারটা সারানো যেতে পারে। আমি এসম্বন্ধে অজয়বাবুকে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেছেন, গত জুন মাসে রিহ্যাবিলিটেসান্ ডিপার্টমেণ্টকে জানিয়ে দেন এ বিষয়ে ব্যবস্থা করবার জন্য। তারপর অজয়বাবু চারটা reminder দিয়েছেন refugee department-কে। 'কাকস্য পরিবেদনা'। কোন জবাব নেই। এখান থেকে একটু দূরে রাসবিহারী এ্যাভেনিউ ও শ্যামাপ্রসাদ মুখার্জী রোডের মোড়ে একটা ভাল জায়গা বাস্তুহারারা select করেছিল এবং তারা গভর্ণমেণ্টকে জানিয়ে ছিল সেখানে বাজার করতে রাজী আছে। গভর্ণমেণ্টও স্থির করেছিলেন যে ঐখানে বাজার হবে। এবং সে সম্বন্ধে একটা gazette notification দেন। তারপর দেখা গেল হঠাৎ সেই notification withdraw হয়ে গেল। এর অর্থ কি? সম্ভবত সেই জমির মালিক জমি ছেড়ে দিতে রাজী হননি এবং তার জন্য যথেষ্ট পরিমাণ তৈল মর্দন করেছিলেন, তাই notification withdraw হয়ে গেল।

তারপর ওপারে চেৎলায়, সেখানে নিয়ে যাচ্ছি না। কারণ আমার সময়ের অভাব। সোজা ট্রাম গাড়ি চড়ে চলে যান খিদিরপুরে। খিদিরপুর হচ্ছে কলকাতার প্রধান বন্দর অঞ্চল, প্রধান শিল্প অঞ্চল। কলকাতার সমৃদ্ধির প্রদীপ এই অঞ্চলের মানুষেরাই বহন করছে পিলসুজের মত।

তাদের অবস্থা কি একটু দেখুন। ট্রাম থেকে নেমে ট্রাম ডিপোর কাছে একটা প্রকাণ্ড একতলা বাড়ী দেখতে পাবেন। সেখানে দু' তিন হাজার লোক ভীড় করে, সারি দিয়ে দাঁড়িয়ে আছে। সেই বাড়ীটার নাম হচ্ছে খিদিরপুর employment exchange-সেখানে দু-তিন হাজার লোকের লাইন পড়ে গিয়েছে, তারা সেখানে তাদের নাম রেজেষ্ট্রী করছে। সেখানে একজনের সঙ্গে কথা বললে জানবেন যে তারা তাদের কার্ড বারবার renew করেও চাকরী পাবার আশা ছেড়ে দিয়েছেন, তবু নাম renewal করে চলেছে। ১৯৬০ সালের শেষ পর্যন্ত যাঁরা

নাম রেজেষ্ট্রী করেছিলেন Live Register-এ তাদের সংখ্যা হল ৪৭৬৩৪জন ; এর মধ্যে গত বছর কাজ পেয়েছেন মাত্র ৩১৩৯ জন।

এখান থেকে আর একটু এগিয়ে আসুন মনসাতলার দিকে, সেখানে আর একটা বাড়ী দেখতে পাবেন। সেই বাড়ীর সামনেও লোকের আর একটা প্রকাণ্ড লাইন দাঁড়িয়ে গিয়েছে দেখতে পাবেন। এদেরও একটা register আছে। আগের যে লাইনটা ছিল, সেটাকে যদি live register বলেন, তাহলে এই register-কে কি নাম দেবেন সেটা ভেবে দেখুন।

[3-20—3-30 p. m.]

এটা হচ্ছে Corporation T. B. chest clinic। যে বছর প্রথম খোলা হয়, ১৯৫১ সালে তখন রোগীর সংখ্যা, যক্ষা রোগীর সংখ্যা ছিল ১ হাজার ৮৪ জন যাদের মাত্র outdoor treatment হয়। ১৯৫৯ সালে নূতন এবং পুরানো মিলিয়ে ৬৮ হাজার ৩৯৩ জন রোগী দাঁড়িয়েছে, এদের নাম Register-এ লেখা আছে, কংগ্রেস সরকার এদের ভার নিতে পারেন না তাই Register-এ নাম লিখিয়ে outdoor-এ সামান্য চিকিৎসা লাভ করে মৃত্যুর প্রতীক্ষায় দাঁড়িয়ে থাকে। আগেকার Register-কে যদি Live Register বলি,তাহলে এই Register-কে Death Register বলতে পারেন।

তারপর Garden Reach থেকে খিদিরপুর হয়ে আলিপুরের এক অংশ পর্যন্ত বিরাট এলাকায় কয়েক লক্ষ লোকের বাস। সেখানে স্কুল আছে মাত্র ২১টি। আর আপনি বোধ হয় জানেন স্যার, কলেজ নাই একটিও সেখানে। এই গোটা তল্লাটের মানুষকে যদি কলেজে পড়তে হয় তাহলে আসতে হবে ভবানীপুরে। এরা সভ্যতার প্রদীপের পিলসুজ। স্বভাবতঃই প্রদীপের নীচে অন্ধকার তাই এরাও অন্ধকারে, শিক্ষার আলো থেকে বঞ্চিত। সেজন্য ১৯৫১ সালের census-এ দেখি কলকাতার ৪৭% লোক বেকার, নিরক্ষর।

যে বস্তীর কথা শুনে আমাদের রাজ্যপাল মহোদয়া থেকে World Bank পর্যন্ত কলকাতাকে ভারতবর্ষের কলঙ্ক ভেবে আতঙ্কিত এবং শঙ্কিত হয়েছেন সেই বস্তী তো এই খিদিরপুরের বস্তীতেই। তাদের একটু থাকার জায়গা দেবেন কি? একটু উপযুক্ত জলের ব্যবস্থা এবং হাওয়ার ব্যবস্থা করবেন কি। ঐ এলাকায় ভূকৈলাস রাজবাড়ীর সঙ্গে কয়েক হাজার বিঘা জমি পরিখাবেষ্টিত হয়ে অকর্মণ্য নিরর্থক পড়ে আছে এবং ঐ পরিখার পচা জল নূতন নূতন মহামারীর সৃষ্টি করছে। সাহস আছে কংগ্রেস সরকারের বা বিধানবাবুর ঐ ভূকৈলাস বাবুদের নিরর্থক জমি নামমাত্র মূল্যে আইন করে দখল করে সেখানে বাড়ী তৈরী করে বস্তীর লোকের বাসের ব্যবস্থা করা? না নেই!

তারপর দুর্গন্ধময় আবহাওয়া ছেড়ে চলে আসি ময়দানে হাওয়া খেতে, রাস্তায় পড়বে Race Course. পণ্ডিত নেহেরু ভেবে পান না জাতীয় আয় বাড়ল কিন্তু আয় গেল কোথায়? সেজন্য কমিশন বসিয়েছেন। আমি বলি কমিশনের দরকার ছিলনা, Race Course-এ গেলেই জানতে পারতেন জাতীয় আয় কোথায় খরচ হচ্ছে। Race Course-এ ১৯৫৮-৫৯ সালে Punter-এর সংখ্যা ছিল ১২৬৩৪ জন, ১৯৬০ সালে সংখ্যা দাঁড়িয়েছে ১৭২৫৮ জন। 40% increase হয়েছে। টাকা যাচ্ছে কোথায় দেখুন! আর 'takings' এর বাংলা মানে কি জানিনা—১৯৬০ সালে একটা particular দিনে Race Course-এ taking ছিল ১৬ লক্ষ টাকা—দু-বছর আগের তুলনায় 60% বেশী। আপনি জানেন আমরা এখানে হিন্দী, বাংলা, ওড়িয়ার চর্চা করতে পারিনা, কিন্তু Race Course-এ হয়ে থাকে। Race Course-এর বই আগে যা শুধু ইংরাজীতে ছাপা হত, এখন হিন্দী, বাংলা, ওড়িয়াতে ছাপা হচ্ছে এবং রবীন্দ্ররচনাবলীর চেয়ে অনেক গুণ বেশী বিক্রী হচ্ছে। তারপর Gambling. টাকা কোথায় যায় Gambling থেকেও তার একটু হদিস পাবেন।

একটা মাত্র উদাহরণ দিই। দেওয়ালির দিন হাওড়াতে Gambling করার জন্য ১০০ লোককে গ্রেপ্তার করা হয়েছে। তারপর stock market. একটা India Oxygen share দু'বছর আগে কলকাতায় বিক্রী হয়েছিল ১৩ টাকায়, আজকে সেই share বিক্রী হচ্ছে ৪০ টাকায়। তাই টাকা কোথায় যায় এটা বার করতে এত কষ্ট করতে হয় না।

তারপর ময়দানের ভিতর দিয়ে এগোচ্ছি, পথে দেখবেন ময়দানে শ্যামল শোভা ক্রমে ক্রমে ধূলিসাৎ হচ্ছে এবং মানুষের জীবন থেকে নিসর্গ সৌন্দর্য মুছে দেওয়া হচ্ছে। ছেলেবেলা থেকে দেখে আসছি—বিস্তীর্ণপত্র বাদাম গাছে গাছে পাতাগুলো প্রথমে সোনালী, তারপর তামাটে হয়ে ঝরে পড়ল, আবার এই সময়ে নতুন সবুজে ভরে উঠে আকাশে মাথা তুললো। সেই শ্যাম শোভাও আজ এঁরা নিশ্চিহ্ন করছেন। ক্যাথিড্রাল রোডের গোড়া থেকে শেষ পর্যন্ত গাছ কেটে বাড়ি উঠেছে—প্রথমে Exhibition-এর বাড়িগুলো, তারপর একাডেমি অফ ফাইন আর্টস, তারপর বিড়লা প্ল্যানেটারিয়াম। নিসর্গ শোভাকে হত্যা করে ওঁরা তার ছবি টাঙিয়ে রাখবেন আর্ট একাডেমির দেওয়ালে!

শুধু কি তাই, আর একটু এগিয়ে আসুন Dalhousie Square-এ সেখানে কি হচ্ছে? গাছপালা কেটে নিবংশ করা হচ্ছে পরশুরামের কুঠারে। এখানে পরশুরাম আমাদের বিধানবাবু। পরশুরাম নিঃক্ষত্রিয় করেছিলেন, আর উনি নিঃবৃক্ষ করছেন। Dalhousie Square-র গাছ কেটে, মানুষের বসবার ও বিশ্রাম করবার যে জায়গা ছিল সেখানে কি করেছেন? না কুৎসিত garage করেছেন, যা দেখলে বমি আসে। সেই কুৎসিত garage করা হয়েছে কেন? না, সরকারী বাবুদের এত গাড়ী হয়েছে যে তা রাখবার জায়গা পাননা। নেহেরুজী খুঁজে পাননা National income কোথায় গেল। তিনি Dalhousie Square-এ এলে দেখতে পেতেন এই income কোথায় গিয়েছে। এবং আরো আশ্চর্যের ব্যাপার, ঐ কয়েক বিঘা জমি, যার দাম হয়ত কয়েক কোটি টাকা, সেই জায়গায় সামান্য কতকগুলি মোটরগাড়ী রাখবার জন্য ব্যবহার করা হচ্ছে। শুধু কয়েকজন বাবু—মন্ত্রী এবং তাদের কয়েকজন Chief ও Deputy Secretary বাবু মোটরগাড়ী রাখতে পারবেন বলে! ওখানে Loudspeaker পর্যন্ত আছে Writers' Buildings থেকে ঐ পর্যন্ত। বাবুরা বারান্দায় এসে বা চাপরাসী দিয়ে গাড়ী ডেকে সময় নষ্ট করতে রাজী নন। Loudspeaker-এ ডাকলে গাড়ী নিয়ে গিয়ে হুজুরের সামনে হাজির হবে। এত গাড়ী বাড়ার ফলে accident স্বভাবতই বাড়ছে। কিন্তু সেকথা বলে আর সময় নষ্ট করতে চাই না।

কলকাতার basic problem কি? এই যে Metropolitan Board, Satellite town ইত্যাদি ইত্যাদি বহু জিনিস আমরা শুনছি, কিন্তু basic problem-টা কি? মূল problem হলো দারিদ্র্য। মানুষের রোজগার যা তা যথেষ্ট নয়। তারা ভাল করে খেতে পায়না, থাকতে পারেনা কারণ তাদের পয়সা নেই। ধরুণ, University ও Planning Commissions, তাদের একটা Survey report-এ তারা বলেছেন, "In 1954-55 the annual per capita income in the State amounted to Rs. 492 and it has risen to Rs. 560 in 1957-58.···Thus while money incomes have risen, real incomes have actually declined on account of the greater rate of increase in the general price level. The per capita real income has actually declined by about 4 per cent in three years". এই হল একটা সমস্যা। দ্বিতীয় সমস্যা কি? ভাড়া। ধরুণ, ওদের সেই Survey থেকে দেখছি, Single-member family-র 84 per cent ভাড়া দিতে পারে কতদূর পর্যন্ত? মাসিক ১—১৫ টাকা পর্যন্ত। আর multi-member family-র 51 per cent ১৫ টাকার বেশী ভাড়া দিতে পারে না। অর্থাৎ কলকাতার জনসাধারণের

50 per cent-র বেশী তাদের ১৫৲ টাকার বেশী ভাড়া দেবার ক্ষমতা নেই। এবং এদের earning কত? 85 to 89 per cent of Single-member families earn Rs 100 or less এবং 43 to 48 per cent of Multi-member families earn Rs. 100 or less. এই যে অবস্থা, এই যেখানে basic problem সেখানে আপনার Motor garage হলো কি হলো না তাতে তাদের কিছু এসে যায় না।

তারপর Satellite town-র কথা শুনছি। এটা বিজ্ঞাপনের দ্বিতীয় ভাগ। আপনারা Second Plan-এ 7 60 কোটি টাকা বরাদ্দ পেয়েছিলেন housing করবার জন্য। আপনারা তা খরচ করতে পারেননি মশায়! 7·60 কোটির মধ্যে 3 50 কোটি আন্দাজ টাকা আপনারা খরচই করতে পারেন নি—চুরি করেও খরচ করতে পারেন নি। যারা ৫ বৎসরে 7·60 কোটি টাকা বাড়ীর জন্য খরচ করে উঠতে পারেন নি. আর তারাই ২০০ কোটি টাকা খরচ করে Satellite town করবেন বলছেন, সে কথা বিশ্বাস করবো কি করে Sir? আমার অপজিট বন্ধুদেরও বলবো তাঁরাই বা এটা বিশ্বাস করবেন কি করে? বলছেন ১৪ লক্ষ লোককে ঐ town-এ পাঠাবেন। পাবেন কোথায় সেই ১৪ লক্ষ লোককে? যে কলকাতার 50 per cent লোক ১৫ টাকার বেশী ভাড়া দিতে পারে না এবং more than 50 per cent ১০০ টাকার কম রোজগার করে তারা আজকে Satellite town-এ যাবে কি করে? সেখানে ৩ কাঠা জমির দাম ৩×২=৬ হাজার টাকা এবং একটা বাড়ী করতে অন্ততঃ ২৪ হাজার টাকা, মোট ৩০ হাজার টাকা। তাহলে এই ৩০ হাজার টাকা খরচ করতে পারে কয়জনে? কলকাতা থেকে এই ১৪ লক্ষ লোককে যদি পাঠান তাহলে আবার মহম্মদ তোগলোকের মত খোঁড়া, ছাংড়া, কানা, কুঁজো, সব টেনে নিয়ে ফিরতে হবে। আর কি বলছেন, না, আপনারা কিছু কিছু training দেবেন, লোকের চাকরীর ব্যবস্থা করবেন, engineering শিক্ষা দেবার ব্যবস্থা করবেন। এসব কথা শুনে আমার মনে পড়ল, কল্যাণীতে এই রকম একটা ব্যবস্থা হয়েছে—তার নাম হলো একটা গালভরা নাম—Work-Cum-Orientation Centre.

[3-30—3-40 p. m.]

তার একটা report—Employment Exchange Directotate-এর রিপোর্টে পড়ছিলাম—তাতে একটা খরচ আছে—বিধানবাবু সেটা পড়লে উপকৃত হবেন—on the 11th February. "The students of the Work-Cum-Orientation Centre were addressed by some of the Employment Officers of the State. The students first enumerated the difficulties they had experienced previously and were likely to experience after the training in the Work-cum-Orientation Centre and requested the Employment Officer to consider their cases favourably." অর্থাৎ এটা কবে চাকুরী পাবে না, এ বিষয়ে যে ছাত্র নিশ্চিন্ত প্রায় হয়ে গিয়েছে—"Some of the Employment Officers replied to the trainees in appropriate terms and pointed out that Work-Cum-Orientation Centre is something above general technical skill. The training is based on idealistic approach of life and the students must not get nervous about their future." Director বলেছেন, সেখানে ভাতকাপড়ের আশা করোনা, বাসস্থানের আশা করোনা, training থেকে বেরিয়ে রাস্তার ফুটপাথে পড়ে মর, কিন্তু আদর্শের কথা ভুলোনা। কাজেই এই নতুন Satellite town-এ Work-Cum-Training Centre-এ কি ব্যবস্থা হবে তা আন্দাজ করা মোটেই কঠিন নয়।

কলকাতা চায় কি? কলকাতা চায় চাকরী, কাজ। কিন্তু আপনারা তাদের কি দিয়েছেন? কল্যাণীতে একটা spinning mill, দুর্গাপুরে একটা coke oven plant। সুতরাং খেল খতম পাঁচ বৎসরের জন্য!

কলকাতার সমস্যা মিটবে কি করে? Master Plan-এর কথা বলা হয়েছে; কিন্তু Master Plan ই করুন, আর Mistress Plan-ই করুন, কিছুতেই মিটবে না। কিন্তু তা বলে, আমি opposite এবং বন্ধুদের মনে করিয়ে দিচ্ছি, আমরা অকৃতজ্ঞ নই। আপনারা কিছুই দিচ্ছেননা তা বলছিনা। Fire Service-এ কয়েকটা post-এর advertise করেছিলেন, হাজার হাজার লোক ছুটে গেল, কিন্তু পুলিস তাদের লাঠিপেটা করতে কার্পণ্য করেনি। তারপর, কাগজে বিজ্ঞাপন দিয়ে ছগনলাল মগনলাল হাজার হাজার লোককে ডেকে নিয়ে গেলেন চাকরী দেবেন বলে—তারপর যখন বিপদ মনে হল, তখন আমাদের সরকার বাহাদুর কর্মপ্রার্থীদের পিটিয়ে সরিয়ে দিলেন।

আর কি দিয়েছেন? দিয়েছেন কলকাতা সহরে সপ্তাহে একটা করে খুন, এই October পর্যন্ত ৪২ জন খুন হয়েছে। সপ্তাহে একটা করে খুন হচ্ছে এমনি সরকারী ব্যবস্থা। আর কি দিয়েছেন? আর দিয়েছেন record increase in kidnapping, abduction and crime. নারীহরন, ছেলেচুরি, গুণ্ডামী মারামারি এতে record increase হয়েছে। "Union Home Ministry, Annual Survey of crimes in India, said, "Kidnapping and abduction cases in West Bengal recorded an increase of 5·3 per cent in 1958 over 1957 while all India increase was only 3·8 per cent. এটা আমার লেখা নয়। তারপর তাঁরা বলছেন, The survey ascribed the large incidence of this form at crime in West Bengal and Calcutta to unemployment and poverty. Exploitation of unprotected girls, mainly refugees from East Bengal, was another factor which contributed to the increase. Calcutta among all the principal cities in India excepting Kanpur had registered biggest increase in crime, increase equal to 14·2 per cent," কাজেই দিচ্ছেন না এ কথা বলবার উপায় নাই। 14·2% increase এনে দিয়েছেন। আর কি তাঁরা করেছেন? আপনারা এমন দিচ্ছেন যে বয়স্কা ছেলেদের পর্যন্ত পাগল করে দিয়েছেন। সম্প্রতি Calcutta University, Psychology Department-এর teachers and students একটা survey করেছিল, mental disorders in the young—৫০টা বাড়ীতে একাধিক বাচ্চা মানসিক রোগে ভুগছে তাঁরা দেখেছেন—এবং তাঁরা সিদ্ধান্তে পৌঁছেছেন—"About 60% houses overcrowded. Fifty per cent of the families poverty-stricken. Every home surveyed had poverty, lack of education and recreation, overcrowding, conflicts or broken homes as the cause of mental disease." তারপর, finally, তাঁরা বাধ্য করেছেন মানুষকে আত্মহত্যা করতে। কলকাতা সহরে ১৯৫৭ সালে আত্মহত্যা করেছিল ৯৬ জন, ১৯৫৯ সালে ১১৬ জন।

কিন্তু স্যার, আমরা আত্মহত্যা করব না। যে সরকারী নীতি মানুষকে আত্মহত্যার পথে প্ররোচিত করে, নারীহরণের পথ সুগম করে, যে সরকারী নীতি ছেলেদের পর্যন্ত পাগল করে দেয়, সেই সরকারী নীতির বিরুদ্ধে লড়াই করব যতক্ষণ পর্যন্ত না সেই নীতি পরিবর্তিত হয়। আমাদের opposite-এর বন্ধুদের সামনে কলকাতা সহরের এই ভারতদর্শনের মত কলকাতা-দর্শন তুলে ধরলাম। যদি তাঁদের মনে বিন্দুমাত্র নৈতিকবোধ থাকে তাহলে কেন তাঁরা আমাদের সঙ্গে মিলে সেই নীতি পরিবর্তনের জন্য সংগ্রাম করবেন না—সে কথাটি আমি তাঁদের জিজ্ঞাসা করতে পারি?

Shri Pabitra Mohon Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী বা অর্থমন্ত্রী ১৯৬১-৬২ সালের যে বাজেট উপস্থিত করছেন তাতে আমরা দেখছি নতুন কোন কর ধার্য করেননি তার কারণ হচ্ছে এই ১৩ বছরের মধ্যে কর ধার্য করবার মতন আর কোন জায়গা তিনি বাকী রাখেননি। নতুন কর যদি কোথায় ধার্য করতে হয় তাহলে সেদিকে ধার্য করবার মতন সাহস আমরা তাঁর দেখতে পাচ্ছিনা। ডাঃ রায় বক্তৃতা প্রসঙ্গে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার পটভূমিকায় পশ্চিম বাংলার অর্থনৈতিক উন্নয়নের সমস্যার কথা আমাদের কাছে বললেন। কতিপয় রাজস্ব বণ্টনে কেন্দ্র পশ্চিম বাংলার প্রতি সুবিচার করেননি এ কথাও আমরা শুনলাম। তিনি প্ল্যানিং কমিশনকে দোষ দিতে চেষ্টা করেছেন। এবার এই বলে পশ্চিম বাংলার দোষ খণ্ডন করবার চেষ্টা করেছেন। কেন্দ্রের প্রতি তার প্রভাব প্রতিপত্তির কথা আমরা শুনেছি। আজকে তাহলে কি বুঝব যে তিনি কেন্দ্রের কাছে এখন অপাংতেয় হয়েছেন। প্রতিবারে আমরা শুনি এই বিধানসভায় ও লোকসভায় যে আমাদের জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে। পণ্ডিত নেহেরুও বলেছেন যে, আমাদের জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে। প্ল্যানিং কমিশন বলেছেন শতকরা ৪০ ভাগ জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে। আমি আজকে জিজ্ঞাসা করি সাধারণ মানুষের অবস্থা কি কোন উন্নতি হয়েছে? তাদের জীবনে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে গিয়েছে। কাপড়ের দাম সর্ষের তেলের দাম এবার বেঁচে থাকবার মত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে। একমাত্র চালের দাম এবছরে কিছু কম আছে সে কথা খাদ্যমন্ত্রী নিশ্চয়ই বলবেন। কাপড়ের দাম, সর্ষের তেলের দাম, সাকসবজির দাম ক্রমান্বয়ে বেড়ে যাচ্ছে এবং একে কমাবার কোন প্রচেষ্টা সরকারের দেখছি না। তারপর মাছ খাওয়া এখন সাধারণ লোকের দুরাশা মাত্র।

[3-40—3-50 p.m.]

ফুডের প্রাইস ইনডেক্স যদি দেখি তাহলে দেখব যে ১৯৫৩-৫৪ সালে যেখানে ১০০'১ ছিল সেখানে ১৯৬০ সালের শেষের দিক দিয়ে বেড়ে ১২৪'৭ হয়েছে ; ঠিক এই সময় কাপড়ের দাম যেখানে ১৯৫৩-৫৪ সালে ১০৪ ছিল সেখানে সেটা বেড়ে ১০০ হয়েছে। ফুয়েল-এর আদার আলামী যেখানে ছিল ৯৮ সেখানে সেটা হয়েছে ১১৮। জাতীয় জীবনে যে আয় বেড়েছে সেটা এসব তথ্য মিলিয়ে দেখলেই দেখা যায় যে এসব প্রহসন ছাড়া আর কিছু মনে হয় না কারণ আজও চারিদিকে লোকেরা চাকরীর জন্য ঘুরে বেড়াচ্ছে। এটা সত্য কথা যে কোলকাতার আশেপাশে এত ইণ্ডাষ্ট্রি রয়েছে– পশ্চিমবাংলা একটা ইণ্ডাষ্ট্রিয়াল প্রভিন্স– সেখানে কিন্তু বাঙালী যুবকরা চাকরী পাচ্ছে না। কিছুদিন আগে দমদমে এই রকম হয়েছিল যে বাঙালী চাকরী পায়না বলে গোলমাল হয়। আমি ডাঃ রায়কে বলেছিলাম যে এই কোম্পানী বাঙালী নিচ্ছেনা অথচ সরকারী সাহায্য পাচ্ছে। তিনি আমাকে constitution of India দেখিয়ে বললেন যে আমাদের কিছু করার নেই। Constitution of India থাকা সত্ত্বেও আমি বললাম যে অন্যান্য প্রভিন্সে কি অন্য জিনিস হচ্ছে তখন তিনি বললেন যে বিহারে এসব হচ্ছে জানি কিন্তু আমরা এখানে তা করতে পারবনা। যাইহোক, আমাদের ঘরে ঘরে যেখানে বেকার সেখানে দেশের মূল্যমান বাড়া এই জাতীয় আয় বেড়েছে একথা বলা একটা প্রহসন ছাড়া আর কিছু নয়। জিনিসের দাম সম্বন্ধে আমাদের বলা হয় যে পৃথিবীর অন্যান্য দেশে নাকি এর চেয়ে বেশী দাম। সেখানে জিনিসের দাম এবং আয় বাড়ার গড়পড়তা হিসাব মিলিয়ে দেখলে দেখাযায় যে সেই তুলনায় আমাদের কিছু নয়। অর্থাৎ তাদের সঙ্গে আমাদের তুলনাই করা চলেনা। গত ৩।৪ বছরের বিভিন্ন দেশের হিসাব যদি পর্যালোচনা করি—ইউ. কে., ইউ. এস. এ., জাপান ইত্যাদির কথা বলব কমুনিষ্ট দেশের কথা বলবনা—তাহলে দেখব যে সেখানকার cost of living এবং জিনিসের দাম সমান তালে চলে। কিন্তু ভারতবর্ষের cost of living অনেক উপরে। এসব তথ্য সরকারী কাগজ

থেকে পাওয়া যায়। এর পরিণামে আজ অনেক লোককে অর্ধাহারে অনাহারে কাটাতে হচ্ছে। যক্ষা ইত্যাদি রোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। টি. বি. হাঁসপাতালে বেড বাড়িয়ে বন্ধ করা যাবে না। যক্ষা রোগ বন্ধ করতে হলে মানুষের ভাল খেতে দিতে হবে, ভাল ভাবে বাস করার স্থান দিতে হবে। আমাদের বাংলাদেশে ম্যালেরিয়া কমে গেছে, কিন্তু সেই ম্যালেরিয়ার স্থান আজ টি. বি. নিয়েছে। কোলকাতার বালিগঞ্জ বা চৌরঙ্গীতে খালি লোক বাস করছে তা নয়, এমন সব জায়গায় লোক বাস করছে সেখানে টি বি.-র হাত থেকে বাঁচবার কোন পথ নেই। সাধারণত মানুষের বাঁচার জন্য আজ পুষ্টিকর খাদ্য দরকার, আলো হাওয়াযুক্ত বাসস্থান দরকার। কিন্তু সে ব্যবস্থা আজও হয়নি।

কোলকাতার আশেপাশে জল নিকাশের ব্যবস্থা নেই বলে মানুষ আজ বদ্ধ জলের দূষিত হাওয়ায় মরণের পথে চলেছে। এবং বদ্ধজলাভূমি, নালা, খাল প্রভৃতিগুলো তাদের নিষ্কাশনী শক্তি হারিয়েছে বলেই এই অবস্থা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, এর পূর্বে মাননীয় সদস্য সোমনাথ লাহিড়ী মহাশয় আপনার সামনে কোলকাতা এবং টালিগঞ্জের ছবি রেখেছেন কিন্তু আমি আপনাদের একবার দমদমের দিকে নিয়ে যাব। প্রথমে কথা হোল যে, দমদমে এয়ার পোর্ট হোল একটি পৃথিবী বিখ্যাত এয়ার পোর্ট এবং পৃথিবীর যে কোন জায়গা থেকে কোলকাতা বা বাংলাদেশে আসতে হলে এই দমদমে প্রথমে তাঁকে আসতে হবে এবং সেই জন্য একে গেটওয়ে অব ক্যালকাটা অর বেঙ্গল বলা হয়। কিন্তু দমদম এয়ার পোর্ট থেকে যশোহর রোড ধরে যখন তি আই. পি.দের কোলকাতার দিকে নিয়ে আসা হয় এবং যাঁদের সঙ্গে অনেক সময় মুখ্যমন্ত্রী এবং সেক্রেটারিয়েটের অফিসাররা থাকেন তখন তাঁরা নিশ্চয়ই লক্ষ্য করেছেন এবং বোধহয় আমার সঙ্গে এ ব্যাপারে একমত হবেন যে, কতদূর এলে পর তাঁদের মনে এরকম একটা সংশয় উপস্থিত হয় যে কি করে এই রাস্তা পার হওয়া যায় এবং দমদম যশোহর রোডের এমন অবস্থা হয়েছে যে ভি. আই. পি.-দের চোখে সেগুলো ধরা না পড়ে যায়না। এবং তার কর্তা হলেন আমাদের সেচমন্ত্রী শ্রী অজয় মুখার্জী তবে বাগজোলার ওখান থেকে যদি তাঁদের চোখ বুজিয়েও নিয়ে আসার চেষ্টা করেন তাহলেও সে জিনিস তাঁদের চোখে পড়বে কেননা গন্ধেতেই আসল জিনিসের টের পাওয়া যাবে। যা হোক গত পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সরকার এর পেছনে ১ কোটি ৩২ লক্ষ টাকা ব্যয় করেছেন। কিন্তু ১৯৫৬ সালে ড্রেজার দিয়ে বাগজোলার আসল মাটি কাটা হলে পর আমরা দেখলাম যে, কয়েক ফুট বা কয়েক ইঞ্চি মাত্র মাটি কাটা হোল অথচ বাজেটে ১ কোটি টাকার উপর খরচ দেখান হোল এবং তাও আবার যখন বর্ষা এসে চলে গেল তখন দেখা গেল যে কয়েক ইঞ্চি মাটি কাটা হয়েছিল তাও আবার বর্ষার জলে ভরতি হয়ে গেল। যা হোক্, আমাদের রাজস্বখাতে যে আয় হয় তা থেকে এই যে ১ কোটি টাকার উপর কোথা থেকে কোথায় চলে গেল তার খবর নিশ্চয়ই মন্ত্রীমহাশয় আমাদের বলবেন না তবে আমরা যারা দমদমে বাস করি তাঁরা ভাবছি আবার যখন ঐ বাগজোলা কাটা হবে তখন হয়ত কোন ভাগ্যবান কণ্ট্রাক্টর আবার কয়েক লক্ষ টাকার কণ্ট্রাক্ট পাবার সৌভাগ্য লাভ করবেন। স্যার, বাগজোলর বদ্ধজল দমদমের মানুষের পক্ষে যে কতটা ক্ষতিকর তা হয়ত মন্ত্রীমহাশয় জানেন না, কিন্তু দিনের পর দিন দিবারাত্র চব্বিশঘণ্টা যাদের ওখানে থাকতে হচ্ছে তাঁরা বুঝতে পারছেন যে কি অবস্থায় তাঁরা দিন কাটাচ্ছেন। শুধু তাই নয়, সেই বদ্ধ জলে ভয়ানক মশা জন্মে অথচ সেটা ম্যালেরিয়া এরিয়া নয় বলে হেল্‌থ ডিপার্টমেণ্ট থেকে মস্‌কুইটো ডেষ্ট্রাকসন বা মস্‌কুইটো কণ্ট্রোল-এর জন্য কোন ব্যবস্থা করছেনা এবং বলছে যে ওখানকার মস্‌কুইটো কণ্ট্রোল করবার দরকার নেই। কিন্তু বাগজোলার সর্বাঙ্গীণ উন্নতি করা যে একান্তই প্রয়োজন সে কথা মন্ত্রীমহাশয় জানেন না? তাহলে কেন তিনি আমাদের এই ভাবে বদ্ধ জলের মধ্যে রেখে কষ্ট দিচ্ছেন? তাঁর যদি ইচ্ছা থাকত এবং সাধারণ মানুষের প্রতি তাঁর দরদ থাকত তাহলে নিশ্চয়ই তিনি এসব করতে পারতেন কিন্তু আমরা দেখছি যে সব জেনে শুনেও তিনি কিছু করছেন না। যাহোক, এবারে আমি আর একটা কথা

আপনার সামনে উল্লেখ করতে চাই এবং সেটা হোল যে, ইংলণ্ডের রাণী এলিজাবেথ আমাদের দেশে আসবেন একথা ১ বছর আগে থেকেই তাঁদের জানাছিল। কিন্তু গত কয়েক দিন পূর্বে যখন তিনি আমাদের এখানে এলেন তখন দেখা গেল যে, চৌরঙ্গী রোড এবং রাজভবন প্রভৃতি আলোতে ঝলমল করে উঠল এবং সঙ্গে সঙ্গে আমরা যারা দমদমে বাস করি তাঁরা দেখলাম যে হঠাৎ যশোহর রোড নবরূপে ইংলণ্ডেশ্বরীকে নব সাজে অভ্যর্থনা জানাবার জন্য প্রস্তুত হচ্ছে। অবশ্য এ প্রসঙ্গে মাননীয় মন্ত্রী খগেন বাবু বলেছেন যে, এসব রাণীর জন্য করা হয়নি, এখবর ১ বছর আগে থেকেই নাকি এষ্টিমেট করা ছিল। তবে এ ব্যাপারে দমদমের অধিবাসীদের কাছে তাঁদের লজ্জা পাবার কোন কারণ নেই বা তাঁরা তাদের গালাগালিও দিচ্ছেনা, বরং তাঁরা খুশী হয়ে প্রার্থনা জানাচ্ছে যে, প্রতি বছর রাণী হোক, ক্রুশ্চেভ হোক বা আমেরিকার প্রেসিডেন্ট কেনেডি-ই হোক তাঁরা কেউ আমাদের দেশে আসুক এবং তার ফলে দমদমের রাস্তা চকচকে হোক, রাস্তার দুপাশে ফুলের গাছ দিয়ে বাগান করা হোক এবং পাক আর গোরুবের পরিবর্তে গাছে গাছে চুনকাম হয়ে বাগজোলার সর্বাঙ্গীণ উন্নতি হোক এবং আমরাও তাঁদের অভ্যর্থনা জানাই।

[3-50—4 p. m.]

কিন্তু মন্ত্রী মহাশয় বলেছেন রাণীর জন্য খরচ করেছেন। বাগজোলার পথ দিয়ে রাণী আসবেন সেজন্য তার যত্ন কি। প্রথমে মুখ্যমন্ত্রীর ভয় ছিল কি করে দুর্গন্ধময় এই বাগজোলার পথ দিয়ে রাণীকে আনবেন। কিন্তু অজয়বাবু এবং তার ডিপার্টমেণ্টের কোন ভয় ছিলনা কারণ তাঁরা জানেন এটা বন্ধ করা যাবে—সাধারণ মানুষের সুবিধার জন্য না হলেও রাণীর আসবার জন্য বন্ধ করা যাবে। তাঁরা কি করলেন, না, রাণীর আসার ২ দিন আগে গঙ্গা দিয়ে কৃষ্টপুর ক্যানেল দিয়ে পরিষ্কার জল ছেড়ে দিলেন। রাণীর আসার আগের দিন রাত্রে আবার সেই জল বের করে দিয়ে নতুন জল দিয়ে একটা সুন্দর লেক সৃষ্টি করা হলো। সেই সুন্দর লেকের আশপাশে সবুজ মাঠ এবং সুন্দর চকচকে রং করা রাস্তা, একটা সুন্দর পরিবেশ সৃষ্টি করা হলো। আমরা শুনেছি যাঁরা ওখানে দাঁড়িয়েছিলেন তাঁরা বলেছেন এই সুন্দর আবহাওয়া এবং পরিবেশ দেখে ডিউক সাহেব নাকি ফটো তুলে নিয়ে গেছেন। সৌভাগ্যবান দমদমবাসী যাদের মধ্য দিয়ে বাংলা দেশের এতবড় সুযোগ হয়ে গেছে। আমাদের দুর্ভাগ্য গত ২০ তারিখে তিনি চলে গেছেন কিন্তু সেই জলটুকু আবার বের করার কথা আমাদের মন্ত্রীমহাশয়ের মনে পড়ল না। আজকে ৯ দিন সেই জল জমে আছে। তবু শুকনো থাকলে আমরা পচা গন্ধ পেতাম না কিন্তু বদ্ধ জলের পচা দুর্গন্ধে দমদমের লোক টিকতে পারে না এমন কি কোন ভি. আই পি. আসলে তাঁকে সেখান দিয়ে পাস করাতে পারবেন না। শুধু তাই নয়, এখন মশা জন্মাতে শুরু করেছে। এইভাবে মন্ত্রীমহাশয় আমাদের উপর দরদ দেখাচ্ছেন। শুধু বাগজোলা যে দমদমের অংশ-বিশেষের পক্ষে অভিশাপ তা নয়, এটা একটা বিরাট এলাকার পক্ষে অভিশাপ। এই বাগজোলা দমদম, দক্ষিণ দমদমের পৌর এলাকার লোকের পক্ষে, উত্তর দমদমের পৌর এলাকার লোকের পক্ষে বাঁকড়া ইতলগাছা ইউনিয়নের লোকের পক্ষে, এই ইউনিয়নের সুলতানপুর মানিকপুর, বাদড়া, চাঁদপুর প্রভৃতি সমস্ত গ্রামের লোকের পক্ষে অভিশাপ। আরও দূরে চলে যান—বেলঘোরিয়া ষ্টেশনের কাছ থেকে আরম্ভ করে বিরাটী ষ্টেশন পর্যন্ত একটা লাইন টানলে যে বিরাট এলাকা পড়ে এই সমস্ত এলাকার লোকের পক্ষে এই বাগজোলা একটা অভিশাপ। গত ২ বছর আগে যে বন্যা হয়ে গেছে সেই বন্যা গঙ্গার জল এসে হয়নি, প্রথম দিকে যে জল হয় সেই জল নেমে যায় কিন্তু শেষের বৃষ্টির জল সেখানে জমে বন্যার সৃষ্টি করেছিল। বাগজোলায় নিকাশনের ব্যবস্থা না থাকার জন্য এই অবস্থা হয়েছিল। মাননীয় মন্ত্রী শ্রীঅজয় মুখার্জী মহাশয়ের কাছে শুধু আমি যাইনি, আরও বিভিন্ন এলাকার লোক গিয়েছেন এবং তাঁর কাছে সমস্ত অনুরোধ

রেখেছেন। খলিসাকোটা পিপল কো-অপারেটিভ মার্কেটপারপাস সোসাইটি গত ১৯৫৯ সাল থেকে মন্ত্রীমহাশয়ের কাছে গিয়েছে। একটা জিনিস ভাল দেখছি যে মন্ত্রীমহাশয় বাংলায় জবাব দেন এবং পত্র পেয়ে জবাব দেন। তিনি জবাব দিলেন আপনারা যে সমস্ত কথা বলেছেন এগুলির এনকোয়ারীর জন্য ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টে পাঠাচ্ছি। এইভাবে পড়ে থাকতে থাকতে হতাশ হয়ে আবার তারা চিঠি লিখলেন। এবার তিনি জবাব দিলেন হ্যাঁ, তোমাদের চিঠি পেয়েছি—প্রথম চিঠিখানার জবাব এখনও পাই নাই সেগুলি পেলে জবাব দেব।

আমি মন্ত্রীমহাশয়ের কাছে বলি যে ঐ সমস্ত এলাকায় নিষ্কাশনের ব্যবস্থা যদি না করা যায় তাহলে ওখানকার লোক বিদ্রোহ করবেন এবং তাঁরা লালাবাবু-নিকাশী বন্ধ করে দিয়ে কোলকাতা ভাসিয়ে দেবেন এবং তখন পুলিশ নিয়ে আপনাদের সেখানে উপস্থিত থাকতে হবে সেই ব্যবস্থাই আমরা করছি।

Shri Jehangir Kabir :

স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৬১-৬২ সালের জন্য যে বাজেট উপস্থিত করেছেন, তার সমর্থনে দাঁড়িয়ে আপনার মাধ্যমে আমার বক্তব্য উপস্থিত করছি। অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের সমস্ত কঠিন সমস্যার বিষয় অবহিত আছেন। তাঁর বাজেট বিবৃতিতে তিনি সেই সমস্ত সমস্যা সহজ ভাবে দেশের সামনে তুলে ধরেছেন। আজ তিন দিন ধরে বাজেট আলোচনা হচ্ছে। বিরোধীদলগুলি থেকে যে সমালোচনা শুনছি, এই একই কথা আমরা মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণ আলোচনার সময় শুনেছি, গত ১০ই ফেব্রুয়ারী অনাস্থা প্রস্তাব আলোচনার সময় শুনেছি এবং গত পাঁচ বৎসর ধরেই শুনে আসছি। এই সমস্ত আলোচনায় বাস্তবতার চেয়ে নির্বাচনী প্রচারের অংশই বেশী। এর কারণ গণতন্ত্র আমাদের দেশে পূর্ণরূপ এখনও পায় নাই। আজিও দায়িত্বশীল বিরোধীদল গঠিত হয় নাই, যে দল বিকল্প সরকার গঠন করার কথা ভাবতে পারেন? এঁদের পক্ষে বর্তমান বা অদূর ভবিষ্যতেও সরকার গঠনের সম্ভাবনা নেই। রাজ্য পরিচালনার দায়িত্ব নিতে হবেনা বলেই তাঁরা প্রচারের উদ্দেশ্যে, লোককে বিভ্রান্ত করতে যা খুশী বলেন। এই সমস্ত বিভ্রান্তিকর ও অবাস্তব আলোচনার ফলে দেশের অগ্রগতি ব্যাহত হয়। বিকল্প সরকার গঠনের কোন সম্ভাবনা থাকলে বিরোধী পক্ষকে অনেক হিসেব করে সমালোচনা করতে হতো এই কারণেই দেশবাসী বিরোধীপক্ষের বিরামহীন ওজঃস্বিনী ভাষায় বক্তৃতা দেওয়া সত্ত্বেও তাঁদের সমালোচনাকে কোন গুরুত্ব দেয় না। বিরোধী পক্ষের দ্বারা দেশের ভয়াবহ ও সর্বনাশকর চিত্র দেখান সত্ত্বেও জনসাধারণ বিচলিত হয় না এবং বারবার বর্তমান সরকারের উপর আস্থা প্রকাশ করে। আমি অর্থনীতির ছাত্র নই। সাধারণ মানুষের বুদ্ধিতে আমি আলোচ্য বাজেটকে যে ভাবে বুঝেছি, তাই নিয়েই সামান্য আলোচনা করব। জাতীয় সম্পদসারণের ক্ষেত্রে গতিকে ত্বরান্বিত করার জন্য প্রথম অবস্থায় বিরাট মূলধন বিনিয়োগ করতে হয়। এই সমস্ত পরিকল্পনা ফলপ্রদ হতে এবং জনসাধারণের কল্যাণে নিয়োজিত হতে সময়ের প্রয়োজন? হঠাৎ অধিক অর্থ বিনিয়োগের ফলে দেশের অর্থনৈতিক অবস্থার উপর গুরুতর চাপ পড়তে বাধ্য। সমস্ত প্রকার দ্রব্যের মূল্য বৃদ্ধির সমস্যা প্রত্যেক উন্নয়ন পরিকল্পনার প্রাথমিক অবস্থায় দেখা দেয়। সরকারকে নিষ্ঠা ও সদবুদ্ধির দ্বারা এই সমস্যাকে সমাধান করতে হয়। অর্থমন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে পশ্চিমবঙ্গের মত শিল্প সমৃদ্ধ রাজ্যের প্রয়োজনে অনিবার্য ব্যয়ের জন্য ক্রমবর্ধমান আর্থিক সমস্যার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। কেন্দ্রিয় সরকার জনসংখ্যার অনুপাতে রাজ্যসমূহকে সাহায্য করেন। এই ব্যবস্থাকে অর্থমন্ত্রী অবিবেচনাপ্রসূত বলে মনে করেন। কারণ শিল্প উন্নত রাজ্য ও শিল্পে অনগ্রসর রাজ্যের ব্যয় ভার কখনই এক প্রকার হতে পারে না। সমতার নামে কেন্দ্রিয় সরকার যদি জনসংখ্যানুসারে রাজ্যসমূহকে সাহায্য করার নীতি পরিবর্তন না করেন তবে অদূর ভবিষ্যতে জটিল সমস্যা দেখা দেবে এবং দেশে শিল্প উন্নয়ন ব্যাহত

যে। পশ্চিমবঙ্গের মত শিল্প প্রধান রাজ্য, অন্যান্য রাজ্যের পুঁজিবাদীগণ ও শিল্প উন্নয়ণের সুযোগের জন্য শিল্প প্রতিষ্ঠা করেন এবং ঐ সমস্ত রাজ্য নিজ রাজ্যের পুঁজিবাদীদের প্রচেষ্টায় পরোক্ষভাবে লাভবান হন। শিল্পরাজ্য হবার দরুন পশ্চিমবঙ্গ সরকারকে জনকল্যাণ, শ্রমিকদের উন্নত জীবনযাত্রার মান পথঘাটের উন্নতি এবং শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য ক্রমবর্ধমান খরচ বহন করতে হচ্ছে। শিল্পের অগ্রগতির জন্য কেন্দ্রীয় সরকার এই রাজ্য থেকে অধিকতর আয়কর, কর্পোরেশন ট্যাক্স এবং আবগারী শুল্ক পাচ্ছেন। কিন্তু কেন্দ্রীয় সরকার কর্তৃক হারাহারি মতে জনসংখ্যানুপাতে রাজ্য সরকারকে সাহায্য করার নীতির ফলে, শিল্প রাজ্যের বর্ধিত আয়ের এক সামান্য অংশ মাত্র সেই রাজ্যে ফিরে আসে এবং অধিকাংশই অন্যান্য রাজ্যের জন্য ব্যয় হয়। আমাদের অর্থমন্ত্রী এই অন্যায় ও অসাম্যের প্রতিকারের জন্য আবেদন করেছেন। দল ও মত নির্বিশেষে পশ্চিমবঙ্গের সমস্ত অধিবাসীর সমর্থন তিনি লাভ করবেন এই আমার বিশ্বাস।

তৃতীয় ফিনান্স কমিশন গঠিত হয়েছে। আশা করি কমিশন এই অসঙ্গত ব্যবস্থাকে রদ করে বাস্তব দৃষ্টিভঙ্গিতে কেন্দ্রিয় সাহায্য বিলির নির্দেশ দিবেন আমার মতে এই হাউসের সর্বদলের সদস্যদের মিলিতভাবে এই বিষয়ে অর্থমন্ত্রীকে সমর্থন করা প্রয়োজন।

[4—4-10 p. m.]

অর্থমন্ত্রী কেন্দ্রিয় সাহায্যের জন্য একটি অসঙ্গতির প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। অন্যান্য কয়েকটি রাজ্য আমাদের রাজ্যের চেয়ে অধিক সাহায্য পেয়েছেন। কেন এটা হয়েছে অর্থমন্ত্রীর বিবৃত্তি থেকে সেটা আমি বুঝতে পারিনি। পশ্চিমবঙ্গ যেখানে কেন্দ্রিয় সরকার থেকে টাকায় ১·১৮ টাকা পাচ্ছে, অন্ধ্র সেখানে টাকায়—১·৯, ইউ. পি—২·৪, বিহার—১·৮, মধ্যপ্রদেশ—২·২, রাজস্থান—১·৯ এবং মাদ্রাজ—১·৯ পাচ্ছে। অর্থমন্ত্রীর বিবৃতিতে প্রকাশ প্ল্যানিং কমিশনকে জিজ্ঞাসা করেও তিনি এর কোন উত্তর পান নাই। এই বিষয় অর্থমন্ত্রীর সুস্পষ্ট অভিমত আমাদের জানা প্রয়োজন। কেন্দ্রের এই পার্থক্যমূলক ব্যবহারের কোন কারণ আমরা সাধারণ বুদ্ধিতে বুঝতে পারি না। এ বিষয় আমাদের প্রতিবাদ জানান প্রয়োজন। পশ্চিমবঙ্গের স্বার্থে এই বিষয় বিলম্ব বা অবহেলা করা অন্যায় হবে। ১৯৬১-৬২ সালের বাজেটে বৃহৎ ঘাটতি দেখান হয়েছে। এই ঘাটতিতে আমাদের উৎকণ্ঠিত হবার কারণ নেই। বিভিন্ন জনহিতকর ও উন্নয়নখাতে বেশী করে ব্যয় বরাদ্দ ধরার জন্য যে ঘাটতি ভবিষ্যতে এতে ঘাটতি পূরণের ব্যবস্থা হবে। তাছাড়া ফিনান্স কমিশনে যদি ন্যায়সঙ্গতভাবে কেন্দ্রীয় সাহায্য বিলির ব্যবস্থা করেন তবে এই ঘাটতি পূরণ হতে অসুবিধা হবে না। অর্থমন্ত্রী এই ঘাটতি পূরণের সহজ উপায় হিসাবে জনসাধারণের উপর নতুন কোন করের বোঝা না চাপিয়ে সুবিবেকের পরিচয় দিয়েছেন। বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দ করা হয়েছে, তার মধ্যে কয়েকটি মাত্র উল্লেখযোগ্য আইটেম-এর প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এবারকার বাজেটে শিক্ষার খাতে গত বৎসরের চেয়ে অনেক বেশী অর্থ বরাদ্দ করা হয়েছে দ্বিতীয় পরিকল্পনায় সেখানে শিক্ষা ক্ষেত্রে বরাদ্দ ছিল ২৯·৩৮ কোটি, তৃতীয় পরিকল্পনায় সেটি হয়েছে ৪৮ কোটি। প্রাথমিক বিদ্যালয়ের দরিদ্র শিক্ষকদের বর্ধিত হারে মাগী ভাতা দেবার জন্য ৫৮,৫৪০০০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের ঐ সমস্ত শিক্ষকদের সন্তানদের বিনা বেতনে শিক্ষা দেবার জন্য বোর্ড অব সেক্রেটারী এডুকেশনের খাতে ২০,১৮০০০ হাজার টাকা দেবার ব্যবস্থা হয়েছে। কৃষি খাতে চাষীদের ছেলেদের আধুনিক বৈজ্ঞানিক ও উন্নত প্রথায় চাষ শিক্ষা দিতে ১৪টি কৃষি বিদ্যালয় স্থাপনের ব্যবস্থা করা হয়েছে। ২৪-পরগণা জেলায় ১৫৩০০০ হাজার টাকা ব্যয়ে লোনা জমিতে ধান চাষের জন্য গবেষণাগার স্থাপন করার সিদ্ধান্ত করা হয়েছে। বৃহৎ কলিকাতায় অধিকতর দুধ সরবরাহ করার জন্য এবার

বাজেটে আরও ৮৬,৬৪০০০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। গ্রামাঞ্চলের রাস্তা নির্মাণ ও পরিবর্ধিত করতে ৫৫,২৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। চিকিৎসা খাতে দ্বিতীয় পরিকল্পনা অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য সমেত মোট বরাদ্দ ছিল ২৭ কোটি টাকা এবার ২৭ কোটি টাকা এবং তৃতীয় পরিকল্পনায় এটা কমিয়ে মাত্র ১৯ কোটি ৮০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমার মতে এটা অসঙ্গত হয়েছে। জনস্বাস্থ্য ও চিকিৎসা খাতে আরও ব্যয় বরাদ্দ করা উচিত। এই বারকার বাজেটে বাস্তুচ্যুত ব্যক্তিদের জন্য ২'৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমি অর্থমন্ত্রীকে সবিনয় জানিয়ে দিতে চাই যে এই কলিকাতায় ও বৃহৎ কলিকাতায় আজ সহস্রাধিক মুসলমান বাস্তুচ্যুত রয়েছেন। আজ থেকে ১১ বৎসর পূর্বে ১৯৬০ সালের সাম্প্রদায়িক হাঙ্গামার সময় এরা বাস্তুচ্যুত হয়েছেন, কিন্তু আজ পর্যন্ত তাদের বাস্তু ফিরিয়ে দেবার বা কোনরূপ ক্ষতিপূরণেরও ব্যবস্থা হয় নাই। ভারতবর্ষের এক শ্রেণীর নাগরিকদের স্বার্থের প্রতি এই ঔদাসীন্য ভারতের মহান সংবিধানের পক্ষে অমর্যাদাকর। অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর তাতে দৃষ্টি এই বিষয় আকর্ষণ করি।

মিঃ স্পীকার স্যার, উপসংহারে আমি দেশের বিরাট শিক্ষিত বেকার সমস্যার প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মধ্যবিত্ত এবং নিম্ন মধ্যবিত্ত হিন্দু, মুসলমান প্রতি পরিবারের একাধিক বেকার রয়েছে। এই সমস্যা এইরূপ বিরাট আকার ধারণ করেছে যার ফলে আমাদের জাতীয় জীবনে ভয়াবহ সঙ্কট দেখা দেবার সম্ভাবনা রয়েছে। সবল, স্বাস্থ্য এবং শিক্ষিত যুবক যে কোন বেতনে যে কোন কাজ করতে প্রস্তুত কিন্তু প্রতি দুয়ারে দুয়ারে ধন্না দিয়েও সে কাজ সংগ্রহ করতে পারে না। শিক্ষা তার ব্যর্থ হয়েছে। বিবাহযোগ্যা বয়স্কা বোন, বৃদ্ধা মাতা ও ছোট ভাইবোনরা রয়েছে। ভাইবোনদের লেখা পড়া শিখাবার কোন ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না, লজ্জা নিবারণের বস্ত্র জোগান সাধ্যের অতীত,—এই অবস্থায় একটি শিক্ষিত যুবকের মনের অবস্থা কি হতে পারে একথা বুঝিয়ে বলা নিষ্প্রয়োজন। এই সমস্যার সমাধান সাহসের সঙ্গে অবিলম্বে না করতে পারলে দেশে বিশৃঙ্খলা ও পরিণামে সন্ত্রাসবাদের অভ্যুত্থান অসম্ভব নয়। কোন গণতান্ত্রিক সরকারের কর্তব্য তার নাগরিককে কাজ দিতে বা খেতে দিতে যতদিন বেকার সমস্যার সমাধান না হচ্ছে, উপযুক্ত ক্ষেত্রে সেই সমস্ত যুবকদের বেকার ভাতা দেবার ব্যবস্থা করার বিষয় চিন্তা করা দরকার। পশ্চিমবঙ্গ রাজ্যে ভারতের যে কোন নাগরিকের ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠান গঠন করবার অধিকার আছে। বহু অবাঙ্গালী পশ্চিমবঙ্গে এই সুযোগ ভোগ করছেন। কিন্তু দুঃখের বিষয় এই সমস্ত অবাঙ্গালী ব্যবসা বা শিল্প প্রতিষ্ঠানে বাঙ্গালীর কোন স্থান নেই। আমি শুনেছি জামসেদপুরে সরকারি নির্দেশ অনুসারে সমস্ত কারখানায় অধিক সংখ্যক বিহারী নিয়োগের ব্যবস্থা মূলক। একথা সত্য হলে, পশ্চিমবাংলায়ও কি অনুরূপ ব্যবস্থা গ্রহণ করা যায় না? এতে প্রাদেশিকতার কোন কথা নেই। ন্যায় বিচারের প্রশ্ন রয়েছে। অবাঙ্গালীর কর্তৃত্বাধীন ব্যাবসায়ে বা শিল্পে বাঙ্গালী নিয়োগের বাধ্যতামূলক ব্যবস্থা করলেও এই দুর্বিসহ বেকারী সমস্যার কিছুটা সমাধান হবে। মুসলমান সম্প্রদায়ের শিক্ষিত বেকার ছেলেদের অবস্থা আরও শোচনীয়। শিক্ষা ও অর্থনৈতিক কারণে পশ্চাদপদ হবার দরুন প্রতিযোগিতায় এরা পরাজিত হয়। যেখানে প্রতিযোগিতামূলক পরীক্ষা ছাড়াও সরাসরি ভাবে কর্মচারী নিয়োগ করা হয় সেখানেও উপযুক্ত পরিবেশের অভাবে মুসলমান যুবকরা সরকারী বা বেসরকারী চাকরি পায় না। এমন অনেক দৃষ্টান্ত আমার জানা আছে যে গত ৪।৫ বৎসর ধরে এ্যমপ্লায়মেণ্ট এক্‌চেঞ্জ এ নাম রেজিষ্ট্রি করে প্রতি তিনমাস অন্তর নিয়মিতভাবে কার্ড রিনিউ করা সত্ত্বেও একবারের জন্যও এই সমস্ত যুবকের নাম কোথাও কাজ পাবার জন্য সুপারিশ করা হয় নাই। অথচ সামান্য পিয়নের কাজ পেতে হলেও এ্যমপ্লায়মেণ্ট এক্‌চেঞ্জ থেকে নাম না পাঠালে চাকরি পাবার নিয়ম নাই। এই বিষয় আমি ভারতীয় সংবিধানের Part III Fundamental Rights এর অধ্যায়ে Article 16 (4) এর প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করি। Nothing in this Article shall prevent the State from making any provision for the reserva-

tion of appointments or posts in favour of any backward class of citizens which in the opinion of the State is not adequately represented in the services under the State দীর্ঘদিন বেকার থাকার ফলে এবং জীবিকা সংস্থানের কোন ব্যবস্থা না হওয়ার দরুন মনে যে frustration দেখা দেয় তার ফলে কখনও দেশের জন্য মঙ্গলজনক হতে পারে না।

Shri Deo Prakash Rai :

Mr. Speaker, Sir, I stand here to oppose outright the Budget and to tell that every time the State budget is presented in this House, the roots of frustration and bitterness strike deeper in the hearts of the people of Darjeeling. Sir, the hill people of Darjeeling know that these voluminous budget papers contain nothing to remove their grievances, to solve their problems, to meet their constitutional demands. At the same time they also know that these budget papers are here to tell them about the development works that are taking place in and around Calcutta. These books are here to tell the hill people of Darjeeling about the Burdwan University, about the Kalyani University, about the satellite township near Calcutta, about the Salt Lake reclamation and about so many development works that are taking place in and around Calcutta and other districts other place. Sir, Darjeeling, the queen of hill stations the loveliest of the lovelies and rich in natural resources, has remained undeveloped, uncared for and neglected even after thirteen years of independence and ten years of national planning. Darjeeling, second to Calcutta in the State of West Bengal, has the largest number of unemployed and yet no industry, no major development work have been undertaken there under two national plans. So I tell you that these bulky budget papers will remain as historical records for the posterity to tell the world how the hill people were exploited, oppressed, repressed, nelected and forsaken by the Congress regime. As I am going to take part in the debate on the demands for grants, I shall devote myself to a very pertinent issue that has arisen as a result of Dr. Roy's statement in the Council on the 23rd of this month Sir, from this solitary example we are in a position to know how earnestly the West Bengal Government are interested in the welfare of Darjeeling.

[4-10—4-20 p.m.]

Sir, this is one of the reasons why our Five Year Plans have not been successful. Planning has been defective because the data on which the planning is based are incorrect, if not false. The planning is based on the population figure. Do you know, Sir, the population figure, specially of the Napali Speaking people of Darjeeling, that was given by Dr. Roy on the 23rd of this month in the Council ? According to the Census report of 1941 the number of Nepali speaking people of Darjeeling was about 2 lakh 74,000. That was during the alien rule. But after attaining independence the first census launched by our national Government in 1951 has brought down the figure of Nepali speaking people to mere 88,000. Dr. Roy knows that my name is Deo Prakash and my caste is Rai and 'Rai' is a Nepali. He also knows that the Deputy Minister sitting there is Narbahadur Gurung and that 'Gurung' is a Nepali. But in the census report 'Rai' has been shown separately, 'Gurung' has been shown separately and likewise so many castes and clans have been shown separately. Thus the number of Napali speaking people has been shown as 88,000.

In the same census report of 1951, in page 38, about the language of the district of Darjeeling, it says, "It can readily be understood that many languages and dialects are used in Darjeeling. The great majority of the inhabitants in the hill speak Napali and those in the terai, Bengali and Hindi". It proceeds further and says that "it appears, however, that the use of Nepali is spreading and the

people of the district rely more and more upon this language for use outside the family". Not only Nepalis, but other peoples also rely on the use of the Nepali language. Paragraph 3 of the same chapter says, "the following is an account of persons originating in the hills. The first to be discussed are the Nepalis of whom there are over 2 lakh 90,000 in the district". And the same book contains schedule showing different castes and clans where Nepali speaking people has been shown as 88,000. According to the present speculation in these 10 years there has been an increase of 30 per cent in the population in West Bengal. Taking 30 per cent increase and 2 Lakh 90 thousand as the base the Napali speaking population in the district of Darjeeling comes to 3 lakh 77 thosand, and not 88,000. That was a manipulated figure given by the Congress regime on the eve of the visit of the S.R.C. They knew that the recommendations of the S.R.C. was going to depend on the population factor. So, deliberatly the Congress Govt. indulged in this nefarious act. This reminds us of the activities during the Muslim League Ministry when the figures us of the Hindu population were distorted in West Bengal. Sir, the present administration is also doing the same thing in regard to linguistic minorities.

Sir, I am proud of my Bengali brethren who made sacrifices for the recognition of the Bengali language in Assam. I may tell the House here and now that the Nepali speaking people of Darjeeling are also prepared to go to any length for the recongnition of Nepali as the official language in the district of Darjeeling-no matter how much this present administration may distort the figures and adopt repressive measures. After all truth is truth ; fact is fact.

Sir, before I conclude I would like to touch upon one more point. I am pained to note the attitude adopted by some of the Calcutta dailies in regard to linguistic minorities. We do not believe in burning newspapers. At the same time the people cannot be expected to go on tolerating this sort of attitude.

Thank you, Sir.

Shrimati Anjali Khan :

Mr. Speaker, I rise to support the budget of 1961-62 presented by the Chief Minister in charge of Finance. The economic situation I find, is increasing gradually by way of production and progress made by the countrymen during the First and Second Five Year Plans.

Among other things the growth of industry is being augmented by leaps and bounds with an accelerated speed year after year. The Chief Minister has described fully in detail with figures so I must not take your time in supporting his statement.

I would like to emphasise the small-scale industry which fetches a large income to our country. These industries are labour intensive and are designed to ease unemployment which is the rudiment of all distress and troubles to our country-ment. It should be eradicated in every respect.

In addition to this I propose one thing which may be agreeable in this House. The thing is the amount allotted for the payment of compensation to the ex-intermediaries for the abolition of the zemindary system. This amount may be utilised in a more profitable and broad business scheme with the consent of the ex-zemindars by making them share-holders. Some of the ex-landholders are bound to pay wealth tax for this. I think if they agree to this their wealth tax will be relaxed. For the small intermediaries the payment sometimes is so small —500, 600, 700 or 1000—that it is really of no use to them. So I request the Government to think of the idea which I believe will be most beneficial to those classes of people and at the same time it will solve the problem of unemployment to a great extent.

Regarding education, I am very much pleased to see that the Planning Commission have stated among the social objectives one imperative in the fulfilment of the target for free and universal education for the age group of 6 to 11. The provision for education is 48 crores. This includes the State contribution of 7·50 crores for the Centrally sponsored scheme which will eventually secure free and compulsory primary education.

Regarding food Dr. Ghosh alleged in his speech that there is scarcity of food in our country. I say it is not correct in every respect. If we compare India with any European country it will be found that the varieties of fish, fruit, vegetables and spices which are grown in our country excel in every respect than in Western countries due to climatic changes. I have studied in Europe that people usually take one big meal and the rest of the food they take is in the shape of milk, snacks, sausages, etc. I suppose that it is the quality and quantity of milk they take that make their health so strong and robust. So we must have better cattle for having adequate supply of milk. Therefore I would request the Minister in charge of Animal Husbandry to take proper care of the cattle so that the inhabitants of our country may take milk at least at cheaper rate and in profuse quantity.

In conclusion I must request the members of the House to have a keen interest for the welfare of our country as regards food and our living.

Thank you.

[4-20—4-30 p. m.]

Shri Bhupal Chandra Panda : মাঃ স্পীকার মহাশয়, এই বাজেট সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই বলব, দুটো পরিকল্পনা সমাপ্ত এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সুরু হবার মুখে—এই অবস্থার পরিপ্রেক্ষিতে এবারকার বাজেট আমাদের সম্মুখে উপস্থিত হচ্ছে সুতরাং এই বাজেটের একটা বিশেষ গুরুত্ব রয়েছে। আমি এখানে একটা কথা শুধু বলতে চাই, আমাদের দেশকে গড়ে তুলতে গেলে, জাতিকে গড়ে তোলার পথে শিক্ষাই যেখানে প্রধান কাজ—এবং একথা প্রায়ই বলা হয় যে, শিক্ষাই হচ্ছে জাতির মেরুদণ্ড—সেই শিক্ষাখাতে এবারকার বাজেটে সামান্য কিছু বেশী টাকা বরাদ্দ করা হয়েছে দেখে অনেকে এ পক্ষ থেকে আনন্দপ্রকাশ করেছেন। এর মধ্যে একটা জিনিস শুধু উঠেছে, সেটা হল, উচ্চশিক্ষাক্ষেত্রে যে পরিমাণ বরাদ্দ, প্রাথমিক শিক্ষাক্ষেত্রে, যে প্রাথমিক শিক্ষা শিশুমনকে বিকশিত করার প্রধান সহায়ক ও ভিত্তি, সেই প্রাথমিকশিক্ষাক্ষেত্রে, আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী মোটেই প্রশস্ত হয়নি। স্বাধীনতাপ্রাপ্তির ১৪ বৎসর পরেও আমরা দেখছি যে, কলকাতা সহরে ৩ লক্ষাধিক লেখাপড়ার যোগ্য ছেলেমেয়েদের মধ্যে মাত্র অর্ধেক শিক্ষালাভের সুযোগ পায় বাকী অর্ধেককে যেভাবে জীবনযাপন করতে হয় তাতে নিঃসংকোচে বলা যেতে পারে যে, তারা কোন রকম সভ্যতার আলো পায়না। তারা বুনো মানুষের মত বাস করে। কলকাতার অবস্থাই যদি এরকম হয় তাহলে পল্লী অঞ্চলে প্রাথমিক শিক্ষা কি পর্যায়ে রয়েছে সেটা সহজেই অনুমেয়। আমাদের দেশে যে বিরাট নিরক্ষরতা, তা দূর করার জন্য যে প্রচেষ্টা করা দরকার তা সরকারের তরফ থেকে দেখা যাচ্ছেনা। এর কারণ কি ? একটা রিপোর্ট থেকে দেখতে পাচ্ছি যে, আমাদের দেশের ৪৫ হাজার গ্রামের মধ্যে ৫ হাজার ৭০টি গ্রামে বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। আমি জানতে চাচ্ছি এই গ্রামগুলি কোন কোন গ্রাম এবং সেগুলি কোথায়। শিক্ষামন্ত্রী যদি এগুলো বলেন তাহলে উপকৃত হবো। একথা ঠিক যে, কয়েকটা স্কুল হচ্ছে, কিন্তু তাদের সংখ্যা এত নগণ্য যে, এর মাধ্যমে দেশব্যাপী কোন প্রকার সুষ্ঠু শিক্ষার ব্যবস্থা হতে পারেনা। আমাদের অঞ্চলে কয়েকটা basic school-এর ব্যবস্থা হচ্ছে। কিন্তু Junior Basic School থেকে Senior Basic School-এ যাবার কোন

ব্যবস্থা সেখানে নাই, ফলে যারা Junior School থেকে পাশ করলো তাদের উচ্চশিক্ষার কোন সুযোগ নাই। প্রাথমিক স্কুল ও Basic Schoolগুলিকে উন্নত স্তরে যুক্ত করে দিয়ে যে শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা দরকার আজ পর্যন্ত তা করা হয়নি। শুধু তাই নয়, শিক্ষা ব্যবস্থাকে নতুন করে গড়ে তোলার জন্য কেন্দ্রীয় সরকার যে survey করেছিলেন সেই survey তে আমাদের পশ্চিমবংগ সরকারের কোন অংশগ্রহণ করেননি। এর কারণ কি? উদ্দেশ্য কি? গত ১০ বৎসর ধরে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে যে অবহেলা ও উদাসীনতার পরিচয় দেওয়া হয়েছে তা অতিশয় নিন্দার্হ। কেন তাঁরা তাঁদের রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাননি? বা কি কারণে এই survey আমাদের এখানে করা হয়নি। তারপর স্যার, শিক্ষকদের প্রতি বদান্যতার একটু পরিচয় দিতে চাই। আমাদের ভারতরাষ্ট্রের পাঞ্জাবে প্রাথমিক শিক্ষকদের বেতন ক শ্রেণীর ১২০—১৭৫ পর্যন্ত, মহার্ঘভাতা ৪০ টাকা দেওয়া হয়। কিন্তু আমাদের পশ্চিমবাংলার অবস্থা কি? অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনা করলে আমরা দেখব জম্মু কাশ্মীরে ক শ্রেণীভুক্ত শিক্ষকদের দেওয়া হয়.....,খ শ্রেণীভুক্ত শিক্ষকদের দেওয়া হয় ৫০—১২০,

মাদ্রাজে ক শ্রেণীর শিক্ষদের দেওয়া হয় ৫৫—১০০, খ শ্রেণীভুক্ত শিক্ষকেদর দেওয়া হয় ৪০—৭৫,
অন্ধ্র প্রদেশে ক শ্রেণীর শিক্ষকদের ৫৫—১২০, খ শ্রেণীর শিক্ষকদের দেওয়া হয় ৪০—৬০,
এবং সেই সঙ্গে দেওয়া হয় মহার্ঘভাতা ৩৪—৪৮ টাকা।
বোম্বেতে ক শ্রেণীর শিক্ষকদের দেওয়া হয় ৫৬—১০০, খ শ্রেণীর শিক্ষকদের দেওয়া হয় ৫৬—৯০
এবং সেই সঙ্গে দেওয়া হয় মহার্ঘভাতা ৪০—৪৫ টাকা।
রাজস্থানে ক শ্রেণীর শিক্ষকদের দেওয়া হয় ৬০—১৩০, খ category শিক্ষকদের দেওয়া হয় ৫৮—৮২, এবং মহার্ঘভাতা দেওয়া হয় ৩০ টাকা। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় কি দেখছি ক categoryতে দেওয়া হয় ৫৫—৬০, খ category-তে ৫০, মহার্ঘভাতা ১২।০ টাকা।

এই হচ্ছে পশ্চিমবাংলার চিত্র। এমন কি আসামের, এমন কি উড়িষ্যায়ও এরচেয়ে কম নয়, প্রত্যেক ক্ষেত্রেই বেশী। আজ সমাজের প্রত্যেক শ্রেণীর মানুষের জীবনধারণের ব্যয় বহুল পরিমাণে বেড়ে গিয়েছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আজ শিক্ষকদের এই অসহনীয় অবস্থার কথা সহজেই অনুমেয়। তারপর স্কুলবোর্ড থেকে তাদের বেতন যা দেওয়া হয় তাও ৩.৪ মাস বাকী পড়ে থাকে। আমাদের মেদিনীপুর জেলায় এই অবস্থা, ২৪ পরগণাতেই এই অবস্থা। এর জন্য আমতার সুলক্ষণ পাত্র, আলীপুরের ভূপতিমোহন রায় আত্মহত্যা করতে বাধ্য হয়েছে।

[4-30—4-40 p. m.]

Shri Bhuban Chandra Kar Mahaptra: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী ডাঃ রায় তাঁর বাজেট ভাষণে অভিযোগ করেছেন কেন্দ্রীয় সরকার সাহায্য বন্টন ব্যাপারে পশ্চিম বাংলার প্রতি সুবিচার করছেন না। ডাঃ রায়ের বাজেট ভাষণের আলোচনায় অংশ গ্রহণ করে আমি অভিযোগ করছি ডাঃ রায়ের সরকার উন্নয়নের ব্যাপারে পশ্চিম বাংলার সব অঞ্চলের প্রতি সমান সুবিচার করছেন না। ডাঃ রায় তাঁর মন্ত্রীসভা সমাজতন্ত্র বাদের দল নিরপেক্ষ নীতি দৃষ্টিভঙ্গী অনুসরণ করে চলছেন না। দলীয় স্বার্থ সিদ্ধি যখন পোষণের উগ্রবিষে দেহমন বিষাক্ত করে ফেলেছেন বিশেষ ভাবে বামপন্থী দলের এলাকা গুলির প্রতি এঁদের বিমাতসুলভ আচরণ লক্ষ্য করছি। পশ্চিম বাংলার সব অঞ্চলই সমস্যা জর্জরিত অঞ্চল। মন্ত্রীদের খেয়াল খুশী কামনা বাসনা অনুযায়ী যে উন্নয়ন পরিকল্পনাগুলি গ্রহণ করে রূপ দেওয়া হচ্ছে পশ্চিম বাংলার সব অঞ্চলের লোকরাই তার বিপুল ব্যয় ভার সাধ্যাতীত ভাবে বহন করে চলেছেন। পশ্চিম বাংলার অনেক অঞ্চল উন্নয়ন পরিকল্পনার সুযোগ থেকে বঞ্চিত রয়েছে। এই প্রসঙ্গে আমি কাঁথি মহকুমার অবস্থা উল্লেখ করছি। স্বাধীনতা আন্দোলনে

কাঁথি মহকুমা এক বিশিষ্ট স্থান অধিকার করেছিল। কাঁথি মহকুমার লোক শেষ পর্যন্ত যথাসাধ্য আন্দোলন চালিয়ে গেছেন, স্বাধীনতা এসেছে যার ফলে কতকগুলি অপদার্থ ভদ্রলোক মন্ত্রী উপমন্ত্রীর আসন আলো করে বসে আছেন। দেশপ্রাণ শাসমল কাঁথির লোকদের মনে রাজনৈতিক চেতনার সঞ্চার করেছিলেন। শ্রদ্ধেয় ডাঃ ঘোষ ডাঃ ব্যানার্জী কাঁথি মহকুমাবাসীর রাজনৈতিক চেতনায় প্রেরণা দিয়েছিলেন। কাঁথি মহকুমাবাসীর রাজনৈতিক চেতনা এখনও আছে। বিগত দুইটি সাধারণ নির্বাচনে কাঁথি মহকুমার বেশীর ভাগ আসনে বামপন্থীরা নির্বাচিত হয়ে এসেছেন। এই কারণে কাঁথি মহকুমাবাসীর প্রতি এই মন্ত্রী সভার বিমাতৃসুলভ মনোভাব দুইটি যোজনা কালে ১০ বৎসরের মধ্যেও কাঁথির প্রধান সমস্যাগুলির কোনটাই এঁরা সমাধান করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় কাঁথি মহকুমা সমুদ্রপ্রান্তিক অঞ্চল। জল নিকাশের সমস্যাই এই অঞ্চলের প্রধান সমস্যা।

এই অঞ্চলে অনেকগুলি বেসিন, দুবদা, কন্টাই, বারচৌকা, বাধিমা প্রভৃতি। খুব কম করে ধরলেও এই সব বেসিন অঞ্চলে ৭০।৮০ হাজার একর জমির ফসল নষ্ট প্রায় প্রত্যেক বৎসরই হচ্ছে। বেসিনগুলির মধ্যে এগরা এলাকায় দুবদা বেসিন প্রধান। দুবদা বেসিনে প্রায় ২০ হাজার একর জমি দুবদা বেসিন অঞ্চলে ২২।২৩ হাজার লোক বাস করেন। গত তিন বৎসর ধান্য ফসলের প্রচুর ক্ষতি হয়েছিল। বর্তমান বৎসর পশ্চিমবাংলার সব অঞ্চলে কিছু ধান হয়েছে। কিন্তু দুবদা বেসিনে একমুঠাও ধান হয় নি। ২২।২৩ হাজার লোকের বসত এলাকা ধান শূন্য খাদ্য শূন্য। নিত্য ক্রন্দনের রোল উঠছে। খাদ্যের জন্য চাষের গরু পর্যন্ত দুবদা এলাকার লোক বিক্রয় করে ফেলছে। সমর্থ লোকরা ঘর ছেড়ে চলে গেছে। এগরা বা পার্শ্ববর্তী থানায় যে দিকে যাবেন দেখতে পাবেন দলে দলে দুবদা বেসিন অঞ্চলের ভিখারী ঘুরে বেড়াচ্ছে। ছিন্নমূল বাস্তুহারার মত অবস্থা, জি. আর. দেওয়া হচ্ছে অতি সামান্য। টি, আর এর কাজ কিছু মঞ্জুর হয়েও হতে পারছেনা। যে বৃষ্টি হয়ে গেল তাতে দুবদার জল নিকাশীগুলি পূর্ণ হয়ে গিয়েছে মাটীর কাজ অচল। দুবদা বেসিনের সমস্যা সমাধানের প্রস্তাব এই বিধান সভায় অনেকবার আলোচিত হয়েছে। দুবদা বেসিনবাসীও তাদের সমস্যা সমাধান করে দিবার জন্য সরকারের কাছে বহু আবেদন পত্র দাখিল করেছেন। মাননীয় সেচমন্ত্রী বলেছেন শুনেছি লক্ষাধিক আবেদন পত্র তিনি পেয়েছেন তবু মাননীয় সেচমন্ত্রী দুবদা বেসিনের জল নিকাশের জন্য কোন পরিকল্পনা গ্রহণ করেননি। তার কারণ দুবদা বেসিন এগরা থানায় এগরা থেকে দুটী সাধারণ নির্বাচনে কংগ্রেস সদস্য নির্বাচিত হয়ে আসতে পারেননি। এগরা থানা কংগ্রেস মনোনীত সদস্য নির্বাচন করে না পাঠালে দুবদা বেসিনের সমস্যার সমাধান হবে না দুবদা বেসিন অঞ্চলের কংগ্রেস পক্ষীয় লোকরা আবেদন করতে এসে স্পষ্ট জেনে গিয়েছেন। মাননীয় সেচমন্ত্রী সমাজতান্ত্রিক রাষ্ট্রের মন্ত্রী। তাঁর একদলীয় মতবাদ সমাজতন্ত্রবাদের সঙ্গে সামঞ্জস্যহীন তাঁর এই দুঃশ্রবৃত্ত নিন্দার যোগ্য। মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেটে অনেক টাকা অনেক খাতে ছড়ান থাকে পরে সুবিধামত স্থানে খরচ করেন। বর্তমান বৎসরের বাজেটে দুবদা বেসিন সম্বন্ধে কোন পরিকল্পনা নাই। মুখ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ এই ছড়ান টাকা থেকে তিনি ২য় পঞ্চবার্ষিকী পরিকল্পনার এই শেষ বৎসরের বাজেটেই দুবদা বেসিনের জলনিকাশী সমস্যার সমাধান করে দিন এবং বর্তমান বৎসর দুবদা বেসিনের দুস্থ লোকদের বাঁচিয়ে রাখবার ব্যবস্থা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে গান্ধীজীর নাম এখনও এঁরা করেন তিনি কোন জিনিসের সংখ্যার বৃদ্ধিতে গুরুত্ব দিতেননা গুণই তাঁর কাছে বড় ছিল। এই মন্ত্রীসভা প্রচুর অর্থ খরচ করে পরিকল্পনার পর পরিকল্পনার রূপ দিয়ে চলেছেন।

কিন্তু ফল কল্যাণকর হচ্ছে কি না এঁদের লক্ষ্য নাই এবং লক্ষ্য করবার যোগ্যতা এই মন্ত্রী সভার আছে কিনা আমার সন্দেহ হয়। মুখ্যমন্ত্রীর ভাষণ আর বাস্তব অবস্থা যে পরস্পর-বিরোধী। উন্নয়নের অবস্থা যে নৈরাশ্যজনক—জনজীবনের সর্বাপেক্ষা প্রয়োজনীয় বিভাগগুলির

দিকে লক্ষ্য করলেই স্পষ্ট হয়ে উঠে। পশ্চিম বাংলার সবচেয়ে প্রয়োজনীয় বিভাগ কৃষি-বিভাগ—কৃষিবিভাগে পরিস্থিতি অদ্ভুত ভূমি সংস্কার—ভূমিবণ্টনের ব্যাপারে সরকারের দুর্বলনীতি স্বজন পোষণের চেষ্টার ফলে—কৃষকসমাজ মধ্যবিত্তসমাজ দ্রুত ধ্বংসের পথে নেমে যাচ্ছে। আমার শ্রদ্ধেয় বন্ধু নটেনবাবু এই বিধান সভায় সত্য সংবাদই দিয়েছেন "কৃষিক্ষেত্র—রণক্ষেত্রে পরিণত হয়েছে"। উৎপাদন বৃদ্ধিতে সরকার সফল হন নি, শ্রদ্ধেয় নেতা ডাঃ ঘোষ তথ্য দিয়ে দেখিয়েছেন পশ্চিম বাংলায় কৃষক আজ অলস নাই। পল্লী অঞ্চলে একছটাক জমিও আর পতিত থাকছেনা কৃষক আবাদ করছে, কিন্তু উৎপাদন আকাশের মর্জির উপর নির্ভর করছে। উৎপাদন বৃদ্ধির জন্য সরকার কৃষককে সাহায্য করছেন না উৎপাদন বৃদ্ধির জন্য সরকারী সাহায্য পাওয়ার জন্য কৃষক ও উৎসাহ দেখাচ্ছেন না। প্রয়োজনের তাগিদে শুধু খাদ্য যোগাড় করবার জন্য সরকারী সাহায্যের জন্য কৃষক এগিয়ে আসছে। খাদ্য বৃদ্ধির জন্য সরকার কৃষি বিদ্যালয়, কৃষিগবেষণা মন্দির পল্লী অঞ্চলে কৃষি অফিস বাড়িয়ে চলেছেন। সরকারের প্রচেষ্টায় শুধু কৃষক পণ্ডিতের সংখ্যাই বাড়ছে। সরকারী সার কৃষকের ক্রয় করবার ক্ষমতা নাই, পায়ও না। হাজার বিঘার মধ্যে এক বিঘা জমিতেও সরকারী সারের প্রয়োগ হয় না। উন্নত ধরণের শস্যবীজ পল্লী অঞ্চলে কোথায় বিলি করা হয় জানি না। শস্যহানি হলে ২।৩ সের যদি কখনও কোন কৃষককে দেওয়া হয় কৃষক খেয়ে বাঁচে ডিপ টিউবওয়েল এগ্রার কাছে একটি বসেছে অর্থাৎ মাটীর মধ্যে পাইপ ঢুকান হয়েছে এক বৎসরেরও বেশী হল পাইপের মাথা পাম্প দেওয়া হয় নি। অন্য ব্যবস্থাত দূরের কথা। এই ত সরকারী প্রচেষ্টায় কৃষি উৎপাদন বৃদ্ধির নমুনা। প্রশ্ন করি সরকারী সুপরিকল্পিত পরিকল্পনায় খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি হয়ে থাকলে তার স্থিতাবস্থা বজায় থাকছে না কেন। উৎপাদন অসম্ভব কম বেশী হয় কেন? উৎপাদন কম হলে মন্ত্রীরা প্রতিকূল আকাশের কথা বলেন কেন? শস্য বৃদ্ধি করতে হলে জমিতে জল ধরে রাখবার জন্য বাঁধের ব্যবস্থা করুন সেখানে জল জমে শস্য নষ্ট করে সেখানে জল নিকাশের ব্যবস্থা করা প্রয়োজন। দেহকে রোগ মুক্ত করে পরে টনিক দিয়ে শক্তি শ্রীবৃদ্ধির চেষ্টা করবেন। এই ব্যবস্থা করলে শস্যবৃদ্ধির জন্য কোটী কোটী টাকা অকারণ খরচ করতে হবে না। লোক সংখ্যা বৃদ্ধির অসার যুক্তি দিতে হয় না—আর জন্ম নিয়ন্ত্রনের অবাস্তব ব্যবস্থা দিতে হবে না। জনস্বাস্থ্য বিভাগে দেখি ম্যালেরিয়া সংযত হয়েছে কিন্তু টি. বি.—ট্রাইফয়েড্ প্রভৃতি বড় বড় ব্যারাম বৃদ্ধি পেয়েছে। চিকিৎসা কেন্দ্র হাসপাতালের বেড প্রয়োজন অনুযায়ী না হলেও সংখ্যায় কিছু বেড়েছে। কিন্তু রোগীর মান যত্ন নিরাপত্তার অবনতি হয়েছে—দুর্নীতি প্রচুর বেড়েছে। কয়েক দিন পূর্বের সংবাদপত্রে দেখেছি এবং যার জন্য এই সভায় সদস্য শ্রদ্ধেয় সুনীলবাবুও প্রশ্ন করেছেন। এই কলিকাতা সহরের কোন হাসপাতালে এক রোগীর রুগ্ন চক্ষুর পরিবর্তে সুস্থ চক্ষু অপারেশন করা হয়েছে। ৩৫ বৎসরের এক যুবক অন্ধ হয়ে গিয়েছেন। পল্লী অঞ্চলের হাসপাতাল গুলিতে রোগীর প্রতি খুব বেশী অবহেলার ভাব দেখান হয় যত্ন নিরাপত্তার অভাব আরও বেশী প্রকট হয়ে উঠেছে। এগরা থানার হেল্‌থ সেন্টারের সংলগ্ন হাসপাতালে রাত ৮টার পর কোন ডাক্তার ত দূরের কথা নার্স ও থাকেন না। ইমার্জেন্সি ব্যাপারে ভর্তি হয়েছে এমন রোগীদের কাছেও থাকেন না। সারারাত ধরে যন্ত্রণায় চীৎকার করলেও নার্স বা ডাক্তার রোগীর কাছে আসেন না। কয়েকদিন পূর্বে একটী আগুনে পোড়া রোগী যন্ত্রণায় সারা রাত চীৎকার করে নার্স বা ডাক্তারের সাহায্য পায়নি, ভোরের দিকে মরেছে সংবাদ পেয়েছি। শিক্ষা বিভাগে দেখি প্রাসাদ তুল্য বড় বড় বাড়ীর সংখ্যা বেড়েছে। শিক্ষার মান উন্নয়নের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা দশ বৎসরেও এই সরকার গ্রহণ করেন নি। শিক্ষার মান ক্রমশঃ নিম্নে চলে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫০ হাজার টাকা খরচ করে যে পরিকল্পনায় রূপ দেওয়া সম্ভব সেখানে সরকার এক লক্ষ টাকা খরচ করছেন। সরকারী কাজে মুনাফা বেশীর জন্য মুনাফা লোভীদের মুনাফার লোভ ক্রমশঃ বেড়ে যাচ্ছে। তাই সরকারী কাজে এত ভেজাল বেড়ে চলেছে। ভেজাল কাজের

ফলও ভেজাল মিশ্রিত হচ্ছে। কাজের রিপোর্টও ভেজাল মিশ্রিত হয়ে প্রকাশ পাচ্ছে। মুনাফা সংযত করতে না পারলে যতটাকা খরচ করে পরিকল্পনার রূপ দেওয়া হক না কেন ফল শুভ কল্যাণকর হবে না। মাননীয় ডাঃ ঘোষ বিধানসভার মাধ্যমে সরকারী কাজগুলির তদন্ত করবার প্রস্তাব দিয়েছেন আমি তাঁর প্রস্তাব সমর্থন করি। এই কথা বলে এই অবাস্তব বৈষম্যমূলক বাজেট ভাষণ এবং বাজেটের বিরোধিতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-40—4-50 p.m.]

Shri Sankardas Bandyop adhyay : Mr. Speaker, while I fully support the budget, I wish to place before the House answers to certain criticisms. The criticisms which have been put forward, to my mind, are wholly unwarranted. I have tried to find out the points which have been urged by honourable members sitting opposite and I find Mr. Jyoti Basu has made certain points about controlled economy, growth of industries, etc. Mr. Basu seems to feel that all the industries should be nationalised and that should be forthright. To my mind this sort of a suggestion is wholly unwarranted because of the Constitution itself. Every citizen in this country has the right to carry on business on his own. That is a fundamental right guaranteed by the Constitution and so long the fundamental right is there, the rights cannot be taken away.

Shri Deben Sen : Change it.

Shri Sankardas Bandyopadhyay : I hope the Central Government and the people of India would listen to the suggestion of Mr. Deben Sen to change the Constitution and take away the fundamental rights.

Shri Deben Sen : That is no fundamental right. It is a vested right.

Shri Sankardas Bandyopadhyay : I do not wish to go on arguing and answering Mr. Deben Sen. Mr. Deben Sen's idea of fundamental rights are not known to me, but judging from the remarks that he is making, I feel he has never cared to go through the Constitution carefully.

Mr. Deben Sen : I have read it thoroughly.

Mr. Speaker : I would request the honourable members to have patience to hear him.

Shri Sankardas Bandyopadhyay :

I feel that the public sector must be there. The Government, in my opinion, is not in a position to nationalise the industries. Such a change was attempted in England when they tried to nationalise the coal industry. They said it was a bad job. In India placed as we are, I do not think that is a possible thing. It may be a vision which some of my friends opposite have his own, but it is not a practical suggestion at all not at least at this point of time.

Then I refer to the factual mistakes made by Mr. Jyoti Basu. Mr. Jyoti Basu has told the members of this House that at present 95 percent of the Tea Companies are owned by the British. I cannot imagine how the Leader of the Opposition who is so well read a Barrister, although not a practising one, should make a remark like this in this House. Firstly, both sorts of Companies has he in mind. Sterling Companies are there incorporated in India. He does not indicate that. If it was Sterling Companies by which I mean Companies incorporated in Great Britain, if that was in his mind, then it is wholly incorrect. If he has in mind Companies incorporated in India, then his statement is totally wrong. Companies which have been incorporated in Indian have shareholders, the majority of whom are Indians.

And it is equally true that British companies, tea companies in particular, are changing hands very fast. A large number of companies, to my knowledge, have been taken over by Indians, majority of their shares have been taken over by Indians and their managing agencies are also changing hands. What is the good of making statements which are not correct ? Perhaps many members of this House—I beg to be excused if I say—do not realise the difference between a sterling company and a company incorporated in India. I am afraid if members do not understand that how can I help them. Companies incorporated in India are companies with which India is concerned. They have their head offices here, they pay income tax here, their shareholders are, as far as I know, Indians who largely hold the shares. It is no good trying to give a false impression to the House by making false allegations.

The next point that Mr. Jyoti Basu has made is that contractors should be replaced by members of the public who should come in for participation. If I remember rightly, such a suggestion came from our Prime Minister himself—I think I read it in the papers, something to that effect-that contractors should be eliminated, that will lead to big saving and that there should be public participation. With great respect to whoever may hold that view, I venture to say it is a very unpractical thing. Today the contractors undertake the biggest types of work —construction of stretches of miles of roads, bridges, big buildings and so on. Can you think that the New Secretariat Building could have been built by private participation ? I cannot think it—it needs so much knowledge, so much technique so much capital, so many skilled labours and the big organisation for the purpose of achieving that sort of thing. Therefore I do not think that there is absolutely any substance in such an allegation except that it is very spectacular.

Shri Deben Sen : What about the P. W. D ?

Shri Sankardas Bandyopadhyay : It is a department which is an organised thing. They issue tenders, contractors take up the tenders, their works are regularly supervised by competent men and the works are done, and that is the system obtaining everywhere in the world. I do not know yet of any country where the Government goes on building bridges, houses roads, etc., by public participation. I have not heard of it. May be you have heard of it, and I would have been delighted if Mr. Jyoti Basu had told us where these things can be seen. I do not know of such things.

Mr. Jyoti Basu has been good enough to take from the statement of the Chief Minister two remarks. One is "We have tried our best to look to the interests of the less privileged sections of the community"—that is what has been stated by the Chief Minister in course of his budget speech—and the other thing that he has said is that "the increase in earnings of factory workmen practically covers the increase in the cost of living." Now, what I would like to say is this. Is it untrue that so far as this Government is concerned—and the Congress taken as a whole,—it is trying to help the poor much more than those who are described as the privileged classes ? [Shri Deben Sen : Question]. Of course, it is a question.

[4-50—5-15 p.m.]

When I see Mr. Deben Sen going in a first-class compartment in a train and jolly glad to be with the privileged classes, then he thinks of things differently. (Dr. Hirendra Kumar Chattopadhyay : Pandit Nehru ?). His is of course a privileged class. But what is the endeavour of the Government ? Have we preserved the zemindary system in India ? What is the reason for the abolition of zemindary ? Is it for the preservation of the privileged class, or is it with the idea of levelling down to the prejudice of the privileged class ? We are trying

to help the poor people. Is there any doubt about it ? Now let us look at the endeavours of the Government. Take for instance, medical relief. The large number of hospitals that has been started, 26,000 primary schools which have been started, are all this for the benefit of the privileged class ? (Shri Deben Sen : Medicine ?). I hope there will be none for you. What I am urging, each and everyone of the steps taken in this State, beginning from abolition of zemindary, starting of health centres, hospitals, educational institutions, each and everyone of them is designed to help the ordinary man, not the privileged classes. [Noise and interruption]. One point causes me a good deal of amusement. A remark has been made by my friends opposite that in order to attract foreign participation Government of India was giving a tax holiday to the foreigners for five years. I have been absolutely unable to understand it. I carefully looked into the income-tax laws, if it was correct because I do not consider myself such a great man who does not need to consult book. I found that if a foreigner comes here, brings in foreign capital and starts business here, for the first two years he is exempted, and from the third year on wards he goes on paying tax. If a man brings in foreign capital, starts a factory or a concern, you must give him time to settle down and carry on. Where do you find that five years' tax holiday has been given to foreign companies who are coming to India. Of course we must attract foreign capital. We have foreign capital from Germany, we have capital from the United States, we have capital from Britain, and lastly, not the least, from Soviet Russia. We have got from Soviet Russia Rs. 100 crores to be spent in India for industrialisation. Every country in the world has thought it right that after exploitation which India has undergone it is very necessary that India should receive foreign aid. That is not the point of view of Britain alone, that is not the point of view of the United States alone, that is also the point of view of the Soviet Russia.

Shri Jyoti Basu has said in the course of his speech that why do you not enter into larger number of bargains with socialist countries like Soviet Russia. I see no harm. Such bargain should be entered into. Russia is a developed country. I have not the time available to deal with the other points raised by Mr. Jyoti Basu.

I would like to answer some of the points raised by my very esteemed friend, for whom I have the greatest regard in this House, Dr. Prafulla Ghosh. He has made certain remarks and observations which, I think, are wholly unwarranted and unsupportable. One of the things that he has said is that there has been no increase in consumption of food but there is increase in the consumption of liquor. It escaped my eye but it did not escape Dr. Ghosh's eye, I make no comment about it at all but this much I know that every effort has been made. Even in Soviet Russia, although prohibition is not there, they are trying to do away with drunkenness for very many reasons apart from economic reasons. Certainly the effort of this Government should be directed towards that so that the consumption of liquors can be curtailed.

The second point Dr. Ghosh has said is that jail population has increased and this fact indicates that the crime position has worsened. I am not so sure about it. [Dr. Prafulla Chandra Ghose : I asked the Jail Minister Shrimati Purabi Mukherjee.] You are right in your remark that jail population has increased. You know that jail population increases for many reasons and one of them may be good investigation and the Jail Minister ought to feel happy that a greater number of criminals are being sent to jail. That only proves better criminal law administration and there is no reason to repent for it.

The third point that Dr. Ghosh has raised is a very important point, the appointment of High Court Judges and continuing them after they go into retirement. This is a very serious question. The Central Government has considered it ; the Chief Justice of India has considered it. The whole point is this. In

India when you recruit a High Court Judge, usually a person is recruited when he has 12 or 13 years left to him. He leaves a lucrative practice behind him and takes up the job. You know very well that today a High Court Judge after maintaining his position, whatever it is—it is not for us to cry our Judges down—with Rs. 2,200 which he gets if he is recruited in recent years at Rs. 3,500, is made to retire compulsorily at the age of 60. It is not the case in England. In England an English Judge is entitled to go on so long as he honestly feels that he is capable of going on. The Executive Government has no right to say "Please go on retirement." In this country you are enforcing the rule of retirement at the age of 60. Do you expect a man to retire who is fully capable of carrying on with his duties and who has to live on nothing at all? If his services are availed of in this country which needs good men so much, what is wrong about it? Do you mean to say that a Judge who has only done his job for 12 or 14 years, because he is given a job after retirement by the Executive Government, he immediately walks into the clutches of the executive and dances to its tune? Can't you accept a job and still retain your independence? That is a point to be considered. As a matter of fact, this year—take it from me—ten Judges are going into retirement and the Chief Justice of India honestly feels that he could retain them and he is sincerly sorry that he cannot.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjourament]

[5-15—5-25 p. m.]

Shri Apurba Lal Majumdar: মাননীয় স্পীকার মহাশয়, গত চারদিন ধরে বাজেট সম্পর্কে কংগ্রেসের তরফ থেকে অনেক সদস্য অত্যন্ত জোরালোভাবে এই বাজেটের ব্যয় বরাদ্দকে সমর্থন করেছেন। এই সমর্থন করতে গিয়ে বিগত দুইটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা, যে পরিকল্পনা রূপায়নে পশ্চিমবঙ্গের অগ্রসর হয়েছে বলা হচ্ছে, আমি সেই অগ্রসরের যে রূপ সেই রূপ এই House-র সামনে তুলে ধরতে চেষ্টা করছি। পশ্চিমবঙ্গে, গত দুইটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে কি ভাবে আমাদের দেশের অর্থনৈতিক ক্ষেত্রে imbalance সৃষ্টি হয়েছে, কি করে আমাদের দেশের rural economy আস্তে আস্তে ধ্বংসের দিকে গিয়েছে এবং কি ভাবে আমাদের দেশের গ্রামের agriculturist বা কৃষি সম্প্রদায়ের, এই ১০ বৎসর ধরে এই পরিকল্পনার আওতায় এসে তাদের per capita income ধীরে ধীরে কমে গিয়েছে সেই দিকে দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য রাখছি। এবং আমরা যদি অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনামূলকভাবে বিচার করে দেখি, Statewise distribution of net income originated from production of rice, wheat, pulses, cotton, jute, sugar cane and oil seeds তাহলে আমরা দেখবো গত ১০ বৎসরে অর্থাৎ একটা decade ধরে, এই কৃষি আয় পশ্চিমবঙ্গে কতটা বেড়েছে। আমরা যদি হিসাব করে দেখি তাহলে দেখবো মাত্র শতকরা ১১'২ আমরা পশ্চিমবঙ্গে বাড়িয়েছি। সেই জায়গায়, অন্ধ্রে ৪০'৬; বিহারে ২৮'৯; বম্বেতে ৫৫ ৪; কেরেলায় ২৮ ১; মধ্য প্রদেশে ৫৫'১; মাদ্রাজে ৬৭'৭; মহীশূরে ৫৩'৯; পাঞ্জাবে ৯৯; রাজস্থানে ৩৫২'৯; উত্তর প্রদেশে ২২'৬। একমাত্র পশ্চিমবঙ্গে লজ্জার সঙ্গে বলতে চাই কৃষি আয় এই ১০ বৎসরে সব চেয়ে পিছিয়ে আছে। তারপর গত ১০ বৎসরে এই দুইটি পরিকল্পনার আমলে কত ভাগ চাষের জমি আমাদের আওতার মধ্যে এসেছে তা যদি আমরা অন্যান্য প্রদেশের সঙ্গে বিচার করে দেখি তাহলে দেখবো গত ১০ বৎসরে পশ্চিমবঙ্গে মাত্র ০'৯ ভাগ জমি আমরা চাষের আওতায় এনেছে। তেমনি বিহারে ১৮'৩; কেরেলায় ৬'৬; মধ্যপ্রদেশ ১১'৬; মাদ্রাজে

১৩'৪ ; মহীশূরে ৮'৩ ; উড়িষ্যায় ১৪ ; পাঞ্জাবে ১২'৮ ; রাজস্থানে ৮২'৪ ; উত্তর প্রদেশে ৫'১ : All India Ratio হচ্ছে ১৩'৯। কিন্তু পশ্চিমবঙ্গে ০'৯ ভাগ fallow land আমরা কৃষির আওতার মধ্যে আনতে পেরেছি গত ১০ বৎসরের মধ্যে। আজকে সেইজন্য এই ১০ বৎসরে অর্থাৎ পশ্চিমবঙ্গে প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা মোটেই কার্যকরী হয়নি। এই পরিকল্পনার মধ্যে দিয়ে আমরা কি পরিমাণ জমি Irrigation-র আওতায় আনতে পেরেছি তা যদি দেখি তাহলে দেখবো পশ্চিমবাংলায় আমরা ২৮'৩ percent of land আনতে পেরেছি। সেখানে বম্বেতে ৬৭'৭ ; কেরেলায় ২৮'৪ ; মধ্যপ্রদেশে ৫৮'২ ; রাজস্থানে ৯১'৬ ; উত্তর প্রদেশে ৩১'৪।

All India figure যেখানে 33'4, average figure তা থেকে পশ্চিমবঙ্গের irrigation scheme যা উপযুক্ত করতে পারবেন তা কম। তারপর State wise distribution of income from agriculture-এ দেখাচ্ছি—percentage of increase in the last decade যদি দেখেন তাহলে দেখবেন যে গত ১০ বছরে কৃষি আয় বৃদ্ধি পেয়েছে মাত্র ১৫'৭% পশ্চিমবঙ্গে আর সেই ১০ বছরে দুইটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে অন্ধ্র প্রদেশে বৃদ্ধি পেয়েছে agricultural income 32'0—

বিহার — 24 6	পাঞ্জাব — 54'3
বোম্বে — 38'1	রাজস্থান — 11'4
কেরল — 22'2	ইউ.পি. — 19'6
এম.পি. — 39'3	
মাদ্রাজ — 44'7	
মহীশূর — 38'4	

আর all-India average হল 28 0—সেখানে পশ্চিমবাংলার agricultural income বৃদ্ধি পেয়েছে 15'7. এ বিষয়ে আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আরও বলতে চাই আমাদের দেশের mining, manufacturing, small enterprises-এর percentage of increase last 10 years কতটা হয়েছে এবং অন্যান্য প্রদেশে কতটা হয়েছে দেখাচ্ছি। ভারতবর্ষের মধ্যে বাংলাদেশ শিল্পোন্নয়নে সবচেয়ে অগ্রগামী তবুও এখানে গত ১০ বছরে 38'0 increase হয়েছে কিন্তু বিহারে হয়েছে 45 6, বোম্বেতে হয়েছে 35 1. তারপর total commodity production যা হয়েছে তাতে পশ্চিমবাংলায় মাত্র বৃদ্ধি পেয়েছে 17'4 কিন্তু গত ১০ বছরে—

অন্ধ্র	প্রদেশে	বৃদ্ধি	হয়েছে	28'2
বিহার	”	”	”	28'9
বোম্বে	”	”	”	31 2
কেরালা	”	”	”	18.9
এম.পি.	”	”	”	36'8
মাদ্রাজ	”	”	”	36 6
মহীশূর	”	”	”	33'1
ইউ.পি.	”	”	”	33'1
পাঞ্জাব	”	”	”	51'0
রাজস্থান	”	”	”	88'1
ইউপি	”	”	”	20'8

কাজেই যারা এতক্ষণ ধরে বাজেট সমর্থন করলেন তারা জেনে রাখুন গত ১০ বছরে total production-এর ক্ষেত্রে, mining, manufacturing-এই হোল, agricultural income-এই

হোল, সে সমস্ত ক্ষেত্রে আমরা দেখছি পশ্চিমবঙ্গে অন্যান্য প্রদেশের তুলনায় অনেক কম। তারপর distribution of income from service, commerce, transport, communication and other services, ১০ বছরে percentage of increase দেখুন।

পশ্চিমবঙ্গে হয়েছে	42·4
অন্ধ্রে "	42·3
আসামে "	51·2
বিহারে "	48·5
বোম্বে "	47·1
মধ্যপ্রদেশে "	48·9

তারপর গত দশ বছরে percentage of national income-এর যে বৃদ্ধি হয়েছে তা দেখুন। গত ১০ বছরে জাতীয় আয় বেড়েছে পশ্চিমবঙ্গে—25% আর

অন্ধ্র	প্রদেশে	বেড়েছে	33·1
বিহার	"	"	33·9
বোম্বে	"	"	38·1
কেরালা	"	"	27·6
এম. পি.	"	"	40·1
মাদ্রাজ	"	"	38·3
মহীশূর	"	"	33·7
পাঞ্জাব	"	"	47·6
রাজস্থান	"	"	66·0
ইউ. পি.	"	"	32·8

আর India-র average হচ্ছে 32·4। আর আজকে লজ্জার কথা যে পশ্চিমবঙ্গ সবার পেছনে রয়েছে। আর per capita income সাধারণ মানুষের কত বেড়েছে—পশ্চিমবঙ্গে কত বেড়েছে আর অন্যান্য প্রদেশে কত বেড়েছে দেখুন—

পশ্চিমবঙ্গে	গত ১০ বছরে	বেড়েছে	12·8
অন্ধ্র প্রদেশে	"	"	14·1
বিহারে	"	"	17·7
বোম্বে	"	"	14·9
M. P.-তে	"	"	24·6
মাদ্রাজে	"	"	17·6
পাঞ্জাবে	"	"	22·9
রাজস্থানে	"	"	38·2

আর all India average 13·6. এই তো অবস্থা!

[5-25—5-35 p.m.]

কাজেই মাননীয় স্পীকার মহাশয়, এই ব্যয় বরাদ্দের মধ্যে দিয়ে, বাজেটের মধ্যে দিয়ে এবার দুটো পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দিয়ে পশ্চিম বাংলার যে উন্নয়নের ছবি আমাদের সামনে তুলে ধরা হয়েছে তার সঙ্গে অন্যান্য প্রদেশের অর্থনৈতিক উন্নয়ন বা অগ্রগতি তা শিল্পায়নের ক্ষেত্রেই হউক বা কৃষির ক্ষেত্রে হউক বা communications বা mining and manufacture বা

অন্যান্যভাবে যে জাতীয় আয় বৃদ্ধি পেয়েছে যদি তার সঙ্গে তুলনা করা যায় তাহলে আমরা দেখব পশ্চিমবাংলা অগ্রগতির সব দিক থেকে সব চেয়ে কম এবার সব চেয়ে পিছনে পড়ে রয়েছে। কাজেই এই বাজেটে বিভিন্ন বিষয়ে যে ছবি উথাপন করা হয়েছে তাতে আমাদের পশ্চিমবাংলার জনসাধারণকে বা মেহনতি মানুষকে সত্যিকারের উন্নতির পথে এগিয়ে নিয়ে যাচ্ছে না। এবারকার বাজেটে আমরা দেখতে পাচ্ছি জনস্বার্থবিরোধী এবার পুঁজিবাদী চরিত্রই ফুটে উঠেছে। এই বাজেটে প্রায় ৯ কোটী টাকা ঘাটতি। এবার অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবার জন্যই deficit finance-এর আশ্রয় গ্রহণ করা হয়েছে। এর ফলে আমরা দেখতে পাচ্ছি speculation অত্যন্ত বেড়ে গিয়েছে। এবার মুদ্রাস্ফীতির যে কুলক্ষণ তা খানিকটা পরিমাণে আমাদের পশ্চিমবাংলার অর্থনৈতিক ক্ষেত্রে দেখা দিয়েছে—এই বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের মতন under-developed country এখানে deficit finance হলে মুদ্রা স্ফীতির দিকে টেনে নামাবেই। কিছুক্ষণ আগে মাননীয় শঙ্করদাস ব্যানার্জী মহাশয় তাঁর বক্তৃতা প্রসঙ্গে বললেন যে বিদেশ থেকে মূলধন এনে সেই মূলধন দিয়ে capital formation করা দরকার। শঙ্করদাস বাবু যদি অর্থনীতির ছাত্র হতেন একথা নিশ্চয়ই স্বীকার করতেন যে foreign capital আমাদের দেশে প্রচুর পরিমাণে এসেছে। প্রায় ১ হাজার ৭০০ কোটী foreign capital এসেছে তার দরুণ আমাদের দেশে inflation সৃষ্টি হয়েছে। যার ফলে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম দিকে শতকরা ২০ ভাগ wholesale price বেড়ে গিয়েছে। সঙ্গে সঙ্গে আমাদের দেশে rural economy আস্তে আস্তে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে। ১৯৫০-৫১ সালে agricultural labour report তাদের per capita income ছিল ১০৭ টাকা। আর ১০ বছর পর দুটো পরিকল্পনা শেষ হয়ে যাবার পর নতুন যে agricultural labour report বেরিয়েছে তাতে দেখছি per capita income 997 হয়েছে। প্রায় ৯ টাকা কমে গিয়েছে। অর্থাৎ বাংলাদেশের rural economy ৩০ ভাগ কমে গিয়েছে এই ১০ বছরের মধ্যে।

Shri Saroj Roy : মাঃ স্পীকার মহাশয়, আমরা আশা করেছিলাম এই বাজেটে কংসাবতী সম্পর্কে, তার সমস্যা সমাধানের দিক থেকে কিছু reference থাকবে, কিন্তু তা এর মধ্যে নাই। গত ডিসেম্বর মাস থেকে কংসাবতী অঞ্চলের মানুষ—সেটা বড় কম নয়—উচ্ছেদ হচ্ছে। এই সমস্ত লোকের দাবী ছিল, যা তাদের ন্যায্য পাওনা জমির দাম, বাড়ীর দাম এবং তাদের অন্যান্য যে সমস্ত আয় ছিল, তা যেন তাদের দেওয়া হয়। কিন্তু সরকার এই ব্যাপারে নানারকম টালবাহানা করছেন। এই জন্য সেখানকার লোক একটি কমিটি তৈরী করে—কংসাবতী জলাধার কমিটি—এই কমিটি সরকারের কাছে এই ন্যায়সঙ্গত দাবী উপস্থিত করে—এ ভিন্ন তখন অন্য কোন আন্দোলন ছিল না কিন্তু ডিসেম্বর মাসের ১৬ তারিখে পুলিশ সেখানে গিয়ে বহুলোককে arrest করে। ২ বৎসর আগে মুখ্যমন্ত্রী এই অঞ্চলে গিয়েছিলেন, তখন তিনি তার বক্তৃতায় পরিষ্কার [illegible] কোন লোককে ক্ষতিপূরণ না দিয়ে সরান হবেনা। কিন্তু যখন ক্ষতিপূরণের প্রশ্ন এল, একটা একটা জমির হিসাব করা হল না quality হিসাব করা হল না, যেসব জমিতে লাঙ্গাচাষ হয়ে থাকে তার আয় সম্পর্কে কোন হিসাব করা হলনা—কোন প্রকার হিসাব না করে যাখুশী তাই দিতে হবে—এই ব্যবস্থা সেখানে হল। তাদের একটা দাবি ছিল, তাদের উঠে যাবার অন্ততঃ ১।০ বৎসর আগে টাকা দিতে হবে। হঠাৎ চলে যাও বললেই তাদের পক্ষে যাওয়া সম্ভব নয়। Government কোনখানে তাদের পুনর্বাসন দেবে তার কোন স্থিরতা নাই। এমতাবস্থায় ডিসেম্বর মাসের ১৬ তারিখে হঠাৎ বহু লোককে arrest করা হল। ১৯ তারিখে শান্তিপূর্ণভাবে সত্যাগ্রহ আন্দোলন আরম্ভ হয়। গত ২৩শে তারিখে সেচমন্ত্রীর সঙ্গে হরেকৃষ্ণবাবু এবং বিশ্বনাথ মুখার্জী এই সম্পর্কে কথা বলেন। এখন তিনি পরিষ্কার ভাবে প্রতিশ্রুতি দেন এগুলি দেওয়া হবে।

গত ২৭শে তারিখে আমি সেখানে যাই এবং সেই কমিটিতে meet করে এই কথা তাঁদের জানাই—আমি তাদের বলি যে, সেচমন্ত্রীর প্রতিশ্রুতির ভিত্তিতে তাদের এই আন্দোলন প্রত্যাহার করা উচিত—কমিটি সেটা গ্রহণ করলেন, এবং একটা জনসভা ডেকে সেখানকার মানুষকে কমিটির এই decision এবং মন্ত্রীমহাশয়ের প্রতিশ্রুতির বিষয় জানিয়ে দেওয়ার কথা ঠিক হয়। কিন্তু দুঃখের বিষয়, যখন জনসভা ডাকা হল, leaflet দেওয়া হল, একটা compromise করা হচ্ছে, তখন জীপ্ গাড়ী করে arm police সেই জনসভা ঘেরাও করে।

[5-35—5-45 p. m.]

সেখানে শুধু যে জনসভা ঘেরাও করা হল তা নয়, বসন্তপুর বলে যে একটা গ্রাম আছে সেটাও ঘেরাও করা হল। সেখানে অফিসারকে জিজ্ঞাসা করা হল আপনি যখন এইরকম কাগজ পেয়েছেন, যে আমরা এখানে জনসাধারণকে ডেকে ডিসিসানের কথা বলা হবে এই বলা হবে যে তোমার মুভমেণ্ট উইথ্ড্র কর এবং সেচমন্ত্রীর প্রতিশ্রুতির কথাও জানান হবে তখন আপনি দুপুর থেকে গ্রাম ঘেরাও রেখে প্যানিক ক্রিয়েট করছেন কেন এবং এই হুকুম আপনাকে কে দিলেন।

The Honble Ajoy Kumar Mukherji : কি প্রতিশ্রুতি কথা বললাম ?

Shri Saroj Ray : আপনি হরেকৃষ্ণ কোঙার, বিশ্বনাথ মুখার্জি ইত্যাদিদের ২৩ তারিখে প্রতিশ্রুতি মৌখিক ভাবে দিয়েছিলেন যে যাদের সেখানে ক্ষতিপূরণ দেওয়া হবে তাদের সেখানে জমির কোয়ালিটি মেনসান করা হবে এবং মাঝারী ধারার জমির একটা দর জানিয়ে দিয়েছিলেন।

The Hon'ble Ajoy Kumar Mukherji : আমি কোন প্রতিশ্রুতি দিইনি।

Shri Saroj Ray : আর একটা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সমস্ত গাছে লাক্ষা হয় সেই লাক্ষা আয়ের কথা বিবেচনা করে তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে। তিনি সেখানে এই কথাও বলেছিলেন যে যে জায়গাগুলোর কম মূল্য দেওয়া হয়েছে সেগুলো সম্পর্কে পরে একটা বিবেচনা করা হবে। এই রকম কথাও হয়েছিল যে Ex-Grata সম্পর্কে বিবেচনা করা হবে। শ্রী বিশ্বনাথ মুখার্জি যিনি ঐ আলোচনার সময় ছিলেন তিনি ২৪ তারিখে যখন বাঁকুড়ার ল্যাণ্ড কালেক্টারের সঙ্গে দেখা করে এই সমস্ত প্রতিশ্রুতির কথা বলেন তখন তিনি বলেন যে আমরা মন্ত্রীসভার কাছ থেকে এই রকম কোন প্রতিশ্রুতির সংবাদ পাইনি। তিনি আর একটা বলেছিলেন যে ৬টা মৌজার যে award হয়েছিল তার আর পরিবর্তন হবে না। এটা আশ্চর্যের কথা যে award এই ভাবে হয় যে ৯ ধারায় নোটিশ প্রথমে দেওয়া হয়, কেননা ক্ষতিপূরণ দেওয়া হবে এবং সেখানে উল্লেখ থাকে প্রতিবাদ করার যদি কিছু থাকে সেটা আপনারা জানান এবং ৯ ধারায় প্রত্যেকটা মানুষ সেখানে যায় যা জমির দাগ নং ইত্যাদি সেটা উল্লেখ করে। তারপর সেখানে ১১ ধারায় নোটিশ দেওয়া হয়েছে—৯ ধারায় কোনরকম consider করা হচ্ছে না। তারা যে সমস্ত প্রতিবাদ জানিয়েছে সেগুলি না জানিয়ে পূর্বে যেগুলি settled করা আছে তাতে ১১ ধারায় নোটিশ পরিষ্কার ভাবে লিখে দিয়েছেন যে আপনি এত টাকা এসে নিয়ে যান। আমি ২৭ তারিখে গ্রামে গিয়ে দেখলাম যে এই রকম নোটিশ দেওয়া হয়েছে। কিন্তু ২৩ তারিখের পর ২৪ তারিখে নোটিশ দেওয়া হয়েছে তাতে এই রকম লেখা হয়েছে ১১ ধারায় নোটিশ করা কোন জমির কি রকম দাম, কাকে কত জমি দিয়েছে, কোন গাছের কিরকম দাম ইত্যাদি। কিন্তু তারপর যে নোটিশ দেওয়া হয়েছে তাতে কিন্তু এই রকম হয়নি। একটা কথা হয়েছিল যে জমি যে

মূল্য নির্দ্ধারণ করা হবে, জমির যে সমস্ত quality ঠিক করা হবে, পূর্বে যে সমস্ত জরিপ আছে সেই অনুযায়ী বর্তমান সব জমিতে তদন্ত করে বর্তমান অবস্থায় ভিৎ করে দেওয়া হবে। কিন্তু দেখা যাচ্ছে সেখানে এনকোয়ারী করার পর বহু ক্ষেত্রে যেখানে বেশী টাকা দিতে হবে বর্তমান সরজমিন অনুযায়ী সেখানে বর্তমান সরজমিন তদন্ত গ্রাহ্য না করে পূর্বে যে সমস্ত রেকর্ড হয়েছিল সেগুলিকে গ্রাহ্য করা হচ্ছে।

কিন্তু যেখানে কম টাকা দিতে হবে সেখানে দেখা যাচ্ছে বর্তমানে যে সমস্ত এনকোয়ারী হচ্ছে তাতে সেখানে সুবিধা হয় সেই সমস্ত ক্ষেত্রে বর্তমান এনকোয়ারী রিপোর্ট গ্রহণ করা হচ্ছে। কাজেই এই রকম জিনিস যখন সেখানে চলছে তখন আমার অনুরোধ যে একটা জিনিস আজ বিবেচনা করা দরকার যে, যখন কংশাবতী পরিকল্পনা গ্রহণ করার ফলে সেখানকার ৩টি থানার গরীব মানুষরা তাঁদের যত দুঃখই থাক না কেন খুসী মনে তাদের বহুকালের ভিটে-বাড়ী, সমাজ, সংসার ছেড়ে চলে যাচ্ছে তখন তাদের ন্যায়সঙ্গত পাওনা টাকাটা দিয়ে দেওয়া উচিত। কিন্তু সেক্ষেত্রে যদি এতখানি টালবাহানা করা হয় তাহলে একদিকে যেমন জলাধার করে সেখানকার উন্নতি করার চেষ্টা করা হচ্ছে ঠিক তেমনি আবার অন্যদিকে দেখব যে সেখানকার কয়েক সহস্র মানুষকে উদ্বাস্তুতে পরিণত করে কোথায় তাদের পুনর্বসতির ব্যবস্থা হবে তার দায়িত্ব সরকার নিচ্ছেন না। কাজেই সরকারের হাতে যে খাস জমি আছে এবং বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া প্রভৃতি বিভিন্ন জেলায় যে সমস্ত জমি আছে সেগুলো যদি সরকার নিজ দায়িত্বে বা'র না করে দেন তাহলে এই সমস্ত গরীব কৃষক যারা এমন কি কোনদিন নিজের এলাকা ছেড়ে বাঁকুড়া শহরে পর্যন্ত যায়নি তারা কোথায় গিয়ে দাঁড়াবে ?

তারপর সেখানে যে রিহ্যাবিলিটেসন অফিসার রাখা হয়েছে তাঁর কাজ কিছু বুঝলাম না এবং এতে মনে হয় রিহ্যাবিলিটেসন-এর ব্যাপারে সরকার দৃষ্টি দিচ্ছেন না। তারপর সেচমন্ত্রীকে জানাতে চাই যে, যে যে কথাগুলো তিনি বলেছিলেন তার উপর নির্ভর করে সেখানকার ঐ আন্দোলন প্রত্যাহার করা হয়েছে এবং সে সম্বন্ধে সেই কমিটি থেকে যে প্রস্তাব দিয়েছিলে সেটা তাঁকে জানিয়ে দেব। কিন্তু দুঃখের বিষয় তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন.....

The Hon'ble Ajoy Kumar Mukherji: আমি কোন প্রতিশ্রুতি দেইনি কাজেই কেন আপনি বারে বারে ঐ প্রতিশ্রুতি দেওয়ার কথা বলেছেন ?

Shri Saroj Ray: কিন্তু আমরা যেটা বুঝি তা'তে আমরা একে প্রতিশ্রুতিই বলব। কেননা যখন কোন মন্ত্রী কথা বলেন তখন মনে হয় তিনি যথেষ্ট দায়িত্ব নিয়েই কথা বলেন কাজেই তখন তাকে ধাপ্পাবাজী না বলে প্রতিশ্রুতি বলাই উচিত। কাজেই আজ তাকে কয়েকটা কথা জানাতে চাইএবং সঙ্গে সঙ্গে এই অনুরোধ করছি যে, ক্ষতিপূরণের ব্যাপারে যে যে জিনিসগুলো বাঁকুড়া ডিষ্ট্রিক্ট অথারিটির কাছে দেবেন বলে স্থির করেছেন সেগুলো যেন তাঁদের জানিয়ে দেন।

The Hon'ble Purabi Mukhopadhyay: মন্ত্রী মহাশয়ের সঙ্গে যে আলোচনা হয়েছিল সেটা মন্ত্রী মহাশয়ের তরফ থেকে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটকে জানাবার আগে কেন সেখানে এরূপ করা হয়েছিল।

Shri Saroj Ray : মন্ত্রী মহাশয় কবে জানাবেন সেটা যদিও জানতামনা তবে যে দিন কথা হলো যে তাড়াতাড়ি করে এটা করা দরকার তার ৪ দিন পর আমরা সেখানে গিয়েছিলাম। কাজেই যদি তিনি একবার টেলিফোন করে দিতেন বা এর প্রতি যথেষ্ট গুরুত্ব দিতেন তাহলে এই জিনিস হোতনা বা তিনিও এই ভাবে ট্যাকেল করতেন না।

[5-45—5-55 p. m.]

এখানে আমি শুধু একটা কথা বলছি যে, কিছু কিছু জায়গাতে সরেজমিনে তদন্ত করা হয়েছে কিন্তু সেগুলি গ্রহণ করা হচ্ছে না। যারা ক্ষতিপূরণের টাকা পাচ্ছে তাদের কোন্ জমির জন্য কত টাকা পেল, লাক্ষা চাষের জন্য কত টাকা পেল, বাস্তুর জন্য কত টাকা পেল, বাড়ীর জন্য কত টাকা পেল সেটা জানার দরকার আছে। তাদের সেগুলি জানিয়ে দেওয়া উচিত। দ্বিতীয়তঃ, কয়েকটা গ্রাম যারা আগে টাকা পেয়েছিল তারা অত্যন্ত কম টাকা পেয়েছে, আপনি সেটা জানেন। তারা যাতে পুরোপুরি টাকাটা পেতে পারে তার ব্যবস্থা করবেন। ১ শো টাকা সেটার জন্য আপনি যেটা বলেছিলেন যদি সম্ভব হয় এক্সগ্রাসিয়া হেল্‌ফ দেওয়া, সেদিকে যেন নজর থাকে। তৃতীয়তঃ যে সমস্ত ক্ষেতমজুর তাদের বাড়ীর জন্য সামান্য কিছু টাকা পেয়েছে তা দিয়ে কোথায় কোথায় খাস জমি আছে সেগুলি দেখে তবে তাদের সেখানে রিহ্যাবিলিটেট করা যাবে। সেজন্য টাকা পাবার পর অন্ততঃ ১ বছর সময় তারা যেন পায়, কেননা টাকা পেয়ে সেখান থেকে উঠে যাওয়া তাদের পক্ষে সম্ভব নয়—টাকা পাবার পর জমি জায়গা খোঁজ করতে হবে, তারপর বাড়ী হবে, তারপর সেখানে তারা ছেলেপুলে নিয়ে যাবে। ১৯৬২ সালের জুনের আগে এই রকম বোধ হয় একটা কথা বলেছেন—তা যদি হয় তাহলে প্রথম দিকে ৩৩টি গ্রামকে টাকা দিচ্ছেন। প্রথমে দিচ্ছেন ৬টি, তারপর দিচ্ছেন ৯টি, শেষ দিকে ১৮টি গ্রামকে দিচ্ছেন। আমাদের সন্দেহ হয় ১৮টি গ্রামকে টাকা দিয়ে ২১ মাসের বেশী সময় থাকতে পারে না। তারা অন্ততঃ যাতে ১ বছরের সময় পেতে পারে সেইভাবে টাকা দিন, যাতে করে তারা জায়গা খুঁজে নিয়ে পুনর্বসতি পেতে পারে। আপনার ডিপার্টমেণ্ট যদি জানায় যে এই জায়গায় খাস জমি আছে সেই জমি বদল দিয়ে যদি নিতে চায় তাহলে কমপেনসেসানের যে কথা হয়েছিল সেগুলি সম্পর্কে লোকাল অথরিটি থেকে তাদের যেন পরিষ্কারভাবে জানিয়ে দেওয়া হয়। আর একটা কথা সেখানে যে কংসাবতী কমিটি আছে সেখানে অন্য লোক নেই, লোকাল অথরিটি যদি সেই কমিটির সঙ্গে সহযোগিতা করে কাজ করে তাহলে অনেক কমপ্লিকেশান নষ্ট হয়। আজকে তারা তাদের আন্দোলনকে তুলে নিচ্ছে আপনাদের কথার উপর বিশ্বাস ও নির্ভর করে। আজও যে ৬৪ জন পুরুষ এবং ৭ জন মহিলা জেলে রয়েছেন তাদের যাতে মুক্তি হয় তাড়াতাড়ি তার ব্যবস্থা করা উচিত। তাছাড়া ১০৭ ধারায় যে কেস আছে সেই কেসগুলি তুলে নেওয়া উচিত। যাদের উপর ওয়ারেণ্ট আছে সেগুলি তুলে নেওয়া উচিত। আপনারা মুখে যে কথা বলেছেন এগুলি যদি করেন তাহলে সেখানে শান্তিপূর্ণভাবে জিনিসটার সমাধান হবে। মুখ্যমন্ত্রী জানেন, তিনি যখন গোলাবাড়ীতে গিয়েছিলেন তখন সমগ্র অঞ্চলের লোক এসে তাঁর কাছে দাবি করেছিল যে তারা যেন ন্যায্য ক্ষতিপূরণ পায়। তিনি বলেছিলেন, প্রত্যেককে ন্যায্য ক্ষতিপূরণ না দিয়ে তুলে দেওয়া হবে না! সেখানে যাতে মানুষ-খুনের ব্যবসা শুরু হয়ে না যায় সেজন্য জনসভা ডাকা হয় শান্তি-শৃঙ্খলা রক্ষার উদ্দেশ্যে। কিন্তু পুলিশ গিয়ে ঘিরল। আমি অনুরোধ করব এনকোয়ারী করার জন্য যে, সেখানে কোন অশান্তির সম্ভাবনা ছিল কি না। পুলিশ অফিসার এসেছিলেন তাঁকে অনুরোধ করেছিলাম এদের সরিয়ে নেওয়া হোক। তিনি বললেন, সরিয়ে নেবার উপায় নেই, উপর থেকে হুকুম পেয়েছি। উত্তর দেবার সময় সেগুলি সম্পর্কে যথাযথ জবাব পাব এটা আশা করি।

